Vol. 142, No. III

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

November to December Session, 2013

(The 18th, 19th, 20th, 25th, 26th, 27th, 28th, 29th November, 2nd, 9th, 10th, 11th and 12th December, 2013)

Published by Authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

Price : ₹ 386/-

W. B Legislature Library

WBLA
COMP

W. B Legislature Library

Vol. 142, No. III

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

November to December Session, 2013

(The 18th, 19th, 20th, 25th, 26th, 27th, 28th, 29th November, 2nd, 9th, 10th, 11th and 12th December, 2013)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

WEST BENGAL LEGISLATURE LIBRARY
Acc. No. 21741
Dated 29/6/16
Call No. 328.541902/WES/LAS/P/2013/v.142/
Price/Pages Rs. 386/-

GOVERNMENT OF WEST BENGAL

Governor

SHRI M. K. NARAYANAN

MEMBERS OF THE COUNCIL OF MINISTERS WITH THEIR PORTFOLIOS

1. **Smt. Mamata Banerjee,** Chief Minister and Minister-in-Charge of Home Department, Department of Land and Land Reforms, Department of Health & Family Welfare, Department of Information and Cultural Affairs, Department of Hill Affairs, Minority Affairs and Madrasah Education Department and Department of Personnel and Administrative Reforms.

2. **Shri Partha Chatterjee,** Minister-in-Charge, Department of Commerce and Industries, Department of Public Enterprises, Department of Industrial Reconstruction, Department of Parliamentary Affairs and Department of Information Technology.

3. **Dr. Amit Mitra,** Minister-in-Charge, Department of Finance and Department of Excise.

4. **Shri Manish Gupta,** Minister-in-Charge, Department of Power and Department of Non-Conventional Energy Sources.

5. **Shri Subrata Mukherjee,** Minister-in-Charge, Department of Public Health Engineering and Department of Panchayats and Rural Development.

6. **Shri Abdul Karim Chowdhary,** Minister-in-Charge, Department of Mass Education Extention and Library Services.

7. **Shri Sadhan Pande,** Minister-in-Charge, Department of Consumer Affairs.

8. **Shri Upendra Nath Biswas,** Minister-in-Charge, Department of Backward Classes Welfare.

9. **Shri Javed Ahmed Khan,** Minister-in-Charge, Department of Disaster Management, Department of Fire and Emergency Services and Department of Civil Defence.

10. **Shri Rabindranath Bhattacharya,** Minister-in-Charge, Department of Statistics & Programme Implementation.

11. **Smt. Sabitri Mitra,** Minister-in-Charge, Department of Women Development and Social Welfare.

12. **Shri Jyotipriya Mallick,** Minister-in-Charge, Department of Food and Supplies.

13. **Shri Shantiram Mahato,** Minister-in-Charge, Department of Self Help Group and Self Employment.

14. **Shri Haider Aziz Safwi,** Minister-in-Charge, Department of Correctional Administration.

15. **Shri Moloy Ghatak,** Minister-in-Charge, Department of Agriculture.

16. **Shri Purnendu Basu,** Minister-in-Charge, Department of Labour.

17. **Shri Bratya Basu,** Minister-in-Charge, Department of Higher Education and Department of School Education.

18. **Shri Rachpal Singh,** Minister-in-Charge, Department of Development and Planning.

19. **Shri Hiten Barman,** Minister-in-Charge, Department of Forests.

20. **Shri Gautam Deb,** Minister-in-Charge, Department of North Bengal Development.

21. **Shri Nure Alam Chowdhury,** Minister-in-Charge, Department of Animal Resources Development.

22. **Shri Shankar Chakraborty,** Minister-in-Charge, Department of Co-operation.

23. **Dr. Rabiranjan Chattopadhyay,** Minister-in-Charge, Department of Science and Technology and Department of Bio-Technology.

24. **Dr. Sudarsan Ghosh Dastidar,** Minister-in-Charge, Department of Environment and Public Works.

25. **Shri Ujjal Biswas,** Minister-in-Charge, Department of Technical Education and Training.

26. **Shri Shyama Prasad Mukherjee,** Minister-in-Charge, Department of Child Development.

27. **Shri Firhad Hakim,** Minister-in-Charge, Department of Municipal Affairs and Department of Urban Development.

28. **Dr. Sukumar Hansda,** Minister-in-Charge, Department of Paschimanchal Unnayan Affairs.

29. **Dr. Saumen Kumar Mahapatra,** Minister-in-Charge, Department of Water Resources Investigation and Development.

30. **Shri Arup Roy,** Minister-in-Charge, Department of Agricultural Marketing.

31. **Shri Chandra Nath Sinha,** Minister-in-Charge, Department of Fisheries.

32. **Shri Krishnendu Narayan Choudhury**, Minister-in-Charge, Department of Tourism.

33. **Shri Rajib Banerjee**, Minister-in-Charge, Department of Irrigation and Waterways.

34. **Shri Manjul Krishna Thakur**, Minister-in-Charge, Department of Refugee, Relief and Rehabilitation.

35. **Shri Madan Mitra**, Minister-in-Charge, Department of Sports and Department of Transport.

36. **Shri Subrata Saha**, Minister-in-Charge, Department of Food Processing Industries & Horticulture.

37. **Shri Aroop Biswas**, Minister-in-Charge, Department of Housing and Department of Youth Services.

38. **Smt. Chandrima Bhattacharya**, Minister-of-State, Department of Health & Family Welfare, Minister-of-State (Independent Charge) Department of Law and Judicial.

39. **Shri Pundarikakshya Saha**, Minister-of-State, Department of Public Health Engineering.

40. **Shri Manturam Pakhira**, Minister-of-State, Department of Irrigation and Waterways, Sundarban Affairs.

41. **Shri Giasuddin Molla**, Minister-of-State, Department of Madrasah Education, Minority Affairs.

42. **Shri Becharam Manna**, Minister-of-State, Department of Agriculture, Agriculture Marketing, Child Development.

43. **Shri Swapan Debnath**, Minister-of-State, Department of Land and Land Reforms, Micro and Small Scale Enterprises and Textiles.

Parliamentary Secretary (June-July 2013)

1. **Shri Rabindra Nath Ghosh**, Parliamentary Secretary, Public Works Department.

2. **Shri Amal Acharjee**, Parliamentary Secretary, Fisheries Department.

3. **Shri Biplab Mitra**, Parliamentary Secretary, Law Department.

4. **Shri Nasiruddin (Lal) Ahamed**, Parliamentary Secretary, Transport Department.

5. **Shri Tapas Roy,** Parliamentary Secretary, Parliamentary Affairs Department.

6. **Shri A.T.M. Abdulla,** Parliamentary Secretary, Panchayats and Rural Development Department.

7. **Shri Ashok Kumar Deb,** Parliamentary Secretary, Madrasah Education Department.

8. **Smt. Shashi Panja,** Parliamentary Secretary, Child Development Department, Social Welfare Department, Women Development Department.

9. **Smt. Asima Patra,** Parliamentary Secretary, Micro and Small Scale Enterprises and Textiles Department.

10. **Shri Jyotirmoy Kar,** Parliamentary Secretary, Co-operation Department.

11. **Shri Radhakanta Maiti,** Parliamentary Secretary, Irrigation and Waterways Department.

12. **Smt. Sandhya Rani Tudu,** Parliamentary Secretary, Backward Classes Welfare Department.

13. **Shri Arup Kumar Khan,** Parliamentary Secretary, Agriculture Marketing Department.

14. **Dr. Asish Banerjee,** Parliamentary Secretary, Higher Education Department, Technical Education and Training Department.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

PRINCIPAL OFFICERS & OFFICIAL

Speaker : **Shri Biman Banerjee**

Deputy Speaker : **Smt. Sonali Guha (Bose)**

Secretary : **Shri Buddheswar Mahanti**

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

Note : Number shown within brackets against the name of each Member is the "Constituency Number".

A

*1. Abdul Karim Chowdhary, Shri (29-Islampur, Uttar Dinajpur)
2. Abdur Rahim Boxi, Shri (47-Malatipur, Malda)
3. Abdur Razzak, Shri (76-Jalangi, Murshidabad)
4. Abdur Razzak Molla, Shri (139-Canning Purba, South 24-Parganas)
5. Abu Hena, Shri (61-Lalgola, Murshidabad)
6. Abu Nasar Khan Choudhury, Shri (53-Sujapur, Malda)
7. Abu Taher Khan, Shri (74-Nowda, Murshidabad)
8. Abul Hasem Mondal, Shri (265-Memari, Burdwan)
9. Abul Kasem Molla, Dr. (183-Jagatballavpur, Howrah)
#10. Acharjee, Shri Amal (36-Itahar, Uttar Dinajpur)
11. Adhikari, Shri Ananta Deb (16-Maynaguri (SC), Jalpaiguri)
12. Adhikari, Shri Anil (13-Falakata (SC), Jalpaiguri)
13. Adhikari, Shri Dibyendu (216-Kanthi Dakshin, Purba Medinipur)
14. Adhikary, Shri Paresh Chandra (1-Mekhliganj (SC), Cooch Behar)
15. Akhruzzaman, Shri (59-Raghunathganj, Murshidabad)
16. Ali Imran Ramz, Shri (31-Chakulia, Uttar Dinajpur)
17. Anisur Rahaman, Shri (75-Domkal, Murshidabad)
18. Asif Mehbub, Shri (45-Chanchal, Malda)
19. A.T.M. Abdulla, Shri (125-Basirhat Uttar, North 24-Parganas)

B

20. Badal Shri Jamadar (148-Bhangore, South 24-Parganas)
21. Bag, Shri Nabin Chandra (259-Khandoghosh (SC), Burdwan)
22. Bagdi, Shri Bijoy (284-Dubrajpur (SC), Birbhum)
23. Bagdi, Shri Dhiren (289-Sainthia (SC), Birbhum)
24. Bakshi, Smt. Smita (165-Jorasanko, Kolkata)
#25. Banerjee, Dr. Asish (291-Rampurhat, Birbhum)
+26. Banerjee, Shri Biman (140-Baruipur Paschim, South 24-Parganas)
*27. Banerjee, Smt. Mamata (159-Bhabanipur, Kolkata)
28. Banerjee, Dr. Nikhil Kumar (276-Durgapur Purba, Burdwan)
29. Banerjee, Shri Rajib (184-Domjur, Howrah)
30. Banerjee, Shri Tapas (280-Asansol Dakshin, Burdwan)
31. Baraik, Shri Bulu Chik (20-Mal (ST), Jalpaiguri)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

32. Barma, Shri Sukhbilas (17-Jalpaiguri (SC), Jalpaiguri)
33. Barman, Shri Binay Krishna (2-Mathabhanga (SC), Cooch Behar)
*34. Barman, Shri Hiten (5-Sitalkuchi (SC), Cooch Behar)
*35. Basu, Shri Bratya (114-Dum Dum, North 24-Parganas)
36. Basu, Smt. Manju (107-Noapara, North 24-Parganas)
*37. Basu, Shri Purnendu (117-Rajarhat-Gopalpur, North 24-Parganas)
38. Batabyal, Shri Subhasis (248-Chhatna, Bankura)
39. Bauri, Shri Purna Chandra (246-Raghunathpur (SC), Purulia)
40. Bauri, Shri Umapada (245-Para (SC), Purulia)
41. Belthariya, Shri Swapan Kumar (244-Kashipur, Purulia)
42. Besra, Shri Susanta (238-Bandwan (ST), Purulia)
43. Bhattacharjee, Shri Amiya Kanti (211-Chandipur, Purba Medinipur)
**44. Bhattacharya, Smt. Chandrima (110-Dum Dum (Uttar), North 24-Parganas)
*45. Bhattacharya, Shri Rabindranath (188-Singur, Hooghly)
46. Bhattacharya, Dr. Rudra Nath (26-Siliguri, Darjeeling)
47. Bhowmick, Shri Partha (104-Naihati, North 24-Parganas)
48. Bhunia, Smt. Mamata (230-Daspur, Paschim Medinipur)
49. Bhunia, Dr. Manas Ranjan (226-Sabang, Paschim Medinipur)
50. Biswas, Shri Abir Ranjan (90-Ranaghat Dakshin (SC), Nadia)
*51. Biswas, Shri Aroop (152-Tollygungej, South 24-Parganas)
52. Biswas, Shri Emani (57-Suti, Murshidabad)
53. Biswas, Dr. Ramendra Nath (92-Kalyani (SC), Nadia)
54. Biswas, Shri Surajit Kumar (96-Bongaon Dakshin(SC), North 24-Parganas)
55. Biswas, Shri Sushil (88-Krishnaganj (SC), Nadia)
*56. Biswas, Shri Ujjal (85-Krishnanagar Dakshin, Nadia)
*57. Biswas, Dr. Upendra Nath (94-Bagda (SC), North 24-Parganas)
58. Bose, Shri Sujit (116-Bidhan Nagar, North 24-Parganas)
59. Bouri, Shri Swapan (247-Saltora (SC), Bankura)

C

60. Chaki, Shri Naresh Chandra (91-Chakdaha, Nadia)
61. Chakrabarti, Shri Chiranjeet (119-Barasat, North 24-Parganas)
62. Chakraborty, Shri Snehasis (195-Jangipara, Hooghly)
63. Chakraborty, Shri Manoj (72-Baharampur, Murshidabad)
*64. Chakravorti, Shri Shankar (39-Balurghat, Dakshin Dinajpur)
65. Champramary, Shri Wilson (11-Kalchini (ST), Jalpaiguri)
66. Chand Mohammad, Shri (62-Bhagabangola, Murshidabad)
67. Chatterjee, Shri Dipak (293-Nalhati, Birbhum)

68. Chatterjee, Shri Gouranga (275-Pandabeswar, Burdwan)
*69. Chatterjee, Shri Partha (154-Behala Paschim, South 24-Parganas)
70. Chatterjee, Shri Partha Sarathi (87-Ranaghat Uttar-Paschim, Nadia)
71. Chatterjee, Shri Rabindranath (270-Katwa, Burdwan)
72. Chatterjee, Shri Sovan (153-Behala Purba, South 24-Parganas)
73. Chatterjee, Shri Tapan (269-Purbasthali Uttar, Burdwan)
74. Chatterjee, Shri Ujjal (282-Kulti, Burdwan)
*75. Chattopadhyay, Dr. Rabiranjan (260-Bardhaman Dakshin, Burdwan)
***76. Chattopadhyay, Shri Sobhandeb (160-Rashbehari, Kolkata)
77. Chhetri, Dr. Harka Bahadur (22-Kalimpong, Darjeeling)
*78. Chowdhury, Shri Krishnendu Narayan (51-Englishbazar, Malda)
79. Chowdhury Md. Hedayatullah, Shri (263-Monteswar, Burdwan)
80. Chowdhury (Mitra), Smt. Sikha (162-Chowrangee, Kolkata)

D

81. Das, Shri Biswajit (95-Bongaon Uttar (SC), North 24-Parganas)
82. Das, Smt. Kasturi (155-Maheshtala, South 24-Parganas)
83. Das, Shri Samares (218-Egra, Purba Medinipur)
84. Dasgupta, Shri Tapan (193-Saptagram, Hooghly)
85. Datta, Shri Silbhadra (108-Barrackpur, North 24-Parganas)
86. De, Shri Sukumar (207-Nandakumar, Purba Medinipur)
#87. Deb, Shri Ashok Kumar (156-Budge Budge, South 24-Parganas)
*88. Deb, Shri Gautam (19-Dabgram-Phulbari, Jalpaiguri)
**89. Debnath, Shri Swapan (268-Purbasthali Dakshin, Burdwan)
90. Dewan, Shri Trilok Kumar (23-Darjeeling, Darjeeling)
91. Dey, Shri Ajoy (86-Santipur, Nadia)
92. Dolai, Shri Bhushan Chandra (206-Moyna, Purba Medinipur)
93. Dolai, Smt. Chhaya (232-Chandrakona (SC), Paschim Medinipur)
94. Doloi, Shri Rameswar (235-Keshpur (SC), Paschim Medinipur)
95. Dolai, Shri Shankar (231-Ghatal (SC), Paschim Medinipur)
96. Dutta, Shri Parash (106- Jagatdal, North 24-Parganas)
97. Dutta, Shri Sabyasachi (115-Rajarhat-New Town, North 24-Parganas)

F

98. Firdousi Begum, Smt. (151-Sonarpur Uttar; South 24-Parganas)
*99. Firhad Hakim, Shri (158-Kolkata Port, Kolkata)
100. Firoza Begam, Smt. (63-Raninagar, Murshidabad)

G

*101. Ghatak, Shri Moloy (281-Asansol Uttar, Burdwan)
102. Ghosal, Dr. Anup (185-Uttarpara, Hooghly)
103. Ghosh, Shri Asok (170-Howrah Uttar, Howrah)
104. Ghosh, Shri Nirmal (111-Panihati, North 24-Parganas)
#105. Ghosh, Shri Rabindra Nath (8-Natabari, Cooch Behar)
106. Ghosh, Shri Rathin (118-Madhyamgram, North 24-Parganas)
107. Ghosh, Shri Samarendranath (77-Karimpur, Nadia)
108. Ghosh, Shri Susanta (233-Garbeta, Paschim Medinipur)
109. Ghosh, Shri Swapan Kanti (285-Suri, Birbhum)
110. Ghosh, Shri Tamonash (144-Falta, South 24-Parganas)
*111. Ghosh Dastidar, Dr. Sudarsan (208-Mahisadal, Purba Medinipur)
**112. Giasuddin Molla, Shri (142-Mograhat Paschim, South 24-Parganas)
113. Giri, Shri Akhil (217-Ramnagar, Purba Medinipur)
++114. Guha (Bose), Smt. Sonali (145-Satgachhia, South 24-Parganas)
115. Guha, Shri Udayan (7-Dinhata, Cooch Behar)
116. Gulsan Mullick, Shri (175-Panchla, Howrah)
*117. Gupta, Shri Manish (150-Jadavpur, South 24-Parganas)

H

*118. Haider Aziz Safwi, Shri (176-Uluberia Purba, Howrah)
119. Halder, Shri Bhupendra Nath (50-Maldaha (SC), Malda)
120. Halder, Shri Dipak Kumar (143-Diamond Harbour, South 24-Parganas)
121. Halder, Shri Jogoranjan (133-Kulpi, South 24-Parganas)
122. Halder, Shri Joydeb (135-Mandirbazar (SC), South 24-Parganas)
123. Halder, Shri Ram Sankar (129-Kultali (SC), South 24-Parganas)
124. Hamidul Rahaman, Shri (28-Chopra, Uttar Dinajpur)
125. Hansda, Shri Bachchu (40-Tapan (ST), Dakshin Dinajpur)
126. Hansda, Shri Dibakar (237-Binpur (ST), Paschim Medinipur)
*127. Hansda, Dr. Sukumar (222-Jhargram, Paschim Medinipur)
128. Hazra, Shri Banamali (267-Bhatar, Burdwan)
129. Hazra, Shri Bankim Chandra (132-Sagar, South 24-Parganas)
130. Hazra, Shri Gadadhar (287-Nanoor (SC), Birbhum)
131. Hembram, Smt. Deblina (249-Ranibandh (ST), Bankura)

I

132. Id. Mohammad, Shri (69-Bharatpur, Murshidabad)
133. Insar Ali Biswas, Shri (73-Hariharpara, Murshidabad)
134. Iqbal Ahmed, Shri (202-Khanakul, Hooghly)
135. Isha Khan Choudhury, Shri (54-Baishnabnagar, Malda)

J

136. Jahanara Khan, Smt. (279-Jamuria, Burdwan)
137. Jana, Shri Samir Kumar (130-Patharpratima, South 24-Parganas)
*138. Javed Ahmed Khan, Shri (149-Kasba, South 24-Parganas)
139. Joardar, Shri Abani Mohan (83-Krishnanagar Uttar, Nadia)
140. Julfikar Molla, Shri (121-Haroa, North 24-Parganas)

K

#141. Kar, Shri Jyotirmoy (212-Patashpur, Purba Medinipur)
142. Karak, Shri Biswanath (201-Goghat (SC), Hooghly)
#143. Khan, Shri Arup Kumar (254-Onda, Bankura)
144. Khan, Shri Basudeb (261-Raina (SC), Burdwan)
145. Khan, Shri Kallol (81-Nakashipara, Nadia)
146. Khan, Shri Saumitra (256-Katulpur (SC), Bankura)
147. Kisku, Shri Upen (250-Raipur (ST), Bankura)
148. Kujur, Smt. Kumari (14-Madarihat (ST), Jalpaiguri)
149. Kundu, Shri Biswajit (264-Kalna (SC), Burdwan)

L

150. Lahiri, Shri Jatu (172-Shibpur, Howrah)

M

151. M. Nuruzzaman, Dr. (120-Deganga, North 24-Parganas)
152. Mahamuda Begam, Smt. (38-Kumarganj, Dakshin Dinajpur)
153. Mahapatra, Shri Arun (219-Dantan, Paschim Medinipur)
*154. Mahapatra, Dr. Saumen Kumar (203-Tamluk, Purba Medinipur)
155. Mahata, Shri Nepal (240-Baghmundi, Purulia)
156. Mahata, Shri Srikanta (234-Salboni, Paschim Medinipur)
157. Mahata, Shri Chudamani (221-Gopiballavpur, Paschim Medinipur)
158. Mahato, Shri Dhirendra Nath (241-Joypur, Purulia)
*159. Mahato, Shri Shantiram (239-Balarampur, Purulia)
160. Mainul Haque, Shri (55-Farakka, Murshidabad)
161. Maiti, Shri Mrigendra Nath (236-Medinipur, Paschim Medinipur)
#162. Maiti, Shri Radha Kanta (229-Debra, Paschim Medinipur)
163. Maity, Shri Ardhendu (214-Bhagabanpur, Purba Medinipur)
164. Maity, Smt. Banasri (213-Kanthi Uttar, Purba Medinipur)
165. Majhi, Shri Asim Kumar (191-Balagarh (SC), Hooghly)

166. Maji, Dr. Nirmal (177-Uluberia Uttar (SC), Howrah)
167. Majumdar, Shri Asit, (190-Chunchura, Hooghly)
168. Majumder, Shri Brajamohan (173–Howrah Dakshin, Howrah)
169. Mal, Shri Asit Kumar (292–Hansan (SC), Birbhum)
170. Malakar, Shri Sankar (25–Matigara-Naxalbari (SC), Darjeeling)
*171. Mallick, Shri Jyoti Priya (100–Habra, North 24-Parganas)
172. Mamtaj Begam, Smt. (157–Metiaburuz, South 24-Parganas)
173. Mandal, Shri Anandamay (126–Hingalganj (SC), North 24-Parganas)
174. Mandal, Shri Kalipada (179-Shyampur, Howrah)
175. Mandal, Shri Nirmal Chandra (137-Baruipur Purba (SC), South 24-Parganas)
176. Mandal, Shri Ranjit Kumar (78–Tehatta, Nadia)
177. Mandi, Shri Biram (223–Keshiary (ST), Paschim Medinipur)
**178. Manna, Shri Becharam (196–Haripal, Hooghly)
179. Marjit, Shri Ashis (66–Khargram (SC), Murshidabad)
180. Md. Ghulam Rabbani, Shri (30–Goalpokhar, Uttar Dinajpur)
181. Md. Sohrab, Shri (58-Jangipur, Murshidabad)
182. Md. Sohrab Ali, Shri (278–Raniganj, Burdwan)
183. Mete, Shri Basudev (273–Ausgram (SC), Burdwan)
184. Mete, Shri Gurupada (257–Indus (SC), Bankura)
+++185. Mishra, Dr. Surjya Kanta (225–Narayangarh, Paschim Medinipur)
186. Mishra, Smt. Minati (252-Bankura, Bankura)
*187. Mitra, Dr. Amit (109–Khardaha, North 24-Parganas)
188. Mitra, Shri Asit (181-Amta, Howrah)
#189. Mitra, Shri Biplab (42–Harirampur, Dakshin Dinajpur)
*190. Mitra, Shri Madan (112–Kamarhati, North 24-Parganas)
*191. Mitra, Smt. Sabitri (49–Manickchak, Malda)
192. Mondal, Smt. Bina (98–Swarupnagar (SC), North 24-Parganas)
193. Mondal, Shri Dilip (146–Bishnupur (SC), South 24-Parganas)
194. Mondal, Shri Kanai Chandra (65–Nabagram (SC), Murshidabad)
195. Mondal, Shri Ranajit (215–Khejuri (SC), Purba Medinipur)
196. Mondal, Shri Shyamal (138–Canning Paschim (SC), South 24-Parganas)
197. Mondal, Shri Sunil Kumar (274–Galsi (SC), Burdwan)
198. Mondal, Smt. Usha Rani (122–Minakhan (SC), North 24-Parganas)
199. Monirul Islam, Shri (288–Labpur, Birbhum)
200. Muzaffar Khan, Shri (187–Champdani, Hooghly)
201. Mukherjee, Shri Apurba (277–Durgapur Paschim, Burdwan)
202. Mukherjee, Shri Asutosh (253–Barjora, Bankura)
203. Mukherjee, Shri Narayan (124–Basirhat Dakshin, North 24-Parganas)

204. Mukherjee, Shri Samar (48-Ratua, Malda)
*205. Mukherjee, Shri Shyama Prasad (255-Bishnupur, Bankura)
*206. Mukherjee, Shri Subrata (161-Ballygunge, Kolkata)
207. Mukhopadhyay, Shri Jiban (147-Sonarpur Dakshin, South 24-Parganas)
208. Munda, Shri Joseph (21-Nagrakata (ST), Jalpaiguri)
209. Murmu, Shri Dulal (220-Nayagram (ST), Paschim Medinipur)
210. Murmu, Shri Khagen (43-Habibpur (ST), Malda)

N

211. Nag (Mallick), Smt. Nilima (93-Haringhata (SC), Nadia)
#212. Nasiruddin Ahamed, Shri (80-Kaliganj, Nadia)
213. Naskar, Shri Jayanta (127-Gosaba (SC), South 24-Parganas)
214. Naskar, Shri Subhas (128-Basanti (SC), South 24-Parganas)
215. Naskar, Dr. Tarun Kanti (136-Joynagar (SC), South 24-Parganas)
216. Nazmul Haque, Shri (228-Kharagpur, Paschim Medinipur)
*217. Nure Alam Chowdhury, Shri (294-Murarai, Birbhum)

O

218. Omar Ali, Dr. (205-Panskura Paschim, Purba Medinipur)

P

**219. Pakhira, Shri Manturam (131-Kakdwip, South 24-Parganas)
*220. Pande, Shri Sadhan (167-Maniktala, Kolkata)
221. Panja, Shri Samir Kumar (182-Udaynarayanpur, Howrah)
#222. Panja, Dr. Shashi (166-Shyampukur, Kolkata)
#223. Patra, Smt. Asima (197-Dhanekhali (SC), Hooghly)
224. Patra, Shri Manoranjan (251-Taldangra, Bankura)
225. Paul, Shri Paresh (164-Beleghata, Kolkata)
226. Phiroja Bibi, Smt. (210-Nandigram, Purba Medinipur)
227. Poddar, Shri Samir Kumar (89-Ranaghat Uttar Purba (SC), Nadia)
228. Pramanick, Shri Ujjal (262-Jamalpur (SC), Burdwan)

Q

229. Quazi Abdul Gaffar, Shri (99-Baduria, North 24-Parganas)

R

230. Rabiul Alam Chowdhury, (70-Rejinagar, Murshidabad)
231. Rafiqur Rahaman, Shri (102-Amdanga, North 24-Parganas)
232. Rajak, Smt. Protima (67-Burwan (SC), Murshidabad)

233. Ray, Shri Asok (290–Mayureswar, Birbhum)
234. Ray, Shri Keshab Chandra (6–Sitai (SC), Cooch Behar)
235. Ray, Shri Pramatha Nath (34–Kaliaganj (SC), Uttar Dinajpur)
236. Ray, Shri Sushil Chandra (44–Gazole (ST), Malda)
*237. Roy, Shri Arup (171–Howrah Madhya, Howrah)
238. Roy, Shri Debaprasad (12–Alipurduars, Jalpaiguri)
239. Roy, Smt. Debasree (134–Raidighi, South 24-Parganas)
240. Roy, Shri Dhiman (101–Ashoknagar, North 24-Parganas)
241. Roy, Shri Gokul (32–Karandighi, Uttar Dinajpur)
242. Roy, Shri Khageswar (18–Rajganj (SC), Jalpaiguri)
243. Roy, Smt. Mamata (15–Dhupguri (ST), Jalpaiguri)
244. Roy, Shri Nagendra Nath (3–Cooch Behar Uttar (SC), Cooch Behar)
245. Roy, Shri Narmada Chandra (37–Kushmandi (SC), Dakshin Dinajpur)
246. Roy, Shri Pulak (178–Uluberia Dakshin, Howrah)
247. Roy, Shri Satyendra Nath (41–Gangarampur (SC), Dakshin Dinajpur)
248. Roy, Shri Subhranshu (103–Bijpur, North 24-Parganas)
249. Roy, Dr. Sudipto (186–Sreerampore, Hooghly)
#250. Roy, Shri Tapas (113–Baranagar, North 24-Parganas)
251. Roy Chowdhury, Shri Biplab (204–Panskura Purba, Purba Medinipur)
252. Roy Pradhan, Shri Arghya (9–Tufanganj, Cooch Behar)
253. Rukbanur Rahaman, Shri (82–Chapra, Nadia)

S

254. S. M. Sadi, Shri (79–Palashipara, Nadia)
255. Sabina Yeasmin, Smt. (52–Mothabari, Malda)
256. Saha, Smt. Aparna (266–Bardhaman Uttar (SC), Burdwan)
257. Saha, Smt. Dipali (258–Sonamukhi (SC), Bankura)
258. Saha, Smt. Mala (168–Kashipur-Belgachia, Kolkata)
259. Saha, Smt. Namita (141–Magrahat Purba (SC), South 24-Parganas)
**260. Saha, Shri Pundarikakshya (84–Nabadwip, Nadia)
261. Saha, Smt. Seuli (209–Haldia (SC), Purba Medinipur)
*262. Saha, Shri Subrata (60–Sagardighi, Murshidabad)
263. Saha, Shri Swarna Kamal (163–Entally, Kolkata)
264. Sahajahan Choudhury, Shri (272–Mangalkot, Burdwan)
265. Santra, Shri Krishna Chandra (200–Arambag (SC), Hooghly)
266. Sardar, Shri Nirapada (123–Sandeshkhali (ST), North 24-Parganas)
267. Sardar, Shri Sital Kumar (174–Sankrail (SC), Howrah)
268. Sarkar, Shri Apurba (68–Kandi, Murshidabad)

269. Seikh Safiujjaman, Shri (71-Beldanga, Murshidabad)
270. Sekh Sahonawez, Shri (271-Ketugram, Burdwan)
271. Sen, Shri Arunava (180- Bagnan, Howrah)
272. Sengupta, Shri Mohit (35-Raiganj, Uttar Dinajpur)
273. Sharma, Dr. Rohit (24-Kurseong, Darjeeling)
274. Shaw, Shri Ashok Kumar (189-Chandannagar, Hooghly)
275. Singh, Shri Arjun (105-Bhatpara, North 24-Parganas)
*276. Singh, Shri Rachhpal (198-Tarakeswar, Hooghly)
277. Singh, Shri Sultan (169-Bally, Howrah)
278. Singha Roy, Smt. Shaoni (64-Murshidabad, Murshidabad)
279. Singh Deo, Shri K. P. (242-Purulia, Purulia)
*280. Sinha, Shri Chandra Nath (286-Bolpur, Birbhum)
281. Sinha, Shri Khagendra Nath (33-Hemtabad (SC), Uttar Dinajpur)
282. Sinha, Shri Prabodh Chandra (227-Pingla, Paschim Medinipur)
283. Sk. Amjad Hossain, Shri (192-Pandua, Hooghly)
284. Sk. Parvez Rahaman, Shri (199-Pursurah, Hooghly)
285. Sohanpal, Shri Gyan Singh (224-Kharagpur Sadar, Paschim Medinipur)
286. Swati Khandoker, Smt. (194-Chanditala, Hooghly)

T

287. Tajmul Hossain, Shri (46-Harishchandrapur, Malda)
288. Thakur, Shri Akshay (4-Cooch Behar Dakshin, Cooch Behar)
*289. Thakur, Shri Manjul Krishna (97-Gaighata (SC), North 24-Parganas)
290. Tirkey, Shri Dasrath (10-Kumargram (ST), Jalpaiguri)
291. Tirkey, Shri Sunil Chandra (27-Phansidewa (ST), Darjeeling)
292. Touab Ali, Shri (56-Samserganj, Murshidabad)
#293. Tudu, Smt. Sandhya Rani (243-Manbazar (ST), Purulia)

U

294. Upadhyay, Shri Bidhan (283-Barabani, Burdwan)

NOMINATED MEMBER

295. Mr. Michael Shane Calvert

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 18th November, 2013 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 27 Ministers, 05 Ministers-of-State, 13 Parliamentary Secretaries and 210 Members.

[11.00–11.15 a.m.]

OBITUARY REFERENCES

Mr. Speaker : Hon'ble Members, I rise to perform a melancholy duty to refer to the sad demise of former Minister of Government of West Bengal, former Members of West Bengal Legislative Assembly, former Members of Parliament and other eminent personalities who breathed their last recently.

Dr. Zainal Abedin, former Member of West Bengal Legislative Assembly and former Minister of Government of West Bengal passed away on the 10th October, 2013 at a private Hospital in Maldaha. He was 81.

Born on 17th August, 1932 at Shimuldanga, in the district of West Dinajpur, Dr. Zainal Abedin was educated at Harirampur H.E. School, Dinajpur Zilla School, Rajshahi Government College in Bangladesh and Calcutta Medical College. By profession he was a Medical Practitioner. He started his political career under the banner of Congress Party but later joined the All India Trinamool Congress Party.

Dr. Zainal Abedin was elected to the West Bengal Legislative Assembly in 1962, 1967, 1969, 1971, 1972, 1977, 1982 and 1991 from Itahar Assembly Constituency as a candidate of Congress Party. He held the portfolio of Deputy Minister for the Department of Health,

Government of West Bengal during 1962-67. He was also inducted in the State Cabinet as Minister-in-Charge of Health Department and the Community Development Branch of the Agriculture and Community Development Department in 1971 and Minister-in-Charge of the Departments of Public Undertakings, Cottage & Small Scale Industries and Co-operation in 1972. He also served as the leader of the Oppusition in the West Bengal Legislative Assembly during 1994-1996.

With the demise of Dr. Zainal Abedin the State has lost a veteran politician as well as an able administrator.

Shri Tarak Bandyopadhyay, former Member of West Bengal Legislative Assembly breathed his last on the 10th October, 2013 following a cardiac arrest. He was 71.

Born on the 1st January, 1943 in Dacca, Bangladesh, Shri Bandyopadhyay completed his graduation in Commerce from Shrish Chandra College, Kolkata and thereafter did his degree in law. He started his political career under the banner of Indian National Congress. Later he joined All India Trinamool Congress Party and involved himself in organizing its various activities particularly in North Kolkata. Besides, he was associated with many social and cultural Institutions.

Shri Bandyopadhyay was elected to the West Bengal Legislative Assembly first in 1996 from Cossipur Assembly Constituency as a candidate of Indian National Congress and then in 2001 and 2006 from the same constituency as a candidate of All India Trinamool Congress Party.

With the demise of Shri Bandyopadhyay the State has lost a veteran politician as well as an ardent social worker.

Shri Gokulananda Roy, former Member of West Bengal Legislative Assembly died on the 27th May, 2013. He was 84.

Shri Roy was born on the 13th May, 1929 at Sukli village in the district of Bankura. By profession he was a primary school teacher. He was associated with various social activities from his student life. He was instrumental in setting up of Sarenga High School and Ukhrid Mahavidyalaya in Burdwan.

Shri Roy was elected to the West Bengal Legislative Assembly in a bye-election in 1969 and in general election in 1971, from 259-Raina-Burdwan Assembly Constituency as a candidate of Communist Party of India(Marxist).

With the demise of Shri Roy the State has lost a veteran politician.

Dr. Nitish Sengupta, former Member of Lok Sabha breathed his last on the 3rd November, 2013 in New Delhi. He was 80.

Born on the 23rd September, 1934 at Palang in the district of Faridpur of undivided Bengal, Shri Sengupta was educated at Presidency College, University of Calcutta and University of Delhi. He joined the Indian Administrative Service in 1957 and served in different capacities under the Union Government. Besides services, he held many important positions in national and international organizations like Chairman, United Nations Commission on Transnational Corporations; President, Indian Society for Cybernetics and Applied Management Science, New Delhi, etc.

Dr. Sengupta authored a number of books. He widely travelled in Europe, North America, Asia and Australia.

Dr. Sengupta was elected to Lok Sabha in 1999 from Contai Purba Medinipur Parliamentary Constituency as a candidate of All India Trinamool Cogress Party.

With the demise of Dr. Sengupta the State has lost a veteran politician as well as an able administrator.

Shri Asutosh Law, former Member of Lok Sabha passed away on the 20th October, 2013 at a private hospital in Kolkata. He was 73.

Born on the 10th October, 1940 in Kolkata, Shri Law graduated in Arts from St. Xaviers' College, Kolkata and thereafter completed his degree in Law. By profession he was a lawyer. Besides a political worker he was associated with many social and cultural organizations in the districts of Kolkata and North 24 Parganas. He was a member of Calcutta Improvement Trust Tribunal during 1974-76.

Shri Law was elected to the Lok Sabha in 1984 from Dum Dum Parliamentary constituency as a candidate of Congress (I).

With the demise of Shri Law the State has lost veteran politician and a sincere social worker.

Shri Prabodh Chandra Dey, immortalized by the name Manna Dey, a musical legend, breathed his last on the 24th October, 2013 in Bengaluru following a prolonged illness. He was 94.

A versatile genius, Shri Dey was born on the 1st May, 1919 in North Kolkata and showed a penchant towards music from his early age. A prodigious singer, Shri Dey's career as a playback singer began in 1943. In a career spanning over more than six decades, Shri Dey recorded over more than 3000 songs and sang in almost every spoken language of the country which included Bengali, Hindi, Marathi, Punjabi, Assamese, Oriya, Gujrathi, Kannada, etc. and established his versatility by singing not only the classical based film songs but also comic numbers and such film songs were the fusion of Indian Classical music and pop music. His experimentation with western music, ghazals, quawalis produced many unforgettable melodies. He also recorded non-film adhunik Bengali songs alongwith Rabindra Sangeet, Dwijendra Geeti, Shyama Sangeet and devotional music, which have retained popularity till now.

A meticulous artist, Shri Dey received numerous awards during his long career which included National Film Award for Best Male Playback Singer in 1969 and in 1971, Lata Mangeskar Award in 1985 by Government of Madhya Pradesh, Alauddin Khan Award in 2003 by Government of West Bengal, Lifetime Achievement Award by the Government of Maharashtra in 2005 etc. Government of West Bengal conferred upon him 'Banga Vibhushan' and 'Sangeet Maha Samman' award in 2011 and 2013 respectively. Government of India awarded him Padma Shri and Padma Bhushan Award in 1971 and 2005 respectively. He was also the recipient of Dada Saheb Phalke Award in 2007.

With the passing away of Shri Dey, the nation has lost a colossus in the field of music that is very hard to fill.

Smt. Madhuri Chattopadhyay, renowned musician passed

away on the 19th October, 2013 at her residence in Kolkata. She was 73.

Born in Kolkata in a family of musical environment Smt. Chattopadhyay completed her master degree in musicology from the Rabindra Bharati University. Her musical career began with the renowned violin maestro Pandit V. G. Jog who guided her in her musical development in a most inspiring way . In 1976 she made her concert debut at the Meta-Music-Festival in Berlin. Besides giving concerts in different European cities she taught Indian Classical vocal and instrumental music in various cultural Institutions. Apart from Film Songs she recorded innumerable songs which have been mesmerizing music lovers of Bengal.

With the demise of Smt. Chattopadhyay the State has lost a luminary in the arena of Bengali music.

Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

At this stage Hon'ble Members rose in their seats for two minutes as a mark of respect to the deceased.

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family.

Adjournment

At this stage the House was adjourned till 11 a.m. on Tuesday the 19th November, 2013.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 19th November, 2013 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 31 Ministers, 06 Ministers-of-State, 12 Parliamentary Secretaries and 180 Members.

[11.00–11.10 a.m.]

মি: স্পীকার : আপনাদের সবাইকে শারদোৎসব এবং ইদুজ্জোহার অভিনন্দন জানাচ্ছি।

Starred Questions
(To which oral answers were given)

রাজ্যে বেতনভুক সরকারী কর্মীর মোট সংখ্যা ও তাদের বেতন বাবদ খরচ

*১। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩) **শ্রী অসিত মিত্র :** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্য সরকারি ও আধা রাজ্য সরকারি কর্মীর মোট সংখ্যা কত; এবং

(খ) তাদের বেতন বাবদ মাসে কত টাকা খরচ হয়?

ডঃ অমিত মিত্র : (ক) ৩০ শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্য সরকারি কর্মীর সংখ্যা — ৩,৪২,০০০ এবং সর্বশেষ তথ্য অনুযায়ী আধা রাজ্য সরকারি কর্মীর সংখ্যা — ৫,০৩.৯৪৮।

(খ) সর্বশেষ তথ্য অনুসারে সরকারি কর্মীদের বেতন বাবদ মাসিক খরচ — ১১২৬.৪৫ কোটি টাকা এবং আধা রাজ্য সরকারি কর্মীদের বেতন বাবদ মাসিক খরচ — ১৮০৭.৮৯ কোটি টাকা। আমি বলতে পারি, এই দুটি ক্যাটাগরি যেটা উনি জিজ্ঞাসা করেছেন তার টোটাল হচ্ছে ২৯৩৪.৩৪ কোটি টাকা মাসে।

শ্রী অসিত মিত্র : স্যার, আমার প্রথম অতিরিক্ত প্রশ্ন ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্য সরকারি কর্মীদের সংখ্যা এবং তাদের মাইনে দিতে কত অর্থ ব্যয়িত হয় এই সম্পর্কে আপনি জানিয়েছেন, আপনাকে ধন্যবাদ। আমি আপনার কাছে একটা অতিরিক্ত প্রশ্ন করছি যে, আপনারা ক্ষমতায় আসার পর এখনও পর্যন্ত রাজ্যের মোট কর্মচারীদের শূন্যপদের সংখ্যা কত এবং আধা

সরকারী যদি আধা সরকারীদের রেকর্ড থাকে সেই। শূন্য পদ পূরণ করার জন্য গত দু বছর ধরে আপনারা কনট্রাকচুয়াল সিস্টেমে অথবা টেম্পরারি সিস্টেমে কতজন এবং কতজনকে পার্মানেন্ট অর্থাৎ পি.এস.সি. থেকে নিয়ে চাকরি দিয়েছেন?

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে মাননীয় বিধায়ককে বলি, এটা আপনাকে দিতে হলে অনেক স্টাডি করে দিতে হবে। আপনি নিশ্চয়ই জানাবেন লিখিতভাবে আমি নিশ্চয় সেটা খুঁজে আমার দায়িত্ব, গণতান্ত্রিক দায়িত্ব আপনাকে আমি দিয়ে দেবো।

দ্বিতীয়ত একটা কথা আপনি জিজ্ঞাসা করেননি এই প্রশ্নতে সেটা আমি বলে দিই। কেন তাতে হয়ত একটুখানি পরিষ্কার হতে পারে। এই দুটি ক্যাটিগরি ব্যতীত পেনশানাররা আছেন। সেই প্রশ্নটাও একটু বলে দিই। পেনশানের ক্ষেত্রে আমরা ৮৭৩.৯০ কোটি টাকা আমরা পেনশানের জন্য মাসে দিই। তাতে পেনশানার এখন আছেন ৭ লক্ষ ২৬ হাজার ৬৫১। মাননীয় অসিতবাবু, আপনি দুটি ক্যাটাগরির প্রশ্ন করেছেন। আমি তৃতীয় ক্যাটাগরিটাও জুড়ে দিলাম। কেননা সেটা হলে হাউস আরও ইনফর্মড থাকবে এবং তার মানে মাসে ৩৮১০.২৪ কোটি টাকা মোট খরচ হয় তিনটি ক্যাটাগরিতে। আপনি দুটি ক্যাটাগরির বিষয়ে আমাকে জিজ্ঞাসা করেছিলেন, তৃতীয় ক্যাটাগরিটাও জোড়া উচিত। সেটা জুড়ে ৩৮১০.২৪ কোটি টাকা খরচ হয়। অ্যাডিশনাল ইনফরমেশানটা আমি ফ্লোরে প্লেস করলাম যাতে আরও ক্লিয়ার হয়ে যায় যে মাসে আমাদের এতে আউটগো টা কত। আপনি যে প্রশ্নটা করেছেন, আমি বিনীতভাবে বলি এটার জন্য ডিটেল স্টাডি করে নিশ্চয় আপনাকে আমি ডিটেল উত্তর দিতে পারব।

শ্রী অসিত মিত্র : স্যার, আমার লাস্ট সাপ্লেমেন্টারি, মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রীকে আমি আবার বলি যে পেনশন সংক্রান্ত প্রশ্নে হয়তো আমি সাপ্লিমেন্টারি কোশ্চেনে আসতাম। যাইহোক, যখন সুযোগ দিয়েছেন তখন আর একটা প্রশ্ন আপনাকে করি। সেটা হল যে কেন্দ্রীয় সরকার ডি.এ. বাড়িয়েছেন। আমরা তার ৩৮%-এর মতো পেছনে আছি, মানে আমাদের রাজ্য সরকারের কর্মচারীরা। আমি আপনার কাছ থেকে জানতে চাইব যে রাজ্য সরকারের আর্থিক সংকট আছে, অন্যান্য সংকটও আছে। ভারতবর্ষের অন্যান্য রাজ্য — তারা এই ডি.এ. টা কেন্দ্রীয় হারে দেন। আমাদের এখানেও কেন্দ্রীয় হারে দেওয়ার ব্যবস্থা হয়েছে। আপনি কি জানাবেন যে এই ডি.এ. বর্ধিত ডি.এ. কেন্দ্রীয় সরকার যা বাড়িয়েছেন, আপনারা তাদের কিছুটা হলেও অন্তত দেওয়ার ব্যবস্থা করেছেন?

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা বোধ হয় আর একটা কোশ্চেন আছে।

মিঃ স্পীকার : এটা আর একটা কোশ্চেন আছে। সাত নম্বর কোশ্চেন আছে, স্টার কোশ্চেন। সাত নম্বর লিস্টে আছে। এই প্রশ্নটা আজকেই আমাদের আছে, সাত নম্বরে আছে। সাত নম্বরে বাসুদেব খাঁ-এর প্রশ্ন আছে।

(গোলমাল)

সাত নম্বরে আছে, আপনি অন্য প্রশ্ন করুন। এটা সাত নম্বরে আছে।

শ্রী অসিত মিত্র : এটা উনি নিজে উইথড্র করলেন। আমি আপনাকে যেটা বলছি সাত নম্বর প্রশ্নটা আসবে না। আর দ্বিতীয় কথা হচ্ছে স্যার, আমি আপনাকে এটা জানাব, যেটা লিংক কোশ্চেন স্যার .....

(গোলমাল)

মিঃ স্পীকার : একটা যখন স্পেসিফিক কোশ্চেন রয়েছে, সেটাকে আমি সাপ্লিমেন্টারী অ্যালাউ করব না। There is a specific question on this subject.

(গোলমাল)

শ্রী অসিত মিত্র : উনি বলতে চাইছেন।

মিঃ স্পীকার : আপনি অন্য সাপ্লিমেন্টারী করুন। আপনি অন্য সাপ্লিমেন্টারী করুন।

শ্রী অসিত মিত্র : এটাকে ক্লাব করবেন না স্যার।

(গোলমাল)

মিঃ স্পীকার : আপনি অন্য প্রশ্ন করুন। একটা ধারাবাহিকভাবে এই প্রশ্নটা যখন আসবে, উনি বিস্তারিতভাবে করবেন। আপনি অন্য একটি সাপ্লিমেন্টারি করুন।

শ্রী অসিত মিত্র : স্যার, আমাদের এখানে সিস্টেম আছে যে যদি একই ধরনের কোশ্চেন থাকে আপনি —

মিঃ স্পীকার : আপনার আর কোন সাপ্লিমেন্টারী আছে? Do you have any other supplementary questin to put? If you have, you put it. Otherwise I will give opportunity to some other Member.

শ্রী অসিত মিত্র : স্যার, আমি আপনাকে জানাচ্ছি যে, আমি যে প্রশ্নটা আপনাদের কাছে করেছিলাম, মাননীয় অধ্যক্ষ মহোদয় এবং আপনি বলেছেন যে এটার জন্য আলাদা প্রশ্ন আছে। কিন্তু আমাদের এখানে

(গোলমাল)

মিঃ স্পীকার : আপনি কোশ্চেন করুন।

শ্রী অসিত মিত্র : আমি বলছি স্যার।

(গোলমাল)

মিঃ স্পীকার : This will not go on record. আমি যেটা বলেছি বলেছি। আপনি সেটার উপর ব্যাখ্যা করবেন না। This will not go on record. আপনি কোশ্চেন থাকলে কোশ্চেন করুন।

শ্রী অসিত মিত্র : আই অ্যাম সরি স্যার। স্যার, আমার লাস্ট সাপ্লিমেন্টারী কোশ্চেন, যে

এই যে আপনি মাইনে দেওয়ার কথা বললেন এই মাইনে দিতে গিয়ে সারা বছর বাদে আমাদের রাজ্যের যে সংগৃহীত অর্থ, সেই সংগৃহীত অর্থের পরিমাণ কত এবং এর মাইনে দিতে গিয়ে তার কত শতাংশ ব্যয় হয়?

ডঃ অমিত মিত্র : আপনাকে আমি স্পেসিফিক্যালি- মাননীয় বিধায়ক মহোদয়, আপনি যা জিজ্ঞাসা করেছেন আমি তার বেশি বলেছি এবং মাসে আপনার যে ৩৮১০.২৪ কোটি টাকাও বলেছি টোটাল। এটাকে যদি আপনি বারো দিয়ে গুণ করেন তাহলে এই টোটাল অ্যামাউন্ট, সেটাও আপনার কাছে ক্লিয়ার হয়ে যাবে। কিন্তু এর পরেও যদি আপনি আরও পারসেন্টেজ চান, বিভিন্ন ধরনের রেসিও চান, আমি দিতে নিশ্চয় পারব। তার জন্য আপনি স্পেসিফাই করে দেবেন। আমি সেই রেসিও আপনাকে দিয়ে দেব। কেননা আপনি দুটো-তিনটে রেসিওর কথা একই সঙ্গে বললেন। আমি নিশ্চয় এই রেসিওর জবাব আপনাকে দিতে পারব। কেননা রেসিওর কথা আপনি বলছেন, বিভিন্ন ধরনের রেসিও। সেটা তো প্রশ্নতে ছিল না। আপনি লিখিতভাবে দিন, আমি নিশ্চয় অ্যানালিসিস করে আপনাকে দিয়ে দেব।

[11.10–11.20 a.m.]

মিঃ স্পীকার : আপনি আপনার নোটিস দেবেন, উনি উত্তর দিয়ে দেবেন। আপনি যে প্রশ্নটা করেছেন, এটা ওনাকে এগজামিন করে ওয়ার্ক আউট করে বার করতে একটু সময় লাগবে। আপনি নোটিস দিন, নোটিস দিলে উনি উত্তর দেবেন।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাইছি যে, উনি এই সভাতেই একবার বলেছিলেন রাজ্য সরকারের যে দপ্তরগুলি রয়েছে, সেখানে কাজ চালানোর জন্য কিছু অবসরপ্রাপ্ত কর্মচারীকে নিয়োগ করতে হয়েছে এবং রাজ্য সরকারী কর্মচারীর সংখ্যা যে উনি ৩ লক্ষের সামান্য কিছু বেশি বললেন — তাই ওনার কাছে থেকে আপনার মাধ্যমে এটা জানতে চাইছি যে, এই সংখ্যার মধ্যে কত সংখ্যক কর্মচারী রয়েছে যারা অবসর নেওয়ার পরে আবার কাজে নিযুক্ত হয়েছেন এবং তাদের জন্য কত ব্যয় হচ্ছে?

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রশ্নটা গুরুত্বপূর্ণ কিন্তু তাকে সম্পূর্ণভাবে উত্তর দিতে হলে আমাকে স্পেসিফিক ডেটা দেখতে হবে। আপনি যেটা বলেছেন যে কতজন অবসরপ্রাপ্ত কর্মচারী আমরা নিয়েছি। নিশ্চয়ই এটা ভাল প্রশ্ন আপনি রেজ করেছেন। আমাকে আপনি সময় দিন, নিশ্চয়ই আমি উত্তর দেব। আপনি অ্যানালিসিস করে এগেন একটা রেসিও তুলে ধরেছেন, আমি বিনীতভাবে তার উত্তর নিশ্চয় দেব।

শ্রী রামেশ্বর দোলই : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি অতিরিক্ত প্রশ্ন যেটা করতে চাইছি সেটা হচ্ছে, কর্মচারীদের মাইনে বা তাদের মহার্ঘভাতা ইত্যাদি সবটাই নির্ভর করে রাজস্ব আদায়ের উপরে। বাজেট বক্তৃতায় আপনি বলেছিলেন যে, রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা হল ৩৯ হাজার ৭৮৩.৬৩ লক্ষ কোটি টাকা। আমাকে আপনি লিখিতভাবে উত্তর একটা দিয়েছেন, তাতে ১৬ হাজার ২৯৮.৭৩ কোটি টাকা ৩০শে সেপ্টেম্বর ২০১৩ পর্যন্ত সংগৃহীত হয়েছে। এর কারণ

কী? বছর শেষ হতে আর মাত্র কয়েক মাস বাকি। প্রবেশ কর নিয়ে জটিলতা তৈরী হয়েছে, একটা সাংবিধানিক সংকট তৈরী হয়েছে। হাইকোর্ট হস্তক্ষেপ করেছেন — বেআইনী বলেছেন এখানকার এন্ট্রি ট্যাক্স নেওয়ার ব্যাপারে। স্বাভাবিকভাবেই আমি সেইজন্য বলব যে, লক্ষ্যমাত্রা পূরণ করা যাবে কিনা, যেখানে এই ধরনের জটিলতা দেখা দিয়েছে, সেই জটিলতা থেকে মুক্তির পথ কি হবে সেটা আপনি অনুগ্রহ করে যদি বলেন।

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয় প্রশ্নটা গুরুত্বপূর্ণ এবং আপনাকে যে লিখিত উত্তর আমি দিয়েছি সেটাও একদম ঠিক। আপনারা জানেন কেননা আপনারা অনেক দিন সরকারে ছিলেন। আপনারা জানেন যে, প্রথম ৬ মাসে যে রাজস্ব আসে তার একটা প্রোপোরশান আছে, সেটা অর্ধেক-অর্ধেক নয়। ৬ মাস অর্ধেক আর ৬ মাস অর্ধেক নয়। সবচেয়ে বেশি রাজস্ব আসে ডিসেম্বর, জানুয়ারী, ফেব্রুয়ারী এবং মার্চ পর্যন্ত। এটা আপনারা যদি তথ্য খুঁজে দেখেন দেখতে পাবেন। সেহেতু আমরা একটা প্রোজেকশান করেছি যে, প্রথম ৬ মাসে বিভিন্ন বছরের অ্যানালিসিসের মাধ্যমে কত টাকা মোটামুটি আসা দরকার। তাতে পরের যে ৬ মাসে সেটার একটা প্রোপোরশান এসে যায়। এই প্রোজেকশানের মাধ্যমে আমি পুরো কনফিডেন্সের সঙ্গে বলছি, যা এসেছে প্রথম ৬ মাসে সেটা একদম ঠিক এবং বছরের শেষে আমি এই হাউসকে আশ্বাস দিচ্ছি আমাদের একদম এক্সট্রিম এফোর্ট হচ্ছে যে টার্গেট আমরা দিয়েছি, আমি আশা করব ইনসেআল্লা সেই অ্যামাউন্টে আমরা পৌঁছে যাব। আপনারা চিন্তা করবেন না এবং এতে হবে কি ২১ হাজার কোটি টাকা আপনাদের যা রাজস্ব এসেছিল, সেটা প্রায় ৪০ হাজার কোটি টাকা — ২ বছরে ডবল হয়ে যাবে। আপনারা জানেন ২০১২-১৩ সালে ৩১.৫৭ হারে রাজস্ব বেড়েছে, যা ভারতবর্ষের কোন রাজ্যে কোনদিন হয়নি, ভারতবর্ষে কোন দিন হয়নি এবং সেটা রেকর্ড। সেহেতু মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি বলব যে আপনারা ভরসা করুন যেভাবে আমাদের মা-মাটি-মানুষের সরকার এগিয়ে যাচ্ছে যে আপনাকে নম্বর দিয়েছি, সেই নম্বরে পৌঁছব বলে আমরা বিশ্বাস করি।

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীকে যে প্রশ্ন করতে চাই সেটা হল সরকারি কর্মচারী কত আছে সেটা আপনি বলেছেন এবং কাগজে দেখি বহু পদ খালি আছে। আমরা আগের অধিবেশনে বিল এনে একটা অ্যাক্ট পাশ করেছি, পাবলিক সারভিসেস অ্যাক্ট, এখানে যদি সমস্ত কর্মচারী বা বেশিরভাগ কর্মচারীর পদ ভর্তি থাকে তাহলে সেই সার্ভিস দিতে পারবে সরকারি দপ্তর থেকে। ফলে এই যে বহু পদ খালি আছে, কত পদ খালি আছে সেটা যদি বলতে নাও পারেন, যত পদ খালি আছে সেটা ভর্তি করার জন্য কি ব্যবস্থা সরকারের তরফ থেকে গ্রহণ করা হয়েছে সেটা যদি অনুগ্রহ করে বলেন?

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি সরকার বদ্ধপরিকর যে যেখানে যা ভ্যাকেন্ট পদ আছে আমরা আস্তে আস্তে তা পূরণ করার চেষ্টা করছি। যাতে মানুষের কাছে আমরা সারভিসটা পৌঁছোতে পারি। সেহেতু আপনি যদি statistics চান, আমি হাউসে বলেছি নিশ্চয়ই আমরা দেব, কত আমাদের ভ্যাকেন্ট পজিশন, কত আমরা ফিলআপ করেছি। তবে সরকার বদ্ধপরিকর যে যেখানে পদ খালি আছে যখনই সম্ভব হবে সেগুলো আমরা

ভর্তি করব, যাতে সাধারণ মানুষ সারভিসটা পায়। আপনি জানেন কিছু কিছু পাবলিক সারভিস কমিশনে যায় তাতে প্রায় দেড় দুই বছর সময় লাগে। কিছু স্টেট সারভিস কমিশনে সিলেকশনে যায়, সেখানেও সময় লাগে। আমরা পুরোদমে চেষ্টা করছি পাবলিককে যাতে সারভিসটা দেওয়া যায়, কোথাও যাতে ফাঁক না থাকে এবং যে অ্যাক্টের কথা আপনি বলেছেন, এটা একটা দুর্ধর্ষ অ্যাক্ট, এই আপনারা, লেজিসলেচার পাশ করেছেন, সরকার নিয়ে এসেছে, সেই অ্যাক্টের দ্বারা মানুষ যাতে সারভিস পায়। আমি আপনাকে এইটুকু বলে আশ্বস্ত করতে চাই যে সারভিসের ক্ষেত্রে আমরা অত্যন্ত বদ্ধপরিকর, মাননীয়া মুখ্যমন্ত্রী নিজে বার বার বলেছেন, যে এই অ্যাক্ট পাশ করে সাধারণ মানুষকে সারভিস এনে দেওয়ার সম্বন্ধে আমরা বদ্ধপরিকর এবং আমরা করব, আমরা এগিয়ে যাচ্ছি সেই ডাইরেকশনে এই আশ্বাস আমি আপনাকে দিতে পারি।

পলিটেকনিক কলেজ ও আই.টি.আই. স্থাপন

*২। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৪) **শ্রী নির্মল ঘোষ :** কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ২০১২ সালের ১লা এপ্রিল থেকে ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ তারিখ পর্যন্ত রাজ্যে কতগুলি নতুন পলিটেকনিক কলেজ ও আই.টি.আই. স্থাপিত হয়েছে;

(খ) উক্ত খাতে কি পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছিল; এবং

(গ) ঐ বরাদ্দকৃত অর্থের খরচের পরিমাণ কত?

শ্রী উজ্জ্বল বিশ্বাস : (ক) ২০১১ সালের ১ লা এপ্রিল থেকে ৩০শে সেপ্টেম্বর ২০১৩ তারিখ পর্যন্ত রাজ্যে সরকার মোট ৪৩ টি পলিটেকনিক কলেজ এবং ৭৭ টি আই টি আই স্থাপনের কাজ গ্রহণ করেছে। এর মধ্যে কয়েকটির কাজ শেষ এবং বাকীগুলির কাজ বিভিন্ন পর্যায়ে রয়েছে। আরও ১০ টি আই টি আই স্থাপনের পরিকল্পনা ভারত সরকারের নিকট অনুমোদনের জন্য পাঠানো হয়েছে।

(খ) (i) নতুন পলিটেকনিক খাতে বর্তমান অর্থবর্ষে বরাদ্দ অর্থের পরিমাণ ৫৪.৫১ কোটি টাকা। এছাড়া উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর একটি পলিটেকনিক স্থাপনের জন্য ১২ কোটি টাকা খরচের সংস্থান রেখেছে।

(ii) বর্তমান অর্থবর্ষে আই টি আই খাতে বরাদ্দ অর্থের পরিমাণ :- ১৬১.৫০ কোটি টাকা।

রাজ্য সরকারের অর্থ সংক্রান্ত উচ্চ ক্ষমতা সম্পন্ন কমিটি কর্তৃক অনুমোদিত ১৪০ কোটি টাকা আর আই ডি এফ খাতে খরচ করার পদক্ষেপ নেওয়া হয়েছে। এছাড়াও সংখ্যালঘু বিষয়ক এবং মাদ্রাসা শিক্ষা দপ্তরের অধীনস্থ এম এস ডি পি খাতে ১৪৫ কোটি টাকা খরচের ব্যবস্থা রাখা আছে। এছাড়া উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর ৩ টি আই টি আই স্থাপনের জন্য ১৮.০৬ কোটি টাকা বরাদ্দ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

(গ) বর্তমান অর্থবর্ষে পলিটেকনিক খাতে খরচের পরিমাণ ১৪.৪৬ কোটি টাকা।

বর্তমান অর্থবর্ষে বরাদ্দ অর্থের মধ্যে আই টি আই খাতে খরচের পরিমাণ ৩৪.০৪ কোটি টাকা।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রী মহাশয় তার জবাবে অত্যন্ত নিপুণ ভাবে বলেছেন যে বর্তমান আর্থিক বছর অর্থাৎ সেপ্টেম্বর পর্যন্ত কতগুলো পলিটেকনিক তিনি স্থাপন করতে চলেছেন এবং আই.টি.আই সহ।

[11.20–11.30 a.m.]

মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, পলিটেকনিক খাতে ৫৪.৫১ কোটি টাকা, আই.টি.আই. খাতে ১৬১.৫০ কোটি টাকা বরাদ্দ করেছেন। এছাড়াও আর.আই.ডি.এফ. থেকে ১৪০ কোটি টাকা, আর মাদ্রাসা শিক্ষা দপ্তরের অধীন মাল্টি স্কেল ডেভলপমেন্ট প্রজেক্ট খাতে ১৪৫ কোটি টাকার বরাদ্দ রাখা আছে। আপনার ঘোষণা মতো ২০১৩-১৪ আর্থিক বছরে কতগুলো পলিটেকনিক এবং কতগুলো আই.টি.আই. করা আপনার পক্ষে সম্ভব হবে জানাবেন কি? কেননা মাননীয়া মুখ্যমন্ত্রী প্রতিটি ব্লকে আই.টি.আই. এবং মহকুমা স্তরে পলিটেকনিক স্থাপন করার কথা বলেছেন।

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় পশ্চিমবঙ্গের ১০ কোটি মানুষ, বিশেষ করে ৪ কোটি বেকার, হতাশাগ্রস্ত যুবকদের ভবিষ্যৎ দিশা দেখাবার জন্য আপ্রাণ চেষ্টা করছেন। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার গঠিত হয়েছে, তারপর মানুষ যখন তাদের বিসর্জন দিয়েছে, এই দীর্ঘ সময়ের মধ্যে, স্বাধীনতার পর থেকে পশ্চিমবঙ্গে ৪০ টি আই.টি.আই. এবং ২৭ টি পলিটেকনিক কলেজ স্থাপিত হয়েছিল। আর মাত্র আড়াই বছরের মধ্যে এই সরকার ৩৪১ টি ব্লকে এই কাজ শুরু করেছে, এবং আড়াই বছরের মধ্যে ১৬ টি আই.টি.আই. এর কাজ সম্পন্ন হয়েছে, ২০১৪ সালের জানুয়ারী মাস থেকে সেখানে পড়াশোনা শুরু হবে। ৪৩ টি সাব ডিভিসনের মধ্যে মোট ৬ টির কাজ ইতিমধ্যে কমপ্লিট হয়ে গেছে এবং ৩ টিতে অ্যাডমিশন শুরু হয়েছে, ক্লাসও শুরু হয়েছে। আই.টি.আই. এবং পলিটেকনিক যেগুলো আমরা শুরু করেছি আশা করি আগামী ফেব্রুয়ারীর মধ্যে তা সম্পন্ন করতে পারব।

শ্রী নির্মল ঘোষ : পশ্চিমবঙ্গে সবচেয়ে বড় সমস্যা হচ্ছে যে, আমাদের লেখাপড়া জানা ছেলে-মেয়ে আছে, কিন্তু তাদের বিশেষ কোনো স্কিল আমরা ডেভলপ করতে পারিনি। এটা বিগত সরকারের ব্যর্থতা। তারা বিগত ৩৫ বছর লাগাতার ব্যর্থতার মধ্যে দিয়ে গেছে, অথচ এখন তারাই চেঁচামেচি করছে। স্যার, আই টি আইতে আপনি ১১-১২তে ১৭ হাজার ৬৭৬ জন ছেলেমেয়েকে ট্রেনিং দিতে পেরেছেন, তাদেরকে শিক্ষা দিতে পেরেছেন, এখন আমি দেখছি এক বছরে আপনি সেটা বৃদ্ধি করেছেন প্রায় ৩০০০ হাজার। এতটাই বৃদ্ধি করেছেন ছাত্র সংখ্যা। পলিটেকনিকেও আপনি ২৬০০ বৃদ্ধি করেছেন। ইটস আ রেকর্ড। কখনোই হয় নি স্যার, সেইজন্য আমার প্রশ্ন ২০১৩-১৪তে মোট কত সংখ্যক আই.টি.আইতে এবং পলিটেকনিকে আপনি এই কোর্সে কত সংখ্যক ছাত্রছাত্রীকে আপনি নিয়ে আসতে পারবেন, আপনার লক্ষ্যমাত্রা কি?

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমাদের মাননীয় বিধায়ক তার প্রশ্নের মধ্যে পশ্চিমবঙ্গের মা-মাটি-মানুষের সরকারের অগ্রগতির কথা বলেছেন এবং আরও কত অগ্রগতি হবে তার পরিসংখ্যান জানতে চেয়েছেন। আমি আপনাদের জানাই যে, আমাদের আড়াই বছরের মধ্যে প্রথম আই টি আই বলি। ২০১১ সালে যখন আপনারা শেষ করলেন আমাদের বিরোধীপক্ষ, তখন ৯ হাজার আই টি আই ছাত্র ট্রেনিং প্রাপ্ত হত। সেটা আড়াই বছরের মধ্যে দাঁড়িয়েছে ১৬ হাজারে। তাহলে বুঝতে পারছেন ৯ হাজার থেকে ১৬ হাজার। সাত হাজার নতুন ছাত্র আজকে আই টি আইতে ট্রেনিং প্রাপ্ত হয়ে আড়াই বছরের মধ্যে আমাদের সমাজের সভ্যতার সঙ্গে, সিভিলাইজেশনের সঙ্গে তারা কাজ শুরু করতে পেরেছে আমাদের মঙ্গলের জন্যে, সমাজের মঙ্গলের জন্যে এবং আমরা ২০১৩-১৪র মধ্যে আই টি আই তিন হাজার নতুন ছাত্রকে আমরা ট্রেনিং দেওয়ার জন্যে ইতিমধ্যে নতুন করে ভরতি করে তাদেরকে ট্রেনিং দেওয়ার ব্যবস্থা করছি এবং পলিটেকনিকে আরও আটশো নতুন ছাত্রকে আমরা ভরতি করার ব্যবস্থা করছি।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি যে উনি দেখেশুনে বললেন কিনা। উনি একটা টাকার ব্যবস্থার কথা বলেছেন। প্রথমে ৫৪ কোটি টাকা, তারপরে আর একটা খাতে ১৬১ কোটি টাকা, আর একটা খাতে আর আই ডি এফ ১৪০ কোটি টাকা, আর এক জায়গায় বললেন ১৪৫ কোটি টাকা আর এক জায়গায় বললেন ১৮ কোটি টাকা। সব যোগ করলে হয় ৬৫৯ কোটি টাকা। খরচ করেছেন মাত্র ৪৮ কোটি টাকা। আপনি কি মনে করেন সামনের কয় মাসেই ৬০০ কোটি টাকা খরচ হয়ে যাবে? দ্বিতীয়ত, একটা কথা জানতে চাইছি মাইনরিটি নিয়ে যেটা বললেন — এম এস ডি পি, মুর্শিদাবাদ জেলায় মাইনরিটি বেশি আছে এই টাকা থেকে কটা পলিটেকনিক বা আই টি আই কটা হয়েছে এটা জানাবেন?

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলছি যে, উনি ব্যাপারটা একটু গুলিয়ে ফেলেছেন। ৫৪ কোটি টাকা কারিগরি দপ্তরের সঙ্গে যোগ করে ফেললেন কিন্তু মাইনরিটি ডিপার্টমেন্টের যে টাকা ১৬১ কোটি টাকা সেটা কিন্তু সেই দপ্তরের মাধ্যমেই খরচ করা হয়েছে, সেই হিসাব আপনি আলাদা করে চাইলে নিশ্চিতভাবে আপনাকে জানিয়ে দেব যে, কোন খাতে কত টাকা খরচ হয়েছে। এর সঙ্গে আপনি আর একটা প্রশ্ন করেছেন মুর্শিদাবাদের ব্যাপারে। মুর্শিদাবাদের আই টি আইয়ের কথা বলি। মুর্শিদাবাদের ইতিপূর্বে আপনাদের সময়ে সাড়ে ৩৪ বছরে কেবলমাত্র আই টি আই ছিল বহরমপুরে। এই আড়াই বছরের মধ্যে মা-মাটি-মানুষের সরকার তিনটি জায়গায় — সামসেরগঞ্জ, রঘুনাথগঞ্জ টু, রাণীনগর এক আমরা করব বলে ঠিক করেছি। আপনি জানেন যে আজ থেকে ১৫ দিন আগে সামসেরগঞ্জে আমি নিজে উপস্থিত ছিলাম। সেখানে আই টি আই কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন করি। সেই জায়গায় অনেক মানুষ আজকে স্বাগত জানিয়েছে মুখ্যমন্ত্রীর প্রয়াসকে। আপনার প্রশ্নের জবাব আপনি পেয়েছেন। মুর্শিদাবাদের পলিটেকনিকের কথা শুনুন, মুর্শিদাবাদ পলিটেকনিকে আপনারা যখন ছিলেন, তখন দুটি জায়গায় মাত্র পলিটেকনিক ছিল।

W. B Legislature Library

[11.30—11.40 a.m.]

আড়াই বছরে জঙ্গীপুরে নতুন পলিটেকনিকটা এই মা-মাটি-মানুষের সরকারের এই মুখ্যমন্ত্রী করেছেন। বুঝতেই পারছেন আপনারা ৩৪ বছরে দুটি আর আমরা আড়াই বছরে একটি।

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, এর আগের সেশনেও আপনাকে প্রশ্ন করেছিলাম যে, আমার মালদা জেলার মাল্টিপুর একটা পলিটেকনিক কলেজ দীর্ঘদিন ধরে, ২০১০ সালে ওটা প্রস্তাবিত হয়েছিল, এখন ওখানে ভিত্তিস্থাপন হয়েছে, প্রাচীর দিয়ে ঘেরাও হয়েছে, সমস্ত কিছু হয়েছে। পাশাপাশি সামসীতেও একটা পলিটেকনিক কলেজ হওয়ার কথা। আমি সেই সময় আপনাকে নির্দিষ্ট করে বলেছিলাম মাল্টিপুর পলিটেকনিক কলেজের ব্যাপারে। আপনি বলেছিলেন যে, আমি শীঘ্রই ব্যবস্থা করছি। কিন্তু গত প্রায় ২ বছর হয়ে গেল সেখানে আজ পর্যন্ত আপনি পদার্পণও করেন নি, ওখানে কোনো কাজও হয় নি। সেই প্রস্তাবিত মাল্টিপুরে কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান ওটা কবে হবে, সেটা হবে, কি না হবে, সেটা যদি দয়া করে জানান।

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাই, নিশ্চিত ভাবেই উনি আমাকে বলেছিলেন তবে দু বছর আগে নয়, ওনার বোধহয় স্মরণে নেই, দুমাস, তিন মাস আগে বলেছিলেন, কারণ আমার টেনিওরই হচ্ছে সাত মাস। কাজেই ওনার একটু গোলমাল হচ্ছে। কিন্তু আমি আপনাকে বলছি যে, যে জায়গাগুলোর জমি আমরা সম্পন্ন করতে পেরেছি, আপনার মালদা জেলার মূলত ইংলিশ বাজারের হবিবপুরে পলিটেকনিক কলেজ ছিল, আই টি আই কলেজ ছিল, তা ছাড়া নতুন করে আমরা চাঁচোল ২, কালিয়াচক্ ৩, হরিশচন্দ্রপুর আর মানিকচক, আর যেটা আপনি বলছেন রতুয়া আর কালিয়াচক্ — রতুয়ার টেন্ডার প্রসেস্ কমপ্লিট হয়ে গেছে। এর মধ্যে আমাদের কতগুলির টেন্ডার প্রসেস কমপ্লিট করেছি সেকথা আপনাকে বললাম। মালদা, চাঁচোল, কালিয়াচক্ ৩, হরিশচন্দ্রপুর এটার টেন্ডার প্রসেস্ কমপ্লিট হয়ে গেছে। মোট ৭৭ টির মধ্যে আপনাদেরটা আছে এবং আমরা বিভিন্ন এজেন্সীর মাধ্যমে আপনারটাও টেন্ডারের মধ্যে দিয়েছি। কয়েক দিনের মধ্যে দেখবেন আপনাদের কাজ হয়েছে।

শ্রী অসিত মাল : স্যার, আপনার মাধ্যমে মাননীয় কারিগরী শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, তিনি বলেছেন যে রাজ্য সরকার তাঁর বিভাগে এর আগে ঘোষণা করেছেন বিশেষ করে আই টি আই এবং পলিটেকনিক প্রত্যেকটি ব্লকে ব্লকে করার কথা রাজ্য সরকার ভাবছেন। এবং মহকুমাওয়াইজ করেছেন এবং ব্লক লেভেলেও নেমেছেন ৭৭ এই সংখ্যা দেখে বোঝা যাচ্ছে। আমার প্রশ্ন আপনার কাছে ৩৪১ টি ব্লকে পলিটেকনিক বা আই আই টি করতে আপনার এই টার্গেট ফুলফিল করতে কত সময় লাগবে বলে আপনি আশা করছেন?

শ্রী উজ্জ্বল বিশ্বাস : ধন্যবাদ, আমাদের অধ্যক্ষ মহাশয়কে বলছি, আমাদের মাননীয় বিধায়ক মহাশয় যে প্রশ্নটা করলেন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী প্রতিটি ব্লকে একটি করে পলিটেকনিক এবং প্রতিটি ব্লকে একটি করে আই টি আই এবং প্রতিটি সাবডিভিশনে একটি করে পলিটেকনিক করার কথা ঘোষণা করেছেন। মাননীয় বিধায়ক আপনি নিশ্চয়ই বুঝতেই পারছেন যে মাত্র আড়াই বছরের

Acc. No- 21791

মধ্যে ৭৭ টি নতুন ব্লকে ইতিমধ্যেই আই টি আই স্থাপন করার জন্য আমরা কাজ শুরু করেছি, টেন্ডার শুরু হয়েছে। ২০ টি আই টি আই কমপ্লিট হয়েছে, বাদবাকিটার এখন কোনটার ৫০%, কোনটার ২০% কমপ্লিট হয়েছে। ৭৭ যদি আড়াই বছরে হয়, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যে গতিতে চলেন তাতে নিশ্চয়ই আপনাকে অ্যাসিওর করছি, তাতে দেখতে পাচ্ছি এবং আপনিও বুঝতে পারবেন যে আড়াই-তিন বছরের মধ্যেই এটা কভার করতে পারবো।

শ্রী সুভাশীষ বটব্যাল : স্যার, প্রশিক্ষণ বিভাগের মাননীয় মন্ত্রীকে প্রথমেই শুভেচ্ছা জানিয়ে আমি বলতে চাই যে, আমাদের মতো পিছিয়ে পড়া বাঁকুড়া জেলায় ৩টি আই.টি.আই কলেজের অনুমোদন দিয়েছেন। আমার এক নম্বর প্রশ্ন, এই ৩ টি কলেজের কাজ উনি কবে শুরু করবেন? দুই নং ওনাকে আরও অভিনন্দন জানাই যে, উনি আমাদের বাঁকুড়া জেলায় একটি পলিটেকনিকের কাজ সমাপ্ত করে দিয়েছেন। এ বছর থেকে ক্লাস শুরু হয়ে গেছে। সেজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি।

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক শ্রী শুভাশীষ বটব্যালকে জানাচ্ছি যে, বাঁকুড়াতে সোনামুখী, খাতড়া, ইন্দ্রপুর, রানিপাল এবং সীমলাপাল এই সবকটিতেই আমাদের টেন্ডার কমপ্লিট হয়ে গিয়েছে এবং আপনারা এলাকায় কাজ হচ্ছে দেখতে পারবেন। আমি খালি আপনাদের আবেদন করব এই কাজটি যাতে খুব দ্রুত সম্পন্ন হয় সম্পূর্ণভাবে আপনারা সহযোগিতা করবেন।

শ্রী অনন্ত দেব অধিকারী : আমার, মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে একটি জিজ্ঞাস্য, সেটি হল যে, বিগত সরকারের আমলে অনুমোদিত জলপাইগুড়ি জেলার ময়নাগুড়িতে পলিটেকনিক কলেজের কাজের জন্য গত বছর ম্যাকেন্টোস বার্ন কোম্পানিকে টেন্ডার দেওয়া হয়েছিল। সেই কোম্পানি কাজও করতে যায়। সেখানে তারা স্থানীয় কিছু ঠিকাদারকে নিয়োগ করে। সেই ঠিকাদারের বিরুদ্ধে সেখানে স্থানীয় কিছু তৃণমূলের আপত্তি থাকায় একটা গোলমাল সৃষ্টি হয়। সেই গোলমালের সময় আমি উপস্থিত থাকাতে তা মিটিয়ে দিই। কিন্তু প্রায় এক বছর হতে যাচ্ছে এই ম্যাকেন্টোস বার্ন কোম্পানি আর কোনো যোগাযোগ নেই। আদৌ কি সেই কলেজটির কাজ হবে? এটাই মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার জিজ্ঞাস্য।

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বিধায়ককে আমি একটু বলি যে, সভাকে হয়তো আপনি সঠিক তথ্যের মধ্যে কিছু কিছু তথ্য আপনি দিতে পারেন নি। কেননা আপনি জানেন না যে, গতকালই কিন্তু আপনার ওখানে ম্যাকেন্টোস বার্ন তার কাজ শুরু করেছে এবং অলরেডি সেখানে তার ভিত্তি প্রস্তর স্থাপনের জন্য পুজো দিয়ে তার বাউন্ডারি ওয়াল তৈরীর জন্য ইট ফেলেছে। আপনি ভালো করে একবার খোঁজ নিয়ে জানাবেন। আমি, আপনাকে একটা কথা বলি যে, এই যে জায়গাটা ময়নাগুড়ির কথা বললেন, এটা আপনারা ২০১০ সালে আপনাদের সরকার থাকাকালীন ভেবেছিলেন যে ওটা করবেন। এবং এলাকার কিছু মানুষকে বলেছিলেন যে, আপনাদের জমি দিতে হবে, চাকরি দেব এবং আপনাদের এখানে আই.টি.আই. টা করা হবে। সেখানে দাঁড়িয়ে ২০১১ সালে যেই আপনারা আমাদের পশ্চিমবঙ্গ সরকারের দায়িত্ব থেকে, মসনদ থেকে চলে গেলেন তারপর এলাকার মানুষকে জানিয়ে দিলেন না ঐ জমি দিতে হবে না। আজকে আমাদের

মাননীয়া মুখ্যমন্ত্রী আসার পরে ঐ এলাকার সেই সমস্ত জায়গায়, আপনারাই ঐ জায়গায়, যে জায়গায় আপনারা তৈরী করতে বলেছিলেন, সেই জায়গার পাশের জায়গা থেকে তারা নিজেরা স্বতঃপ্রণোদিত হয়ে এসে জমি দিয়েছে এবং সেই জায়গায় কাজ শুরু হয়ে গিয়েছে। সেই ম্যাকেন্টোসই আবার সেখানে গত কাল কাজ শুরু করে দিয়েছে।

শ্রী তমোনাশ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আমি, মাননীয় মন্ত্রী মহাশয়কে একটি প্রশ্ন করছি যে, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় পশ্চিম বাংলার বিভিন্ন ব্লকে আই.টি.আই কলেজ করার জন্যে অনুমোদন দিয়েছেন। আপনি পরিসংখ্যান দিলেন একটু আগে। ৭৭ টি কলেজ ইতিমধ্যেই আপনারা শুরু করেছেন। কিছু জায়গায় কমপ্লিট হয়েছে, কিছু জায়গায় ২০%, কিছু জায়গায় ৪০%। আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, আমার ফলতা ব্লকে মাননীয়া মুখ্যমন্ত্রী এই রকমই একটি আই.টি.আই. কলেজ দিয়েছেন। জমি আমরা জোগাড় করে দিয়েছি, উদ্বোধনও করেছি কিন্তু কাজ এখনও শুরু হয় নি। দয়া করে একটু বলবেন যে, আপনার এই পরিসংখ্যানের মধ্যে আমার ফলতা ব্লকের আই.টি.আই কলেজটা আছে কিনা? আর যদি থাকে তাহলে কবে কাজ শুরু হবে একটু জানাবেন।

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে আমি জানাই যে, দক্ষিণ ২৪ পরগনায় আই.টি.আই-এর মধ্যে এই পর্যন্ত যা ঠিক হয়েছে বাসন্তী, পাথর প্রতিমা, সাগর এবং ফলতা যেটা আপনি বলছেন।

[11.40—11.50 a.m.]

ফলতার টেন্ডার হয়েছে। আপনি কয়েকদিনের মধ্যেই দেখবেন এই টেন্ডার প্রসেস কমপ্লিট হওয়ার পরে ওরা আপনার সঙ্গে, বিধায়ক হিসাবে আপনার সঙ্গে যোগাযোগ করবে। আমরা বলেছি যে, বিধায়কদের সঙ্গে যোগাযোগ করতে। সুতরাং আপনার ফলতাটা আছে, আপনার কাজটাও শুরু হবে।

শ্রী মহম্মদ সোহরাব : স্যার, আনিসুর সাহেবের অতিরিক্ত প্রশ্নের জবাবে মাননীয় মন্ত্রী বললেন যে, জঙ্গিপুরে একটা পলিটেকনিক হয়েছে। তো জঙ্গিপুরের কোথায় পলিটেকনিক কলেজ হয়েছে? কোন ব্লক বা কোন জায়গায়, কোথায় এটাই আমি জানতে চাইছি।

শ্রী উজ্জ্বল বিশ্বাস : এনায়েতনগর। এনায়েতনগর, আপনার জঙ্গিপুরের এনায়েতনগরে, ওটার টেন্ডার হয়েছে পলিটেকনিকের জন্য।

উপভোক্তাদের প্রতারণার বিরুদ্ধে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৬০) **শ্রী শাহাজাহান চৌধুরী :** ক্রেতা সুরক্ষা বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যে এপ্রিল, ২০১২ থেকে সেপ্টেম্বর, ২০১৩ পর্যন্ত উপভোক্তা বা ক্রেতাদের প্রতারণার বিরুদ্ধে কোনো প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হয়েছে কি না; এবং

(খ) হয়ে থাকলে,

(১) অভিযুক্ত ব্যক্তি বা সংস্থাগুলির বিরুদ্ধে রাজ্য আয়োগ কতগুলি মামলা রুজু করেছে; এবং

(২) তার মধ্যে জেলা ফোরামগুলিতে কতগুলি মামলার নিষ্পত্তি হয়েছে?

শ্রী সাধন পান্ডে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে শ্রী শাহাজাহান চৌধুরীর প্রশ্নের উত্তরে আমি বলছি, (ক) হ্যাঁ। রাজ্য কনজিউমার প্রোটেকশান অ্যাক্ট, ১৯৮৬-এর ১২(১)(ঘ) [12(1)(d)] ধারা অনুযায়ী ব্যবস্থা নেয়।

(খ) উল্লেখিত সময়কালে অভিযুক্ত ব্যক্তি বা সংস্থাগুলির বিরুদ্ধে উক্ত ধারায় রুজুকৃত মামলার সংখ্যা —

(i) (১) রাজ্য আয়োগ, মামলা হয়েছে — ২টি।
(২) জেলা ফোরামগুলিতে — শূন্য।

(ii) (১) রাজ্য আয়োগ — শূন্য মামলা চলছে।
(২) জেলা ফোরামগুলিতে — শূন্য।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় মন্ত্রী মহোদয়, আপনার কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, আপনি উত্তরে বললেন যে, রাজ্য আয়োগে দুটি এবং তারপরে রাজ্য আয়োগে মামলা দুটি চলছিল, দুটি শূন্য হয়েছে। তার মানে মামলা দুটির কি রায় হয়ে গেছে? শূন্য বলতে কি বোঝাচ্ছেন? এটা একটু এক্সপ্লানেশান করলে ভালো হয়।

শ্রী সাধন পান্ডে : আসলে আমাদের রাজ্যের কনজিউমার প্রোটেকশান অ্যাক্টের [12(1)(d)]-তে আমরা সরকার থেকে বিভিন্ন ফেয়ার বিজনেস প্রাক্টিস যারা করছে না তাদের বিরুদ্ধে আমরা মামলা দায়ের করছি। সেইজন্য সম্প্রতি দুটি কোম্পানীকে বেছে নিয়ে তাদের বিরুদ্ধে মামলা হয়েছে। এবং আপনারা নিশ্চই জানেন যে, জেলা ফোরামগুলির সেই অধিকারটা নেই। আমাদের স্টেট ফোরাম এই মামলাগুলো নিতে পারে। তাই দুটি হয়েছে আর জেলা ফোরামগুলোতে শূন্য হয়েছে।

শ্রী শাহাজাহান চৌধুরী : কতগুলি জেলায় আপনার টাস্ক ফোর্স গঠন করা হয়েছে? এবং তারা নিয়মিত বাজারে অভিযান চালাচ্ছে কি না?

শ্রী সাধন পান্ডে : টাস্ক ফোর্সের ব্যাপারে, আপনি কি টাস্ক ফোর্সের ব্যাপারে কি বলতে চাইছেন আমি ঠিক বুঝলাম না। আমাদের মামলা আমরা নিশ্চই ঠিক করি যেমন, দুটি কোম্পানীর বিরুদ্ধে আমরা মামলা করেছি। জেলাগুলোতে কোনো টাস্ক ফোর্সের ব্যাপারে আমরা এখনও কিছু করিনি। টাস্ক ফোর্স মানে আপনি কি বলতে চাইছেন সেটা আমাকে একটু বুঝিয়ে বলবেন আর জেলা ফোরামে অনেক কেস বেড়েছে এবং সেই কেসগুলো চলছে।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে একটি

প্রশ্ন জিজ্ঞাসা করছি। সেটা হচ্ছে যে, আলুর খুব দাম বেড়ে গেছে এবং ১৩ টাকা কিলো আলু বাজারে ঠিক করে দেওয়া হয়েছে। তো এখন, এই নিতে গেলে দেখা যাচ্ছে যে, না বেছে নিতে হচ্ছে এবং পচা রয়ে যাচ্ছে অর্ধেক। এই যে এইরকম যে অবস্থা, তাহলে সরকার যে দাম ঠিক করে দিল, এর ফলে মানে ক্রেতার সুরক্ষা আদৌ রক্ষা হচ্ছে না। এই আলুর দাম প্র্যাকটিকালি নেওয়ার পরে এক কেজি আলুতে দেখা যাচ্ছে ২৮ টাকা কেনা হয়ে যাচ্ছে। কাজেই এই স্বার্থ কেমন করে রক্ষা করা যাবে এবং এই ব্যাপারে আপনি কি ভাবছেন এটা যদি বলেন তাহলে আমরা খুব উপকৃত হই।

শ্রী সাধন পান্ডে : আপনি এই যে প্রশ্নটা করেছেন, এটা খাদ্য দপ্তরকে করবেন, তারা এই বাজারগুলো কন্ট্রোল করে, এটা আমার দপ্তরের মধ্যে পড়ে না।

শ্রী পরশ দত্ত : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীকে একটি হাল পরিস্থিতির দিকে নজর দিয়ে একটি প্রশ্ন করতে চাই। আলু বা লবণ নিয়ে এক শ্রেণীর লোক বাজারে গুজব ছড়াচ্ছে, মিথ্যে গুজব ছড়াচ্ছে, তার প্রমাণ আমার কাছে আছে। এই গুজব ছড়িয়ে কিছু অসাধু ব্যবসায়ীকে মুনাফা করে দেবার সুযোগ করে দিচ্ছে। এই গুজব ছড়ানোটা কোন রাজনৈতিক স্বার্থে? এই লোকগুলির বিরুদ্ধে ক্রেতা সুরক্ষা দপ্তর থেকে কোনো ব্যবস্থা নেওয়া হবে কি?

শ্রী সাধন পান্ডে : আমি এই ব্যাপারটায় আপনার সঙ্গে একমত যে কিছু লোক গুজব ছড়িয়ে কিছু মুনাফা বাড়াচ্ছে এবং অসাধু ব্যবসাদার তারা এটা করছে। আপনি নিশ্চয় দেখেছেন যে মাননীয়া মুখ্যমন্ত্রী এই দপ্তরের দায়িত্ব নিয়ে তিনি এর বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছেন এবং পুলিশও ব্যবস্থা নিচ্ছে। অতএব ক্রেতা সুরক্ষা দপ্তর এই ব্যাপারে এখন অবধি কিছু করেনি।

শ্রী আনিসুর রহমান : স্যার, আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় বললেন এবং তার সঙ্গে আমাদের একজন বিধায়ক বললেন যে আলু নিয়ে চক্রান্ত হচ্ছে, এইসব বললেন। আমি বিনীতভাবে বলব, যে আজকে খবরে একটা বেরিয়েছে, যে বিধাননগরে আপনাদের একজন বড় নেতা, তৃণমূল দলের, বিধাননগরে তৃণমূল দলের একজন নেতা তিনি গ্রেপ্তার হয়েছেন যে আলু কারবারিদের সঙ্গে যুক্ত থাকার জন্য। আপনি দয়া করে তার নাম জানাবেন কি এবং কি ব্যবস্থা নিচ্ছেন আমাদের জানাবেন।

মিঃ স্পীকার : This is not related to the subject. এটার উত্তর দিতে হবে না, ছেড়ে দিন।

পূর্বস্থলীতে আই. টি. আই. স্থাপন

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৯) **শ্রী তপন চ্যাটার্জী :** কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, পূর্বস্থলীতে সাড়ে তিন একর জমি আই. টি. আই. কলেজ স্থাপনের জন্য পাওয়া গেছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত কলেজ স্থাপনের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

শ্রী উজ্জ্বল বিশ্বাস : (ক) হ্যাঁ, বর্ধমান জেলার পূর্বস্থলী থানার পূর্বস্থলী ১ নং ব্লকে কবলা মৌজায় জে.এল. নং ১৩৮, প্লট নং ৩৬৮(পি), ৩৬৯(পি), ৩৭১,৩৭২(পি), ৩৭৩(পি), ৩৭৪, ৩৭৫(পি), ৩৭৬(পি), তে ০৩.০৩ একরের একটি জমি আই.টি.আই. কলেজ স্থাপনের জন্য কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের নামে হস্তান্তরিত হয়েছে।

(খ) রাজ্যসরকার আর আই ডি এফ থার্টিনথ স্কিমের অধীনে উক্ত কলেজ স্থাপনের প্রস্তাব প্রশাসনিক অনুমোদনের জন্য নাবার্ডের কাছে পাঠানো হয়েছে।

ইতিমধ্যে আনুমানিক ব্যয়ের ভিত্তিতে প্রয়োজনীয় টেন্ডার ডাকা হয়েছে। অনুমোদন পাবার পর ১৫ দিনের মধ্যে উক্ত কলেজ স্থাপনের কাজ শুরু হবে বলে আশা করা যায়।

শ্রী তপন চ্যাটার্জী : আমার অতিরিক্ত প্রশ্ন, পূর্বস্থলী ১ নম্বর ব্লক ও পূর্বস্থলী ২ নম্বর ব্লক আলাদা। পূর্বস্থলী ১ নম্বর ব্লকের বিধায়ক মাননীয় স্বপন দেবনাথ পূর্বস্থলী ২ নম্বর ব্লকের বিধায়ক আমি। আমি পূর্বস্থলী মাজিদা গণ বিদ্যাভবনের স্কুলের পাশে সাড়ে তিন একর জায়গা সরকারকে আমরা দিয়েছি। সেই ব্যাপারে আপনি বলবেন।

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় সদস্যর প্রশ্নের উত্তরে জানাই, আসলে আপনার ব্যাপারটা বলি, আমাদের যে জায়গাটা জেলা প্রশাসনের মাধ্যমে, যে ব্লকের মাধ্যমে আই টি আই স্থাপনের জন্য জায়গাটা চিহ্নিত করা হয়েছে তাতে পূর্বস্থলী ১-এই জায়গাগুলো দেওয়া হয়েছে।

[11.50–12.00 noon]

আমরা অ্যাসিওর করছি পূর্বস্থলী ব্লকে যদি কোনো জমি আপনারা ঠিক করে দিয়ে থাকেন তাহলে নিশ্চই আমরা অতি শীঘ্রই — যেহেতু আমরা প্রতিটি ব্লকেই স্থাপন করার জন্য আগ্রহী — সুতরাং নিশ্চিতভাবে আপনারা সেই জায়গাটা চিহ্নিত করে দিয়ে যাবেন, আমি আপনাকে কথা দিচ্ছি নিশ্চিতভাবে এই সেশানের মধ্যে আমরা ব্যাপারটা নিয়ে এগোবো।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, আমার অতিরিক্ত প্রশ্ন মন্ত্রী মহোদয়ের কাছে, আপনাকে নির্দিষ্ট করে বলতে হবে ২০১৩-১৪ সালে কত পলিটেকনিক কলেজ অর্থবছরের বাজেটে বরাদ্দ করেছিলেন? তারমধ্যে কতগুলি হয়েছে এবং কবে শেষ হবে? এইগুলো নির্দিষ্ট করে বলতে হবে।

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই নির্দিষ্ট করেই আমরা আপনাদের সামনে এর আগে প্রশ্নের জবাব দিয়েছি, আবার দিচ্ছি। ২০১৩-১৪ এই অর্থ বছরের মধ্যে ৬ টি পলিটেকনিকে পড়াশুনো শুরু হবে এবং কমপ্লিট হয়েছে ৬ টি পলিটেকনিক। আই টি আই কমপ্লিট হয়েছে ২০ টি, তাতে পড়া শুরু হবে ২০১৩-১৪ সালে।

শ্রী বিশ্বজিৎ কুন্ডু : মহামান্য স্পীকারের অনুমতি নিয়ে আমি সংশ্লিষ্ট মন্ত্রীকে প্রশ্ন করতে চাই, আমার কালনা বিধানসভার কালনা ২নং ব্লকে বদ্যিপুরে তিন একর জায়গা আমরা এই

টেকনিক্যাল দপ্তরকে দিয়েছি। সেই কাজ কবে শুরু হবে বা কি পর্যায়ে আছে, এটা যদি জানিয়ে দেন তাহলে সুবিধা হবে। ধন্যবাদ।

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় বিধায়ক আপনাকে বলছি, আপনি কাইন্ডলি যদি আমাকে আলাদা করে চিঠি দিয়ে জানান, তাহলে আমি ডিটেলটা আপনাকে উত্তর দিয়ে দেবো। যাইহোক, একটা নোটিশ দিয়ে দেবেন, আমি নিশ্চিতভাবে আপনাকে জানিয়ে দিচ্ছি কোনটা কত দূর, কোন পর্যায়ে আছে।

মিঃ স্পীকার : আমার মনে হয় মাননীয় মন্ত্রী আপনি একটা বিশদ তালিকা করে দেবেন। কোন্ কোন্ ব্লকে কতগুলো হয়েছে। তাহলে এই প্রসঙ্গগুলি আর আসবে না। আমি এই নিয়ে আর কোনো ফারদার কোয়েশ্চেন অ্যালাউ করবো না।

ব্লকে কৃষি বাজার নির্মাণ

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৭) **শ্রী শীলভদ্র দত্ত ঃ** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে সরকারি প্রকল্পের অধীনে রাজ্যের প্রতিটি ব্লকে একটি করে কিষাণ বাজার নির্মাণ করার জন্য এর মধ্যে কতগুলি ব্লকে তার স্থান চিহ্নিত করা হয়েছে; এবং

(খ) তার মধ্যে কতগুলি ব্লকে কিষাণ বাজার নির্মাণের কাজ শুরু হয়েছে/হবে?

শ্রী অরূপ রায় : স্যার আপনার মাধ্যমে আমি মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, (ক) রাজ্য সরকারের গৃহীত সিদ্ধান্ত অনুসারে প্রতিটি ব্লকে ন্যূনতম একটি করে প্রয়োজন ভিত্তিক পর্যায়ক্রমে কৃষক বাজার নির্মাণ করার লক্ষ্যে ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ পর্যন্ত ১৭৬ টি ব্লকে স্থান চিহ্নিত করা হয়েছে।

(খ) এর মধ্যে ৯৩ টি ব্লকে কৃষক বাজার নির্মাণের কাজ শুরু হয়েছে এবং অবশিষ্ট ব্লকে কৃষক বাজার নির্মাণের কাজ শুরু হবে।

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে অতিরিক্ত প্রশ্ন। উত্তর ২৪ পরগনা জেলায় কতগুলো কিষাণ বাজার নির্মাণ হচ্ছে এবং কোথায় কোথায় হচ্ছে সেটা যদি আমাদের বলেন।

শ্রী অরূপ রায় : উত্তর ২৪ পরগনা জেলায় সাতটি ব্লকে কিষাণ বাজার নির্মাণ করা হবে। ব্লকগুলি হল — গাইঘাটা, হাবড়া, বসিরহাট-২, মিনাখাঁ, ব্যারাকপুর, বনগাঁ এবং বাগদা। এই সাতটি ব্লকে কাজ শুরু হয়েছে।

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন, একটা একটা বাজার তৈরী করতে কি রকম খরচ হচ্ছে এবং এদের কাজের প্রোগ্রেসটা কতদূর?

শ্রী অরূপ রায় : এক একটা বাজার তৈরী করতে সাড়ে পাঁচ থেকে ছয় কোটি টাকা খরচ হচ্ছে। কোথায় কতটা কাজের প্রোগ্রেস হয়েছে সেটাও বলে দিচ্ছি। গাইঘাটা ৬০% কাজ শেষ হয়েছে, হাবড়ায় ৮০% কাজ শেষ হয়েছে, বসিরহাট-২ তে সবে কাজ শুরু হয়েছে, মিনাখাঁয় ৩৫% কাজ শেষ হয়েছে, ব্যারাকপুরে ৮০% কাজ শেষ হয়েছে, বঁনগায় ৫০% কাজ শেষ হয়েছে এবং বাগদায় ৩৫% কাজ শেষ হয়েছে।

শ্রী সুনীল কুমার মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আমার গলসি-১ ব্লকে অনেকদিন পর এই বাজারের কাজ শুরু হয়েছে। তার জন্য আপনাকে ধন্যবাদ। কাজটা খুবই ঢিমেতালে চলছে। কাজটা তাড়াতাড়ি শেষ করার ব্যাপারে আপনার দপ্তর থেকে কোনো ব্যবস্থা নেবেন কি?

শ্রী অরূপ রায় : আপনার গলসি-১ ব্লকে কাজ শুরু হয়েছে এবং ৭০% কাজ সম্পন্ন হয়েছে। বাকি কাজটা যত দ্রুত সম্ভব শেষ করার জন্য আমি ব্যবস্থা গ্রহণ করব।

শ্রী রণজিৎ কুমার মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আমার বিধানসভা কেন্দ্র হচ্ছে নদীয়া জেলার তেহট্ট। এখানে কিষাণ বাজারের কাজ সামান্য পরিমাণে শুরু হয়েছে। আপনি বিভিন্ন জায়গায় কিষাণ বাজারের কাজের অগ্রগতির যে তালিকা বললেন তার মধ্যে তেহট্ট নামটা দেখলাম না। এটা হচ্ছে একটা দিক। আরেকটা ব্যাপার হল, আমি ওখানকার স্থানীয় বিধায়ক, কিন্তু এই বিষয়টা আমাকে জানানো হয়নি এবং কখনোই আমাকে এই বিষয়টা জানানো হচ্ছে না। কেন জানানো হবে না এবং আমরা এটা জানতে পারি কিনা মাননীয় মন্ত্রীমহাশয় এটা একটু জানাবেন কি?

শ্রী অরূপ রায় : আপনার বিধানসভা কেন্দ্রের মধ্যে তেহট্ট-১ ব্লকে কিষাণ বাজারের কাজ ৮০% শেষ হয়েছে।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, দক্ষিণ ২৪ পরগনা জেলার সাগর ব্লকে, কৃষি বাজার নির্মাণ করার জন্য জমি অধিগ্রহণ করা হয়েছে। যতটুকু জেনেছিলাম বিষয়টা অর্থ বিভাগের অ্যাপ্রুভালের জন্য গিয়েছে। আপনি দয়া করে জানাবেন কি, এই কৃষি বাজারের অগ্রগতির কাজ কোন জায়গায় দাঁড়িয়ে আছে?

শ্রী অরূপ রায় : সাগর ব্লকে একটা জমি চিহ্নিত হয়েছে এবং তার প্রসেসের কাজ চলছে। এর কাজ পরবর্তীকালে শুরু হবে।

Starred Questions
(to which answers were laid on the 'Table')

প্রাণীবন্ধুপিছু কেন্দ্রীয় অনুদান

*৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪০২) **শ্রী নেপাল মাহাত :** প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, ২০০২ সাল থেকে প্রাণীবন্ধুপিছু কেন্দ্রীয় অনুদান বরাদ্দ হয়নি; এবং

(খ) সত্যি হলে, এর কারণ কি?

প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০০২ সাল এবং তার পরবর্তী সময়ে প্রাইভেট এ.আই. ওয়ার্কারদের জন্য এন. পি. সি. বি. বি. (ন্যাশনাল প্রোজেক্ট ফর ক্যাটেল অ্যান্ড বাফেলো ব্রীডিং) প্রকল্পে কেন্দ্রীয় অনুদান বরাদ্দ হয়েছে।

(খ) প্রযোজ্য নয়।

রাজ্য সরকারী কর্মচারীদের বকেয়া মহার্ঘভাতা

*৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৪) **শ্রী বাসুদেব খাঁ :** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্য সরকারি কর্মীদের কত শতাংশ মহার্ঘভাতা বকেয়া রয়েছে?

অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্য সরকারি কর্মীদের কোনো মহার্ঘভাতা বকেয়া নেই। তবে কেন্দ্রীয় সরকার তাদের কর্মচারীদের যে মহার্ঘভাতা দিচ্ছেন তা রাজ্যের তুলনায় ৩৮ শতাংশ অধিক।

প্রবেশ কর

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৬) **শ্রী রণজিৎ কুমার মন্ডল :** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে চলতি আর্থিক বছরে প্রবেশ কর বাবদ কত টাকা আদায় হয়েছে; এবং

(খ) মূল্য বৃদ্ধির উপর প্রবেশ কর কোনো প্রভাব ফেলেছে কি?

অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

চলতি আর্থিক বছরে, ৩০শে সেপ্টেম্বর ২০১৩ পর্যন্ত প্রবেশ কর বাবদ মোট ৫২৬.৭৫ কোটি টাকা আদায় হয়েছে।

মূল্যবৃদ্ধির উপর প্রবেশ করের প্রভাব সম্বন্ধে কোনো সুনির্দিষ্ট তথ্য নেই।

চলতি অর্থবর্ষে কর আদায়ের ঘাটতি

*৯। (অনুমোদিত প্রশ্ন নং * ৬৮৮) **শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ :** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, চলতি আর্থিক বছরে ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে নির্ধারিত লক্ষ্যের থেকে কম কর আদায় হয়েছে / হবে; এবং

(খ) সত্যি হলে, উক্ত ঘাটতি পূরণে গৃহীত ব্যবস্থাগুলি কিরূপ?

অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

চলতি আর্থিক বছরে ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে নির্ধারিত লক্ষ্য অনুযায়ী কর আদায় হয়েছে।

বক্তব্যটি সত্য নয়।

চুঁচুড়ার পশু চিকিৎসালয়ে শূন্যপদ

*১০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৬) **শ্রী অসিত মজুমদার** : প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে হুগলী জেলার চুঁচুড়ার পশু চিকিৎসালয়ে শূন্য পদের সংখ্যা কত;

(খ) ঐ পদগুলি কতদিন ধরে ফাঁকা রয়েছে; এবং

(গ) ঐ শূন্যদগুলি পূরণের ক্ষেত্রে কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে / হচ্ছে?

প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) উক্ত তারিখ সাপেক্ষে চুঁচুড়া রাজ্য প্রাণীস্বাস্থ্য কেন্দ্রে নিম্নলিখিত ২(দুই)টি পদ শূন্য রয়েছে।

প্রাণী বিকাশ সহায়ক — ১ টি
মেসেঞ্জার পিওন — ১ টি

উক্ত পশুচিকিৎসা কেন্দ্রে নিম্নলিখিত অনুমোদিত পদ রয়েছে :

প্রাণী চিকিৎসক — ১ জন
সহঃ অধিকর্তা — ১ জন
ভেটেরিনারি ফার্মাসিস্ট - ১ জন
প্রাণী বিকাশ সহায়ক — ১ জন
পিওন — ৩ জন
মেসেঞ্জার পিওন — ১ জন
নাইট গার্ড — ১ জন
ল্যাব অ্যাটেনডেন্ট - ১ জন

(খ) পদগুলি নিম্নোক্ত তারিখে শূন্য (Vacant) হয়েছে।

প্রাণী বিকাশ সহায়ক - ২৯/০১/২০১১
মেসেঞ্জার পিওন - ৩১/০৫/২০০৮

(গ)(১) স্টাফ সিলেকশান কমিশন দ্বারা মনোনীত ১০১ জন প্রাণী বিকাশ সহায়কের অবিলম্বে নিয়োগের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। তার মধ্যে একজন চুঁচুড়া রাজ্য প্রাণী-স্বাস্থ্যকেন্দ্রে নিয়োগ করা হবে।

(২) 'গ্রুপ ডি' শূন্যপদে স্টাফ সিলেকশন কমিটির মাধ্যমে নিয়োগের পদ্ধতি শুরু হয়েছে।

চলতি আর্থিক বছরে রাজস্ব সংগ্রহ

*১১। (অনুমোদিত প্রশ্ন নং *৭২০) **শ্রী রামেশ্বর দোলই** : অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

৩০ শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে চলতি আর্থিক বছরে রাজস্ব আদায়ের পরিমাণ কত?

৩০শে সেপ্টেম্বর ২০১৩ সাপেক্ষে চলতি আর্থিক বছরে রাজস্ব আদায়ের পরিমাণ ১৬২৯৮.৭৩ কোটি টাকা।

কৃষিজ বস্তুর সংরক্ষণ

*১২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫৬) **ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা** ঃ কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে আলু, সব্জি, ফল ও ফুল সংরক্ষণের জন্য কোল্ড স্টোরেজ ও মাল্টিপার্পাস কোল স্টোরেজ-এর সংখ্যা প্রয়োজনের থেকে কম; এবং

(খ) সত্য হলে, (১) বর্তমানে ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে কোল্ড স্টোরেজের ও মাল্টিপার্পাস কোল্ড স্টোরেজের সংখ্যা কত (জেলাওয়ারি তথ্য সহ) ও (২) সেগুলির সংরক্ষণের ক্ষমতা কত?

কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাজ্যে এই মুহূর্তে আলু সংরক্ষণের জন্য প্রয়োজনীয় হিমঘর সংখ্যা যথেষ্ট, এছাড়া রাজ্য সরকার বহুমুখী হিমঘর নির্মাণ কার্য একদিকে যেমন সম্পন্ন করছেন, তেমনি উদ্যোগপতিদেরও অনুজ্ঞাপত্র গ্রহণে উৎসাহিত করছেন।

৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে কোল্ড স্টোরেজ ও মাল্টিপারপাস কোল্ড স্টোরেজের সংখ্যা ও সেগুলির ধারণ ক্ষমতা সম্বন্ধে পরে জানানো হবে।

Unstarred Questions
(To which answers were laid on the table)

বর্ধমান জেলায় সেচ সংক্রান্ত পরিকল্পনা

১। (অনুমোদিত প্রশ্ন নং ১২) **শ্রী সুনীল কুমার মণ্ডল** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্তমান অর্থবর্ষে (২০১৩-১৪) বর্ধমান জেলায় সেচ সংক্রান্ত প্রকল্পের জন্য সরকার কী ধরনের পরিকল্পনা গ্রহণ করেছেন; এবং

(খ) উক্ত পরিকল্পনায় কি পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ডি.ভি.সি. প্রকল্পের আওতায় ঝাড়খণ্ড রাজ্যে অবস্থিত জলাধারগুলির থেকে সেচের জল বর্ধমান জেলায় সাধারণত বছরে ৯০০০ হেক্টর (২২২৩০ একর) জমিতে রবি চাষ ও ২৩৭০০ হেক্টর (৫৮৫৪০ একর) জমিতে বোরো চাষ করা হয়। ডি.ভি.সি. প্রকল্পের ক্যানালগুলির মাধ্যমে ডি.ভি.সি. জলাধার থেকে প্রাপ্ত জলের উপর ভিত্তি করে উপরোক্ত পরিমাণ জমিতে সেচের জল প্রদান সুনিশ্চিত করার জন্য ২০১৩-১৪ অর্থবর্ষে, ক্যানালগুলির পলি উত্তোলনের মাধ্যমে বহন ক্ষমতা পুনরুজ্জীবন, বিভিন্ন ক্যানাল স্ট্রাকচারগুলি সংস্কার সাধন — এই ধরনের কাজের পরিকল্পনা নেওয়া হয়েছে। এই কাজগুলির

মাধ্যমে প্রায় ৫০০০ হেক্টর (১২৩৫০ একর) জমির সেচ-সামর্থ্য পুনরুদ্ধার করা সম্ভব হবে।

(খ) উপরোক্ত কাজগুলির জন্য ২০১৩-১৪ আর্থিক বর্ষে ৩০.৮ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে।

দুর্গাপুর ব্যারেজের জলধারণ ক্ষমতা

২। (অনুমোদিত প্রশ্ন নং ১৩) শ্রী সুনীল কুমার মণ্ডল : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

দামোদর নদের উপর নির্মিত দুর্গাপুর ব্যারেজের জল ধারণের বিষয়ে ২০১১-১২ এবং ২০১২-১৩ অর্থবর্ষে গৃহীত পরিকল্পনাগুলির কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : দুর্গাপুর ব্যারেজের জলাশয়ের পলি জমার কারণে জলসঞ্চয়ের পরিমাণ কতখানি হ্রাস পেয়েছে, সে বিষয়ে জরিপের কাজ শেষ হয়েছে। বর্তমানে পলি উত্তোলন তথা ব্যারেজের উজানে পলি জমার প্রবণতা কমানোর জন্য একটি গাণিতিক প্রতিরূপ (ম্যাথেমেটিকাল মডেলিং) সমীক্ষা করা প্রয়োজন, যার ভিত্তিতে বিশদ প্রকল্প রিপোর্ট তৈরি করতে হবে। এই কাজ যাতে কেন্দ্রীয় জল আয়োগ এবং কেন্দ্রীয় সরকারী সংস্থা সেন্ট্রাল ওয়াটার পাওয়ার রিসার্চ স্টেশন, পুনের যৌথ তত্ত্বাবধানে করা যায়, তার জন্য আগস্ট ২০১৩ সালে কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে।

রাজ্যে কোল্ড স্টোরেজ নির্মাণ

৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫) শ্রী সুনীল কুমার মণ্ডল : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ২০১২-১৩ অর্থবর্ষে রাজ্যে কতগুলি কোল্ড স্টোরেজ নির্মাণের পরিকল্পনা ছিল। (পি পি পি মডেল-সহ জেলাওয়ারি তথ্য); এবং

(খ) ওই কোল্ড স্টোরেজ নির্মাণের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) উল্লিখিত অর্থবর্ষে নিয়ন্ত্রিত বাজারসমূহ বা রাজ্য বিপণন পর্ষদের তরফে হিমঘর নির্মাণের কোনো পরিকল্পনা গ্রহণ করা হয়নি।

(খ) এই প্রশ্নের উত্তর (ক) প্রশ্নের উত্তরের আলোকে বিবেচনা করা যেতে পারে।

রাজ্যে কিষাণ মাণ্ডি গঠন নির্মাণ

৪। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮) শ্রী সুনীল কুমার মণ্ডল : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

২০১২-২০১৩ অর্থবর্ষে রাজ্যে কতগুলি কিষাণ মাণ্ডি গড়ে তোলা সম্ভব হয়েছে (জেলাওয়ারি তথ্য সহ)?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ২০১২-২০১৩ অর্থবর্ষে ৮০ টি কৃষক বাজারের (কিষাণ মাণ্ডি) পরিকাঠামো নির্মাণের কাজ শুরু হয়েছে।

জেলাওয়ারি তথ্য :

(১) কোচবিহার জেলায় ২টি, (২) দার্জিলিং জেলায় ১টি, (৩) জলপাইগুড়ি জেলায় ২টি, (৪) উত্তর দিনাজপুর জেলায় ২টি, (৫) দক্ষিণ দিনাজপুর জেলায় ৫টি, (৬) মুর্শিদাবাদ জেলায় ৪টি, (৭) মালদা জেলায় ১টি, (৮) নদীয়া জেলায় ৬টি, (৯) উত্তর ২৪-পরগনা জেলায় ৬টি, (১০) দক্ষিণ ২৪-পরগনা জেলায় ৩টি, (১১) হাওড়া জেলায় ৩টি, (১২) হুগলী জেলায় ৫টি, (১৩) বর্ধমান জেলায় ৮টি, (১৪) বীরভূম জেলায় ৯টি, (১৫) বাঁকুড়া জেলায় ৭টি (১৬) পশ্চিম মেদিনীপুর জেলায় ৮টি (১৭) পুরুলিয়া জেলায় ৫টি, (১৮) পূর্ব মেদিনীপুর জেলায় ৩টি।

অদ্যাবধি আরও ১০টি কৃষক বাজারের পরিকাঠামো নির্মাণের কাজ শুরু হয়েছে।

জেলাওয়ারি তথ্য :

(১) নদীয়া জেলায়, ১টি, (২) হুগলী জেলায় ১টি, (৩) বর্ধমান জেলায় ১টি, (৪) বাঁকুড়া জেলায় ১টি, (৫) পুরুলিয়া জেলায় ১টি, (৬) পশ্চিম মেদিনীপুর জেলায় ২টি, (৭) পূর্ব মেদিনীপুর জেলায় ১টি, (৮) বীরভূম জেলায় ১টি, (৯) কোচবিহার জেলায় ১টি।

অদ্যাবধি আরও ৫টি কৃষক বাজারের দরপত্র চূড়ান্ত করার কাজ চলছে।

জেলাওয়ারি তথ্য :

(১) নদীয়া জেলায় ১টি, (২) হাওড়া জেলায় ১টি, (৩) উত্তর ২৪-পরগনা জেলায় ১টি, (৪) দক্ষিণ ২৪-পরগনা জেলায় ১টি, (৫) হুগলী জেলায় ১টি।

রাজ্যে হাতি প্রকল্প

৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা :** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে এলিফ্যান্ট প্রকল্প গড়ে তোলা হচ্ছে;

(খ) সত্যি হলে, কোন কোন জেলায় কোন কোন ব্লকে প্রকল্প গড়ে তোলা হবে; এবং

(গ) উক্ত প্রকল্পে কত সংখ্যক হাতির বসবাসের সংস্থান হবে?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বর্তমানে রাজ্যে নতুন কোনো এলিফ্যান্ট প্রকল্প গড়ে তোলা হচ্ছে না।

তবে বর্তমানে রাজ্যে দুটি এলিফ্যান্ট প্রকল্প আছে (১) ময়ূরঝর্ণা এলিফ্যান্ট রিজার্ভ (বাঁকুড়া, পুরুলিয়া ও পশ্চিম মেদিনীপুর), (২) ইস্টার্ন ডুয়ার্স এলিফ্যান্ট রিজার্ভ (জলপাইগুড়ি)।

(খ) প্রযোজ্য নহে।

(গ) প্রযোজ্য নহে।

বাঁধ সংস্কার

৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৮) শ্রী **শাহাজাহান চৌধুরী** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

৩১শে জুলাই, ২০১৩ তারিখ সাপেক্ষে ডি.ভি.সি. ড্যাম সংস্কারের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে রাজ্য সরকারের দেওয়া প্রস্তাবটি কোন পর্যায়ে আছে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ঝাড়খণ্ড রাজ্যে অবস্থিত ডি.ভি.সি. প্রকল্পের জলাধারগুলির জলধারণ ক্ষমতা পুনরুদ্ধারের জন্য রাজ্য সরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে জুন ২০১২-তে প্রয়োজনীয় কারিগরী সহায়তা এবং অর্থ সাহায্য চাওয়া হয়েছে। কেন্দ্রীয় সরকারের তরফ থেকে এ বিষয়ে অদ্যাবধি কোনো উত্তর আসেনি।

প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা

৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪) শ্রী **শাহাজাহান চৌধুরী** : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় রাজ্যে কতগুলি গ্রামীণ সংযোগকারী রাস্তা আছে;

(খ) উক্ত গ্রামীণ সংযোগকারী রাস্তার মধ্যে বাস চলাচলকারী রাস্তার সংখ্যা কত; এবং

(গ) জেলা পরিষদের অধীনস্থ প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় গ্রামীণ সংযোগকারী রাস্তাগুলির মধ্যে বাস চলাচলকারী রাস্তাগুলিকে পূর্ত বিভাগের নিয়ন্ত্রণাধীন করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) এবং (খ) প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার কাজ পূর্ত দপ্তর থেকে করা হয় না।

(গ) না।

রাজ্যে মৎস্য আমদানি

৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০) শ্রী **শাহাজাহান চৌধুরী** : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যে ২০১০-১১ এবং ২০১১-১২ আর্থিক বছরগুলিতে কত পরিমাণ মাছ আমদানি করা হয়েছিল; এবং

(খ) ২০১২-১৩ সালে বর্ধমান জেলায় কত পরিমাণ মাছ উৎপাদিত হয়েছিল?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্যে ২০১০-১১ এবং ২০১১-১২ আর্থিক বছরগুলিতে যথাক্রমে প্রায় ১,৬৭,০৬৯ টন এবং ১,৮৮,৪৪০ টন মাছ আমাদানি করা হয়েছিল।

(খ) ২০১২-১৩ সালে বর্ধমান জেলায় ১,৩৬,৭৯১ টন মাছ উৎপাদিত হয়েছিল।

এস.সি., এস.টি. এবং ও.বি.সি. শংসাপত্র প্রদান

৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৩) **শ্রী অসিত মজুমদার :** অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ২০০৯-২০১০, ২০১০-২০১১ এবং ২০১১-২০১২ হুগলী জেলায় কতজন এস.সি., এস.টি. এবং ও.বি.সি. শংসাপত্র পেয়েছেন।

(খ) বর্তমান সরকার উক্ত শংসাপত্র পাওয়ার ক্ষেত্রে কী কী সুবিধা দিয়েছেন; এবং

(গ) অনগ্রসর সম্প্রদায় অধ্যুষিত অঞ্চলগুলির উন্নয়নের লক্ষ্যে বর্তমান সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছেন / করছেন?

অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ২০০৯ সালে ৮৯৮৩ জন এস.সি., ১৭৫২ জন এস.টি., ৩৯৭৮ জন ও.বি.সি, ২০১০ সালে ৯১৬৩ জন এস.সি., ৩১ জন এস.টি., ৩৬৫৫ জন ও.বি.সি., ২০১১ সালে২৯৪ জন এস.সি., ২৯ জন এস.টি., ২৯৫ জন ও.বি.সি. এবং ২০১২ সালে ১৮২৮৮ জন এস.সি., ৩২১৮ জন এস.টি., ১১৫১৩ জন ও.বি.সি. শংসাপত্র পেয়েছেন। (এই দপ্তরে ক্যালেন্ডার ইয়ার অনুযায়ী তথ্য সংগ্রহ করা হয়)।

(খ) বিগত দুই বছরে শংসাপত্র দেওয়ার ক্ষেত্রে কতগুলি লক্ষণীয় উন্নতিসাধন ঘটানো হয়েছে —

(১) দু-পাতার আবেদনপত্রের সরলীকরণ,

(২) সুস্পষ্ট নির্দেশাবলি,

(৩) নিয়মিত কর্মশালা আয়োজন,

(৪) উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, হুগলী, মুর্শিদাবাদ, বর্ধমান, পশ্চিম মেদিনীপুর ও দক্ষিণ দিনাজপুর জেলার ৩৩টি সাব-ডিভিশনে অনলাইনে শংসাপত্র দেওয়ার ব্যবস্থা করা, ফলস্বরূপ মাসিক শংসাপত্র বিতরণ ৬০,০০০ থেকে বেড়ে ৭০,০০০-এর মতো হয়েছে এবং ২০১১ সালে শংসাপত্র বিতরণ করা হয়েছিল ৬,০০,২১০টি যা ২০১২ সালে বেড়ে ৭,০৬,০৭১ টি হয়েছে।

(গ) বর্তমান সরকার অনগ্রসর সম্প্রদায় অধ্যুষিত অঞ্চলগুলির উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছেন / করছেন।

প্রধান প্রধান কর্মসূচীগুলি নিম্নরূপ —

(১) তপশিলি জাতি, তপশিলি উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণীর মানুষদের বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ঋণ দান করা হয়, যাতে তাদের অর্থনৈতিক উন্নয়ন হয়।

(২) অনগ্রসর সম্প্রদায় অধ্যুষিত অঞ্চলগুলির উন্নয়নের জন্য (যেমন—রাস্তাঘাট, সেতু ও কালভার্ট নির্মাণ, পানীয় জলের ব্যবস্থা, সেচ ব্যবস্থা ইত্যাদি) বিভিন্ন প্রকল্পে অর্থ ব্যয় করা হয়।

(৩) পুরুলিয়া, বীরভূম, জলপাইগুড়ি, দক্ষিণ দিনাজপুর ও উত্তর ২৪-পরগনা জেলায় ৫ টি ডঃ বি. আর. আম্বেদকর আবাসিক বিদ্যালয় স্থাপন করা হচ্ছে তপশিলি জাতি, উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণীর ছাত্রছাত্রীদের জন্য।

(৪) অনগ্রসর সম্প্রদায় অধ্যুষিত অঞ্চলে ১৬টি কেন্দ্রীয় ছাত্রাবাস স্থাপনের কাজ সম্পূর্ণ হয়েছে এবং শীঘ্র এগুলি চালু হবে। আরও ৩২টি কেন্দ্রীয় ছাত্রাবাস তৈরির কাজ এই আর্থিক বছরে শেষ করার প্রচেষ্টা নেওয়া হয়েছে।

(৫) ২০১২-১৩ সালে বীরভূম ও দক্ষিণ দিনাজপুর জেলায় দুটি একলব্য মডেল আবাসিক বিদ্যালয় চালু করা হয়েছে।

(৬) উত্তর ২৪-পরগনা জেলার বনগাঁয় কবিগান অ্যাকাডেমি স্থাপন করা হচ্ছে। ইতিমধ্যেই দুই কোটি টাকা এই উদ্দেশ্যে মঞ্জুর করা হয়েছে।

(৭) জঙ্গলমহলে নবম থেকে দ্বাদশ শ্রেণীর ছাত্রীদের লেখাপড়া ও পরিবারের সামগ্রিক সুবিধার জন্য ২০১১-১২ সালে ৩৯৮৩৯টি, ২০১২-১৩ সালে ১১০৭৮টি বাইসাইকেল বিতরণ করা হয়েছে। এই আর্থিক বছরে ৪৪৮২৮টি বাইসাইকেল বিতরণের ব্যবস্থা করা হচ্ছে।

(৮) কৃষি শ্রমিক কল্যাণ কেন্দ্রের মাধ্যমে বিশেষত অনগ্রসর শ্রেণীর ভূমিহীন কৃষক পরিবারের উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

(৯) উত্তরবঙ্গ সেচ সমবায় প্রকল্পের মাধ্যমে জলপাইগুড়ি ও কোচবিহার জেলার তপশিলি জাতিভুক্ত ছোটো ও প্রান্তিক চাষী পরিবারের উন্নয়নের প্রকল্প গ্রহণ করা হয়েছে।

(১০) বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচীর মাধ্যমে তপশিলি জাতি, উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণীর যুবক-যুবতীদের কর্মসংস্থানের প্রচেষ্টা চলছে।

(১১) ১০০টি তপশিলি জাতি ও উপজাতি অধ্যুষিত গ্রাম চিহ্নিত করা হয়েছে সুসংহত উন্নয়ন প্রকল্প গ্রহণের জন্য।

(১২) ১০০টি ই-লাইব্রেরী স্থাপন করা হচ্ছে তপশিলি জাতি, তপশিলি উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণীভুক্ত মানুষের জন্য।

(১৩) ভ্রাম্যমাণ চক্ষু-চিকিৎসা কেন্দ্র স্থাপন করা হচ্ছে তপশিলিজাতি ও উপজাতিদের জন্য সংরক্ষিত বিধানসভা ক্ষেত্রগুলিতে।

ইমামবাড়াতে পর্যটন পরিকল্পনা

১০। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৭) শ্রী অসিত মজুমদার : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

চুঁচুড়ার হাজী মহম্মদ মহসীনের জন্মভিটা ইমামবাড়াতে পর্যটন কেন্দ্র গড়ার কোনো পরিকল্পনা সরকারের আছে কি?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : এই মুহূর্তে এ বিষয়ে কোনো সুনির্দিষ্ট প্রস্তাব পাওয়া যায়নি।

জেলা সমাহর্তার পক্ষ থেকে সুনির্দিষ্ট প্রস্তাব পেলে বিবেচনা করা হবে।

অথবা সংশ্লিষ্ট বিধায়ক মহাশয় সুনির্দিষ্ট প্রস্তাব করতে পারেন।

অতিরিক্ত সংযোজনী

প্রকল্পের নাম	প্রদত্ত অর্থের পরিমাণ টাকায় (২০১২ - ২০১৩)
১। হুগলীর ফুরফুরা শরীফে দ্বিতল মুসাফিরখানার নির্মাণ	১০০০০০০০
২। হুগলী জেলার ফুরফুরা শরীফে রাস্তার দুধারে আলোকসজ্জা ও সৌন্দর্যায়ন	১০০০০০০
৩। হুগলীতে চন্দননগরের রবীন্দ্রভবন পুননবীকরণ	১৮৪০১৫৮
৪। হংসেশ্বরী মন্দির ও কাজী জফর খান দরগার সৌন্দর্যায়ন	১০০০০০০০
	(২০১৩-২০১৪)
১। হুগলীর ফুরফুরা শরীফে গ্রামীণ পর্যটন সংক্রান্ত বিস্তারিত প্রকল্প প্রস্তুত	৫১৬০০

জয়রামবাটিতে শ্রী শ্রী মাতৃ মন্দির উন্নয়নে ৫ কোটি টাকার অপর একটি প্রকল্প-প্রস্তাব বিভাগের বিবেচনাধীন রয়েছে।

[12.00—12.10 p.m.]

38TH REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : I beg to present the 38th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber yesterday and recommended the Programme of Business from 19th November, 2013 to 27 November, 2013 as follows :

১৯শে নভেম্বর থেকে ২৭শে নভেম্বর, ২০১৩ তারিখ সভার কার্যসূচী (১৯শে নভেম্বর, ২০১৩ তারিখে সভায় পেশ ও গৃহীত কার্য উপদেষ্টা কমিটির ৩৮তম প্রতিবেদন অনুযায়ী)

১৯.১১.২০১৩, মঙ্গলবার	: (ক)	১৮.১১.২০১৩ তারিখের অসমাপ্ত কার্যসূচী	
	(খ)	দি ওয়েস্ট বেঙ্গল কারেকশনাল সার্ভিসেস (সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৩ (উত্থাপন, বিবেচনা ও গ্রহন)	$১\frac{১}{২}$ ঘন্টা
২০.১১.২০১৩, বুধবার	:	দি ওয়েস্ট বেঙ্গল যোগা অ্যান্ড ন্যাচারোপ্যাথিক সিস্টেম অফ মেডিসিন (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৩ (উত্থাপন, বিবেচনা ও গ্রহণ)	$১\frac{১}{২}$ ঘন্টা
২৫.১১.২০১৩, সোমবার	:	দি ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ হেলথ্ সায়েন্সেস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৩ (উত্থাপন, বিবেচনা ও গ্রহণ)	$১\frac{১}{২}$ ঘন্টা
২৬.১১.২০১৩, মঙ্গলবার	: (ক)	২৩শে মার্চ, ২০১১ তারিখে পশ্চিমবঙ্গ বিধানসভা কর্তৃক গৃহীত বিধেয়ক দি নিউ টাউন, কলকাতা ডেভেলমেন্ট অথরিটি (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১১ প্রত্যাহার সম্পর্কে সংকল্প **(শ্রী ফিরহাদ হাকিম নোটিশ প্রদান করেছেন)**	২ ঘন্টা
	(খ)	দি নিউ টাউন, কলকাতা ডেভেলপমেন্ট অথরিটি (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৩ (উত্থাপন, বিবেচনা ও গ্রহণ)	
২৭.১১.২০১৩, বুধবার	:	দি বাঁকুড়া ইউনিভার্সিটি বিল, ২০১৩ (উত্থাপন, বিবেচনা ও গ্রহণ)	৩ ঘন্টা

বি.দ্র : ২১ শে ও ২২ শে নভেম্বর, ২০১৩ তারিখে সভার কোন বৈঠক হবে না ।

Programme of Business from the 19th to the 27th November, 2013 (as adopted by the House on the 38th Report of the Business Advisory Committee presented on the 19th November, 2013)

19.11.2013, Tuesday	: (i)	Business remaining from 18.11.2013	
	(ii)	The West Bengal Correctional Services (Second Amendment)Bill, 2013 **(Introduction, Consideration & Passing)**	$1\frac{1}{2}$ hours
20.11.2013, Wednesday	:	The West Bengal Yoga and Naturopathic System of Medicine (Amendment)Bill, 2013 **(Introduction, Consideration & Passing)**	$1\frac{1}{2}$ hours
25.11.2013, Monsday	:	The West Bengal University of Health Sciences (Amendment) Bill, 2013 **(Introduction, consideration & Passing)**	$1\frac{1}{2}$ hours
26.11.2013, Tuesday	: (i)	Resolution for withdrawal of the New Town, Kolkata Development Authority (Amendment) Bill, 2011 passed by the West Bengal Legislative Assembly on the 23rd March, 2011 (Notice given by **Shri Firhad Hakim**)	2 hrs.
	(ii)	The New Town, Kolkata Development Authority (Amendment)Bill, 2013 **(Introduction, Consideration & Passing)**	

27.11.2013, Wednesday :	The Bankura University Bill, 2013 **(Introduction, Consideration & Passing)** 3 hours

---

N.B : There will be no sitting of the House on the 21st and the 22nd November, 2013.

Now the Minister-in-Charge of Parliamentary Affairs may please more the motion for acceptance of the house.

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কার্য উপদেষ্টা কমিটির ৩৮ তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

Mr. Speaker : A s many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say No

Ayes have it. Ayes have it.

I think the Motion is adopted.

ADJOURNMENT MOTION

Mr. Speaker : To-day, I have received two notices of Adjournment Motion on the same subject of price hike of essential commodities in the State. The first one is from Shri Asit Mitra and the second one is from Shri Subhas Naskar, Shri Anisur Rahaman, Shri Prabodh Chandra Sinha, Shri Biswanath Karak, Shri Anandamay Mandal and Shri Chand Mohammad.

The subject matter of both the motions is not such that may call for the adjournment of the business of the House. Members may invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Questions etc.

I, therefore, withhold my consent to both the Motions.

One Member of each party may, however, read the text of the Motion as amended.

শ্রী অসিত মিত্র : স্যার, অন্যান্য বারের মতো এবারও দশ লাইনটা দু লাইনে এসেছে।

স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতবি রাখছে। বিষয়টি হল—

সাম্প্রতিককালে রাজ্যে নিত্য প্রয়োজনীয় জিনিসের ব্যাপক মূল্য বৃদ্ধি হয়েছে, বিশেষ করে

অনেক পরিমাণ আলু অর্থাৎ প্রায় ৬ লক্ষ মেট্রিক টন আলু হিমঘরে আছে। তা সত্ত্বেও সাড়ে ৪ লক্ষ মেট্রিক টন আলু হলে যখন আমাদের এই রাজ্য চলবে তখন তার দাম, ... (এই সময় মাইক অফ্ হয়ে যায়।).....

শ্রী সুভাষ নস্কর : মাননীয় মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতবি রাখছে। বিষয়টি হ'ল—

রাজ্যে সামগ্রিকভাবে সাম্প্রতিক কালে নিত্য প্রয়োজনীয় দ্রব্যাটি সহ সমস্ত ভোগ্যপণ্যের দাম অস্বাভাবিক ভাবে বৃদ্ধি পেয়েছে। রাজ্যের বাজারগুলোতে কালোবাজারী চলছে। রাজ্য সরকার এই অস্বাভাবিক মূল্য বৃদ্ধির বিরুদ্ধে কোনোরূপ কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে অসমর্থ।....

(এই সময় মাইক অফ্ হয়ে যায়।).......

NOTICE OF CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received five (5) notices of Calling Attention on the following subjects:

	Subject		Name
(i)	Alleged delay in construction of Panagarh Bypass	:	Shri Sunil Kumar Mondal
(ii)	Non-submission of Return by N.G.O. in West Bengal	:	Shri Sahajahan Choudhury
(iii)	Urge for construction of a Passenger waiting Room near Bardhaman Railway Station	:	Shri Basudev Khan
(iv)	Urge for widening and streng -thening of Garia-Mathurapur (SH-1) from Baruipur Puratan Bazar to Mathurapur	:	Dr. Tarun Kanti Naskar
(v)	Urge for commissioning of Pipeline Water Supply Scheme in Harishchandrapur Assembly Constituency area	:	Shri Tazmul Hossain

I have selected the notice of Shri Tazmul Hossain on the subject

of Urge for commissioning of Pipeline Water Supply Scheme in Harischandrapur Assembly Constituency area.

The Minister-in-Charge may please make a statement to-day, if possible or give a date.

শ্রী মণীশ গুপ্ত : উত্তরটা দিয়ে দেব।

LAYING OF ORDINANCE

The West Bengal Prohibition of Audio-Video Piracy Ordinance, 2013

Shri Partha Chatterjee : Sir, I beg to lay the West Bengal Prohibition of Audio-Video Piracy Ordinance, 2013 (West Bengal Ordinance No.III) under Article 213(2)(a) of the Constitution of India.

LAYING OF RULES

The West Bengal Right to Public Service Rules, 2013

Shri Sadhan Pande : Sir, I beg to lay the .West Bengal Right to Public Services Rules, 2013 published in the Kolkata Gazette Extraordinary dated the 7th October, 2013 under Consumer Affairs Department's Notification No. 2565-CA/Estt./O/4R-2/13(pt-1) dated the 7th October, 2013.

LAYING OF REPORTS AND ACCOUNTS

The Annual Report and Annual Statement of Accounts of the West Bengal National University of Juridical Sciences for the year 2011-2012

Smt. Chandrima Bhattacharya : Sir, I beg to lay the Annual Report and Annual Statement of Accounts of the West Bengal National .University of Juridical Sciences for the year 2011-2012.

The Accounts and Audit Report thereon of the State Legal Services Authority, West Bengal for the year 2011-2012

Smt. Chandrima Bhattacharya : Sir, I beg to lay the Account and Audit Report thereon, of the State Legal Services Authority, West Bengal for the year 2011-2012.

The 38th Annual Report containing Annual Accounts, Audit Report & Comments of the Comptroller and Auditor

General of India thereon, of the West Bengal Pharmaceutical & Phytochemical Development Corporation Limited for the year 2011-2012.

Shri Partha Chatterjee : Sir, I beg to lay the 38th Annual Report containing Annual Accounts, Audit Report & comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Pharmaceutical & Phytochemical Development Corporation Limited for the year 2011-2012.

MENTION CASES

ডঃ তরুণ কান্তি নস্কর : স্যার, আপনার দৃষ্টি আকর্ষণ করছি, যে আমরা যারা বিধানসভার সদস্য তারা মন্ত্রী মহোদয়ের কাছে নানা প্রশ্ন করি এবং সেই তথ্য জেনে তার পরে আমাদের এখানে পার্টিশিপেট করতে সুবিধা হয় নানা আলাপ-আলোচনায়। কিন্তু আমি এই অধিবেশনে যেটা দেখছি যে অনেক প্রশ্ন করা সত্ত্বেও এবং যে প্রশ্নগুলি আমি দেখছি অনেকটা রুটিন নেচারের, সেই প্রশ্নগুলোকে অনেক মাননীয় মন্ত্রী যারা কেউ কেউ উপস্থিত আছেন—তারা প্রথমে চিঠি লিখে জানিয়েছেন যে, তারা এই এই নির্দিষ্ট প্রশ্নের উত্তর দেবেন, অন্য প্রশ্নগুলি সম্পর্কে তারা নীরব। এবং তার পরে আজকে শুনলাম যে তারা অন্য প্রশ্নগুলো সম্পর্কে ফোর উইক সময় নিয়েছেন সেগুলির উত্তর দেওয়ার জন্য। ফলে যেটা দাঁড়াচ্ছে যে অধিবেশন চলাকালীন সময়ের মধ্যে কিন্তু সেই উত্তরগুলো এখানে এসে উপস্থিত হচ্ছে না এবং আমরাও তার মধ্যে দিয়ে সমৃদ্ধ হতে পারছি না। এই বিষয়টা মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার দৃষ্টি আকর্ষণ করলাম, মাননীয় মন্ত্রী মহাশয়ের সঙ্গে কথা বলার জন্য।

[12.10–12.20 p.m.]

শ্রী অসিত মিত্র : স্যার, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি একটা বিশেষ ঘটনার।

(এই সময় বামফ্রন্টের মাননীয় সদস্যগণ সভায় প্রবেশ করেন)

স্যার, আমি আপনার মাধ্যমে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করে একটা বিশেষ ঘটনার কথা বলছি। সেটা হল গত তিন দিন আগে ভারতবর্ষে একটা ঘটনা ঘটেছে, যে ঘটনায় আমাদের দেশের একজন প্রখ্যাত ক্রিকেট খেলোয়াড়কে সম্বর্ধিত করা হয়েছে বিদায় সম্বর্ধনা দিয়ে এবং সারা পৃথিবীর বুকে বিশেষ করে ক্রিকেট খেলার সঙ্গে যে সমস্ত দেশ যুক্ত সেই সমস্ত দেশ তারা বিস্ময়ের সংগে তা প্রত্যক্ষ করেছে, উল্লেখ করে বলা প্রয়োজন এই হাউসে, তার নাম শচীন তেন্ডুলকার। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এই জন্য এবং মাননীয় সরকারী চিফ হুইপ শোভনদেব চট্টোপাধ্যায় মহাশয় এখানে আছেন, আমি তাঁকে এই ব্যাপারে উদ্যোগ নেওয়ার জন্য অনুরোধ করবো যে আমাদের এই হাউসের পক্ষ থেকে শচীন তেন্ডুলকারকে সম্বর্ধনা দেওয়ার ব্যাপারে অথবা একটা সর্বসম্মত প্রস্তাব গ্রহণ করার ব্যাপারে। যেটাকে ভারতরত্ন সম্মান দিয়েছেন ডঃ মনমোহন সিং, তার জন্য কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু আমরা যাতে এই সম্বর্ধনা এই বিধানসভার

পক্ষ থেকে দিতে পারি এবং সর্ব্বসম্মতভাবে তাঁর বিদায় কালে একটা প্রস্তাব গ্রহণ করতে পারি সেই ব্যাপারে আপনাকে অনুরোধ করছি।

মিঃ স্পীকার : মাননীয় পরিষদীয় মন্ত্রী এই ব্যাপারে একটা প্রস্তাব আনবার জন্য উনি আবেদন করেছেন। আমি প্রস্তাব পাঠ করার জন্য ওনাকে অনুমতি দিচ্ছি। বরঞ্চ আমার এটা মেনশান কেস শেষ করার পরে এটা নিয়ে আলোচনা করবো, তখন এই ব্যাপারে কেউ যদি বলতে চান বলতে পারেন।

শ্রী রণজিত কুমার মন্ডল : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে স্কুলশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় স্কুল শিক্ষামন্ত্রী তাঁর দপ্তরে ৩০.৯.২০১৩ তারিখের এক সারকুলার বলে সারা রাজ্যের সমস্ত স্কুল গুলোর গণতান্ত্রিক ভাবে নির্বাচিত যে কাঠামো ছিল তা ভেঙে দিয়ে স্পনসর্ড স্কুলের নামে একটা সারকুলার জারি করেছে। ইতিমধ্যে যে বিদ্যালয়গুলির নির্বাচন সম্পূর্ণ হয়েছে বিশেষ করে মধ্যশিক্ষা পর্ষদের নির্দেশে, সেই স্কুলের সংখ্যা কয়েক হাজার আমাদের রাজ্যে। সেই বিদ্যালয়গুলিতে শূন্যস্থানে সৃষ্টি হয়েছে এবং ডি.আই. তার নমিনেশান দিচ্ছে না। ডিপার্টমেন্ট থেকে তার নমিনি না যাওয়ার ফলে সেই বিদ্যালয়গুলির অফিস বেয়ারার নির্বাচন হচ্ছে না। সুতরাং বিদ্যালয় গুলির এক চরম অরাজকতার সৃষ্টি হয়েছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই রাইট এডুকেশান অ্যাক্ট ২০১০ সালে ফার্স্ট এপ্রিল যখন চালু হয়েছিল সেই ক্ষেত্রে তার ২১ ধারাতে বলা হয়েছে যে, প্রত্যেকটি বিদ্যালয়ের কমিটি হবে নির্বাচিত এবং তার ৭৫ শতাংশ হবে গারজেন ক্যাটাগরি থেকে, ওয়ানড থার্ড হবে এডুকেশানিস্টদের মধ্যে থেকে, ওয়ানড থার্ড হবে টিচার্স ক্যাটাগরি থেকে এবং ওয়ানড থার্ড হবে লোকাল বডি বা পঞ্চায়েত থেকে। সেই ক্ষেত্রে এই আইন জারি হবার পরে আমাদের রাজ্য সরকার মানব সম্পদ দপ্তরের সঙ্গে কোনো রকম আলোচনা না করে কি ভাবে এই সারকুলার স্পনসর্ড স্কুলে তিনি জারি করলেন? যার ফলে আমাদের বিদ্যালয়ের এখন একটা দ্বৈত অবস্থার মধ্যে চলেছে। কবে রাইট টু এডুকেশান অ্যাক্ট চালু হবে 'রামসা' ২০১২ চালু হবে? আমি এটা জানাচ্ছি অবিলম্বে এই অ্যাক্ট প্রত্যাহার করা হোক। ধন্যবাদ স্যার।

মিঃ স্পীকার : শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জীকে আমি দেব না। উনি অলরেডি প্রশ্ন করে নিয়েছেন। সেই জন্য আমি ওনাকে বলেছি।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে আমাদের ক্রেতা সুরক্ষা দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। একবারে আলু থেকে নুন। এত অরাজকতা আমরা ভাবিনি। আলুর দাম বাড়তে বাড়তে ২০-২৫-৩০ টাকা পার হয়ে গেল। আবার হঠাৎ করে নুনের দামও হয়ে গেল ৮০ টাকা। আলু উৎপাদনে তো আমাদের রাজ্য ভারতবর্ষের মধ্যে প্রথম স্থানে আছে। সব আলু গোডাউনে। আলু থাকবে গোডাউনে, কোল্ড স্টোরেজে। আর আমাদের এখানে আলু বিক্রি হবে ২০ টাকা কিলো দরে। এর জন্য কে দায়ী? কোনো ব্যবস্থা ইতিমধ্যে হয় নি।...(ভয়েজ)..... কেন, হল কেন? আজকে অদ্ভুত ব্যাপার, হঠাৎ প্রচার হয়ে যাচ্ছে, নুনের দাম হয়ে যাচ্ছে ৮০ টাকা। এর ফলে অনেক মানুষকে বেশী বেশী করে কিনতে হল। কেন?...

........(নয়েজ)........

মিঃ স্পীকার : মাননীয় সদস্য আনিসুর রহমান সাহেব, আপনি সঠিক তথ্য বলুন। নুন ৮০ টাকা করে বিক্রি হয়েছে, কোন জায়গার এরকম তথ্য আমাদের কাছে নেই। না, ৮০ টাকা করে বিক্রি হয় নি। আপনি আলুর দাম বেড়েছে বলতে পারেন। নুন ৮০ টাকা করে বিক্রি হয়নি।

শ্রী আনিসুর রহমান : আলু সমস্ত কোল্ড স্টোরেজে আছে। অথচ তার কোন নিয়ন্ত্রণ নাই। আর এই যে আপনার দলের লোকেরা এর সঙ্গে যুক্ত হয়ে আছে, মিড়লম্যান হিসাবে কাজ করছে। গতকাল সল্টলেকে একজন তৃণমূল নেতা গ্রেপ্তার হয়েছে।......(এই সময় মাইক অফ্ হয়ে যায়।)

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। মিঃ আনিসুর রহমান সাহেব একই কথা বলছিলেন।

মিঃ স্পীকার : একই জিনিসের উপর আনিসুর রহমান বললেন, একই জিনিসের উপর আরও অনেকে বলেছেন। একই সাবজেক্টের উপর আমি একই মেনশন কেস অ্যালাও করব না। এটা আনিসুর রহমানও বলেছেন এসেন্সিয়াল কমোডিটি ইজ এ প্রাইজ হাই—আপনিও তাই বলছেন। তাই একই সাবজেক্টের উপর অ্যালাও করা যাবে না।

শ্রী ঈদ মহম্মদ : রাজ্য সরকার পুরোপুরি ব্যর্থ।......(এই সময় মাইক অফ্ হয়ে যায়।)

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মুর্শিদাবাদ জেলার হরিহর পাড়া ব্লকে "রুকানপুর হাই স্কুল "নামে একটি হাই সেকেন্ডারী স্কুল আছে। সেই বিদ্যালয়ে একটা বোর্ডিং আছে। এই বিদ্যালয়টি প্রায় একশো বছর আগেকার। কিছু তৃণমূল আশ্রিত দুষ্কৃতকারী অবৈধভাবে এসে বোর্ডিং দখল করে রেখেছে। সেখানে ৩৩০০-র মতো ছেলেমেয়ে আছে, আগে মিড-ডে-মিল চালু ছিল। কিন্তু স্থানীয় পুলিশ প্রশাসন, ডি.এম, এস.পি-কে বলা সত্ত্বেও যারা অবৈধভাবে বসেছে, তাদের তোলার কোনো ব্যবস্থা করা হয় নি। আমি মাননীয় মন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীকে এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, অতি সত্বর ওই বোর্ডিং চত্বর থেকে ওই সমস্ত দুষ্কৃতকারীদের তুলে দিয়ে বিদ্যালয়কে স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনার ব্যবস্থা করুন। ধন্যবাদ, স্যার।

শ্রী শেখ আমজাদ হোসেন : অনুপস্থিত।

শ্রীমতী মমতা রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে শ্রম দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ধুপগুলি ব্লকে কিছু চা বাগান বন্ধ অবস্থায় আছে-রেডব্যাঙ্ক চা বাগান, সুরেন্দ্রনগর চা বাগান এবং ধরিরামপুর চা বাগান। এই সমস্ত চা বাগানের শ্রমিকেরা আজকে খেতে পাচ্ছে না। সেখানে চিকিৎসার কোনো সুব্যবস্থা নেই, বিদ্যুৎ নেই, পানীয় জলের ব্যবস্থা নেই। তাই ৬ই অক্টোবর থেকে আজ পর্যন্ত ১২ জন শ্রমিক সেখানে মারা গেছেন। সেখানকার শ্রমিকরা প্রায় দেড় হাজার টাকা মহার্ঘ ভাতা পেতেন, সেটাও আজ বন্ধ হয়ে গেছে। মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে আমার আবেদন, সেই সমস্ত বন্ধ চা বাগান যেন অতি শীঘ্রই খোলার ব্যবস্থা করেন এবং

সেখানে পানীয় জল, খাদ্য, বাসস্থান, শিক্ষা, চিকিৎসা, সব কিছু সুব্যবস্থা করার জন্য আপনার কাছে অনুরোধ করছি।

শ্রী শেখ শাহনাওয়াজ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি জানাচ্ছি যে, কেতুগ্রাম বিধানসভার অন্তর্গত কাংড়া ব্লকে মেডিকেলের যে স্বাস্থ্যকেন্দ্রটি রয়েছে সেখানে গত ৩৫ বছর ধরে কোনো ইনফ্রাস্ট্রাকচার নেই। সেখানে কোনো ফার্মাসিস্ট নেই, ডক্টর ছ-জনের মধ্যে তিন জন আছেন, নার্স নেই, সেখানে স্টেরিলাইজেশন ইউনিট নেই, ল্যাব নেই, মিনি ল্যাব নেই, এমনকি নিউ সীক বর্নদের জন্য স্টেরিলাইজেশন ইউনিট—সেটা উদ্বোধন এখনও হয়নি। তার কাজ এখনও কমপ্লিট হয় নি। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলি—যেটা দীর্ঘদিন ধরে অবহেলায় পড়ে রয়েছে, সেই কাংড়া বিধানসভা স্বাস্থ্যকেন্দ্রটি অতি সত্বর ব্যবস্থা নেওয়ার জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

মিঃ স্পীকার : চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ, আলুর দামের উপর উল্লেখ অলরেডি হয়ে গেছে। আপনি একই সাবজেক্টের উপর বলে গেছেন। না, না, একই জিনিসের উপর তিনটে মেনশন হবে না।

(এই সময় মাননীয় সদস্য হেদায়েতউল্লাহ মহাশয় কিছু বলেন)

Madam Dy. Speaker : আমি কি স্পীকার সাহেবের উপর কথা বলতে পারি? He is the last authority in the House, first and last authority, আমি কি তার উপরে যেতে পারি? আপনি আমার গলা কাটবেন নাকি?

শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আমি সিভিক পুলিশের বিষয়ে মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করি যে, পুরুলিয়া জেলাতে ৫ হাজারের মতো বেকার ছেলে সিভিক পুলিশে অক্টোবরের প্রথম সপ্তাহে কাজে যোগ দিয়েছে। কিন্তু ১০ই নভেম্বর, ২০১৩ তে কাজ বন্ধ হয়ে যায়। সেই জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী মহোদয়ার কাছে জানতে চাই যে, উক্ত সিভিক পুলিশ বৎসরে কত দিন কাজ পাবে এবং তাদের দৈনিক ন্যূনতম মজুরি কত হবে, এ বিষয়ে মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শেখ আমজাদ হোসেন : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে জানতে চাই যে, গণতন্ত্রই নতুন সূর্যোদয় হবে, বলা হয়েছিল। মা-মাটি-মানুষের সরকার এত কিছু কথা বলে সেখানে গোটা পশ্চিমবাংলায় যা হচ্ছে -গত ৭ই নভেম্বরে আমাদের এই হাউসেরই মেম্বার ছিলেন। বর্তমানে প্রাক্তন বিধায়ক বিনয় দত্ত, তার ৭০ বছর বয়স। ৭ই নভেম্বর সভা করতে গিয়েছিলেন খানাকুলের বলপায়ে.....(গন্ডোগোল) .....খানাকুলের বলপায়ে সভা করতে গিয়েছিলেন। সেখানে সভা করতে গিয়ে ম্যাডাম, তাকে তুলে নিয়ে গিয়ে এমন মারা হয়েছে, মাথায় ক্ষত নিয়ে গতকাল তিনি হাসপাতাল থেকে ফিরেছেন। এখনও এম.আর. আই করাতে হবে, ম্যাডাম। এ রকম একটা অবস্থা, ম্যাডাম। সব চেয়ে গুরুত্বপূর্ণ বিষয় যে, আজ অবধি একজনও অপরাধী গ্রেফতার হয়নি। উল্টে প্রাক্তন বিধায়ক বিনয় দত্তের বিরুদ্ধেই সেখানকার থানার ও.সি কেস করেছেন, ম্যাডাম। গোটা বাংলা জুড়ে এ রকম চলছে, ম্যাডাম। প্রাক্তন বিধায়ক বিনয় দত্ত আক্রান্ত, বর্তমানের বিধায়ক

৭০ বছরের বৃদ্ধ রেজ্জাক মোল্লাও আক্রান্ত। তাহলে ম্যাডাম, এই পুলিশ, এই থানা তারা কি মেনে চলছে? সি.পি.সি, আই.পি.সি-কি মেনে চলছে ম্যাডাম? কোন্ অদৃশ্য কারণে আজও অবধি অপরাধীদের গ্রেফতার করা হল না? আজ অবধি অপরাধীদের ....(এই সময় বক্তার মাইক অফ হয়ে যায়)

শ্রী কে. পি. সিং দেও : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, অনুমতি নিয়ে আর্বান ডেভেলপমেন্ট মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পুরুলিয়ার পানীয় জলের জন্য শহরে যে ব্যবস্থা আছে, গত বৃষ্টিতে কাঁসাই নদীর জলে যেটি উৎস সেটি বিকল হয়ে গেছে। মিউনিসিপাল ইঞ্জিনিয়ারিং ডাইরেক্টরেট এটাকে দেখাশোনা করে। কিন্তু তাদের সেখানে কোনও অফিস নেই। যার ফলে সেটি রিপেয়ার হচ্ছে না। কিন্তু আমরা এমারজেন্সিতে পাবলিক হেলথ ডিপার্টমেন্ট থেকে করিয়েছি, তাদের ব্যবস্থা আছে। মাননীয় মন্ত্রীর কাছে আমি অনুরোধ জানাচ্ছি যাতে অবিলম্বে একটা তাদের এম.ই.ডি—মিউনিসিপাল ইঞ্জিনিয়ারিং ডাইরেক্টরেটের অফিস খোলা হয় যাতে তিনটি মিউনিসিপ্যালিটির কাছে জল সরবরাহ এবং মেনটেনেন্স হয় নচেৎ আগামীতে যে গ্রীষ্ম আসবে তাতে ভয়ঙ্কর পানীয় জলের অসুবিধা দেখা দেবে। তার জন্য আমি বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী রথীন ঘোষ : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, এখানে একটু আগে বেশ কিছুক্ষণ ধরে সোরগোল হচ্ছিল। কেন্দ্রীয় সরকারের ভ্রান্ত নীতির ফলে জিনিসপত্রের দাম বাড়ছে। আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী সেই দ্রব্যমূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণের চেষ্টা করছেন। তাঁর এই প্রচেষ্টার জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি।

ZERO HOUR

শ্রী সুনীল কুমার মণ্ডল : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভায় পারাজ পঞ্চায়েতের অধীন খামার গ্রামে কাফরেন বলে একটা বাঁধ আছে। এই বাঁধে বন ও ফাঁকা মাঠের জল চলে আসে। মাঠটা খুব উঁচু নিচু। আগে এই বাঁধটা ভেঙে যায় এবং আমরা পঞ্চায়েত থেকে-পঞ্চায়েত থেকে সামান্য কিছু খরচ করা যায়, পঞ্চায়েতে বেশী টাকা নেই-খরচা করে বাঁধ দেওয়া হয় কিন্তু জলের সময় তা শেষ হয়ে যায়। এই ব্যাপারে মাননীয় সেচমন্ত্রীকে আমি আগে জানিয়েছিলাম এবং তিনি করবেনও বলেছিলেন। তাই মাননীয় মন্ত্রীর কাছে পুনরায় অনুরোধ, অবিলম্বে খামার গ্রামের কাফরেন বাঁধটা তৈরী করা হোক এবং কৃষকদের সেচের ব্যবস্থা করা হোক। বাঁধ দিলে ওখানে জল জমবে এবং তার ফলে উঁচু জমিতে চাষ হবে আর নিঁচু জমিগুলোও জলে ডুবে থাকবেনা। আমি আর একবার কাফরেন বাঁধটা অবিলম্বে তৈরী করার জন্য মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই তৃণমূল সরকারের বিভিন্ন দপ্তরের ব্যয় নিয়ে, ২০১১-১২ CAG report, ক্যাগ রিপোর্ট ইতিমধ্যেই, ৬ মাস আগে সরকারের হাতে এসেছে। বাজেট অধিবেশনে নিয়ম হচ্ছে সেটা পেশ করতে হয়, 'ক্যাগের রিপোর্ট' পেশ করতে হয়। সংবিধানের ১৫১(২) ধারা

অনুযায়ী বিধানসভায় পেশ করার নিয়ম। এব্যাপারে তার ব্যতিক্রম হল। এটা পেশ করার জন্য মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী চৌধুরী মহঃ হিদায়েতউল্লাহ : রাজ্য সরকার একটা নতুন নির্দেশিকা জারি করেছে। রাজ্য সচিবালয় যেটা হয়েছে, 'নবান্ন', সেই নবান্নে সরকারী কর্মচারীরা তাদের দাবি-দাওয়া নিয়ে কোনো পোস্টার, ফেস্টুন লাগাতে পারবে না। সত্যিই কী আমরা গণতান্ত্রিক দেশে বাস করছি? '৭৫ সালে জরুরী অবস্থার সময় দেখেছি যখন কাগজের লেখাকে সেন্সর করা হচ্ছে তখনও রাইটার্স বিল্ডিঙে সরকারী কর্মচারীদের দাবি-দাওয়া নিয়ে পোস্টার লাগানো হয়েছে। কী এমন হল যে নবান্নে পোস্টার লাগানো যাবে না? এটা কী গণতন্ত্র চলছে আমাদের রাজ্যে? সরকারী কর্মচারীদের অধিকার কেড়ে নেওয়া হচ্ছে। তারা তাদের প্রাপ্য ডি.এ.-র জন্য দাবি পেশ করবে তাও করতে পারছে না। তাই আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে এর ব্যবস্থা করা হোক এবং সরকারী কর্মচারীদের দাবি-দাওয়া নিয়ে যে পোস্টার তা লাগাতে দেওয়ার অনুমতি দেওয়া হোক।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আজকে একটু আগে মাননীয় অসিত মিত্র একটা প্রস্তাবের কথা উত্থাপন করেছেন শচিন তেন্ডুলকারের অবসর গ্রহণের ব্যাপারে। আমাদের পরিষদীয় মন্ত্রী সঙ্গে সঙ্গে একটা অলপার্টি প্রস্তাব গ্রহণের জন্য আপনাদের জানিয়েছেন সরকারী দলের পক্ষ থেকে। তিনি নিশ্চয় করবেন।

আমি আপনাদের শুধু এইটুকু জানাতে চাইছি, শচিন তেন্ডুলকারকে সরকারের পক্ষ থেকে বিশেষ সম্বর্ধনার আয়োজন করা হয়েছিল। কিন্তু আমরা কেউই ভাবতে পারিনি যে তিনদিনের মধ্যে টেস্ট খেলা শেষ হয়ে যাবে। প্রোগ্রামটা পাঁচ দিনের হিসাবে করা ছিল। তাই তাৎক্ষণিক সিদ্ধান্ত নিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী ছুটে যান মাঠে এবং সেখানে শচীন তেন্ডুলকারকে নানা ভাবে সম্বর্ধিত করা হয়েছে। আমার মনে হয় মাননীয় অসিত মিত্র মহাশয় বিষয়টি জানেন। সমস্ত ব্যাপারটা টাইমফ্রেম করা ছিল। কিন্তু খেলা আগে শেষ হয়ে গেছে এবং সেই ভাবে সরকার প্রস্তুত ছিল না, প্রোগ্রামটা ফিফ্‌থ ডে-তে ছিল। কিন্তু মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর দায়িত্ব পালন করেছেন এবং আমাদের রাজ্যের পক্ষ থেকে তাঁকে সম্বর্ধিত করা হয়েছে।

[12.30–12.40 p.m.]

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন ম্যাডাম, কিছুদিন আগে পশ্চিমবাংলায় সিভিল পুলিশ নিয়োগ হয়েছিল। সেই সিভিল পুলিশ কিভাবে নিয়োগ হবে, কি তার কোয়ালিফিকেশান এ নিয়ে অনেক অজানা বিষয় ছিল। কিন্তু যারা যোগদান করল—মাননীয়া মুখ্যমন্ত্রী বিভিন্ন জনসভায় বলছিলেন আমি হাজার হাজার, লক্ষ লক্ষ ছেলেকে সিভিল পুলিশে ঢুকিয়েছি বেকারত্ব ঘোচানোর জন্য। কিন্তু দুর্ভাগ্যের বিষয় এরা মাত্র কোনো কোনো ব্লকে ২২দিন, ২০দিন কাজ পাবার পর তারা অবসর নিচ্ছে। অর্থাৎ যোগদান করার পর রিটায়ার। ফলে এই বেকার যুবক-যুবতীরা যে অবস্থায় আছে আজকে গোটা বাংলা জুড়ে, এই যুবক-যুবতীদের পথ দেখানোর

জন্য সরকারের যে দায়িত্ব নেওয়া দরকার তার থেকে তারা বিচ্যুত হচ্ছে। অতি সত্বর ব্যবস্থা গ্রহণের জন্য দাবি রাখছি। ধন্যবাদ ম্যাডাম।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : আমাদের এখানে মাননীয় শিল্পমন্ত্রী এবং শ্রমমন্ত্রী আছেন আমি তাদের কাছে একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণের জন্য রাখছি। সেটা হচ্ছে ইতিমধ্যে চা-বাগানগুলোতে শ্রমিকদের মুখ থেকে এবং নানাভাবে শোনা যাচ্ছে—প্রায় ৪০ জনের বেশি শ্রমিক অনাহারে এবং অপুষ্টিজনিত কারণে মারা গেছেন। সেই সঙ্গে সঙ্গে দলমোহর, রেডব্যাঙ্ক, ধোকলা এবং অন্যত্র সমস্ত জায়গাতেই নাম আছে আমার কাছে মারা গেছেন। মাননীয় মন্ত্রী মহোদয় সেখানে গিয়েছিলেন। এছাড়া বীরভূমের পাথরখাদানগুলোতেও কয়েকজন শ্রমিক মারা গেছেন এবং মারাত্মকভাবে তাদের পেশাগত রোগ তৈরি হচ্ছে। আমার পাণ্ডবেশ্বর বিধানসভায় সেখানেও নানাভাবে রোগ তৈরী হচ্ছে। দেখা যাচ্ছে কোনো কারখানায় ৪০ জন শ্রমিকের মধ্যে ২০ জন নানাভাবে অসুস্থ হয়ে পড়ছেন। আমি মাননীয় শিল্পমন্ত্রী এবং মাননীয় শ্রমমন্ত্রীকে অনুরোধ করবো পেশাগত অসুস্থতার কারণে এবং অপুষ্টিজনিত কারণে আক্রান্তদের একটু লক্ষ্য রাখলে ভালো হয়। ধন্যবাদ।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় বনদপ্তরের মন্ত্রী মহোদয় আছেন। আমরা দেখলাম ১৩ই নভেম্বর ট্রেনের ধাক্কায় একদিনে ৭ টি হাতি মারা গেল। অনেক হাতি আরো গুরুতর আহত হল। ১৯০৪ সালে যখন মিটারগেজটা ব্রডগেজে রূপান্তরিত হল তারপর ট্রেনের সংখ্যা বাড়ল। আজ পর্যন্ত ৪৯টি হাতি মারা গেছে। এই বছরে ১৯টি হাতি মারা গেছে। তাহলে পরে আমাদের রাজ্যে ট্রেনের ধাক্কায় হাতি মারা যাচ্ছে; তার মানে এক সময় হাতি বিরল প্রজাতিতে রূপান্তরিত হয়ে যাবে। মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার স্পেসিফিক প্রশ্ন কেন্দ্রীয় সরকার, রেল দপ্তরের সঙ্গে কি যোগাযোগ করেছেন? যাতে ভবিষ্যতে এই হাতি রক্ষা করা যায়। দুর্ঘটনায় যাতে মৃত্যু না হয় তার জন্য কি ব্যবস্থা করেছেন? যেহেতু আপনি এখানে আছেন, তাই প্রশ্নটা রাখলাম।

শ্রী আবু হেনা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে মাননীয় PWD মিনিস্টার এবং হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন বহরমপুর শহরে ১৩১ নম্বর গেট, যেটাকে চোয়াপুর গেট বলে। সেখানে রেল দপ্তর বহরমপুর শহরের তীব্র যানজট কমাতে একটা রেলওয়ে ওভার ব্রীজের জন্য ৩৩ কোটি টাকা অনুমোদন দেয়। পুরো টাকাটা রেল দপ্তর দিচ্ছে এবং PWD ডিপার্টমেন্টের সাথে যৌথ ইন্সপেকশান করে এর ডিজাইনটা তৈরি হয় এবং টেন্ডার হয়। টেন্ডার পেয়েছে একটা পাবলিক সেক্টর আন্ডারটেকিং ব্রীজ অ্যান্ড রুফ কোম্পানি। কিন্তু তারা কাজটা শুরু করতে পারছে না। এই কারণে পারছে না যেহেতু রাজ্য সরকারের PWD ডিপার্টমেন্ট এখনও পর্যন্ত এটার অ্যাপ্রুভাল দিচ্ছে না। স্যার, অধীররঞ্জন চৌধুরী স্থানীয় এম.পি. এবং রেল প্রতিমন্ত্রী। তার অনুরোধে ওখানকার যে এনক্রোচমেন্ট ছিল সেগুলো তুলে দেওয়া হয়েছে। এটা মনে হচ্ছে রেল দপ্তরকে এবং অধীররঞ্জন চৌধুরীকে হেয় করার জন্য...

মিঃ স্পীকার : দেখুন, এটা আপনার সাবজেক্ট ম্যাটার নয়। এখানে এটা আপনি বলতে পারেন না।

শ্রী আবু হেনা : আমি স্যার, পি.ডব্লিউ.ডি. মিনিস্টারকে................

মিঃ স্পীকার : আপনি অন্য জিনিস বলুন। অধীররঞ্জন চৌধুরীর গ্রেফতার সংক্রান্ত ব্যাপারে আমাদের এখানে কি হতে পারে? এটা ল'অ্যান্ড অর্ডারের প্রশ্ন, না, না, এটা এখানে হবে না।

শ্রী আবু হেনা : অ্যাই অ্যাম সরি টু সে, আমি কিন্তু গ্রেফতার কথাটা বলিনি।

মিঃ স্পীকার : আপনি এখানে বলতেই পারেন না। হি ইজ নট এ মেম্বার অফ দি হাউস। ঠিক আছে, আপনি বসুন।

শ্রী আবু হেনা : আমি রাজ্য সরকারকে, পি.ডব্লিউ.ডি. মিনিস্টারকে ....

মিঃ স্পীকার : ঠিক আছে, আপনি বসুন।

শ্রী দেবপ্রসাদ রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রকের প্রতি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। আলিপুরদুয়ার সাব ডিভিশানাল হাসপাতাল তার আপগ্রেডেশানের জন্য ৫ কোটি টাকা মঞ্জুর হয়েছে। সেখানে আজকে সিটি স্ক্যান বসানো হয়েছে, ডায়ালিসিস মেশিন বসানো হচ্ছে, সেখানে ডিজিটাল এক্স-রে বসানো হচ্ছে। তার পরিকাঠামো সম্প্রসারিত হচ্ছে কিন্তু দুর্ভাগ্যজনকভাবে গত ৯ মাসে ধরে সেই হাসপাতালে কোনো সার্জেন নেই। যার ফলে যে কোনো ধরনের শল্য চিকিৎসাজনিত রোগী যদি সেখানে পৌঁছয়, সেই রোগীকে সঙ্গে সঙ্গে কোচবিহার অথবা শিলিগুড়িতে পাঠিয়ে দেওয়া হচ্ছে। ৯ মাস ধরে একটা হাসপাতাল যদি সার্জেনহীন অবস্থায় থাকে সেই হাসপাতালের প্রাসঙ্গিকতা কোথায় গিয়ে পৌঁছায় স্বাস্থ্য দপ্তর নিশ্চয় অনুমান করতে পারেন। বহুবার দপ্তরের সাথে যোগাযোগ করা হয়েছে একই উত্তর পাওয়া গেছে যে, অতি দ্রুত আপনাদের ওখানে সার্জেন পাঠিয়ে দেওয়া হচ্ছে কিন্তু আজ পর্যন্ত সমস্যার সমাধান হয়নি। আশা করি, আপনি আমার এই বক্তব্যটাকে সরকারের দৃষ্টিগোচর করতে সাহায্য করবেন।

শ্রী মহঃ সোহরাব : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর দৃষ্টি আকর্ষণ করছি যেহেতু তিনি স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রী। স্যার, গত ১০ই নভেম্বর, রবিবার মুর্শিদাবাদ জেলার সামসেরগঞ্জ ব্লকের চাচোন্ড গ্রামের হাজী আক্তার হোসেন ৩৬ নং জাতীয় সড়কে তিনি খুন হন। কয়েকজন মিলে এবং তিনি একটা নাগরিক মঞ্চ তৈরি করেছিলেন এবং আন্দোলন করছিলেন ওখানে তৈরি করে যাতে সমাজ থেকে মদ খাওয়া, জুয়া খেলা দূর হয়। তার একটা দোকান আছে ঔষধের। তারাপুর হাসপাতালের পাশে। সেখান থেকে রাত্রি সাড়ে ১০ টার সময় তিনি যখন আসছিলেন তখন কে বা কারা তাকে হত্যা করে এবং তারপর মুস্কিল স্যার, এটা অত্যন্ত বিস্ময়ের ব্যাপার -ন্যাশানাল হাইওয়ে যেখানে ফোর লেন হচ্ছে যে সাইড বন্ধ আছে সেই দিক দিয়ে তিনি একটা ছোট্ট স্কুটারে আসছিলেন। সেখানে তাকে খুন করা হয় এবং আশ্চর্যের বিষয় তার পোস্টমর্টেম না করে পুলিসের তরফ থেকে বলা হয় যে ওটা দুর্ঘটনা। এটা নিয়ে তার পরের দিন রাস্তা ঘিরেছিল কলেজের ছেলেরা এবং সাধারণ মানুষ। পুলিশ সেখানে গিয়ে লাঠিপেটা করে এবং ৪০ জনকে তারা অ্যারেস্ট করে। এরই প্রভাব মুর্শিদাবাদ জেলায় আজকে তোলপাড় হচ্ছে। আমি আপনার মাধ্যমে অনুরোধ করবো যে ব্যাপারটা কে বা কারা তাকে পরিকল্পিতভাবে খুন করেছে, যেহেতু

তারা অন্যাখা কাজে যুক্ত হয়ে পড়েছিল, স্বচ্ছভাবে যাতে একটা ইনকোয়ারি হয় এবং আসল খুনি কে বা কারা সেটা বের হয়। নিরপেক্ষ তদন্ত করার জন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি মাননীয় মুখ্যমন্ত্রীকে কেন না এই নিয়ে গোটা জেলায় অনেক রকমের মঞ্চ তৈরি হয়ে একটা গোলযোগ পাকানোর চেষ্টা হচ্ছে। যেন একটা নিরপেক্ষ তদন্ত হয় এটা আপনার মাধ্যমে আমি অনুরোধ করছি মাননীয় মুখ্যমন্ত্রীকে।

Mr. Speaker : Hon'ble Members, Hon'ble Minister Shri Partha Chatterjee has intended to move a resolution congratulation Shri Sachin Ramesh Tendulkar.

I now call upon Minister-in-Charge, Department of Parliamentary Affairs to move his motion congratulating Shri Sachin Ramesh Tendulakar.

[12.40–12.50 p.m.]

RESOLUTION CONGRATULATING CRICKET MAESTRO SRI SACHIN RAMESH TENDULKAR

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, রেজোলিউশানটি আমি নেওয়ার আগে মহতী সভাকে জানাতে চাই যে অসিতবাবু একটু আগে বলছিলেন, আমি সকলের জ্ঞাতার্থে—আপনারা নিশ্চয় দেখেছেন, জানেনও যে মাননীয়া মুখ্যমন্ত্রী রাজ্যবাসীর তরফ থেকে শচীন রমেশ তেন্ডুলকরকে সম্বর্ধনা দেওয়ার ব্যবস্থা করেছিলেন এবং শোভনদেব চট্টোপাধ্যায় কিছুক্ষণ আগেই জানিয়েছেন যে কি পরিস্থিতিতে পাঁচের বদলে তিন এগিয়ে এনে তিনদিনের মাথায় এই সম্বর্ধনা সংগঠিত হয়েছিল। সেটা ১৯৯ টি টেস্ট ছিল, দুশো নয়। দুশো হয়েছিল বম্বেতে—ওয়াংখেড়েতে, সেখানে তাঁর সমাপ্তিতে রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী আবার রাজ্যবাসীর তরফ থেকে তিনি সম্বর্ধিত করেন, সম্মানিত করেন, এমনকি তাঁর নিজস্ব ফেসবুকেও তিনি বিশেষভাবে শচীন তেন্ডুলকরকে 'ভারতরত্ন' পাওয়ার জন্য এবং তাঁর ঐতিহ্যমণ্ডিত খেলোয়াড় জীবনকে, এই কিংবদন্তি ক্রিকেট খেলোয়াড়কে সম্বর্ধনা জানিয়েছেন, সম্মানিত করেছেন। আজকে যখন এটি পেশ করছি তখনও মাননীয়া মুখ্যমন্ত্রী স্বয়ং অনুরোধ করেছিলেন মাননীয় অধ্যক্ষকে যে আমরা সবাই মিলে যেন একটি প্রস্তাব গ্রহণ করি, যাতে সেই প্রস্তাবটিকে তার হাতে আমরা আমাদের বিধানসভার তরফ থেকে তুলে দিতে পারি। সেইমতো আমরা তৈরি ছিলাম এবং রেডি ছিলাম। আমি মাননীয় অধ্যক্ষকে ধন্যবাদ জানাচ্ছি যে, তিনি এই প্রস্তাব সেদিন গ্রহণ করেছিলেন এবং আজকে সুযোগ দিয়েছেন। আমি প্রস্তাবটি পড়ছি।

This House expresses its heart felt conrgatulations to the cricket maestro Shri Sachin Ramesh tendulkar on being the first cricketer in the world to cap 200 Test Matches in the international cricket in his illustrated cricket career.

A quintessential sportsman, Shri Sachin Ramesh Tendulkar

made his debut in the Test Matches in 1989 at the tender age of 16 and continued to be a part of the game till his calling it a day on the 15th November, 2013. In his long cricketing career spanning 24 years, he scored century of Centuries, in Test and One Day international Cricket combined together.

Unquestionably, one of the greatest batsman of all time, he was one of the rare craftsman who had acquired perfect control of his medium : batting and a masterly ease in handling the techniques and conventions of his day. A man of Mumbai cricket—he transcended the barriers of city, state and nation and has appealed equally to the supporters of his opposite sides who have been left with no other option but to admire the art of his batting and his conduct both in and out of the field.

This House also feels elated to note that Shri Sachin Ramesh Tendulkar, a recipient of Padma Vibhusan has been chosen to receive the Bharat Ratna Award this year.

This House wishes the unchallenged Champion Shri Sachin Ramesh Tendulkar every success in his post-retirement period and truly believes that he would continue to serve the game of cricket and through cricket the cause of the nation as he had been doing so for the last two and a half decades.

আমি সকলকে বলব, এই প্রস্তাব গ্রহণ করবার জন্য সকলকে বলব। এটাকে সমর্থন জানাবেন।

শ্রী অসিত মিত্র : আমি ধন্যবাদ দেব রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রীকে এবং মন্ত্রীসভার সদস্যদের যে তারা এই ধরনের একটি প্রস্তাব দিয়ে বা তাঁকে সম্বর্ধিত আগে করেছেন। মাননীয় পরিষদীয় মন্ত্রী, তিনি বলেছেন যে, আগেই রাজ্যবাসীর পক্ষ থেকে মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁকে সম্বর্ধিত করেছেন তার জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি। স্যার এই সুন্দর প্রস্তাবের জন্য ধন্যবাদ জানিয়ে আমি আপনার কাছে একটা কথা বলব যে, এবারের ক্রিকেট ম্যাচে আমাদের বিধানসভার আগেকার রীতি অনুযায়ী ম্যাচ দেখার জন্য টিকিটটা পয়সা দিয়ে কেনারও যে সুযোগ থাকত সেটা এবারে ছিল না যে কোনো কারণেই হোক। আমি আপনাদের কাছে বলছি এটা হয়নি, হয়ত সামনে পুজো থাকার জন্য বা অন্যান্য ফেস্টিভ্যাল থাকার জন্য এটা হয়নি-যেকোনো কারণেই হোক এটা হয়নি বা অসুবিধা ছিল। তা সত্ত্বেও সেখানেই ব্যবস্থা হয়েছে। আমি যে কথাটা বলতে চেয়েছিলাম মাননীয় পরিষদীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে যে, তিনি যেটা বলেছেন খুবই ভাল হয়েছে। আমি বলেছিলাম এর আগে যখন পাকিস্তান খেলতে এসেছিল তখন আমরা এই বিধানসভার পক্ষ থেকে কয়েক বছর আগে এদের সরকার ছিল, আমরা তখন সরকারী চিফ হুইপের নেতৃত্বে এবং বিরোধী দলের নেতার নেতৃত্বে সেখানে গিয়েছিলাম এবং সেখানে গিয়ে.পাকিস্তানকে আমাদের সলিডারিটি উইথ দি পিপ্‌ল অফ

পাকিস্তান এটা আমার জানিয়ে এসেছিলাম। আমি বলেছিলাম যে, যদি বিধানসভার পক্ষ থেকে তাকে সম্বর্ধিত করা যায়। যাই হোক রাজ্যসভা হোক বা রাজ্যসরকারের পক্ষ থেকে যখন তাকে সম্বর্ধনা জানানো হয়েছে আমরা টিভিতে দেখেছি আমি তার জন্য তাদের ধন্যবাদ জানাই এবং যে প্রস্তাবটি সুন্দর করে লেখা হয়েছে তারজন্যও ধন্যবাদ জানাই। শচীন রমেশ তেন্ডুলকার আমাদের গর্ব, সৌরভ গাঙ্গুলী আমাদের গর্ব। সৌরভ সুযোগ পাননি এই বাংলায় তার শেষ ম্যাচ খেলার—নাগপুরে তিনি শেষ করেছেন। শচীন রমেশ তেন্ডুলকার সেই সুযোগটা পেয়েছিলেন ওয়াংখেড়েতে। যেকোনোভাবেই হোক সারা দেশ, সারা পৃথিবীতে যে সমস্ত দেশ ক্রিকেট খেলে এবং অন্যান্য মানুষ তারা সকলে তাকে সম্মান জানিয়েছেন, আমরাও তাকে সম্মান জানাই। আমরা আশা করব, তিনি বলেছেন '২৪ ঘন্টায় সিদ্ধান্ত নেওয়া যাবে না, ২৪ দিন তো সময় দিন।' ২৪ দিন সময় নেবার পরেও যে কথা দিয়ে শেষ করেছেন মাননীয় পরিষদীয় মন্ত্রী যে, আমরা চাইব তিনি ক্রিকেটের সঙ্গে যুক্ত থাকুন। আজকের এই সভায় আমি প্রস্তাব করি যে, তিনি ক্রিকেটের সঙ্গে যুক্ত থাকুন এবং তিনি ক্রিকেটে কোচিং দিন। বাংলা এবং ভারতবর্ষের ক্রিকেট কন্ট্রোল বোর্ড তাকে সুযোগ দিক যাতে তিনি ক্রিকেটের সুনাম করতে পারেন। আমি আগেও বলেছি 'ভারতরত্ন' উপাধি দিয়েছেন মাননীয়া সোনিয়া গান্ধী অথবা রাহুল গান্ধী অথবা ডঃ মনমোহন সিং-তাঁরা দ্রুত সিদ্ধান্ত নিয়েছেন। কারণ এই দ্রুত সিদ্ধান্ত নেওয়া ছাড়া ভারতবর্ষের ১২১ কোটি মানুষের তাদের যে সম্মান সেটা দেওয়া যেত না। তাই আমরা সেটাকে সমর্থন জানিয়ে, অভিনন্দন জানিয়ে, একই সঙ্গে তাঁকে অভিনন্দন জানিয়ে শচীন রমেশ তেন্ডুলকার ক্রিকেটের সঙ্গে কোচ হিসাবে যুক্ত থেকে, পরামর্শদাতা হিসেবে যুক্ত থেকে যাতে কাজ করতে পারেন সেটা ভারতবর্ষের ক্রিকেট কন্ট্রোল বোর্ডের দেখা উচিত। আমরা আবার তাঁকে আমাদের অভিনন্দন জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী প্রবোধ চন্দ্র সিনহা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে সরকারের পক্ষ থেকে শচীন রমেশ তেন্ডুলকারকে অভিনন্দন এবং শুভেচ্ছা জানানোর জন্য যে প্রস্তাব উত্থাপিত হয়েছে, সেই প্রস্তাবকে আমরা আন্তরিকভাবে সমর্থন জানাচ্ছি। আমরা সকলেই জানি যে, শচীন রমেশ তেন্ডুলকার ক্রিকেটের দুনিয়ায় এক কিংবদন্তি পুরুষ। আন্তর্জাতিক স্তরে দেশের সম্মান এবং মর্যাদা নানাভাবে বৃদ্ধি করা যায়।

[12.00–2.00 p.m.]

(Including Recess)

শ্রী প্রবোধ চন্দ্র সিনহা : সংস্কৃতির মাধ্যমে করা যায়, খেলাধুলোর মাধ্যমে করা যায়, রাজনৈতিক দিক থেকে করা যায়, নানাভাবে হয়। ক্রিকেটের মাধ্যমে ভারতবর্ষের মর্যাদা আন্তর্জাতিক স্তরে শচীন তেন্ডুলকর যে পর্যায়ে নিয়ে গিয়েছেন তা এক কথায় অনবদ্য। তিনি বহু টেস্ট ম্যাচে অনেক সেঞ্চুরি করে নানা ধরনের ক্রিকেটের ইতিহাসে যে রেকর্ড ছিল, সেই রেকর্ডকে অতিক্রম করেছেন এবং দেশের সুনাম বৃদ্ধি করেছেন। গোটা ভারতবর্ষের মানুষ, আবালবৃদ্ধবনিতা বলা যেতেপারে শচীনের নামে, ক্রিকেট খেলার নামে উদ্বেলিত হয়। এবং শচীন যেখানে যায়, আমরা

ছবি দেখি, টি ভি তে দেখি, খেলাধুলোর মাঠেও দেখি কি উন্মাদনা তৈরি হয় একটু দেখার জন্য, একটু স্পর্শের জন্যে। স্পর্শ করা তো সম্ভবই নয় কারণ তাকে ঘিরে সিকিউরিটি থাকে। কলকাতায় যখন তিনি টেস্ট ম্যাচ খেলতে এলেন, রাত্রে পৌঁছোলেন, কেউ কাউকে ডাকেনি, একটা রাজনৈতিক দলকে সমাবেশ করতে গেলে, কিছু লোককে জড়ো করতে গেলে নানা ধরনের সাংগঠনিক প্রক্রিয়া গ্রহণ করতে হয়। আর এখানে শচীন তেন্ডুলকর এসেছে মানুষ স্বতঃস্ফূর্ত ভাবে, স্বতঃপ্রণোদিত হয়ে দেখতে গিয়ে যে বিশাল জনজোয়ার তৈরি করেছিল বা জনসমাবেশ হয়েছিল সে এক কথায় একটা বিশেষ উল্লেখ যোগ্য এবং তাৎপর্যপূর্ণ বিষয়। একজন মানুষ তার কর্মের দ্বারা কতখানি সাধারণ মানুষের হৃদয়ে প্রবেশ করলে এই ধরনের স্বতঃস্ফূর্ত আকর্ষণে হাজার হাজার মানুষ তার আগমনে অভ্যর্থনা এবং অভিনন্দন জানাবার জন্য উপস্থিত হয় সেটা আমরা সকলে উপলব্ধি করতে পারি। তিনি ক্রিকেটের দুনিয়া থেকে অবসর নিয়েছেন। এটা একটা নিয়মের মধ্যে যেতে হয়, তাই হয়েছে। কিন্তু ক্রিকেটের দুনিয়া থেকে অবসর নিলেও ভারতীয় ক্রিকেটকে তিনি সমৃদ্ধ করবেন বিভিন্ন ভাবে, পরামর্শদাতা হিসেবে বা অন্যান্য পদ্ধতিতে, এটা আমরা সকলে তার কাছে প্রত্যাশা করি। তার এই অসামান্য কৃতিত্বের জন্য, যেটা অন্য কারোর ক্ষেত্রে ঘটেনি, ভারতের এয়ার ফোর্স তাকে বিশেষ সম্মানে ভূষিত করেছে। যেটা ভারতবর্ষের অন্য কোনো সিভিলিয়ানের পক্ষে পাওয়া সম্ভব নয়। আর এই অসামান্য অবদানের স্বীকৃতি হিসেবে ভারত সরকার তাকে 'ভারতরত্ন' উপাধিতে ভূষিত করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছে। এটা যথার্থ সিদ্ধান্ত। এই সিদ্ধান্তকে আমরা সকলে সমর্থন করি। আজকে আমরা সরকারের সঙ্গে সুর মিলিয়ে শচীন তেন্ডুলকরকে আমাদের পক্ষ থেকে অভিনন্দন জানাই এবং তারা দীর্ঘ, সুস্থ, সক্রিয় জীবন আমরা কামনা করি। ধন্যবাদ।

মিঃ স্পীকার : আনিসুর বাবু একটু ছোটো করে বলবেন।

শ্রী আনিসুর রহমান : শচীন হচ্ছে একজন আউটস্ট্যান্ডিং ক্রিকেটার, এই ব্যাপারে কোনো সন্দেহ নেই। সে একজন living legend। তাঁকে আমার নিজের পক্ষ থেকে, আমাদের সবার পক্ষ থেকে, পশ্চিম বাংলার মানুষের পক্ষ থেকে অভিনন্দন জানাই। তার এই 'ভারত রত্ন' পাওয়ার ব্যাপারে আরো বাড়তি অভিনন্দন জানাই। কিন্তু আমার একটা জিনিস খারাপ লাগছে যে এটা হওয়ার পরে গোটা দেশে নানা ভাবে একটা রাজনৈতিক debate করার চেষ্টা হচ্ছে। এটা খুব খারাপ, শুনতে খারাপ লাগে। আগামী দিনে এটা যাতে না হয় সেটা দেখা। আর একবার সচিনকে এবং তার পরিবারের সবাইকে ধন্যবাদ জানাচ্ছি।

Mr. Speaker : I think the resolution is adopted, the resolution is adopted. Secretary will take step to send the resolution to Shri Tendulkar through the Government. আজকে একটার সময় লবিতে ইন্দিরা গান্ধীর জন্মদিনে মাল্যদান অনুষ্ঠান হবে। যারা সদস্য রয়েছেন আপনাদের সবাইকে অনুরোধ করব ওখানে যাওয়ার জন্য।

The House stands adjourned till 2.00 p.m. today.

[2.00-2.10 p.m.]

LEGISLATION

The West Bengal Correctional Services (Second Amendment) Bill, 2013

Shri Haider Aziz Safwi : Sir, I beg to introduce the West Bengal Correctional Services (Second Amendment) Bill, 2013.

(Secretary then read the Title of the Bill)

Shri Haider Aziz Safwi : Sir, I beg to move that The West Bengal Correctional Services (Second Amendment) Bill, 2013 be taken into consideration.

শ্রী প্রবোধ চন্দ্র সিনহা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, 'The West Bengal Correctional Services (Second Amendment) Bill, 2013. এর মাধ্যমে যে সংশোধনীটা আনা হয়েছে, এই বিষয়টা খুব ছোট হলেও খুবই তাৎপর্যপূর্ণ এবং এইসব বিষয়কে কেন্দ্র করে দীর্ঘদিন ধরে নানা ধরনের আলোচনা, নানা ধরনের বিতর্ক চলছে। অর্থাৎ, যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া উচিত কি উচিত নয়, ক্যাপিটাল পানিশমেন্ট অর্থাৎ মৃত্যুদণ্ড থাকা উচিত কি উচিত নয়, এই ধরনের বিষয়কে কেন্দ্র করে নানা ধরনের মতামত রয়েছে। শুধু ভারতবর্ষেই নয়, পৃথিবীর বিভিন্ন দেশে এই নিয়ে চর্চা হয় বা চর্চা চলছে। পৃথিবীতে পর্তুগালই একমাত্র দেশ যারা বহু আগেই, ১৮৮৪ সালেই মৃত্যুদণ্ড তুলে দিয়েছে। তারপর অন্যান্য রাষ্ট্র আছে। কিন্তু আমাদের দেশে এটা থাকবে কি থাকবে না এই সিদ্ধান্ত নেওয়ার অধিকারী একমাত্র কেন্দ্রীয় সরকারই, এখানে রাজ্য সরকারের কোনো এক্তিয়ার নেই। এখানে শুধু দণ্ডের, শুধু শাস্তির বিষয়টা জড়িত। বিষয়টা অপরাধপ্রবণতা।

যে কোনো সরকারের লক্ষ্য হচ্ছে সমাজে অপরাধটা কি করে কমানো যায় এবং তার জন্য কতগুলো ব্যবস্থা যেগুলো নিয়ে ভাবনা-চিন্তা করা যেতে পারে। তার মধ্যে একটা হচ্ছে retributive, দ্বিতীয় preventive, তৃতীয় reformative, চতুর্থ হচ্ছে detract। অর্থাৎ এমন ব্যবস্থা নাও যাতে অপরাধী বা অন্যান্যরা আর ওই ধরনের অপরাধ করে শাস্তি না পায়। retributive টা খুবই কঠিন ব্যাপার। সেটা হচ্ছে যে, যেমন অপরাধ করেছে ঠিক একই রকম শাস্তি তাকে দাও। যেটা আমরা বলি tit for tat বা eye for eye। এটা কখনও গ্রহণ করা যায় না। আর preventive পদ্ধতিতে যেটা করা হয়, অপরাধটা যাতে আর না ঘটে তার জন্য কি ব্যবস্থা নেওয়া যায়। আর reformative হচ্ছে অপরাধীকে reform করা, সংশোধন করা, তার মধ্যে নতুন ভাবনা-চিন্তা জাগানো যাতে আর সে এই ধরনের অপরাধ সংগঠিত করতে না পারে। কিন্তু যে অপরাধগুলো আমাদের সমাজে ঘটছে, সেইগুলো কিন্তু আমাদের সমাজেই নিহিত আছে। অর্থাৎ আমাদের সমাজ ব্যবস্থাটা এমনভাবে তৈরী হয়েছে যে সমাজ ব্যবস্থার ভিতর থেকে এরকম হতে পারে।

কিন্তু সেগুলোকে নিয়ন্ত্রণ করার জন্য এই যে শাস্তির বিধান এই শাস্তির বিধান কিন্তু এই কারণের জন্য। তার গুরুত্ব সেটা কত বেশি হবে, কত কম হবে বা কি জাতীয় হবে এই কারণের জন্য এটা হয়েছে। মহাত্মা গান্ধী তিনি বলেছিলেন যে হেট দি সিন, নট দি সিনার। পাপকে ঘৃণা করো কিন্তু পাপীকে ঘৃণা কর না। অর্থাৎ পাপীকে সংস্কার করে রিফর্ম করে তার চেতনা জাগিয়ে উদ্বুদ্ধ করে তাকে সংস্কার করার দরকার রয়েছে। এখন সেইদিক থেকে চিন্তা ভাবনা করতে গেলে এই ক্যাপিটাল পানিশমেন্ট মানে মৃত্যুদণ্ড কিম্বা যাবজ্জীবন কারাদণ্ড এইটা সম্পর্কে ভাবার রয়েছে যেটা আমি সূচনাতে বলেছি। এই নিয়ে বহু বিতর্ক রয়েছে। এখনও সহমতে পৌঁছনো যায়নি। যদিও বিভিন্ন দেশে, বিভিন্ন রকমের ব্যবস্থা আছে। ইউরোপের অনেক কান্ট্রি আছে যেখানে লাইফ ইমপ্রিজনমেন্ট তুলে দিয়েছে। কিন্তু সেখানে কারাদণ্ড ভোগের সময়সীমাটা আবার কোথাও ৩০ বছর, কোথাও ৪০ বছর, কোথাও ৬০ বছর এরকমও আছে। সুতরাং লাইফ ইমপ্রিজনমেন্ট তুলে দিয়ে সাধারণ কারাদণ্ড ভোগের যে সময়কালটা. সময়সীমাটা বাড়িয়ে দেওয়া এটা কোনো ব্যাপার নয়। আর আমাদের এই যে লাইফ ইমপ্রিজনমেন্ট এটাও আবার ইন্ডিয়ান পেনাল কোডে - সি আর পি সিতে ছিল না। আগে ছিল লাইফ ট্রান্সপোর্টেশন—যাবজ্জীবন দ্বীপান্তর। কিন্তু সেই যাবজ্জীবন দ্বীপান্তর বহাল রাখা সম্ভব হল না। আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জে যখন পরিবর্তিত পরিস্থিতিতে প্রশাসনিক কর্মকাণ্ড এবং জনবসতির ব্যাপারটা ঘটে গেল তখনই এল লাইফ ইমপ্রিজনমেন্টের প্রশ্ন। আর যাবজ্জীবন দ্বীপান্তর হবে না। যাবজ্জীবন কারাদণ্ড এবং ইন্ডিয়ান পেনাল কোডে ৪৫ নম্বর ধারাতে লাইফ ইমপ্রিজনমেন্টে একটা ব্যাখ্যা দেওয়া আছে। ডেফিনিশন দেওয়া আছে। সেটা কি? না, একজন অপরাধীকে যেদিন কারাদণ্ড দেওয়া হচ্ছে, লাইফ ইমপ্রিজনমেন্ট সেদিন থেকে সে যতদিন বেঁচে থাকবে, তার ন্যাচারাল ডেথ যতক্ষণ না হচ্ছে এটাই হচ্ছে লাইফ ইমপ্রিজনমেন্ট। তবে এই দণ্ডাজ্ঞা কমানোর কিছু বিধিব্যবস্থা রয়েছে ক্রিমিন্যাল প্রসিডিওর কোডে। ৪৩২,৪৩৩,৪৩৩ এ ধারার মাধ্যমে এই সেনটেন্সটাকে কমিউট করা যায়, রেমিসন দেওয়া যায়। মানে লঘু করা যায় ইত্যাদি আছে এবং সেইটা করতে গেলে কেন্দ্রের ক্ষেত্রে সংবিধানের ৭২ নম্বর ধারা অনুযায়ী রাষ্ট্রপতি করতে পারে আর রাজ্যের ক্ষেত্রে সংবিধানের ১৬১ নম্বর ধারা অনুযায়ী রাজ্যপাল সেই কাজটা করতে পারে কমপিটেন্ট অথরিটি বা গভর্নমেন্ট বা এদের পরামর্শ বা সুপারিশের ভিত্তিতে। কিন্তু ৪৩৩-এর এ ধারাতে বলা আছে যে, দণ্ডাজ্ঞা হ্রাস করা হলেও একজন লাইফ ইমপ্রিজনমেন্ট বা যাবজ্জীবন দন্ডাজ্ঞাপ্রাপ্ত ব্যক্তি তার যাবজ্জীবন কারাদণ্ডের মেয়াদ কোনক্রমে ১৪বছরের কম হবে না। দণ্ডাজ্ঞা কমানোর অধিকার থাকলে বলে একজনকে আদালত যাবজ্জীবন কারাদণ্ডের সাজা দিল আর আমি প্রশাসনিক তরফ থেকে ক্ষমতায় প্রতিষ্ঠিত আছি বলে আমি তার দু বছরে তার কারাদণ্ড রেমিট করে দিলাম এটা চলবে না।

যে লাইফ ইমপ্রিজনমেন্ট যার জন্য হয়েছে তাকে অন্তত ন্যূনপক্ষে ১৪ বছর কারাদণ্ড ভোগ করতে হবে। এই পোজিশন। যে আইনটা সংশোধন করার চেষ্টা হচ্ছে সেখানে লাইফ ইমপ্রিজনমেন্টের একটা সময়সীমা নির্ধারণ করে দেওয়া হয়েছিল যে লাইফ ইমপ্রিজনমেন্ট বলতে কি বোঝাবে, 'দি পিরিয়ড অব ইমপ্রিজনমেন্ট ফর লাইফ শ্যাল বি টেকন টু বি ইকুইভ্যালেন্ট টু দি পিরিয়ড অব ইমপ্রিজনমেন্ট ফর টোয়েন্টি ইয়ার্স'। কুড়ি বছর। এখন যে সংশোধনীটি আনার

চেষ্টা করা হচ্ছে তাতে এই ধারাটাকে বাতিল করা হচ্ছে। এই এক্সপ্ল্যানেশনটাকে বাতিল করা হচ্ছে। এই এক্সপ্ল্যানেশনটা বাতিল করলে কি অবস্থাটা তৈরী হবে। অবস্থাটা যেটা তৈরী হবে সেটা হচ্ছে এই যে ইন্ডিয়ান পেনাল কোডের ৪৫ নম্বর ধারাতে যে কথাটা বলা আছে যে লাইফ ইমপ্রিজনমেন্ট মানে যবে তাকে দণ্ড দেওয়া হচ্ছে সেই থেকে যতক্ষণ পর্যন্ত তার ন্যাচারাল ডেথ না হচ্ছে তাকে সেই পর্যন্ত থাকতে হবে। ভারতবর্ষের সুপ্রিম কোর্ট প্রথমে ১৯৬১ সালে গডসে মামলায়—বিনায়ক গডসের মামলায় ১৯৬১ সালে ভার্সেস দি স্টেট অব মহারাষ্ট্র সেখানে সুপ্রিম কোর্টও বলেছে যে লাইফ ইমপ্রিজনমেন্ট মানে আপ টু দি এন্ড অব হিজ লাইফ।

[2·10–2·20 p.m.]

লাইফ ইমপ্রিজেনমেন্ট মানে মামলায় জীবনের শেষ দিন পর্যন্ত যদি না তার দণ্ডাজ্ঞা সরকার বা কোনো ক্ষমতাপ্রাপ্ত সংস্থা অর্থাৎ যার যা আছে, সুপারিনটেনডেন্ট অফ্ জেল তার এক রকম সামান্য কিছু ক্ষমতা আছে এইগুলি যদি হ্রাস করা না হয়। ১৪ বছর জেল খাটার পরে প্রার্থনা অনুযায়ী তাকে প্যারোলে মুক্তি দেওয়া যায়। এখন এই অ্যামেন্ডমেন্টটা যে করা হচ্ছে তাহলে তার পুরো কাল মেয়াদটা জীবনের চলে যাবে, কিন্তু সরকারের ক্ষমতা থাকছে কমিউট করার, রেমিট করার, দণ্ডটা কমিয়ে দেওয়ার। কিন্তু যে জিনিসটা হচ্ছে সেটা হচ্ছে কি আমাদের দেশে অপরাধপ্রবণতাটা বেড়ে চলেছে এবং গুরুতর ক্রাইম ঘটতে শুরু করেছে। আর সায়েন্স অ্যান্ড টেকনোলজির উন্নতির ফলে নানারকম কায়দায় যেগুলো আমরা কখনও স্বপ্নেও ভাবতে পারি নি যে এইরকম প্রক্রিয়াতে অপরাধ সংগঠিত করা সম্ভব হবে। সেই সব প্রক্রিয়াতে অপরাধ হচ্ছে এবং হিনিয়াস ক্রাইম। জঘন্য অপরাধ সংগঠিত করা হচ্ছে। সেই সব কথা চিন্তা করে যাতে সমাজে অপরাধপ্রবণতা কমে, তাকে নিয়ন্ত্রণ করা যায় এবং সমাজ জীবনে সুস্থতা আনা যায়, সেই জন্য অপরাধীদের প্রতি যেমন আমাদের একটা সহানুভূতিপূর্ণ দৃষ্টি থাকবে, ঠিক তেমনি বৃহত্তর সমাজে শান্তি-শৃংখলা এবং সুস্থিতির দিকেও আমাদের লক্ষ্য রাখতে হবে। সেই সব কথা বিবেচনা করে যে অ্যামেন্ডমেন্টটা এনেছেন, আমি সেই অ্যামেণ্ডমেন্টকে সমর্থন করছি।

শ্রী পরশ দত্ত : মাননীয় অধ্যক্ষ মহোদয়, "The West Bengal Correctional Services Act 1992"-এর উপরে আজকে যে amendment মাননীয় মন্ত্রী এখানে এনেছেন সেই amendment-এর সমর্থনে আমি কয়েকটি কথা বলবো। বিশদভাবে আমার পূর্ববর্তী বক্তা মাননীয় প্রবোধবাবু বলেছেন। সত্যি কথা বহু অপরাধ আছে যে অপরাধের মূল কিন্তু হয়তো অপরাধীর সাধারণ মানসিকতায় নিহিত নেই। আমি অনেক অপরাধ দেখেছি যে অপরাধের মূল আমাদের এই সমাজ ব্যবস্থার ভিতরে নিহিত আছে। কিন্তু অপরাধীকে শাস্তি দিয়ে তো সমাজ ব্যবস্থায় যেখানে এই অপরাধের মূল নিহিত আছে সেটাকে দূর করা যাবে না। সেই কারণেই অপরাধের শাস্তি দেওয়ার সঙ্গে সঙ্গে অপরাধীর-মানসিকতার পরিবর্তনের একটা প্রচেষ্টা সরকার পক্ষ থেকে করা হয়ে থাকে। যার জন্য আজকাল জেল বলা হয় না, আজকাল correctional home বলা হয় অর্থাৎ সংশোধনাগার। মানুষের মানসিকতাকে সংশোধন করা। কিছু অপরাধী থাকেন তারা বাই নেচার অপরাধী। তাদের অপরাধ-মানসিকতাটা একেবারেই জন্মগত। তাদেরও

কিছু লোককে নিশ্চয়ই পরিবর্তন করা যায়। কাজেই জেল বা সংশোধনাগার একটা প্রোলংগড় থেরাপিক কেন্দ্র। দুর্ভাগ্যবশত বহু জিনিস আমাদের সেরকম নয়। আমার সৌভাগ্য হয়েছিল, বামফ্রন্টের আমলে একটি মিথ্যা মামলায় ১৪ দিন দমদম সেন্ট্রাল জেলে থাকার। সেখানে দেখেছি যে জেল ব্যবস্থার ভিতরে—আমি ১৯৯৩ সালের কথা বলছি—মানসিকতার স্থানটা নেই। বিশেষ করে তখন দমদম সেন্ট্রাল জেলে; আমার মনে আছে নন্-ক্রিমিন্যাল লুনাটিকদের রাখা হতো, পুরুষদের। আমি যেখানে ছিলাম আমাকে জেলের মেট বলেছিল তার একতলাতেই সেই লুনাটিকদের জায়গা। আমাকে মেট বলেছিল, স্যার, আপনি সকালবেলা উঠে নিচের দিকে দেখবেন না। এবং সত্যি কথা আমি কয়েকদিন দেখার পরে আমি কয়েক মাস মানসিক ভাবে প্রচণ্ড ডিসটার্বড ছিলাম। এছাড়া রাত্রিবেলা মাঝে মাঝে খা আওয়াজ শুনতাম অপরাধীদের। মেটরা—কিরকম অপরাধী? তা একজন এসে আমার বালিশের তলায় কিছু খোঁজ করছিল। পরে শুনলাম সে নাকি টাকা/পয়সা খোঁজ করছিল বা আমার ঘড়িটা, ঘড়িটা আমাকে অ্যালাউ করেছিল রাখতে। সে ঘড়িটা খোঁজ করছিল কেননা, সে ড্রাগ এ্যাডিক্ট। তাকে নিয়ে গিয়ে যে কি মার মেরেছে মানে বহুদূর থেকে মাঝে মাঝে আমি, সেই ধাঙড় কলোনিতে শূয়োর মারার চিৎকার শুনেছি। এই চিৎকারটা সেই চিৎকারের সঙ্গে সমতুল্য। একটা ড্রাগ অ্যাডিক্টকে কি ওইভাবে সামলানো যায় বা সারানো যায় বা তার ড্রাগ অ্যাডিকশান বন্ধ করা যায়? কিন্তু সেই জ্ঞানটাই এদের ছিল না। সেজন্য বলছি জেল ব্যবস্থার সম্পূর্ণ পরিবর্তন হওয়া দরকার এবং মানুষের-অপরাধ প্রবণতাটা, উনি ঠিক কথা বলেছেন, উনি ঠিক কথা বলেছেন। এটা শুধু গান্ধীজি বলেননি, এটা স্বামী বিবেকানন্দও বলে গিয়েছেন। Do not hate the sinner, hate the sin. এটা স্বামী বিবেকানন্দের কথা। কাজেই পাপকে দূর করতে হবে, পাপীকে দূর করে লাভ নেই। তাহলে তো সেই যে কথা উনি বললেন, কিছু কিছু দেশে আছে যে চুরি করলে হাত কেটে নেওয়া হয়, পাথর দিয়ে মেরে ফেলা হয় ইত্যাদি—এই অমানবিক, অমানুষিক শাস্তি ব্যবস্থা প্রচলন করতে হয়। সেটা তো কোনো সভ্য সমাজে সম্ভব নয়। এই অ্যামেন্ডমেন্টে যেটা রয়েছে যে, যারা যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আছে তাদের ভেতরে যারা সত্যি সত্যি জেলে থাকাকালীন যাদের আচার, আচরণ, ব্যবহারে পরিবর্তনের আভাস পাওয়া যাচ্ছে এবং যারা অপরাধ করে ফেলেছে একটি circumstancial ঘটনায়, তাদের তো ছেড়ে দেওয়ার জন্য বন্দোবস্ত রয়েইছে। অন্যান্য সেকশানগুলিও কিন্তু ঐ Section 61 sub-section(vi) যেটা রয়েছে explanation-এ, এই যে ২০ বছর কি ১৪ বছর এটা তো সুপ্রিম কোর্টের রুলিংয়ে আছে, না কিছু কিছু ক্ষেত্রে যাবজ্জীবন জেল মানে জেল। যাবজ্জীবন যদি কাউকে আটকে রাখতে হয় আটকে রাখতে হবে। এমন ঘটনাও দেখেছি আন্তর্জাতিক চোরাই চক্রের পাণ্ডা জেল খাটছে। এই দমদম সেন্ট্রাল জেলে। তারা তো বহালতবিয়তে আছে, তারা জেলে আছে না কোথায় আছে বোঝা যায় না। দামী জামা-কাপড় পড়ে, Five star hotel-এর মতো আছে। সকালবেলা শীতকালে দেখলাম মাঠে গিয়ে বল নিয়ে ভলি বল খেলছে। মেজাজে আছে। তাদের কি অপরাধ করার জন্য কোনো অনুশোচনা এসেছে বলে মনে হয়? তাদের তো নিঃসন্দেহে সমাজ থেকে দূরে রাখা দরকার। এবং সমাজ থেকে দূরে রাখার একটাই উপায় সেটা হচ্ছে সংশোধনাগারে পাঠিয়ে দাও যদি সংশোধিত হয় ভালো আর যদি না হয় তাহলে অন্তত সমাজের যারা শান্তিপ্রিয় মানুষ তারা এদের খপ্পর থেকে বেঁচে থাকুক। সেজন্য এই sectionটাকে ঐ explanation যেখানে রয়েছে -For the

purpose of calculation of the total period of imprisonment under the section the period of imprisonment for life shall be taken to be equivalent to the period of imprisonment for 20 years. এইটাকে বাদ দিয়ে দেওয়া উচিত। ১৬ বছর, ১৪ বছর, ২০ বছর যাদের সত্যি সত্যি রেখে দিতে হবে তাদের সারা জীবন রেখে দাও। আর যারা সংশোধিত হবে তারা অন্যান্য সেকশান বলে বেরিয়ে আসতে পারবে। কত লোক তাদের দ্বারা অত্যাচারিত হয়েছে এবং অন্যায় হয়েছে তাদের উপর। আমি, ঐ ১৩/১৪ দিন সংশোধনাগারে থাকার সময় আমার মেট ছিল যে ছেলেটি সে নদীয়া জেলার ছেলে। একটি খুনে জড়িয়ে গিয়েছিল। তার ১৮ বছর হয়ে গেছে। ছেলেটি ওখানে এসে মাধ্যমিক পাশ করেছে, উচ্চমাধ্যমিক পাশ করেছে।

[2.20-2.30 p.m.]

সে ওই হাসপাতাল ওয়ার্ডে সে ব্লাড প্রেসার দেখা শিখেছে, সে ডাক্তারের কাছ থেকে জেনে জেনে আমাকে ওষুধও দিয়েছে। খুব ভালো চরিত্রের ছেলে। কিন্তু তার জন্য যেহেতু রেকমেন্ড করার কেউ নেই, তখন ওই ১৪ বছর পরে রেকমেন্ড করলে ছেড়ে দেওয়া হত, রেকমেন্ড করার কেউ নেই বলে সে বেচারি ১৮ বছর জেলে রয়ে গেছে, ছাড়া পায়নি। বোধহয়, মাননীয় মন্ত্রী মণীশবাবুর মনে থাকবে, সেইসময় মণীশবাবু হোম সেক্রেটারি ছিলেন, আমি বেরিয়ে এসে সেই ছেলেটির জন্য রেকমেন্ড : আরো দু-তিনটি ছেলের জন্য রেকমেন্ড করেছিলাম, ওই ছেলেটি ছাড়া পেয়েছিল। আমি ভাবি যে, এসব ব্যাপারে আমার খুব দুঃখ যে, বিনা কারণে জেলে গিয়েছিলাম কিন্তু জেলে যাওয়ার জন্য একটি উপকার অন্তত হয়েছে, কয়েকটি ছেলেকে যাদের ছাড়া পাওয়া উচিত তারা ছাড়া পেয়েছে। সেই ছেলেটি আজও নদীয়া জেলাতে তেহট্টর কাছে একটা দোকান দিয়ে, দোকান চালাচ্ছে, তার জীবনটা অন্যরকম হয়ে গেছে। আর যাদের জীবন অন্যরকম হওয়ার নয়, তাদের জন্য এই সেকশান ৬১-এর এক্সপ্লানেশানটা সাব-সেকশান ৬-এর এটাকে ডিলিট করে দেওয়ার বন্দোবস্ত মাননীয় মন্ত্রী করেছেন, আমি মাননীয় মন্ত্রীকে এই অ্যামেন্ডমেন্টটা আনার জন্য সাধুবাদ জানাই এই কারণে যে আজকাল শাস্তিব্যবস্থা বিচারব্যবস্থা তার পরিবর্তন হচ্ছে, মানুষের দৃষ্টিভঙ্গির পরিবর্তন হচ্ছে, সারা পৃথিবীতে আমূল পরিবর্তন হচ্ছে, মানবিকতার দৃষ্টিতে দেখে এবং সেই মানবিকতার দৃষ্টিতে দেখে সমাজকে আরো সুষ্ঠুভাবে যাতে সমাজকে রাখতে পারি আমরা তার দিকে তাকিয়ে মাননীয় মন্ত্রী এই অ্যামেন্ডমেন্টটা এনেছেন একে সমর্থন করছি এবং আমি দেখতে পাচ্ছি যে, আমাদের বিরোধী দলও সমর্থন করছেন। আমি তাদের সাধুবাদ জানাই। সকলে মিলে আসুন এই যুগান্তকারী পরিবর্তনটা এই হাউস থেকে আমরা পাস করিয়ে দিই। সকলকে ধন্যবাদ।

শ্রী অসিত কুমার মাল : Mr. Chairman Sir, The West Bengal Correctional Services (Second Amendment) Bill, 2013, হাউসে যেটা পেশ করা হয়েছে সেই ব্যাপারে দু-একটা কথা বলতে চাই। আমরা খুব ছোটো বেলা থেকে জানতাম, বিশেষ করে যাদের যাবজ্জীবন জেল হয়েছে, আইনজীবীরা বলতে পারতেন না যে, তাকে প্রকৃত কবে ছাড়া হবে। মৃত্যুর আগের দিন পর্যন্ত মনে করলে কিংবা জেলেই তার মৃত্যু ঘটবে। তারপরে

তার ডেড বডি তার পরিবারের হাতে দেওয়া হবে কিংবা নয়। এটা একটা ভীষণ কনফিউশানের মধ্য দিয়ে আমরা থাকতাম। কিন্তু এখন সেই জেলকে জেল না বলে এখন সংশোধনাগার বলা হচ্ছে। তা যদি হয়ে থাকে একদিকে এইসমস্ত অপকর্ম কুকর্ম কমানোর জন্য আইন যেমন কঠোর হবে। ঠিক সেইভাবেই মানবিক দৃষ্টিভঙ্গি থাকবে। পশ্চিমবঙ্গ সরকার ঠিক সঠিক সময় মানবিক কারণ এবং কঠোরতা অবলম্বন করেছেন বলে এই বিলটা এখানে পেশ করেছেন তারজন্য এই বিলকে সম্পূর্ণ সমর্থন জানাই। স্যার, একটা জায়গার দেখলাম. A prisoner, who intends to appear in any examination conducted by any University or other statutory body or recognized institution while serving a sentence, shall be entitled to special remission on each such occasion at the following rates :

(a) for Madhyamik or equivalent examination ... ten days

(b) for Higher Secondary or equivalent examination ... twenty days

(c) for any Degree examination ... thirty days

(2) For the purpose of sub-section (1), the Superintendent of a correctional home shall, with the approval of the Inspector General of Correctional Services, decide where a particular examination is equivalent to Madhyamik, Higher Secondary or Degree examination.

খুব ভালো দৃষ্টিভঙ্গি নিয়ে রাজ্য সরকার এই বিলটিকে পেশ করেছেন। অল্প বয়স কিংবা বয়স্ক যারা মানসিকতার পরিবর্তন চাইছেন তার ভুলকে সংশোধন করে নিয়ে, তিনি নিজেকে নিযুক্ত করতে চাইছেন, লেখাপড়ার সঙ্গে, তাদের জন্য এই বিলগুলিকে রেমিশন করা হয়েছে ; এটাও খুব ধন্যবাদসূচক জায়গায় এসেছে। স্যার, আর একটা জায়গায় দেখলাম 61 তে, "when a convicted prisoner, other than a prisoner referred to in sub section (4), has undergone continuous imprisonment in the correctional home for a period of 14 years including the period of release on parole and the period of remission earned or granted to him;" এখানেও খুব একটা সুন্দর কথা বলা হয়েছে স্যার, সেকেন্ড, "when a convicted prisoner is in danger on account of sickness or is suffering from complete blindness or infirmity caused by old age or leprosy or tuberculosis;" খুব মানবিক দৃষ্টিভঙ্গি নিয়ে এগুলির ব্যাখ্যা দেওয়া হয়েছে। একজন মানুষ যদি সম্পূর্ণ অন্ধ হয়ে যান, একজন মানুষ যদি যক্ষ্মা রোগে ভোগেন, একজন মানুষ যদি লেপ্রসিতে ভোগেন এবং তিনি ১৪ বছর যদি কমপ্লিট করে থাকেন, not only that, jail superintendent এবং রাজ্য স্তরের IG, Judicial Secretary, Secretary, Chief Secretary, যে কমিটি আছে—রিভিউ কমিটি, কাদেরকে ছাড়া যেতে পারে, কাদেরকে ছাড়া যেতে পারে না, নির্দিষ্ট সময় পার হয়ে গেলে, তারা যে রেকমেন্ডেশান করবে, সেই করাটা উচিত। তিনি যে রোগগ্রস্ত, অন্য রোগ, অন্যজনকে যাতে ছড়িয়ে

না পড়তে পারে, তারও ব্যবস্থা এর মধ্যে রেখেছেন। স্যার, আমি যেটা বলতে চাই, যে আজকে সম্ভবত '৭৭ সালের পরে, আজকে ৩৮/৩৯ বছর হতে চলেছে, delimitation যে দুটো অঞ্চল বাদ চলে গেছে, তার একটা অঞ্চলের মধ্যে একজন স্কুলের প্রধান শিক্ষক, তিনি একটি মার্ডার কেসে জড়িয়ে পড়েন। এবং সেই কেসটাতে ৪২জন আসামী ছিলেন, এফ আই আর নেমড়। বহুদিন কেসটা চলার পরে যখন জাজমেন্ট হল, তখন ২২জন বেঁচেছিলেন, বাকিদের এমনিতেই স্বাভাবিক মৃত্যু ঘটেছিল। সেই ২২জনের মধ্যে একটা স্কুলের প্রধান শিক্ষক তারও যাবজ্জীবন হয়েছিল। ২১জন হাইকোর্ট থেকে তারা জামিনে মুক্তি পান। আজও পর্যন্ত তার কি কেস, কি অবস্থায় আছে, আমার জানা নেই। প্রায় ২০ বছর পরে আমি সেন্ট্রাল জেলে দেখতে গিয়েছিলাম সেই মাস্টারমশাইকে, এখন তাহলে কি অবস্থায় আছে, আমি বলতে পারব না, স্যার। তবে এটা সত্য হয়তো এখনও তিনি জেল থেকে ছাড়া পাননি। সবাই জামিনে মুক্ত ছিলেন। তিনি শুধু বললেন, আমি জানি না, আমি কি অপরাধ করেছি। সকল মানুষ বেরিয়ে গিয়েছেন। আমি জানতাম না, একজন প্রধান শিক্ষক স্কুলের, আজও নমাজ পড়ি, কোরান পড়ি, একটা ধর্মভীরু মানুষ, আইনের যুক্তি মেনেই আমাকে সাজা পেতে হয়েছে, আইনের প্রতি আমার ভরসা আছে। আমি জানি না কবে ছাড়া পাব। আদৌ আর ছাড়া পাব কিনা। আমার যেটা মনে হয়েছে স্যার, অনেক সময় আমরা দেখি, মানুষ অপরাধ করেও ছাড়া পেয়ে যায়, যুক্তির অভাবে, প্রমাণের অভাবে, আবার অনেক সময় যুক্তি এবং প্রমাণ এমনভাবে তৈরী করা হয় নিরপরাধী মানুষও অনেক সময় জেল খাটেন। তাদের জন্য এই মানবিক দৃষ্টিভঙ্গির এই যে বিল, বিশেষ করে The West Bengal Correctional Services (Second Amendment) Bill, 2013 খুব উপযোগী হবে বলে আমি মনে করছি। খুব উপযোগী হবে বলে আমি মনে করছি। আমি আর একবার বলছি স্যার, এই বিলে, যেভাবে নারী ধর্ষণ বাড়ছে, যেভাবে খুন বাড়ছে, সারা দেশে যেখানে এই ধরনের বাজে কাজের প্রবণতা বাড়ছে, সেখানে দেশে কঠোর আইন যেমন থাকবে, তেমনি সেই জেলে তাদের মানবিকভাবে যদি পরিবর্তন হতে পারে, মানসিকতার পরিবর্তন হতে পারে সেই সুযোগও থাকা দরকার। আমরা চাই, শুধু আইন করেই সমস্ত দুষ্কর্মকে ঠেকানো যায় না, আইন তো আমাদের দেশে আছে। প্রত্যেকটা মানুষের মানসিকতার পরিবর্তন চাই। সেই মানসিকতার পরিবর্তনের জন্য মানবিক দৃষ্টিভঙ্গি নিয়ে পশ্চিমবঙ্গ সরকার যে বিলটা এনেছেন তাকে আর একবার সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার স্যার।

শ্রী নরেশ চন্দ্র চাকী : মাননীয় চেয়ারম্যান মহোদয়, মন্ত্রী মহোদয় যে দ্য ওয়েস্ট বেঙ্গল কারেকশানাল সার্ভিসেস (সেকেন্ড অ্যামেণ্ডমেন্ট) বিল, ২০১৩ প্লেস করেছেন আমি সেটাকে সমর্থন করছি। সমর্থন করেও আমি দুটো কথা বলতে চাই। আমার মনে হচ্ছে, এই বিলটা অসম্পূর্ণ। এতক্ষণ যে আলোচনা হল সেই আলোচনায় আমি অন্তত সন্তুষ্ট নই। এই বিলটা অসম্পূর্ণ। তার কারণ অবজেক্টে বলা হয়েছে, "It has been considered necessary and expedient to amend the West Bengal Correctional Services Act, 1992 with a view to lift the limit of the life imprisonment of twenty years'। সিক্সটি ওয়ানের সিক্সে বলা হয়েছে for the purpose of calculation of the total period of

imprisonment under this section. The period of imprisonment for life shall be taken to their equivalent in the period of imprisonment for twenty years। তাহলে সেই টোয়েন্টি ইয়ার্স লাইফ ইমপ্রিজনমেন্টাকে তুলে দেওয়া হচ্ছে এই এ্যামেন্ডমেন্ট দিয়ে। তাহলে এটা কি আমরা ধরে নেবো যে তাহলে Life imprisonment আর থাকছে না? কোর্ট আর Life imprisonment-এর কোনো আদেশ দেবে না? অ্যাপারেন্টলি কিন্তু এই বিলটায় মনে হয়। কিন্তু আসল ব্যাপার তা নয়। ১৪বছর-২০ বছরের প্রশ্নই নয়। সুপ্রিম কোর্টের রুলিং আছে, Life imprisonment means for the whole life till death। ২০ বছরও নয়, ১৪বছরও নয়। সুপ্রিম কোর্টের সেই ডাইরেক্টিভ মেনে যদি এটা করা হয় তাহলে সুপ্রিম কোর্টের সেই ডাইরেক্টিভের কথা এই বিলে উল্লেখ করা উচিত ছিল। তা না হলে মনে হচ্ছে Life imprisonment বলে আর কোনো জিনিস আর থাকবে না। সেটা উঠে যাচ্ছে এবং উঠে যাবে। আজকে সেইজন্য আমার মনে হচ্ছে এই বিলটা অসম্পূর্ণ এবং আমার মনে হয়, অনেক ল'ইয়ার এখানে আছেন, অদূরভবিষ্যতে মাননীয় মন্ত্রী মহোদয়কে আরো একটা অ্যামেন্ডমেন্ট আনতে হবে সুপ্রিম কোর্টের রুলিংকে, সুপ্রিম কোর্টের ডাইরেক্টিভকে মেনশান করে। কারণ আমরা সুপ্রিম কোর্টের এবং হাইকোর্টের ডাইরেক্টিভ মেনে অনেক আইন এই বিধানসভায় পাশ করেছি, পার্লামেন্টেও আমরা পাশ করেছি। কিন্তু এখানে সেটা কেন উল্লেখ থাকবে না? আমার মনে হয়, আরো একটা অ্যামেন্ডমেন্ট মাননীয় মন্ত্রীকে আনতে হবে। আজকে তাই আমি বলছি, এই বিলটি অসম্পূর্ণ অসম্পূর্ণ নয়। Life imprisonment উঠে যাচ্ছে না। Life imprisonment ১৪ বছরও নয়, ২০ বছরও নয়। সুপ্রিম কোর্টের ডাইরেক্টিভ Life imprisonment for the whole life till death. সুতরাং আজকে সেই ডাইরেক্টিভকে এখানে উল্লেখ করা উচিত ছিল বলে আমি মনে করি। আর একটা কথা আমি বলতে চাই, মাননীয় চেয়ারম্যান, সংশোধনাগারগুলিরই সংশোধন দরকার। সংশোধনাগারগুলিরই সংশোধন দরকার। বামফ্রন্ট ৩৪ বছরের কো-অর্ডিনেশান কমিটি, এক শ্রেণীর কয়েদী এবং সুপারিন্টেন্ডেন্টের সঙ্গে লাইন করে এতদিন জেলে অরাজকতা সৃষ্টি করেছিল এবং এখনও সেটা চলছে। সাধারণত কয়েদীদের সেখানে মানবিকতার কোনো ব্যাপার নেই, তারা খেতে পায় না, তারা জল পায় না এবং সেখান থেকে প্রচুর টাকা তোলা হয়। টাকা ছাড়া জেলের মধ্যে কোনো কিছু হয় না।

কো-অর্ডিনেশান কমিটির লোকেরা সেই টাকা তোলে কয়েদীদের মাধ্যমে। সেই টাকা তুলে তারা সুপারিনটেনডেন্টকে ভাগ দেয়। সেই টাকার ভাগ আলিমুদ্দিন স্ট্রীটেও যায়, আমাদের কাছে এই খবর আছে। কয়েকটি জেল সম্বন্ধে আমার নিজের অভিজ্ঞতা আছে, কো অর্ডিনেশান কমিটির কর্মচারীরা সেখানে রাজত্ব করে। সেখানে আইনের কোনো ব্যাপার নেই। সুতরাং আজকে আমি বলতে চাই, আগে সংশোধনাগারগুলির সংশোধন দরকার। এক শ্রেণীর কয়েদী সেখানে গোষ্ঠী তৈরী করেছে, কো-অর্ডিনেশান কমিটির কর্মচারীরা সেখানে গোষ্ঠী তৈরী করেছে এবং সেখানে মানবতাবিরোধী কাজ তারা করছে। টাকা ছাড়া সেখানে কোনো কিছু হয় না। সেই টাকা কো-অর্ডিনেশান কমিটির থ্রু দিয়ে আজকে একটা পার্টি অফিসে চলে যায়। এই ব্যবস্থার সংশোধন দরকার। মানবতা-বিরোধী কাজ সেখানে চলছে। সংশোধনাগারগুলি সেখানে ব্যাধিতে আক্রান্ত। তাই সংশোধনাগারগুলির সংশোধন দরকার। আমি এইকথা বলেই আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় মন্ত্রীমহাশয় 'The West Bengal Correctional Services (Second Amendment) Bill, 2013' সংশোধনের জন্য যা সভায় নিয়ে এসেছেন তার উপরে আলোচনা করতে গিয়ে আমাদের বাম পরিষদীয় দলের পক্ষ থেকে মাননীয় সদস্য প্রবোধ চন্দ্র সিনহা মহাশয় বিস্তারিতভাবে তার বক্তব্য রেখেছেন। আমি এই ব্যাপারে আলোচনায় আসতে গিয়ে, যে কথাটা আমার পূর্ববর্তী বক্তা নরেশ চাকী মহাশয় বলছিলেন, with a view to lift the limit of the imprisonment of twenty years। উনি বলছিলেন, যে এই বিলটা অসম্পূর্ণ। আমার তাই জিজ্ঞাসা, এই বিলের ব্যাপারে সরকারের উদ্দেশ্য কি? বর্তমানে যে সংশোধনী এই সভায় পেশ করেছেন, তার অর্থ কি? দেশের আইন ও পুলিশি ব্যবস্থার ভিত্তিতে দুষ্কৃতীদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য CRPC-অর্থাৎ ক্রিমিনাল প্রসিডিওর কোর্ট, আমাদের দেশে নির্মিত হয়েছিল। একটি নির্দিষ্ট ধারা অনুযায়ী শাস্তি বিধানের জন্য বিচার ব্যবস্থার কাছে সুপারিশ করা হয়। এই সংশোধনাগার সংক্রান্ত আইন, CRPC, ১৯৭৩ এতদিন ধরে চলে আসছে। তাহলে আমরা কি CRPC-র সংশোধন চাইছি? মাননীয় মন্ত্রীমহাশয় জবাবী ভাষণের সময় বলবেন, ১৯৯২ সালে আইন প্রণীত হওয়ার সময়ে CRPC -র বিষয়টি বিশেষভাবে গুরুত্ব পেয়ে আসছে। এই যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্ত আসামীদের সাজার মেয়াদ কি আপনারা কমাতে চাইছেন। রাজ্য সরকারের নিয়ন্ত্রিত পুলিশ, কি সেইভাবেই চার্জশীট তৈরী করবে, এই নিয়েই একটা ঘোর সংশয় তৈরী হয়েছে। আমি নির্দিষ্ট করে বলতে চাই, যারা অপরাধী, তাদের অপরাধ বিচার করে শাস্তি হবে।

[2.40–2.50 p.m.]

আমরা তো দেখলাম শিলাদিত্য চৌধুরী সারের দাবিতে কথা বলতে গিয়েছিলেন, তাকে সাজা দিয়ে দিলেন। আমরা দেখলাম কামদুনি কাণ্ডে মেয়েটিকে নৃশংসভাবে গণধর্ষণ করে হত্যা করা হল। তার চার্জশীট আজও তৈরী হল না। পার্কস্ট্রীট কাণ্ড—আমরা দেখছি যে পুলিশের চার্জশীটের ওপর নির্ভর করতে হচ্ছে। তাহলে কি সরকারের ইচ্ছার ওপরে—এই যে বিল সংশোধনের জন্য আনা হয়েছে, এখানে এইটাকে তুলে দেওয়ার জন্য বলা হচ্ছে। তাহলে কি আপনারা চাইছেন, কারো শাস্তিযোগ্য যে অপরাধ সেই অপরাধ বিচার হবে সরকারের ইচ্ছার ওপরে। তার ৫ বছরের সাজা হতে পারে, আবার সরকার যদি মনে করে তার ৩০ বছরের সাজা হতে পারে। সরকারের নিয়ন্ত্রিত যে পুলিশ, পুলিশের যে চার্জশীট যেটা আদালতের কাছে পেশ করা হয় সেই ক্ষেত্রে কিন্তু আমরা লক্ষ করছি, এই সরকারের এই আড়াই বছরে বিভিন্ন ঘটনা, সেই ঘটনার মধ্যে দিয়ে প্রমাণ হয় যে দিনের পর দিন চার্জশীট না দেওয়ার জন্য আজকে দোষীরা সাজা পাচ্ছে না। আজকে অনেকে এখানে বলেছেন যে পাপকে ঘৃণা করো, পাপীকে নয় যারা অপরাধ করছে তাদের মূল স্রোতে ফিরিয়ে আনবার জন্য। তাদের মূল স্রোতে ফিরিয়ে আনতে হলে পাপকে ঘৃণা করো। সেইটা যদি উদ্দেশ্য হয়, তাহলে আজকে আমরা এটা লক্ষ করছি, আজকে সরকারের পোষিত যে পুলিশ, সেই পুলিশ কিন্তু দিনের পর দিন তারা মামলাগুলোতে চার্জ শীট না দেওয়ার জন্য এই মামলাগুলোর ক্ষেত্রে দেখা যাচ্ছে চার্জ শীট পেলে যে সাজা হতো সেই সাজা আজকে হচ্ছে না। ফলে দেখা যাচ্ছে এই দুষ্কৃতকারীরা যারা অপরাধ জগতের মানুষ তারা আজকে দিনের

পর দিন এই সরকারের যে ব্যবস্থাপনা—তার ফলে সেখানে দেখা যাচ্ছে যে তারা অনেক বেশী ক্রাইম করছে, অনেক বেশী ক্রাইমের সঙ্গে যুক্ত হচ্ছে, সেই ক্রাইম বন্ধ করবার জন্য আজকে সরকারের যে পুলিশ, সেই পুলিশের ওপর নির্ভর করছে। সেইটা কিন্তু আজকে আমরা ভীষণভাবে লক্ষ করছি। সেই কারণে আমি যেটা বলতে চাই, আজকে মাননীয় মন্ত্রী তিনি এটা আলোচনা করবার সময় বলবেন। যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্ত দুষ্কৃতীদের আজকে সেখানে সাজার মেয়াদ কমাতে চাইছেন? রাজ্য সরকার নিয়ন্ত্রিত পুলিশ সেইভাবেই চার্জশীট তৈরী করবেন যাতে করে অপরাধ জগতের সঙ্গে যুক্ত যারা তারা আরো বেশী অপরাধ করার সুযোগ পাবে। আরো বেশী অপরাধ সংগঠিত করবে। সুতরাং সমাজকে যদি সুস্থ রাখতে হয় সমাজে যদি শান্তি-শৃংখলা বজায় রাখতে হয় তাহলে আজকে সেই ভাবেই ১৯৯২ সালে যে আইন বামফ্রন্ট সরকার অ্যামেন্ডমেন্ট করেছিল সি.আর.পি.সি সংশোধন, যেটা ১৯৯২ সালে হয়েছিল, সেইটাকে কার্যকরী করে, যাতে করে অপরাধ জগতে, যারা অপরাধ করছে তার অপরাধের বিচার করে, সরকারের মানবিক দিক সেইদিকে নিবদ্ধ করে যাতে সমাজের শান্তি-শৃংখলা আসতে পারে, এবং সরকারের পুলিশ যাতে সেইভাবেই উপযুক্ত চার্জশীট দিয়ে ঠিক সময়ে তাদের বিরুদ্ধে উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা নিতে পারে তার দাবি জানিয়ে এবং এই ব্যাপারে মাননীয় মন্ত্রী যাতে আলোচনা করেন সেই দাবি জানিয়ে আমি আমার কথা শেষ করছি। ধন্যবাদ।

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিলটা এসেছে কারেকশানাল সার্ভিসেস অ্যামেন্ডমেন্ট বিল, এই বিলে সরকার যেটা চেয়েছে সেটা হল ২০ বছরের লাইফ ইমপ্রিজনমেন্টের যে লিমিট সেই লিমিটটাকে তুলে দিতে এবং এখানে সুপ্রিম কোর্টের রায়ের কথা বলা হয়েছে।

কিন্তু এই limit কি হবে? সেটা কুড়ি বছর, না ত্রিশ বছর, না চল্লিশ বছর, না দশ বছর সেই রকম কোনো কথা এই limit হিসাবে ঘোষণা করা হয়নি। কিছুদিন আগেও correctional service-এর একটা amendment bill গত August মাসে আনা হয়েছিল। আবার এই বিলটাকে amend করা হচ্ছে। আমি যেটা সরকার পক্ষকে অনুরোধ করছি যে, correctional policy কি সরকারের ঘোষণা করা। সেই বিষয়টা ঘোষণা না হলে বোঝা যাচ্ছে না, যে কোন policy নিয়ে সরকার এই বিষয়ে চলতে চাইছে ফলে সরকারের কাছে আমার অনুরোধ যে correctional policyটা আপনারা ঘোষণা করুন। এখন যে ২০ বছরের ব্যাপারটা উঠে গেল। পূর্ববর্তী একজন বললেন যে, ২০ বছরের ব্যাপারটা উঠে গেল এবং তার সঙ্গে ১৪ বছর remit করা এই বিষয়গুলো থাকছে। কিন্তু ২০ বছর উঠে গেলে আপনারা একটু ভেবে দেখবেন যেখানে discretion-এর কোনো ব্যাপার এসে যাবে কিনা, যারা ক্ষমতায় থাকবেন। এই রকম discretionary power তাদের হাতে আমরা তুলে দেব কিনা সেই বিষয়ে ভাবা দরকার বিষয়টি এই কারণে এখানে গুরুত্বপূর্ণ। আমাদের রাজ্যের আমার বেশি অভিজ্ঞতা আছে, তাহলে তা প্রতিহিংসার জন্য কি করতে পারে? আমাদের অভিজ্ঞতা আছে যে, গণ আন্দোলনের কর্মীদের কি ভাবে তা মিথ্যা মামলায় জেলে পুরতে এই অভিজ্ঞতা আমার দলের তরফ থেকে আছে। আমরা গত ৩৪ বছরে সেই অভিজ্ঞতা পেয়েছি। এইভাবে যদি কাদেরকে জেলে পুরে রাখা হয়েছিল। এমনকি এই বিধানসভায় নয় বারের একজন বিধায়ক তাকেও কিন্তু জেলে পুরে রাখা হয়েছে এবং

তার সঙ্গে আরও ৪৮জনকে নানা মিথ্যা মামলায় যাবজ্জীবন কারাবদ্ধ করে রাখা হয়েছে। এদের অনেকেরই ১৫ বছর, ১৬ বছর, ১৭ বছর হয়ে গেছে। তাই এইভাবে যদি গোটা বিষয়টা discreation-এর উপর ছেড়ে দেওয়া হয়, তাহলে আমার মনে হয়েছে ব্যাপারটা অত্যন্ত বিপজ্জনক জায়গায় যাবে। এ বিষয়টা আমি ভাববার জন্য সরকারের কাছে অনুরোধ করছি এবং বিশেষ করে যাদের কথা বললাম আমি কিন্তু সত্যিই বুঝতে পারছি না—একটা প্রতিশ্রুতি আমরা পেয়েছিলাম যে এই ধরনের মানুষ এবং এটা কিন্তু standard practice যে বহু দিন ধরে যখন একটা repressive regime চলে তখন প্রতিহিংসায় থেকে যখন বহু মানুষকে এইভাবে জেলের মধ্যে পোরে। পরবর্তী সরকারের তখন একটা দায়িত্বের মধ্যে পড়ে এটা human rights-এর একটা অঙ্গ যে যারা প্রতিহিংসার শিকার হয়েছিলো তাদেরকে মুক্ত করা। এই বিষয়টা কিন্তু এখনও আমরা বুঝতে পারছি না যে, এই বিষয়টা কোথায় গিয়ে দাঁড়াচ্ছে। এটা ভাবার জন্য বলছি এবং ঐ discretion টাও ভাবার জন্য বলছি। এছাড়া এখানে আরও একটি কথা এসেছে, যে জেলটা যখন জেল নয় সংশোধনাগার তখন যদি যাবজ্জীবন রাখা হয় তাহলে সংশোধনের সুযোগটা কোথায় থাকছে? এটাও ভাববার বিষয়। আপনারা বললেন যে, যারা সত্যিকারের অপরাধী তারা যাবজ্জীবন থাকুক জেলের মধ্যে। যদি তারা যাবজ্জীবন জেলে থাকে তাহলে সংশোধনাগার কথাটার তাৎপর্যটা কোথায় থাকে? এই জিনিসটা আপনাদের ভাবার জন্য বলছি। এখানে আরও একটা বিষয় দেখুন যে, জেলকে সংশোধনের কথা বললেন, জেলের ভিতরের পরিস্থিতি সংশোধনের কথা বললেন এটা আমার মনে হয় একবাক্যে সকলে স্বীকার করবেন যে, জেলটা সত্যিই সংশোধনাগার নয়। ফলে তার সংস্কার হওয়া দরকার এবং সেখানে যে সমস্ত কাজকর্মগুলি হয় সেগুলো নিয়েও এই যে 1992-এর Act আছে। সেই Act টাকে কিন্তু overhaul করা দরকার, তাকে ভাবনা-চিন্তা করা দরকার, সেখানে সংস্কার আসা দরকার। আমি দুই-একটা উদাহরণ দিচ্ছি—এখানে parole এর মুক্তির কথা আছে। এই যে parole -এর মুক্তি—আমি মন্ত্রী মহাশয়কে ভাববার জন্য বলছি। Parole -এর মুক্তি দেওয়ার সময় যে conditionটা দেওয়া হয়, একেবারে লিখে দেওয়া হয়, সেই conditionটা হচ্ছে যে আপনাকে প্রত্যেকদিন local থানায় গিয়ে দেখা করতে হবে। ফলে যিনি পাঁচদিন সাতদিন, দশ দিনের জন্য সাময়িক ভাবে মুক্তি পেলেন তাকে অনেক ক্ষেত্রে কুড়ি থেকে পঁচিশ কিলোমিটার দূরে গিয়ে যদি তাকে local থানায় meet করতে হয়। তাহলে কুড়ি-পঁচিশ দিনের parrole-এর তাৎপর্যটা কোথায় গিয়ে দাঁড়ায়? এই রকম নানা বিষয় আছে। ফলে এই গোটা বিষয়টা ভাবা দরকার এবং আমি আবারও বলছি যে আপনারা যে সংশোধনটা করলেন অর্থাৎ এই কুড়ি বছরের ব্যাপারটা যেটা count করা হবে, সেটা যদি discretion থাকে—যারা যখন ক্ষমতায় আসবে তারা সেটাকে কিভাবে utilize করবে? এই বিষয়টা আপনারা ভাবুন। এই কয়টি কথা বলে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2·50–3·00 p.m.]

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় স্পীকার স্যার, The West Bengal Correctional Services (Second Amendment) Bill, 2013. এই বিলকে সবদিক থেকে সমর্থন করে আমি দু-একটি কথা বলতে চাইছি। একটা বিষয় হলো এখানে প্রবোধবাবু বক্তব্যের শুরুতে খুব

সুন্দরভাবে এই বিলের তাৎপর্য, এই বিলটা কোথা থেকে এসেছে, কেন হচ্ছে এটা বুঝিয়েছেন তার মাঝখানে আমার মনে হয় আমরা একটু সরে যাচ্ছি। কারণ এই বিলটা এসেছে কিন্তু সুপ্রিম কোর্টের একটা ভার্ডিক্টকে কেন্দ্র করে। এটা শুধু পশ্চিমবঙ্গ বিধানসভায় এই পরিবর্তনটা হচ্ছে না, এটা সারা ভারতবর্ষ জুড়ে সমস্ত রাজ্যে যেখানে যেখানে এই এক্সপ্লানেশান আছে, এটাকে নিয়ে পরিবর্তন করতে হচ্ছে। কারণ আমাদের দেশের আইনে, যেটা প্রবোধবাবু বার বার বলেছেন যে আই.পি.সি.র সেকশান ৪৫-এ lifetime imprisonment lifetime বলতে lifetime-ই বুঝিয়েছে। আজীবন কারাগার বলতে আজীবন কারাগারই বলছে। কিন্তু তার মধ্যে দেখুন সরকারের উপর বা প্রশাসনের উপর বলুন বা কারা-রক্ষী প্রধানের উপর বলুন তাদের উপর কিছু কিছু জায়গা ছিল এবং আইনের কিছু কিছু জায়গায় বলে দিয়েছে যে কি কি কারণে জেলটা কম করে করানো যাবে বা সংশোধনাগারে মানুষ বেশী দিন থাকবে না, শাস্তির মেয়াদটা কমানো যায় তার একটা ব্যবস্থা আইনের মধ্যে করা আছে। সেই সেই দিক দিয়ে ১৪বছর, ২০ বছরের একটা বিষয় আমাদের মধ্যে আছে যে ১৪ বছর হলে পরে lifer মানে ১৪ বছর এবং সি. আর. পি.সি-র সেকশানে ৫৭-এ যাতে বলেছে ২০ বছরের কথাটা এসেছে। ২০ বছরটা নিয়ে কিন্তু কোনো কথা বলবার অধিকার আমার মনে হয় আমাদের এখানে নেই, এটা পুরোপুরি কেন্দ্রীয় সরকারের বিষয়। সেই বিষয়টা নিয়ে আমি তেমন ভাবে কোনো কথা বলতে পারবো না কিন্তু এই বিলটায় শুধু যে পরিবর্তন আনার কথা বলা হয়েছে সেটা হচ্ছে শুধুমাত্র যে এক্সপ্লানেশানটা ৬১-এ ৬ নম্বর উপধারায় এক্সপ্লানেশানটা আছে 'For the purpose of calculation of the total period of imprisonment under the section the period of imprisonment for life shall be taken to be equivalent to be the period of imprisonment for 20 years.'' এই এক্সপ্লানেশানটাকে তুলে দেওয়া হলো। কেউ ভাবছেন এটাকে তুলে দেওয়া হলো মানে শাস্তিটা কমে গেল, কেউ বলছেন এটাকে তুলে দেওয়া মানে এটা কি আজীবন হবে? সেকশান ৪৫-এ যেখানে বলছে ইমপ্রিজিনমেন্টের কথা আপ টু লাইফ টাইম এবং সুপ্রিম কোর্টের ভার্ডিক্ট আছে। সুতরাং সেই দিক দিয়ে এটাকে তুলে দেওয়া মানে কি হবে সেটা কিন্তু বার বার করে—এর আগেও সুপ্রিম কোর্ট-এ সেকশান ৫৭ নিয়ে অনেক প্রশ্ন উঠেছিল যে সেকশান ৫৭ বলছে, ২০ বছরের যেটা বলেছে, সি.আর.পি.সি.-র সেকশান ৫৭ এ সুপ্রিমকোর্ট কিন্তু এর আগেও বলে দিয়েছে যে এই সেকশান ৫৭ মানে লাইফ টাইম ইমপ্রিজিনমেন্টের কোনো অবস্থার কার্টেলমেন্ট করা হচ্ছে না। সেকশান ৫৭ যে কথা বলছে, যেকারণে বলছে সেটার সংগে লাইফটাইম imprisonment -এর কোনো অবস্থায় কোন কর্টেলমেন্ট হবে না। সুতরাং lifetime মানে lifetime এটা আজকের দিনে সারা জায়গায় সমস্ত জায়গায় আজকে—যদিও প্রবোধবাবু বলেছেন যে কয়েকটি জায়গায় লাইফ টাইম তুলে দিয়েছে। কিন্তু আমি আবার বলে দিই যেটা প্রবোধবাবু নিজেও বলেছেন যে আমরা আবার দেখেছি অনেক জায়গায় লাইফ টাইম তুলে দিয়েছে কিন্তু আমেরিকার অন্য কোনো দেশে ৬৫ বছরের জেল, ৩৫ বছরের জেল সেটাও ঘোষণা করছে। সুতরাং লাইফ টাইম তুলে দিলেন কিন্তু তুলে দিয়ে যখন দেখছেন সামলানো যাচ্ছে না তখন জেলের টার্মটা এতো বছর করে দিচ্ছেন যে মানুষ এতো দিন বাঁচবেই না। সুতরাং লাইফ টাইমটা ঘুরিয়ে কিন্তু রাখছে। এখন অনেকের প্রশ্ন যে মানুষ সংশোধনাগারে যাচ্ছে তাদের সংশোধনের জন্য। সেটা কি হবে? বিবেকানন্দের ছোট

দু-লাইনের একটা কথা মনে পড়ে যাচ্ছে। বিবেকানন্দ বলেছিলেন—"মানুষের মধ্যে যে পূর্ণতা আছে তার পরিপূর্ণ বিকাশ সাধনই হলো শিক্ষা, মানুষের মধ্যে যে দেবত্ব আছে তার পরিপূর্ণ বিকাশ সাধনই হলো ধর্ম" কিন্তু যাদের পরিপূর্ণ বিকাশ সাধন হচ্ছে না, একটা ঘটনার পরে সংশোধনাগারে থাকার পরে বেরিয়ে এসে আবার সেই কাজ করছে, সেই মানুষগুলির কি হবে? সংশোধনাগার যদি কেউ মনে করে এটা ছুটি কাটানোর একটা অবকাশ স্থল, সেখানে আমি গেলাম ক-দিন রেস্ট নিলাম আবার বেরিয়ে এসে আবার সেই খুনটাই করবো, আবার সেই ঘটনা ঘটাবো, যার জন্য আবার আসবো, আবার তো ক-দিন পরে ছাড়া পাবো, সেই মানসিকতার মানুষগুলোর জায়গা কোথায় হবে?

আমরা দেখতে পেয়েছি যে এমন অনেক নৃশংস ঘটনা ঘটছে। আমি নামগুলো বলতে চাই না। কিন্তু আমরা অনেক আসামীকে জানি, যেটা আমরা সংবাদপত্রে বলেছি, যে একজনের বিরুদ্ধে দশটা, বারোটা খুনের কেস রয়েছে। তারা জেল থেকে বেরিয়ে আসছে, একটা করে ঘটনা ঘটাচ্ছে, ডাকাতি করছে, খুন করছে, আবার কিছুদিনের জন্য জেলে যাচ্ছে। এই যে মানুষগুলো, যাদের মনের বিকাশও পরিপূর্ণ হল না, যাদের মনের দেবত্বও প্রকাশ পেল না, সেই মানুষগুলোর জায়গা কোথায় থাকবে। সেই মানুষগুলোর জন্য কি শাস্তির ব্যবস্থা হবে না? হ্যাঁ, কিছু মানুষ হয়তো ভুল ভাবে, অন্যায়ভাবে শাস্তি পেয়েছেন। কিন্তু বিচারে তো একটা কথাই আছে যে একজন দোষী ব্যক্তি ছাড়া পাওয়া তবু ভাল, কোনো নির্দোষ ব্যক্তি যেন ছাড়া না পায়। এটা আমাদের নয়, সারা বিশ্বের আইনের সব থেকে বড় কথা। এটা দুর্ভাগ্যজনক হয়তো যে, কোনো মানুষ নির্দোষ হয়ে শাস্তি পেয়েছেন, সেটা নিশ্চয়ই দুর্ভাগ্যজনক। কিন্তু আমাদের তো দেখতে হবে যে, মানুষগুলো বারে বারে এই যে খুন করার ইচ্ছে, ডাকাতি করার ইচ্ছে, এখন যেটা সব থেকে বেশি বেড়েছে সারা ভারতবর্ষ জুড়ে আমরা দেখতে পাচ্ছি মেয়েদের মূল যে ধর্ষণ কাণ্ড, সেটা সব থেকে বেশি হয়ে যাচ্ছে। সেই জায়গায় একটা মেয়েকে অত্যাচার করার পর তাকে খুন করা হচ্ছে, তাকে শেষ করে দেওয়া হচ্ছে। সেই মানুষগুলো যদি কঠোরতম শাস্তি না পায়, তাহলে অন্য মানুষগুলো বুঝবে কি করে? কিছু কিছু সময় শিক্ষকরা ছাত্রদেরও চড় থাপ্পড় মারেন। তার কারণ কিন্তু তিনি যে ছাত্রকে ভালোবাসেন না তা নয়, কিছু কিছু সময় শাস্তিটার দরকার হয়। সেই শাস্তিটা দেওয়ার জন্য যদি কোনো ব্যবস্থা না থাকে, যদি মানুষ ভাবে যে আমি অপরাধ করব কিন্তু শাস্তি পাবো না, তাহলে কি অপরাধটা কমবে? সংশোধনাগারে রেখে মানুষকে সংশোধন করার চেষ্টা হবে। কিন্তু তারপরেও অনেক আসামী সংশোধনাগারের ভেতর থেকেই বাইরে টাকা তুলছেন। বাইরে জোর করে তোলা তুলছেন যাকে বলা হয়, সেই কাজ করে যাচ্ছেন। সেই মানুষগুলোর কি হবে। সুতরাং একটা বিষয় হচ্ছে সংশোধনাগারের কাজ মানুষকে সংশোধিত করা। সংশোধনাগার থেকে যারা সংশোধিত হবে—যাবজ্জীবনের ব্যাপারটা, ২০ বছরটা উঠে যাচ্ছে মানে এই নয় যে সরকারের হাতে কোনো ক্ষমতা নেই বা জেল কর্তৃপক্ষের হাতে কোনো ক্ষমতা নেই সে মানুষটাকে আগাম মুক্তি দিতে পারেন। ক্ষমতাগুলো তো রইল। সেই অধিকারটা রইল। যদি প্রয়োজন মনে হয়—যদি দেখা যায় কোনো মানুষ যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত হওয়ার পরে সত্যিকারের সংশোধিত হয়েছেন, তাকে জেলখানার বাইরে, সংশোধনাগারের বাইরে নিয়ে আসার জন্য ব্যবস্থা করার জায়গাটাও কিন্তু আইনে

আগে থাকতেই আছে। সুতরাং আমাদের শুধু কুড়ি বছর হয়ে যাচ্ছে, কি চৌদ্দ বছর হয়ে যাচ্ছে, যাবজ্জীবন হয়ে যাচ্ছে, এই ব্যাপারে ভয় পেলে চলবে না। এটাও তো ঠিক আমরা জনপ্রতিনিধি যারা আছি, আমাদেরও তো অনেক ভেবেচিন্তে কাজ করতে হবে। আমাদের নামে অন্য কেস চলে গিয়ে বিভিন্ন কোর্টে যদি আমরা হেরে যাই—লোয়ার কোর্ট, হাইকোর্ট, সুপ্রীম কোর্ট—সব জায়গাতেই হেরে যাওয়ার পরে আমি যদি নিজেকে নির্দোষ বলি, সেটাও তো সব সময় ঠিক হবে না। তাই সেদিক দিয়ে দেখলে পরে আমার মনে হয় যে আইনটা এখানে এসেছে, যে সংশোধনটা আজকে আনা হয়েছে, এটা খুবই সময়োপযোগী, এটা খুবই ঠিক কথা। প্রবোধবাবু বলেছিলেন, গান্ধীজি বলেছেন পাপকে ঘৃণা করো, পাপীকে ঘৃণা করো না। পরেশদা বলতে গিয়ে বললেন, ওটা স্বামী বিবেকানন্দ বলেছেন। হ্যাঁ, আমরা পাপকেই ঘৃণা করছি, পাপীকে নয়। কিন্তু যে পাপী পাপকে ছাড়তেই পারছে না, যে পাপী পাপকে জড়িয়ে ধরেই শুয়ে থাকতে চাইছে, যে পাপী জীবনে পাপ থেকে অন্য পাপে যাবে না, সেই পাপীকে কি করে ক্ষমা করব সেটাও বুঝে উঠতে পারছি না। তাই আমার মনে হয় যে, এই সংশোধনী নিয়ে এসে, এটা সমগ্র দেশে হচ্ছে, পশ্চিমবঙ্গ সরকার তার বাইরে যেতে পারে না, আর কিছু কিছু জায়গায় আমাদের তো বাধা আছে। সি. আই. পি.সি-র পরিবর্তন তো আমরা করতে পারব না, আই.পি.সি.-র পরিবর্তন তো আমরা করতে পারব না। সেটা করতে গেলে তো কেন্দ্রীয় সরকারকে করতে হবে। সুতরাং সেখানে যদি কিছু করার থাকে, তাহলে সেটা তারা করবেন। কিন্তু আমার মনে হয়, পশ্চিমবঙ্গ সরকারের যে ক্ষমতা আছে, সেই ক্ষমতার মধ্যে থেকে আজকে কিছু কিছু জায়গাতে শাস্তিকে কঠোরতম করার দরকার আছে। নাহলে পরে যেভাবে এই কাজগুলো হয়ে যাচ্ছে, যেভাবে অসামাজিক কাজ বেড়ে যাচ্ছে, সেখানে দোষী ব্যক্তিদের ভয় দেখাতে হবে যে, তুমি কিছু করার আগে তোমার মনে থাকা দরকার যে চৌদ্দ বছর হয়ে গেলেই জেল থেকে বেরিয়ে গিয়ে আবার মজা করব সেটা করা যাবে না। কারণ তোমার যাবজ্জীবন কারাদণ্ড হলে পরে তোমাকে কিন্তু সারাটা জীবন জেলেই কাটাতে হবে, এই ভয়টা দেখানো আমার মনে হয় দরকার আছে। তাই আমি এই অ্যামেন্ডমেন্ট বিলকে সম্পূর্ণ ভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি, নমস্কার।

[3.00–3.10 p.m.]

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি The West Bengal Correctional Services (Second Amendment), 2013 বিলের উপর আলোকপাত করতে চাই। তার আগে নরেশবাবু বলার সময় যেটা বললেন যে, আগে দুর্নীতি ছিল এখনও আছে সেটা ঠিকই। কিন্তু উনি যেটা আর একটা কথা বললেন যে, টাকা কি আলিমুদ্দিনে যায়। এইটা মনে হয় ঠিক নয়। আমি বলছি মানে, একটা প্রমাণ ওনার রাখা উচিৎ। কারণ, প্রমাণ ব্যতিরেকে আমি বলে দিলাম যে, তৃণমূল অফিসে টাকা যায়, এই ধরনের casual speech অন্ততপক্ষে এই পবিত্র সভাতে না বলাই উচিৎ। তারপর যে মূল বিষয় হল, অপরাধ কমানোর জন্য আইনগত ভাবে যে বিচার ব্যবস্থা আছে সেই বিচার ব্যবস্থায় শাস্তির বিধান আছে এবং সেটা হচ্ছে, যাবজ্জীবন কারাদণ্ড। যাবজ্জীবন কারাদণ্ড হচ্ছে সেখানে আগে বলা ছিল যে, ২০ বছর পর্যন্ত—এখানে যেটা দেওয়া আছে explanation-এ সেটাকে dropped করা হয়েছে এবং এটা খুবই যুক্তিসঙ্গত

কারণ হচ্ছে যে, life sentence-এর ব্যাপারে clearing, এটা misconception ছিল—"on life term imprisonment, the Supreme Court in a significant ruling, has held that life imprisonment implies a jail term of convict's entire life." এইটা Supreme Court-এর Bench জাস্টিস কে.এস. রাধাকৃষ্ণণ এবং মদন বি লোকুর, এদের বেঞ্চ এই রায়টা দিয়েছে যেটা আগেই বললেন যে, সারা দেশেই, সব রাজ্যেই এই রায়টা implement হবে। আমাদের এখানেও হবে। স্বাভাবিক ভাবেই explanation যেটা dropped করা হয়েছে এটা সঠিক এবং এর সঙ্গে সঙ্গে অপরাধটা, সমাজে যে অপরাধটা ঘটছে সেই অপরাধটাকে যারা একেবারে veteran অপরাধী তাদের তো শাস্তি থাকবেই। কিন্তু আমরা খবরের কাগজ খুললেই দেখতে পাচ্ছি যে, Too much is harmful যেখানে অধ্যাপকরা অপরাধ করছেন, শিক্ষকেরা অপরাধ করছেন, এমনি একটা সামাজিক মানুষ তিনি অপরাধ করছেন অর্থাৎ সেই ক্ষেত্রেও একটা remission policy থাকাও দরকার। এটা যুক্তিসঙ্গত। স্বাভাবিক ভাবেই এই জায়গায় দাঁড়িয়ে আমরা দেখেছি যে, আগে যে ব্রিটিশ আমলের জেল ছিল সেখানে অপরাধীদেরকে আরও augmentation করার ব্যবস্থা ছিল। স্বাধীন দেশে সেটা থাকা উচিৎ নয়। স্বাভাবিক ভাবেই আমরা দস্যু রত্নাকরের গল্প পড়েছি, যে জেলটাকে সংশোধনাগার করা হল সেখানে দস্যু রত্নাকর তার অপরাধটা তার স্ত্রী, বাবা-মা কেউ ভাগ নেবে না। একটু আগে যেটা বলা হল যে, পাপকে ঘৃণা করি পাপীকে নয়। তো ভাগ নেয়নি। সেই দস্যু রত্নাকর Mental motivation-এর মাধ্যমে সে বাল্মীকিতে পরিণত হয়েছিল। স্বাভাবিক ভাবেই আমাদের সংশোদনাগারে একটা উদ্দেশ্য হচ্ছে যে, মানুষকে Mental motivation করা। অপরাধের সঙ্গে যারা যুক্ত রয়েছে, এই যে একজন অধ্যাপক অপরাধ করে ফেলছেন, শিক্ষক অপরাধ করে ফেলছেন, সমাজের একটা সাধারণ মানুষ অপরাধের সঙ্গে যুক্ত হয়ে যাচ্ছেন, যেটা একটা কথা—Too much is harmful. ভোগটাকে আরও বেশি পাওয়ার জন্য এই রকম অপরাধের সঙ্গে যুক্ত হচ্ছেন তাদের remission থাকা দরকার। কিন্তু, remission-টা কোন পদ্ধতিতে হবে? এখন সরকার remission করবেন—প্রবোধবাবু বললেন যে, রাজ্যপাল করবেন। স্বাভাবিকভাবেই সেই জায়গায় দাঁড়িয়ে সরকার সুপারিশ করবেন। সেই সুপারিশের ক্ষেত্রে দলীয় কোনও দৃষ্টিভঙ্গি থাকা উচিৎ নয়। অর্থাৎ, দুস্থ রোগী বা মহিলা আছে, কোনও একটা অপরাধের সঙ্গে যুক্ত হয়ে গেছেন বা একটা শিশু আছে, স্বাভাবিক ভাবেই সেগুলির ক্ষেত্রে remission policy-টা থাকা দরকার। Remission policy-তে কোনও দলীয় দৃষ্টিভঙ্গি থাকা উচিৎ নয়। যেটা একটু আগে তরুণবাবু বললেন যে, সেটা হলে এর misconception নয়, misimplementation বেশি করে ঘটবে। অর্থাৎ, সংশোধন হবে না, অপরাধী তার আরও প্রমোশন হবে, augmentation ঘটবে। স্বাভাবিক ভাবেই আমরা চাই যে, অপরাধের decrease করা, increase করা নয়। অপরাধীটাকে যদি Decrease করতে হয়, সেই decrease করতে গেলে এই government remission policy-টা সেই ভাবে থাকা দরকার এবং মহিলা-শিশুদের ক্ষেত্রে কি classification হবে সে ব্যাপারে একটা clarification থাকা দরকার বলে আমরা মনে করি।

এছাড়া লাইফ ইম্প্রিজেনমেন্ট যেটা বলা হচ্ছে, বিদেশের ক্ষেত্রে দেখিছি, এল সালভাদরে

যাবজ্জীবন কারাদণ্ড হচ্ছে ৭৫ বছর, পানামাতে ৪০ বছর, ব্রাজিলে ৩০ বছর, কলম্বিয়াতে ৫০ বছর, ফ্রান্সে ৩০ বছর, দক্ষিণ আফ্রিকায় ২৫ বছর, অস্ট্রেলিয়ায় ১৫ বছর, জার্মানিতে ১৫ বছর, চীনে ২০ বছর। স্বাভাবিকভাবেই আমাদের এখানে ১৪ বছর বা ২০ বছর যেটা রয়েছে, রেমিশনটাও ঠিক সেই ভাবে ১৪ বছরের নিচে করা যাবে না। এখানে বলা হচ্ছে। স্বাভাবিক ভাবেই সরকারের সেই দৃষ্টিভঙ্গিতে, যাতে দস্যু রত্নাকর বাল্মীকি হয়, সেই ভাবে সংশোধনাগারকে ব্যবহার করা এবং এই এক্সপ্লানেশন যেটা তোলা হয়েছে সেটা খুবই বাস্তব। সুপ্রিম কোর্টের জাস্টিস রাধাকৃষ্ণণ এবং মদন বি লোকুর যে রায় দিয়েছেন সেই রায়ের সূত্র ধরেই এখানে সেটা ইমপ্লিমেন্ট হচ্ছে। তাই বিরোধিতার জন্য বিরোধিতা নয়, এই বিলকে সম্পূর্ণ রূপে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

Mr. Speaker : The Hon'ble Minister of State has sought for my permission to speak on the Bill. I have permitted her. I have allotted five minutes for her.

শ্রীমতি চন্দ্রিমা ভট্টাচার্য্য : অনারেবল স্পীকার স্যার, আমি আপনার কাছে কৃতজ্ঞ, আমি পাঁচ মিনিটের সময় আপনার কাছে চেয়েছি এবং আপনি তা মঞ্জুর করেছেন। বিলের ব্যাপারে বিশদে বিভাগীয় মন্ত্রী মহাশয় বলবেন। কিন্তু যেহেতু কয়েকটি আইনি বিষয় নিয়ে প্রসঙ্গ এই সদনে উঠেছে তাই আমি মাননীয় স্পীকার মহাশয়ের কাছে এই সময়টুকু চেয়েছিলাম।

এই বিলে শুধু সুপ্রিম কোর্টর যে ডিসিশন, সেই ডিসিশনকে ফলো করতে sub-section (6) of Scetion 61-কে omit করা হয়েছে। যেখানে ১৪ বছরের কথার উল্লেখ ছিল সুপ্রিম কোর্টের ডিসিশন বলে দিয়েছে যে, life imprisonment মানে for the entire life। সুতরাং, এই explanation omit করে শুধু সেইটুকু করা হয়েছে। Supreme Court-এর decision-র উল্লেখ আইনেতে না করলেও চলে। কিন্তু Supreme Court-র direction হচ্ছে, It has been followed, whether it is stated in the Bill or not, does not carry any sense. সুতরাং আমরা ফলো করেছি সুপ্রিম কোর্টের ডিসিশন এবং প্রসঙ্গ উঠেছিল যে, CRPC-তে যখন life imprisonment for the entire life তখন Section 57 of CRPC, সেখানে যে remission-র প্রশ্ন এসেছে সেটা কতদূর, এই যে life imprisonment-র যে প্রভিশন আছে তাকে curtail করে। এই ভারতবর্ষের বিভিন্ন কোর্ট, সেখানে There are plethora of decision, যেখানে এটা decided যে Section 57 কোনো মতেই কখনো life imprisonment-এর রাইটটা curtail করে না। Section 57 খালি কিছু কিছু জায়গায় যেখানে remission-এর প্রয়োজন সেই remission করবে। কিন্তু period-টাকে recon করতে শুধু ২০ বছরটাকে সামনে রাখবে। এটা, This is the only provision of Section 57 of CRPC. আর সেখানে এটা কখনোই Life imprisonment-কে curtail করে না। সেটাও বিভিন্ন জাজমেন্টে বলে দেওয়া হয়েছে। ফলে সরকারের এই বিল সম্পূর্ণত একটা সম্পূর্ণ বিল এবং সঠিক বিল। আমি ধন্যবাদ জ্ঞাপন করছি বিরোধীরাও এই বিলকে সমর্থন করেছেন। ধন্যবাদ।

শ্রী হায়দার আজিজ সফি : Thank you sir, ডিসকাশন হয়েছে। With your permission, Sir, I will try to explain the salient features of this amendment. As a matter of fact, Hon'ble Minister of Law has excplained few points. Actually, basically এই amendment আনা হচ্ছে, Supreme Court-র রুলিং আছে, এর মধ্যে আর কোনো ইস্যু নেই। It is constitutional matter. কেন আমরা করছি? না করলেও হত কিন্তু যখন আইনে ২০ বছর লেখা আছে তার বেসিসে লোকরা কোর্টে যাচ্ছে। বলছে, আইনে তো ২০ বছর লেখা আছে ; সুপ্রিম কোর্টের রুলিং আছে লাইফ ইমপ্রিজনমেন্টের ব্যাপারে। এই কনফিউশন দূর করার জন্য এই ওয়ার্ড তুলে দিচ্ছে।

[3.10–3.18 p.m.]

আমি আপনাদের বলছি সুপ্রিম কোর্টে Section 57-আমি পড়ে শুনিয়ে দিচ্ছি। এখানে বলেছে এই যে life imprisonment আছে that is life imprisonment. It has no limit that 20 years, 14 years, 25 years, 30 years. একটা নয়, আটটা, দশটা—continuous ruling চলে আসছে। লোকরা সুপ্রিম কোর্টে গেছে। But they are not giving any change এই জন্য The Act has to be changed আমি জিস্টটা আপনাদের বলে দিচ্ছি। The Hon'ble Court in Criminal Appeal No. 454 of 2006 Swamy Shraddananda @ Murali Manohar Mishra 'Vs- State of Karnataka, আছে, 54. At this stage, it will be useful to take a very brief look at the provisions with regard to sentencing and computation, remission etc. of sentences. Section 45 of the Penal Code defines 'life' to mean the life of the human being, unless the contrary appears from the context. Section 53 enumerates punishments, the first of which is death and the second, imprisonment for life. Sections 54 and 55 give to the appropriate Government the power of commutation of the sentence of death and the sentence of inprisonment for life respectively'. The Government can do that—That is a different issue. Section 55A defines "appropriate Government". Section 57 provides that in calculating fractions of terms of punishment, imprisonment for life shall be reckoned as equivalent to imprisonment of twenty years. এটা আইনে ছিল। It is now conclusively settle by a catena of decisions that the punishment of imprisonment for life handed down by the Court means a sentence of imprisonment for the convict for the rest of his life. এটা হচ্ছে আট-দশটা কেসে রুলিং দেওয়া আছে। এর মধ্যে There is no question of discussion as such. Because this is a Supreme Court ruling. The Government has the power.

১৪ বছর পরে কনসিডার করে a Committee headed by the Home Secretary on the basis of its recommendation remission 14 বছর আগে

কোন remission, যেখানে যেখানে remission দেওয়া হচ্ছে any discussion, as such because এটা হচ্ছে সুপ্রিম কোর্টের রুলিং, ওর বেসিসে এটা আমরা করেছি। এখন Government has the power, there is a committee headed by the Home Secretary which on the basis of the recomendations - ওরা কনসিডার করে রেমিশনের। কিন্তু ১৪ বছরের আগে কোনো রেমিশন কনসিডার করা হয় না। আমরা করছি সেটা ১৪ বছর যেখানে যেখানে আছে সেখানে, ওর আগে যেখানে open correctional home আছে যেরকম মুর্শিদাবাদে, সেখানে আমরা পাঠিয়ে দিচ্ছি। Open correctional home হচ্ছে which is as good as house যেখানে আমরা কোয়ার্টার করে দিয়েছি। সেখানে ফ্যামেলির সংগে থাকতে পারবে। তারপর একবছর, দেড় বছর পরে, Open correctional home এ থাকার পরে কমিটি consider করে, ছেড়ে দেওয়া হচ্ছে। আমরা অন্য একটা open correctional home খুলতে যাচ্ছি দুর্গাপুরে। So, actually we are taking steps যে কি করে এদের তাড়াতাড়ি ছেড়ে দেওয়া যায়। এদের conduct-এর উপর ডিপেন্ড করছে as per law. remission দেওয়া হয় প্রত্যেক মাসে দু দিন, তিন দিন করে। as per law। কিন্তু life convicted remission system নেই। লাইভ কনভিকটেড- কিন্তু পেপারসে আমরা রেমিশন দেখাচ্ছি। আমি তো অনেক কারেকশনাল হোমে ঘুরেছি। লাইভ কনভিকটেড তো আমি দেখেনি কোথাও থাকতে। আমরা দেখলাম ২০-২২ বছর পর বেশিরভাগই ছাড়া পেয়ে যাচ্ছে। except TADA case. TADA case remission দেওয়া হচ্ছে না. So, This amendment আনা হয়েছে basically for implementation of the Supreme Court's order. Hon'ble Member Prabodh Chandra Sinha বললেন, West Bengal Correctional Home নিয়ে। এই amendment টা only the State Government can do. Different State এ - সব জায়গায় করা হচ্ছে। The amendment has nothing to do with the crime prevention. আপনারা বললেন, amendment টা crime prevention নিয়ে। crime prevention চোখের সামনে রেখে দেওয়া হচ্ছে না। এটা crime prevention এর স্টেপ নয়।

যে crime prevention এই অ্যামেন্ডমেন্টটা চোখের সামনে রেখে দেওয়া হচ্ছে না, এটা crime prevention স্টেপ নয়। It is just an enforcement of the Supreme Court order. Thats all. তারপর হচ্ছে, পরেশবাবু আপনি যে রকম বললেন, welfare measures. আমি রিকোয়েস্ট করবো যদি উনি ইন্টারেস্টেড থাকে তাহলে আই ক্যান অলওয়েজ appoint a ভিজিটর। আপনারা জানেন, আমাদের একটা স্ট্যান্ডিং কমিটি আছে হোম ডিপার্টমেন্টের সেখানে বিধায়করা সদস্য। তারা টাইম টু টাইম ভিজিটে গিয়েছিলেন। এই তো রিসেন্টলি গিয়েছিলেন Presidency Correctional Home- এ, আলিপুরে গিয়েছিলেন। আমি বললাম কোনো প্রবলেম আছে, আপনারা কথা বলে এসেছেন। না, প্রবলেম নেই, একটু জলের প্রবলেম আছে। ওটা যদি কয়েক জায়গায় দেখেন। ঠিক আছে, আমরা অলরেডি টেক-আপ

করে নিয়েছি। তারপর হচ্ছে, CRPC Amendment নিয়ে মাননীয়া চন্দ্রিমা ভট্টাচার্য বললেন, CRPC আমরা Amendment করতে পারি না। আমরা অ্যামেন্ড করতে পারি আমাদের অ্যাক্টটা। তারপর charge sheet সম্বন্ধে বললেন। পুলিশ যে charge sheet দেয় সেটা তো বেস্‌ড অফ ফ্যাক্ট দেয়। যে ঘটনা ঘটে থাকে তার উপরই সাজা হবে কি হবে সেটা-কোর্ট ডিসাইড করবে। Whenever police gives charge sheet, on the basis of that, court punishment দেয়। যে ঘটনা ঘটেছে 4 সেটাই চার্জশীটে মেনশান করে দিচ্ছে। আমাদের নস্কর বাবু বললেন, life imprisonment নিয়ে। life imprisonment is life imprisonment. That is the basis of the entire thing. যেটা ঘটনা সেটাই চার্জশিটে আসে। তার মধ্যে অন্য কোনো ওয়ে নেই। যা সুপ্রিম কোর্টের অর্ডার আছে we have just incorporated that without mentioning যে এটা Supreme Court order because we cannot mention that, আমরা এটা মেনশান করতে পারি না। এই বেসিসে হয়েছে, আমি grateful যে মোটামুটি সবাই support করেছে। সবাইকে Thanks দিচ্ছি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : The question before the House is that the Bill be taken into consideration. As many as are of that opinion will please say Aye and as many are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Clause 2

There is no amendment to Clause 2. The question that clause 2 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill.

There is no amendment to Clause I, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So, I put Clause, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Now, the Hon'ble Minister-in-Charge of Correctional Administration Department may please move the Motion for passing the Bill.

Shri Haider Aziz Safwi : Sir, I beg to move that the West Bengal Correctional Services (second Amendment) Bill, 2013, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that the Bill, as settle in the Assembly, be passed. As many as are of that opinion will please say Aye and as many as are of the Contrary Opinion will please say No. Ayes have it, Ayes it. The Bill is passed. The Bill is passed.

Adjournment

The House was then adjourned at. 3.18 p.m till 11 a.m. on Wednesday, the 20th Novenber, 2013, at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 20th November, 2013 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 29 Ministers, 05 Ministers-of-State, 14 Parliamentary Secretaries and 186 Members.

[11.00–11.10 a.m.]

QUESTIONS AND ANSWERS

(নয়েজ)

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমার একটা পয়েন্ট অফ ইনফরমেশান আছে। সেজন্য কোশ্চেন আওয়ারের পরে আমাকে বলার সুযোগ দেওয়ার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

মিঃ স্পীকার : ঠিক আছে। ইন দি মিন টাইম *কোশ্চেন নম্বর ১৩ ইজ হেল্ড ওভার। আমি মাননীয় বিরোধী দলের নেতার উদ্দেশ্যে বলছি যে আপনার কোশ্চেনটা হেল্ড ওভার। আজকে মাননীয় মন্ত্রী নেই। উনি বলে গেছেন। উনি পরে উত্তর দিয়ে দেবেন।

Starred Questions (to which oral answers were given)

বন্ধ কারখানার জমি

*১৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৩০) শ্রী নির্মল ঘোষ : শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে বন্ধ কারখানাগুলির মোট জমির পরিমাণ কত; এবং

(খ) বন্ধ কারখানাগুলির পুনর্গঠনের বিষয়ে কি কি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে / হচ্ছে?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক শ্রী নির্মল ঘোষ কর্তৃক উত্থাপিত তারকাচিহ্নিত প্রশ্নের উত্তর —

(ক) সরকার বন্ধ রুগ্ন কারখানাগুলির মালিকানাধীন অতিরিক্ত জমির চিহ্নিতকরণ ও পরিমাণ নির্ধারণের জন্য আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন একটি সংস্থাকে সমীক্ষার দায়িত্ব দিয়েছে।

সংস্থাটি সমীক্ষাকৃত প্রাথমিক প্রতিবেদন থেকে এটা অনুমান করা যায় যে, ২৩৩ টি রুগ্ন বন্ধ কারখানাতে ১০০৯১.৮৩ একর উদ্বৃত্ত ও ৯৮৮১.৯৩ একর অব্যবহৃত জমিসহ মোট ১৯৯৮২.২৬ একর জমি রয়েছে।

এ বিষয়ে সংযোজন করা যেতে পারে যে, উপরোক্ত ২৩৩টি সংস্থা ছাড়াও এখনও ২১৬টি সংস্থার ক্ষেত্রে বিশ্লেষণ ও সমীক্ষার কাজ চলছে।

বিষয়টির পূর্ণাঙ্গ রূপরেখা সমীক্ষার চূড়ান্ত প্রতিবেদন পাওয়া গেলে খুব শীঘ্রই দেওয়া যাবে বলে আশা করা যায়।

(খ) এ বিষয়ে গৃহীত নীতি ও ব্যবস্থাগুলি সম্পর্কে বলা যেতে পারে যে,

(১) রুগ্ন / বন্ধ / দুর্বল কারখানাগুলির বিষয়ে সার্বিক সমীক্ষার উদ্দেশ্যে একটি স্বাধীন উপদেশদাতা সংস্থাকে দায়িত্ব দেওয়া হয়েছে এবং খুব শীঘ্রই ওই সংস্থার প্রতিবেদন পাওয়া যাবে বলে আশা করা হচ্ছে।

(২) যোগ্য শিল্পসংস্থাগুলির মধ্যে যেগুলির পুনরুজ্জীবন প্রকল্প বি.আই.আফ.আর.-এর অনুমোদন লাভ করেছে, সেগুলির ক্ষেত্রে প্রাপ্য সুযোগ-সুবিধা ও ছাড় প্রদানের মাধ্যমে সংস্থাটির পুনরুজ্জীবনে এই সরকার নীতিগত ভাবে সম্মত হয়েছে।

(৩) নতুন শিল্পস্থাপনে বিনিয়োগে ইচ্ছুক শিল্পোদ্যোগীদের নতুন শিল্পের সাথে সাথে একটি রুগ্ন বন্ধ কারখানা অধিগ্রহণের বিষয়ে বিবেচনা করবার জন্য আবেদন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

(৪) সরকার প্রত্যাশা করে যে, শিল্পের উপযোগী অবস্থা সৃষ্টির মাধ্যমে নতুন বিনিয়োগকারীরা আকৃষ্ট হবেন ও একই সাথে উপযুক্ত সময়ে পুনরুজ্জীবনের সম্ভাবনাসম্পন্ন রুগ্ন / বন্ধ কারখানাগুলি অধিগ্রহণ করে পুনরুজ্জীবিত করবেন।

(৫) রাজ্য সরকার বন্ধ / রুগ্ন শিল্পগুলির পরিচালনার জন্য নতুন বিনিয়োগকারীদের উদ্যোগী হওয়ার আহ্বান জানাচ্ছে। মহামান্য উচ্চ আদালতের অনুমোদন সাপেক্ষে এই ধরনের কিছু রুগ্ন / বন্ধ কারখানা অধিগ্রহণের বিষয়ে কিছু নবোদ্যোগী আগ্রহ প্রকাশ করেছেন।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ, তিনি আমার প্রশ্নের উত্তর ডিটেলে দিয়েছেন। আমার অতিরিক্ত প্রশ্ন, সবারই একটা আশঙ্কা ছিল যে শিল্পগুলি বন্ধ হয়ে গিয়েছে, যেগুলি রুগ্ন হয়ে গিয়েছে সেই হাজার-হাজার একর জমিগুলি ব্যবহৃত হচ্ছে না সেখানে আমাদের সরকার — আপনি এবং বিশেষ করে মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে যে সিদ্ধান্ত হয়েছে যে, শিল্পের জমিতে আমরা শিল্পই স্থাপন করব এবং সেই উদ্যোগও আমরা নিয়েছি। তারপরে হলদিয়া থেকে একেবারে মহারাষ্ট্রের মুম্বাই পর্যন্ত এবং পরবর্তীকালে আমাদের রাজ্যের শিল্পগোষ্ঠীর সঙ্গে আপনার যে সমস্ত আলোচনা হয়েছে সেটা আপনি বলেছেন যে, বন্ধ কল-কারখানায় যারা শিল্প করতে চায় বা শিল্প অধিগ্রহণ করতে চায় সেক্ষেত্রেও একটা আশার আলো আপনি জাগিয়েছেন এবং সবচেয়ে বড়

কথা যেটা আমরা ভুলেই গিয়েছিলাম যে, শিল্পের যারা মালিক বা পরিচালন গোষ্ঠী যদি ইচ্ছে করে বন্ধ করে দেয় তাহলে সেখানে হাজার-হাজার শ্রমিক কর্মচ্যুত হবে। আমি আপনাকে বলব, আপনি বলেছেন যে আর একটু সময় লাগবে। কারণ বি.এফ.আই.আর. থেকে যেগুলো এসেছে তার সংখ্যাটা কম নয় — ৩৪৭টা প্রাইভেট কোম্পানী এসেছে। প্রাইভেট কোম্পানী যেগুলো বি.আই.এফ.আর. থেকে এসেছে এই উদ্দেশ্য নিয়ে আমি বলব স্পীকার স্যার যে, এতো এতো শ্রমিক যুক্ত আছে যেমন ১৯ হাজার— প্রায় ২০ হাজার একর জমি পড়ে আছে, তেমনি কয়েক লক্ষ শ্রমিক কেউ ৩০ বছর, ২৮ বছর, ২৫ বছর চাকরী করেছে তাদের কী হবে? এই জমিগুলো ইউটিলাইজ করার ব্যাপারে আপনি বলেছেন কিন্তু শ্রমিক কর্মচারী যারা এই শিল্পের সঙ্গে যুক্ত ছিল তাদের ভবিষ্যৎ সম্বন্ধে আপনার কোন পরিকল্পনা আছে কি না জানাবেন।

শ্রী পার্থ চ্যাটার্জী : আমি প্রথমেই মাননীয় অধ্যক্ষের মাধ্যমে আপনাকে বলি যে, আপনার প্রশ্নটা ছিল বন্ধ কারখানার জমি সংক্রান্ত। এই যে কারখানাগুলোর সংখ্যা এখানে আমি দিয়েছি ২১৬টি এবং ২৩৩টি যেগুলো বহুদিন ধরে বন্ধ হয়ে গিয়েছে সেগুলি সম্পর্কে আমরা জানবার চেষ্টা করছি। যেগুলো সিক্ হয়ে গিয়েছে অর্থাৎ রুগ্নতায় পরিণত হয়েছে বা একটু ভাগ করে যদি বলা যায় রুগ্নতার দিকে যাচ্ছে সেগুলোকে আমরা অ্যাড্রেস করছি। এই মহতী সভায় বিদগ্ধ বিধায়ক যারা রয়েছেন নিশ্চয়ই আপনারা সকলেই জানেন যে, এই বেসরকারী যে সমস্ত শিল্প প্রতিষ্ঠানগুলি আছে, এমনকি সরকারী শিল্প প্রতিষ্ঠান, কেন্দ্রীয় সংস্থা যেগুলি আছে, প্রত্যেকটির ক্ষেত্রে এতো লিটিগেশান এবং এতো আইনি জটিলতা আছে. এতো প্রাপক আছে — একদিকে শ্রমিকদের পাওনা আছে, অন্যদিকে ভেন্ডারদের পাওনা আছে, অন্যদিকে সরকারের পাওনা আছে। সরকার তার নিজেরটা ছেড়ে দিতে পারে কিন্তু অন্য দিকগুলোও কিভাবে কি করা যায় আমরা চেষ্টা করছি — আমরা আইন এনে কোনো ব্যবস্থা করা যায় কিনা দেখছি। অন্যদিকে যেগুলো রুগ্নতায় আছে সেগুলোকে আমরা সংগঠিত ভাবে—আমি খুব দ্ব্যর্থহীন ভাষায় বলছি, কোনো শ্রমিক কাজ হারাবেন না। আপনার প্রশ্নটা ছিল শ্রমিকদের ব্যাপারে। আমাদের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেছেন যে, পুনরুজ্জীবিত বা পুনর্গঠনের করবার লক্ষ্যে যদি আমরা যাই তাতে শ্রমিকরা কোন কাজ হারাবেন না — যাদের নাম আছে, নিয়মিত শ্রমিক যারা আছেন, যারা কাজ করছেন রুগ্ন শিল্পে, তাদেরকে ইতিমধ্যেই আমরা ৪টি শিল্পকে একত্রিত করেছি, করে তাদেরকে জায়গা দিয়েছি এবং কাউকে - কাউকে আলাদা জায়গা দেওয়ার পরে সেই জায়গায় উপরে তাদের শিল্প পুনর্গঠিত বা পুনরুজ্জীবন করবার জন্য আমরা পদক্ষেপ গ্রহণ করেছি। সরকারের লক্ষ্য হচ্ছে খুব পরিষ্কার — কোনো অবস্থাতেই পুনর্গঠন বা পুনরুজ্জীবনের নাম করে সরকার শ্রমজীবী মানুষকে আঘাত করবে না।

[11.10–11.20 a.m.]

শ্রী নির্মল ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার শেষ সাপলিমেন্টারি আপনি একটা আশার আলো জাগিয়েছেন পুনরুজ্জীবন করা, পুনর্গঠন করার যে সম্ভাবনা, তার সঙ্গে আপনি বলেছেন কারখানাগুলোকে অধিগ্রহণ করা। মাননীয় মন্ত্রীকে আমি আপনার মাধ্যমে জিজ্ঞেস করি এরই মধ্যে

আপনার কোনো পরিকল্পনা রয়েছে যে কোনো কোনো শিল্পগুলোকে আপনি এখন বা অদূর ভবিষ্যতে অধিগ্রহণ করতে পারেন?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আমি মাননীয় বিধায়ককে অবগতির জন্য মহতী সভায় জানাই যে আমরা সরকারে আসার পর লক্ষ্য করেছি, আমাদের যে নীতি, ইতিমধ্যেই শিল্পনীতি ঘোষিত হয়েছে, ইতিমধ্যেই তথ্য-প্রযুক্তি নীতি, ইনসেনটিভ শিল্প ও তথ্য-প্রযুক্তিতে ঘোষিত হয়েছে। ইতিমধ্যেই টেক্সটাইল পলিসি ঘোষিত হয়েছে, যা ছিল না। ইতিমধ্যেই এম.এস.এম.এ. নীতি ঘোষিত হয়েছে। এইগুলো করবার পর আমরা নিয়মিতভাবে বণিকসভার প্রতিনিধিদের সঙ্গে আলোচনায় বসি। মুখ্যমন্ত্রী সেখানে নিজে উপস্থিত থেকে পৌরোহিত্য করেন। যে সমস্ত রুগ্ন শিল্পগুলো আছে তার তালিকা তাদের হাতে তুলে দিয়ে আমরা তাদেরকে বলেছি যে এর মধ্যে থেকে আপনারা একটা নতুন শিল্পের সঙ্গে একটা যদি রুগ্ন শিল্প নেন, এমনকি বন্ধ শিল্প যেটা রয়েছে, সেটাও যদি আপনারা গ্রহণ করেন। তাতে অনেকেই বলেছেন যে আমরা দেব। কিন্তু জানেন তো ডি.পি.আর. দিতে হয়, তাদের নিজস্ব লায়াবেলিটির খবর নিতে হয়। আগের সরকারের আমলে আমরা দেখেছিলাম যে জমি নেওয়া হয়েছে, এক টাকায় জমি দিয়ে দেওয়া হয়েছে, তারপর দেখা গেল সেই জমির উপর বাড়ি তৈরি হয়েছে। আমরা সেদিকে লক্ষ্য রেখে বলি যে শিল্পের জমিতে শিল্পই করতে হবে, উচ্চ অট্টালিকা করা যাবে না, যা আগের সরকার করে গেছে।

শ্রী বাসুদেব খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার একটি অতিরিক্ত প্রশ্ন শিল্প তৈরি করার জন্য জমি একটা বড় সঙ্কট দেখা দিয়েছে। আপনার উত্তরে বলেছেন যে অব্যবহৃত জমি ৯৮৮৯.৯৩ একর। এই অব্যবহৃত জমি শিল্পের জন্যে ব্যবহারের ব্যাপারে আপনার কি কোনো চিন্তা ভাবনা আছে?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাই যে আপনি উত্তরটা ভালো মত দেখুন কাদের হাতে আছে এই জমি। আমাদের ২৩৩টি বন্ধ রুগ্ন কারখানা যা প্রাথমিক রিপোর্টে সেই পেশাদারি সংস্থা, তাদেরকে দিয়ে তো আমরা কাজটা করাচ্ছি, তারা যেটা হাতে দিয়েছে, তাতে বলেছে যে অব্যবহৃত, অর্থাৎ তাদের হাতে আছে। আমরা সেটাকে কিভাবে নিয়ে আসতে পারি সেটার জন্যে সরকার উদ্যোগী হয়েছে।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : অনারেবল স্পীকার স্যার, আপনার মাধ্যমে অতিরিক্ত প্রশ্ন আজকে যারা সরকারে আছেন সেই তৃণমূল কংগ্রেস তার ইস্তাহারে ঘোষণা করেছিলেন সরকারে আসার পরে যে সমস্ত বন্ধ কল-কারখানা আছে, সেগুলো চালুর ব্যবস্থা করবেন বেকারদের স্বার্থে। আমার পরিষ্কার কথা এই সময়ের মধ্যে কতগুলো বন্ধ কল-কারখানা আপনি খুলতে পেরেছেন কত একর জমির উপর?

শ্রী পার্থ চ্যাটার্জী : আপনাকে ধন্যবাদ যে আপনার ৩৫ বছর পর ঘুমটা ভেঙেছে বলে। ৩৫ বছরে তো সবই বন্ধ করে গেছেন, এখন বলছেন আড়াই বছরে খুলে দিন। এ একটা অদ্ভুত কথা আপনারা বলেন। আমাদের প্রধান লক্ষ্য ছিল দুটো জিনিস। এক হচ্ছে বি.আই.এফ.আর এ

যারা গেছে, আগের সরকার করিতকর্মা সরকার ছিল বি.আই.এফ.আর. কে জানায়নি যে শিল্পের জমিতে শিল্পই করতে হবে। আমরা বি.আই.এফ.আর এ গিয়ে লক্ষ্য করে দেখলাম যারা জমি নিচ্ছেন তাতে এই শর্তটা ছিল না। আমরা তাই আইনে পরিবর্তন করেছি। আপনি জিজ্ঞেস করুন কি কি করেছেন। আইনের প্রথমটা পরিবর্তন করেছি যে বি.আই.এফ.আর. বলে দিল আর জমিটা নিয়ে নিলেন, সেই জমির উপরে কংক্রিটের জঞ্জাল বাড়িয়ে দিলেন, তা নয়! নিশ্চয়ই আপনাদের জমির দরকার হতে পারে। কিন্তু শিল্পের জমি শিল্পের কাজেই ব্যবহার করতে হবে। এটা প্রথম পরিবর্তন আইনে আমরা এনেছি। দ্বিতীয় হচ্ছে, আমাদের হাতে যে কটা পি.এস.ইউ. আছে, সেইগুলোকে একটা একটা করে পুনর্জীবিত করার চেষ্টা করছি। অলরেডি ৫টা ভালো ফল দিচ্ছে। অন্যগুলোর তিন-চারটে আছে, সেইগুলোকে যদি একটু সাহায্য করা যায়, আর একটু বেশী রিস্ট্রাকচারিং করা যায় তাহলে সেইগুলোরও বাঁচার সম্ভাবনা আছে। অন্য দিক দিয়ে ইতিমধ্যেই নীতিগতভাবে আমরা সিদ্ধান্ত নিয়েছি, আমাদের যে ৪টি একেবারেই চলছে না, রুগ্ন শিল্প, তাদের একত্রিতকরণ করা এবং সেই জমি শিল্পের কাজে আবার ব্যবহার করা। সেই কাজ অনেকটা এগিয়ে গেছে। আমাদের ক্যাবিনেটে পাশ হয়ে গেছে, আমরা তা শুরুও করে যাব। আপনারা জানেন নিসকোতে অত জমি লাগার দরকার নেই, ৬ একর জমির উপর তাদের কে.পি.এম.জি.-কে দিয়ে করানো হচ্ছে। তাদের আবার পুনরুজ্জীবিত করা হবে। বাদবাকি জমি যেটুকু আছে, তাতে পাওয়ারলুম সেক্টর তৈরী করার সিদ্ধান্ত সরকার গ্রহণ করেছে। আপনি যদি বলেন, কটা শিল্প হয়েছে, কি ভাবে হয়েছে, কটা বন্ধ কারখানা — যেমন ধরুন জেসপ। আগে জেসপে তো আমি শুনিনি, আমি নিজে, এখন সূর্যবাবু যেখানে বসছেন সেখানেই বসতাম, আমি তো শুনিনি যে সবাই মিলে গিয়ে হুমকি দেবে কারখানা ক্লোজার করে দেবো। আমরা সবাই মিলে ঐক্যমতের ভিত্তিতে আলোচনা করার চেষ্টা করছি। বিগত দিনে আমি দেখিনি। বহুবার বলেছি। আপনি ধরুন ডানলপ। কতবার আমরা বলেছি ডানলপকে কেন আপনারা ছেড়ে দিলেন? এরকম ভাবে একটা এগ্রিমেন্ট তৈরী হ'ল। এইগুলো করতে গেলে, আপনাদের পাপ কাজগুলো সরাতে গেলে, আপনাদের জঞ্জালগুলো সরাতে গেলে তো একটু সময় লাগবে। তবে সরাব।

ডঃ তরুণ কান্তি নস্কর : মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ যে তিনি বলেছেন বন্ধ কারখানার জন্য কত জমি অতিরিক্ত, অব্যবহৃত অবস্থায় পড়ে আছে। আমরা শুনছি হাওড়া, হুগলী, উত্তর ২৪-পরগনার ব্যাপক শিল্পাঞ্চলে বন্ধ কলকারখানায় জমির চরিত্র বদলাচ্ছে, প্রোমোটাররা অনেক জায়গা বিক্রি করে দিচ্ছে, কিন্তু সেইসব বন্ধ কলকারখানার শ্রমিকরা তাদের ন্যায্য ডিউস পাচ্ছে না। বিষয়টা যদি সত্যি হয় তাহলে আপনার কাছে প্রশ্ন, সেইসব বিশেষ মালিকদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হচ্ছে এবং শ্রমিকদের পাওনা আদায়ের জন্য সরকার কি ব্যবস্থা নিচ্ছে?

শ্রী পার্থ চ্যাটার্জী : আমরা প্রত্যেক ডি.এম. কে বলে রেখেছি যাতে জমির চরিত্র বদল করার কোনোরকম সুযোগ কেউ না পায়। আমাদের দপ্তর থেকেও তা জানানো হয়েছে, মুখ্যমন্ত্রী নিজেও মিটিং করে বলে দিয়েছেন যে জমির চরিত্র বদল করা যাবে না। আর আপনি বলেছেন যে, বন্ধ কারখানার জমি অন্যত্র দিয়ে দেওয়া হচ্ছে। এরকম যদি আপনার জানা থাকে তাহলে তার তালিকা আমাদের দিন। আমার কাছে তো এরকম কোন তালিকা নেই, আমি খুঁজে বেড়াচ্ছি। আপনি

যেসব জায়গার কথা বললেন তার বেশীরভাগটাতেই পরিবেশগত কারণে কারখানাগুলোকে বন্ধ করে রেখে দেওয়া হয়েছে। আমরা চেষ্টা করছি, কেন্দ্রীয় সরকারের কাছে বারবার আবেদন করছি যে, হাওড়ার যে অংশে, যেটা মূলতশিল্পাঞ্চল, সেই অংশের পরিবেশগত কারণে যে নিষেধাজ্ঞা আছে সেটা যেন তারা তুলে নেন। আর আপনার জ্ঞাতার্থে জানাচ্ছি যে, দু - চারদিন আগে সেখানে একটা ইন্ডাস্ট্রিয়াল লজিস্টিক পার্ক তৈরী করা হয়েছে। তার ভিত্তিপ্রস্তর স্থাপনে আমরা সকলে গিয়েছিলাম। ৬২৫ কোটি টাকার ওই সংস্থা। বিভিন্ন ধরনের, ১৪টি রকমের ডিপার্টমেন্টের একই ছাদের তলায় তারা তৈরী করবে। সেখানে ট্রেনিংয়ের ব্যবস্থা থাকবে, আই.টি.আই.-এর ব্যবস্থা থাকবে। সব নিয়ে তারা এই কাজটা করছে। প্রায় চার হাজার ডাইরেক্ট ইনডাইরেক্ট লোকের কর্মসংস্থান হবে। আমরা ধীরে ধীরে আবার হাওড়াকে জাগিয়ে তুলছি। কেননা হাওড়া এক কালে শেফিল্ড ছিল। আজকে যারা বাঁ দিকে চিৎকার করছেন তাদের হাতে পড়ে হাওড়ার আজকে এই অবস্থা হয়েছে।

শ্রী তজমুল হোসেন : সরকার পরিবর্তন হবার পর আপনারা ঘোষণা করেছিলেন যে, শিল্পে বিনিয়োগের জন্য ল্যান্ড ব্যাঙ্ক তৈরী করার। এই ল্যান্ড ব্যাঙ্কের পরিকল্পনা কি বাস্তবায়িত হয়েছে?

[11.20–11.30 a.m.]

এবং এই আর্থিক বছরে শিল্প বিনিয়োগের প্রস্তাব এসেছে, কি কি এসেছে দয়া করে জানাবেন কি? ল্যান্ড ব্যাঙ্ক কি সত্যিই তৈরী হয়েছে?

শ্রী পার্থ চ্যাটার্জী : এতো আপনি অন্য জিনিস নিয়ে চলে এলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় এটাতো বন্ধ কারখানার বিষয় ছিল উনি একেবারে অন্য দিকে চলে গেলেন। তবুও আমি আপনাকে জানাচ্ছি। আমি বলছি যে আমাদের ল্যান্ড ব্যাঙ্ক অলরেডি ইন প্রেস। আমাদের যে সমস্ত নোডাল এজেন্সী আছে — ডব্লু বি আই ডি সি, আই আই ডি সি, হাডা, এইচ এ ডি এ, হলদিয়া ডেভলপমেন্ট অথরিটি এদের সকলকেই আমরা বলেছি যে উদ্বৃত্ত যে জমি পাওয়া গেছে যা এখনও পর্যন্ত শিল্পের জন্য ব্যবহার করা হয়নি তার তালিকা দিতে। আপনারা আমাদের ডিপার্টমেন্ট এবং ল্যান্ড ডিপার্টমেন্টে যদি ওয়েবসাইটকে যদি আপনারা ফলো করেন দেখবেন এটা দেওয়া আছে।

কারখানার মালিক কর্তৃক শ্রমিকদের পি.এফ.-এর টাকা জমা না দেওয়া

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬) **শ্রী অসিত মিত্র :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বেশ কিছু কারখানার মালিক শ্রমিকদের পি. এফ-এর টাকা জমা দেয়নি; এবং

(খ) সত্যি হলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছে / করছে?

শ্রী পূর্ণেন্দু বসু : হ্যাঁ কিছু কারখানার মালিক শ্রমিকদের পি এফ-এর টাকা জমা দেয়নি।

এমপ্লয়ীজ প্রভিডেন্ট ফান্ড এবং মিসলেনিয়াস প্রভিশন্‌স অ্যাক্ট, ১৯৫২ একটি কেন্দ্রীয়

আইন। এই আইনে নিযুক্ত আধিকারিকরা আইনটি বলবৎ করেন। প্রভিডেন্ট ফান্ডের আঞ্চলিক অফিস থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী নিম্নবর্ণিত কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে জানা গেছে।

(১) উক্ত আইনের ৭এ ধারা অনুযায়ী প্রাপ্য অর্থের পরিমাণ দ্রুত নির্ধারণের ব্যাপারে অনুসন্ধান শুরু হয়েছে।

(২) বর্তমান এবং অনাদায়ী পাওনা দ্রুত আদায়ের জন্য উদ্ধারকার্য শক্তিশালী করা হয়েছে।

(৩) ব্যাঙ্কে গচ্ছিত টাকা ক্রোক করে আদায় করা।

(৪) ভারতীয় দণ্ডবিধির ৪০৬/৪০৯ ধারায় যে সব মামলা রুজু করা হয়েছে, সেগুলির ব্যাপারে পুলিশ কর্তৃপক্ষ যাতে দ্রুত ব্যবস্থা নেয়, তার ব্যাপারে যোগাযোগ করা।

(৫) এমপ্লয়ীজ প্রভিডেন্ট ফান্ড ট্রাইবুনাল গঠন।

এছাড়াও পি.এফ. দপ্তর কর্তৃক নিম্নোক্ত সংখ্যক মামলা রুজু করা হয়েছে—

(ক) ভারতীয় দণ্ডবিধির ৪০৬/৪০৯ ধারা অনুযায়ী গৃহীত ব্যবস্থা :

কলকাতা ডিভিশন	জলপাইগুড়ি ডিভিশন	মোট মামলার সংখ্যা
৩২	১৬	৪৮

(খ) এমপ্লয়ীজ প্রভিডেন্ট ফান্ড এবং মিসলেনিয়াস প্রভিশন্স অ্যাক্ট, ১৯৫২-র ১৪নং ধারা অনুযায়ী গৃহীত ব্যবস্থা :

কলকাতা ডিভিশন	জলপাইগুড়ি ডিভিশন	মোট মামলার সংখ্যা
১৪২	০	১৪২

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন — বর্তমানে মাননীয় মন্ত্রী প্রথমে যে প্রশ্নটির উত্তর দিয়েছেন তাতে বলা হয়েছে কিছু কারখানার মালিক শ্রমিকদের পি এফের টাকা জমা দেয়নি। আপনার কাছে আমার অতিরিক্ত প্রশ্ন — কতগুলি কারখানার মালিক পি এফের টাকা জমা দেয়নি এবং এই কারখানাগুলি কি কি?

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় সদস্যের অবগতির জন্য জানাই যে, আমাদের কাছে এই পর্যন্ত যে তথ্য আছে সেই তথ্য ইতিমধ্যে প্রকাশিত হয়েছে বার্ষিক অনুমোদন শ্রম দপ্তরের লেবার ইন ওয়েস্ট বেঙ্গলে। সেখানে অনেক আগেই প্রকাশিত হয়েছে। আমরা এই হিসাবটা পাই ১০ লক্ষ টাকার উপরে যাদের বাকী আছে। ১০ লক্ষ টাকার উপরে যাদের পি এফের টাকা বাকী আছে, তার সংখ্যা এখানে ২৩০। ১০ লক্ষ টাকার নীচে যাদের বাকী আছে, তাদের কোনো লিস্ট এখনও পর্যন্ত পি এফ দপ্তর থেকে পাওয়া যায়নি। আমি চেষ্টা চালাচ্ছি। এর মধ্যে উল্লেখযোগ্য হল জুটমিল ৩৭টি, চা বাগান ৫৬ টি আছে। অর্থাৎ ২৩০টির মধ্যে ৯৩ টি হল জুট এবং টি। এছাড়া কিছু

টেক্সটাইল, ইঞ্জিনিয়ারিং রয়েছে এই ২৩০ এর মধ্যে। সেখানে আমি দেখতে গিয়ে অবাক হয়ে গিয়েছি যে বহু বছর ধরে এই পি এফের টাকা বাকী। এটা শুধু এই আড়াই বছরের নয়, দীর্ঘকাল ধরে বাকী। তখন আপনারা যারা বিভিন্ন দলের শ্রমিক নেতারা আছেন, যারা পি এফ রিজিওনাল বোর্ডের মেম্বার, তারা এতদিন ধরে কি করেছেন এটা আমার কাছে একটা আশ্চর্যজনক জায়গা দাঁড়াচ্ছে। আপনারা আশ্চর্য হয়ে যাবেন এই যে ২৩০ টি কারখানা বছরের পর বছর তাদের বকেয়া জমাতে জমতে আজকে কোথায় এসেছে এবং এই প্রসঙ্গে আমি আর একটা কথা বলব যে আমরা উদ্যোগ নিয়েছি আগের যে পদ্ধতিগুলি বলা হল সেই পদ্ধতিতে রিকভার করার এবং সেক্ষেত্রে আমরা ভালো ফল পাচ্ছি এবং আগামীদিনে সেই তথ্য আপনারা চাইলে আপনাদের দিতে পারব।

শ্রী অসিত মিত্র : স্যার, আমার লাস্ট সাপ্লিমেন্টারী — আপনি বললেন যে, চা বাগান এবং মিল মালিক যারা মিলের মালিক তারাই অধিকাংশ ক্ষেত্রে টাকা দেয়নি। খুব ভালো হত যদি আমরা এই টাকার পরিমাণটা জানতে পারতাম যে কত পি এফের টাকা জমা দেয়নি। আর একটা এর সঙ্গে অতিরিক্ত প্রশ্ন — আপনি যেগুলি বলেছেন যে, মামলাগুলি রুজু হয়েছে, এই মামলাগুলি এখনও পর্যন্ত শুধুমাত্র রুজু হয়েছে, এর কোন রেজাল্ট আপনাদের কাছে আসেনি, এবং সেই মামলাগুলি সঠিকভাবে তদবির করার জন্য আমাদের শ্রমদপ্তরের কর্তৃপক্ষ কোনো ব্যবস্থা নিয়েছেন কি?

শ্রী পূর্ণেন্দু বসু : স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে আমি জানাই ২০১২-১৩ সালের ৩১ শে মার্চ পর্যন্ত সামগ্রিক যে বকেয়া সব মিলিয়ে তার পরিমাণ হচ্ছে ২৯৩ কোটি উনিশ লক্ষ পঞ্চাশ হাজার টাকা। এটা হচ্ছে কলকাতা রিজিয়নের। জলপাইগুড়িতে একশো চার কোটি দুই লক্ষ ছিয়ানব্বই হাজার টাকা, সবটা মিলিয়ে তিনশো সাতানব্বই কোটি বাইশ লক্ষ ছেচল্লিশ হাজার টাকা। এই বছরের মধ্যে আমরা এই এক বছরে আদায় করেছি উনচল্লিশ কোটি চোদ্দ লক্ষ বিরাশি হাজার টাকা কলকাতা রিজিয়নে এবং জলপাইগুড়ি রিজিয়নে আমরা আদায় করেছি উনচল্লিশ কোটি আঠারো লক্ষ উনসত্তর হাজার টাকা। অর্থাৎ মোট আটাত্তর কোটি তেত্রিশ লক্ষ একান্ন হাজার টাকা। এখন ক্লোজিং ব্যালান্স যেটা আছে সেটা হচ্ছে দুশো চুয়ান্ন কোটি চার লক্ষ আটষট্টি হাজার টাকা কলকাতার। জলপাইগুড়িতে চৌষট্টি কোটি চুরাশি লক্ষ সাতাশ হাজার টাকা। যেটা মিলিয়ে মোট ক্লোজিং ব্যালান্স যেটা আসছে সেটা হল তিনশো আঠারো কোটি অষ্টআশি লক্ষ পঁচানব্বই হাজার টাকা।

[11.30.–11.40 a.m.]

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাইছি যে, মালিকপক্ষের একটা ব্যাপক অংশের কাজই হচ্ছে ফাঁকি দেওয়া, আর সরকারের কাজ হচ্ছে সেটাকে টেনে বের করা এবং তার জন্য প্রয়োজনে মামলাও করতে হয়। এবং আমাদের রাজ্যে এই ধরনের কতগুলি ট্রাইব্যুনাল আছে সেখানে যে বিচারপতিরা আছেন, সেই বিচারপতির সংখ্যা সব জায়গাতে কি সমান ভাবে রয়েছে? কি পরিমাণে রয়েছে, সেখানে কোথাও ফাঁকা রয়েছে? কি অবস্থার মধ্যে রয়েছে? কারণ এই ট্রাইব্যুনালগুলোতে বিচারপতি না থাকার জন্য অনেক সময়

শ্রমিকের দাবী-দাওয়া পাওয়ার ক্ষেত্রে অসুবিধা হচ্ছে। এই ব্যাপারে আপনার দপ্তর থেকে কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাই যে, পি.এফ. ডিফল্টার যারা তাদের খুঁজে বার করা, অভিযোগ জমা পড়লে খুঁজে দেখা, তাদের চিহ্নিত করা এবং কত অ্যামাউন্ট বাকি আছে সেটা নির্ধারণ করা এবং সেটা বিচার করার প্রাথমিক দায়িত্ব হচ্ছে পি.এফ. রিজিওনাল কমিশনারের। আমাদের এখানে পি.এফ. রিজিওনাল কমিশনার আছেন ওয়েস্ট বেঙ্গল এবং অন্যান্য পূর্বাঞ্চলীয় কয়েকটি রাজ্যে। দ্বিতীয় বিষয় হচ্ছে, এই পি.এফ. কমিশনার তাঁর অধীনে আবার আরো ডেপুটি বা এই ধরনের যাঁরা দায়িত্বশীল অথোরাইজ্‌ড পার্সন রয়েছেন, তাঁরা এই বিচার করে, পরিমাণ নির্ধারণ করে নোটিশ দিতে পারেন। এর পরে যেটা হয় সেটা হচ্ছে এই নোটিশ দেওয়ার পর এটা নিয়ে মালিকপক্ষ পশ্চিমবঙ্গে কয়েক শত মামলা করে রেখেছে হাইকোর্টে এবং সেখানে, হাইকোর্ট থেকে বিভিন্ন সময়ে রুগ্ন কলকারখানার জায়গা থেকে তাদের এই ভাবে নির্দেশ দেওয়া হয়েছে যে আপনাদের যে, "পি.এফ. বাকি, পুরনোটা আপনারা ইনস্টলমেন্টে দিন, মাসে এত টাকা বা তিন মাসে এত টাকা এই রকম ভাবে এবং কারেন্টটা দিয়ে দিন।" এই রকম হাইকোর্টের বহু রায় আছে পি.এফ. সংক্রান্ত বিষয়ে। এর জন্য পি.এফের ট্রাইব্যুনালের কথা সম্প্রতি ভাবা হচ্ছে, কেন্দ্রীয় সরকার ভাবছেন এবং কেন্দ্রীয় সরকার এটা করবেন। এর বিচারের জন্য কোর্টে যাওয়া যায় যথাযথ বিচারের জায়গায় এবং বহু মামলা সেখানে রয়েছে।

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে অতিরিক্ত প্রশ্ন, — গৌরাঙ্গবাবুদের শুভবুদ্ধির উদয় হয়েছে সরকারের কি করা উচিত — আমার জেলা জুটমিল অধ্যুষিত জেলা। বিগত সরকারের টাইমে যারা রিটায়ার করেছেন জুটমিলগুলো থেকে আজ পর্যন্ত তারা পি.এফ., গ্রাচুইটি পাচ্ছেন না। এই পি.এফ., গ্র্যাচুইটি না জমা দেবার ইতিহাস বিগত সরকারের টাইম থেকেই শুরু হয়েছে, তখন সরকার ঘুমাচ্ছিল। আমাদের জেলায় তিনটে জুটমিল এই লড়াইতে বন্ধ আছে এখন। আমি মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন করতে চাই যে, যারা এই পি.এফ., গ্র্যাচুইটি না দেওয়ার ফলে শ্রমিক অসন্তোষে আজকে মিলগুলো বন্ধ হয়ে যাচ্ছে তার জন্য তিনি কি ব্যবস্থা করছেন?

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে আমি মাননীয় বিধায়ককে জানাই যে পশ্চিমবঙ্গে জুটমিল বন্ধ থাকার একটা লাগাতার ইতিহাস ছিল, ১০টা, ১৫টা প্রায় বন্ধই থাকতো। এখন জুটমিল বন্ধের সংখ্যা ক্রমাগত কমতে কমতে মাত্র কয়েকটায় এসে দাঁড়িয়েছে। হুগলী জেলার ক্ষেত্রে আপনি যে প্রশ্ন করলেন, যে মিলগুলির কথা বললেন, আমি প্রতিটি মিল সম্পর্কে প্রতিদিন শ্রমদপ্তরের যাঁরা আধিকারিক ওখানে আছেন, ডি.এম., এস.পি. তাঁদের সাথে কথা বলি, আমার কাছে যে রিপোর্ট এসেছে, সেই রিপোর্ট হচ্ছে এই মিলগুলি দ্বিপাক্ষিক চুক্তির ভিত্তিতে পি.এফের টাকা কি ইনস্টলমেন্টে দেওয়া হবে, এইসব সব ইউনিয়নগুলো মিলে, ইউনিয়ন মানে ইউনিয়ন লীডাররা মিলে এই সব চুক্তি করে রাখেন। সেই চুক্তি অনুযায়ী মালিকপক্ষ অ্যাক্ট করেন তার। আবার যখন নেতাদের পোষায় না, তারা তখন মালিকপক্ষকে ধমক দিতে শুরু করেন এবং যে বোঝাপড়া সেই

বোঝাপড়াটাকে আবার একটা নতুন পর্যায়ে নিয়ে যেতে চান। সম্প্রতি কয়েকটি মিলে যে ঘটনা ঘটেছে আমি তা প্রশাসনকে জানিয়েছি। সেটা হচ্ছে, বেশ কিছু দুষ্কৃতী যারা কাজ করবে না এবং অন্যদের কাজ করতে দেবে না। এই ধরনের বেশকিছু তারা ডিটেকটেড হয়েছেন এবং আসতে আসতে প্রশাসনিক ব্যবস্থা সেই ক্ষেত্রে নেওয়া হবে। তাহলে সিচুয়েশান নর্মাল হবে এবং নর্মাল হলে অবশ্যই কারখানাগুলো খোলার দ্রুত ব্যবস্থা চলবে।

শ্রী মহঃ সোহরাব : স্যার, মাননীয় মন্ত্রী দুটি শিল্প সম্বন্ধে স্পেসিফিক বলেছেন — জুট এবং টি। কিন্তু পশ্চিম বাংলায় আর একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ শিল্প বিড়ি। যেখানে মুর্শিদাবাদ, মালদা এবং পুরুলিয়ায় মোর দ্যান টেন ল্যাক্স পিপল তারা শ্রমিক হিসাবে কাজ করে। এই কারখানার মধ্যে তাদের পি.এফ-এর ব্যাপারে আপনার কোনো চিন্তা ভাবনা আছে কিনা বা সেই পরিস্থিতিটা কি?

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আমি বিদগ্ধ বিধায়ক, তিনি যে প্রশ্ন করেছেন সেই প্রশ্নের উত্তরে অত্যন্ত দুঃখের সাথে এটা জানাব যে, পশ্চিমবঙ্গে মিনিমাম ওয়েজ মানে ন্যূনতম মজুরি বারবার ঘোষণা করা সত্ত্বেও বিড়ি শিল্পে যে কটি ইউনিয়ান আছে আই.এন.টি.টি.ইউ.সি. ছাড়া তারা সেই মিনিমাম ওয়েজের নিচে প্রত্যেক বছর কতিপয় বিড়ি মালিকের সাথে বোঝাপড়া করে আইনকে বুড়ো আঙুল দেখিয়ে তারা চুক্তি করেন। এবারও সেই চুক্তি হয়েছে। সরকারি চাপ থাকায় বিড়ি শ্রমিকদের মজুরি ৪০ টাকা থেকে ৫০ টাকা এবং শেষ পর্যন্ত ৬৭/৬৮ এই রকম চলছিল সেটা ৭৫ টাকায় উঠেছিল, এই বছর সেটা নিজেদের মধ্যে বোঝাপড়া করে ১০০ টাকার কাছাকাছি একটা দ্বিপাক্ষিক চুক্তি করা হয়েছে। শ্রম দপ্তরের পক্ষ থেকে আমরা স্পষ্ট বলেছি, যে দ্বিপাক্ষিক চুক্তি করে, দ্বিপাক্ষিক চুক্তি যখন হয়েছে তখন ইউনিয়ানগুলো পি.এফ-এর টাকা চেয়েছিলেন কিনা? সেই পি.এফ-এর টাকা সম্পর্কে আমার কাছে এখনও দ্বিপাক্ষিক চুক্তির কোনো কপি আসেনি। আসলে আমি অবশ্যই এটা ইউনিয়ানগুলিকেও বলতাম, পরামর্শ দিতাম, ডাকতাম যে আপনারা বেআইনি ভাবে এই সমস্ত চুক্তিগুলো করছেন। আমি আপনার অবগতির জন্য জানাই যে দায়িত্ব গ্রহণের পর বিড়ি শিল্পের ক্ষেত্রে প্রথম যে কাজটি আমি করি সেটা হচ্ছে, এত দিন পর্যন্ত বহরমপুরে ডি.এম সাহেবের নেতৃত্বে চুক্তি হত। আমাদের দেশে এই রকম কোনো শ্রমিক আইন নেই যে, ট্রাইপার্টায়েট মিটিং সেটা ডি.এম.-এর ঘরে হয়ে ডি.এম. একটা মজুরি চুক্তি করতে পারেন। এই রকম কোনো অধিকার তাকে দেওয়া নেই। এটা শ্রম দপ্তরের আধিকারিক যারা অথরাইসড পার্সন তাদের বাদ দিয়ে এই ধরনের চুক্তি হত, এটা আমি বন্ধ করে দিয়েছি। ডি.এম. সাহেবদের অনুরোধ করে আমি স্পষ্ট ভাষায় বলেছি যে, এটা আপনার কাজ নয়, এটা শ্রম দপ্তরের কাজ, শ্রম দপ্তরকে করতে দিন। বাকি যে বিষয়, সব থেকে বড় মালিক যারা তাদের বিরুদ্ধে প্রসিকিউসানের ব্যবস্থার জন্য আমি নির্দেশনামা জারি করেছি। সমস্ত শ্রম দপ্তরের জেলার দায়িত্বে যারা আছেন তাদের নিয়ে মিটিং করে স্পষ্ট ভাষায় এটা আমি বলেছি এবং এই নির্দেশনামা জারি হয়েছে যে, বিভিন্ন মালিকদের বিভিন্ন কোম্পানিগুলোতে গিয়ে তারা কোন কোন আইন মানছেন এবং কোন কোন আইন মানছেন না, যে আইন তারা মানছেন না তার বিরুদ্ধে প্রসিকিউসানের ব্যবস্থা হোক। তাহলে আপনারা দেখবেন এতদিন পর্যন্ত মুর্শিদাবাদ,

পুরুলিয়া বা অন্যান্য জেলায় যে বিড়ি কোম্পানিগুলো, যার সামনে চলে আসেন বহুক্ষেত্রে ত্রাতা হিসাবে যাদের অনেক নামডাক আছে, তারা শ্রমিকদের কিভাবে ঠকায় তার গোটা ব্যবস্থাটা মুর্শিদাবাদ জেলায় তো সব থেকে বেশি করে আছে। আমার প্রশ্ন, ট্রেড ইউনিয়ান আন্দোলনটা কোথায় দাঁড়িয়ে আছে তার জায়গা থেকে বারবার কেন দ্বিপাক্ষিক চুক্তির একটা চক্র, সেই চক্রের মধ্যে পড়ে শ্রমিকদের যারা বঞ্চিত করছেন মালিকসহ সেই ধরনের ট্রেড ইউনিয়ান নেতাদের আমি বলব, আমার কাছে আসতে এবং দ্বিপাক্ষিক চুক্তি না করতে। আমরা এটা দেখতে চাই যে, মিনিমাম ওয়েজ বিড়ি মালিকরা দেবেন কিনা? যদি মিনিমাম ওয়েজ না দেন তাহলে তাদের ক্ষেত্রে মজুরি নির্ধারণের কি নতুন নীতি হবে এটা সম্পর্কেও ভাবতে হবে। আজ পর্যন্ত মিনিমাম ওয়েজ বিড়ি শ্রমিকরা কেউ দেননি এবং কোনো ব্যবস্থা নেওয়া হয়নি।

[11.40–11.50 a.m.]

শ্রী সুনীল কুমার মন্ডল : ধন্যবাদ স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়কে আমার অতিরিক্ত প্রশ্ন যে, বর্ধমান জেলায় আমাদের অনেক কারখানা আছে, যে কারখানাগুলোতে PF-টাই দেওয়া হচ্ছে না। মানে কিছু শ্রমিক এনে কাজ করে, তাদেরকে তাড়িয়ে দেওয়া হয়, আবার অন্য শ্রমিক আসে। Contract basis এই কাজটা হয়। এই জায়গাতে এবং কিছু কিছু ক্ষেত্রে অনেক কারখানা আছে যে কারখানাগুলোতে যেমন, সোনালী সিরামিক্স, আমি নাম ধরে বলছি এই কারখানাগুলোতে শ্রমিকরা PF-র টাকা জমা দিয়েছে কিন্তু পায়নি। এই ব্যাপারে বর্ধমান জেলায় এই ধরনের ক'টা কারখানার উপরে আপনারা আইনত ব্যবস্থা নিয়েছেন কি না?

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাবো যে, PF জমা দেওয়া না দেওয়া, PF আদায় করার সমস্যা এটা কোনো জেলার সমস্যা নয় প্রধানত। এটা হচ্ছে গোটা রাজ্যের সমস্যা। দীর্ঘদিনের অবহেলিত একটি বিষয়, যেখানে আগের সরকার কোনো ধরনের উদ্যোগ নেয়নি। আমি আপনার কাছে অনুরোধ করবো যেটা, আমরা কি করেছি তার তথ্যসহ; আপনি প্রশ্ন করলে সবটা দিয়ে দেব আপনার বাড়ির পাশে কারখানা সহ। আমি মাননীয় বিধায়ককে যেটা বলব যে, তিনি তাঁর জানা আছে এরকম যতগুলি কারখানাতে এইধরনের বেআইনি কাজ চলছে সেই লিস্ট নিয়ে আমার কাছে আসবেন, আমি মাননীয় বিধায়ককে সাথে রেখে সেই মালিকদের ডেকে কথা বলব।

কাকদ্বীপ মহকুমায় গ্রামীণ বিদ্যুতায়ন

*১৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৭) **শ্রী সমীর কুমার জানা** : বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে অক্টোবর, ২০১৩ সাপেক্ষে কাকদ্বীপ মহকুমার অন্তর্গত ৪টি ব্লকে গ্রামীণ বিদ্যুতায়নের কাজের অগ্রগতি বর্তমানে কোন্ পর্যায়ে আছে; এবং

(খ) উক্ত মহকুমায় বিদ্যুতায়নের কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

শ্রী মণীশ গুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক শ্রী সমীর কুমার জানার অনুমোদিত প্রশ্ন নং ২৫৭-এর উত্তর দিচ্ছি,

(ক) কাকদ্বীপ মহকুমার চারটি ব্লকের ৮১টি গ্রামে বিদ্যুৎ পৌঁছেছে এবং ১৫,১০৬টি বি.পি.এল. পরিবারে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে।

[11.40–11.50 a.m.]

(খ) বিভিন্ন প্রকল্পের অন্তর্গত বিদ্যুতায়নের কাজ ডিসেম্বর, ২০১৪ সালের মধ্যে শেষ হবে বলে আশা করা যায়।

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয় যে প্রশ্নের উত্তর দিলেন তাঁকে সাধুবাদ এবং ধন্যবাদ জানাই। কারণ, পশ্চিমবঙ্গে সমস্ত ক্ষেত্রে সমস্ত ব্লকে যেভাবে বিদ্যুতের কাজ ত্বরান্বিত হয়েছে, এটা মানুষের মনে বিশেষ আশার সঞ্চার করেছে। আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত একটি প্রশ্ন যে, ইতিমধ্যে যে সমস্ত অঞ্চলে পোল সংযোগ হয়েছে, বিদ্যুতের তার সংযোগ হয়ে যাওয়ার পরে বিদ্যুতের চার্জিং করা হয়ে গেছে। কিন্তু মিটার সংযোগ না হওয়ার জন্য হুকিং-এর মাধ্যমে বিদ্যুৎ চলে যাচ্ছে — রাজস্ব খাতে কোনো পয়সা আসছে না এই সরকারের। গ্রাহকদের কাছে এই মিটারটিকে কত তাড়াতাড়ি দেওয়া সম্ভব হবে?

শ্রী মণীশ গুপ্ত : এই প্রশ্নটা যেটা বললেন, এটা সঠিক। কারণ, মিটার যেটা আমরা যোগান করেছিলাম, কিছু মিটার তার মধ্যে খারাপ বের হয়। আবার নতুন করে আমাদের সেটা যোগান দিতে হয়। আমরা আশা করছি যে, মাস দু'য়েকের মধ্যে এই যে সকল গ্রামে মিটার লাগানো হয়নি সেগুলো লাগানো হবে।

শ্রী সমীর কুমার জানা : আমার অতিরিক্ত দ্বিতীয় প্রশ্ন, পাথরপ্রতিমা ব্লকে টাওয়ারের মাধ্যমে একেবারে সুন্দরবনের প্রত্যন্ত এলাকা বঙ্গোপসাগরের কূলে অবস্থিত জি-প্লট, ব্রজবল্লভপুর, বনশ্যামনগর, শ্রীধরনগর এইসব জায়গায় টাওয়ারের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহের জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং টাওয়ার বসতে শুরু করেছে। কিন্তু এই টাওয়ারের কাজটা বিলম্বিত হবে এটা জেনে, এই প্রত্যন্ত এলাকার মানুষদের অস্বস্তিকর অবস্থার মধ্যে কালাতিপাত করতে হয়। তা নিরসনের জন্য জি-প্লটের যে বাজারগুলি রয়েছে, হসপিটাল রয়েছে, ব্রজবল্লভপুরের হসপিটাল, বাজার এবং বিদ্যায়তন যে সমস্ত গুরুত্বপূর্ণ স্থানগুলি থেকে গিয়েছে যেখানে টাওয়ারের মাধ্যমে বিদ্যুৎ নিয়ে যাওয়ার চেষ্টা চলছে, সেই জায়গায় আপাতত সৌরশক্তির প্রভাবে ওয়েবরেডার মাধ্যমে সৌরশক্তির মাধ্যমে অনতিবিলম্বে বিদ্যুৎ-এর সংযোগসাধন করা সম্ভব কিনা? যদি হয় কত তাড়াতাড়ি আমরা এটাকে পৌঁছে দিতে পারব এলাকার মানুষের স্বার্থে?

শ্রী মণীশ গুপ্ত : মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তর দিচ্ছি। আপনারা তো জানেন ইতিমধ্যে আমরা সুন্দরবনের বিভিন্ন প্রত্যন্ত এলাকায় আমরা বিদ্যুৎ নিয়ে গিয়েছি, গোসাবায় নিয়ে গিয়েছি, সাগরে নিয়ে গিয়েছি, আরো অন্যান্য জায়গায় আমরা নিয়ে যাচ্ছি। কিন্তু আপনার যে এলাকার

কথা বললেন, এখানে বিদ্যুৎ পৌঁছতে আরো এক বছর সময় লাগবে। এবং আমরা ইতিমধ্যেই, আপনিও আমাদের আগে বলেছিলেন, ইতিমধ্যে আমরা, জায়গার নামগুলো বলছি, পাথরপ্রতিমা ব্লকের জি প্লট, ব্রজবল্লভপুর, ঘনশ্যামপুর এইসব এলাকার স্ট্রীট লাইট, হাসপাতাল এবং বাজারে আমরা সৌরশক্তিকে ভিত্তি করে সোলার পাওয়ার দেওয়া হবে। তার সাথে সাথে ইন্দ্রপুর বাজার, তাঁতের বাজার, নতুন বাজার, ইন্দ্রপুর হাসপাতাল, বিবেকানন্দ হাইস্কুল, ব্রজবল্লভপুর হাসপাতালেও সৌরশক্তির দ্বারা বিদ্যুৎ দেওয়া হবে।

শ্রী নেপাল মাহাত : অনারেবল স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে একটি অতিরিক্ত প্রশ্ন করতে চাই, এই যে গ্রামীণ বিদ্যুৎ যা দেওয়া হচ্ছে এবং বিশেষ করে যারা বি পি এল, তাদের বিনা পয়সায় কানেকশানটা দেওয়া হয়। আমরা দেখছি স্যার, যেটা বাস্তব অভিজ্ঞতা, যে ঐ কানেকশানটাই শুধুমাত্র বিনা পয়সায় দেওয়া হচ্ছে পরবর্তীকালে তাদের যে বিল আসছে সেটা অনেক বেশী এবং বেশীরভাগ ক্ষেত্রে বি পি এলরা সেই বিল জমা দিতে পারছেন না। তার ফলে তাদের বিদ্যুৎ কানেকশান বন্ধ করে দেওয়া হচ্ছে এবং কোনো ভাবেই তারা বিদ্যুৎ-এর লাইন পাচ্ছে না। তাই আমি মাননীয় মন্ত্রীকে স্পেসিফিক প্রশ্ন করতে চাই, পাশের রাজ্য ঝাড়খন্ড তাদের বি পি এল যারা, তাদের যেমন বিনা পয়সায় কানেকশান আছে, তার সঙ্গে দুটো পয়েন্ট তারা ফ্রী অফ কস্ট দেয়। তার বিল লাগে না। যদি গ্রামের সাধারণ মানুষ বা গরীবদের সত্যিকারের আমরা বিদ্যুৎ দিতে চাই, তাহলে আপনার দপ্তরের কোনো পরিকল্পনা আছে কি যে বিনা পয়সায় কানেকশানের পর একটা বা দুটো পয়েন্ট বিনা পয়সায় তারা লাইট জ্বালাতে পারে এই ধরনের কোনো পরিকল্পনা যদি থাকে জানাবেন। অন্যথায় গ্রামের গরীব মানুষরা কোনদিনই লাইট জ্বালাতে পারবে না, বেশীরভাগ জায়গাতেই কারেন্ট এখন বন্ধ, বিল তারা দিতে পারছে না বলে। ধন্যবাদ স্যার।

শ্রী মণীশ গুপ্ত : মাননীয় অধ্যক্ষর মাধ্যমে আমি আপনার প্রশ্নের উত্তর দিচ্ছি। এটার, আমাদের কাছে এই রকম কোনো তথ্য নেই। যেটা আপনি বললেন যে, এভাবে বিদ্যুৎ দেওয়া সত্ত্বেও, এর পরে বিদ্যুৎ বন্ধ হয়ে বিল না দেওয়ার জন্য যদি আপনি সঠিক কোন জায়গার তথ্য আমাদের দেন, সেটা আমরা দেখব। যাতে এই ঘটনা না ঘটে।

শ্রী সুভাষ নস্কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহোদয়ের কাছে আমার বিনীত প্রশ্ন, আপনি সুন্দরবনের বিদ্যুতের বিষয় নিয়ে উত্তর দিচ্ছেন এবং বলেছেন যে ২০১৪ সাল নাগাদ শেষ হবে যদিও এটা কাকদ্বীপ মহকুমার ব্যাপার। আমরা শুনেছি, আপনি বোধহয়, দক্ষিণ ২৪-পরগনায় একটা কনভেনশানে এই একই কথা বলেছেন, তা আমার প্রশ্ন হল, এই বিদ্যুতায়নের কাজ শেষ হতে ২০১৪ সাল পর্য্যন্ত, এই খুঁটি পুঁতে, তার টাঙিয়ে এটাই কি শেষ? না, হাউস টু হাউস কানেকশান, মিটার লাগানো, এবং তার যে মাসের যে বিল আদায় করা, সেই পর্যন্ত করবেন? কারণ এখন মাননীয় সদস্যারা ঠিক কথা বলছেন, বিদ্যুতের লাইন গেলে চার্জ করলে, আর একটা বাড়ীতে বিদ্যুতের কানেকশান বাকি থাকে না। আপনি কোন কাজটা করতে চাচ্ছেন?

শ্রী মণীশ গুপ্ত : প্রশ্নটা— আপনার — যেটা আপনি বলছেন, এটা ঠিক যে আপনাদের

আমলে এই রকম ধরনের একটা প্রোগ্রাম ছিল। আমরা আসার পর আপনাদের যার ভিত্তিতে আর জি জি ভি ওয়াই তে যেটা আপনারা সেন্ট্রাল থেকে টাকা নিয়েছিলেন তখন।

[11.50–12.00 noon]

সেটাতে ছিল যে এইভাবে একটা লাইন টেনে দিলে একটা মৌজাতে যদি লাইন ঢুকে যায় তাহলে সেটাই বিদ্যুতায়ন হয়ে গেল। আমরা সেটাকে পাল্টে বলেছি প্রত্যেক ঘরে ঘরে যেতে হবে, যতক্ষণ না আলো যাবে ততক্ষণ সেটা বিদ্যুতায়ন হল না। আপনাদের সঙ্গে আমাদের এই তফাৎ।

শ্রী আমজাদ হোসেন : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন, গ্রামের গরীব মানুষের বাস্তব অভিজ্ঞতা যে তাদের ছয় মাস বিদ্যুতের লাইন থাকার পর তারা তাদের বাড়িতে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করছেন বিল দিতে পারছেন না বলে। তাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন,এই আড়াই বছরের মধ্যে ইউনিট প্রতি বিদ্যুতের দাম কতবার বেড়েছে এবং কত করে বেড়ে মোট কত হয়েছে যেটা তাদের সাধ্যের বাইরে গেছে বলে মনে হয়েছে, সেটাও যদি স্পেসিফিক্যালি জানান।

শ্রী মণীশ গুপ্ত : একটা আলাদা প্রশ্ন করুন। কারণ আজকের এই প্রশ্নের সঙ্গে এটার কোনো যোগাযোগ নেই। বিদ্যুতের যে খরচ সেটাও আপনি আলাদাভাবে প্রশ্ন করুন। এভাবে কি করে বলবো আপনাকে।

মিঃ স্পীকার : ঠিক আছে, আপনি একটা আলাদা নোটিশ দেবেন।

শ্রী শুভাশীষ বটব্যাল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় বিদ্যুৎ দপ্তরের মন্ত্রীকে জানাতে চাই যে আমার ছাতনা বিধানসভা কেন্দ্রের আদিবাসী অধ্যুষিত এলাকা শুশুনিয়া পাহাড়ে — ওখানে একটি ৫৪কেভি সোলার পাওয়ার প্ল্যান্ট বসানোর কথা ছিল ওয়েবরেডার পক্ষ থেকে। ওয়েবরেডার অফিসাররা, ইঞ্জিনিয়াররা বারবার ঘুরে এসেছেন, এসে বলেছেন যে এটা হয়ে যাবে, টেন্ডারও খুব তাড়াতাড়ি হয়ে যাবে। কিন্তু এখনো পর্যন্ত তার কোনোকিছু ব্যবস্থা হয়নি। এই ব্যাপারে কি কোনো ব্যবস্থা নিয়েছেন বা কিছু কি ব্যবস্থা নেবেন বা এটা কি হবে?

শ্রী মণীশ গুপ্ত : যদি এটা আমাদের প্ল্যান অ্যান্ড প্রোগ্রামে থাকে নিশ্চয় হবে। কিন্তু আপনি বলছেন হয়নি, এটা আমরা নিশ্চয় খতিয়ে দেখবো কেন হয়নি।

যুবকল্যাণ দপ্তরে কর্মীর অভাব

*১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৭) **শ্রী সুনীল কুমার মণ্ডল** : যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, ব্লক স্তরে যুবকল্যাণ দপ্তরে কর্মীর অভাবে বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়িত করার ক্ষেত্রে সমস্যা হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত বিষয়ে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে / হচ্ছে?

মিঃ স্পীকার : মিঃ অরূপ বিশ্বাস, আপনি একটা খুব লেংদি উত্তর দিয়েছেন, অনেক বড় উত্তর। আমি মাননীয় সদস্যকে বলবো আপনি এটা পড়ে নেবেন। এটা পড়তে গেলে অনেক সময় লাগবে। উনি অনেক বড় উত্তরই দিয়েছেন। ক্যাটাগরিক্যালি ভাগ করে করে দিয়েছেন। আপনি সাপ্লিমেন্টারি করুন।

শ্রী অরূপ বিশ্বাস : স্যার আপনার মাধ্যমে মাননীয় সদস্য শ্রী সুনীল কুমার মন্ডলের উত্তরে জানাই,

(ক) সমস্যা আছে, কিন্তু সমাধানের প্রক্রিয়া চালু আছে।

(খ) ব্লক ইয়ুথ অফিসার / মিউনিসিপ্যাল ইয়ুথ অফিসার / বরো ইয়ুথ অফিসার নিয়োগের জন্য ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশনে ভ্যাকেন্সি লিস্ট পাঠানো হয়েছে, প্রক্রিয়া চলছে।

করণিক ও চতুর্থ শ্রেণীর কর্মী নিয়োগের জন্য ওয়েস্ট বেঙ্গল স্টাফ সিলেকশান কমিশনে ভ্যাকেন্সি লিস্ট পাঠানো হয়েছে, প্রক্রিয়া চলছে।

শ্রী সুনীল কুমার মন্ডল : মাননীয় মন্ত্রী মহাশয়কে আমার অতিরিক্ত প্রশ্ন, বর্তমান রাজ্যে কতজন ইয়ুথ অফিসার, করণিক ও চতুর্থ শ্রেণীর কর্মীর পদ খালি আছে? ওয়েস্ট বেঙ্গল স্টাফ সিলেকশানের কাছে কতজনের ভ্যাকেন্সি লিস্ট পাঠানো হয়েছে?

শ্রী অরূপ বিশ্বাস : ডি ওআই ও, এম আই ও-র আমাদের স্যাংশনড পোষ্ট হচ্ছে ৩৭৫, আমাদের কাছে এগ্‌জিসটিং পোষ্ট রয়েছে ১৯৪, ভ্যাকেন্সি হচ্ছে ১৮০। গ্রুপ সি, ইউ ডি এবং এল ডি স্যাংশান্ড পোষ্ট ৪১৪। এগ্‌জিসটিং পোষ্ট ১৮৮, ভ্যাকেন্সি ২২৬। গ্রুপ ডি স্যাংশান্ড পোষ্ট ৫১৬, এগ্‌জিসটিং পোষ্ট ৪২৭, ভ্যাকেন্সি ৮৯। যতগুলো ভ্যাকেন্সি আছে সবটাই পাঠানা হয়েছে।

শ্রী সুনীল কুমার মন্ডল : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার কাছে আমার আর একটা অতিরিক্ত প্রশ্ন। বর্তমান যুব কল্যাণ দপ্তরের অনেক কাজ, বিভিন্ন খেলাধুলার সাজ সরঞ্জাম থেকে আরম্ভ করে বিভিন্ন ধরনের কাজ রয়েছে। এক একজন অফিসাল ২-৩টি ব্লক রক্ষাও করছেন। কিন্তু এই ভ্যাকেন্সিগুলো কবে নাগাদ পূরণ করা আপনার পক্ষে সম্ভব হবে?

শ্রী অরূপ বিশ্বাস : আসলে পাপের প্রায়শ্চিত্ত করতে গেলে তো একটু সময় লাগে। ৩৪ বছরের পাপের প্রায়শ্চিত্ত, ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার ঋণ। আমরা চেষ্টা করছি যত দ্রুত সম্ভব সেই কাজ করার।

শ্রী পার্থসারথী চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আমাদের এই রাজ্যে এবং অন্যান্য রাজ্যে অনেক ইউথ হোস্টেল ছিল। বিগত চৌত্রিশ বছরে সেই ইউথ হোস্টেলগুলি ধ্বংসস্তূপে পরিণত হয়েছে। মাননীয় মন্ত্রীমহাশয় কি ইতিমধ্যে সেই ইউথ হোস্টেলগুলির ব্যাপারে কোনো ব্যবস্থা গ্রহণ করেছেন কি?

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে আমি অভিনন্দন জানাই। ইউথ হোস্টেলগুলি বিগত চৌত্রিশ-পঁয়ত্রিশ বছরে ধ্বংসস্তূপে পরিণত হয়েছিল। সেই ইউথ হোস্টেলগুলিতে আমরা মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়ের নির্দেশে কাজ শুরু করেছি। আপনারা শুনলে খুশী হবেন, ডাবগ্রাম যুব আবাস শিলিগুড়ির কাজ ৮০% শেষ হয়েছে ; কাঞ্চনজঙ্ঘা যুব আবাস দার্জিলিঙের কাজ ৯০% শেষ হয়েছে; বাঁকুড়ার শুশুনিয়া যুব আবাসের কাজ ৭৫% শেষ হয়েছে; বাঁকুড়ার মুকুটমণিপুর যুব আবাসের কাজ ৮০% শেষ হয়েছে; বাঁকুড়ার রামকিঙ্কর যুব আবাসের কাজ ৯০% শেষ হয়েছে; দীঘা যুব আবাসের কাজ ৬০% শেষ হয়েছে। রাঙামাটি যুব আবাস পশ্চিম মেদিনীপুরের কাজ ৭০% শেষ হয়েছে; বোলপুর যুব আবাস বীরভুমের কাজ ৮৫% শেষ হয়েছে; পুরুলিয়া যুব আবাসের কাজ ৯৫% শেষ হয়েছে; বক্রেশ্বর যুব আবাসের কাজ ৮৫% কাজ শেষ হয়েছে। (নয়েজ) যা আপনারা করতে পারেননি সেটা করেছি বলে এত জ্বালা কিসের। চুরুলিয়া যুব আবাসের কাজ ৯০% শেষ হয়েছে; ম্যাসোঞ্জোর যুব আবাসের কাজ ৬০% শেষ হয়েছে; গঙ্গাসাগর যুব আবাসের কাজ ৬০% শেষ হয়েছে; হাওড়া যুব আবাসের কাজ ৯৫% শেষ হয়েছে; মালদহ যুব আবাসের কাজ সবে শুরু হয়েছে, টেন পার্সেন্ট কাজ হয়েছে। মাদারিহাট যুব আবাসের কাজ সবে শুরু হয়েছে। লালবাগ যুব আবাসের কাজ ৩৫% হয়েছে। রাজ্য যুব আবাস সল্টলেকের কাজ ফিফটি পারসেন্ট শেষ হয়েছে। মৌলালির রাজ্য যুব কেন্দ্রের কাজ ফিফটি পারসেন্ট শেষ হয়েছে। আপনাদের আরেকটু চিৎকার করতে হবে, তার কারণ, এই সরকার আরও কতগুলি নতুন যুব আবাসের কাজ অলরেডি শুরু করতে চলেছে। মালদহে মাল্টি স্পেশালিটি সেন্টার, লালবাগ অ্যানেক্স বিল্ডিঙ, কোচবিহার যুব আবাস, দুর্গাপুর যুব আবাস, অযোধ্যা যুব আবাস, চন্ডীগড় পাহাড়ে যুব আবাস, বিষ্ণুপুরে যুব আবাস এবং আসানসোলে যুব আবাস হবে।

শ্রী অমিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, অনেক দেরীতে হলেও সুনীল মন্ডল সাহেবদের ঘুম ভেঙেছে। একটু আগেই উনি মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ দিয়েছেন কাজ করার জন্য। এই ডিপার্টমেন্টটা গত চৌত্রিশ বছরে ছিল বলেই কেউ জানত না। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে এই ডিপার্টমেন্ট কাজ করছে। মাননীয় মন্ত্রীকে আমি প্রশ্ন করতে চাই, যে প্রশ্নটা ওনারা করেছেন কত কর্মীর পদ খালি আছে, আপনি তার উত্তর দিয়েছেন। আমার প্রশ্ন, এই পদগুলো কত সাল থেকে খালি পড়ে আছে এবং বর্তমানে যুব কল্যাণ দপ্তর কি কি কাজ করছে এটা যদি বলেন ভালো হয়।

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জানাই, কত সাল থেকে এই পোস্টগুলো ভ্যাকান্ট পড়ে আছে এই মুহূর্তে সেই তথ্য আমার কাছে নেই। তবে আগে এই দপ্তরের কোনো অস্তিত্বই ছিল না। এটা আমাকে খুঁজে বার করতে হবে। আমার ধারণা এই পোস্টগুলো কুড়ি-পঁচিশ বছর ধরে খালি পড়ে আছে। যুব দপ্তর যে কাজগুলো করছে বিশেষ করে আজকে স্কুল-কলেজগুলোতেও আমরা কাজ শুরু করেছি। আপনারা খুশী হবেন, এতদিন শুধু আমরা ক্লাবগুলোকে খেলার সরঞ্জাম দিতাম, এবার থেকে আমরা স্কুল-কলেজ-ইউনিভার্সিটিগুলোকে খেলার সরঞ্জাম দেব। যাতে পশ্চিমবঙ্গে খেলাধুলোর উন্নতি হয়। অলরেডি যুব আবাসগুলো ধ্বংস হয়ে গিয়েছিল, সেগুলোকে আমরা নতুন করে তৈরী করার চেষ্টা

করছি। যাতে আমরা ছাত্র-ছাত্রীদের বলতে পারি 'চলো দল বেঁধে ঘুরে আসি'। ছাত্র-ছাত্রীরা যাতে ঘুরতে যেতে পারে। আমরা বিশেষ করে শুরু করেছি শরীর গঠনের মাল্টি জিম, খেলার মাঠ. মিনি ইন্ডোর থেকে শুরু করে আমরা ছাত্র-যুব উৎসব যুব দপ্তর সারা বছর ধরে করবে এবং ছাত্র-যুবদের নিয়ে এগিয়ে যাবার চেষ্টা করছে। আপনারা চিৎকার করতে পারেন, কিন্তু যতখানি পিছিয়ে পড়েছেন, তার থেকে আরও পিছিয়ে পড়বেন। যুব দপ্তর এগিয়ে যাবে, মা-মাটি-মানুষের সরকার এগিয়ে যাবে।

(দি কোয়েশ্চেন আওয়ার ইজ ওভার)

Starred Questions
(to which answers were laid on the Table)

গীতাঞ্জলি প্রকল্প

*১৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৫) শ্রী শীলভদ্র দত্ত : আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যে সহায়-সম্বলহীন মানুষদের বিনামূল্যে বাসস্থান দেওয়ার লক্ষ্যে গৃহীত "গীতাঞ্জলি" প্রকল্পটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে; এবং

(খ) ১লা এপ্রিল, ২০১২ থেকে ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ পর্যন্ত সময়কালে উক্ত প্রকল্পে কতগুলি আবাসন নির্মিত হয়েছে (জেলাওয়ারি হিসেবসহ)?

আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) "গীতাঞ্জলি" প্রকল্পটি ২০০৯ - ২০১০ সালে "আমার বাড়ি" নামে আরম্ভ হয়েছিল। বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর প্রকল্পটি "গীতাঞ্জলি" নামে পরিবর্তিত করে সম্পাদনের কাজ চলছে।

আর্থিক বছর অনুযায়ী এখনো পর্যন্ত অনুমোদিত ইউনিট ও অনুমোদিত অর্থের পরিমাণ নিম্নরূপ:

আর্থিক বছর	ইউনিট	মুক্ত অর্থ (Released)
২০০৯ - ১০	১২৭৩৭	৪২.৫৬ কোটি
২০১০ - ১১	৫২৩০	৭০.২২ কোটি
২০১১ - ১২	৫২২৩	১০৪.২৫ কোটি
২০১২ - ১৩	৩৬৯৯৪	৩২০.৯৯ কোটি
২০১৩ - ১৪ (৩০শে সেপ্টেম্বর, ২০১৩ পর্যন্ত)	১২৬১৯	২৬০.৯৬ কোটি
মোট	৭২৮০৩	৭৯৮.৯৮ কোটি

প্রকল্পটির অর্থ দুটি পর্যায়ে ছাড়া হয় প্রকল্পটি অনুমোদনের সঙ্গে সঙ্গে বরাদ্দ অর্থের অর্ধেক অর্থ ছেড়ে (released) দেওয়া হয়। ঐ অর্থ সদ্ব্যবহারের শংসাপত্র পাওয়ার পর মঞ্জুরীকৃত / বরাদ্দকৃত অর্থের বাকী অংশ ছাড়া হয়। পূর্ববর্তী বৎসরগুলিতে অনুমোদিত প্রকল্পগুলির মুক্ত অর্থের (released fund) সদ্ব্যবহারের শংসাপত্র দপ্তরে পৌছতে শুরু করেছে।

(খ) ১লা এপ্রিল, ২০১২ থেকে ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ পর্যন্ত সময়কালে উক্ত প্রকল্পে ৪৯,৬১৩টি আবাসে গৃহ নির্মাণের অনুমোদন দেওয়া হয়েছে। মঞ্জুরীকৃত অর্থের অর্ধেক পরিমাণ মুক্ত (released) করা হয়েছে। উক্ত অর্থ সদ্ব্যবহারের শংসাপত্র পাওয়ার সঙ্গে সঙ্গে মঞ্জুরীকৃত অর্থের বাকী অর্ধাংশ মুক্ত করা হয়েছে। জেলাভিত্তিক তথ্য সংযুক্ত করা হল।

ই-ডব্লু-এস গৃহ নির্মাণ প্রকল্পে 'গীতাঞ্জলি' তে ০১-০৪-২০১২ হইতে ৩০-০৯-২০১৩ পর্যন্ত জেলাভিত্তিক অনুমোদনপ্রাপ্ত উপস্বত্বভোগীর তালিকা

জেলা	সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা	অনগ্রসর কল্যান	মৎস	পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক	বন	সুন্দরবন বিষয়ক	মোট
বাঁকুড়া	৭০৭	০	২৭৪	২০০৪	৬০	০	৩০৪৫
বীরভূম	৯৪৮	২৯	২৩২৬	৫১৮	০	০	৩৮২১
বর্ধমান	০	৩৬৫	৩৭৪	৫২১	০	০	১২৬০
কুচ্‌বিহার	৫৬৪	০	৪৭৩	০	১২৫	০	১১৬২
দক্ষিন দিনাজপুর	১৩৬৮	১০০	২১৭	০	০	০	১৬৮৫
দার্জিলিং	৫৬২	০	৫১	০	৪১২	০	১০২৫
হাওড়া	১০৪০	৮	৩২৬	০	০	০	১৩৭৪
হুগলি	৯৩৯	০	১০০	০	০	০	১০৩৯
জলপাইগুড়ি	২১৪	১০০	৪৭৭	০	৪৪২	০	১২৩৩
মালদা	২১৫৪	১২৭	৮৫	০	০	০	২৩৬৬
মুর্শিদাবাদ	৩০৬৩	০	৭৮৫	০	০	০	৩৮৪৮
নদীয়া	১২৩৯	০	৮২২	০	০	০	২০৬১
উত্তর ২৪ পরগনা	৩৯৬০	০	১১৪২	০	০	৬৭৮	৫৭৮০
পশ্চিম মেদিনীপুর	৫৩১	০	০	২৬৭১	৪৩	০	৩২৪৫
পূর্ব মেদিনীপুর	৫৪৫	০	৬৮০	০	০	০	১২২৫
পুরুলিয়া	৪৫০	০	২০২	১৮৪৭	৬১	০	২৫৬০

জেলা	সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা	অনগ্রসর কল্যান	মৎস	পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক	বন	সুন্দরবন বিষয়ক	মোট
দক্ষিন ২৪ পরগনা	৭৩৪৩	০	২১২০	০	০	২১৬৫ ১৪৮ (D.M.)	১১৭৭৬
উত্তর দিনাজপুর	১০০০	৫০	৫৮	০	০	০	১১০৮
মোট	২৬৬২৭	৭৭৯	১০৫১২	৭৫৬১	১১৪৩	২৯৯১	৪৯৬১৩

অচিরাচরিত বিদ্যুৎ কেনা বাধ্যতামুলক করা

*১৯। (অনুমোদিত প্রশ্ন নং * ২৬২) **শ্রী শাহ্‌জাহান চৌধুরী :** বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

রাজ্যে অচিরাচরিত বিদ্যুৎ কেনা বাধ্যতামূলক করার বিষয়ে সরকারের পরিকল্পনা কিরূপ?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : রাজ্যে বাধ্যতামুলকভাবে অচিরাচরিত বিদ্যুৎ কেনার বিষয়টি ওয়েস্ট বেঙ্গল ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশন (WBERC)-র এক্তিয়ারভুক্ত। কমিশন গত ২২.৩.২০১৩ তারিখে Notification মারফৎ রাজ্যে প্রতিটি বিদ্যুৎ বন্টন সংস্থার অচিরাচরিত শক্তি ব্যবহারে বৎসরভিত্তিক লক্ষ্যমাত্রা ধার্য করেছেন।

এই বিধিতে ২০১৩-১৪ অর্থবর্ষে বন্টন কোম্পানীগুলোর জন্য মোট বিদ্যুৎ সংগ্রহের ৪ শতাংশ অচিরাচরিত শক্তির উৎস থেকে সংগ্রহ করার লক্ষ্যমাত্রা নির্দিষ্ট করা হয়েছে। এটি ধাপে ধাপে বৃদ্ধি পেয়ে ২০১৭-১৮ অর্থবর্ষে ৬ শতাংশ হবে।

প্যারোলে মুক্তিপ্রাপ্ত কারাবন্দী

*২০। (অনুমোদিত প্রশ্ন নং * ৩৪৯) **শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা :** সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

১লা জানুয়ারী, ২০১২ থেকে ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ পর্যন্ত সময়কালে মোট কতজন কারাবন্দীকে প্যারোলে মুক্তি দেওয়া হয়েছে?

সংশোধন ও প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ১লা জানুয়ারী, ২০১২ থেকে ৩০ শে সেপ্টেম্বর, ২০১৩ পর্যন্ত সময়কালে মোট ২,৮৬৮ (দুই হাজার আট শত আটষট্টি) জন কারাবন্দীকে প্যারোলে মুক্তি দেওয়া হয়েছে।

আই.সি.ডি.এস. কর্মীদের অবসর গ্রহণের বয়সসীমা

*২১। (অনুমোদিত প্রশ্ন নং * ৩৩৭) শ্রী রণজিৎ কুমার মণ্ডল : শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রি মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) আই.সি.ডি.এস. কর্মীদের অবসর গ্রহণের বয়সসীমা কত;

(খ) নতুন আই.সি.ডি.এস. কেন্দ্র খোলার বিষয়ে সরকারের কোনো পরিকল্পনা আছে কি; এবং

(গ) ২০১৩-১৪ অর্থবর্ষের ৩১শে অক্টোবর, ২০১৩ সাপেক্ষে আই.সি.ডি.এস. কেন্দ্রগুলির পরিকাঠামো উন্নয়নের বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মিন্ত্রমহোদয় : (ক) আই.সি.ডি.এস. কর্মীদের অবসর গ্রহণের বয়সসীমা ৬৫ বৎসর (নতুন নিয়োগের ক্ষেত্রে)। পুরানো নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা সরকারের বিবেচনাধীন।

(খ) হ্যাঁ। ৬০১৭টি আই. সি.ডি.এস. কেন্দ্র খোলার প্রস্তাব ভারত সরকারের বিবেচনাধীন আছে।

(গ) ২০১৩-১৪ অর্থবর্ষের ৩১শে অক্টোবর, ২০১৩ সাপেক্ষে আই.সি.ডি.এস. কেন্দ্রগুলির পরিকাঠামো উন্নয়নের জন্য ত্রয়োদশ অর্থকমিশনের অধীনে ১৩২.১২ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে শিশুবিকাশ দপ্তরের মাধ্যমে। এছাড়া অন্যান্য দপ্তরও পরিকাঠামো উন্নয়নে অর্থ বরাদ্দ করে।

হুগলী জেলায় আই.সি.ডি.এস. কর্মী ও সহায়িকা নিয়োগ

*২২। (অনুমোদিত প্রশ্ন নং * ৩৭৫) শ্রী অসিত মজুমদার : শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

হুগলী জেলায় আই. সি. ডি. এস. কর্মী ও সহায়িকা নিয়োগের ক্ষেত্রে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে / হচ্ছে?

শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : হুগলি জেলায় আই.সি.ডি.এস কর্মী ও সহায়িকা নিয়োগের ক্ষেত্রে নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণ করা হয়েছে :

(১) সমস্ত প্রকল্পগুলিতে নিয়োগ প্রক্রিয়া পুনরায় চালু করার জন্য নির্দেশিকা জারি করা হয়েছে।

(২) জেলাস্তরে কর্মী ও সহায়িকা নিয়োগের জন্য গঠিত সিলেকশন কমিটির নিয়োগ সংক্রান্ত সভা ১১/০২/২০১৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে।

(৩) বিভিন্ন প্রকল্পগুলিতে (যেমন চণ্ডীতলা -১, চন্ডীতলা -২ এবং বলাগড়) অঙ্গনওয়াড়ি কর্মী নিয়োগের জন্য ইতিমধ্যে অনুষ্ঠিত লিখিত পরীক্ষার সফল পরীক্ষার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করার জন্য সিলেকশন কমিটির পরবর্তী সভা নভেম্বর মাসের শেষে অনুষ্ঠিত হতে চলেছে।

(৪) কিছু প্রকল্পের ক্ষেত্রে (যেমন জাঙ্গীপাড়া, পুরশুড়া এবং চন্ডীতলা -২) আদালতে মামলা বিচারাধীন থাকায় অঙ্গনওয়াড়ি সহায়িকা নিয়োগের প্রক্রিয়া স্থগিত আছে।

(৫) বিভিন্ন প্রকল্পে কর্মী সহায়িকাদের শূন্য পদগুলি পূরণ করার জন্য নতুন বিজ্ঞাপন জারি করার উদ্দেশ্যে সিলেকশন কমিটির অনুমোদন উপরোক্ত সভায় নেওয়ার প্রস্তাব বিবেচনাধীন রয়েছে।

পুরুলিয়া জেলায় গ্রামীণ বৈদ্যুতিকরণ

*২৩। (অনুমোদিত প্রশ্ন নং * ৩৯৬) **শ্রী নেপাল মাহাত :** বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, পুরুলিয়া জেলায় গ্রামীণ বৈদ্যুতিকরণের দায়িত্ব থেকে এন. এইচ. পি. সি. সংস্থাকে বাদ দেওয়া হয়েছে;

(খ) সত্যি হলে, কোন্ সংস্থাকে উক্ত কাজের দায়িত্ব দেওয়া হয়েছে; এবং

(গ) কবে নাগাদ উক্ত কাজ সম্পূর্ণ হবে বলে আশা করা যায়?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রযোজ্য নয়।

(গ) পুরুলিয়া জেলায় রাজীব গান্ধী গ্রামীণ বৈদ্যুতিকরণ যোজনা (একাদশ পরিকল্পনা)-য় পরিকাঠামো স্থাপনের কাজটি এন.এইচ. পি. সি. (NHPC) ডিসেম্বর, ২০১৩ মধ্যে শেষ করবে বলে আশা করা যায়।

সরকারি ফ্ল্যাট বণ্টনের ক্ষেত্রে কোটা

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং * ৭০৩) **শ্রী কল্লোল খাঁ :** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যে সরকারি ফ্ল্যাট বণ্টনের ক্ষেত্রে কোটা প্রথা চালু আছে কি; এবং

(খ) থাকলে, তা কিরূপ?

আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না। পশ্চিমবঙ্গ সরকারের আবাসন দপ্তর ভাড়ার ভিত্তিতে দু-ধরনের ফ্ল্যাট বণ্টন করেন।

আর.এইচ.ই—সম্পূর্ণভাবে সরকারী কর্মচারীদের জন্য। যাঁরা এই ফ্ল্যাটে বসবাস করেন তাঁরা তাঁদের প্রাপ্য বাড়িভাড়া ভাতা পান না।

পি.আর.এইচ.ই—সাধারণ নাগরিকদের আবেদনক্রমে ভাড়ার ভিত্তিতে বণ্টন করা হয়।

বর্তমান সরকার ক্ষমতায় আসার পর থেকে কোথাও কোনো 'কোটা' প্রথা চালু নেই। বঙ্গবিভূষণভূষিত ব্যক্তিত্বকে প্রয়োজনে ফ্ল্যাট দেওয়ার ক্ষমতা সরকারের আছে।

(খ) 'ক' প্রশ্নের উত্তর দ্রষ্টব্য।

সংশোধনাগারগুলিতে বন্দীর সংখ্যা

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং * ৪১৭) শ্রী বাসুদেব খাঁ : সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্ব জানাবেন কি —

৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্যের সংশোধনাগারগুলিতে মোট বন্দীর সংখ্যা কত?

সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

৩০ শে সেপ্টেম্বর ২০১৩ সাপেক্ষে রাজ্যের সংশোধনাগারগুলিতে মোট বন্দীর সংখ্যা ২৪,১৫৯ (চব্বিশ হাজার একশত উনষাট)।

বিদ্যুৎ বন্টনের পরিকাঠামো উন্নয়ন

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩০) শ্রী অর্ঘ্য রায় প্রধান : বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বিদ্যুৎ বন্টনের পরিকাঠামোকে উন্নততর ও শক্তিশালী করতে কি কি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে / হচ্ছে;

(খ) ২০১২-১৩ অর্থবর্ষে উক্ত পরিকাঠামো উন্নয়নের খতিয়ান কি; এবং

(গ) ২০১৩-১৪ অর্থবর্ষে উন্নততর বিদ্যুৎ বন্টনের লক্ষ্যে গৃহীত কর্মসূচীগুলি বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (WBSEDCL) রাজ্যে বিদ্যুৎ বন্টনের পরিকাঠামোকে উন্নততর ও শক্তিশালী করার লক্ষ্যে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করেছে-

(১) নতুন বিদ্যুৎবাহী লাইন (৩৩ কেভি, ১১ কেভি) সংস্থাপন;

(২) চালু বিদ্যুৎবাহী লাইনের ক্ষমতা পরিবর্ধন;

(৩) উন্নত মানের বিদ্যুৎ বন্টনের লক্ষ্যে ফিডার বাইফারকেশন;

(৪) নতুন সাব-স্টেশন নির্মাণ;

(৫) বর্তমান সাব-স্টেশনগুলির ক্ষমতা পরিবর্ধন;

(৬) বিদ্যুৎ বিভ্রাটের সংখ্যা কমানোর জন্য ৩৩/১১ কেভি সাব-স্টেশন, সুইচিং সাব-স্টেশন ও বাল্ক কানেকশনগুলির যন্ত্রপাতির অবস্থা ও দক্ষতা পর্যবেক্ষণের জন্য কন্ডিশন মনিটারিং-এর ব্যবস্থা;

(৭) নতুন ডিস্ট্রিবিউশন ট্রান্সফর্মার স্থাপন;

(৮) বর্তমান ডিস্ট্রিবিউশন ট্রান্সফর্মারগুলির ক্ষমতার পরিবর্ধন;

(৯) ৩৩/১১ কেভি সাব-স্টেশনগুলির কার্যকারিতা বাড়ানোর জন্য বর্তমান (Oil Circuit Breaker)গুলি প্রতিস্থাপন করে আধুনিক (Vaccum Circuit Breaker) স্থাপন;

(১০) ভোল্টেজের উন্নতির জন্য LT Capacitor স্থাপন;

(১১) বিদ্যুৎ সরবরাহে বিঘ্ন ঘটলে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য ১১ কেভি ফিডারে Auto reclosure এবং Sectionaliser স্থাপন ;

(১২) দ্রুত মেরামতির জন্য মোবাইল ভ্যান-এর সংখ্যা বৃদ্ধি;

(১৩) গ্রাহক নিরাপত্তার জন্য LT এবং HT লাইনে Cradle Guard এবং Spacer স্থাপন;

(১৪) পুরাতন GI তারগুলি প্রতিস্থাপন করে আধুনিক ACSR তার বসানো ;

(১৫) কম খরচে এবং সহজ পদ্ধতিতে দ্রুত বিদ্যুৎ সংযোগ দেওয়ার ব্যবস্থা;

(১৬) গ্রাহক সন্তুষ্টির জন্য বিকল মিটার পরিবর্তন ;

(১৭) গ্রাহকের নিকট দ্রুত ও সঠিক বিদ্যুৎ বিল দেওয়ার লক্ষ্যে স্পট বিল ব্যবস্থা চালু করা;

(১৮) সহজে বিদ্যুৎ বিল জমার উদ্দেশ্যে ক্যাশ কালেকশন কিয়স্ক চালু করা, ই-পেমেন্ট, ডেবিট/ক্রেডিট কার্ডের মাধ্যমে বিল মেটানোর ব্যবস্থা;

(১৯) নিশ্চিত ও দ্রুত গ্রাহক পরিষেবা দেওয়ার জন্য Interactive Voice Recording System -এ অভিযোগ নথিভুক্ত করা, ই-মেলের মাধ্যমে অভিযোগ গ্রহণ করার ব্যবস্থা;

(২০) সুষ্ঠু বিদ্যুৎ পরিষেবা, তদারকি ও গ্রাহক সন্তুষ্টির জন্য কাস্টমার কেয়ার সেন্টার ও ডিস্ট্রিবিউশন ডিভিশনের সংখ্যা বৃদ্ধি;

(২১) বকেয়া অভিযোগের নিরসন এবং সমাজের সকল স্তরের মানুষের সঙ্গে সংযোগ বৃদ্ধির জন্য 'পরিষেবা মেলা'-র আয়োজন;

(২২) উন্নতমানের গ্রাহক পরিষেবার জন্য কাস্টমার কেয়ার সেন্টারগুলির আধুনিকীকরণ।

অনুলগ্ন 'ক' সংযোজিত হল।

অনুলগ্ন 'খ' সংযোজিত হল।

ANNEXURE 'A'

Sl. No.	Item	Achievement in the Year 2012-13
1	New 33/11 KV Sub-Station	10 numbers of 128.75 MVA capacity

Sl. No.	Item	Achievement in the Year 2012-13
2	Augmentation of Power Transformer I.R.O. existing Sub-Station (33/11KV)	41 numbers of 168.85 MVA capacity
3	New Distribution Sub-Station (11/0.433KV)	163. 258 MVA capacity
4	Augmentation of capacity I.R.O. existing Sub-Station (11/0 433 KV)	107. 372 MVA capacity
5	33 KV Lines	273. 64 Circuit KM
6	11 KV Line	21726.36 Circuit KM
7	L.T. Line	18000 Circuit KM
8	System improvement/upgradation of existing Lines	439.89 Circuit KM
9	Bifurcation of overloaded 11 KV feeder	200 KM
10	Upgradation of 11 KV line	600 KM
11	Installation of Distribution Transformers of various capacity	12000 numbers
12	Installation of Spacers	5 lakh
13	Installation of Cradle Guard	5000 numbers
14	Deployment of Mobile Vans	79 nos.
15	E-payment through internet	116 Customer Care Centres
16	Cash Collection Kiosks	150 numbers
17	Spot Billing system	287 Customer Care Centres
18	Replacement of defective meters	4.39 lakh
19	Pariseba Mela	272
20	New Distribution Divisions set up	8 numbers
21	New Customer Care Centre set up	14 numbers

Proposed : Another 21-Sub-Stations with capacity 166.15 MVA for forthcoming Boro cultivation.

ANNEXURE 'B'

Sl. No.	Item	Achievement in the Year 2013-14 (as on 31.10.2013)
1	New 33/11 KV-Sub-Station	6 nos. of 56.5 MVA capacity
2	Augmentation of Power Transformer I.R.O. existing Sub-Station (33/11 KV)	23 nos. of 79 MVA capacity
3	New Distribution Sub-Station (11/0.433 KV)	240.33 MVA capacity
4	Augmentation of capacity I.R.O. existing Sub-Station (11/0.433 KV)	80.10 MVA capacity
5	33 KV Lines	372.17 Circuit KM
6	11 KV Line	164 Circuit KM
7	L.T. Line	8861 Circuit KM
8	System improvement/upgradation of existing Lines	237.32 Circuit KM
9	Bifurcation of overloaded 11 KV feeder	3.86 KM
10	Upgradation of 11 KV line	—
11	Installation of Distribution Transformers of various capacity	9067 nos.
12	Installation of Spacers	40,000 nos.
13	Installation of Cradle Guard	1480
14	Deployment of Mobile Vans	2 nos. (total 81 nos.)
15	E-payment through internet	04 Customer Care Centres (total 120)
16	Replacement of defective meters	2.38 lakh
17	Pariseba Mela	152
18	New Distribution Divisions set up	5 numbers
19	New Customer Care Centres set up	9 numbers

Proposed : Another 21 Sub-Stations with capacity 166.15 MVA for forthcoming Boro cultivation.

বন্ধ চা বাগান

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং * ৪৩৪) শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে বন্ধ চা বাগানের সংখ্যা কত;

(খ) এর মধ্যে কতগুলি তরাই অঞ্চলের ও কতগুলি ডুয়ার্স অঞ্চলের চা বাগান; এবং

(গ) বাগানগুলি চালু করার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে / হচ্ছে?

শ্রমবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩০ শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে বন্ধ চা বাগানের সংখ্যা তিনটি।

(খ) তিনটি বন্ধ চা বাগানের মধ্যে ২টি চা বাগান ডুয়ার্স অঞ্চলে, তাদের নাম দলসিংপাড়া ও ঢেকলাপাড়া এবং রিংটং চা বাগানটি দার্জিলিং পাহাড় অঞ্চলে অবস্থিত।

(গ) (১) দলসিংপাড়া চা বাগান খোলার ব্যাপারে সহকারী শ্রম কমিশনার, উপ শ্রম কমিশনার এবং যুগ্ম শ্রম কমিশনারের দপ্তরে ত্রিপাক্ষিক বৈঠক আহবান করা হয়েছে, কিন্তু বাগান খোলার ব্যাপারে কোনোরূপ সিদ্ধান্তে আসা যায়নি।

(২) ঢেকলাপাড়া চা বাগানের বিষয়টি মহামান্য কলকাতা উচ্চ ন্যায়ালয়ের বিচারাধীন থাকায়, ২০০৬ সালের পর থেকে শ্রমদপ্তর কোনো ত্রি-পাক্ষিক বৈঠক ডাকতে পারেনি।

(৩) রিংটং চা বাগান খোলার ব্যাপারে সহশ্রম মহাধ্যক্ষ এবং যুগ্ম শ্রম মহাধ্যক্ষ-র দপ্তরে ২৪.০৭.২০০৮, ০৩.০৯.২০০৮, ২৭.০৪.২০০৯, ১৩.১০.২০০৯, ১২.১২.২০১১, ২৯.০৩.২০১২, ০৮.০৪.২০১২, ১৮.০৪.২০১২, ১৭.০৫.২০১২, এবং ০৪.০৬.২০১২ তারিখে ত্রি-পাক্ষিক বৈঠক আহবান করা হয়েছিল। মহামান্য কলকাতা উচ্চ ন্যায়ালয়ের আদেশ অনুসারে পশ্চিমবঙ্গের মাননীয় শ্রম মহাধ্যক্ষর উপস্থিতিতে বিগত ১০.১০.২০১২ তারিখে শিলিগুড়িতে একটি ত্রিপাক্ষিক বৈঠকের আয়োজন করা হয়েছিল। ঐ বৈঠকে নেওয়া সিদ্ধান্ত অনুসারে দ্বি-পাক্ষিক স্তরে মালিকপক্ষ ও শ্রমিকপক্ষ রিংটং চা বাগান খোলার ব্যাপারে আলোচনা চালিয়ে যাচ্ছে।

পাথরখাদান শিল্পে কর্মরত শ্রমিক

*২৮। (অনুমোদিত প্রশ্ন নং * ৫২২) শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে পাথর খাদান শিল্পে কর্মরত শ্রমিকের সংখ্যা কত ; এবং

(খ) পাথর খাদান শিল্পে কর্মরত শ্রমিকদের জন্য গৃহীত কল্যাণমূলক পরিকল্পনাগুলি কি কি?

শ্রমবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩০ শে সেপ্টেম্বর ২০১৩ সাপেক্ষে রাজ্যে পাথর খাদান শিল্পে কর্মরত শ্রমিকের সংখ্যা আনুমানিক ২০৩০০।

(খ) পাথর খাদান শিল্পে কর্মরত শ্রমিকদের জন্য গৃহীত কল্যাণমূলক পরিকল্পনাগুলি হলো—

১। ভবন ও অন্যান্য নির্মাণ শ্রমিক (রেগুলেশন অব এমপ্লয়মেন্ট অ্যান্ড কন্ডিশনস অফ সারভিসেস)আইন, ১৯৯৬ অনুযায়ী শ্রমিকদের কল্যাণ তহবিল পরিচালনার জন্য সরকার পশ্চিমবঙ্গ ভবন ও অন্যান্য নির্মাণ শ্রমিক কল্যাণ পর্ষদ গঠন করেছেন। পাথর খাদান শিল্পে নিযুক্ত শ্রমিকদের নির্মান কর্মী হিসাবে এই পর্ষদ স্বীকৃতি দিয়েছে। সেই কারণে এই শিল্পে নথিভুক্ত শ্রমিকেরা এই প্রকল্পের অন্তর্ভুক্ত বিভিন্ন সুযোগ-সুবিধা পাওয়ার অধিকারী।

২। সিউড়ি মহকুমায় পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তরের সহযোগিতায় সিলিকোসিস রোগের চিকিৎসার ব্যাপারে বিভিন্ন ধরনের অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে যাতে শ্রমিকদের মধ্যে সিলিকোসিসের বিপদ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পায়।

৩। লোডিং আনলোডিং (মাল তোলা ও খালাস করা) এর সাথে যুক্ত শ্রমিকেরা সাসপফাউ এর আওতাভুক্ত হয়েছেন।

অপুষ্টিজনিত কারণে চা বাগান-শ্রমিকের মৃত্যু

*২৯। (অনুমোদিত প্রশ্ন নং * ৫৩০) **শ্রী আনিসুর রহমান :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের রায়মাটাং এবং ধোকলা পাড়া চা বাগানে অপুষ্টিজনিত কারণে কয়েকজন শ্রমিকের মৃত্যু হয়েছে; এবং

(খ) সত্যি হলে, কতজন শ্রমিকের মৃত্যু হয়েছে?

শ্রমবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) জলপাইগুলি জেলার রায়মাটাং ও ঢেকলাপাড়া চা বাগানের শ্রমিকদের অপুষ্টিজনিত কারণে মৃত্যুর খবর শ্রম দপ্তরে আসেনি।

(খ) এই ক্ষেত্রে প্রযোজ্য নয়।

ক্লাবগুলিকে অর্থ সাহায্য

*৩১। (অনুমোদিত প্রশ্ন নং * ৬১৮) **শ্রী খগেন্দ্রনাথ সিন্হা :** যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ২০১৩-২০১৪ আর্থিক বর্ষের ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ পর্যন্ত সময়ে রাজ্যের কতগুলি ক্লাবকে আর্থিক অনুদান দেওয়া হয়েছে (জেলাওয়ারি হিসেব-সহ); এবং

(খ) কি কি বিষয়ের ভিত্তিতে ক্লাবগুলিকে আর্থিক সহায়তা প্রদান করা হয়?

যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) জেলা

জেলা	মাল্টিজিম স্কীমে প্রদেয় অর্থ		মিনি ইনডোর গেমস্ কমপ্লেক্স স্কীমে প্রদেয় অর্থ		খেলার মাঠ উন্নয়ন প্রকল্পে প্রদেয় অর্থ		মোট অর্থ
	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	টাকা
কলকাতা	১৮	৩৬,০০,০০০		০০		০০	৩৬,০০,০০০
উঃ ২৪পরগনা	৫২	১,০৪,০০,০০০		০০	১	২,০০,০০০	১,০৬,০০,০০০
দঃ ২৪পরগনা	৫০	১,০১,৫০	৩	২৩,৬৯,০০০	১	২,০০,০০০	১,২৭,১৯,০০০
হাওড়া	২	৪,০০,০০০		০০		০০	৪,০০,০০০
বর্ধমান	৫৫	১,১০,০০,০০০	১	৮,০০,০০০		০০	১,১৮,০০,০০০
বীরভূম	১৯	৩৮,০০,০০০		০০		০০	৩৮,০০,০০০
বাঁকুড়া	৪	৮,০০,০০০		০০		০০	৮,০০,০০০
পূর্ব মেদিনীপুর	১৪	২৮,০০,০০০		০০		০০	২৮,০০,০০০
পঃ মেদিনীপুর	১৪	২৮,০০,০০০		০০		০০	৪৪,০০,০০০
নদীয়া	১১	২২,০০,০০০		০০	১	২,০০,০০০	২৪,০০,০০০
উঃ দিনাজপুর	৫	১০,০০,০০০		০০		০০	১০,০০,০০০
দঃ দিনাজপুর	৭	১৪,০০,০০০		০০		০০	১৪,০০,০০০
কোচবিহার	১৯	৩৮,০০,০০০		০০		০০	৩৮,০০,০০০
জলপাইগুড়ি	৪৩	৮৬,০০,০০০		০০		০০	৮৬,০০,০০০
	মোট	৬,২৭,৫০,০০০	মোট	৪৭,৬৯,০০০	মোট	৬,০০,০০০	সর্বমোট ৬,৮১,১৯,০০০

(খ) নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজপত্রের উপর ভিত্তি করে ক্লাবগুলিকে আর্থিক সহায়তা প্রদান করা হয়।

১। ক্লাব বা সংস্থার রেজিস্ট্রেশন সার্টিফিকেট

২। রেজিস্ট্রেশন নবীকরণের প্রমাণপত্র

৩। গত তিন আর্থিক বছরের অডিট রিপোর্ট

৪। ব্যাঙ্কের পাশ বইয়ের প্রতিলিপি

৫। ক্লাব/সংস্থার ঘরের ছবি

৬। সংশ্লিষ্ট স্কীমের আনুষঙ্গিক কাগজপত্র

৭। বিধায়ক/জেলাশাসকের সুপারিশ

বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্প

*৩২। (অনুমোদিত প্রশ্ন নং * ৬৩১) শ্রী ঈদ মহম্মদ : পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্প (বি.ই.ইউ.পি)-এর জন্য বরাদ্দকৃত অর্থ বৃদ্ধির কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি?

পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্প (বি ই ইউ পি)-এর জন্য বরাদ্দকৃত অর্থ বৃদ্ধির কোনো পরিকল্পনা অথবা এ সংক্রান্ত কোনো প্রস্তাব এই মুহূর্তে সরকারের বিবেচনাধীন নেই।

কর্মবিনিয়োগ কেন্দ্রে নাম নথিভুক্তকরণের নিয়ম পরিবর্তন

*৩৪। (অনুমোদিত প্রশ্ন নং * ৭১৩) শ্রী রামেশ্বর দোলুই : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, কর্মবিনিয়োগ কেন্দ্রে নাম নথিভুক্ত করার ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতার পরিবর্তন করা হচ্ছে ;

(খ) সত্যি হলে, কারণ কী; এবং

(গ) ৩১শে মার্চ, ২০১৩ সাপেক্ষে রাজ্যে নথিভুক্ত বেকারের সংখ্যা কত?

পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পশ্চিমবঙ্গ সরকারের শ্রমদপ্তর থেকে এই মর্মে কোনো নির্দেশিকা বার করা হয়নি।

(খ) প্রযোজ্য নয়।

(গ) ৩১শে মার্চ ২০১৩ সাপেক্ষে রাজ্যে নথিভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা হল ৭১,৪৯,৫৬৮ জন।

বর্তমান সরকার ২০১১ সালের মে মাসে দায়িত্ব গ্রহণ করার পর আইটি এবং আইটিইএস-এ বিশেষ গুরুত্ব আরোপ করে একে একটি অগ্রাধিকার ক্ষেত্র হিসাবে চিহ্নিত করেছেন।

তথ্য-প্রযুক্তি শিল্প

*৩৫। (অনুমোদিত প্রশ্ন নং * ৭৭২) ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : তথ্য-প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

রাজ্যে তথ্য-প্রযুক্তি শিল্পের প্রসারে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে / হচ্ছে?

● সরকার সমস্ত সংশ্লিষ্ট ক্ষেত্রের বিশেষজ্ঞ এবং গুরুত্বপূর্ণ সদস্য সম্বলিত দুটি অত্যন্ত শক্তিশালী উপদেষ্টা কমিটি গঠন করেছেন হার্ডওয়্যার এবং সফ্টওয়্যার শিল্পের জন্য।

● এই কমিটি এবং ওয়ার্কিং গ্রুপগুলির সুপারিশক্রমে রাজ্য সরকার ২০১২ সালের সেপ্টেম্বর মাসে 'ওয়েস্ট বেঙ্গল পলিসি অন ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি, ২০১২' শীর্ষক একটি নীতি প্রকাশ করেছে। আইসিটি সংক্রান্ত কার্যকলাপকে সমস্ত জেলায়, বিশেষত দ্বিতীয় ও তৃতীয় শ্রেণির শহরগুলিতে, ছড়িয়ে দেওয়ার জন্য পশ্চিমবঙ্গ সরকারের আন্তরিক অভিপ্রায় এই নতুন নীতিতে স্পষ্টতই প্রতীয়মান।

● ক্লাউড কম্পিউটিং, মোবাইল ভ্যালু অ্যাডেড পরিষেবা, গেমিং, অ্যানিমেশন এবং ইএসডিএম ক্ষেত্রগুলি এই নীতিতে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।

● উইপ্রো, মেন্টর গ্রাফিক্স, এরিকসন, ক্যাপ জেমিনি, টেক মাহিন্দ্রা, অ্যাকসেনচিয়র, টিসিএস, কগনিজেন্ট, আইটিসি, ইনফোটেক ইত্যাদির মতো প্রায় সমস্ত নেতৃস্থানীয় কোম্পানিসহ মোট ৫০০টিরও বেশি আইটি কোম্পানি এ রাজ্যে বিনিয়োগ করেছে। এই রাজ্যে বৃহৎ প্রবর্ধনের অংশ হিসাবে টিসিএস ১৩৫০ কোটি টাকা বিনিয়োগ করতে চলেছে। কগনিজেন্ট টেকনোলজি সলিউশন্স তাদের দ্বিতীয় কেন্দ্র স্থাপন করছে। আইটিসি, ইনফোটেক এ রাজ্যে একটা বিরাট অঙ্কের বিনিয়োগের সিদ্ধান্ত নিয়েছে—এর জন্য রাজারহাটে তাদেরকে প্রয়োজনীয় জমিও দেওয়া হয়েছে। খুব শীঘ্রই সেখানে নির্মাণ কাজ শুরু হবে এবং রাজ্যে প্রভূত কর্মসংস্থানের সুযোগ মিলবে।

● বর্তমানে রাজ্যে আইটি শিল্প ১,৩০,০০০ আইটি পেশাদারের কর্মসংস্থান করেছে। এই শিল্পে পরোক্ষভাবে আরও অন্তত পাঁচগুণ কর্মসংস্থান রয়েছে। ২০১২-১৩ অর্থ বর্ষে এই রাজ্যের আইটি শিল্পের মোট রপ্তানির পরিমাণ ১০,০০০ কোটি টাকা ছাড়িয়ে যাবে বলে আশা করা যাচ্ছে।

● তথ্য-প্রযুক্তি কর্মোদ্যোগকে রাজ্যব্যাপী ছড়িয়ে দিতে রাজ্যের বিভিন্ন স্থানে ১৩টি আইটি পার্ক স্থাপন করা হচ্ছে রাজ্য সরকারের ভৌগোলিক সীমা অতিক্রম করে রাজ্যের দ্বিতীয়, তৃতীয় শ্রেণির শহরগুলিতেও তথ্য -প্রযুক্তি সংক্রান্ত কার্যকলাপ ছড়িয়ে দেওয়ার নীতি মেনেই। দুর্গাপুর এবং শিলিগুড়িতে এরকম দুটি পার্ক সম্পূর্ণভাবে কাজ করা শুরু করেছে। শিলিগুড়ি (ফেজ ২), দুর্গাপুর (ফেজ ২), খড়্গপুর, রাজারহাট, বোলপুর, আসানসোলে আইটি পার্ক তৈরির কাজ শুরু হয়েছে। পুরুলিয়া, বড়জোড়া, হলদিয়া এবং কল্যাণী আইটি পার্কের নির্মাণ কাজ শুরু করার জন্য আদেশনামা জারি করা হয়েছে। মালদহ, হাওড়া এবং কৃষ্ণনগরে (পিপিপি মডেলের অধীনে) আইটি পার্কের জন্য প্রয়োজনীয় কাজ চলছে।

● নৈহাটি এবং ফলতায় রাজ্য সরকার দুটি গ্রিনফিল্ড ইলেকট্রনিক ম্যানুফ্যাকচারিং ক্লাস্টার তৈরির কাজ শুরু করেছে।

● তারাতলা শিল্পতালুকের কর্মক্ষমতা বাড়ানোর কাজ শুরু হয়েছে। হার্ডওয়্যার শিল্পের জন্য সোনারপুরে একটি হার্ডওয়্যার পার্ক তৈরি হচ্ছে।

● আইটি শিল্পে মানসম্পন্ন কর্মীর চাহিদা মেটানোর জন্য কল্যাণীতে একটি আইআইআইটি স্থাপন করার কাজ চলছে। এই আইআইআইটি স্থাপনের জন্য ১০০ একর জমি অধিগ্রহণ করা হয়েছে। এই ব্যাপারে বিস্তারিত প্রোজেক্ট রিপোর্ট ভারত সরকারের কাছে পাঠানোর জন্য তৈরি করা হয়েছে।

● ই-গভর্ন্যান্স -এর ব্যাপক ব্যবহারসহ সরকারি কাজের বিভিন্ন ক্ষেত্রে তথ্য-প্রযুক্তিকে সর্বোচ্চ মাত্রায় কাজে লাগাতে একাধিক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। গুরুত্বপূর্ণ ই-গর্ভন্যান্স উদ্যোগগুলির মধ্যে আছে ই-অফিস, যা কাগজহীন অফিস চালনার ক্ষেত্রে সাফল্যের সঙ্গে কাজ করছে তথ্য-প্রযুক্তি এবং বৈদ্যুতিন বিভাগে, উত্তর চব্বিশ পরগনা ও দক্ষিণ চব্বিশ পরগনার সমাহর্তাকরণে এবং কর্মচারি চয়ন আয়োগে। এছাড়া আছে ই-ডিস্ট্রিক্ট, ওয়েব-ভিত্তিক নথি পরিচালন ব্যবস্থা (ডিএমএস), ই-টেন্ডারিং, মোবাইল গভর্ন্যান্স, পুশ-বেস্‌ড ডিজাস্টার ওয়ার্নিং ডিসেমিনেশন সিস্টেম, ট্যাক্সি রিফিউজাল এবং ইভ-টিজিং -এর অভিযোগ নিবন্ধীকরণ, প্রোজেক্ট ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (পি এমআই এস), এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক, সামাজিক মুক্তি কার্ড, জিআরআইপিএস (সরকারি অর্থ প্রদানের জন্য), চাল কলগুলির চাল সংগ্রহ এবং সে বাবদ সরকার সংগৃহীত শুল্কের ব্যাপারে মোবাইল অ্যাপ্লিকেশন ব্যবস্থা। এই উদ্যোগগুলি সরকার কর্তৃক নাগরিকদের প্রদত্ত বিলিবন্টন পরিষেবার উন্নতি ঘটিয়েছে। এই কাজগুলি সম্পাদনের জন্য আইটি শিল্পের সুযোগ-সুবিধাগুলিকে (সফ্‌টওয়্যার এবং হার্ডওয়্যার উভয়ই) ব্যবহার করা হয় এবং এর ফলে আইটি শিল্পেরই উন্নতি ঘটে।

● রাজ্য ডেটাকোয়েস্ট -এর ই-রেডিনেস পুরস্কার পেয়েছে।

● তথ্য-প্রযুক্তি এবং বৈদ্যুতিন বিভাগের অধীনে নিবন্ধীকৃত ভাষা-প্রযুক্তি গবেষণা পরিষদ স্বামী বিবেকানন্দ, রবীন্দ্রনাথ, বঙ্কিমচন্দ্র এবং শরৎচন্দ্রের সাহিত্যকৃতিকে ডিজিটাইজ করে ওয়েবে তুলে দিয়েছে। সত্যজিৎ রায়ের 'খেরোর খাতা' অনুসরণে 'গুপী গাইন বাঘা বাইন'-এর চিত্রনাট্যও ওয়েবে দেওয়া হয়েছে।

● বিনিয়োগ আকর্ষণের জন্য সারা ভারতের সর্বত্র বাণিজ্য সম্মেলনগুলিতে অংশ গ্রহণ করে চলেছে। বেঙ্গালুরুতে আয়োজিত আইইএসএ ভিশন সামিট, দিল্লিতে অ্যাসোচ্যাম সামিট এবং আইআইএফটি এ বছরে রাজ্য সরকারের শিল্প -তৎপরতা প্রদর্শনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ঘটনা। মুম্বইতে আয়োজিত আরেকটি গুরুত্বপূর্ণ ক্ষেত্রে অংশগ্রহণ করতে চলেছে রাজ্য—এখানে রাজ্যের সমস্ত গুরুত্বপূর্ণ রপ্তানিকারক কোম্পানিগুলি অংশগ্রহণ করবে। যে সমস্ত আইটি কর্মীরা গত এক দশকে এ রাজ্য ছেড়ে অন্য রাজ্যে পাড়ি দিয়েছেন তাঁদের রাজ্যে ফিরিয়ে আনতে আহ্বান জানানো হচ্ছে যেহেতু এ রাজ্যে বর্তমানে যথেষ্ট সুযোগ-সুবিধা রয়েছে, শিল্পের দুনিয়ায় সম্পর্কের উন্নতি হয়েছে, বন্ধ এবং হরতালের কারণে প্রয়োজনীয় কাজের সময় (mandays) অপব্যবহার হয় না। এ সমস্তই সম্ভব হয়েছে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর দুরদর্শী নেতৃত্বের ফলে।

অঙ্গনওয়ারি কেন্দ্রের সংখ্যা

*৩৬। (অনুমোদিত প্রশ্ন নং * ৮০৮) **শ্রীমতী মমতা রায় :** শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে অঙ্গনওয়ারি কেন্দ্রের সংখ্যা কত;

(খ) উক্ত কেন্দ্রগুলির মধ্যে মোট কতগুলি বর্তমানে চালু আছে;

(গ) উক্ত কেন্দ্রগুলিতে কর্মরত মোট কতজন সহায়ক / সহায়িকা এবং

(ঘ) এই সহায়ক/সহায়িকাদের ভাতা প্রদানের পদ্ধতি কিরূপ?

শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩০ শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে অনুমোদিত অঙ্গনওয়াড়ি কেন্দ্র ১,১৬,৩৯০ (এক লক্ষ ষোলো হাজার তিনশো নব্বই)।

(খ) ৩১ শে আগস্ট, ২০১৩ পর্যন্ত উক্ত কেন্দ্রগুলির মধ্যে মোট ১,১৪, ২২১ (এক লক্ষ চোদ্দ হাজার দুশো একুশ) টি কেন্দ্র বর্তমানে চালু আছে।

(গ) ৩১শে আগস্ট, ২০১৩ পর্যন্ত উক্ত কেন্দ্রগুলিতে কর্মরত মোট ১,০৭, ৩৬৫ জন অঙ্গনওয়াড়ি কর্মী ও ১,০২,৩৩৭ জন সহায়িকা আছেন।

(ঘ) ঐ সহায়ক/সহায়িকাদের ভাতা ই.সি.এস.-এর মাধ্যমে প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে/হচ্ছে। দার্জিলিং, বীরভূম এবং দক্ষিণ ২৪-পরগনা জেলায় ইতিমধ্যে এই পদ্ধতি আংশিকভাবে চালু হয়েছে।

[12.00–12.10 p.m.]

STATEMENT UNDER RULE 346

Mr. Speker : Question Hour is over. Now Hon'ble Chief Minister has sought for my permission to make a statement before the House. Thereafter I will take up other businesses.

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে অনেক ধন্যবাদ আমাকে এই সুযোগ দেওয়ার জন্য। পুজোর পরে দেখা হচ্ছে তাই আমি হাউসের সকল মেম্বারকে শুভ বিজয়া, শুভ দীপাবলি, আর শুভ ঈদ মোবারক এবং শুভ ছট পুজোসহ যত পুজো জগদ্ধাত্রী পুজো থেকে শুরু করে রাস পুজো থেকে শুরু করে সকলকেই অভিনন্দন জানাচ্ছি। আমি আপনাদের একটি কথা ঘোষণা করতে চাই সেটা হচ্ছে আমরা বলেছিলাম যে আমাদের রাজ্যে আমরা চেষ্টা করছি আলু পেঁয়াজ সহবিভিন্ন বীজ উৎপাদন করার। কারণ আমাদের নিজেদের বীজ উৎপাদন না করলে নিজেরা স্বাবলম্বী না হলে আমাদের অন্যদের ওপর মুখাপেক্ষী হয়ে থাকতে হয়। ফলে অনেক দাম দিয়ে বাইরে থেকে জিনিস কিনে আনতে হয়। তার একটা ট্রান্সপোর্টেশান খরচা আছে। ফলে সেই

খরচাটা কিন্তু দ্রব্য মূল্যের সাথে সংযোজিত হয়। আমরা সকলেই এক টাকা দু-টাকা বাড়লে চিৎকার করি, চিৎকার করাটা স্বাভাবিক, অস্বাভাবিক নয়। কিন্তু মূল অসুখটা কি সেটা আমরা কখনো নির্ণয় করার চেষ্টা করি না, তার রোগটা সারিয়ে কি ওষুধ দেওয়া দরকার এটা আমাদের করা হয়নি এতদিন। আজও দুঃখের সাথে স্বীকার করতে হয়, পেঁয়াজ আনতে হয় নাসিক থেকে, মাছ কিনতে হয় উড়িষ্যা, অন্ধ্রপ্রদেশ থেকে ছত্তিশগড়, রায়পুর থেকে আর আলুর বীজ কিনতে হয় পাঞ্জাব থেকে। সে সার্টিফায়েড হল কি না হল জানার দরকার নেই, তবু বেশী দামে। তাই আমরা, আমাদের গভর্নমেন্ট আসার পর থেকেই চেষ্টা করেছি নিজের পায়ে দাঁড়াবার এবং তাই আমাদের যারা স্টেটের সায়েনটিস্ট আছেন তাদের দিয়ে রিসার্চ করিয়ে আমরা আলুর বীজ নিজেরাই যাতে ভালো করে তৈরী করতে পারি তার জন্য একটা প্রচেষ্টা চালিয়েছিলাম। সেই প্রচেষ্টা অনেকটাই সফল হয়েছে। আমি গর্বিত আমার সায়েনটিস্টদের কাছে। আমার আলু চাষীদের কাছে, তার চাষ করেন, পাঞ্জাব থেকে বীজ আনতে হয়। তাই, এবার আমি আনন্দের সাথে ঘোষণা করছি, এই বছর, আমরা আলু চাষী যারা বাইরে থেকে আনসার্টিফায়েড বীজ কিনে আনেন বাধ্য হয়ে, প্রায় ৬০ টাকা কিলো দামে, আমার সরকার ৩০ হাজার চাষীকে, মানে আলু চাষীকে, আমরা সেই ভালো বীজ, গুণগত মান মতো সার্টিফায়েড বীজ যেটা আমাদের বৈজ্ঞানিকরা কাজ করেছেন, ফলে তারা এটাকে সার্টিফাই করেছেন। যে বীজটা দিচ্ছি আনসার্টিফায়েড বীজ, ৬০ টাকা দামে দেওয়া হয়, আমরা তার থেকেও ভালো বীজ, গুণগত মানের, আমরা ৩০ হাজার কৃষককে এবছর ১৮ টাকা দামে, ন্যায্য মূল্যে দোকান থেকে গতকাল থেকে দেওয়া শুরু করেছি। বিশেষ করে চারটি জেলা হুগলী জেলা...(নয়েজ)....এত তাড়াতাড়ি রাগ করলে চলে! আরও কিছু বলতে দিন। .....(নয়েজ) .....হুগলী জেলা, বর্ধমান জেলা, বীরভূম জেলা, মেদিনীপুর জেলা। এই, স্যার, আমি আশা করি, যারা নিজেরা কিছু করেনি, ৩৫ বছর বাংলাকে ধ্বংস করেছেন।

.....(নয়েজ)....

মিঃ স্পীকার : মাননীয়া মুখ্যমন্ত্রী একটা স্টেটমেন্ট করছেন গৌরাঙ্গবাবুকে অনুরোধ করবো আপনি বসুন।

শ্রীমতী মমতা ব্যানার্জী : এত রাজনীতি করার কোনো প্রয়োজন নেই। এত রাজনীতি করার কোন, আমার গলা আপনার গলার থেকে অনেক জোর। ছাড়ুন, আমি আন্দোলন করা লোক আমাকে আন্দোলন করা শেখাবেন না।

মিঃ স্পীকার : Please don't interrupt. She is making a statement. Hon'ble Chief Minister is making a statement.

.....(নয়েজ).....

শ্রীমতী মমতা ব্যানার্জী : আমি জানি আন্দোলন কাকে বলে, আমি জানি গণ আন্দালন কাকে বলে। আমি জানি মানুষ কাকে বলে। আমি জানি কৃষক কাকে বলে। আমাকে, ঠুকরিয়ে কোনো লাভ নেই। আমায় আঘাত করলে আমি প্রত্যাঘাত করতে পারি আমার বক্তব্যের মধ্যে দিয়ে। মেরে নয়, নরকংকাল করে নয়। সরি টু সে। স্পিকার স্যার, গর্ব করা উচিত, এই চারটি জেলায়

আমরা শুরু করছি যেখানে বেশী আলুর চাষ হয়। এক একটা জেলায় এক এক রকম চাষ হয়। মেদিনীপুর জেলা পশ্চিম, বর্ধমান, হুগলী এবং বাঁকুড়া। এই চারটে জেলা থেকে আমরা শুরু করছি। বাদ বাকী জেলা আমরা আবার তৈরী করবো। আমার যখন কুলোবে আমি সবাইকেই দেবো। এক বছরে ৩০ হাজার চাষীকে দেওয়া হচ্ছে ১০০ কেজি করে। ১০০ কেজি করে আমরা এক একটা কৃষককে দেব ১৮ টাকা মাত্র দামে। গভর্নমেন্টের ন্যায্য মূল্যের দোকান থেকে। আগামী দিনে আমি আরও করবো, আমার যতটা সফল হয়েছে এখন আমি ছাড়ছি। এটা চাষ হবে, চাষীরা দেখবেন, ভালো হয়েছে। তারাও রিপারকেশান দেবে। তার পরে তো আমি আবার আরো করবো। যেমন পেঁয়াজের চাষ আমি বাঁকুড়াতে শুরু করেছি।

আমি পুরুলিয়াতে চেষ্টা করছি। এক একটা জায়গায় এক এক রকম জিনিস হয়। কোথাও ধান হয়, কোথাও sunflower হয়, কোথাও সরষে হয়, কোথাও সবজি হয়। সব জায়গায় সব কিছু হয় না। একজন যেমন Arts, Science, Commerce, Medical, Engineering, Computer Engineering সব পড়তে পারে না। তাকেও একটা stream বেছে নিতে হয়। তেমন এক একটা মাঠে এক এক রকম ফসল হয়। যখন নানা রকম ফসল হয়। তখন এক একটা সময় এক একটা মরসুমে এক এক রকম ফসল হয়। এটা মাথায় রাখতে হবে। কাঁচালঙ্কা আমাদের হলদিবাড়িতে হয়। আবার দক্ষিণ ২৪পরগনার সাগরে হয়। সুতরাং এই দুটো জায়গায় থেকে আমরা কাঁচালঙ্কাটাকে supply করি সব জায়গায়। সব জায়গায় সব কিছু হয় না, এটা মাথায় রাখতে হবে। ধান বর্ধমানে green revolution হয়, বীরভূমে হয়, হাওড়ায় হয়, হুগলিতে হয়। পুরুলিয়াতে লাক্ষা চাষ হয়। এটা আপনাদের মাথায় রাখতে হবে। তিলের চাষ হয় বাঁকুড়াতে। এক একটা জায়গায় এক এক রকম চাষ হয়, আগে জানতে হবে। পশ্চিমবঙ্গটাকে জানতে হবে, জেলাগুলো জানতে হবে। জানলে এগুলো সব বোঝা যাবে। সুতরাং এটা একটা আপনাদের বললাম, স্যার। আমি লক্ষ্য করছি, কেউ কেউ একটু অতিরঞ্জিত ভাবে বাংলার সম্মানটাকে খাটো করে, রাজনৈতিক স্বার্থে publicity নিয়ে বেঁচে আছেন এবং কুৎসা, অপপ্রচার একতরফা কতকগুলো জিনিস প্রচার করছেন। আমি এটার সাথে যেহেতু দ্রব্যমূল্য বৃদ্ধির রিলেটেড ইস্যু-আমি একটু বলতে চাই। আমি না থাকলে অনেকেই বলে, কেন বলছে না, কিসের জন্য বলছে না। সেই জন্যই.......

(এই সময় বিরোধীদলের একাধিক মাননীয় সদস্য কিছু বলতে উঠে দাঁড়ান)

......(নয়েজ)......

মিঃ স্পীকার : - প্লীজ ওনাকে বলতে দিন, মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলতে দিন। প্লীজ টেক ইউর সিট।

......(নয়েজ)......

শ্রীমতী মমতা ব্যানার্জী : - এটা আলুর সাথে connected। আপনি তো সারাক্ষণই বলেন। আপনি তো সারক্ষণই বলেন। এত রাগ কেন?

মিঃ স্পীকার : নো ....নো ....নো ......প্লীজ .... না, না, না, আপনারা....(নয়েজ)

আপনারা এর আগে.....(নয়েজ).......করেছেন। মাননীয় মন্ত্রী জবাব দিচ্ছেন, জবাবটা শুনতে হবে আপনাদের।

......(নয়েজ)......

শ্রীমতী মমতা ব্যানার্জী : স্পীকার স্যার, ওকে। দাঁড়ান, দাঁড়ান। আমাকে বলতে দিন এক সেকেন্ড, এক সেকেণ্ড। এটা ভদ্রতা -আমি কি বলছি শুনুন। মাননীয় স্পীকার স্যার, যদি আপনি মনে করেন .....(নয়েজ)......দাঁড়ান, যদি আপনি মনে করেন স্যার, বিরোধী দলের নেতা-উনি বলবেন এটা নিয়ে, দ্রব্যমূল্য নিয়ে দুই মিনিট, আমি পাঁচ মিনিট বলব, আমি দশ মিনিট বলব। আমি ওনাকে সুযোগ....(নয়েজ).....no, not that। আপনারা রোজ বলেন। দ্রব্যমূল্যের ওপর আমি যখন বলছি, পারমিশান নিয়েই বলছি। You cannot guide me, You have a laxman rekha. I have a laxman rekha। স্যার, সূর্যবাবুকে দুই মিনিট বলতে দিন, তারপর আমি বলব।

মিঃ স্পীকার : ঠিক আছে, সূর্যবাবু বলুন আপনি। প্লীজ..... ......(নয়েজ).....প্লীজ....দয়া করে ইনটারাপ্ট করবে না আপনারা। মাননীয়া মুখ্যমন্ত্রী এখানে রয়েছেন, বিরোধী দলের নেতা রয়েছেন, বিরোধী দলের নেতাকে আমি বলার অনুমতি দিয়েছি। আপনি বলুন। প্লীজ।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, প্রথমেই আপনাকে বলতে চাই, এই ভাবে House-এ আলোচনা হয় না। আলোচনা গতকাল হতে পারত, আগামীকাল হতে পারে, পরে কোনো দিন হাউসে হতে পারে, মুখ্যমন্ত্রীর সুবিধা অনুযায়ী হতে পারে। নির্দিষ্ট বিষয় ঠিক করতে হয়। হাফ অ্যান আওয়ার discussion হতে পারে। সবাই বলতে পারবে, শাসক দল থেকে আরম্ভ করে। এই রকম তো হয় না আমি দুই মিনিট বলব, তারপর উনি পাঁচ মিনিট বলবেন। সময় ঠিক করতে হয়। তাহলেও আমি আপনাকে বলছি, আপনি মুখ্যমন্ত্রীকে বলতে দিয়েছেন। আমি আপনাকে question hour -এর শুরুতেই, আমি বলেছিলাম আমার একটা জরুরি point of information আছে। উনি এসেছেন, বলতে দিয়েছেন। ঠিক আছে উনি একটা ঘোষণা করেছেন বীজ-ফিজ নিয়ে। সেটা নিয়ে কিছু বলছি না। কিন্তু সেটা থেকে উনি যদি এখন একটা এক তরফাভাবে বলতে আরম্ভ করেন থাকেন, সেটা আমাদের বলবার সুযোগ নেই। তাহলে সেটা আলোচনা বলে না। House-এ এই পদ্ধতিতে আলোচনা হয় না। আপনি জানেন ভালো করে। এই tradition নেই কখনও যে এক তরফাভাবে এসে তিনি বক্তৃতা করবেন, কারও কথা না শুনে।

মিঃ স্পীকার : রুলে যা আছে, রুল পারমিট করে বলেই ওনাকে বলতে দেওয়া। সূর্যবাবু, আপনি অনেক দিন ধরে আছেন এই বিধানসভায়, এটা নতুন কিছু নয়....(নয়েজ).... মাননীয়া মন্ত্রী বিবৃতি দিতেই পারে, তার জন্য......(নয়েজ)... বিরোধী দলের সুযোগ দিতে হবে এমন কোনো নিয়ম নেই। মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন আপনাকে সুযোগ দেওয়ার, আমি আপনাকে সুযোগ দিয়েছি। আর আপনি যদি সুযোগটা নিয়ে আপনার বক্তব্য বলেন

......(নয়েজ)......

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : দুই মিনিটে, দুই মিনিটে বলতে হবে আমাকে। মুখ্যমন্ত্রী আমাকে দুই মিনিট সময় দিয়েছেন।

মিঃ স্পীকার : আমি তো বলছি আপনি বলুন না.....(নয়েজ).... আপনি ভূমিকা করতে বেশি সময় নিচ্ছেন, আপনি বলুন না কি বলতে চান। .....(নয়েজ)...প্লীজ ওনাকে বলতে দিন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি বলতে চাইছি আলোচনা পদ্ধতিমাফিক হোক।

[12.10–12.20 p.m.]

আধ ঘন্টার জন্য ডিসকাশান হোক, আপনি হাফ অ্যান্ড আওয়ার টাইম দিন। যে রকম হাফ অ্যান্ড আওয়ার ডিসকাশান হয়। এটা রুলে আছে। আমি এক কথায় আপনাকে বলতে পারি।

মিঃ স্পীকার : -না, আমি আপনাকে বলছি ডিসকাশান এটা কিন্তু নয়। শুনুন, She is making a statement and she can make a statement, you know. This is very much in the rule। মাননীয়া মুখ্যমন্ত্রী উনি যখন বক্তব্য রাখছেন আপনি ইনটারাপ্ট করে বলেছেন আমাকে ২ মিনিট বলতে দেওয়া হোক। মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন ঠিক আছে উনি বলে নিন two minutes।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি তা বলিনি। আমি বলেছি উনি বলে নিন তারপর আমাকে বলতে দিন। আমি যা বলেছি, উনি বলছেন বলে ফেলুন, আমি তার ইনটারাপ্ট করছি না, আমি ইনটারাপ্ট করিনি। আমি বলছি আপনি বলে যেলুন, তারপরে আমাকে বলতে দিন। এটা উনি বলতে বলতে বলবেন ওনাকে ২ মিনিট দেবেন আমি বলবো five minutes। এটা কারো দয়ার দান নয়। Rules have given us right.

মিঃ স্পীকার : আইনের কথা বলবেন না এখানে। (তুমুল গোলমাল)।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আইনের কথাই বলবো, আইনের কথাই বলবো। (গোলমাল) আমি কারো দয়া চাইনা। আমি এখানে আইনের কথাই বলবো।

মিঃ স্পীকার : আপনি শুনুন, আপনাকে আমি রুলটা পড়ে দিই। রুল বইটা পড়তে দিন তারপর আপনি বলবেন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : পড়ুন স্যার।

মিঃ স্পীকার : *Rule 346*, প্লিজ আপনারা বসুন. A statement may be made, ...*(গোলমাল)*.....আপনারা কেন ইনটারাপ্ট করছেন? A statement may be made by a *Minister* on a matter of public importance with the consent of the Speaker, but no question *shall* be asked at the time the statement is made. In spite of *that* Hon'ble Chief Minister has requested me to allow you time to speak. *Please* speak.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, I have spoken আমি জানি না আপনি যে রুল পড়লেন

সেই রুলে বলা আছে স্টেটমেন্ট নিশ্চয়ই দিতে পারেন। স্টেটমেন্ট দিলে একটা লিখিত স্টেটমেন্ট হাউসে সারকুলেট করতে হয়, এক। দুই, একটা বিষয়ে হয়, একটা বিষয়। ওটা আলুর বীজ না পিঁয়াজের বীজ না লঙ্কার চাষ, না জিনিসের দাম, এর কোনটা? কোনটা নিয়ে উনি স্টেটমেন্ট দিচ্ছেন? নাকি উনি সামগ্রিক ভাবে স্টেটমেন্ট দিচ্ছেন। (গোলমাল) কোন রুলে পারমিট করে?

মিঃ স্পীকার : আপনি don't misinterpret, Dr. Mishra, Don't misinterpret the law. Please, don't misinterpret.

Dr. Surjya Kanta Mishra : It is being misinterpreted.

Mr. Speaker : It is very much written. You are misinterpreting the law. No, no, no. There is no condition precedent. এখানে clear বলা রয়েছে public importance -এর উপর উনি সব সময় statement করতে পারেন। আপনি যদি public importance -এর উপর যা বক্তব্য সেটা যদি শুনতে না চান আলাদা কথা but she is making a statement on public importance। আপনারা গতকাল অনেক উল্লেখ করেছেন, উনি জবাব দিচ্ছেন; ওনার জবাব দেওয়ার মাঝখানে আপনরা interrupt করলেন, উনি তাও আপনাকে বলার সুযোগ করে দিতে বলেছেন আমাকে। আপনি বলুন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমি যেটা .....

(At this stage Hon'ble Minister Shri Partha Chatterjee rose to speak)

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : না না সেটা একসঙ্গেই হয়, এক সঙ্গে। একটা প্রস্তাব আছে লিখিত হয়, বলা হয়, তারপরে debate হয়। .....(গোলমাল)... যাই হোক ঠিক আছে।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি .....(গোলমাল).....বলছি, আপনি স্যার অলরেডি একটা রুলিং -এর মত দিয়েছেন, তা সত্ত্বেও আমি ওনাকে স্মরণ করিয়ে দিতে চাই, হাউস চলে রুলস এবং কনভেনশানে। Series of convention যদি বিরোধী দলের নেতা দেখেন তাহলে ৩৪ বছরে অন্তত কয়েক হাজার এই রকম Ministry থেকে এবং Chief Minister special intervention এবং statement করেছেন। এখন উনি গুলিয়ে ফেলছেন। উনি গুলিয়ে ফেলছেন কোথায়? দু-রকম স্টেটমেন্ট হয়। এক লিখিত statement হয় এক oral statement হয়। উনি যদি মনে করেন That is not important. It is his personal matter. কিন্তু আমরা সবাই মনে করি This is very important. Now the House according to the convention, he should not interfere. 'His intention is very clear, to disturb our Chief Minister, is the only thing. Therefore, it should be condemmed. It is a condemnable thing. প্রয়োজনে ওনার বিরুদ্ধে privilege আনা যায়।

......(নয়েজ)......

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : যদি কাউকে কনডেম করতে হয়, কনডেম করুন।

......(নয়েজ)......

মিঃ স্পীকার : না, না, কনডেম করার কোনো কোয়েশ্চেন নেই। আপনি বলুন।

......(নয়েজ)......

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আপনি আমাকে বলতে দিতে গিয়ে ওনাকে আবার বলতে দিয়েছেন। আমি দুটো কথা বলছি। এক, আলু বীজ.......

......(নয়েজ)......

মিঃ স্পীকার : দ্রব্যমূল্যবৃদ্ধির উপর আপনারা গতকাল অনেকেই প্রশ্নটা তুলেছিলেন। আপনি বলুন। দ্রব্যমূল্যবৃদ্ধি নিয়ে বলুন আপনি।

......(নয়েজ)......

মিঃ স্পীকার : বলতে তো দিচ্ছি ওনাকে। এখন বলতে দিচ্ছি, যদি বলেন বলবেন, তা না হলে চিফ মিনিস্টার বিবৃতি দেবেন।

......(নয়েজ)......

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : - এক, আলুর দাম, সমস্ত শাক-সব্জির দাম, সব কিছু জিনিসের দাম বাড়ছে। সারা দেশ জুড়ে বাড়ছে, পশ্চিমবাংলায় বাড়ছে। আমরা কখনও বলিনি, কখনো বলি নি। যখন ৩৪ বছর এখানে আপনারা ছিলেন, তখনও বলিনি। তখনও বলতাম এটা সারা দেশের যে নীতি তার সঙ্গে সম্পর্কযুক্ত এবং বিশ্বের যে নীতি তার সঙ্গে সম্পর্কযুক্ত। রাজ্য সরকারের দায়িত্ব কয়েকটা সুনির্দিষ্ট। সেখানে রাজ্য সরকার কি ভূমিকা পালন করতে পারছে কি পারছে না, সেই নিয়ে আমরা এখানে আলোচনা করতে পারি। আমি বলেছিলাম, Let there be an unofficial day, আমরা, আপনারা সবাই মিলে আলোচনা করতে পারি এবং আমরাই প্রথম প্রধানমন্ত্রীর কাছে এখানে ডেপুটেশান দিয়ে বলেছিলাম দ্রব্যমূল্য বৃদ্ধি রোখবার জন্য কি করতে হবে। সুতরাং আমি সেই বিশদ আলোচনায় এখানে যাচ্ছি না। মাননীয়া মুখ্যমন্ত্রী আজকে এখানে যা বলেছেন, আলুর বীজ ত্রিশ হাজার কৃষককে দেওয়া হবে। লক্ষ লক্ষ কৃষক কাজ করে। আমি আপনাকে বিনীতভাবে স্মরণ করিয়ে দিতে চাচ্ছি, আলু বীজের দাম কালকেই সংবাদমাধ্যমে সব জায়গায় এসেছে ডবল হয়ে গেছে। আলু চাষীরা যে বীজ কোল্ড স্টোরেজে রাখে, সেই কোল্ড স্টোরেজ থেকে আলু চাষীরা আলু বের করতে পারছে না এই ফতোয়ার জন্য। এটা রাস্তা নয়। এটা সমাধানের রাস্তা নয়। এটা আপনার কয়েকজনকে, কুড়ি হাজার, ত্রিশ হাজারকে দিয়ে কিছু হবে না। একটা ব্লকে আলু চাষী এর চাইতে বেশি থাকে। আমাদের সবার জানা আছে এ সব কথা। কিন্তু যেটা হচ্ছে, কালকে আমি বাঁকুড়ায় ছিলাম, কি মুশকিল, যে কোল্ড স্টোরেজ থেকে নিজে রাখা বীজ, সেই বীজটা বের করতে পারছে না লাখ লাখ চাষী। আমাদের এই সমস্যা হয়েছে। আমরা কি আলুটা খাবো? আমাদের যা দরকার সেটা আমরা রাখব। আর আমাদের আলু যা উৎপাদন হয়, এই ৩৪ বছরে রেকর্ড হচ্ছে যে আমরা সব রাজ্যের মধ্যে দ্বিতীয় বৃহত্তম স্থানে। পশ্চিমবাংলাতে যা কোল্ড স্টোরেজ আছে, সব কোল্ড স্টোরেজ আমাদের আমলে হয়েছে। একটাও কোল্ড স্টোরেজ এই

আমলে হয়নি। আর যা হয়েছে, হয়েছে। এ রকম অরাজকতা আমরা কখনও দেখিনি। সব জিনিসপত্রের দামের বেলায় যে টাস্ক ফোর্স হয়েছে, তারা যখনই যা করছেন সব জিনিসের দাম বাড়ছে। আর রাজ্য সরকার ট্যাক্স বসাচ্ছে। এন্ট্রি ট্যাক্স বসিয়ে সব জিনিসের দাম রাজ্য সরকার বাড়াচ্ছে। খালি কেন্দ্র নয়। কেন্দ্রের নীতির বিরুদ্ধে লড়াই করুন। এই যে আগাম বাণিজ্য হচ্ছে, খালি কেন্দ্রীয় নীতি নাকি? বিশ্বের কোথাও হচ্ছে এবং সেটা আমাদের সরকার মেনে নিয়েছে। প্রধানমন্ত্রীকে আমরা বলেছিলাম যে এটা বন্ধ করুন। এই যে ফিউচার ট্রেড, ফরোয়ার্ড ট্রেড, বন্ধ করে দিন তারপরে বলেছেন নাকি, উনি বলুন? আমরা বলছি এখনও ওঁর সঙ্গে যাব, কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত জানব। রাজ্য সরকার তার যে সব কাজের জন্য আজকে কৃষক, ব্যবসায়ী, কোল্ড স্টোরেজ, ছোটাখাটো যারা কাজ করে কোল্ড স্টোরেজে, পাবলিক, সবার মধ্যে যে বিপুল বিক্ষোভ তৈরী হচ্ছে এই ভুল হস্তক্ষেপের জন্য। আমি বলছি যে আলোচনা করুন। তাই আমাদের জ্ঞান দিয়ে কোন লাভ হবে না। আলু কোথায় হয়, পেঁয়াজ কোথায় হয়, ধান কোথায় হয়, ধান গাছ কোথায় হয় আমরা জানি।

......(এই সময় মাইক অফ্ হয়ে যায়।)

শ্রীমতী মমতা ব্যানার্জী : থ্যাংক ইউ, স্যার অনেক ধন্যবাদ বিরোধী দলনেতাকে। উনি দুটো পয়েন্ট বলেছেন। একটা, কোল্ড স্টোরেজ থেকে নাকি আলু বের করতে পারছে না। আপনার খুব গায়ে লাগছে মনে হচ্ছে।

......(নয়েজ)......

প্লিজ, আপনি বলেছেন, আপনি বলেছেন। আলু কোল্ড স্টোরেজ থেকে ঠিক বেরোচ্ছে। তা নাহলে লোকে খাচ্ছে কোথা থেকে। এখনও তো আমাদের নতুন আলু বেরোয় নি। আপনাদের মনে রাখতে হবে-দাঁড়ান, বলব আমি।

[12.20–12.30 p.m.]

আপনি যখন দু'টি point raise করেছেন, I will give you the reply. No problem, first you listen. আলুর চাষিরা আগে দাম পেত দু-টাকা। আমাদের সরকারের আমলে দাম পাচ্ছে ৮ টাকা। তারা খুব খুশি। আগে আলুর বন্ড নিয়ে অনেক কেলেঙ্কারি হত আর প্রতিদিন অনেক চাষি আত্মহত্যা করত। আপনারা cold storage মালিকদের কথা ভাবছেন, চাষীদের কথা নয়। এমন কি cold storage এত গায়ে লাগছে, বা ! বা ! একটু শুনুন, বললেন তো, আপনার যখন turn এলো আপনি বললেন, এখন আমার টার্ন আমাকে বলতে দিন, এত রাগ কেন? শুধু বিবৃতি দেওয়ার জন্য, না কিছু নিরাময় করার প্রতিষেধক দেওয়া দরকার, ৩৫ বছর ছিলেন, বীজটাও তো তৈরী করতে পারেননি। বন্ডের কেলেঙ্কারি করেছিলেন, লজ্জাও করে না! যেটা হচ্ছে স্যার, আলু বীজের জন্য যে আলু দরকার সেটা আমার রাখা আছে তিন লক্ষ টন, আপনাদের কথা মত বের করব না। Government জানে কখন তিন লক্ষ টন বের করতে হবে, ঠিক তারপরে বের হবে।

মিঃ স্পীকার : সূর্যবাবু, আপনি আপনার দলের সব সদস্যদের সংযত হতে বলুন।

শ্রীমতী মমতা ব্যানার্জী : আমার মনে হয় স্যার, ইদানিং কিছু ফোড়ের হয়ে কিছু ফোড়েদের হয়ে তাবিদারি করছে মানে দালাল, middleman যারা চাষিদের টাকা দেয় না আর যারা market -টাকে grab করার চেষ্টা করে। আমাদের government ডাইরেক্ট চাষিদের পক্ষে। কিন্তু হ্যাঁ, আমাদের প্রয়োজন অনেক লক্ষ। শুরু তো করুন। প্রথমদিন আপনি যদি বলেন একটা ছোট্ট শিশু, তাকে এক গ্লাস দুধ দিতে হয়, সে শক্ত ডাল-ভাত-মাছ খেতে পারে না এক সাথে। আস্তে আস্তে বড় হয় তখন তাকে গলা-ভাত মা দিতে শুরু করে, বা সেরেল্যাক টাইপের কিছু দিয়ে শুরু করে। আস্তে আস্তে বড় হয় তখন তাকে গলা-ভাত, মাগুর-সিদ্ধ-এই সব দিয়ে খেতে দিতে শুরু করে। তারপরে আর একটু বড় হয় তখন সে তরিতরকারি খেতে শুরু করে, আপনি যদি মনে করেন, একদিনেই সব কিছু হয়ে যাবে—৩৫ বছরে জিরো-গোল্লা, সেখানে ধ্বংস থেকে শুরু করে, জঞ্জালটাকে সরিয়ে, নতুন করে তৈরী করছি আমরা। একদিনেই সব চায় ! সোনার হাঁস আর হাঁসের ডিম একদিনেই খাবো হাঁস কেটে, সেটা হয় না। সবকিছু সয়াতে হয়। যে কোনো নতুন জিনিস আবিষ্কার করতে গেলে আবিষ্কারটা ঠিকমত কাজ করছে কিনা জমিতে সেটাকে আমাকে অ্যাপ্লাই করতে হবে, এটা method. চাষিরা grass root-এ কাজ করবে, এই বীজ পুঁতবে। এই বীজ পুঁতে দেখবে যে, ভালো আলু হচ্ছে। যখন দেখবে, সেই reaction আমরা পাব। তখন আমরা এটাকে বেশি করে বাড়াব। আগেরবার স্যার আপনাদের বলি, আমি দ্রব্যমূল্য সম্বন্ধে বলতে বলেছিলাম, আমরা সাবজেক্টটাই statement, price hike নিয়ে। স্যার, আপনার থ্রু-তে হাউসকে জানাতে চাই, আমাদের এখানে অনিয়ান -পিঁয়াজ আমাদের নিয়ে আসতে হয় নাসিক থেকে। স্যার, কোন কোন রাজ্যে পিঁয়াজ বিক্রি হচ্ছে ১৩০ টাকায়। সারা দেশ জুড়ে সূর্যবাবুর সঙ্গে একমত, একটা crisis তৈরী হয়েছে। একটা সঙ্কট চলছে সব রাজ্যে রাজ্যে এবং এটা একটা serious phenomena. কেন্দ্রীয় সরকারের দ্রব্য-মূল্য বৃদ্ধি নিয়ে একটা ভুল পলিসি আছে। মনে রাখতে হবে। এই জন্য আমরা মনে করি, কারও উপর নির্ভরশীল না হয়ে নিজেদের উপর নির্ভরশীল হতে হবে। আমরা পিঁয়াজও চাষ করার চেষ্টা করছি। ৩ লক্ষ ১০ হাজার টনের মত আমার সঙ্কুলান হচ্ছে রাজ্যের বীজে, রাজ্যের চাষে। আমার এখনও ২ লক্ষ মেট্রিক টন বাইরে থেকে আনতে হচ্ছে। আমার টার্গেট আছে next ৬ লক্ষ মেট্রিক টন করা। আমার পিঁয়াজের দরকার ৫ লক্ষ মেট্রিক টন। আমার যে ডিমান্ড আছে, এবং আমি ৬ লক্ষ মেট্রিক টার্গেট রেখেছি এই কারণে, যাতে ১ লক্ষ দরকার হলে আমি বাইরে বিক্রি করে দিতে পারি আমার স্টেটকে খাইয়ে। স্যার, এই ভাবেই মাছ আমার রাজ্যে নেই, ছোট ছোট চুনো-পুঁটি মাছগুলো আছে। আমরা বড় মাছ চাষ করার কখনও ব্যবস্থা করেনি। সেই জন্য 'জল ভর, জল ধর'- It's a theme. আমরা অনেক পুকুর কেটেছি। দু-বছরে আমরা কেটেছি প্রায় ৫০ হাজারের উপর। ৫৪-৫৫ হাজার অলরেডি আমরা কেটেছি। আমাদের টার্গেট হচ্ছে, এই পুকুরগুলি কেটে চুনো-পুঁটি মাছ সেখানে ছাড়া। আর দুই হচ্ছে, আমাদের নিজেদের reservoir তৈরী করতে হবে যেখানে বড় মাছ আমরা তৈরী করতে পারব। তাহলে আগামীদিন আমাকে হায়দ্রাবাদ থেকে মাছ এনে, বা রায়পুর থেকে মাছ এনে বেশি দামে কিনতে হবে না । কিন্তু স্যার, একটা মাছ আড়াই কেজি করতে হলে আড়াই বছর টাইম

লাগে। আমরা ইতিমধ্যেই এগ্রিকালচার ডিপার্টমেন্টে ৩৫০টি পুকুরে বড় মাছের চাষ করতে শুরু করেছি এবং সেই মাছগুলো ইতিমধ্যে ৭০০ গ্রাম হয়েও গেছে এবং এটা আড়াই বছর লাগবে আড়াই কেজি করতে। এগুলো মাথায় রাখতে হবে।

বাংলার লোকেরা ইলিশ মাছ খেতে খুব ভালবাসে। ইলিশ মাছের জন্য আমরা কেন্দ্র করছি। ইলিশ মাছের বীজ কী ভাবে তৈরী করা যায় এই সব নিয়ে অনেক ভাবনা-চিন্তা হচ্ছে। সুতরাং আমার মাছ যখন আমার লোক বিক্রি করবে তখন তো আর বাইরে থেকে আনার cost লাগবে না, তখন সে অনেক সস্তায় করতে পারবে। সুতরাং আমি মনে করি আমাদের গ্রামে -গঞ্জেও যে মাছ তৈরী হচ্ছে আমার প্রয়োজন আরো দুই লক্ষ মেট্রিক টন। যেটা আমাকে বাইরে থেকে আনতে হয় সেটা আমি যদি নিজে তৈরী করতে পারি তাহলে এটা আমাদের সস্তা হয়ে যাবে। এটা কেন আপনারা আগে করেননি? তাহলে, আমাদের রাজ্যে মাছের এরকম সমস্যা হোত না। আমরা করতে শুরু করেছি। আপনাদের মত নাকি? ৩৫ বছর কোনো প্লানিং নেই। ভিসান নেই। কোনো মিশন নেই। শুধু করে খাওয়া আছে। বেশী কথা বলবেন না। আর বেশী কথা বলবেন না। আমার মুখ খোলাবার চেষ্টা করবেন না। ৩৫ বছরে স্যার যা আমরা ফেস করেছি, জঞ্জাল সরাতে সরাতে, একটা কাজ করা যাচ্ছে না এমন অবস্থা। এর মধ্যে দাঁড়িয়ে স্যার গর্ব করা উচিৎ। ...(হৈ চৈ) ... চিৎকার না করে নিজের দিকে তাকান। ত্রিপুরায় তো একটাই সরকার আছে। কত দাম আলুর? ত্রিপুরায় আলুর দাম কত? একটু জিজ্ঞাসা করবেন দয়া করে ত্রিপুরায় আলুর দাম কত? একটু ওখানের মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করুন।

... (গোলমাল) ...

মিঃ স্পীকার : দেখুন আপনারা এমন কোনো কমেন্ট করবেন না এই বিধানসভাতে, আপনাকে বলছি, আপনি, আপনাকে আমি বলছি, আপনি, I am naming you particularly .. (Pointing out to Hon'ble Member Sri Najmul Haque), .. যে ধরনের কমেন্ট করছেন বসে বসে, টাকায় দু'কিলো - these are sarcastic comments. সূর্যবাবু আপনি একটু রেস্ট্রিক্ট করুন আপনার সদস্যদের। মাননীয়া মুখ্যমন্ত্রী হাউজে স্টেটমেন্ট করছেন, এই ধরনের কথাবার্তা বলা ঠিক না।

শ্রীমতী মমতা ব্যানার্জী : আপনারা শুনলে খুশী হবেন, আমি বলছি এই কারণে। আপনি বাংলা নিয়ে ... (হৈ চৈ) ... স্যার, এঁরা ভদ্রতাও ভুলে গেছেন। চিৎকার করার গলা কিন্তু আমাদের অনেকেরই আছে। আর, আমার একার গলাই একশো। আমাকে চিৎকার করা দেখাবেন না। Don't shout, don't shout. আমি বলি, আলুর দাম যদি দেখেন এই মুহূর্তে, দিল্লীতে ৪০ থেকে ৫০ টাকা। রাজস্থানে ৪০ থেকে ৫০ টাকা। উত্তরপ্রদেশ, অসম থেকে শুরু করে যদি দেখেন তাহলে দেখবেন আলুর দাম যেভাবে প্রত্যেকটা রাজ্যে বেড়েছে, আমি আপনাকে স্যার আগেই বলেছি, ওনারা না বললে আমি বলতাম না, ত্রিপুরাতে ২৫ টাকা। আর, বাংলায় আপনি ১৩ টাকায় আলু পাচ্ছেন। ... (হৈ চৈ) ... ১৩ টাকায় আলু পাচ্ছেন। ... (ভয়েজ : ১৩ টাকায় ভালো আলু পাওয়া যাচ্ছে না।) ... কোনো রাজ্য দেখাতে পারবেন না। এমন কী স্যার ... (হৈ চৈ) ... আপনি ভালো

আলু উৎপাদন করে বিক্রি করুন আমি খুশী হব, সব কিনে নেব। স্যার, আমি বলি, আগের বছর আমাদের আলু চাষীরা অনেক আলু উৎপাদন করেছিল। তখন তাদের আলু নষ্ট হয়ে যাচ্ছিল। তাঁরা আমাকে বলেছিল; আমি বললাম চাষীদের পাশে দাঁড়াতে হবে এমন কী কোল্ড স্টোরেজে যারা আলু রাখে তাঁদের আলুও যেন নষ্ট না হয়। তাঁদের পাশেও দাঁড়াতে হবে। স্যার, ১০ কোটি টাকা খরচ করে এগ্রিকালচার মার্কেটিং -কে দিয়ে আমরা এক্সপোর্ট করিয়ে দিয়েছিলাম। যত আলু, ম্যাক্সিমাম আই.সি.ডি. এস.-এ কিনে নিয়েছিলাম, মিড-ডে-মিলে কিনে নিয়েছিলাম চাষীদের সাহায্য করবার জন্য। আর মনে রাখবেন স্যার, এ বছরও জুলাই, আগস্ট, সেপ্টেম্বর, অক্টোবর, সব রাজ্যে আমরা আলু পাঠিয়েছি, আলু বিক্রি করে দেওয়ার ব্যবস্থা করেছি। কিন্তু যখন আমরা দেখি, আমার রাজ্যের কেউ কেউ সমস্ত আলু বাইরে বের করে দিয়ে আমার রাজ্যে আলুর দাম বাড়িয়ে দিচ্ছে তখন রাজ্যকে প্রোটেকশন দেওয়া আমার কর্তব্য এবং দায়িত্ব। আর এ বছর স্যার প্রচুর বৃষ্টি হয়েছে এবং সেই বৃষ্টিতে আলু আসতে দেরী হচ্ছে। নতুন আলু আসবে জানুয়ারি মাসে। ততদিন আমার রাজ্যের লোককে আমাকে সুযোগ দিতে হবে। যদি বাড়ীতে কোনো খাবার না থাকে, দুটো বিস্কুটও থাকে পিতা-মাতা আগে তার দুটো সন্তানকে দুটো বিস্কুট দিয়ে খাওয়ায় এবং প্রয়োজনে হলে নিজেরা জল খেয়ে থাকে। আমার রাজ্যের মানুষকে খাইয়ে যা থাকবে আমি বাইরে পাঠাবার ব্যবস্থা করে দেব। আমার কোনো আপত্তি নেই।

[12.30–12.40 p.m.]

একটি আলুও আমরা নষ্ট করতে দেব না। আমরা সকলের পক্ষে। আর কোল্ড স্টোরেজের মালিককে নিয়ে কাউকে চিন্তা করতে হবে না। কোল্ড স্টোরেজে যাতে আলু ঠিকমত রাখতে পারে আমরা ১৫ দিন বন্ডের টাইম বাড়িয়েছি। আমরা ১৫ ই ডিসেম্বর পর্যন্ত করেছি। প্রয়োজন হলে আমরা আবার দেখে নেব। আমার আলু চাষির যাতে আলু নষ্ট না হয়, বা কোল্ড স্টোরেজে যারা আলু রেখেছেন তাদের যাতে নষ্ট না হয়, সেটা আমরা টোটাল প্রোটেকশান নেব। আমি আজকে হাউস চলছে বলে বাইরে বলিনি। এটা দায়িত্ব এবং সৌজন্যতা হাউসের , হাউস যখন চলে। আমি জানাই ওড়িশা সত্যিই প্রবলেমে আছে। ওদের একটাও আলু নেই। আমরা আজকে সিদ্ধান্ত নিচ্ছি, আমাদের সমস্ত স্টক মিলিয়ে আমরা এক লক্ষ মেট্রিক টন আলু পশ্চিম মেদিনীপুর থেকে ওড়িশাকে দেব। এটা আজকে আমরা একটা সিদ্ধান্ত নিচ্ছি। আমাদের নিজের আলু রেখে। তার কারণ হচ্ছে পাড়া প্রতিবেশীকে সাহায্য করা এটা আমাদের দায়িত্ব কর্তব্যের মধ্যে পড়ে। আপনি জানেন স্যার, আমরা যখন ২০১১ সালে ক্ষমতায় এসেছিলাম কেউ কেউ বলছে তখন আট, এখন তেরো কেন হল? তখন আলু চাষিরা পেত দু টাকা দাম, এখন পেয়েছে ৮ টাকা দাম। তখন টাকার মূল্য ছিল ৪৫ টাকা ডলার প্রতি। এখন ডলারের মূল্য হয়েছে ৬৩ টাকা। স্যার, ১৮ টাকা ভ্যালু কমে গেছে টাকার। প্রাইসের বাজারটা, মার্কেটটা লক্ষ রাখতে হবে। পেট্রোলের দাম বেড়েছে কতবার? ডিজেলের দাম বেড়েছে কতবার? কয়লার দাম বাড়িয়েছে কতবার? ডোমেস্টিক গ্যাস থেকে শুরু করে এমন কি সারের দাম- যে সার দিয়ে চাষিরা সার তৈরি করে। আজকে চাষিরা খুব দুঃখের মধ্যে আছে। সেই সারের পর্যন্ত দাম বাড়িয়ে দেওয়া হয়েছে। এটা ভুল। আমি এখনও বলি এটা কেন্দ্রীয় সরকারের ভুল সিদ্ধান্ত। ডিজেলের দাম বাড়লে চাষির চাষ করতে অসুবিধা হয়। যদি সারের দাম বাড়ে চাষিদের

অসুবিধা হয়। কয়লার দাম বার বার বাড়াচ্ছে। তাও স্যার, বিদ্যুতের দেড় হাজার কোটি টাকা, দু হাজার কোটি টাকা লসে রান করছে। তাও আমি বাড়াতে পারছি না। কখনো হয়তো আমাকে সিদ্ধান্ত নিতে হবে ৫ পয়সা, ১০ পয়সার বেশি কখনো করি না। কারণ আমি মানুষকে কখনো অসুবিধা দিতে চাই না। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে স্যার, যেভাবে ক্রাইসিস চলছে অল ওভার এবং কেউ কেউ একটা আর্টিফিসিয়াল ক্রাইসিস তৈরি করার চেষ্টা করছে। কয়েক দিন আগে হঠাৎ দেখলাম মহরমের আগের দিন কেউ কেউ ফোনে ফোনে রটিয়ে দিল কি ? না, নুন পাওয়া যাচ্ছে না। আবার কেউ কেউ বলছে চালও পাওয়া যাচ্ছে না। কেমন ট্যাকটিক্যাল, পরিকল্পনামাফিক। আমরা জীবনে এ জিনিস করিনি, দাঙ্গা লাগাইনি আর গুজব রটাইনি। স্যার, আমরাও ৩৫ বছর বিরোধী দলে ছিলাম, অন্যান্য রাজনীতি করেছি। দিজ ইজ আরফরচুনেট, আমি জানি না কারা করছে? আমি জানি না কারা করছে, কেন করছে, কিসের জন্য করছে? এইসব লাভ সাময়িক সময়ের জন্য হতে পারে। এই সব লাভ চিরকালের জন্য হতে পারে না। একদিনেই দেখিয়ে দিয়েছি আমরা, আমার এখনও যা নুন মজুত আছে তাতে ১১ মাস চলবে। হ্যাঁ, বিহারে নুনের দাম বেশি। ঝাড়খণ্ডে নুনের দাম বেশি। তাই বলে আমার সাপ্লাই আমি অন্যকে নিশ্চয়ই দিতে চাই, পাড়া প্রতিবেশীকে দিতে চাই। কিন্তু আমি নিজের তো ঘরটা ঠিক রাখবো। রেখে আমি বাইরে বেশি হলে বেচব। সুতরাং, কেউ কেউ গুজব রটিয়ে দিচ্ছে। আমি গুজবে কান দিতে বারণ করছি। আপনি জানেন স্যার, আমি মাননীয় সদস্য, সদস্যাদের অবগতির জন্য বলছি, এই সরকার এক মাত্র সরকার, যে সরকার প্রতি ১০ দিন অন্তর, আমরা এগ্রিকালচার ডিপার্টমেন্টের মিটিং করি। যেখানে এগ্রিকালচার ডিপার্টমেন্ট, ফুড ডিপার্টমেন্ট, ফিশারিজ ডিপার্টমেন্ট, হর্টিকালচার ডিপার্টমেন্ট, এনফোর্সমেন্ট ব্রাঞ্চ, ডি.জি., কলকাতা পুলিশ থেকে শুরু করে, চিফ সেক্রেটারি, হোম সেক্রেটারিকে নিয়ে আমরা টোটালটাই প্রতি সপ্তাহে মনিটরিং করি। আজকেও আমার এগ্রিকালচার মার্কেটিংয়ের মিটিং আছে। এটা আমি নিজে করি, তার কারণ, সব ডিপার্টমেন্টগুলোকে নিয়ে আমরা প্রতি ১০ দিন অন্তর অন্তর স্টক টেকিং করি। সেইজন্য আমাদের খাটতে বেশি হয়। বন্ধু, আমি নিশ্চয়ই চাই জিনিসপত্রের দাম না বাড়ুক। আমরা নিশ্চয়ই চাই জিনিসপত্রের দাম কমুক। আপনারা একটা জিনিস মনে রাখবেন, আমরা তো সবাই সব কিছু চাই, কিন্তু রাজ্যের কতগুলো রেস্ট্রিকশান আছে। রাজ্য কি কখনো ট্যাক্স কালেকশান করতে পারে? আপনারা অ্যালাও করলে আমি একটা কথা বলতে পারি। যদি আপনারা আমাকে অ্যালাও করেন। যে ইস্যুটা আপনারা কাল তুলেছেন জাস্ট ফর ইওর ক্লারিফিকেশান। আমরা সবাইকে সব কিছু দিতে চাই। কিন্তু দেখতে হবে আমার হাতে সেই সুযোগটা আছে কিনা। আমার সেই ক্ষমতাটা আছে কিনা। আমি আপনাদের বলি স্যার, যে আমাদের সত্যিই প্রবলেম হচ্ছে। কেন প্রবলেম হচ্ছে? আমি যখন প্রথম ক্ষমতায় এসেছিলাম - আমার আগের বন্ধু সরকার আমি বন্ধু সরকারই বলছি স্যার। কেউ তো কারুর শত্রু হয় না। পারমানেন্ট কেউ কারোর শত্রু হয় না। অনেকেই বলে না, 'এনিমিজ এনিমি ইজ মাই ফ্রেন্ড।' আমি সেটা বলি না। আমি বলি, পার্মানেন্ট কেউ কারোর শত্রু হয় না। আমি আমার শত্রুদেরও বন্ধু বলি এবং সেইজন্য বলি স্যার, আমরা যখন ক্ষমতায় এলাম। আমরা তখন দেখলাম, অমিত মিত্র আমায় বলেছিলেন, ফাইনান্স মিনিস্টার ইজ হেয়ার - আমি ভুল হলে রেকটিফাই করে দেবেন, আই অ্যাম নট এক্সপার্ট এবং আমি সব কিছু জানি এটা আমি বলতে রাজি নই। কারণ আমি জানি না, আমি অজ্ঞ। অমিতদা আমায় বলেছেন, আমরা প্রথমবার

যখন এলাম আমার ২১ হাজার কোটি টাকা সুদের জন্য কেটে নিয়ে গেলো। আর সুদ যতক্ষণ সব শেষ না হচ্ছে, এটা লাফিয়ে লাফিয়ে বাড়ে মাথায় রাখতে হবে। এটা সিরিয়াস ব্যাপার, স্মল সেভিংস থেকেও পর্যন্ত সুদ নেওয়া হয়েছে। আমি শুধু আপনাদের দোষ দিচ্ছি না। সেন্ট্রাল গভর্নমেন্ট আপনাকে অ্যালাউ করেছে borrowing করার জন্য। They cannot deny their responsibility also. তখনই ওটাকে রি-স্ট্রাকচারিং করে বা revamp করে বা একটা সিস্টেম করে কিছু করা উচিত ছিল। সেটা যদি করতো তাহলে আজ পর্যন্ত, আমি আপনাকে দোষ দিচ্ছি না। আপনি দেখুন, যা করেছেন বা করা উচিত আমি রেমিডি বলছি আপনাকে। মনে রাখবেন, গণতন্ত্রে একটা রাজনৈতিক দল ক্ষমতায় আসবে, চলে যাবে কিন্তু Democracy is to continue forever. Democracy is permanent. Chair is not permanent. এটা মনে রাখবেন। I am talking for all. I am talking for every state. আজকে পশ্চিমবঙ্গে নং ওয়ান debt trap state পাঞ্জাব আছে, কেরালা আছে, মাথায় রাখবেন, তিনটি স্টেট আছে। তার মধ্যে অনেক স্টেটকে বিভিন্নভাবে টাকা দেওয়া হচ্ছে কিন্তু আমরা পাচ্ছি না। আমি আমার হাউসকে শেয়ার করবো না তো কাকে শেয়ার করবো। আগে সেন্ট্রাল গভর্নমেন্ট কিছু কিছু স্কীমে ৭৫% টাকা দিত আমাদের ২৫% দিতে হতো। এখন সেটাকে ৫০% করে দিয়েছে। এটা মাথায় রাখুন, টাকাটা আমি কোথায় পাবো। দুই হচ্ছে, আমি তো আপনাদের সকলকে বলেছি সকলের জন্য। ওদের হয়তো ক্রাইসিস চলছে। ক্রাইসিস চলছে সেটা ওদের ক্রাইসিস চলছে কিন্তু আমি কি করবো, আমার তো হাত পা বাঁধা। স্যার, সেন্ট্রাল গভর্নমেন্টের একটা অ্যাডভান্টেজ আছে। ট্যাক্স বলুন, ইনকাম ট্যাক্স বলুন, অন্য ট্যাক্স বলুন তারা কালেকশান করে বিভিন্ন রাজ্য থেকে বিভিন্নভাবে। আমি একদিন অমিতদাকে ক্যাজুয়ালি জিজ্ঞাসা করছিলাম, আমাদের রাজ্য থেকে কত ট্যাক্স সেন্ট্রাল গভর্নমেন্ট কালেকশান করে নিয়ে চলে যায়। অমিতদা আমায় বলছিলেন, It may be about forty thusand crore. তাহলে ফর্টি থাউজেন ক্রোড় যদি ওরা কালেকশান করে নিয়ে যায়- আমাদের সেন্ট্রাল স্কীমে ৮ হাজার, ১০ হাজার কোটি টাকা দেয় কিন্তু স্যার, ওরা যদি একটা কালেকশান না করতো নিশ্চয় ওদের কিছু দরকার — বি.এস.এফ. আছে, সি.আই.এস.এফ. আছে, বর্ডার পাহারা দিতে হয়, ডিফেন্সে প্রোটেকশান দিতে হয় I must be honest for this. তারা ৪০ হাজার কোটি টাকার মধ্যে ১০ হাজার কোটি টাকা নিয়ে যাক, আর ৩০ হাজার কোটি টাকা - ৭০% টাকা অন্তত স্টেটগুলোকে দিয়ে দিক। Thirty percent let Central Government take over from all the state. কিন্তু Let them give 70% to the state government, to every state. I am not talking even for my state, I am pleading for all the states. ফেডারেল স্ট্রাকচারে স্টেটগুলোকে শক্তিশালী হতে হবে। আপনারা এক সময় ফেডারেল স্টেটগুলোকে নিয়ে বলতেন। (এই সময় বিরোধী বেঞ্চ থেকে কিছু বলতে থাকেন।) প্লিজ, দাঁড়ান অধিক ক্ষমতা চাইবেন তো অধিক মোমবাতি ধরিয়েছেন সেটা তো হবে না। অধিক ক্ষমতা চাই, তাকে রিয়েল করতে হবে। সেইজন্য বলছি যে ৭০% স্টেটগুলোকে দিতে বলুন, ৩০% যদি তারা নেয় ফর সেন্ট্রাল গর্ভমেন্ট মেন্টেনেন্স তাহলে কিন্তু আমাদের এই অভাবটা হয় না স্যার। কেন আমাদের অভাব হচ্ছে? স্যার, ২০১১-১২ সালে আমায় দিতে হয়েছে ২১ হাজার কোটি টাকা। আমার ২০১২-১৩ সালে দিতে হল ২৫ হাজার কোটি টাকা।

আমায় এবারে দিতে হবে প্রায় ২৮ হাজার কোটি টাকা। তো ২৮ হাজার কোটি টাকা যদি সুদের জন্য কেটে নিয়ে যায় তাহলে আমার টাকাটা থাকবে কোথায়? আমার ডেভালপমেন্টটা হবে কোথা থেকে? আমি তো সব সরকারী কর্মচারীদের সব দিতে চাই, কিন্তু আপনারা আমাকে বলুন, আমি দেবোটা কোথায় থেকে ভাই? দেওয়াটা তো প্রয়োজন আছে। দেখুন, আপনারা কালকে কোয়েশ্চেনটা তুলেছিলেন, আমি price hike-এর মত এটাও বলি, আমাদের যত এরিয়ার পড়েছিল ফিফ্থ পে কমিশনের ফর ইওর ইনফর্মেশান, আই মে বি, যদি আমার ভুল হয়ে থাকে ফাইনান্স মিনিস্টারের কাছ থেকে আপনারা Clarification চাইবেন, he is fit person for this, I am not taking care of Finance Department. কিন্তু আমার বন্ধুরা তুলেছিলেন বলে পয়েন্ট্ অফ ইনফরর্মেশান আমি দিচ্ছি, যেহেতু প্রাইস হাইকের সাথে এটা কানেকটেড্ স্যার। মাই ইস্যু ইজ প্রাইস হাইক। স্যার, আমরা প্রায় ৯৭৬ কোটি টাকা ২০১১-১২ এবং ১২-১৩ সালে অলরেডি পে করেছি। আমাদের ফিফ্থ পে কমিশানে যত এরিয়ার বাকি ছিল আমাদের সরকারী কর্মচারীদের, টাকা নেই, পয়সা নেই তা সত্ত্বেও তারা আমার সম্পদ আমি কিন্তু সবটা দিয়েছি স্যার। স্যার, আমরা বোনাস ইনক্রিজ করেছি দেখুন ২০১০-১১ তে ছিল ১ হাজার টাকা। ২০১১-তে আমরা করেছি ২১০০ টাকা বাড়িয়ে, ১০০% বাড়িয়েছি। দেখুন ২০১২ তে করেছি ২৫০০ টাকা, আমরা ২০১৩ তে করেছি ২৬০০ টাকা এবং প্রতি বছর স্যার, আগের পে কমিশন অনুযায়ী ৩% করে ইনক্রিজ হয়। আমরা প্রতি বছরে জুলাই মাসে সেটাও দিয়ে দিচ্ছি স্যার।

[12.40–12.50 p.m.]

এগুলো আমরা অলরেডি দিয়েছি। তার মানে আমার কিন্তু এখানে হাজার কোটি টাকার উপর অনেক খরচা হয়ে গেছে স্যার। আমায় বলতে দিন।

(গোলমাল)

I may be - আমার ভুল হলে আপনারা ফাইনান্স মিনিস্টারকে জিজ্ঞাসা করে নেবেন। আমি জাস্ট ইনফরমেশান দিচ্ছি। স্যার, এটা price hike, yes, it is related to price hike. Yes it is related to price hike.

(গোলমাল)

স্যার, ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট ৫২% ডি. এ দিচ্ছে - ২০১১ তে মে মাসে ৩৫% ছিল। নিউ গভর্নমেন্ট twice দিয়েছে। ১০%, ৭%, আমরা ১৭% দিয়েছি এবং জানুয়ারীতে আরও ৬% দেব। অর্থাৎ ২৩% আমি দিয়ে দিলাম। বাদ বাকি যেটুকু থাকবে আপনাকে আমি বলি যে সেন্ট্রাল গভর্নমেন্ট পে স্ট্রাকচার অ্যান্ড স্টেট গভর্নমেন্ট পে স্ট্রাকচার ইজ আলাদা। স্টেট গভর্নমেন্ট আলাদা, সেন্ট্রাল গভর্নমেন্ট আলাদা। সেন্ট্রাল গভর্নমেন্টের এমপ্লয়ীজরা বেশি মাইনে পায়। স্টেট গভর্নমেন্টের এমপ্লয়ীজরা স্টেট গভর্নমেন্টের মতো মাইনে পায়। সুতরাং ইউ ক্যান নট কমপেয়ার পটেটো উইথ পটেটো চিপস। স্যার, আমি সব দিতে চাই। আমরা যেটা বলেছি ফাইনান্স কমিশনকে, আমরা 14th ফাইনান্স কমিশনকে অ্যাপিল করেছি। আপনারা যখন একটা করে পে কমিশন তৈরি

করবেন, আপনারা যখন পে কমিশন করবেন, আমরা সেদিনই টাকা দিয়ে দেব, যেদিন আপনারা দেবেন। কিন্তু এই টাকা আপনারা স্টেট গভর্নমেন্টগুলোকে দিয়ে দিন। যদি না দেন, তাহলে হাজার হাজার কোটি টাকা আপনারা আমাদের উপর চাপাবেন, আমরা কোথা থেকে দেব। আমার ক্ষমতা থাকলে আমি দেব। আমার ভাত দেবার ক্ষমতা নেই, আমায় কিল মারার গোঁসাই। এটা তো ঠিক নয়। আর স্টেট গভর্নমেন্ট অলয়েজ ডি.এ. দেয় স্টেট গভর্নমেন্ট অনুযায়ী। সেন্ট্রাল গভর্নমেন্ট একটা ইনস্ট্রাকশান দিতে পারে। একটা রেকমেন্ডেশান করতে পারে। এবারে 6th পে কমিশন কিছু বলেছে। কিন্তু কথা হচ্ছে আমাকে তো আমার ক্যাপাসিটি দেখতে হবে।

(গোলমাল)

ইয়েস, it is related to price hike. Very much related Sir, Don't go for any argument. কেন্দ্রীয় সরকার is responsible - your Government your Government , Sir, It is the Central Government because of their wrong policy, totally wrong policy,

(গোলমাল)

জিনিসপত্রের দাম বাড়িয়ে আগুন করেছেন। যান, কেন্দ্রীয় সরকারকে গিয়ে বলুন। Charity begins at home. Ask the Central Government. কেন তারা রাজ্যের সব টাকা কেটে নিয়ে যাচ্ছে? কেন মানুষকে টাকা দিচ্ছে না? কেন রাজ্যের সব টাকা কেটে নিয়ে যাচ্ছে? কেন গরীব মানুষকে টাকা দিচ্ছে না? টাকাও দেবেন না, ধার করে যাবেন, সুদের টাকা দিতে দিতে একটা গভর্নমেন্ট শেষ হয়ে যাবে। আর কুমিরের কান্না, ক্রোকোডাইল্‌স টিয়ারস্‌, ভূতের মুখে রাম নাম, ভূতের মুখে রাম নাম শোনাবেন না।

(গোলমাল)

আমাদের গভর্নমেন্ট ওই Short limitation মধ্যে যা করেছেন প্রত্যেকের গর্ব করে বলা উচিত। আজ বাংলা যা ভাবে, কাল অন্য কেউ ভাবে। বাংলা সারা পৃথিবীর গর্ব। বাংলা ভারতবর্ষের গর্ব।

(গোলমাল)

আর আপনারা আগামী দিনে টের পাবেন। আগামী দিনে টের পাবেন। জনগণ জিরো করে ছেড়ে দেবে। আপনারাও নয়, বি.জে.পি.ও নয়, সি. পি. এম. নয় Regional Party will lead the Central Government. This is the mandate. You have to be prepared for that.

(গোলমাল)

Mr. Speaker : Thank you Hon'ble Chief Minister.

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received four notices of Calling Attention on the following subjects namely :

	Subject	Name
(i)	Steps taken by the State Government in giving Licence to Motor Vans	Dr. Tarun Kanti Naskar
(ii)	Implication of laying of Gas Pipe Line by a private fertilizer manufacturing company through populated area in Kanksa Block under Galsi Assembly Constituency	Shri Sunil Kumar Mondal
(iii)	Urge for setting up of a Museum of Antiques in Mangalkot, Burdwan	Shri Sahajahan Choudhury
(iv)	Alleged attack on common people and others by the supporters of the Ruling Party in Ausgram Constituency area	Shri Basudev Mete

I have selected the notice of Shri Sunil Kumar Mondal on the subject of Implication of laying of Gas Pipe Line by a private fertilizer manufacturing company through populated area in Kanksa Block under Galsi Assembly Constituency. The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

(গোলমাল)

(এই সময়ে কংগ্রেস দলের মাননীয় সদস্যরা সভাকক্ষ ত্যাগ করেন।)

(গোলমাল)

(এই সময়ে কংগ্রেস দলের মাননীয় সদস্যরা সভাকক্ষ ত্যাগ করেন।)

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, সুনীল কুমার মণ্ডলের উত্থাপিত কলিং অ্যাটেনশানের উত্তর সম্ভব হলে এই সভা চলাকালীন দিয়ে দেব, আর তা যদি না হয় তাহলে একটু টাইম নেব কিন্তু সভা চলাকালীনই দিয়ে দেওয়ার চেষ্টা করব।

GOVERNMENT BUSINESS
LAYING OF RULES

The West Bengal Electricity Regulatory Commission (Procedure for Holding Inquiry by Adjudication Officer) Rules, 2013

Shri Manish Gupta : Sir, I beg to lay the West Bengal Electricity Regulatory Commission (Procedure for Holding Inquiry by Adjudicating Officer) Rules, 2013 published in the Kolkata Gazette Extraordinary dated the 16th April, 2013 under Power and Non-Conventional Energy Sources Department's Notification No. 113-PO/O/C-111/3R-09/2005 (Pt.), Dated the 10th April, 2013.

LAYING OF REPORTS AND ACCOUNTS

The Audit Reports on Accounts of the Panchayat Raj Institutions in West Bengal for the Years 2010-2011 and 2011-2012.

Shri Subrata Mukherjee : Sir, I beg to lay the Audit Reports on Accounts of the Panchayat Raj Institutions in West Bengal for the years 2010-2011 and 2011-2012.

The Annual Report and Accounts together with Audit Report thereon, of the West Bengal State Electricity Distribution Company Limited for the year 2012-2013

Shri Manish Gupta : Sir, I beg to lay the Annual Report and Accounts together with Audit Report thereon, of the West Bengal State Electricity Distribution Company Limited for the year 2012-2013.

The Annual Report and Accounts together with Audit Report thereon, of the West Bengal State Electricity Transmission Company Limited for the year 2012-2013

Shri Manish Gupta : Sir, I beg to lay the Annual Report and Accounts together with Audit Report thereon, of the West Bengal State Electricity Transmission Company Limited for the year 2012-2013.

The Annual Reports and Accounts together with Audit Report thereon, of the West Bengal Swarojgar Corporation Limited for the years 2009-2010 and 2010-2011

Shri Shantiram Mahato : Sir, I beg to lay the Annual Reports and Accounts together with Audit Report thereon, of the West Bengal Swarojgar Corporation Limited for the years 2009-2010 and 2010-2011.

MENTION CASES

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মিঃ স্পিকার স্যার, আমি সকালে প্রশ্নোত্তর পর্বের শুরুতেই বলতে চেয়েছিলাম, তখন 'পরে বলতে দেবেন' - এটা বলেছিলেন। কিন্তু মুখ্যমন্ত্রী বলার সুযোগ পেলেন, আমি তো পেলাম না। যাই হোক এখন বলতে দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ জানাই। আমি বলছি যে, গতকাল রাত্রে হাওড়া পৌর কর্পোরেশান এলাকায় ১ নম্বর ওয়ার্ডের অন্তর্গত জে.এন. মুখার্জী রোডের কাছে একটা প্রাইমারি স্কুল আছে, যেটার নাম শংকরলাল স্মৃতি অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়। সেখানে প্রয়াত মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর পূর্ণাবয়ব একটা ফাইবার স্ট্যাচু ছিল।

[12.50–1.00 p.m.]

ওখানে হাওড়া মিঠুন ফ্রেন্ডস অ্যাসোসিয়েশন বলে কোনো সংস্থা, তারা ফাইভারের মূর্তি প্রতিষ্ঠা করেছিলেন ১৯৯৯ সালে। পরে ওখানে আর একটা মূর্তি তৈরি হয় পুলক বন্দ্যোপাধ্যায়ের। কারণ উনি এই এলাকার সুসন্তান। পুলক বন্দোপাধ্যায়ের পরিচয় দেওয়া আমার পক্ষে ধৃষ্টতা হবে। বিশেষ করে মান্না দে, সাম্প্রতিক কালে যাঁর প্রয়াণ আমাদের সবাইকে ব্যথিত করেছে। তাঁর এবং বাংলা গানের সঙ্গে পুলক বন্দ্যোপাধ্যায়ের সম্পর্ক, তাঁর একটা আবক্ষ মূর্তি ছিল। এই দুটোতেই কালকে আলকাতরা দিয়ে কালি লাগানো হয় এবং জ্যোতি বসুর মূর্তিটা ভেঙে বেদি থেকে উপড়ে দেওয়া হয়। কাল মধ্যরাত্রে এই ঘটনা ঘটেছে। বোমাবাজি হয়। কেরোসিন তেলের বোতল ইত্যাদি দাহ্য পদার্থ পাওয়া গিয়েছে প্রাইমারি স্কুলে। তার থেকে অনুমান হয় যা অভিযোগ করা হয়েছে যে সেখানে আগুন লাগাবার কোনো পরিকল্পনা ছিল। ওই স্কুলটা তিনটে বুথের পোলিং স্টেশন। কাল বাদে পরশু ওখানে নির্বাচন। যাই হোক না কেন এইরকম একটা ঘটনা কাল রাত্রে ঘটেছে এবং যে পরিস্থিতি ওখানে বিরাজ করছে, কাল সারারাত্রি ধরে যে উত্তেজনা তৈরি হয়েছে, আমি জানি না সরকারের কাছে এই তথ্য আছে কি না।

মিঃ স্পীকার : আপনি বলেছেন আমি বলেছি ব্যাপারটা দেখবার জন্য।

ডঃ সূর্য্যকান্ত মিশ্র : সেটা বলবেন তো কেউ, তিন দিন চার দিন হাউস বন্ধ থাকবে। কেউ তো একটা খবর দেবেন যে আচ্ছা আমরা দেখছি এটা। সেটা বললেই তো হয়।

শ্রী পার্থ চ্যাটার্জী : আপনি বিষয়টি উল্লেখ করেছেন অধ্যক্ষের কাছে, আপনি ডিটেল্সটা লিখে পাঠিয়ে দিন আমরা দেখব।

ডাঃ তরুণকান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমি মাননীয় পরিবেশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি ২০০৫ সালে জয়নগর পৌরসভার একটা পাড়াতে টাটা থেকে একটা মোবাইল টাওয়ার তৈরি করা হয়েছিল। সেই মোবাইল টাওয়ারটা তৈরি হওয়ার পর ইতিমধ্যে প্রায় ১০০ মিটার রেডিয়াসের মধ্যে ৬ জন ক্যানসারে মারা গিয়েছেন এবং আরো ৬ জন অ্যাফেকটেড। তারা

অনেকে মৃত্যুর সঙ্গে লড়াই করছেন। আমি মাননীয় পরিবেশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম এবং আমি তাকে বলেছিলাম যে এক্সপার্টদের দিয়ে তার যে রেডিয়েশন, সেই রেডিয়েশন মেজার করার একটা ব্যবস্থা। এক্সপার্টদের দিয়ে সেই রেডিয়েশন মেজার করে যেটা দেখা গিয়েছে যে যন্ত্র তারা ব্যবহার করেছিলেন, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কিছু অধ্যাপক তারা যে যন্ত্র ব্যবহার করেছিলেন, ডিটেক্স ১৮৯, সেই যন্ত্র দিয়ে দেখা গেছে যে নন আয়নাইজিং রেডিয়েশন পর্যন্ত সেখানে আছে, যেটা শরীরের পক্ষে অত্যন্ত ক্ষতিকর। গত ১৭ নভেম্বর রবিবার এই টেস্ট করা হয়েছিল। আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবেশ মন্ত্রীর কাছে অনুরোধ করছি এখানে যে মোবাইল টাওয়ার আছে, সেই মোবাইল টাওয়ার যাতে সরকার থেকে ব্যবস্থা করে অপসারণ করা হয়। না হলে আরো অনেক মানুষ সেখানে মৃত্যুর সামনে দাঁড়িয়ে থাকবে।

শ্রী সুনীল কুমার মন্ডল : মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার গলসি বিধানসভায় আদ্রা বাবুঘাটা মোড় থেকে সিউড়াই, রামগোপালপুর, ঢোলা মোড় পর্যন্ত কয়েক হাজার লোকের বাস। সেখানে কয়েকটি স্কুল আছে। কিন্তু সেখানে রাস্তা-ঘাটের অবস্থা এত খারাপ যে মাঝে মাঝে ছাত্র-ছাত্রীরা নানারকম দুর্ঘটনার কবলে পড়ছে। ওই জনবহুল এলাকায় যদি একটা পাকা রাস্তা করা হয় তাহলে এলাকার যেমন উন্নতি হবে তেমনি মানুষের যাতায়াতেরও সুবিধা হবে। তাই আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করতে চাই, আদ্রা বাবুঘাটা মোড় থেকে সিউড়াই হয়ে রামগোপালপুর ঢোলা মোড় পর্যন্ত রাস্তাটা পাকা করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

শ্রী বাসুদেব খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলায় পঞ্চায়েত নির্বাচনে কি ভাবে প্রহসন হয়েছে সেটা পশ্চিমবাংলার মানুষ জানে। আমার বিধানসভা এলাকায় রায়না ১ নং ব্লকে নাড়ুগ্রাম পঞ্চায়েতে গত ৮ তারিখে পঞ্চায়েতের প্রধানের নোটিশ হয়, পঞ্চায়েত সদস্য এবং সদস্যারা সেই মিটিঙে উপস্থিত হয়। কিন্তু সেই গ্রাম পঞ্চায়েতে কিছু বহিরাগত তৃণমূল দুষ্কৃতকারীরা গ্রাম পঞ্চায়েতের সদস্যদের ঘরের মধ্যে আবদ্ধ রেখে তাদের উপর অকথ্যভাবে নির্যাতন করে। গ্রামের মানুষের সহায়তায় তারা কোনোরকমে বাড়ি ফিরে যায়। পরবর্তী ক্ষেত্রে তারা ডি.এম., এস.ডি.ও., এস. পি. র কাছে লিখিত দরখাস্ত করে। কিন্তু এখনও পর্যন্ত দোষীরা কোনোরকম শাস্তি পায়নি। পঞ্চায়েতগুলি যাতে সুষ্ঠুভাবে পরিচালিত হয়, সেদিকে মাননীয় মন্ত্রী দৃষ্টি দেবেন এই অনুরোধ করছি।

শ্রী বিরাম মান্ডি : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয়া স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর নিকট একটি অতি গুরুত্বপূর্ণ ও সংবেদনশীল বিষয়ে আমার অনিচ্ছা থাকা সত্ত্বেও এই দৃষ্টি আকর্ষণীয় প্রস্তাব উল্লেখপর্বে রাখছি। 'একই বৃন্তে দুটি কুসুম হিন্দু মুসলমান, মুসলিম তার নয়ন মণি হিন্দু তাহার প্রাণ'-আমরা সবাই গর্ব করে বলি। ধর্ম নিরপেক্ষ দেশ আমাদের। সমস্ত ধর্মের মানুষ স্বাধীনভাবে নিজ নিজ ধর্মাচরণ করেন এখানে। এটাই আমাদের ঐতিহ্য ও গর্ব। এখানে হিন্দু ভাইদের জগদ্ধাত্রী পূজাও হবে এবং মুসলিম ভাইদের দুঃখের উৎসব মহরমও উদ্‌যাপিত হবে। হিন্দু ভাইদের পূজা করার অনুমতিও পুলিশ দেয়, মুসলিম ভাইদের মহরমের শোভাযাত্রা করার

অনুমতিও পুলিশ প্রশাসন দেয়, যাতে কোনো সমস্যা না হয়। আমি উভয় সম্প্রদায়ের মানুষকে যথেষ্ট শ্রদ্ধা ও সম্মান জানিয়েই বলছি, আমার কথা অন্যভাবে নেবেন না। মেদিনীপুর শহরে, দেওয়ান বাবা চকের দুটি ধর্মীয় অনুষ্ঠানকে ঘিরে সব দলের প্রতিনিধি ও সংগঠকদের নিয়ে পুলিশ প্রশাসন তিনবার বৈঠক করে সিদ্ধান্ত নেয় - ১৩ নভেম্বরের মধ্যে জগদ্ধাত্রী পূজার বিসর্জন ও রাস্তা ফাঁকা করার ব্যবস্থা করবে পুলিশ প্রশাসন। কিন্তু ১৪ নভেম্বর ঐ সিদ্ধান্ত কার্যকর না হওয়ায় এলাকায় আবার উত্তেজনা সৃষ্টি হয়। শহরের সমস্ত রাজনৈতিক দল উভয় পক্ষকে শান্ত হতে অনুরোধ করে ও পুলিশ প্রশাসনকে দায়িত্ব নিতে বলে। সেই মোতাবেক কোতয়ালী থানার আই. সি. ও সদর মহকুমার মহকুমা শাসককে প্রশাসনিক হস্তক্ষেপের দাবী জানায়। মাননীয় ডি.এস.পি.-র উপস্থিতিতে সমস্ত রাজনৈতিক দলের নেতৃত্ব ও সংগঠকরা সভা করে সিদ্ধান্ত নেয়, পুলিশ প্রশাসন উপস্থিত থেকে মহরমের শোভাযাত্রাকে পার করে দেবে। এই পর্যন্ত সবটাই ঠিক ছিল। তারপর হঠাৎ বিশাল পুলিশ বাহিনী দেওয়ান বাবা চক বস্তিতে ঢুকে-কি এক অজ্ঞাত কারণে, কার অদৃশ্য অঙ্গুলি হেলনে শান্তি স্থাপন করা যে পুলিশ বাহিনীর কাজ তারাই অশান্ত হয়ে নিরীহ বস্তিবাসীর উপর নৃশংস অত্যাচার, মারধর শুরু করে। ঘরের দরজা ভেঙে মহিলাদের উপর অত্যাচার হয়। রাতের জন্য বানানো খাবার লাথি মেরে ফেলে দেওয়া হয়, নষ্ট করে দেওয়া হয়। ৩০টি ভ্যান রিকসা, ১১খানা মোটর সাইকেল, ৪ খানা অটো, বেশ কিছু সাইকেল ভাঙচুর হয়। (এই সময় মাইক বন্ধ হয়ে যায়)।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, আমি আমার বিধানসভা পাণ্ডবেশ্বর এলাকার আইন-শৃঙ্খলার বিষয় নিয়ে কিছু বলতে চাইছি। এই বিধানসভা এলাকাতে ৩/৪টি থানা রয়েছে। তার মধ্যে বিশেষ করে পাণ্ডবেশ্বর থানা এবং অণ্ডাল থানা। আমি একদিন কমিশনারেটের কাছে গেলাম, বললাম যে স্যার, এখানে তো প্রচণ্ড অন্যায় কাজ হচ্ছে, বিভিন্ন জায়গায় জুয়ো-টুয়ো খেলছে। ওনারা বলছেন, খেলবেই তো। তারপর দেখা গেল বিভিন্ন জায়গায় প্যান্ডেল খাটিয়ে জুয়ো খেলা হতে শুরু করেছে গোটা বিধানসভা এলাকাতেই। আর পুলিশ প্রশাসনের নাকের ডগায় হচ্ছে, আর তৃণমূলের কিছু নেতা সমর্থন জানাচ্ছে এ সমস্তকে। এবং ওই সমস্ত নেতারা, ওই এলাকার কিছু ব্লক সভাপতি থেকে শুরু করে আরও কিছু আছে, যারা এই কাণ্ডগুলো করছে। স্যার, এখানে মন্ত্রীরা রয়েছেন, আমি একটা ভয়ংকর বিষয় বলতে চাইছি। পঞ্চায়েত নির্বাচনের যেদিন গণনা, সেদিন ওই নেতারা বম্ব বানাচ্ছিল আমার এলাকায় ধান্য গ্রামে এবং বোমা ফাটল। দুটো লোক মারা গেল বলে জেনেছি এবং সেই লোকদের কোথায় গায়েব করে দেওয়া হল তার কোনো ঠিকানা নেই। প্রশাসনের মদতে এই ঘটনা ঘটছে। (মাইক অফ)।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৬ই অক্টোবর সন্ধে সাতটায় কাটোয়ার মাধ্যমিক শিক্ষক পার্টির নেতা এবং লোকশিল্পী কমরেড কার্তিক মন্ডল শাসকদল আশ্রিত দুষ্কৃতীদের দ্বারা খুন হন। অস্ত্র দিয়ে তাকে কুপিয়ে কুপিয়ে খুন করা হয় তার বাড়ির থেকে আটশো মিটার দূরে দিয়াসিন গ্রামে। খুনীরা সংখ্যায় ১০ জন ছিল। ১৭ই অক্টোবর আমরা, আমাদের বিধায়ক দল গৌরাঙ্গ চ্যাটার্জি, মহম্মদ হিদায়েতুল্লাহ, শাজাহান চৌধুরী, বাসুদেব খান এবং বাসুদেব মেটে দিয়াসিন গ্রামে যাই। যারা খুনী পুলিশের একাংশ তাদের পক্ষ অবলম্বন করার জন্য তাদের এখনও পর্যন্ত গ্রেপ্তার করা হয়নি।

স্বাভাবিক ভাবে ওই গ্রামের মানুষ দাবি জানায় যে অবিলম্বে তাদের গ্রেপ্তার করতে হবে। আমরা মহকুমা শাসকের কাছে যাই। খুনীরা গ্রামে দাপিয়ে বেড়াচ্ছে। যারা খুন হয়েছে তাদের স্ত্রীদের পুত্রদের বাড়ি ছাড়া করা হচ্ছে। এর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য আবেদন জানাচ্ছি।

শ্রী আনিসুর রহমান : মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের রাজ্যে এখন প্রায় এক লক্ষের মত শিক্ষা প্রতিষ্ঠান আছে। প্রাথমিক বিদ্যালয় থেকে একেবারে ইউনিভারসিটি অব্দি। কিন্তু তাতে হাজার হাজার শিক্ষকের পদ খালি আছে। এর ফলে প্রাথমিক স্কুল থেকে আরম্ভ করে বিশ্ববিদ্যালয় অব্দি পড়াশোনার ভীষণ ক্ষতি হচ্ছে। আমি দু-একটা কলেজের নাম জানি যার জন্ম হয়েছে আড়াই বছর আগে একজনও শিক্ষক পায়নি। শিক্ষা নিয়ে আমরা এত কথা বলছি কিন্তু শিক্ষকের অবস্থা খারাপই আছে। কারণ হচ্ছে যে এই আড়াই বছরে কোনো শিক্ষক নিয়োগই হয় নি। প্রাথমিকে হয় নি, মাধ্যমিকে হয় নি, কলেজে হয় নি এবং বিশ্ববিদ্যালয়ে হয়নি। বেশিরভাগ পদ খালি পড়ে আছে। এইভাবে পড়ে থাকলে আমাদের শিক্ষা ব্যবস্থা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হবে। আমি বিতর্ক চাই না, আমি চাই যে তাড়াতাড়ি যাতে শিক্ষক নিয়োগের ব্যবস্থা হয়, যাতে পড়াশোনার ক্ষতি না হয় এটা সবাই মিলে ভাবা উচিত। তাই আমি অনুরোধ করব আজকে এখানে শিক্ষামন্ত্রী নাই, আপনার মাধ্যমে আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই শূন্য পদগুলো পূরণের ব্যবস্থা করা হয়।

শ্রী বাসুদেব মেটে : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে আমি আমার বিধানসভা এলাকার বিষয়ে দু-একটি কথা বলতে চাই। আমরা বিধানসভা আউশগ্রাম। আউশগ্রামের এক নম্বর পঞ্চায়েত সমিতির নওদা গ্রামে ১১ তারিখে বিশেষ একটি ঘটনা ঘটে যায়। তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্বে একজন তৃণমূল কর্মীর মৃত্যু ঘটে। এই মৃত্যু আমাদের কাছে দুঃখজনক, সকলের কাছেই দুঃখজনক। কিন্তু এই বিষয়টিকে কেন্দ্র করে আজকে আমাদের সমর্থক যারা আছে গরীবপাড়ায় তাদের তৃণমূলীরা আক্রমণ করে এবং বেশ কিছু ঘরদোর ভেঙে দেয়। যখন আমরা এই পরিস্থিতি সরেজমিনে দেখতে গেলাম, দু জন সাংসদ, স্থানীয় সাংসদ রামচন্দ্র ডোম এবং প্রতিবেশী সাংসদ সাইফুল হক এবং স্থানীয় এম এল এ আমি নিজে, শাজাহান চৌধুরী, অপর্ণা সাহা আমরা গেলাম কিন্তু আমাদের সেখানে ঢুকতে দেওয়া হল না। বোমাবাজি করা হল। আমরা ডি এমকে, এস পিকে এবং স্থানীয় আই সিকে বলার পরেও কোনো প্রশাসনিক সহযোগিতা আমরা পাইনি। যারা হাত কেটে নেব বলছে, যারা পুলিশের গায়ে বোমা মারব বলছে তারা প্রশাসনিক সহযোগিতা পাচ্ছে, ঘুরে বেড়াচ্ছে কিন্তু আমরা নির্বাচিত প্রতিনিধি আমরা সরেজমিনে দেখতে গিয়ে সেখানে মানুষের সঙ্গে কথা বলতে পারলাম না। এই বিষয়ে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য দাবি জানাচ্ছি।

শ্রী শেখ শাহনাওয়াজ : মাননীয় চেয়ারম্যান স্যার, আমার বিধানসভা এলাকায় কাংরা গ্রামে জলসরবরাহ প্রকল্পটি দীর্ঘ ৩৫ বছর ধরে অচল হয়ে আছে। সেখানে জলসরবরাহ হয় না। আজকে চিৎকার করছেন যে সব সদস্যরা, তাঁরা এই জলপ্রকল্পের ব্যাপারে এতদিন ধরে কিছু করেননি। এখনও যদি ওই এলাকার মানুষ জল না পান, তাহলে খুব অসুবিধার সৃষ্টি হবে। কারণ ওখানে স্কুল, ব্লক অফিস, কলেজ আছে। আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই ব্যাপারে যাতে ওই এলাকাতে অতি সত্বর জলসরবরাহ প্রকল্পটি চালু হয়। এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী বিশ্বজিৎ কুন্ডু : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে মাননীয় পর্যটন মন্ত্রীকে জানাতে চাই যে কালনাতে ২০১২ সালে পর্যটন মন্ত্রী কালনার মন্দির দেখে লাইট অ্যান্ড সাউন্ডের জন্য সাত লক্ষ টাকা বরাদ্দ করেছিলেন। কিন্তু ২০.১১.২০১৩ সাল মানে আজকের দিন পর্যন্ত এখনও সেই কাজ করা হয়নি। এই কাজ যাতে দ্রুত সম্পন্ন হয়, এর জন্য আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

শ্রী রামেশ্বর দোলই : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় অর্থ, সেচ এবং পঞ্চায়েত বিভাগ ও বিপর্যয় মোকাবিলা বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যের বেশ কয়েকটি জেলা তার মধ্যে পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলা সমেত আমার কেশপুর বিধানসভাও আছে। মে মাস থেকে অক্টোবর পর্যন্ত সাতবার বন্যা হয়েছে। লক্ষ লক্ষ মানুষ বন্যা কবলিত। সরকারের সমন্বয়ের অভাব পরিলক্ষিত হয়েছে। ত্রাণ ছিল অপ্রতুল। ত্রাণ একেবারেই নগণ্য। আর সরকার নিজেই ম্যান মেড বলেছেন। ডি ভি সি থেকে জল ছাড়া হয়েছে, কিন্তু আগাম সতর্কতা জারি করা হয়নি। আমি জানতে চাইছি যে কংসাবতী জলাধার তো রাজ্য সরকারের । কংসাবতী জলাধার থেকে জল ছাড়ার কারণে জেলা ক্ষতিগ্রস্ত হয়েছে। সেনাবাহিনী দিয়ে বাঁধ বানাতে হল পূর্ব মেদিনীপুরে। আবার সেই বাঁধ ভাঙল। লক্ষ লক্ষ কৃষক ক্ষতিগ্রস্ত হয়েছে। সেই কৃষকরা যাতে ক্ষতিপূরণ পান, বাড়িঘর যাদের ভেঙেছে, তাদের বাড়ী যেন তৈরী করে দেওয়া হয়, আর বাকী যে বাঁধগুলি রয়েছে সেগুলি মেরামত করতে হবে। আমি পুনর্গঠনের প্রশ্নে জোর দিতে চাইছি এই কারণে যে, এখনও বাঁধ বাঁধা হয়নি। এই ব্যাপারে পঞ্চায়েত ও সেচ দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। নদীতে জল যদি কোনো কারণে আসে, নিম্নচাপ প্রায়ই হচ্ছে। ঘূর্ণি, নিম্নচাপ ইত্যাদির কারণে আবার বান বন্যা হতে পারে। আবার সব্জী বিপর্যস্ত হবে। কৃষক বিপর্যস্ত হবে। আমি তাই বলব সুব্রতবাবু বলেছেন, সিনিয়র মন্ত্রী উনি, অর্থমন্ত্রী এখানে নিজে আছেন, বললেন ঐতিহাসিক বন্যা মোকাবিলা করেছেন। এই ঐতিহাসিক মানে কি? রিলিফ পাননি। অল্পস্বল্প কিছু প্যাকেট পেয়েছেন। প্যাকেট নিয়ে দলবাজি হয়েছে। মারামারি হয়েছে। সমস্ত মানুষের কাছে রিলিফ পৌঁছায় নি। আমি তাই বলব ক্ষতিগ্রস্ত মানুষ যাতে রিলিফ পায়, সেদিকে দৃষ্টি দিন।

শ্রী তজমুল হোসেন : মাননীয় চেয়ারম্যান স্যার, সংশ্লিষ্ট দপ্তরের দৃষ্টি আকর্ষণ করে বলছি আমার হরিশচন্দ্রপুর বিধানসভার অন্তর্গত রাস্তাঘাটের অবস্থা অত্যন্ত খারাপ। এই রাস্তাঘাটের ব্যবস্থা না নেওয়া হলে শিক্ষা স্বাস্থ্য দারিদ্র্য কোন কিছুরই উন্নয়ন হতে পারে না। আমি এই বিষয়ে এই হাউসে প্রতিবারই দৃষ্টি আকর্ষণ করে আসছি। আমার বিধানসভার অন্তর্গত হরিশচন্দ্রপুর দুই নাম্বার ব্লকের অধীন বিশেষ করে তেলঝাগুা মোড় থেকে ভায়া বারদুয়ারী পর্যন্ত যে রাস্তাটি গেছে, সেটির অবস্থা খুবই খারাপ। এই বাজে রাস্তাটি দীর্ঘদিন থেকে মেরামত করা হয়নি। চলার অযোগ্য হয়ে পড়ে আছে। সেখানকার মানুষ এই রাস্তা দিয়ে প্রয়োজনের কারণে কোথাও যেতে পারছেন না। এই রাস্তাটির ব্যাপারে অনেকবার বলেছি, কিন্তু এখনও পর্যন্ত সংস্কার করা হয়নি। আর দ্বিতীয় রাস্তাটি হচ্ছে হরিশচন্দ্রপুর হাইস্কুল থেকে হরদম নগর হয়ে ভায়া ফতেপুর পর্যন্ত এই বিশাল রাস্তাটি সংস্কার করা হচ্ছে না বারবার বলা সত্ত্বেও। তাই আপনার মাধ্যমে আমার বিনীত নিবেদন যে অবিলম্বে রাস্তাঘাট সংস্কার করার ব্যবস্থা করা হোক।

শ্রী সমীর কুমার জানা : মাননীয় চেয়ারম্যানের স্যারের মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমার পাথরপ্রতিমা ব্লকের একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। পাথরপ্রতিমা ব্লকের সাড়ে তিন লক্ষ অধিবাসীর বাস। এই দিগন্ত বিস্তৃত এলাকার মানুষদের অনেক কষ্টের সঙ্গে যাতায়াত করতে হয়। এখানে আমাদের যে রেজিস্ট্রি অফিস আছে, যেখানে এই সারভার মেশিনটা অকেজো হয়ে যাওয়ার কারণের জন্য প্রায় চার-পাঁচ মাস যাবৎ এখানে জমির বেচাকেনা পুরোপুরি বন্ধ হয়ে আছে।

[1.10–1.20 p.m.]

সেই কারণের জন্য এলাকায় মানুষের মধ্যে নানারকম অস্বস্তির সৃষ্টি হয়েছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ জানাবো এখনই যাতে নতুন সার্ভার মেশিন রিপ্লেস করে সমস্ত মানুষের কাছে তাদের যে সুযোগ-সুবিধাটুকু পাইয়ে দেওয়া যায়। (এই সময় মাইক অফ হয়ে যায়)

শ্রী নগেন্দ্র নাথ রায় : স্যার, আমি আপনার মাধ্যমে পূর্ত দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, কোচবিহার ২ নম্বর ব্লকের বনচুকামারি গ্রামে পাকা রাস্তার সংযোগস্থলে মরাতোর্সা নদীর উপর যে সেতু সেটা ৮, ১০ বছর যাবৎ অকেজো হয়ে পড়ে আছে। যাতায়াতের অসুবিধা হচ্ছে। এর ফলে প্রায় ৩-৪ কিঃমিঃ ঘুরে কোচবিহারের যে বিখ্যাত হাট, সেই হাটে এবং কোচবিহার শহরে যেতে হয়। আমি অবিলম্বে এই সেতু যাতে পাকা সেতু তৈরী হয় তার জন্য আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী জাহানারা খান : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। সাম্প্রতিক কালে আড়াই বছরের মধ্যে আমাদের রাজ্যে মহিলারা সব থেকে বেশী নিরাপত্তাহীনতায় ভুগছে। প্রত্যেক দিন ৬ থেকে ৬০ বছরের বয়স পর্যন্ত মহিলারা বিভিন্নভাবে ধর্ষিতা, শ্লীলতাহানি হচ্ছে। সাম্প্রতিক কালে বাঁকুড়া জেলার প্রাক্তন মহিলা সভাধিপতি শ্রীমতী তরুলতা বিশ্বাস গত ১৬.১১.১৩ তারিখে তৃণমূলের দুষ্কৃতীদের দ্বারা আক্রান্ত হন এবং ওঁনার বাড়ীর উপর চড়াও হয়। উনি এই ব্যাপারে এফ.আই. আর. করার পরও আজ পর্যন্ত কোনো দোষী সাজা পায়নি। আমরা দেখছি সারা বিশ্বে যেখানে মহিলারা এগিয়ে যাচ্ছে, সেখানে আমাদের রাজ্যে মহিলারা যারা চাকুরিরতা আছেন সম্প্রতি সেই নিউটাউন থানার একজন মহিলা কনস্টেবল্ ছুটি চাইতে গেলে তাকে একজন কুপ্রস্তাব দেয়। রাজ্যে তৃণমূল সরকার আসার পর মহিলারা যে ভাবে ধর্ষিতা হচ্ছেন, এই আড়াই বছরে ধর্ষণের ঘটনা ঘটেছে ২০১টি, শ্লীলতাহানি ঘটেছে ৫২১টি, শারীরিকভাবে নিগ্রহ হয়েছে ৭৩৬৬টি, গৃহছাড়া হয়েছে ৪৪০৩৭টি এবং সম্পত্তি লুঠ হয়েছে ৫৫৩১টি। আমি বলবো অবিলম্বে এই সমস্ত ঘটনাগুলি তদন্ত করে যারা অপরাধী তাদের যেন উপযুক্ত শাস্তি দেওয়া হয়।

শ্রী কে.পি.সিং দেও : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় বনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, পুরুলিয়া জেলায় নেপোলিয়া ব্লকে গড়পঞ্চবনের কাছে পাঞ্চেত ড্যামের নীচে ফরেস্টের খুব ভালো একটা উদ্যান আছে, যেটা অনেক পর্যটকদের আকর্ষণ করে। এর উপরে ড্যাম এবং নীচে এই উদ্যান এবং দামোদর নদীর ঝর্ণা খুব সুন্দর বইছে ওখানে। ওখানে যদি একটা

ফরেস্ট গেষ্টহাউস করা হয় তাহলে অনেক লোক পুরুলিয়া জেলায় ওখানে যাবে এবং তার যে আকর্ষণ এবং গড়পঞ্চবন এবং পাহাড় সেটা উপভোগ করতে পারবে শুধু যদি একটু থাকার ব্যবস্থা করা হয় তাহলে পর্যটন দপ্তর এবং ফরেস্ট ডিপার্টমেন্টের ক্ষেত্রে শুধু রাজস্ব আয় হবে না, জেলার উন্নয়ন হবে। তাই মাননীয় বনমন্ত্রীর কাছে আমি বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী দিবাকর হাঁসদা : চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, রাজ্যসহ পশ্চিম মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার বিভিন্ন ব্লকের স্বাস্থ্যের অবস্থা খুবই বেহাল। রোগী অনুপাতে ডাক্তার নেই, ওষুধ সরবরাহ খুবই কম। বন্যা-পরবর্তী সময়ে ডায়েরিয়ার প্রকোপ দেখা দিলে বীনপুর দুই নম্বর ব্লকের মধ্যে বেলপাহাড়ী রুরাল হাসপাতালে স্বাস্থ্যকর্মীদের দেখা পাওয়া যায় না। সেখানে এত অপরিষ্কার এবং এত অব্যবস্থা যে স্বাস্থ্যকেন্দ্রের অবস্থা খুবই বেহাল। বিনাচিকিৎসায় ঝাড়গ্রাম জেলা হসপিটালে বদলী করলে দুজন এস.টি. সম্প্রদায়ের ব্যক্তি মারা গেল।

তাই তাদের পরিবারকে সরকারের পক্ষ থেকে আর্থিক সাহায্য দেবার দাবি জানাচ্ছি। বেসরকারি নার্সিংহোমে অনেকে ডাইরিয়ার প্রোকোপে ভর্তি ছিল। জঙ্গলমহল এলাকার ঝাড়গ্রাম জেলা হাসপাতালটি নামে মাত্র। এই ভগ্ন স্বাস্থ্যব্যবস্থার পরিবর্তন করার জন্য মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী অপর্ণা সাহা : সম্মানীয় চেয়ারম্যান সাহেব, আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা ক্ষেত্র নবালহাট এলাকায় গত ২৫শে অক্টোবর সালমা খাতুন নামক এক স্কুল ছাত্রী যে ভাবে ধর্ষিতা হয়ে খুন হয়েছেন এটা রাজ্যের কাছে অত্যন্ত নিন্দনীয়। পোস্ট মর্টেম রিপোর্ট এবং যে চারজন দোষীকে ধরা হয়েছে তাদের জবানবন্দী থেকে যে অপরাধীদের নাম পাওয়া গেছে তাদের এক মাস অতিক্রম হতে চলল এখনও ধরা হয়নি। এর কারণ কি? অত্যন্ত সততার সঙ্গে এবং সতর্কের সঙ্গে এর ব্যবস্থা নেওয়ার দাবি জানাচ্ছি এবং মাননীয়া মুখ্যমন্ত্রী যে ২০ হাজার টাকা এবং ৩০ হাজার টাকা পুরস্কার ঘোষণা করে এই রকম দুষ্কৃতীদের উৎসাহ বাড়াচ্ছেন তা বর্জন করে অবিলম্বে রাজ্যবাসী মহিলাদের সম্মান রক্ষা করার দায়িত্ব নেওয়ার ... (মাইক অফ)।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় চেয়ারম্যান, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী ও মাননীয় পূর্ত মন্ত্রী-সহ রাজ্যের সমস্ত মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে। ৩৪ নম্বর জাতীয় সড়ক অত্যন্ত গুরুত্বপূর্ণ রাস্তা। উত্তরবঙ্গ থেকে কলকাতা পর্যন্ত মালদা, মুর্শিদাবাদ, নদীয়ার উপর দিয়ে এই রাস্তাটি তৈরী। আমরা যারা নদীয়া জেলায় বসবাস করি দীর্ঘদিন থেকে এই রাস্তাটি অত্যন্ত খারাপ অবস্থায় পর্যবসিত হয়েছে। গর্তে, গর্তে সম্পূর্ণ রাস্তাটি আজকে ভেঙেচুরে ছারখার হয়েছে। অনতিবিলম্বে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের দৃষ্টিতে এনে ন্যাশনাল হাইওয়ে অথরিটির মাধ্যমে কৃষ্ণনগর ডি.এল.রায় ব্রীজ থেকে কলকাতা এয়ারপোর্ট পর্যন্ত যেখানে দু ঘন্টা, আড়াই ঘন্টা কলকাতায় পৌঁছতে সময় লাগে বর্তমানে ৬/৭ ঘন্টা লাগছে। এর ফলে যারা অ্যাম্বুলেন্সে রুগি আসছেন তাদের অবস্থা মারাত্মক ভয়াবহ পরিস্থিতি নিচ্ছে এবং দৈনন্দিন যানবাহন

খারাপ হচ্ছে। অবিলম্বে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে চাপ সৃষ্টি করে ন্যাশানাল হাইওয়ে অথরিটির মাধ্যমে গুরুত্ব সহকারে যাতে রাস্তাটি সংস্কারের ব্যবস্থা হয় তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী ছায়া দোলই : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে প্রাকৃতিক মোকাবিলা বিপর্যয় বিভাগের মাননীয় বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র খুবই বন্যাপ্লাবিত এলাকা। বন্যার ফলে ঐ এলাকার মানুষ খুবই ক্ষতিগ্রস্ত। বহু বাড়ি-ঘর ভেঙে নষ্ট হয়ে গেছে। কৃষকদের সব শস্য নষ্ট হয়ে যাওয়ায় কৃষকরা অসহায় হয়ে পড়েছে। রাস্তা ডোবাতে পরিণত হয়েছে। ছাত্রছাত্রীরা নিয়মিত স্কুলে যেতে পারছে না। আবার কোনো কোনো ছাত্রছাত্রী জীবনের ঝুঁকি নিয়ে স্কুলে যাচ্ছে। অবিলম্বে রাস্তাঘাট মেরামতির দাবি জানাচ্ছি এবং শস্য ক্ষতিপূরণের জন্য কৃষকদের মুখে হাসি ফোটানোর দাবি জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় চেয়ারম্যান সাহেব, আমি যে বিষয়ের উপর আজকে উল্লেখ করতে চাই তা কোশ্চেন আওয়ারে পড়ে মাননীয়া মুখ্যমন্ত্রী এখানে বলেছেন। সারা পশ্চিমবাংলা জুড়ে আলু চাষীদের মধ্যে একটা সংকট তৈরী হয়েছে। সেটা হচ্ছে এই রকম, একদিকে কেন্দ্রীয় সরকার সারের বিনিয়ন্ত্রণ করার ফলে সারের দাম বাড়ছে। পাশাপাশিভাবে আলুর বীজ। এই বীজের দামও বাজারে সাংঘাতিক। আমরা উত্তরবঙ্গে লক্ষ্য করছি যে, বস্তা প্রতি ১,২০০ টাকা থেকে ১,৫০০ টাকা আলুর বীজ কিনতে হচ্ছে। এখানে ৩০ হাজার কৃষকের মধ্যে সরকার আলুর বীজ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। উত্তরবঙ্গে যে ৬টি জেলা এবং বিশেষ করে কোচবিহার সেখানে মানুষ সাংঘাতিক ভাবে আলু চাষের সঙ্গে যুক্ত।

[1.20–2.15 p.m.] **(Including Recess)**

আমি সেই কারণে বলছি যে, আলু চাষীরা যাতে উৎসাহ না হারায়। পাশাপাশি সারের দাম এবং আলু বীজের দাম সরকার নিয়ন্ত্রণ করে যাতে সেখানে আলু চাষীরা আলু উৎপন্ন করতে পারে তার জন্য কৃষিমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী গোকুল রায় : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে আমি বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তর দিনাজপুর জেলার করণদিঘি ব্লকে ব্যাপক রবি ফসল ও বোরো চাষ হয়। কিন্তু করণদিঘি ব্লকে ব্যক্তি মালিকানাধীন স্যালো টিউবওয়েলে বিদ্যুৎ কানেকশান নিয়ে এক চরম অরাজকতা এবং বৈষম্য চলছে। এমনও অনেকে আছে যে বিদ্যুতের কোটেশনের টাকা জমা দেওয়ার দু-তিন মাসের মধ্যে কানেকশান পায়। আবার এমনও আছে যে, দু-বছর হয়ে গেল কানেকশান পায় না। আমি এই ব্যাপারে আমাদের জেলার ডিভিশানাল ইঞ্জিনিয়ারের সঙ্গে কথা বলেছিলাম। তিনি কোনো সুব্যবস্থা করতে পারেননি। তিনি শুধু বলছেন আমি দেখছি, দেখছি করে আজকে কয়েকমাস কেটে গেল। অথচ, আর এক মাসের মধ্যেই বোরো চাষ এবং রবি চাষ শুরু হবে। আমি তাই মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর কাছে প্রার্থনা করছি উনি যেন এটার সুব্যবস্থা করেন। ধন্যবাদ স্যার।

শ্রী আনন্দময় মণ্ডল : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের

পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, সুন্দরবন এলাকার গেটওয়ে হাসনাবাদ। সেখানে একটা ব্রীজ নির্মাণের কাজ নদীর উপরে অনেক আগেই শুরু হয়েছিল। বছর দুই ধরে কাজটা বন্ধ। ফলে হাজার হাজার মানুষ চলাফেরা করেন নদী পার হয়ে খুব অসুবিধা ভোগ করতে হয়। তার মধ্যে মহিলারা থাকেন, মোট-ঘাট নিয়ে অনেকে থাকেন, অসুস্থ ব্যক্তিরাও থাকেন। তাছাড়া সীমান্তবর্তী এলাকায় এই ব্রীজ নির্মিত হলে নানা ধরনের ঘটনা, তার মোকাবিলা করা সম্ভব, মানুষজনের যাতায়াত করা সম্ভব এবং সরাসরি মূল ভূখণ্ডের সঙ্গে যুক্ত করে ওঠা সম্ভব। আমি আশা করব, যত দ্রুত সম্ভব মাননীয় মন্ত্রী মহাশয় এই ব্যাপারটা নিষ্পত্তি করবেন। অর্থাৎ ব্রীজ নির্মাণের কাজটা সম্পূর্ণ করবেন এটা তাঁর কাছে আমার দাবি। ধন্যবাদ স্যার।

শ্রী তোয়াব আলি : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই সময়কালের মধ্যে সারা পশ্চিমবাংলার সঙ্গে আমার বিধানসভা সামসেরগঞ্জ থানাতেও আইনি-বেআইনি মদের কারবার বেড়েছে, অসামাজিক কার্যকলাপ বেড়েছে, সমাজবিরোধীদের দাপট বেড়েছে। ফলে এলাকার মানুষ অতিষ্ঠ। এর বিরুদ্ধে লড়াইয়ের জন্যে একটি অরাজনৈতিক মঞ্চ -নাগরিক মঞ্চ তৈরি হয়। সামসেরগঞ্জে নতুন করে একটি মদ ফ্যাক্টরি তৈরি হচ্ছে। এর বিরুদ্ধে মানুষের ক্ষোভ-বিক্ষোভ লড়াই চলছিল এবং এই লড়াইয়ের নেতা ছিলেন হাজি আকতার হোসেন আরো অন্যান্যরা। খুবই দুর্ভাগ্যবশত প্রতিদিন তাঁকে হুমকি দেওয়া হচ্ছিল ওই মদ কারখানার মালিকের পক্ষ থেকে যে, তাকে খুন করা হবে। তার আগের দিনও সন্ধ্যাবেলা তার জনসভা ছিল। ১০ তারিখ রাত ১১টার সময় হাজি আকতার হোসেন খুন হয়ে গেল। খুন হওয়ার সঙ্গে সঙ্গে বলল, এটা অ্যাক্সিডেন্ট - পুলিশের কর্তা বলছেন অ্যাক্সিডেন্ট। সমস্ত আপামর জনসাধারণ বলছে পরিকল্পিতভাবে তাকে ওই অসামাজিক কাজের বিরুদ্ধে লড়াই করতে গিয়ে খুন হল। আমরা দাবি করছি এটা তদন্ত করা হোক এবং দোষীদের শাস্তির ব্যবস্থা করা হোক। এইসব অসামাজিক কার্যকলাপের বিরুদ্ধে ... (এইসময় মাইক অফ হয়ে যায়।)

শ্রী ঈদ মহম্মদ : (অনুপস্থিত)

মিঃ চেয়ারম্যান : এখন বিরতি। বিরতির পর আমরা আবার ২.১৫-তে মিলিত হব।

[2.15–2.30 p.m.]

(after recess)

LEGISLATION

The West Bengal Yoga and Naturopathic System of Medicine (Amendment) Bill 2013

Smt. Chandrima Bhattacharya : Sir, I beg to introduce the West Bengal Yoga and Naturopathic System of Medicine (Amendment) Bill, 2013

(Secretary, then, read the Title of the Bill)

Smt. Chandrima Bhattacharya : Sir, I beg to move that The West Bengal Yoga and Naturopathic System of Medicine (Amendment) Bill, 2013 be taken into consideration.

শ্রী সুভাষ নস্কর : মাননীয় স্পীকার স্যার, ২০১০ সালে এই বিধানসভায় 'দি ওয়েস্ট বেঙ্গল যোগা অ্যান্ড ন্যাচারোপ্যাথিক সিস্টেম অফ মেডিসিন ২০১০' ঐ অ্যাক্টটা এখানে উত্থাপিত হয়েছিল, আলোচনা হয়েছিল। যতদূর মনে পড়ে খুব বেশী বিরোধিতার জায়গায় কেউ কোনো পক্ষেই ছিলেন না। সুতরাং বিষয়টা এমনই যে বিরোধিতার জায়গাও নেই। কিন্তু ২০১০-এর পরে ২০১৩, এটা কি একেবারে সুদীর্ঘ অভিজ্ঞতায় অভিজ্ঞতা লাভ করে আপনাদের এই অ্যামেন্ডমেন্ট আনতে হল। কি অভিজ্ঞতা লাভ করলেন, তার দুটো কথা এখানে অ্যামেন্ডমেন্টে উল্লেখ করেছেন। সেকশান টয়েন্টি, সাব-সেকশান থ্রিতে বলছেন যে আপনাদের পোস্ট গ্রাজুয়েটের সংখ্যা পাওয়া যাচ্ছে না বা তারা আগ্রহ দেখাচ্ছে না। এইজন্য গ্র্যাজুয়েটদের আনতে চাচ্ছেন। কিচ্ছু তফাৎ নেই। পোস্ট গ্রাজুয়েটের জায়গায় গ্রাজুয়েটদের আনতে পারছেন। রাজ্যে কি পোস্ট গ্রাজুয়েটের সংখ্যা কম। সেখানে আপনারা বলবেন না না, প্রচুর আছে, প্রচুর আছে। বেশ তো, ২৫ বছরের এক্সপিরিয়েন্স ছিল, কমিয়ে দিয়ে ১০ বছরের এক্সপিরিয়েন্স, ৪৫ বছরের বয়সসীমা ছিল, বলছেন যে ৩০ বছর। এছাড়া সেকশান থ্রিতে আপনার কোনো অ্যামেন্ডমেন্টের গুরুত্ব নেই, কি একটা, মামুলি কথাবার্তা। সেকশান ফোরে কি বলছেন। মূল সেকশান ফোরে সেখানে ক্লাস বি রেজিস্ট্রেশানের ক্ষেত্রে বলা ছিল ইন্সটিটিউশানাল কোয়ালিফাইড, সেই জায়গায় আপনারা করছেন ফিফটিন ইয়ারস এক্সপিরিয়েন্স। আর কিচ্ছু নয়। সস্তা করে দিচ্ছেন, হালকা করে দিচ্ছেন। থ্রি ইয়ার্স ডিপ্লোমা কোর্স চালু করতে চাচ্ছেন। আর একটা এক্সট্রা সার্টিফাই কোর্স, সার্টিফিকেট কোর্স দিচ্ছেন, যেটাকে নাম দিচ্ছেন যোগা ট্রেন্ড। সমগ্র বিষয়বস্তুর মধ্যে আর কিছুই নেই। কিছুই নেই। এর কারণটা কি ? সেটা কি অনুসন্ধান করেছেন? যে কি করলে জোগাতে আমরা আপত্তি করছি না। আমাদের এই অ্যামেন্ডমেন্টে খুব বেশী বিরোধিতা করার কিছু নেই। কিন্তু যে কথাটা বলার দরকার ছিল, মাননীয় মন্ত্রী মহোদয় তার বিন্দুমাত্র উল্লেখ এখানে করলেন না যে হাউ টু মোটিভেট দি পার্সনস, কি করে মোটিভেট করা যায়। আপনি যতই কোয়ালিফিকেশান কমিয়ে মাধ্যমিক, হায়ার সেকেন্ডারী করুন না কেন, যোগার প্রতি যদি ইচ্ছা না থাকে, আগ্রহ না জন্মায়, তাহলে আপনি ক্লাস এইট পর্যন্ত নামালেও কেউ যাবে না। এই কারণে দরকার হচ্ছে যে নিয়ন্ত্রণটা কে করবে। তবে আমি নিজে কিন্তু প্রত্যেকদিন-জানিনা কাকে যোগা বলব, কাকে ফিজিওথেরাপি বলব, কাকে ন্যাচারাল থেরাপি বলব-একটা ম্যাসাজ করাই। ওই যতক্ষণ করাই ততক্ষণ মনে হয় যে বেশ ভালো লাগছে, ভালো লাগছে। সেই কারণে আমার ওর প্রতি খুব আগ্রহ আছে, আমার অন্যদিকে আগ্রহ নেই। আমি যেটুকু খবর নিয়ে জেনেছি, এইরকম প্রচুর আছে, গ্রামেগঞ্জে, শহর, শহরতলিতে। তাদের কি আছে-সার্টিফিকেট আছে, কোনো ডিপ্লোমা আছে, কোনো রেজিস্ট্রেশান আছে? না। কত্ত করে নেয়-যে যেমন খুশি। কেউ ডেইলি ২০০ টাকা এক ঘন্টা, তার বেশি নয়। কেউ দেড়শো টাকা, আবার কেউ পঞ্চাশ টাকা নেয়। কোনো নিয়ম, নীতি বা ধারাবাহিকতা নেই ফিজ নিয়ে। এই রেজিস্ট্রেশান থাকলে কি, না থাকলে কি। রেজিস্ট্রেশান কয়জনের আছে তাও জানি না। সুতরাং পেশেন্টদের কাছ থেকে এরা কি নেবেন বা কি নিতে পারেন, এই ক্লাস এ, ক্লাস বি এবং এই

যে যোগা ট্রেনিং তার বিষয়ে একটু বলে দেওয়া উচিত ছিল। না হলে একেবারে সেবার নামে ব্যবসা চলবে, বড় ব্যবসা চলবে। যাদের রেজিস্ট্রেশন নেই, অথচ ফিজ নিচ্ছে, প্র্যাকটিস করছে, এতো গ্রামে সাধারণ চিকিৎসায় যারা কোয়াক প্র্যাকটিস করেন। আমরা দলমতনির্বিশেষে যাই বলি, কোয়াক প্র্যাকটিস বন্ধ করতে আপনি পারবেন না, আমরা পারবো না। কোয়াক প্র্যাকটিস যদি গ্রামেগঞ্জে উঠে যায় তাহলে মানুষ চিকিৎসার সুযোগ পাবেন না। সেটা অন্য ক্ষেত্রে বলার সুযোগ হলে সেই স্বাস্থ্যের ক্ষেত্রে বলা যেতে পারে। কিন্তু যোগার ক্ষেত্রে যারা কোয়াক আছেন, হাত পা টিপে, ম্যাসাজ করে, তেল মালিশ করে পয়সা নেয়, দয়া করে যারা এখন করছেন তাদের জন্য মোটিভেশানের ব্যবস্থা করুন না! তাদের একটু ট্রেন্ড করে দিন। আর আপনাদের নতুন গ্রাজুয়েট খুঁজতে হবে না। এমনিতে তো বলেছেন experienced, experienced they are also experienced to somewhere, কোথাও না কোথাও তারা কিছু শিক্ষা নিয়েছেন। ওষুধের দোকানে ওষুধ বিক্রি করতে করতে ডাক্তার হয়ে যাচ্ছেন। সুতরাং এরাও এক্সপেরিয়েন্সড। এদেরকে টেন্ডার করুন, অনেক পাবেন, অনেক পাবেন। যেজন্য আপনাদের দুর্ভাবনা যে পাওয়া যাচ্ছে না, পোষ্ট গ্রাজুয়েট পাওয়া যাচ্ছে না, আগ্রহ দেখা যাচ্ছে না, আপনি তাদেরকে এগিয়ে আনুন। বিলের মধ্যে সেই কথাটা বলা থাকলে খুবই ভালো হত। এছাড়া তাদেরকে নিয়ে একটা সেন্টার করুন। এটা সত্যি যে, মানুষ এক রোগ সারাতে গিয়ে, এক ওষুধ খেতে গিয়ে আর এক রোগের শিকার হচ্ছেন। সুতরাং ধীরে ধীরে মানুষ নেচারের দিকে, ন্যাচারোপ্যাথির দিকে, যোগাসনের দিকে, যোগের দিকে এখনকার প্রজন্ম ধীরে ধীরে আকৃষ্ট হচ্ছেন বা হতে বাধ্য হচ্ছি আমরা। এই কারণে বলি বিষয়টা ভালো, সাবজেক্টটা ভালো, উদ্দেশ্যটা ভালো। কিন্তু গোড়ায় গলদের মধ্যে তেমন কিছু বলা নেই। আপনারা তো অনেক উৎসব টুৎসব করছেন, হঠাৎ করে যেন আপনাদের কখন কি বুদ্ধির উদয় ঘটে জানি না। এখন বাজারে রামদেব প্রসাদজীর খুব ভালো বাজার। হয়তো দেখবো কোনদিন বিজ্ঞাপন দিয়ে নেতাজি ইন্ডোর ভরিয়ে দিলেন, সবাইকে আহ্বান করলেন রামদেব প্রসাদজীর ওই যোগাকে নিয়ে হাজির হোন এবং স্বর্ণপদক নিয়ে তাঁকে ভূষিত করে দেবেন। এই ধরনের উদ্ভট পরিকল্পনা যেন আপনারা দয়া করে না করেন। সবশেষে আমি বলছি যে মোটিভেশানটা আলাদা, আপনি যেভাবে উদ্যোগ নিয়েছেন-জানিনা কেন এখনই এটা আনার কি দরকার ছিল, এটা আরো পরে আনা যেতে পারতো, নাও আনা যেতে পারতো, অথবা সার্বিকভাবে ঢালাও মোটিভেশান করে টেন্ডার করতেন। যারা করে তাদের মধ্যে গ্রাজুয়েট আছে, বেকার গ্রাজুয়েট, তাদের মধ্যে আন্ডার গ্রাজুয়েট আছে, তাদের মধ্যে মাধ্যমিক, উচ্চমাধ্যমিক পাশ আছে, সেইগুলোকে একটু খোঁজ করুন না, বিলে আলোচনা না হলেও। সেইগুলোকে একটু খোঁজ করুন তারা কি করছে। তাহলে আপনার আসল উদ্দেশ্যটা নিঃসন্দেহে সফল হবে এবং যোগার জন্য আমাদের পশ্চিমবঙ্গ সরকার যে একটা সত্যি সত্যি ব্যবস্থা নিতে চাইছেন তার বহিঃপ্রকাশ ঘটবে। নাহলে শুধু বিল আনতে হয় অথবা বিধানসভার অধিবেশনের দিন একটা দুটো বাড়াতে হয়, আপনারা অনেক নিচে পড়ে আছেন। সারা দেশের মধ্যে বিধানসভার কার্য দিবসের সংখ্যা সবচেয়ে নগণ্য। তার জন্য একটা দিন অন্তত যোগার নাম করে বর্ধিত হল। এটা হওয়া উচিত নয়। আমি আপনাকে অভিনন্দন জানাচ্ছি। কার্যকরী যাতে হয় সেজন্য অনুরোধ জানাবো। আমার এর বেশি আর বলার কিছু নেই। ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

ডা. এম. নুরুজ্জামান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয়া মন্ত্রী শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য 'The West Bengal Yoga and Naturopathic System of Medicine (Amendment) Bill, 2013' পেশ করেছেন আমি তাকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাইছি। আমাদের স্বাস্থ্যের মৌলিক সংজ্ঞা যদি আমরা দেখি, কমিউনিটি মেডিসিনের ছাত্র হিসাবে আমরা পড়েছি World Health Organisation, হেলথের যে ডেফিনেশান দিয়েছিল, যার হোলিস্টিক কনসেপ্ট হচ্ছে, Health is a state of Complete Physical, Social and Mental Well being. আমরা অ্যালোপ্যাথি মেডিসিনের ছাত্র হিসাবে মডার্ন মেডিসিনের ফাদার হিসাবে জানি Hippocrates কে। তিনি অ্যাকচুয়ালি মডার্ন মেডিসিনের মূল স্রষ্টা। অ্যালোপ্যাথি মেডিসিনের পরিপূরক এবং সহায়ক হিসাবে এখন একটা কনসেপ্ট গড়ে উঠেছে, অ্যালোপ্যাথি মেডিসিনের সাথে সাথে গ্রামের গরীব মানুষ এবং মেডিসিন এখন খুবই কস্টলি হয়ে গেছে, সেই মেডিসিন এবং সার্জারির বাইরে 'আয়ুশ' বলে একটা দপ্তর সরকার পরিচালনা করে। যার মধ্যে আয়ুর্বেদিক, যোগা, ইউনানি, সিদ্ধা এবং হোমিওপ্যাথি আছে। এগুলো নিয়ে আয়ুশ বলে একটা দপ্তর হয়েছে স্বাস্থ্য বিভাগের অধীনে তারা এটা পরিচালনা করে। মেডিসিন এবং সার্জারির বাইরে আমরা যখন এম. বি. বি. এস. করতাম তখন ন্যাচারোপ্যাথিকে আমরা খুব একটা গুরুত্ব দিতাম না। কিন্তু এখনকার দিনে দেখছি মানুষ স্বাস্থ্য সচেতন হয়েছে। এখন মানুষের চাহিদা বেড়েছে, এখন রিহ্যাবিলিটেশান মেডিসিনের গুরুত্ব বেড়েছে এবং তার একটা important part and parcel হচ্ছে যোগা এবং ন্যাচারোপ্যাথি। আমাদের দেশে মুনি-ঋষিরা যোগাসন করতেন, যোগীরা যোগ করতেন। হিন্দুধর্ম, বৌদ্ধ ধর্ম, জৈন ধর্ম, এমনকি ইসলামেও আমরা যারা নামাজ পড়ি, সবই হচ্ছে যোগের একটা প্রকারভেদ। সুতরাং যোগা শব্দটা এসেছে সংস্কৃত শব্দ 'যোগঃ চিত্ত বৃত্তি নিরোধঃ' থেকে। পতঞ্জলি বলেছেন যোগার ডেফিনেশান—stilling of the change of the state of mind. সেইভাবে আজকে যোগার মাধ্যমে বিভিন্ন রোগের কাউন্সেলিং দরকার হয়। যেমন ধরুন ক্যানসার, সিজোফ্রেনিয়া, অ্যাজমা, হার্ট ডিজিজ সেখানে মাসকুলার স্কেলিটোন এবং মেন্টাল ইমপ্রুভমেন্ট দরকার। আর্থারাইটিস রোগে বা স্ট্রোক হয়ে প্যারালাইসিস হয়ে পড়ে থাকলে, সেইসব ক্ষেত্রে পেইন ম্যানেজমেন্ট ক্লিনিক ও যোগের একটা গুরুত্ব আছে। আগে বামফ্রন্ট সরকার যোগা এবং ন্যাচারোপ্যাথিকে কোনো গুরুত্ব দেননি। আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাব, তিনি এই সিস্টেমকে গুরুত্ব দিয়ে আজকে মাননীয় মন্ত্রীর মাধ্যমে এই বিলটি এনেছেন। এই বিলে যা বিষয় আছে তাতে, ন্যাচারোপ্যাথির সোর্সগুলোকে কাজে লাগিয়ে রোগ নিরাময় করা যায়। Hippocrates ছাড়াও আমরা দেখেছি John Scheel এবং Benedict Lust ন্যাচারোপ্যাথির কনসেপ্ট ডেভালপড করেন, তাদের বলা হয় ফাদার অফ ন্যাচারোপ্যাথি। ন্যাচারোপ্যাথিতে কতগুলো ন্যাচারাল সিস্টেম আছে-এর সঙ্গে অ্যারোমাথেরাপি, মিউজিকথেরাপি, হাইড্রোথেরাপি, বিভিন্ন রকম ন্যাচারাল জিনিসকে কাজে লাগিয়ে রোগ নিরাময়ের করা যায়। এইগুলো আজকে পপুলারাইজেশান হয়েছে। ২০১০ সালে বামফ্রন্ট সরকার যখন এই বিলটি এনেছিল, সেখানে তারা করেছিলেন পোস্ট গ্র্যাজুয়েশান। তাদের জন্যই একটা ক্লাস-ওয়ান রেজিস্ট্রেশানের ব্যবস্থা করেছিলেন, যাদের পঁচিশ বছর ওয়ার্কিং একসপিরিয়েন্স থাকবে এবং ৪৫ বছর বয়স হবে। এই বিলে বলা হয়েছে এই সাবজেক্টে এক্সপার্ট লোকের অভাব আছে বোথ ইন টিচিং অ্যান্ড

থেরাপিউটিক। সেইজন্য যে কোনো গ্র্যাজুয়েট এর ফেসিলিটি নিতে পারবে, যাদের দশ বছর একসেপিরিয়েন্স আছে এবং ৩০ বছর বয়স আছে। এটাকে আরও সরলীকরণ করা হল, সাধারণ মানুষের জন্য অ্যাপ্রোচেবল করা হল যাতে মানুষ উৎসাহিত হয়। সেই উৎসাহ দেওয়ার জন্য আমরা এই কাজটি করছি। সাব সেকশান থ্রি-তে বলা হয়েছে, যে কোনো কলেজ এবং ইউনিভার্সিটি থেকে পাশ করলে ও থ্রি- ইয়ার ডিপ্লোমা ইন যোগা অ্যান্ড ন্যাচারোপ্যাথি, থাকলে তারা রেজিস্ট্রেশান পাবে।

[2.30–2.40 p.m.]

গত বিলে যেটা ছিল না আর একটা জিনিস করা হয়েছে সেটা হল যারা মাধ্যমিক পাশ করবে তাদের এক বছরের সার্টিফিকেট হলেই তারা এই যোগা এবং ন্যাচারোপ্যাথিতে রেজিস্টার্ড যোগা ট্রেনি হিসেবে থাকতে পারবে। এটা এই বিলে নতুন সংযোজন। সেই জায়গায় আমরা চাইছি, এর মাধ্যমে আগামী দিনে যোগাকে সাধারণ মানুষের মধ্যে পপুলারাইজ করা যাবে। বিশেষ করে আয়ুশ যে দফতর আছে তার আন্ডারে যে ১৬টি হসপিটাল আছে, সেই ১৬টি হসপিটালে রেজিস্ট্রেশান পাবার পরে তারা কাজ পাবে। আমরা হিসেব করে দেখেছি, আমাদের রাজ্যে প্রায় ২ হাজার যোগা থেরাপিস্ট এবং টিচার, তারা এর সঙ্গে ইনভলভ্‌ড হতে পারেন এবং তাদের কাজের সুযোগ বাড়বে। কর্মসংস্থানের সুযোগ বাড়বে। এতে কাজের সুযোগ বাড়বে, কর্ম সংস্থানের সুযোগ বাড়বে। সবচেয়ে বড় কথা এতে সরকারের আপাতত কোনো ফিনান্সিয়াল লায়াবিলিটিস নেই, ফিনান্সিয়াল ইমপ্লিকেশান নেই। যার ফলে সরকারী কোনো খরচ না হলেও সাধারণ মানুষের মধ্যে এই যোগা এবং ন্যাচারোপ্যাথির বৃদ্ধির জন্য সরকার যে পরিকল্পনা করেছেন সাধারণ মানুষ তারা আগ্রহের সাথে সেটাকে বরণ করে নেবে এবং এর মাধ্যমে আমাদের অ্যালোপাথি সিস্টেমের পাশাপাশি যোগা এবং ন্যাচারোপ্যাথিকে পপুলারাইজ করার জন্য সরকার যে উদ্যোগ নিয়েছেন সেই উদ্যোগকে আমরা সাধুবাদ জানাই। আমরা মাননীয় মুখ্যমন্ত্রীকে কৃতজ্ঞতা জানাই এবং আপনাদের সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

ড. অনুপ ঘোষাল : নমস্কার। আজকে দ্য ওয়েস্ট বেঙ্গল যোগা অ্যান্ড ন্যাচারোপ্যাথি সিস্টেম অফ্ মেডিসিন অ্যামেন্ডমেন্ট বিল ২০১৩, আমাদের মাননীয়া মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য যে বিলটি এনেছেন তাকে সমর্থন জানিয়ে কিছু বলবো। প্রথমে বলবো, মাননীয় সম্মানীয় সদস্য সুভাষবাবু বললেন যে এই বিল খুব একটা অর্থবোধক বলে তিনি মনে করছেন না। কিন্তু প্রচেষ্টাটা তো যে কোনো ভাল জিনিসের পক্ষেই ভাল। আমাদের প্রচেষ্টা তো থাকতে হবেই। এর আগে আমি জানি না, বামফ্রন্ট সরকার এই যোগ নিয়ে কি চিন্তা ভাবনা করেছিল, আমার জানা নেই। তবে আমি এটুকু দেখেছি, যে লেক বা কোনো ফাঁকা অঞ্চলে গেলে দেখি কিছু মানুষ বসে বসে এক জায়গায়

... (এই সময় মাননীয় সদস্য শ্বাস নেওয়া এবং ছাড়ার মাধ্যমে কিভাবে সংশ্লিষ্ট যোগভ্যাস করতে হয় তা করে দেখান।) ... এই করে যাচ্ছেন। এখন এই করে যাওয়ার মানে আমি সামনে গিয়ে জিজ্ঞেস করলাম, আরে! বলে এটার নাম কপাল ভাতি, এটা কপাল ভাতি। তারপর দেখি করছেন,

... (এই সময় মাননীয় সদস্য শ্বাস নেওয়া এবং ছাড়ার মাধ্যমে কিভাবে সংশ্লিষ্ট যোগভ্যাস করতে হয় তা করে দেখান।) ... আমি দেখলাম, করার সঙ্গে সঙ্গে,

...(এই সময় মাননীয় সদস্য একটু সময় সুরের রেওয়াজ করে দেখান।) ... অনেকক্ষণ ঘ্যানর ঘ্যানর হচ্ছে ভাল লাগে না, একটু সুরের মধ্যে আসলাম সেইজন্য। মাননীয় স্পিকার মহাশয় মাপ করবেন আমাকে। তো যাই হোক, আমার মনে হয়, আমি দেখলাম, যে এ তো সাংঘাতিক টনিক। কোনো ওষুধে তো এরকম কাজ হয় না। আমি দেখলাম, তখন আমাকে বলছে, যে আধ ঘন্টা যদি আপনি এরকম করতে পারেন অর্থাৎ সাতশো থেকে আটশো বার তাহলে ধরুন দু মাইল রাস্তা হাঁটার সমান কাজ হবে আপনার। আমি বললাম এছাড়া? এ আপনার সাইনাসকে সারাবে, হার্টের অন্যান্য ডিজিজকেও আপনার সারিয়ে দেবে। তো যাই হোক, আমার মনে হয়, এখানে একটু ইতিহাস ভূগোল নিয়ে কথা বলতে হবে, সংক্ষেপে। কারণ আমার সময় ধার্য করেছেন খুব কম। যোগ ব্যায়ামের উৎপত্তি কিন্তু আমাদের ভারতেই। কবে হয়েছিল তা নিয়ে মতভেদ থাকতেই পারে। তবে একথা ঠিক যে সেই মহেঞ্জোদাড়ো হরোপ্পার যুগেই হয়তো এর উৎপত্তি হয়েছিল। পরে বৈদিক যুগে রামায়ণ মহাভারত আর উপনিষদ ব্রাহ্মণ সংহিতার যুগে মুনি-ঋষিরা এই ব্যাপারে উদ্বুদ্ধ হয়েছিলেন তাদের নিজেদের স্বাস্থ্যের জন্য এবং যোগ অভ্যাস করতেন তারা তাদের শাস্ত্রীয় নানারকমের বিধিনিষেধ করার জন্য। কারণ আমরা জানি বৈদিক ঋষিরা যে সংগীতের ব্যাপারে উদ্বুদ্ধ হতেন তা ক্লাসিকাল সংগীত, সেই ক্লাসিকালের নাম ছিল বৈদিক সংগীত। বৈদিক সংগীতের নাদ, শ্রুতি, স্বর এগুলো নিয়ে সাধনা করার জন্য যোগের বিশেষ প্রয়োজনীয়তা ছিল। আধুনিক যুগে যোগের ইতিহাস শুরু হয়েছিল ১৮৯৩ সালে রিলিজিয়ান অফ্ পার্লামেন্টে, সেই তরুণ সন্ন্যাসী রামকৃষ্ণের শিষ্য স্বামী বিবেকানন্দ করেছিলেন। শিকাগোতে অনুষ্ঠিত রিলিজিয়ান অফ পার্লামেন্টের মাধ্যমে।

এখানে রামকৃষ্ণের শিষ্য তরুণ সন্ন্যাসী বিবেকানন্দ, তার বক্তৃতায় উপস্থিত সকল অভ্যাগতদের সকলের মন জয় করেন। পরে তিনি বার কয়েক আমেরিকায় এবং ইউরোপে এসে বেদান্ত প্রচার করেন এবং যোগের প্রতি পাশ্চাত্যের মানুষের গভীর আগ্রহ দৃষ্টি আকর্ষণ করেন। এরপর ১৯২০ পাশ্চাত্য যোগ আন্দোলনের ক্ষেত্রে বিশেষ গুরুত্ব পান পরমহংস যোগানন্দ। আমাদের বিষ্ণুপদ ঘোষের বড় ভাই। এরপর যিনি প্রথম USA -এর বস্টনে আসেন, যিনি self realization fellowship Los Angeles প্রদেশে প্রতিষ্ঠা করেন। আমি সেখানে গিয়েছিলাম ব্যক্তিগতভাবে। এরপর শিকাগোতে যোগাভ্যাস চালু করেন রামচক্র। এরপর Paul Bronton ইউ.এস.এ.-র একজন সাংবাদিক, যোগের জগতে আনেন নতুন আন্দোলন। তার গ্রন্থ 'A Search in Secret India'। ভারতীয় ঋষি রামানাথ মহাঋষিকে পাশ্চাত্যে প্রসিদ্ধ করেন। ১৯৩০ থেকে ১৯৮৬ সাল পর্যন্ত জিটু রামকৃষ্ণ দার্শনিক অভিজ্ঞতায় প্রচুর পাশ্চাত্যবাসীকে আনন্দ দেন, তার নানা বিষয়ের আলোচনাতে। তাকে এই ব্যাপারে সহযোগিতা করে Theosophical Society। যিনি জ্ঞান যোগ নিয়ে আলোচনা করেন, প্রচুর মানুষের মনে দাগও কেটেছিলেন। এই সব আন্তরিক আলোচনা মধ্যে যারা আনন্দ পেয়েছেন তার মধ্যে ছিলেন A. Haxley, Christopher Isherwood, Charlie Chaplin এবং Greta Garbo -এর নাম বিশেষভাবে উল্লেখ্য।

Bernard Shaw described Krishnamoorty as the most beautiful human being he ever saw . Yoga in the form of Hata Yoga, সাধারণ আমেরিকাবাসীকে বিশেষ আকর্ষণ করেন, রাশিয়ার জাত যোগিনী ইন্দিরা দেবী। যাকে first lady of yoga বলা হয়, যোগা বলা হয়। ১৯৪৭-এ Hollywood -এ যোগ স্টুডিও খোলেন। যেখানে তিনি cinema-র artist -দের মধ্যে এটা প্রচার করেন এবং প্রচলন করে বিশেষ ভাবে সাফল্য লাভ করেন। কারণ তন্বী যুবতী বানিয়ে দিয়েছিলেন অনেক বৃদ্ধা ও মাঝবয়সী চলচ্চিত্র অভিনেত্রীদের। এই সমস্ত ক্ষেত্রে যোগের যে গ্রন্থ ও গুরুত্ব দুই আমরা অনুভব করতে পারি। তা আজকে যে কথাটা বলতে হয় এই গান-বাজনার জগতে আমরা যারা আছি, তাদেরও কিন্তু যোগাভ্যাস করা উচিত। আমি পন্ডিত রবিশংকরকে জানতাম। তিনি নিজে ব্যক্তিগত ভাবে যোগাভ্যাস করতেন। এই যে আঙুলের ব্যাপারগুলোর জন্য, এই আঙুল যাতে সব সময়েতে সরে এবং চালু থাকে সেই ব্যাপারের জন্য। আমি তো আগে শুনিয়েছি এখানে এই যে নাদব্রহ্ম যেখান থেকে উৎপত্তি হয়, স্বর-শ্রুতি (এই সময় নিজের গলায় রেওয়াজ করেন) আমাদের এই নিশ্বাস-প্রশ্বাস এর ভেতর দিয়ে, শ্বাসে-প্রশ্বাসের মধ্যে দিয়ে এই (নিজের জোরে জোরে শ্বাস-প্রশ্বাস নেওয়ার মধ্যে দিয়ে করে দেখান) কারও যদি সুগার থাকে আমার কাছে আসবেন, আমি বলে দেব প্রতিদিন আধঘন্টা কিভাবে করতে হয় এটা। অন্তত পাঁচশোবার করুন দিনে। আধুনিক যুগে যার সম্বন্ধে উনি বললেন, ঠাট্টার সূত্রেই বললেন। আমি অত্যন্ত respect করি ভদ্রলোককে, নঙ্করবাবুকে এবং তিনি যে কথাটা বললেন, সেই রামদেবও কিন্তু সাড়া ফেলেছিলেন। আমি England, America-র নানা জায়গায় ঘুরে দেখেছি, তার seminar হচ্ছে এবং তিনি সেগুলো শেখাচ্ছেন, আর কলকাতায় বিভিন্ন জায়গাতেও তিনি শিখিয়েছেন। এই যে কপালভাতি, এই যে নাসাপান এই সমস্ত তার থেরাপিগুলো মানুষের বিশেষভাবে উপকার দিয়েছে এবং তিনি নানারকম ভাবে। আমি বলতে চাই না প্রয়াত সিপিএম নেতা তিনিও এটা নিয়ে প্রোটেস্ট করেছিলেন। কারণ এর মধ্যে তিনি যে ঔষধ তিনি ব্যবহার করেন তার মধ্যে হাড়ের গুঁড়ো তিনি দিয়ে থাকেন। সেটা নিয়েও তিনি বলেছেন যদি Ingredient হিসাবে দরকার হয় তাহলে দেবে, তাতে বলার কি আছে। কাজেই আজকে বলি রামদেব যেটা করছেন সেটা খুব interesting এবং তিনি বহু মানুষকে এর মধ্যে involve করেছেন। আমি আপনাদেরকে সকল সদস্যকে আমার বক্তব্য শোনার জন্য আন্তরিক প্রীতি শুভেচ্ছা এবং শ্রদ্ধা নিবেদন করছি। মাননীয় স্পীকার মহাশয়কে বলছি, নমস্কার।

[2·40–2·50 p.m.]

শ্রী সুজিত বসু : মাননীয় স্পীকার, মাননীয় মন্ত্রী শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য আজকে যে The West Bengal Yoga and Naturopathic System of Medicine (Amendment) Bill, 2013 যেটা তিনি এটা সভায় পেশ করেছেন তার সমর্থনে দু একটা কথা বলতে চাই। আমার পূর্ববর্তী বক্তারা অনেকেই অনেক কথা বলেছেন। যোগার ব্যাপারটা একটা নতুন ব্যাপার নয়, এটা প্রাচীনতম আমাদের ব্যাপার। স্বামীজীও আপনারা জানেন পাশ্চাত্য দেশে বিশেষ করে যোগার প্রচারের জন্য তিনি অনেক চেষ্টা করেছেন। যোগার মাধ্যমে প্রচুর মানুষ ভাল হয়। আমি নিজে হয়ত যোগা করি না কিন্তু আমি জানি প্রচুর মানুষ যারা যোগা করে সুস্থ জীবন যাপন করে।

একটু আগে আমাদের সুভাষবাবু বলছিলেন যে নেতাজী ইনডোরে একদিন হয় দেখবো, আমি কাউকে ক্রিটিসিজিম করছি না, রামদেব আপনারা জানেন কিনা জানিনা রামদেবের যেটা করে টি.ভি-তেও যেটা দেখায় সকাল বেলায়, প্রচুর মানুষ সেটা দেখে তারা প্রাকটিস করে এবং আপনারা কোনোদিন বিধাননগরে-আমার কেন্দ্রের মধ্যে আমি দেখেছি-এই সেন্ট্রাল পার্কে অনেক কিছু দেখায় বিশেষ করে কপালভাতি থেকে শুরু করে অনেক গুলো সিস্টেম করে দেখায়। এইগুলো করে মানুষ রিলিফ পাচ্ছে। আমি দেখেছি এই সেন্ট্রাল পার্কে প্রচুর মানুষ সকালবেলায় যায়। সেখানে তারা বসে যোগা করে, বিভিন্ন রকম তারা আসন করে। এটার প্রসার ঘটছে। আমাদের সিস্টেম হচ্ছে আপনারা জানেন চিকিৎসা ক্ষেত্রে, অ্যালাপাথি চিকিৎসা আছে, হোমিওপ্যাথি আছে, আয়ুর্বেদী আছে, তার সাথে সাথে বিশেষ করে এখন যোগা এবং Naturopathy যে সিস্টেমের কথা মেডিসিনের কথা বলা হচ্ছে তা ভীষণ ভাবে সাড়া দিয়েছে। শুধু এখানে বলে নয়, দেশ-বিদেশ থেকে শুরু করে সমস্ত জায়গায়। কারণ এর প্রধান লক্ষ্য হচ্ছে স্যার, মানুষের শারীরিকভাবে সুস্থভাবে জীবন যাপন করা। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বার বার বলছেন আমাদের প্রধান উদ্দেশ্য হচ্ছে, প্রতিটি মানুষ সুস্থ সবল ভাবে জীবন যাপন করুক। যোগা এবং Naturopathy-র প্রসার যাতে করা যায় তার জন্য নানা রকম চেষ্টা হচ্ছে। এই সিস্টেমে যেহেতু সারজারি এবং মেডিসিনের প্রয়োজন না হয় তার জন্য সর্বস্তরের মানুষের স্বার্থে, আর্থিক দিক থেকে পিছিয়ে পড়া মানুষের স্বার্থে আমাদের সমাজে উপকারে আসবে। এই অ্যামেন্ডমেন্ট বিলটা যেটা এসেছে এটা প্রচুর মানুষকে কর্মসংস্থানের সুযোগ করে দেবে। সুভাষবাবু ম্যাসাজের কথা বলছিলেন, আমি জানি ম্যাসাজ একটা সাইন্স। এরও কিছু নিয়ম-কানুন আছে। সেলুনে একরকম ম্যাসাজ হয়, সেটা অনেক ক্ষতি করে দেয়। দেখা যায় মাথার মধ্যে বাড়ি দিচ্ছে, এটা ম্যাসাজ নয়। তার একটা সিস্টেম আছে। এখানে আমি জানি সেই সিস্টেমের জন্য ট্রেনিং-এর দরকার আছে। আমি সত্যি বলছি টেনিং নিয়ে ভাল ম্যাসেজিয়োর হতে পারলে ভাল পয়সা পাওয়া যায়। আমি বলতে পারি পিন্টু বলে একটা ছেলে, আনন্দবাজারে এসেছিল নামটা শুনেছেন, শচীন তেন্ডুলকারের ম্যাসেজার। আমি তাকে বিলক্ষণ চিনি, হাওড়ার ছেলে। হাওড়ার ওকে সি.ই.এস.সি-তে চাকরি রাহুল দ্রাবিড় দিয়েছিল। শচীন কলকাতায় এলে তাকে ডেকে নেয়। কিন্তু ছেলেটার এতো কিছু সার্টিফিকেট নেই। আমি ওর নামটা কোট করলাম এই কারণে নামটা কাগজে এসেছিল। আমি এই পিন্টুকে অনেক দিন জানি। আমি পিন্টুকে ব্যক্তিগত ভাবে চিনি। কারণ ওযে ম্যাসাজটা করে ওর যে ম্যাসিয়োর কয়েক দিন আগে আমার কাছে এসেছিল, মিঠুনদার ম্যাসাজের জন্য একটু ব্যবস্থা করে দিন। আমি মিঠুনদাকে ইনট্রোডিউস করে দিয়েছিলাম। মিঠুনদা বলেছিল যে ওই ছেলেটা তো খুব ভাল। আমি উদাহরণ দিয়ে বলছি এই কারণে, কোলকাতা শহরে পিন্টুর মতো অনেক ছেলে আছে যারা সত্যি জানে, টেকনিক্যাল বিষয়গুলো জানে। তাতে শরীর সত্যিই ভাল থাকে। সুতরাং আজকে যে অ্যামেন্ডমেন্টটা এসেছে, আমাদের সরকারের লক্ষ্য হচ্ছে এটাকে ইজি করা। এই বিলটাতে আগে ছিল যেটা আমি দেখেছি যে আগে পোষ্ট গ্রাজুয়েট হতে হবে, ২৫ বছরের এক্সপিরিয়েন্স তাকে নিতে হবে, ২৫ বছরের এক্সপিরিয়েন্সের পর তারপর ৪৫ বছর বয়েসে তাকে রেজিস্ট্রেশান করতে হবে। আমাদের সরকার সেটাকে কমিয়ে দিয়েছে। সরকার বলছে কি? এই বিলের মধ্যে বলছে ২৫ বছর নয়, বয়সটাকে ৩০ বছর করেছে, গ্রাজুয়েশান হলেই এটাকে করা যাবে। এটা ভাল, সরকারের লক্ষ্য

ভাল। ট্রেনীদের ক্ষেত্রে সুবিধা আছে এই বিলের মধ্যে। যারা ট্রেনী তারা মাধ্যমিক পাশ করার পর একটা কোর্স করলে ট্রেনী হিসাবে স্বীকৃত হবে। আমি জানি এই প্রফেশানে প্রচুর মানুষ আছে।

প্রচুর লোকেরা আছে। এই কিছুদিন আগেও আমাকে এই ধরনের একটা প্রোগ্রামে উদ্বোধন করতে যেতে হল। তারা বলেছে এই জিনিসটার তারা প্রসার চাইছে। এটা আমাদের একটা খুবই ভাল দিক। এই বিলটাকে আমি সমর্থন করছি তার কারণ, যে বিলে এই বিলের কথা বলা আছে, এই দুটো বিল ২০১০ সালে পাশ হয়েছিল, তার সঙ্গে কিছু অ্যামেন্ডমেন্ট এসেছে। সুতরাং আমি মনে করি এই বিলটা অত্যন্ত ভাল বিল। এটা হলে আগামী দিনে প্রচুর কর্মসংস্থানের সুযোগ হবে এবং এটাকে মানুষ ভালভাবে নেবে। ধন্যবাদ, নমস্কার।

শ্রী সুনীল কুমার মন্ডল : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, মাননীয়া মন্ত্রী আজ যোগার বিষয়ের উপর 'The West Bengal Yoga & Naturopathic System of Medicine (Amendment) Bill, 2013 এনেছেন। এই বিলটি সম্পর্কে সংশোধনী করা হয়েছে। সেটা আমার মনে হয় সংশোধন করা হয়েছে ঠিকই আছে, কিন্তু আরেকটু সংশোধন করলে ভাল হত যে এই বিলটাতে ১০ বছর এক্সপেরিয়েন্স দেখানো হয়েছে, সেটা যদি ৫ বছর করা যায় তাহলে ভাল হয়। কারণ এর উপরে আমাদের পূর্ববর্তী বক্তারা সমস্ত বিষয় নিয়ে বললেন। আমি সেই বিষয় নিয়ে বলতে চাই, আমাদের যোগাটা হচ্ছে ভারতের ঐতিহ্যের একটা ফসল। সেই ঐতিহ্য আজকে সারা বিশ্বব্যাপী সমাদৃত। সারা বিশ্বে এই যোগার প্রয়োজনীয়তা কতটা, সেটা আমরা যদি দুরদর্শন দেখি তাহলে দেখব যে তিন-চারটি চ্যানেলই এই যোগার মাধ্যম দিয়ে চলছে। সেই জায়গাগুলো যে আছে, সেটা আমরা জানি। যোগার বিষয় বলি, বর্তমান দিনে যে মেডিসিন, ডাক্তারি শাস্ত্র, যারা ডাক্তার, তারা যেভাবে চিকিৎসা শাস্ত্রটাকে নিয়ে যাচ্ছেন, আমাদের দেশে ডাক্তার কম, ডাক্তার কম থাকার জন্য গ্রামে গঞ্জে আজও চিকিৎসার একটা সমস্যা রয়েছে। কিন্তু এই যে সমস্যাটা, এই সমস্যা সম্বন্ধে বলি যদি যোগাটাকে আমরা ঠিক মত ব্যবহারিক প্রয়োগ ঘটাতে পারি গ্রামেগঞ্জে, শহরে, তাহলে আমার মনে হয় এটা একটা সাইড বাই ডাক্তারি হবে, একটা ভাল প্রক্রিয়া চলবে। এর জন্য মাননীয় মন্ত্রীকে বলব, এই ব্যাপারে কলেজ বা শিক্ষামূলক কোনো প্রতিষ্ঠান গড়ে তোলা যায় কিনা, সেই ব্যাপারেও আমি চিন্তা ভাবনা করতে বলছি। বিশেষ করে গ্রামে গঞ্জে প্রচুর আর.এম.পি. দেখা যায়। তারা একজন ডাক্তারের কাছে দু-চার মাস থেকে ডাক্তারি করে। মেডিসিনের একটা বিরাট সাইড এফেক্ট আছে। অনেক রোগীরা যারা যায়, এই সাইড এফেক্টের জন্য তাদের অনেক সমস্যা তৈরী হয়। কিন্তু যোগার ক্ষেত্রেও আমি বলব একটা সাইড এফেক্ট হতে পারে, যদি তার ব্যবহারিক ব্যায়ামটা ঠিক না হয়, খুঁত হয় এবং সর্বোপরি যদি সে সঠিক ভাবে ব্যায়াম করতে না পারে তাহলেও তার কিছু দুরারোগ্য রোগ ঘটতে পারে। এমন কিছুও হতে পারে যে, রোগটা ওষুধেও সারানো সম্ভব হয় না। এই রকম আমরা শুনে থাকি। যোগা বিষয় আমি বলব, এই যে রেজিস্ট্রেশনের কথা বলা হয়েছে, এই সম্বন্ধে আমার কোনো আপত্তি নেই। 'এ' গ্রুপ, 'বি'গ্রুপ আর যোগা ট্রেনী-তিনটে পার্ট করা হয়েছে। এটা ঠিকই আছে। কিন্তু গ্রামে গঞ্জে যেটা দেখি এবং বিভিন্ন চ্যানেলে দেখি রামদেব, শ্রীশ্রী রবিশঙ্করের কাছে অনেক মানুষ আছে, যারা দু-চার দিন রবিশঙ্করের কাছে ট্রেনিং নিয়ে এসে গ্রামে-গঞ্জে ট্রেনিং দেয়। এই যে গ্রামে গঞ্জের যে

মানুষগুলো ট্রেনিং নেয়, সরকার থেকে যদি সেই জায়গাটাতে সঠিকভাবে ট্রেনিংয়ের ব্যবস্থা করে তৈরী করা যায়, তাহলে কিন্তু এর গুরুত্ব সত্যিকারের বাড়বে।

[2.50–3.00 p.m.]

এই জায়গাটাকে যদি তৈরী করা হয় তাহলে কিন্তু গুরুত্ব সত্যিকারের বাড়বে, গুরুত্ব কোনো অংশে কমবে না। আমি বলব, আজকাল এই যোগার বিষয়ে সরকারের এই পদক্ষেপ যে ভাবে হয়েছে relief and cure-এর যে ব্যবস্থার জন্য যোগার যে সময় এবং যেভাবে ডিপ্লোমা দেওয়ার কথা বলা হয়েছে সেখানে এর একটা চেক বা রেস্ট্রিকশান থাকা দরকার আছে বলে আমার মনে হয়। কিছু একটা করলে পরেই এবং একটা ট্রেনিং নিলেই, দু-একজন ট্রেনিং নিলে পরে তার একটা সার্টিফিকেট দেওয়া হবে। সেই সার্টিফিকেট নিয়ে গ্রাম-গঞ্জে উল্টো-পাল্টা ব্যায়াম করাবে। এটা যাতে না ঘটে তার জন্য একটা চেক বা রেস্ট্রিকশান থাকা দরকার আছে। যে রেস্ট্রিকশানের বলে অন্তত যারা ট্রেনী হবে তাদের যেন সঠিক মত ব্যায়াম সম্বন্ধে ধারণা থাকে। এটা অবারিত দ্বার হলে হবে না। চেক করা এবং সার্টিফিকেট দেওয়ার ক্ষেত্রে এবং তাদের রেজিস্ট্রেশন দেওয়ার ক্ষেত্রে একটা বাধ্যবাধকতা কিছু থাকলে ভালো হয়। আর বিশেষ কিছু বলতে চাই না। বর্তমানে যোগার প্রক্রিয়ার ব্যাপারে বর্তমান সরকার যদি শিক্ষা প্রতিষ্ঠান চালু করে তাহলে আমাদের বাংলার মানুষেরা উপকৃত হবে। এই বলে, আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, আজ আমাদের মাননীয়া মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য যে বিলটি এনেছেন মুলত মাননীয়া মমতা ব্যানার্জী এই দপ্তরের মন্ত্রী, The West Bengal Yoga and Naturopathic System of Medicine (Amendment) Bill, 2013. এই ২০১০ সালের যে বিলটি সেই বিলটির তিনটি ধারায় কিছু পরিবর্তন আনা হয়েছে। শুরুতেই সুভাষবাবু একটা কথা বলছিলেন এবং নানা রকম ওয়ার্নিং—এটা করবেন না, ওটা করবেন না, রামদেব বাবাকে মেডেল দেবেন না ইত্যাদি ইত্যাদি বললেন। আসলে এই যোগ আমাদের দেশের একেবারে প্রাচীন কাল থেকে আছে এবং মানুষ যোগাভ্যাস করত। এ ব্যাপারে লোকেরা অভ্যস্ত ছিলেন। সাধারণ মানুষ আমাদের দেশের ইতিহাসে শুরু থেকেই আছে। কিন্তু এই যোগ সম্পর্কে আপনাদের অনীহা কেন? আপনাদের ৩৩ বছর লেগেছিল এই বিলটা আনবার জন্য। ২০১০ সালে যোগ সম্পর্কে আপনারা বিল আনলেন। কিন্তু আনলেন বটে, তার কোনো ইনফ্রাস্ট্রাকচার তৈরী করলেন না। খেটে খা তোরা—এ রকম একটা ব্যাপার। কিন্তু কতখানি এটা মানুষের উপকারে লাগবে-আমি দু'টি জিনিস আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলব, আমি কেদার-বদ্রি গিয়েছিলাম। আমরা প্রবল শীতে আক্রান্ত। দু-টো-তিনটে করে কোট ব্যবহার করছি। মন্দিরের পাশে গিয়ে দেখি বরফ পড়ে আছে। তার পাশে একটা সাধু সম্পূর্ণ খালি গায়ে একটি কৌপিন পরে একটি ধুনি জ্বালিয়ে বসে আছে। কি ভাবে সম্ভব? এই যোগাভ্যাসের দ্বারাই মানুষ তার শরীর এই জায়গায় নিয়ে যেতে পারে। এটাই আমার ব্যক্তিগত অভিজ্ঞতা। আরেকটি অভিজ্ঞতা, আমার একটি ইউনিয়ানের জেনারেল সেক্রেটারি, হিন্দুস্থান কপারের, তার প্রায় চারশো-পাঁচশো সুগার উঠে যায়, ওষুধ খেলে, ইনসুলিন নিলে কিছু কমে , কিন্তু কমে না, পুরোপুরি সারে না।

কোনো রকম ভাবে কোনো একজন এইরকমই যারা যোগাভ্যাস করান তাদের সঙ্গে যোগাযোগ হয় এবং তিনি বর্তমানে কোনো ওষুধ না খেয়ে সম্পূর্ণ ভাবে নিরাময় হয়ে গেছেন। তার সুগার নর্মাল হয়ে গেছে। এইগুলো আমাদের দেশে ছিল, আছে, এগুলোর কালচার ছিল না। আপনারা কেন এই সম্পর্কে ইন্টারেস্টেড নন? এর মধ্যে কোথাও একটা আপনাদের আদর্শগত কনফ্রন্টেশন এসে যায়, কালমার্কস-এর বইয়ে নেই বলে। যোগ বলতে এটা বোঝায়-Yoga is defined as a means of uniting of individual spirit with the universal spirit of God. এই যে এই কথাটা নিজের মধ্যে যে স্পিরিটটা আছে তার সঙ্গে পৃথিবীর মানুষের স্পিরিট এবং ঈশ্বরের সঙ্গে সম্পর্ক যুক্ত করা। তার জন্য আপনাদের এটা ভাবতে লেগে গেছে ৩৩ বছর। তারপরে আপনারা বিল এনেছেন, যেটার কোনো কার্যকারিতা পশ্চিমবঙ্গের মানুষ পায়নি! এখন এই জিনিসটা আমাদের রাজ্যে মাত্র দুটি বিশ্ববিদ্যালয়ে দু-বছরের কোর্স আছে।

একটা যাদবপুর বিশ্ববিদ্যালয়, আরেকটা বর্ধমান বিশ্ববিদ্যালয়। কিন্তু মানুষের ক্রমাগত চাহিদাকে সম্মান দিয়ে অতি অল্প সময়ের মধ্যে, ২ বছর ৪/৫ মাসের মধ্যে আমাদের সরকার এটার ওপর বিশেষ গুরুত্ব দিয়েছেন।

যারা এই যোগ অভ্যাসের মধ্যে আছেন, যারা ন্যাচারোপ্যাথি করেন, আমি আমার ব্যক্তিগত আরেকটা অভিজ্ঞতার কথা বলতে পারি, শুনলে হয়তো বিশ্বাসই করবেন না। ছোটবেলায় আমরা উড়ন তুবড়ি তৈরী করতাম, পটাশের উড়ন। আমার নিজের হাতে বার্স্ট করে গেল। আমাকে কিন্তু আমার মা কোনো মলম ব্যবহার করতে দেননি। সঙ্গে সঙ্গে এক বালতি জলের মধ্যে হাতটা ডুবিয়ে দিলেন এবং তার মধ্যে বরফ দিতে আরম্ভ করলেন। দু-তিন ঘন্টা জলে থাকার পর আমাকে বললেন একটা বাক্সে জিনিস দেব কিন্তু আপত্তি করা চলবে না। খাটাল থেকে গোবর নিয়ে এলেন। নিয়ে এসে হাতে লাগিয়ে দিয়ে বললেন ঘুমিয়ে পড়। পরের দিন আমার হাতে কিন্তু কোন ফোসকা পড়েনি। এটা আমার ব্যক্তিগত জীবনের অভিজ্ঞতা।

'জল-চিকিৎসা' বলে একটা চিকিৎসা আমাদের দেশে চালু আছে। আগুনে পুড়ে গেলে জল দেওয়া বারণ। কিন্তু জলের মধ্যে পুরো ডুবিয়ে দিয়ে যদি দীর্ঘ সময় রাখতে পারেন তাহলে একটা ফোসকাও পড়বে না শরীরে। এই ধরনের কিছু চিকিৎসা আছে আমাদের দেশে। মোরারজী দেশাই যেমন নিজের ইউরিন খেতেন। এই চিকিৎসাগুলো আছে আমাদের দেশে। মাননীয় সদস্য সুভাষবাবু বললেন 'কিছু করলেন না'। কিন্তু করলেন তো অনেক কিছুই। এখানে Class A registration যেটা সেখানে আপনারা যা করে গিয়েছিলেন তার থেকে অনেক relax করা হল। Qualification relax করা হল, experience relax করা হল যাতে করে এঁরা একটা রেজিস্ট্রেশন পায় এবং রেজিস্ট্রেশন পেলে তারা বিভিন্ন জায়গায় ইনস্টিটিউট তৈরী করে মানুষদের শেখাতে পারবে। এর সঙ্গে 4A বলে যে সেকশন আছে, Section 20-র Sub-section, সেখানেও একটা নতুন ডিপ্লোমার কথা বলা হয়েছে ; ছিল না আপনাদের সময়ে। Three years diploma in yoga & naturopathy awarded from any recognised college or university. যদিও এখনও পর্যন্ত, পশ্চিমবঙ্গে যা আছে তা two year course, three year course নেই, তাহলে এটা বাইরের রাজ্যের কোন জায়গা থেকে আনতে হবে।

6A ধারাতে সার্টিফিকেট কোর্স। Higher Secondary বা Madhyamik বা ইক্যুইভ্যালেন্ট যারা পাশ করবেন তাদের সার্টিফিকেট দেওয়া হবে যাতে করে তারা বিভিন্ন জায়গায় ইনস্টিটিউট খুলতে পারে।

আমি আপনাদের কাছে বলি, আমাদের ডেপুটি স্পীকার বসে আছেন। উনি লোকনাথ বাবার ভক্ত। লোকনাথবাবা প্রায় ১৬০ বছরের বেশী বেঁচে ছিলেন। তৈলঙ্গস্বামী ৩০০ বছরের বেশী বেঁচে ছিলেন। বিজ্ঞান স্বীকার করবে এতদিন ধরে মানুষ বাঁচতে পারে? আমরা জানি শ্যামাচরণ লাহিড়ীর কথা। তিনি যোগাভ্যাস করতেন। তাঁকে নিয়ে অনেক কথা আমরা জানি। আমরা ব্রিটিশদের বিজ্ঞানের ক্ষেত্রে সবথেকে উন্নত দেশ বলি। সেই বিলেতে পর্যন্ত গিয়ে তিনি সমস্ত মানুষকে হতবাক করে দিয়েছিলেন। বিজয়কৃষ্ণ গোস্বামী, লোকনাথ ব্রহ্মচারী, তৈলঙ্গস্বামী, তোতাপুরি, ইত্যাদি যাঁদের কথা বললাম এরা প্রত্যেকে, প্রত্যেকটা মানুষই যোগাভ্যাস এবং naturo-therapy করে দীর্ঘ-জীবন লাভ করেছেন এবং এগুলো আমাদের কাছে example, আমাদের দেশের মানুষের কাছে example. এই ভাবে তাহলে মানুষ জীবনকে নিয়ন্ত্রণ করতে পারে।

আরেকটা কথা হচ্ছে, naturo-therapy-র মধ্যেও কিন্তু যোগা আছে। Naturo-therapy-র মধ্যে তিনটে জিনিস আছে। একটা হচ্ছে, Rules of conduct, Mental Social health, Development of philosophical attitude - এটাও একটা এবং তৃতীয় Praclising Meditation and yoga- এই তিনটে ব্যাপার আছে। যে naturo-therapy-র কথা আমরা বলছি অর্থাৎ আজকে মানুষ ডাক্তারকে পয়সা না দিয়েও যোগাভ্যাসের মাধ্যমে এবং naturo-therapy করে যে রোগ থেকে নিরাময় হতে পারে এব্যাপারে মানুষের মধ্যে একটা সত্যিকারের চাহিদা এসেছে।

[3.00–3.10 p.m.]

রামদেববাবার কথা বলেছিলেন, রামদেববাবা সত্যিই তো, আর একজন আছেন Art of Living কী যেন নাম তার-রবিশঙ্কর। রবিশঙ্কর-তিনি সারা পৃথিবীতে সেন্টার খুলেছেন এবং সারা পৃথিবীর মানুষ উন্নত দেশের মানুষ, বিজ্ঞানে উন্নত, অর্থের দিক থেকে উন্নত সে দেশের মানুষ আজকে Art of Living শিখছে। আমাদের পশ্চিমবাংলা থেকে অনেকে আছেন যারা আমেরিকায় বিভিন্ন ইন্সটিটিউট খুলেছেন এই যোগাভ্যাস এবং ন্যাচারাল থেরাপির উপরে। আমি মনে করি, আমাদের মাননীয় মন্ত্রী যে বিলটি এনেছেন সেই বিলটি খুবই প্রয়োজনীয় বিল কিন্তু তার কাছে আমার একটা অনুরোধ, যে কোয়ালিফিকেশান আপনি চাইছেন, সেই কোয়ালিফিকেশানের পরেও তাদের চাকরিতে যাওয়া বা কোনো কাজে যাওয়ার জন্য যে স্কোপটা করে দেওয়া সেই রকম কোনো ইন্সটিটিউট পশ্চিমবাংলায় তৈরি হয়নি। এখানে কোয়ালিফিকেশানের কথা বলছেন, certificate এর কথা বলেছেন, কিন্তু আমাদের এখানে যেটা আপনি চাইছেন সেই কোয়ালিফিকেশান পাওয়ার মতো ইন্সটিটিউট তৈরি করতে হবে এই রাজ্যে। থ্রি ইয়ার্স ডিপ্লোমা কোর্স তৈরি করতে হবে, আমাদের রাজ্যে নেই। গ্র্যাজুয়েশান তৈরি করতে হবে যেটা আমাদের রাজ্যে নেই। যেগুলো এতদিন হয়নি। আমি জানি আপনি একটা সৎ উদ্দেশ্য নিয়ে মানুষের কাজে লাগবার জন্য আমাদের দেশে

অতীতে থেকে যে কালচার, যে ইতিহাস আমরা পেয়েছি, যে যোগাভ্যাসের ধারণা আমরা পেয়েছি যে ন্যাচরাল থেরাপির ধারণা আমরা পেয়েছি তাকে প্রকৃতপক্ষে মানুষের কল্যাণে লাগাবার জন্য আপনি নিশ্চয়ই এবং আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী, স্বাস্থ্যমন্ত্রী তিনি নিশ্চয়ই এটাকে আরো এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করবেন এই কথা বলে বক্তব্য শেষ করছি।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : ধন্যবাদ। এই আইনটা ২০১০ সালে মহৎ উদ্দেশ্য নিয়ে আনা হয়েছিল। একথা সবাই স্বীকার করেছেন, সবাই জানেনও। এখন যোগা সম্বন্ধে আমরা প্রত্যেকেই শ্রদ্ধাশীল। কেউ ব্যবহারিক জীবনে প্রয়োগ করি কেউ ব্যবহারিক জীবনে প্রয়োগ নাও করতে পারি। কিন্তু এই সম্পর্কে আলোচনা করতে গিয়ে শ্রদ্ধা বা অশ্রদ্ধা কোনটাই প্রকাশ করা আমার উদ্দেশ্যও নয়। কোনো অবৈজ্ঞানিক ভিত্তি প্রচার করাও আমার কোনো উদ্দেশ্য নয়। আমি শুধু যে বিষয়টা এখানে বলতে চাইছি সেটা হল, এখানে তিন ধরনের শ্রেণীর কথা উল্লেখ করা হয়েছে। তাতে কিছু relaxation দেওয়া হয়েছে- ক্লাস-এ, ক্লাস-বি এবং ট্রেনি। Clause 20 র ক্ষেত্রে সংশোধন করে যে রিলাকসেশানগুলো এখানে দেওয়া হয়েছে এবং এই ব্যাপারে যতটুকু সম্ভব আমি খোঁজখবর নিয়ে জেনেছি এই আইন হওয়ার পরে আমাদের রাজ্যের বর্ধমান বিশ্ববিদ্যালয় এবং কল্যাণী বিশ্ববিদ্যালয়ে একটা ডিপ্লোমা কোর্স পড়ানো হয়- ৬ মাস এবং দেড় বছরের। সেই বিষয় সম্বন্ধেও আমাদের একটা ধারণা রয়েছে। কিন্তু যে বিষয়টা সম্বন্ধে আমি বলতে চাইছি, একটা আইন তৈরি হল, সময়ের প্রয়োজনে সেই আইনকে সংশোধনও করতে হয়। বিভিন্ন অভিজ্ঞতার পরিপ্রেক্ষিতে সেই আইনের সময়ে সংশোধন করার প্রয়োজন আছে বলে আমি মনে করি। কিন্তু এটা মনে করতে গিয়ে যে বিষয়টা আমি মাননীয়া মন্ত্রীর কাছে বলতে চাইছি, যোগ সম্বন্ধে ভারতবর্ষে যেমন যোগের একটা পুরোনো ঐতিহ্য আছে এবং এখানে যেমন শঙ্করাচার্যের উদাহরণ রয়েছে তেমনই বাবু আশারামজীরও উদাহরণ রয়েছে। কাজেই যোগ সম্বন্ধে যখন আমরা যে যোগা এবং naturopathy এই সম্বন্ধে যখন আমরা বিষয়টিকে ব্যবহারিক জীবনে প্রয়োগ করতে চাইছি গোটা সমাজে, তখন এর মধ্যে যদি বলা যায় যে কিছু বুজরুকিবাজ তারা যদি সুযোগটাকে ব্যবহার করে তাহলে সেইটাকে আমরা কিভাবে রক্ষা করবো ? সেই জায়গাটিকে আমাদের দেখার প্রয়োজন আছে। আর একটা জিনিস হচ্ছে কলেজ বা বিশ্ববিদ্যালয় বা অন্য কোনো প্রতিষ্ঠানে যখন শিক্ষা দেওয়া হবে তখন আমি এই বিষয়টাকে রাখতে চাইছি যেহেতু অভিজ্ঞতার ভিত্তিতে বোঝা যাচ্ছে এর একটা নির্দিষ্ট বিজ্ঞানভিত্তিক কোর্স থাকার প্রয়োজন আছে। এই বিজ্ঞানভিত্তিক কোর্সের মাধ্যমে তাকে নির্দিষ্টভাবে , নির্দিষ্ট জায়গাতে রেখে সেই সম্বন্ধে আলোচিত এবং সেই সম্বন্ধে শিক্ষা দেওয়ার প্রয়োজন রয়েছে।

আমি এই কথাটি এই কারণে বলতে চাইলাম, আমি এই বিষয়টি এই কারণে বলতে চাইছি দেখুন যখন আইন ছিল-যখন প্রথম আইন হল ২০১০ সালে তাতে বলা ছিল এখন ১০ বছর করা হচ্ছে আগে সেটা ১৫ বছর ছিল। ৩০ বছরের এখন যেটা করা হচ্ছে আগে সেটা ৪৫ বছর ছিল ক্লাস -এ রেজিস্ট্রেশানের ক্ষেত্রে এবং বি-রেজিস্ট্রেশানের ক্ষেত্রেও কোয়ালিফিকেশানগুলো কম করা হয়েছে। এখন প্রশ্ন হচ্ছে, শিক্ষার মান যত কম হবে, তার ব্যবহারিক জীবনের ক্ষেত্রে বুজরুকি সংক্রান্ত কোনো বিষয় বাড়বে না সেটা কোনো গ্যারান্টি দিয়ে বলা যায় না। কাজেই একদিকে

যেমন এই আইনটাকে তৈরি করে তার যে সময়সীমাগুলো কমানো হচ্ছে এবং কমানোর ফলে একদিকে যেমন ব্যাপক অংশের মানুষ শিক্ষিত হতে পারবে এই প্রশ্নে এবং গ্রামাঞ্চলের বিভিন্ন জায়গায় মানুষ এই প্রশ্নে সজাগ করতে পারবেন এটাও যেমন ঠিক তেমনি সেই সঙ্গে সঙ্গে আমাদেরকে এটাও দেখতে হবে যে আগামীদিনে যাতে করে সঠিকভাবে বিজ্ঞানভিত্তিতে এই বিষয়টিকে ব্যবহার করা যায় সেটাও দেখার প্রয়োজন আছে বলে আমি মনে করি। আমি এটাও মনে করছি, যদি সায়েন্টিফিক কোর্স যদি রাখা যায় এবং কেমনভাবে রাখা যায়- বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরী কমিশনের অধীনে এটা রাখা যাবে কি না, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এই ধরনের শিক্ষা ব্যবস্থাকে কতখানি অ্যাপ্রুভ করছেন এবং কি ভাবে এটাকে ব্যবহার করা যাবে; কারণ আমি এই বিষয়গুলো এখন আপনার সামনে রাখছি এই কারণেই একটা আইন ২০১০ সালে হয়েছে দীর্ঘ অভিজ্ঞতার ভিত্তিতে। মানুষের দীর্ঘ অভিজ্ঞতার ভিত্তিতে এই আইনটা আমাদের বামফ্রন্ট সরকার এনেছিলেন এবং বর্তমান সরকার এই আইনটাকে সংশোধন করার চেষ্টা করছেন তাও একটা অভিজ্ঞতার ভিত্তিতে করছেন। কাজেই অভিজ্ঞতার ভিত্তিতে যখন আমরা এটাকে সংশোধন করছি তখন আমাদের যেটা প্রথাগত শিক্ষা ব্যবস্থা-সেই প্রথাগত শিক্ষা ব্যবস্থার মধ্যে শুধুমাত্র অপ্রথাগত শিক্ষা, অপ্রচলিত শিক্ষা ব্যবস্থার মধ্যে থেকে কোন যোগগুরু কি বলেছিলেন, তিনি কত বছর বেঁচেছিলেন, কত হাজার বছর কে বেঁচেছিলেন সেই প্রশ্নে না গিয়ে প্রথাগত শিক্ষা ব্যবস্থার মধ্যে বিজ্ঞানভিত্তিক উপায়ে, বিজ্ঞানসম্মত উপায়ে কেমন করে আমরা আমাদের জীবনে একে ব্যবহার করতে পারি এবং ব্যবহার করে মানব সম্পদের বিকাশের ক্ষেত্রে এটাকে কাজে লাগাতে পারি - আমার কথা হচ্ছে এই আইনটার ক্ষেত্রে সেই লক্ষ্যগুলো থাকার দরকার আছে। কারণ আমি এটা এই কারণে বলছি, পার্টিটা তো তৃণমূল, সেই পার্টির সরকার এই আইন সংশোধন করছে। এবার করতে গিয়ে কি উদ্দেশ্যে করবেন এবং আগামীদিনে হয়তো দেখা গেল যত ব্লক সভাপতিগুলো আছে সবাই যোগাচার্য হয়ে গেল আপনাদের। সবাই যোগাচার্য হয়ে ঘুরে ঘুরে গোটা পশ্চিমবাংলা জুড়ে কি কাণ্ড করবেন তার কোন ঠিক নেই। সেই জন্য এখানে একটা চেক রাখার দরকার আছে, ধন্যবাদ।

শ্রী সুব্রত মুখোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, আমি আলোচনার মুখ্য বক্তাদের মধ্যে নেই কিন্তু আমার এই প্রসঙ্গে যে সমস্ত অভিজ্ঞতা আছে তার ভিত্তিতে এই যে আমাদের দল সকাল থেকে চেঁচামেচি করে এর একটা ভাল ওষুধ আছে। যদি মাথার মধ্যিখানটা কামিয়ে ধনেশ পাখির তেল মধু দিয়ে মেড়ে আর যদি পান পাতা দিয়ে চাপিয়ে দেন তাহলে ওরা সব ঠাণ্ডা হয়ে যাবে।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য : মাননীয়া ডেপুটি স্পিকার ম্যাডাম , আজকে স্বাস্থ্য দপ্তর মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্যোগে " The West Bengal Yoga and Naturopathic System of Medicine (Amendment) Bill, 2013" এই বিল এই পবিত্র সদনে এনেছেন। আমরা এতক্ষণ এই সদনে বিভিন্ন বক্তার বক্তব্য শুনলাম এবং শেষকালে মাননীয় বিধায়ক গৌরাঙ্গবাবুর বক্তব্যে কি ওষুধ হতে পারে সেটাও আমাদের সিনিয়র মন্ত্রী এখানে সুব্রত মুখোপাধ্যায় মহাশয় তিনি বলেছেন।

[3.10–3.20 p.m.]

এই বিজ্ঞান, ম্যাডাম যোগ বিজ্ঞান ভারতবর্ষের নিজস্ব বিজ্ঞান পদ্ধতি। এই বিজ্ঞান ভারতবর্ষের নিজস্ব বলেই গৌরাঙ্গবাবুদের দল কোনদিনও ভারতবর্ষের নিজস্ব প্রক্রিয়াকে আমল দিতে চাননি। আজাদির সময়ে ঝুটা বলেছিলেন। আর এই বিজ্ঞান যা প্রাচীনতম বিজ্ঞান, সে সম্বন্ধেও যথেষ্ট প্রশ্ন তুলে দিয়েছেন। কারণ ওনাদের এটা ভাল লাগে না। নিজস্ব বিজ্ঞানের মধ্য দিয়ে ভারতবর্ষ এগিয়ে যাবে এবং সেটা গ্রহণযোগ্য হবে পাশ্চাত্যের কাছে, সেটা ওদের পছন্দ হচ্ছে না। দে ডু নট ওয়ান্ট এনিথিং টু বি এক্সপোর্টেড, দে ওয়ান্ট সামথিং টু বি ইমপোর্টেড এখানে লেনিনকে নিয়ে আসবেন, কার্ল মার্কসকে নিয়ে আসেবেন কিন্তু ভারতবর্ষের প্রাচীনতম যে বিজ্ঞান, তাকে বাইরে নিয়ে যাওয়ার ক্ষেত্রে প্রশ্ন তুলছেন। নিজস্ব বিজ্ঞান-অলটারনেট মেডিসিন, এটা অলটারনেট সিস্টেম অফ মেডিসিন, বিজ্ঞানসম্মত এবং আমাদের চিপ হুইপ যেভাবে বললেন যে এখানে তার দ্বারা কি কি হয়ে থাকতে পারে, সেটাও গৌরাঙ্গবাবুর পছন্দ হয়নি। কে কতদিন বেঁচেছে, সেটা পছন্দ হয়নি। ক্যাকে তাড়াতাড়ি কাস্তে হাতুড়ি দিয়ে মারা যায় সেটা পছন্দ হয়। আমি তাই বলছি যে ২০১০ সালে বিলটি এনেছেন। ৩৩ বছর লেগেছে অভিজ্ঞতা তৈরি করার জন্য, একটি প্রাচীনতম বিজ্ঞানকে আইন দ্বারা তার প্রক্রিয়াকে নিয়ন্ত্রিত করার জন্য ৩৩ বছর সময় বিগত সরকার নিয়েছিলেন। ৩৩ বছরের পর ১০ই মে ২০১০ সালে বিলটি এল এবং আইনে পরিণত হল, গেজেট পাবলিকেশান হল ১০ই মে ২০১০। ১০ই মে ২০১০-এর পরেও যদিও বিদায় লগ্নে, তবুও এক বছর ছিলেন। কিন্তু সেই এক বছরের মধ্যে এই নিয়ন্ত্রণ প্রক্রিয়াকে আইনের বাঁধন দিয়ে তৈরি করার জন্য কোনো প্রচেষ্টা করলেন না। বিলটি অ্যাক্টে পরিণত হল। কিন্তু অ্যাক্টে পরিণত হয়ে, আইনে পরিণত হয়ে সেটা মানুষকে কোনো সুফল দেবার কাজে লাগাতে পারলেন না। অনেকে বলছেন, গৌরাঙ্গবাবু বললেন বুজরুকি বন্ধ করে দেওয়া যায় কি করে? আপনি আগের বিলটা পড়লে বুঝবেন, এনেছিলেন বিলটা। কিন্তু তাকে বাস্তবে পরিণত করেননি। বুজরুকিগুলোকে প্রশ্রয় দিচ্ছিলেন আপনারা। সেকশান থ্রিতে কাউন্সিল গঠন করবার যে ক্ষমতা দেওয়া হয়েছিল আপনারা একবছর বিলটা আনার পরেও এই কাউন্সিল গঠন করেননি। যোগা কাউন্সিল গঠন করার ক্ষমতা সেকশান থ্রি দিয়েছে। সেই কাউন্সিল গঠন হয়নি। হয়েছে এই সরকার আসার পর মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে এই কাউন্সিল গঠন হয়েছে। মূল যে জায়গা, কাউন্সিল যদি গঠন না হয় তাহলে গোটা ব্যাপারটাকে নিয়ন্ত্রণ করা সম্ভব হয় না। আগের আইন, যে আইনটির আজকে আমরা কয়েকটি ধারা-উপধারার সংশোধনী নিয়ে এসেছি, সেই আইনটি মূলত যদি পরিচালনা করতে হত, প্রয়োগ করতে হত তাহলে প্রথম কাজটি সেকশান থ্রি-র কাউন্সিল গঠন করা, যেটা আপনারা এক বছর সময় পাওয়ার পরেও সেই কাউন্সিল গঠন করেননি। এই কাউন্সিল গঠন করার পরে আপনারা যদি দেখেন যে এই যোগ অভ্যাস, যেটা অনেক বক্তারা বলেছেন যে এটি একটি বিজ্ঞানসম্মত পদ্ধতি, অলটারনেটিভ সিস্টেম অফ মেডিসিন এবং এই যোগাভ্যাসের মধ্য দিয়ে মানসিক স্তরের একটি বিকাশ, সেটা সম্ভব হয় এবং শারীরিকভাবে বহু রোগ নিয়ন্ত্রণ করা যায় ওষুধের ব্যবহার না করে প্রাকৃতিক উপায়ের সহযোগিতা নিয়ে।

যেটা আজকের দিনেই আধুনিক ভারতবর্ষ অ্যাকসেপ্ট করছে- গ্রহণ করছে এবং তার সাথে

পাশ্চাত্য দেশগুলিও এগিয়ে আসছে গ্রহণ করতে ভারতবর্ষের এই নিজস্ব বিজ্ঞানকে। যেটা কাউন্সিল গঠন করার পরে সুভাষবাবু সারকাসটিক ওয়েতে অনেক কিছু বলে গেলেন। এক্সপিরিয়েন্স- কি এক্সপেরিয়েন্স - এই সব মামুলি কথাবার্তা বলে গেলেন। আসলে আপনারা কোনোটাই গুরুত্ব দিয়ে দেখেননি বলে সবকিছু মামুলি বলে মনে হয়েছে। যদি সেকশান সিক্সটিন দেখেন, ১৬ নম্বর ধারা- আপনারাই এনেছিলেন এই আইনটা। সেখানেই বলা রয়েছে যে, কাউন্সিলের ক্ষমতা আছে এক্রিডিটেশান এবং অ্যাফিলিয়েশান দেওয়ার। অর্থাৎ এই যে এতোগুলো ছোটো-ছোটো প্রতিষ্ঠান নানাদিকে আছে তাদের নিয়ন্ত্রণ করবার জন্য যে প্রক্রিয়াটির প্রয়োজন সেটা সেকশান সিক্সটিনের ভিতরেই রয়েছে যে, অ্যাফিলিয়েটেড এবং অ্যাক্রিডিটেড হলে তাহলে তার নিয়ন্ত্রণটা কাউন্সিলের থাকবে এবং ঐ বুজরুকি - ঐ বুজরুকিটা থাকবে না, আপনারা সেটা চাননি, আসলে সেটা আপনারা বাস্তবে পরিণত করেননি। আমরা সেই কাজটাই সরকারের পক্ষ থেকে করছি। আমরা কি করেছি ? আমরা করেছি সেকশান টোয়েন্টি। সেকশান টোয়েন্টি যদি পড়েন তাহলে দেখবেন যে সেকশান টোয়েন্টিতে আছে যে কারা রেজিস্টার্ড হবেন প্র্যাকটিশানার হিসেবে তার উল্লেখ রয়েছে। সেকশান নাইনটিনে উল্লেখ করা রয়েছে যে রেজিস্টার মেনটেন করতে হবে এবং রেজিস্টার্ড প্র্যাকটিশানার যারা তাদের সেখানে এন্ট্রি করতে হবে। এই প্র্যাকটিশানাররা রেজিস্টার্ড কেমনভাবে হবেন, কাদের প্র্যাকটিশানার হিসেবে রেজিস্টার্ড করা হবে, সেই কোয়ালিফিকেশানগুলো, সেই এনটাইটেলমেন্টগুলোর উল্লেখ রয়েছে সেকশান টোয়েন্টিতে এবং আমরা সেকশান টোয়েন্টি সাবসেকশান থ্রি- এটার যে সংশোধনী এনেছি সেটি আসলে হল এক্সসেপশানাল সারকামস্ট্যান্সেস। আপনারা এক্সসেপশানাল সারকামস্ট্যান্সেস-এর ক্ষেত্রে আপনারা আগের যে আইনটি এনেছিলেন সেখানে এর অভিজ্ঞতা দিয়েছিলেন ২৫ বছর এবং তার সঙ্গে সঙ্গে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রী থাকতে হবে, তার সঙ্গে সঙ্গে নট লেস দ্যান ফরটি ফাইভ ইয়ার ইন এজ থাকতে হবে। এটা যদি খুঁজতে হয় তাহলে আজকে আমরা যেটা দেখলাম স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজেনস It is part of the Bill - সেখানেই লেখা রয়েছে। এই জায়গাটা দেখতে গিয়ে আমরা দেখলাম যে, পোস্ট গ্র্যাজুয়েট কোয়ালিফিকেশানের লোক এখানে নিয়ে আসতে গেলে এবং ৪৫ বছরের উপরের মানুষকে নিয়ে আসতে গেলে তাহলে আসল উদ্দেশ্যটা আমরা সম্পূর্ণ করতে পারব না। তাই এই ক্লাস' এ' রেজিস্ট্রেশানে আমরা এই রিল্যাক্সেশান এনেছি। এখন ১০ বছরের এক্সপেরিয়েন্স এবং তার সঙ্গে সঙ্গে বয়স ৩০ বছর এবং তার উর্ধ্বে এবং গ্র্যাজুয়েট হলেই রেজিস্টার্ড প্র্যাকটিশানার হিসাবে তিনি এই এক্সসেপশানাল কেসে ক্লাস' এ'-র রেজিস্ট্রেশান পাবেই। ক্লাস 'বি' রেজিস্ট্রেশান - মাননীয় বিধায়ক সুনীল বাবু বলছিলেন তিনটে গ্রুপ- - এই দুটো গ্রুপ কিন্তু আপনারাই করেছেন। তৃতীয় গ্রুপও ছিল। আমরা খালি যোগার ট্রেনী হিসাবে তৃতীয় গ্রুপে নিয়ে এসেছি। 'এ' ক্লাস রেজিস্ট্রেশান', 'বি' ক্লাস রেজিস্ট্রেশান আপনি যদি পড়েন তাহলে টোয়েন্টি- সাবসেকশান (থ্রি), টোয়েন্টি - সাবসেকশান (ফোর), আর টোয়েন্টি -সাবসেকশান (সিক্স) -এই তিনটেতেই দেখবেন এই গ্রুপ রয়েছে। আমরা যেটা এনেছি এটা নতুন।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আরও পাঁচ মিনিট সময় বাড়ানো হল।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য : আমরা যেটা এনেছি সেটা হচ্ছে থ্রি টাকে সাবস্টিটিউট করেছি।

'বি' টাকে নতুন করে নিয়ে এসেছি একটা ইনসারশান। ক্লাস 'বি'-র ক্ষেত্রে সেখানে ফোর 'এ' ইনসারটেড হয়েছে, হয়ে আমরা ডিপ্লোমা কোর্সটিকে নিয়ে এসেছি। আর সাবসেকশান সিক্স-এর পরেও সাবসেকশান সিক্স 'এ' একটা নতুন করে ইনসারটেড হয়েছে এবং সেই ইনসারশানের মধ্য দিয়ে যারা সার্টিফিকেট কোর্স করেছেন তাদেরও যোগ্য ট্রেনি হিসাবে তাদের রেজিস্ট্রেশান যাতে স্পেশাল রেজিস্ট্রেশান হয় তার ব্যবস্থা করা হয়েছে। এই পুরো প্রক্রিয়াটার মাধ্যমে এবং কাউন্সিলের ফাংশানের মাধ্যমে এই যোগার যে বিজ্ঞানসম্মত পদ্ধতি, এই পদ্ধতিকে আরও বেশি মানুষের কাজে লাগানোর জন্য এই সংশোধনী আনা হয়েছে।

[3.20--3.23 p.m.]

এবং মাননীয়া মুখ্যমন্ত্রী, তিনি যথেষ্ট গুরুত্বের সঙ্গে এই অল্টারনেটিভ সিস্টেম অফ মেডিসিনের সুফল কিভাবে মানুষ পেতে পারেন, এটা গুরুত্বের সঙ্গে ভেবেছেন বলেই আজকে এই সংশোধনী আনার প্রয়োজন হয়েছে। সুভাষবাবু বলে পালিয়ে গেলেন। বললেন কেন এখন না আনলে হত, পরে আনলে হত, আরো কিছুদিন পরে আনলে হত। আসলে পরেতে সরকার বিশ্বাস করে না। যেটা করবে মানুষের স্বার্থে, মাননীয়া মুখ্যমন্ত্রী মনে করেন সেটা এখনই করতে হবে, আর মানুষকে সুফলটা পৌঁছে দিতে হবে এখনই। তাই এখনই এই সংশোধনী প্রয়োজন হয়েছিল। অ্যালোপ্যাথি, হোমিওপ্যাথি এবং অন্যান্য অল্টারনেটিভ সিস্টেম অফ মেডিসিন-এর সঙ্গে যোগা অল্টারনেটিভ সিস্টেম অফ মেডিসিন ন্যাচারোপ্যাথি এটার অত্যন্ত প্রয়োজন মানুষের জীবনে। স্বামী বিবেকানন্দ সে কথা বলে গেছেন, প্রচার করেছেন। যদি সেই মনীষী, সেই ঋত্বিক পুরুষকে এতটুকু সম্মান দেন তাহলে এই বিলকে এই ভাবে এখানে নানান ভঙ্গিমা করে এর বিরোধিতা হয়তো আপনারা করতেন না। তাই আজকে আমরা অত্যন্ত গর্বের সঙ্গে বলছি যে এই অল্টরনেটিভসিস্টেম অফ মেডিসিন গুলি এই রাজ্যে আরো বেশি ভাবে প্রবর্তিত করবার পদক্ষেপ নিচ্ছি। যার মধ্যে এটি একটি। তাই এই ওয়েস্ট বেঙ্গল যোগা অ্যাণ্ড ন্যাচারোপ্যাথি সিস্টেম অফ মেডিসিন (অ্যামেন্ডমেণ্ট) বিল, ২০১৩ এই সদনে আমি অনুরোধ করব যাতে সবাই এটি পাশ করেন।

Madam Dy. Speaker : The question before the House is that The West Bengal Yoga and Naturopathic System of Medicine (Amendment) Bill, 2013 be taken into consideration

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Clause 2

The question before the House is that clause 2 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As Many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Clause 1, Enacting Formula, Preamble and the title of the Bill

The question before the House is that Clause 1, Enacting Formula, Preamble and the Title of the Bill do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As Many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Smt. Chandrima Bhattacharya : I beg to move that the West Bengal Yoga and Naturopathic System of Medicine (Amendment) Bill, 2013, as settled in the Assembly, be passed

Madam Dy. Speaker : The question before the House is that the Bill as settled in the Assembly be passed.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Adjournment

The House was then adjourned till 11 a. m. on Monday the 25th November, 2013.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 25th November, 2013 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 25 Ministers, 05 Ministers-of-State, 8 Parliamentary Secretaries and 195 Members.

[11.00–11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

আংশিক সময়ের শিক্ষকদের বেতন কাঠামো সংস্কার

*৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪৩) ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, আংশিক সময় ও চুক্তিভিত্তিক কলেজ শিক্ষকদের বেতন কাঠামো সংস্কারের জন্য সরকার কিছু সিদ্ধান্ত গ্রহণ করেছে ;

(খ) সত্যি হলে, তার রূপরেখাটি কিরূপ ; এবং

(গ) আংশিক সময় ও চুক্তিভিত্তিক কলেজ শিক্ষকদের স্থায়ীকরণের ব্যাপারে সরকার কি পরিকল্পনা গ্রহণ করেছে/করছে?

[11.00–11.10 a.m]

শ্রী ব্রাত্য বসু : (ক) হাঁা, এই বিষয়ে সরকারীস্তরে ইতিমধ্যেই কিছু সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

(খ) সরকারী সিদ্ধান্ত মোতাবেক আংশিক সময়ের শিক্ষকেরা ১.১০.২০১০ থেকে এবং চুক্তিভিত্তিক শিক্ষকেরা ১.১.২০১১ থেকে নির্দিষ্টহারে বেতন/পারিশ্রমিক পেয়ে আসছেন। বর্তমানে, আংশিক সময়ের ও চুক্তিভিত্তিক পূর্ণসময়ের শিক্ষকদের বেতন/পারিশ্রমিক যাতে যথাসময়ে প্রদান করা যায়, সেই উদ্দেশ্যে একটি সরকারী আদেশনামা জারি করা হয়েছে। ফলস্বরূপ, পে-প্যাকেটের নির্দিষ্ট সময়কালে সকল শিক্ষক, অশিক্ষক, আংশিকসময়ের শিক্ষক এবং চুক্তিভিত্তিক পূর্ণসময়ের শিক্ষকেরা একইসঙ্গে কলেজ থেকে বেতন পাবেন। এছাড়া, আংশিকসময়ের শিক্ষকেরা প্রতি তিন বছর অন্তর ৫ শতাংশ হারে অতিরিক্ত ইনক্রিমেন্ট পাচ্ছেন। ১.১০.২০১৩ তারিখ থেকে রাজ্যের

পাঁচ হাজারেরও বেশী সংখ্যক আংশিকসময়ের শিক্ষকেরা এই বর্ধিত ইনক্রিমেন্ট পাচ্ছেন। একটানা ১০ বছরের বেশী সময় ধরে কলেজে শিক্ষকতার সাথে যুক্ত সকল আংশিকসময়ের শিক্ষকেরা উক্ত ৫ শতাংশের অতিরিক্ত আরো ১০ শতাংশ অর্থাৎ মোট ১৫ শতাংশ হারে নির্দিষ্ট অনুদানের উপর অতিরিক্ত অর্থ পাচ্ছেন।

(গ) সরকারী আদেশনামা জারি করে ২৬.০৮.২০১০ তারিখের পূর্বে নিয়োগপ্রাপ্ত রাজ্যের সকল সরকারী অনুমোদনপ্রাপ্ত আংশিকসময়ের শিক্ষকদের এবং চুক্তিভিত্তিক পূর্ণসময়ের শিক্ষকদের/প্রফেসারদের ৬০ বছর পর্যন্ত চাকুরী করার বিষয়ে নির্ভরতা প্রদান করা হয়েছে।

এরপর যদি জানতে চান কি ভাবে ইমপ্লিমেন্ট করা হয়েছে বা তাদের পারিশ্রমিকের হার কত, সেটা বলতে পারি।

ডা: সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন রাখতে চাই। উনি বলেছেন, বলবেন। কিন্তু আগে যখন আপনার সাথে আলোচনা হয়েছিল আমাদের বাম পরিষদীয় দলের, অন্য সময় আপনার সাথে দেখা করেছি, চিঠি লিখেছি, সেটা হচ্ছে যে, যা ২০১১ তে সরকার আসার আগে ছিল , তারপর নতুন সরকার আসার পরে তাদের নিরাপত্তা ৬০ বছর পর্যন্ত কাজের, এবং যে সমস্ত আংশিক সময়ের শিক্ষকদের আগে থেকেই সেট, নেট, পি.এইচ.ডি. করা আছে, তাদের স্থায়ীকরণের জন্য কি করছেন? অনেক শূন্য পদ আছে, অনেক কলেজেই প্রিন্সিপাল নেই আপনি জানেন এবং সেখানে কোন পার্মানেন্ট টিচারও নেই। টিচার ইনচার্জ হচ্ছেন আংশিক সময়ের কর্মী, অথচ তাদের কাজের নিরাপত্তা নেই, স্থায়ীত্ব নেই। আপনি বলেছিলেন এটা আমরা ধাপে ধাপে দেখব ইত্যাদি। আপনি যদি সবটা একসঙ্গে বলেন তাহলে সুবিধা হয় আমাদের।

স্যার, আপনার মাধ্যমে আর একটা প্রশ্ন সেটা হচ্ছে যে এ তো আমি জানি আলোচনায় আপনি বলেছিলেন এটা আমরা করতে চাইছি। আজকেও যেটা আপনি বললেন কিন্তু এটা অনেকদিন হয়ে গেল তো। প্রায় দু বছর হয়ে গেল। আপনি কি একটা নির্দিষ্ট সময়সীমা বলতে পারেন? এই লক্ষ্যমাত্রা এই সময়ের মধ্যে এই কাজগুলো হবে। এটার কি কোন সময়সীমা নির্ধারিত হয়েছে? মুশকিল হয়েছে যে আপনি যে জি ও-গুলোর কথা বলছেন—আমরা স্যার আপনাকে বলেছিলাম যে গেজেট নোটিফিকেশন, গভর্ণমেন্ট অর্ডার এগুলো আমাদের অ্যাসেম্বলি লাইব্রেরীতে থাকার কথা দেয় না কেউ। যাই হোক, আমি আপনাকে বলছি যে যদি আপনি অনুগ্রহ করে আমাকে যে ব্যবস্থাগুলো মুখে বললেন সাপ্লিমেন্টারিতে সেগুলো তো লিখিত পাব না, সেগুলো অনুগ্রহ করে দিতে পারেন আমাকে?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিরোধী দলনেতাকে জানাচ্ছি, আমি জানি না যে জি ও-গুলো বেরোয়, আমার ধারণা সেগুলো বিধানসভায় আসে। যদি না আসে আমি অবশ্যই চেক করব। জি ও-গুলো যদি আপনি চান আমি ব্যক্তিগতভাবে জি ওর কপি যে ভাবে আপনাকে আগেও পাঠিয়েছি সেটা আমি আপনাকে আলাদা করে পাঠিয়ে দিতে পারি।

শ্রী ব্রাত্য বসু : মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় বিরোধী দলনেতাকে ধন্যবাদ জানাচ্ছি। আলোচনার কথা তিনি প্রথমেই তুলেছেন। সেই অনুযায়ী কিছু ব্যবস্থার কথা আমরা বলেছিলাম সেই ব্যবস্থাগুলো এক এক করে বলি। প্রথম কথা হচ্ছে যেটা আপনি বললেন সেটা হচ্ছে যে স্থায়ীকরণের বিষয়টি ইতিমধ্যেই নিশ্চিত করা হয়েছে ৬০ বছর। সেকেন্ড কথা এটা খুব ঠিক যে অনেকেরই পি এইচ ডি করা আছে পার্ট টাইম টিচারদের। এমন কি অনেকের নেট বা স্লেটও ক্লিয়ার করা আছে। তাদের ক্ষেত্রে দেখবেন এইবারেই আমরা কলেজ সার্ভিস কমিশনে দীর্ঘদিন পর আমাদের রিক্রুটমেন্ট চালু করেছি এবং এখন ইন্টারভিউ প্রায় শেষের দিকে। আশা করছি ফেব্রুয়ারী থেকে আমরা সমস্ত রিক্রুটমেন্ট পদ্ধতি চালু করতে পারব। সেখানে কিন্তু এটা ঠিকই যে ওইভাবে পার্ট টাইম বা কনট্রাকচুয়াল তাদের ক্ষেত্রে কলেজে পড়ানোর অভিজ্ঞতা আছে সেই ক্ষেত্রে তারা পার্ট টাইম বা কনট্রাকচুয়াল তাদের ক্ষেত্রে ইনটারভিউতে একটা আলাদা নম্বর ধরা হয়েছে। দ্বিতীয়ত, শুধু প্রিন্সিপ্যালদের ক্ষেত্রেও অনেক রকম রিক্রুটমেন্ট হয়েছে। সেটা নিয়ে অন্য একটা প্রশ্ন করেছেন মাননীয় প্রবোধচন্দ্র সিনহা। সেই প্রশ্নের উত্তরে ওনাকে আমি দেখিয়েছি যে আমাদের সরকার আসার আগে প্রিন্সিপ্যাল পদে কত শূন্য পদ ছিল এবং কত শূন্য পদ আমরা পূরণ করেছি। তারপরেও বেশ কিছু রয়ে গেছে এটাও সত্যি। সেই প্রিন্সিপ্যাল রিক্রুটমেন্ট কিন্তু আমরা কলেজ সার্ভিস কমিশনে যে মুহূর্তে অদ্যাপকদের রিক্রুটমেন্ট প্রক্রিয়া সম্পন্ন হবে আমরা বলেছি কলেজ সার্ভিস কমিশনকে আপনারা প্রিন্সিপ্যালদের রিক্রুটমেন্টটা শুরু করুন যেটা বাকি আছে। আপনি চাইলে প্রবোধ চন্দ্র সিনহার জন্য আমি যে উত্তর দিয়েছি এই পবিত্র সভায় সেটার উত্তর আপনি দেখে নিতে পারেন। দ্বিতীয়তঃ, যেটা আপনি সরকারী অর্থের ক্ষেত্রে যে স্ট্রাকচারটা আপনি জানতে চাইলেন সেটা আমি বলি আপনাকে। এক এক করে বললে সুবিধা হবে। পার্ট টাইমারদের ক্ষেত্রে হয়েছে যারা চার বছরের কম কর্মরত তাদের বর্তমান বেতন হচ্ছে ৯ হাজার ৪৫০ টাকা। যারা ৫ বছর বা তারও বেশি কিছু সময় ধরে বা ১০ বছর সময় ধরে কাজ করছেন তাদের বেতনক্রম হচ্ছে ১০ হাজার ৮০০ টাকা প্রতি মাসে। আর দশ বছর বা তার বেশি যারা কর্মরত তারা হচ্ছে ১৩ হাজার ৫০০ টাকা প্রতি মাসে। আর কনট্রাকচুয়ালদের ক্ষেত্রে এই মুহূর্তে প্রতি মাসে তারা মাইনে পাচ্ছেন ২১ হাজার ৪০০ টাকা করে। আর ২০১৩-১৪ অর্থবর্ষে থেকে সমস্ত আংশিক সময়ের এবং চুক্তিভিত্তিক কলেজ শিক্ষকদের পে প্যাকেটের আওতায় আনা হয়েছে। জি ও হচ্ছে ৭৭২ এডু ডি। এটা বেরিয়েছে ১৬-৮-২০১৩। এছাড়া, ১।১০।২০০০ তারিখের যে সমস্ত আংশিক সময়ের কলেজ শিক্ষকরা একই কলেজে দশ বছর ধরে শিক্ষকতা করছেন তাদের এককালীন অতিরিক্ত টেন পার্সেন্ট হারে বেতন পারিশ্রমিক বৃদ্ধি করা হয়েছে। এই বৃদ্ধি প্রত্যেক তিন বছর অন্তর অন্তর আমরা রি ভিজিট করব এবং বলেছি প্রত্যেক তিন বছর অন্তর যারা দশ বছরের বেশী পড়াচ্ছেন তারা ৫% বেশি হারে বেতন বৃদ্ধি পাবেন। অর্থাৎ আমি বলতে চাইছি যে যারা পার্ট টাইম বা কন্ট্রাকচুয়াল টিচার, যারা কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে, কলেজ সার্ভিস প্রক্রিয়ায় যারা ফুল টাইম টিচার হয়ে যাবেন তার পরে যে বর্ধিত অংশ পড়ে থাকবে, অতিরিক্ত অংশ পড়ে থাকবে তাদের ক্ষেত্রে সরকার রীতিমত ভাবনা চিন্তা করছে এবং আমাদের এই আর্থিক টানাটানির মধ্যে কি করে তাদের পূর্ণ মর্যাদা এবং পূর্ণ নিরাপত্তা দেওয়া যায় সেই ব্যাপারে আমরা ওয়াকিবহাল আছি এবং সেই ব্যাপারে সচেষ্ট

আছি। এটা আমি আপনাকে জানালাম। এর পরে আপনার যদি কোন প্রশ্ন থাকে আপনি করতে পারেন।

[11.10–11.20 a.m.]

শ্রী ব্রাত্য বসু : দ্বিতীয়তঃ যেটা বলছি যে সময়সীমাটা আমার বক্তব্যের মধ্যে উল্লেখ করেছি। অর্থাৎ বলেছি যে, পাবলিক সারভিস কমিশনের ইন্টারভিউ নেওয়ার প্রসেস প্রায় শেষ। ফেব্রুয়ারী মাস থেকে এদের রিক্রুটমেন্ট পদ্ধতি শুরু হবে এবং আশা করছি এপ্রিল মাসের মধ্যে আমি সমস্ত রিক্রুটমেন্ট সমাপ্ত করতে পারব কলেজের, তখন আমরা বুঝতে পারব যে কতজন পার্টটাইমার বা কনট্রাকচুয়ালদের মধ্যে থেকে কতজন মেনস্ট্রিম, অর্থাৎ মেনস্ট্রিম মানে বলতে চাইছি ফুলটাইম টিচার কতজন হয়ে গেলেন। সেটার একটা হিসাব আমরা পাব। অতিরিক্ত যারা রইলেন তাদের ক্ষেত্রে আমরা কি পদ্ধতি বা কি কি কাজ করছি, সেই ব্যাপারে ইতিমধ্যেই আপনাকে আমরা বিস্তারিতভাবে জানালাম।

ডঃ তরুণকান্তি নস্কর : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন—পার্টটাইম টিচার যারা আছেন, তাদের সপ্তাহে দশটা করে ক্লাস করতে হয় নিয়ম অনুযায়ী এবং তারজন্য তারা বেতন যা পান সেই ব্যাপারে আপনি বলেছেন। কলেজে টিচার ক্রাইসিস ভীষণ। এবং গত সাত আট বছর ধরে এখন ক্রাইসিসটা যেখানে দাঁড়িয়েছে, তাতে দেখা যাচ্ছে যে, পাঁচ থেকে ছয় হাজার টিচার পোস্ট ভ্যাকান্ট আছে। আমরা হায়ার এডুকেশান স্ট্যান্ডিং কমিটি থেকে একটা প্রস্তাব সুপারিশ হিসাবে দিয়েছিলাম। যেটা গত বিধানসভা অধিবেশনে পাশ হয়েছিল। সেটা হচ্ছে এই পার্টটাইম টিচারদের দশের পরিবর্তে তাদের যদি ফুললি ইউটিলাইজ করেন সরকার, এবং আনুপাতিক বেতন যদি তাদের দেওয়া হয়, তাহলে কলেজের টিচার ক্রাইসিসটা যেখানে দাঁড়িয়ে আছে, সেটার একটা সুরাহা হবে এবং তাদের আর এই স্বল্প বেতন পেতে হয় না। তারা আর একটু বেশী বেতন আনুপাতিক হারে পেতে পারেন। ফলে স্ট্যান্ডিং কমিটির এই সুপারিশ নিয়ে সরকার কিছু ভেবেছেন কিনা সেই ব্যাপারে আপনাকে জিজ্ঞাসা করছি।

শ্রী ব্রাত্য বসু : স্যার, মাননীয় সদস্যকে জানাই আপনাকে ধন্যবাদ জানাচ্ছি আপনি বললেন রিক্রুটমেন্ট পদ্ধতি গত সাত আট বছর ধরে স্থগিত ছিল। স্যার হিসাবটা পরিষ্কার। সেখানে দাঁড়িয়ে আমরা দু বছরের মধ্যে এই রিক্রুটমেন্ট পদ্ধতি চালু করেছি এবং যে সংখ্যাটা আপনি বললেন আমরা আশা রাখছি যেটা মাননীয় বিরোধী দলনেতাকে বললাম, এপ্রিল মাসের মধ্যে সম্পূর্ণ রিক্রুটমেন্ট পদ্ধতি আমরা সমাপ্ত করতে পারব। (ভয়েজ : আপনি দেড় হাজার পোস্টের কথা বলেছেন) হ্যাঁ, আমি দেড় হাজার সংখ্যাটার কথা উল্লেখ করেই বলছি যে আমরা এটা সমাপ্ত করতে পারব। দ্বিতীয়তঃ আপনি দশটার বেশী ক্লাস বা অতিরিক্ত মর্যাদাদানের প্রশ্ন তুলেছেন। আপনি লক্ষ্য করে দেখবেন, এক্ষেত্রে আপনি স্ট্যান্ডিং কমিটির সুপারিশের কথা যা বলছেন, সেই সুপারিশে আর একটা জিনিস ছিল। সেই কথাটা আপনি যদি এই পবিত্র বিধানসভাতে উল্লেখ করতেন তাহলে ভালো হত। এটা আমার নিজের ধারণা। এটা হচ্ছে যে, পার্টটাইম টিচারদের কোনভাবে যদি গভর্নিং বডি, কলেজের গভর্নিং বডির আওতার মধ্যে নিয়ে আসা যায়। এবার আপনি দীর্ঘদিন অধ্যাপক আন্দোলন

করেছেন, আপনি জানেন এবং আমি নিজে ব্যক্তিগতভাবে মনে করি, পার্টটাইম টিচারদের ক্ষেত্রে আরও, যেটা আমি মাননীয় বিরোধীদলনেতাকে আলোচনা করতে বলেছি, (ভয়েজ : এটা আমার প্রশ্ন নয়) আমার মনে হয় আপনি যতক্ষণ ধরে প্রশ্ন করেছেন তার থেকে কম সময়ে আমি উত্তর দেব। আমি বলতে চাই আলোচনাতে বার বার উঠে এসেছে যে কি করে এদের আরও নিরাপত্তার থেকেও বড় কত হচ্ছে আরও সামাজিক মর্যাদা দেওয়া যায়। এটা খুব গুরুত্বপূর্ণ। এবং সেখানে দাঁড়িয়ে কিন্তু আমার বারবার মনে হয়েছিল এই ফুল টাইম টিচার যারা, তাদেরই একটা বড় অংশের আপত্তি ছিল, বিভিন্ন সংগঠনে থাকা বা সংগঠনে না থাকা—'এরা কি করে একটা কলেজের গভর্নিং বডির প্রতিনিধি হবেন।' কারণ এরা তো পার্ট টাইমার। যেভাবে একসময় দেখবেন যে, লাইব্রেরীয়ানদের ক্ষেত্রে একসময় আপত্তি জানানো হয়েছিল। দশটা ক্লাসের ক্ষেত্রে যে প্রশ্নটা আপনি বলছেন এবং আমার মনে হয় যে টাকাটা তাদের আমরা দিচ্ছি সেটাতে দশটা ক্লাস বা তার বেশী ক্লাস নেওয়া যেতেই পারে। কিন্তু তারসঙ্গে এমন কি ইউনিভার্সিটির খাতা দেখা, সেক্ষেত্রেও দেখবেন যে একটা আপত্তির ব্যাপার আছে। আমি চেয়েছিলাম যে এমন কি খাতা দেখিয়ে তাদের অতিরিক্ত অর্থ আয়ের মধ্যে যদি আনা যায় তাহলে ভালো হবে। কিন্তু নিয়ম আছে, আইন আছে আইন দেখিয়ে বলা হচ্ছে যে এরা কিছুতেই খাতা দেখতে পারেন না। এমন কি কোন কোন কলেজে এমনও প্রশ্ন উঠেছে প্রায় সামাজিক কৌলিন্যের প্রশ্ন উঠেছে যে, এরা স্টাফ রুমেও বসতে পারবেন না। গভর্নিং বডির মেম্বার হওয়া তো দূর অস্ত। পরীক্ষার গার্ডও দিতে পারবেন না। এটা এমন একটা সমস্যা, যেটা আমার কাছে খুব বেদনাদায়ক। এবং যারা দীর্ঘদিন ধরে অধ্যাপনা করেছেন, আপনি জানেন আপনি অধ্যাপক সংগঠনের সঙ্গে যুক্ত—যে আমি আজকে যে মুহূর্তে ফুল টাইম হয়ে যাচ্ছি সেই মুহূর্তে আমি একজন পার্ট টাইমারকে খাটো চোখে দেখছি। এই সামাজিক বৈষম্যের দিকটা সত্যি কথা বলতে কি আমার কাছে খুবই পীড়াদায়ক। সেই জায়গা থেকে আমি দরকার হলে বলেছিলাম যে, আইন পরিবর্তন করব। করে কি করে এদের আরও নিরাপত্তা দেওয়া যায় শুধু আর্থিক দিক থেকে নয়, কি করে মর্যাদাদানের দিকটা আরও নিশ্চিত করা যায়, সেই ব্যাপারেও আমি কিছু চিন্তাভাবনা করেছিলাম। আপনি যেটা বলছেন ক্লাস, ক্লাসটা আমি বাড়াতে চাইনি এই মুহূর্তে। আপনার কথা শুনে আপনাকে সোজাসুজি উত্তর দেওয়াই ভালো, কেন না এই মুহূর্তে আমরা বাড়াতে চাইনি। আমরা বলেছিলাম, এখন কোন কোন কলেজ যদি বাড়িয়ে নিতে চান, তো তারা বাড়িয়ে নিতে পারেন। তার কলেজ স্বশাসন আছে, গভর্নিং বডির সিদ্ধান্ত আছে, কিন্তু যে বেতনক্রম তাদের দেওয়া হয় সেখানে আমার মনে হয় ১০টা ক্লাস যথেষ্ট। কিন্তু খাতা দেখার ব্যাপারটা সেটা আপনারা যদি স্ট্যান্ডিং কমিটি থেকে সুপারিশ দেন তাহলে তাঁদের মর্যাদাও বাড়ে এবং আর্থিক দিক থেকেও তাঁদের সুবিধা হয়। এই রকম কোন একটা প্রোপোজাল যদি আপনারা দেন তাহলে আমার মনে হয় তাদের ক্ষেত্রে আরও সুবিধা হবে।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে অতিরিক্ত প্রশ্ন, আমাদের রাজ্যে পার্টটাইম লেকচারারের সংখ্যা কত? এবং তার মধ্যে পি.এইচ.ডি.-র সংখ্যা কত এবং এম.ফিলের সংখ্যা কত আছে? এঁদের বিশেষ ভাবে স্থায়ীকরণের ক্ষেত্রে কোন ব্যবস্থা সরকার ভাবছে কি না?

শ্রী ব্রাত্য বসু : স্যার, আমার মনে হয় সেকেন্ড পার্টের উত্তর আমি আগেই দিয়ে দিয়েছি আপনাকে। মাননীয় বিরোধী দলনেতার উত্তর যখন দিয়েছি তার মধ্যেই উত্তরটা দেওয়া আছে, আপনি অনুগ্রহ করে উত্তরটা একটু দেখে নেবেন। প্রথম কথা হচ্ছে কত পি.এইচ.ডি. আছে, কত এম.ফিল্. আছে সেটাতো আমরা বার করতে পারি। আপনি জেনে খুশি হবেন যে আমরা সরকারে আসার পর আমরা ডায়রেক্টরেটকে দিয়ে সম্পূর্ণ ভাবে—ইনফ্যাক্ট আপনি কি জানতেন গত ৮ থেকে ১০ বছর আমাদের পড়াচ্ছেন, কত জন পে-প্যাকেজের আওতার মধ্যে আছেন, কত জন পে-প্যাকেজের আওতার মধ্যে নেই, সেই হিসেব শিক্ষা দপ্তরের কাছে ছিল না। গত এক দেড় বছর ধরে ডি.পি.আই. কে দিয়ে আমরা এই তালিকা তৈরী করিয়েছি যে কত কলেজে কোন কোন পার্টটাইমার কোন কোন সাবজেক্টে পড়ান। এইবার আপনি যদি জানতে চান তাঁদের মধ্যে কে কে পি.এইচ.ডি., কে কে এম.ফিল্. কে কে এম.এ., কে কে এম.এসসি. তারও একটা তালিকা আমি আপনাকে করে দিতে পারি এবং তার জন্য একটু সময় লাগবে কেন, বুঝতে পারছেন তো ২০, ২২ বছরের কাজ হয়নি। আপনার সাথে একমত, আমি করে দেব।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে পার্টটাইম সংক্রান্ত ঠিক নয়, প্রতিবন্ধী সংক্রান্ত বিষয়ে আমি জানতে চাইছি। অনেক উপযুক্ত ব্যক্তি আছেন, যাঁরা হচ্ছে Social Justice and Empowerment দপ্তর কর্তৃক অনুমোদিত যে বিষয় তাতে ৩% পর্যন্ত এই রকম যাঁরা উপযুক্ত তাঁদেরকে PWD Act, 1995 যাকে বলছে Person with disability Act 1995, এই এক্টটা হচ্ছে 33/39 act অনুযায়ী উপযুক্ত যাঁরা তাঁদেরকে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে প্রফেসর, রিডার, লেকচারার হিসাবে নিয়োগ করার বিষয়টা আছে। UGC এটা লক্ষ্য করেছেন যে অনেক জায়গাতেই এটা হচ্ছে না। এই প্রশ্নে শিক্ষা দপ্তরকে UGC অনেক সময় জানিয়েছেন। এই প্রশ্নে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে জানতে চাইছি যে, এই ধরনের যারা প্রতিবন্ধী রয়েছেন অথচ উপযুক্ত রয়েছেন সেই ধরনের ব্যক্তিদেরকে নিয়োগ করার ক্ষেত্রে আমাদের শিক্ষা দপ্তর থেকে কি ধরনের ব্যবস্থা নেওয়া হচ্ছে?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় সদস্যকে মাননীয় স্পীকারের মাধ্যমে জানাচ্ছি যে, বিষয়টি খুব স্পর্শকাতর এবং এটা নিয়ে অন্তত স্কুল দপ্তরের ক্ষেত্রে আমরা ভাবনাচিন্তা করেছি। উচ্চশিক্ষার ক্ষেত্রে এটা ভাবার দরকার আছে বলে সত্যি মনে করিনি, মনে করিনি এই কারণে যে আমার নিজের ধারণা আপনি যদি আমায় কোন নির্দিষ্ট নমুনা দিতে পারেন তাহলে সুবিধা হবে। আমার নিজের ধারণা যে উচ্চশিক্ষার ক্ষেত্রে প্রতিবন্ধীদের ক্ষেত্রে চাকুরী পাওয়ার ক্ষেত্রে কোন বাধা নেই, তারা চাকুরী পান এবং চাকুরী করেন। কিন্তু নির্দিষ্ট যদি কোন নমুনা দেন একাধিক যে তারা প্রতিবন্ধী হওয়ার কারণে তাঁরা চাকুরী পাননি, তাহলে তখন এটা নিয়ে কোন পলিসি নেওয়া যেতে পারে। আমার যদি কিছু নমুনা দেন এবং সেটা একটি-দুটি হলে হবে না, নির্দিষ্ট করে তিনি কি প্রতিবন্ধী, নাকি তাঁর চাকুরীর ক্ষেত্রে, ডিগ্রির ক্ষেত্রে অসুবিধা আছে, সেইটা নিশ্চিত করা দরকার। অর্থাৎ প্রতিবন্ধী বলে চাকুরী পাচ্ছেন না এই রকম যদি ঘটনা ঘটে, আমি আপনাকে কথা দিচ্ছি,—সে রকম কোন নমুনা যদি আপনি আমাকে দেন তাহলে স্কুল শিক্ষার মতো উচ্চ শিক্ষাতেও আমরা একটা নির্দিষ্ট

পলিসি নিয়ে আসবো, অন্তত প্রতিবন্ধী হওয়ার কারণে চাকুরীর ক্ষেত্রে তাঁর প্রতিবন্ধকতা হবে না. এটা আমি আপনাকে বলতে পারি।

শ্রী আনিসুর রহমান : স্যার, আমি মাননীয় মন্ত্রীর কাছে একটা বিষয় জানতে চাই যে আমাদের রাজ্যে বেশ কয়েকটা কলেজ আছে কারোর বয়স দু বছর, কারোর বয়স তিন বছর, সেখানে আজ অবধি একটা রেগুলার টিচার দেওয়া হয়নি।

[11.20–11.30 a.m.]

সেখানে যা আছে সব গেস্ট লেকচারার। এরা বেগার পরিশ্রম করে কলেজ চালাচ্ছে দুবছর আড়াই বছর ধরে। সেখানে অনার্স চালু হয়ে গিয়েছে কিন্তু একটাও টিচার নেই। এখানে যারা গেস্ট লেকচারারের কাজ করছে তারা রেগুলার টিচারের মত দায়িত্ব পালন করছে। এদের জন্য কোন ভাবনা চিন্তা আপনার আছে কিনা এবং থাকলেও কি ব্যবস্থা নেওয়া হয়েছে সেটা বলার জন্য আমি অনুরোধ করছি।

শ্রী ব্রাত্য বসু : আমি মাননীয় স্পীকারের মাধ্যমে মাননীয় সদস্যকে জানাই, আপনি যদি খুঁটিয়ে বিরোধী দলনেতার প্রশ্নটি দেখতেন, তাহলে দেখতেন যে তার ঐ প্রশ্নের মধ্যেই আপনার এই প্রশ্নটি আগেই করেছেন, এক। এবং এই প্রশ্নের উত্তরে আমিও জানিয়েছি যে, আগামী ফেব্রুয়ারী মাস থেকে—আমাদের এই ইন্টারভিউ চলছে। আমরা এ্যালফাবেটিকালি এগোচ্ছি। উনি বলছেন যে, গেস্ট টিচারদের কি করে আমি একটা ফুলটাইম টিচার দিতে পারি কলেজে? আপনার প্রশ্নের উত্তরে আমি একটু আগেই বললাম যে, আমাদের ইন্টারভিউ পদ্ধতি চলছে। 'এস' শেষ হয়ে গেছে। 'এস' শেষ হয়ে যাওয়া মানে আমরা 'জেড' এ পৌঁছে যাব যেহেতু এ্যালফাবেটিকালি নিচ্ছি। আপনাকে বলেছি, ফেব্রুয়ারী মাস থেকে রিক্রুটমেন্ট শুরু হবে। যে মুহূর্তে রিক্রুটমেন্ট শুরু হবে আপনি যেটা বললেন, আপনার প্রশ্নের মধ্যেই কিন্তু আছে—আপনি নিশ্চয়ই মানছেন এ কথা যে, দীর্ঘদিন ধরে রিক্রুটমেন্টে নেই। এই রিক্রুটমেন্ট পদ্ধতি ফেব্রুয়ারী মাস থেকে আবার শুরু হচ্ছে। মাননীয় বিরোধী দলনেতার প্রশ্নের উত্তরে জানিয়েছি যে, এপ্রিলের মধ্যে রিক্রুটমেন্ট সম্পন্ন হবে। তারপর যদি কোন কলেজে এই রকম থাকে যে, সেখানে শুধুমাত্র একটা বা দুটো গেস্ট টিচার নিয়ে চলছে, আমার মনে হয় সেরকম থাকবে না। তা সত্ত্বেও যদি আপনি বলেন যে এপ্রিল মাসের পর দেখা যাচ্ছে যে, দেখুন ব্রাত্যবাবু এই জায়গায় এখনও গেস্ট টিচার আছে। আমি আপনাকে বলছি যে, এমন একটি কোন সিঙ্গল কলেজ থাকবে না পশ্চিমবঙ্গে যেখানে কেবলমাত্র গেস্ট টিচার থাকবে। এটা আমাদের নির্দিষ্ট নীতি এবং সেই নীতি আমরা ফলপ্রসু করবই। তার আগে যদি পদ্ধতি বলে, নিয়মানুযায়ী তারা ইন্টারভিউ পেয়ে যান তাহলে তারা ফুলটাইম হয়ে যাবেন। তবে তারা এই কলেজেই পাবেন তার কোন মানে নেই।

সংগঠিত প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদন

*৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৯) **শ্রী নির্মল ঘোষ :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের সংগঠিত প্রাথমিক বিদ্যালয়গুলির অনুমোদন/স্বীকৃতি দেওয়ার পরিকল্পনা বর্তমানে কোন্ পর্যায়ে আছে ; এবং

(খ) কতগুলি প্রাথমিক বিদ্যালয়কে ১লা অক্টোবর, ২০১১ থেকে ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ পর্যন্ত সময়ে অনুমোদন/স্বীকৃতি দেওয়া হয়েছে?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় সদস্যকে মাননীয় স্পীকার মহোদয়ের মাধ্যমে জানাচ্ছি, যে প্রশ্ন তিনি করেছিলেন—রাজ্যের সংগঠিত প্রাথমিক বিদ্যালয়গুলির অনুমোদন/স্বীকৃতি দেওয়ার পরিকল্পনা বর্তমানে কোন পর্যায়ে আছে এবং কতগুলি প্রাথমিক বিদ্যালয়কে ১লা অক্টোবর ২০১১ থেকে ৩০শে সেপ্টেম্বর ২০১৩ পর্যন্ত সময়ে অনুমোদন দেওয়া হয়েছে?

সেই দুটি প্রশ্নের উত্তরে জানাচ্ছি যে, ঐ অর্গানাইজ প্রাথমিক বিদ্যালয়গুলির অনুমোদন বা স্বীকৃতি দেওয়ার পরিকল্পনা আপাতত রাজ্য সরকারের নেই। এবং কতগুলি বিদ্যালয়কে দেওয়া হয়েছে? মোট ৩৬১টি নিউ সেট আপ প্রাথমিক বিদ্যালয়কে অনুমোদন বা স্বীকৃতি দেওয়া হয়েছে (সরকারী সাহায্যপ্রাপ্ত)। এছাড়া আরও ২৮০টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় এবং (সরকারী সাহায্য ব্যতীত) অস্থায়ীভাবে অনুমোদন দেওয়া হয়েছে।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় স্পীকার সাহেব, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন, মন্ত্রী মহাশয় আপনি জানেন যে, প্রাক্তন সরকার বিশেষ করে প্রাইমারি স্কুলগুলো থেকে ইংরাজীকে প্রাথমিক স্তর থেকে প্রত্যাহার করার পর, বেশিরভাগ প্রাইমারি স্কুল যেগুলি সরকারী ছিল তার প্রায় মোর দ্যান ফাইভ থাউজেন্ড মানে পাঁচ হাজারেরও বেশি, ৩৪ বছর প্লাস ৩৫ বছরে উঠে গিয়েছে। সেখানে আমাদের অনুরোধ ছিল শিক্ষা দপ্তরে যে, সংগঠিত প্রায় ৪৪৫, ৫০০-এর মত সংগঠিত স্কুল আছে। যাদের নিজেদের জমি, নিজেদের বিল্ডিং আছে এবং বহু কষ্ট করে তারা বিশেষ করে ওপার বাংলা থেকে আসা ছিন্নমূল উদ্বাস্তু তারা সেগুলি তৈরী করেছেন। আবার আপনি বলেছেন যে, আপাতত নেই কিন্তু যেহেতু সরকারী ভাবে আপনার সরকার, আমাদের সরকার ঘোষণা করেছেন যে, প্রাথমিক স্কুলগুলোকে ফিনানসিয়াল বা আর্থিক সাহায্য না দিয়েও তাদের স্বীকৃতি দেওয়া যায়। আমার বক্তব্য ছিল, আপনি আর্থিক সাহায্য কি ভাবে দেবেন, কখন দেবেন সেটা পরের কথা। কিন্তু আপনি যদি সরকারী ভাবে স্বীকৃতি দেন তাহলে দীর্ঘ ৩০ বছরের বেশি সময় ধরে তারা এই স্কুলগুলি রেখেছে। আপনি কি একটা টিম তৈরী করে, ইন্সপেকশান টিম তৈরী করে এই রাজ্যব্যাপী প্রায় ৫০০টি মত সংগঠিত স্কুল রয়েছে সে ব্যাপারে যদি একটু বিবেচনা করেন।

শ্রী ব্রাত্য বসু : মাননীয় স্পীকারের মাধ্যমে মাননীয় সদস্যকে জানাই, আপনি সারা রাজ্যে ৫০০ স্কুলের হিসাব দিলেন। আমি আপনাকে একটা পাল্টা হিসাব দিয়েছিলাম এর আগের প্রশ্নের উত্তরে। সেটা হচ্ছে যে, মোট নিউ সেট আপ স্কুল হয়েছে ৩৬১টি; আর প্রাইভেট এ্যাফিলিয়েশান দেওয়া হয়েছে প্রাথমিক বিদ্যালয় ২৮০টি। এটাও কিন্তু আপনি যে কষ্টের কথা বলছেন, সরকার অত্যন্ত কষ্টের মধ্য দিয়েই ৫০০-র বেশি স্কুলকেই দিয়েছে।

অর্থাৎ যখন একটা স্কুলের জায়গা থেকে সরকার এতভাবে চেষ্টা চালাচ্ছে যে, নিউ প্রাইমারি স্কুল কিভাবে করা যায়, নতুন নতুন স্কুল আরো কি করে স্থাপন করা যায়, নতুন নতুন আপগ্রেডেশান

কিভাবে করা যায়, নতুন রিক্রুইটমেন্ট কিভাবে করা যায়—সেখানে আমি জানি না, আপনি বলছেন, ৫০০-র উপর প্রাইমারি স্কুল, তাদের আর্থিক সাহায্য না দিলেও তাদের অনুমোদনটুকু দেওয়া। এখন এই অনুমোদনের বিষয়টি কি সেখানেই সম্পন্ন হবে, না পরবর্তী ক্ষেত্রে তার আর্থিক প্রশ্ন উঠবে। সেইটা আমার মনে হয় যে, ইন্সপেকশানের মধ্যে বিচারটাকে রাখা উচিত। বিচারটাকে এই কারণে রাখা উচিত যে, যখন কেউ একটা জায়গায় নিজের বিল্ডিং বা স্কুল আপনি করেছিলেন, তখন সরকারের কনকারেন্স না নিয়েই করেছিলেন। সরকারের মত না নিয়েই করেছিলেন। সরকারের সঙ্গে আলোচনা না করেই করেছিলেন। এখন আপনার মনে হচ্ছে যে, দীর্ঘদিন ধরে ৩০ বছর বা ৩৫ বছর পর মনে হচ্ছে যে স্কুলটাকে আপনি চালাতে পারছেন না এবং তখন এসে আপনি সরকারকে বলছেন যে, অনুমোদন দিন। অনুমোদন দেওয়াটা কি একমাত্র ধাপ? না এরপরেও আর কোনো ধাপ আছে? এবং সেই ধাপটা আমাদের রাজ্যের মতো যেখানে আর্থিক প্রতিবন্ধকতা আছে। তারমধ্যেও মাননীয়া মুখমন্ত্রী চেষ্টা চালাচ্ছেন যে এডুকেশানের ক্ষেত্রে, সর্বশিক্ষা থেকেও আমাদের আছে। সুতরাং আমরা সমভাবে বন্টন করছি। সেইখানে দাঁড়িয়ে এটা কতটা আমরা আওতার মধ্যে আনতে পারবো আমি জানি না। তবে হ্যাঁ, আপনি প্রথম পর্যায়টা আপনি বলেছেন, তারজন্য আমরা একটা কমিটি করতে পারি এবং আপনার দেও যে তথ্য, অর্থাৎ ৫০০ স্কুলের মধ্যে সেটা সীমাবদ্ধ আছে কিনা, নাকি সেটা ৫০০০, সেটা আমাদের খতিয়ে দেকতে হবে। দেখে, আমরা তারপরের ক্ষেত্রে মতামত জানালে আমার মনে হয় ভালো হবে।

শ্রী নির্মল ঘোষ : মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ, যে তিনি অন্তত ইন্সপেকশান করে এই সংগঠিত স্কুল সম্বন্ধে একটা বিবেচনার জন্য তিনি বলেছেন। অসুবিধাটা হচ্ছে এখানে স্যার, ননরেকগনাইজ্‌ড থেকে অন্য জায়গায় ভর্তি হতে গেলে তারা অসুবিধার মধ্যে পড়ে। আমার শেষ প্রশ্ন যে, এই আর্থিক বছরে আপনি আর কতগুলো স্কুলকে, যেগুলোকে আপনি সরকারি সাহায্য দেবেন এটা যদি একটু বলেন। অর্থাৎ ১৩-১৪ আর্থিক বছরে আপনি আর কতগুলো নতুন প্রাইমারি স্কুলকে আপনার আওতায় আনতে পারবেন?

শ্রী ব্রাত্য বসু : সময়সীমা আপনাকে বলেইছিলাম যে মার্চের মধ্যে আমরা ৫০০ স্কুল করবো। তারমধ্যে ৩৬১টা স্কুল হয়ে গেছে। আর বাকি যেটা আছে, আমরা আশা করছি সম্পূর্ণ যে লক্ষ্যমাত্রা ধার্য করেছিলাম তাতে আমরা পৌঁছতে পারবো বলে আমার অনুমান। তবে হ্যাঁ, তার কম বেশি হতে পারে সেটাও এরসঙ্গে জানিয়ে রাখা ভালো।

শ্রী প্রবোধ চন্দ্র সিন্‌হা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাইছি, আমরা প্রায়শই সংবাদ মাধ্যমে দেখছি যে, এই সংগঠিত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা তাদের চাকুরী স্থায়ীকরণের জন্য উচ্চতর আদালতে মামলা করছে—দীর্ঘদিন ধরে মামলা হচ্ছে। সম্প্রতি একটা সংবাদে দেখলাম যে, মামলায় তাদের পক্ষে—অনুকূলে রায় হয়েছে। এই ব্যাপরে যদি আপনি আলোকপাত করেন যেসব শিক্ষকরা এইভাবে মামলা করেছে তাদের সম্পর্কে উচ্চ আদালতে কি রায় হয়েছে এবং সেই সম্পর্কে আপনাদের কি পদক্ষেপ গ্রহণ করার বাসনা আছে?

শ্রী ব্রাত্য বসু : না, আমি যতদূর জানি সুপ্রীম কোর্টের রায় আমি কাগজে দেখেছি। তার কোনো কপি আমি এখনও পাইনি। সুপ্রীম কোর্ট যেটা জানিয়েছেন যে, এই অর্গানইজড্ টিচারদের ক্ষেত্রে তাদের কাগজপত্র খতিয়ে দেখা হোক, এবং তাদের যদি অভিজ্ঞতা থাকে একটা নির্দিষ্ট একটা বয়সের ফ্রেম দিয়ে দিচ্ছেন। সেই বয়সের মধ্যে যদি থাকেন তাহলে তারা চাকুরীতে আবার বসতে পারেন। কিন্তু দেখা যাচ্ছে যে, অধিকাংশ টিচারদের ক্ষেত্রেই, মানে এই রায়টা যেটা বেরিয়েছে সেটা প্রায় বলতে পারেন, পক্ষে আবার বিপক্ষে। মানে তাদের সুযোগ সুবিধা দিতে বলা হচ্ছে, এবার একটা বয়সসীমা বেঁধে দেওয়া হচ্ছে এবং তাদের বয়স এখন যেটা গিয়ে দাঁড়িয়েছে, দেখা যাচ্ছে যে তারা ওই বয়সের আওতার মধ্যে আসেন না। বয়স অনেক পেরিয়ে গেছে তাঁদের. ফলে আমার নিজের ধারণা ওই যেটা সংবাদ মাধ্যমে পড়ে মনে হয়েছে, কারণ, বলেছি আমি কপি পাইনি, যে এই রায়টার মধ্যে একধরনের tautology আছে। একধরনের বিরোধাভাস আছে। যে বিরোধাভাস একই সঙ্গে বলে যে, সুবিধা দাও এবং একই সঙ্গে বলে যে এই বয়সের মধ্যে দাও। হ্যাঁ, বয়সটা পেরিয়ে গেছে তাদের। ফলে আমার মনে হয় না যে, তাদের ক্ষেত্রে আলাদা, সত্যিই কোনো সুযোগ সুবিধা দেওয়া সম্ভবপর হবে বলে আমার মনে হয় না।

[11.30–11.40 a.m.]

শ্রী রঞ্জিত মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে একটি অতিরিক্ত প্রশ্ন করতে চাই, খুব সম্প্রতি প্রাথমিক শিক্ষকনিয়োগের ফল প্রকাশ হয়েছে। ১৭ লক্ষ ১২ হাজার পরীক্ষার্থী ছিল, পাস করেছে, উত্তীর্ণ হয়েছে ৮ হাজার ৭৯৩ জন। সংখ্যায় এটার পার্সেন্ট হচ্ছে ১.০৭ শতাংশ। আপনি বললেন ৩৬১টিতে প্রাথমিক বিদ্যালয় নিউ সেটআপ এর অনুমোদন দিয়েছেন। তাহলে ১৫ হাজার ৭৬৬ টি পোস্ট খালি আছে। এই জায়গাগুলি কি ভাবে পূরণ করবেন? তাহলে কি কোন গেস্ট টিচার নিয়োগের কোন পরিকল্পনা আছে, থাকলে এ সম্বন্ধে সরকারের ভাবনা চিন্তা কি, এই সম্বন্ধে কাইন্ডলি একটু জানাবেন।

শ্রী ব্রাত্য বসু : মাননীয় সদস্যকে মাননীয় স্পীকার মহোদয় আপনার মাধ্যমে জানাই, আপনি যেটা দেখেছেন, একই সঙ্গে যদি বাকিটাও উল্লেখ করতেন ভাল হোত। অর্থাৎ আমরা বলেছি যে, ১.০৭ শতাংশ পাস করেছে, তার মানে ১৭ হাজার সামথিং। আপনি যেটা বললেন, হিসাবটা সঠিক। এর সঙ্গে একটা অতিরিক্ত তথ্য দিয়ে রাখা ভাল যে কেন্দ্রীয় সরকার এন সি টি ই থেকে যে সর্বভারতীয় টেট পরীক্ষা নিয়েছে তার শতাংশ হচ্ছে ০.৭, পাস করেছে। এবং গত শনিবার এখানে এন সি টি ই একটি মিটিং করেছে, আমাদের সঙ্গে, রেজাল্ট বেরুনোর পরের দিন, এবং সেখানে তার বলছে যে, যেভাবে বিকেন্দ্রীকরণ থেকে তুলে নিয়েছে, কেন্দ্রীকরণ করে যেভাবে পরীক্ষাটা নেওয়া হয়েছে, এবং যেভাবে স্বচ্ছতার সঙ্গে পরীক্ষা করা হয়েছে এবং নিয়োগ করা হয়েছে, মানে রেজাল্ট বার করা হয়েছে সেটা অন্যান্য রাজ্যের ক্ষেত্রে আমরা পরবর্তী ক্ষেত্রে প্রয়োগ করবো। পশ্চিমবঙ্গ উইল বি ইনস্টান্স, ওয়েস্ট বেঙ্গল উইল বি ইনস্টান্স, নিদর্শন। দ্বিতীয়তঃ আপনি দেখবেন, ঐ যে গণ মাধ্যমের কথা আপনি বলছেন, সেখানে একই জিনিস উল্লেখ করা হয়, যে এখন অবধি ১৭ হাজার টেট পাস করেছেন, ৩৫ হাজার সিট ছিল, তার মানে ১৮ হাজার বাকি আছে। ১৮

হাজারের বাকির জন্যে আমরা এই আর্থিক বর্ষে, এই মার্চের মধ্যেই, পুনর্বার আমরা পরীক্ষা গ্রহণ করবো। ফলতঃ যেটা আপনি বলছেন, রিক্রুটমেন্ট এর যে সমস্যা, গেস্ট টিচার নিতে হবে কিনা, প্রথম কথা আপনাকে জানিয়ে রাখি, আপনি হয়ত জানেন, বেশ কিছু স্কুল এখনও গেস্ট টিচার নিয়ে চলে। এখন আমরা যে মুহূর্তে এই নিয়োগ প্রক্রিয়া ১৭ হাজারের কাউন্সিলিং করে আমরা করে ফেলতে পারব, সেই মুহূর্তে আপনি যে টিচার এর দৈন্য আছে বলছেন, দীর্ঘ-দীর্ঘ-দীর্ঘ-দিন ধরে, তার অনেকটাই আমরা অপনোদন করতে পারব, ঘুচিয়ে দিতে পারব। বাকিটা মার্চের মধ্যে যদি হয়ে যায় আমাদের, আমরা আশা করছি এই বছরের মধ্যে সমস্ত স্কুলে, সমস্ত টিচার আমরা দিয়ে দিতে পারব এবং আপনি তখন যে বলছেন, টিচার এবং ছাত্রের যে বৈষম্যর আনুপাতিক হারের সমস্যার কথা আপনি আসলে বলতে চেয়েছেন, সেই হারের আমার মনে হয় তার দূরীকরণ সম্পন্ন হবে।

শ্রী উদয়ন গুহ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন করতে, টেট-এর ফল বেরিয়েছে। আমি অন্য জেলার কথা জানিনা। আমার জেলা কুচবিহার, এই জেলাতে এই ফলাফল নিয়ে খানিকটা কেলেঙ্কারীর অভিযোগ এসেছে। আপনার কাছে এসেছে কিনা জানিনা। যেমন যারা কিছু প্রশ্নের উত্তর দিয়েছেন, যারা উত্তর দেওয়ার চেষ্টা করেছেন, তারা সবাই ফেল করেছেন আর যারা সাদা খাতা রেখে এসেছেন, তারা অনেকেই পাস করেছেন। এই ব্যাপারটা আপনার গোচরে এসেছে কিনা, এটা নিয়ে তদন্ত করবেন কিনা সেটা একটু জানাবেন। এটা আপনার গোচরে এসেছে কিনা এবং এটা নিয়ে কোন তদন্ত করবেন কিনা একটু জানাবেন।

মিঃ স্পীকার : এইটা হাইপোথিটিকাল প্রশ্ন করলেন আপনি। হাইপোথিটিকাল প্রশ্ন।

শ্রী ব্রাত্য বসু : মাননীয় সদস্য একটি প্রশ্ন করেছেন, আমি উত্তরটা দিতে চাই ওনাকে। সেটা হচ্ছে, এটা কি সত্যি যেটা মাননীয় স্পীকার মহোদয় বললেন সেটা একটু হাইপোথিটিকাল। কেননা, যদি কোন খাতার ক্ষেত্রে আপনার সংশয় থাকে, আপনি এখন জানেন, একটা খাতা দেখা পরীক্ষার ক্ষেত্রে, এটা শিক্ষা দপ্তরের দ্বারা তদন্তর কোন অপেক্ষা রাখে না। আপনার ক্ষেত্রে, যে পরীক্ষার্থীর ক্ষেত্রে একটা সংশয় আছে, তাকে বলবেন, একটা খুব ন্যূনতম, কম খরচে একটা আর টি আই করতে, সমস্ত খাতা আমি প্রাথমিক পর্ষদকে ইতিমধ্যেই বলেছি, যে পরীক্ষার্থী যে খাতা দেখতে চাইবেন, খাতা দেখাতে পর্ষদ বাধ্য। ফলে আপনার খাতার ক্ষেত্রে যদি আপনার মনে হয় যে কোন গণ্ডগোল আছে, সেইজন্য শিক্ষা দপ্তরের প্রয়োজন পড়ে না, যে কোন পরীক্ষার্থী তার খাতা দেখতে পারেন, তারপর যদি আপনার মনে হয় যে কোন সমস্যা থাকছে, সেটা পরে।

শ্রী সুনীল কুমার মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, ৬০% এ তো পাশ, কিন্তু কেউ ৫৯.৮৫% পেয়েছে। তাদের ক্ষেত্রে .৫ হলে তো প্লাস ওয়ান হয়, আমরা জানি যে .৫ পেলেই সে এ্যালাউ হয়ে যায়। এক্ষেত্রে আপনাদের দৃষ্টিভঙ্গিটা কি রকম, যে ৫৯.৮৫% পেয়েছে, তাদের ক্ষেত্রে কি রেজাল্ট, তারা কি পাশ করবে না ফেল করবে? কোনটাতে তাদের রাখা হবে?

শ্রী ব্রাত্য বসু : ৫৯.৮৫ মানে কিন্তু সেটা ৫৯.৮৫ই। সেটা ৬০ নয়। সেইরকম ডাইরেক্ট প্রশ্নের উত্তরে যা হতে পারে তাই-ই।

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে প্রশ্ন করতে চাইছি যে পরীক্ষার পাশের হার দেখেছি আমরা ওয়ান পয়েন্ট কিছু। এটা কি আপনি মনে করেন ৩৪ বছরে শিক্ষার হাল যেখানে পৌঁছে গিয়েছে তারই ফলাফল এটা?

(এই সময় মাননীয় সদস্য শ্রী আমজাদ হোসেন কিছু বলতে ওঠেন।)

শ্রী ব্রাত্য বসু : আমি আমজাদ হোসেনের সঙ্গে একমত যে ৩৪ বছরের ফলাফল—আমিও যেমন, আপনিও তো তেমন। এটা ঠিকই। আমি একটা কথা বলতে চাই, আমার মনে পড়ে যাচ্ছে, পুরোনো দিনে চেতন চৌহান ব্যাট করার সময় জাভেদ মিয়াদাঁদকে বলেছিলেন, 'আপনি গালাগাল দিচ্ছেন না কেন, গালাগাল না দিলে আমরা খেলতে পারি না।' ফলে আমার মনে হয় আপনি মাঝে মাঝে এগুলো বলতে থাকুন, তাহলে আমাদের বলার ক্ষেত্রে সুবিধা হবে।

দ্বিতীয় কথা, ৩৪ বছরের সত্যি পরিণাম কিনা আমি জানি না, কিন্তু এটা ঠিক যে অবস্থাটা আরো ভালো হওয়া উচিত। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী সেদিন যেটা বলেছেন, চেয়ার থাকলে চেয়ার চলে যায়, সরকার থাকলে সরকার চলে যায়, কিন্তু গণতন্ত্র সিস্টেমে এমন একটা সিস্টেম করা উচিত যেখানে শিক্ষার মত জায়গায়, স্বাস্থ্যের মত জায়গায়, আরো অন্যান্য ক্ষেত্রে যেখানে মানুষের জীবনধারণের একটা সভ্যতার প্রশ্ন দাঁড়িয়ে থাকে, সভ্যতার বিবর্তনের প্রশ্ন দাঁড়িয়ে থাকে সেখানে আমার মনে হয় কোনো সংকীর্ণ রাজনীতিকে প্রশ্রয় দেওয়া উচিত নয়। সেখানে দাঁড়িয়ে ১.০৭% পাশ করেছে। আমি চাইবো যে, আরো পাশের হার বাড়ুক। কিন্তু অবস্থাটা যদি এইরকম থাকে—কি করা যেতে পারে। আমার মনে হয় শিক্ষার মত জায়গায় আমাদের বুনিয়াদি শিক্ষা আরো শক্ত ভিতের ওপর দাঁড় করানো দরকার, আরো কঠোর ভিতের ওপর দাঁড় করানো দরকার, যেখানে একজন ছাত্র বা একজন ছাত্রী সে যখন দাঁড়াবে সে একইসঙ্গে মাটি এবং আকাশ দুটোই যাতে চিনতে শেখে। ধন্যবাদ।

বন্যায় ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩) **শ্রী তজমুল হোসেন :** বিপর্যয় ব্যবস্থাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপুর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমান আর্থিক বছরে রাজ্যে কয়েকটি জেলায় প্রবল বন্যা হয়েছে;

(খ) সত্যি হলে, উক্ত বন্যায় কতজনের মৃত্যু হয়েছে ;

(গ) উক্ত বন্যায় মৃত পরিবারগুলিকে কি পরিমাণ আর্থিক সাহায্য দেওয়া হয়েছে ; এবং

(ঘ) ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণের জন্য আর কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

শ্রী জাভেদ আহমেদ খান : মাননীয় স্যার, আপনার মাধ্যমে মাননীয় মেম্বার শ্রী তজমুল হোসেনের প্রশ্নগুলির উত্তর দিচ্ছি—

(ক) হ্যাঁ, উক্ত সময়ে রাজ্যে কয়েকটি জেলায় বন্যা হয়েছে। জেলাগুলি হল—হাওড়া, হুগলি, বর্ধমান, বীরভূম, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা।

(খ) উক্ত বন্যায় মৃত্যুর সংখ্যা মোট ২৩। হাওড়ায় একজন, বর্ধমানে পাঁচজন, বাঁকুড়ায় দুইজন, পশ্চিম মেদিনীপুরে পনেরো জন।

(গ) মৃত ব্যক্তিদের পরিবারবর্গকে পরিবারপিছু দু লক্ষ টাকা হিসাবে মোট ছেচল্লিশ লক্ষ টাকা দেওয়া হবে।

(ঘ) ক্ষতিপূরণের জন্য বিপর্যয় ব্যবস্থাপন বিভাগের পক্ষ থেকে বিশেষ ক্ষয়রাতির চাল এগারোশো মেট্রিক টন, ত্রিপল এক লক্ষ সাত হাজারটি, পোশাক ছেষট্টি হাজারটি, চিঁড়ে কুড়ি মেট্রিক টন, গুড় চার মেট্রিক টন, ত্রাণের জন্য আনুষঙ্গিক ব্যয় এক হাজার ছয়শো সত্তর লক্ষ টাকা, নয় হাজার ছয়শোটি বিপর্যয় মোকাবিলা সামগ্রীর কীট বিতরণ করা হয়েছে।

এ ছাড়াও প্রায় ষাট কোটি টাকা গৃহ নির্মাণ খাতে সহায়তা দেওয়া শুরু হয়েছে।

[11.40–11.50 a.m.]

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, উনি উত্তর দেওয়ার সময় বলেছেন হাওড়া, হুগলি, বর্ধমান, মেদিনীপুর ইত্যাদি জেলার কথা। আমি বার বার আপনাকে চিঠি দিয়ে বলেছি, আমার বিধানসভা কেন্দ্র মালদহ জেলার বিশেষ করে হরিশ্চন্দ্রপুর, রতুয়া এইসব এলাকায় যে বন্যা হয়েছে তার কোন উল্লেখ আপনার রিপোর্টের মধ্যে নেই। স্যার, আপনাকেও আমি চিঠি দিয়েছি এবং মাননীয় মন্ত্রিমহাশয়কেও চিঠি দিয়েছি, আমার বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত দক্ষিণ ভাকুরিয়া, উত্তর ভাকুরিয়া, রসিদপুর, কামাডোল, মহানন্দাটোলা, ভালুকা প্রত্যেকটা জায়গায় বন্যা হয়েছে। আপনি কি রকম সার্ভে করলেন, যে এখনও পর্য্যন্ত মালদহ জেলার নাম আপনার লিস্টের মধ্যে আসল না। আরেকটা কথা হচ্ছে, এই বন্যা বিধ্বস্ত এলাকায় পরিবারগুলোকে আপনি যে চাল দিচ্ছেন, সেই চাল খাওয়ার উপযুক্ত নয়। আর যে পোশাক দেওয়া হচ্ছে, সেই সমস্ত পোশাক একজন ভিক্ষুককে দিলেও সে নেবেনা। এই সমস্ত পোশাক কোন পরিবারকে দিলে তারা নিতে চাইছে না। আপনি বলেছেন ১১ হাজার মেট্রিক টন খাদ্যদ্রব্য এবং এত কাপড় দিয়েছেন। এই সমস্ত কাপড় কি পরার উপযুক্ত? এই ব্যাপারে আপনার বক্তব্য কি?

শ্রী জাভেদ আহমেদ খান : আগে গামছার মত শাড়ী দেওয়া হত, এখন যে শাড়ী দেওয়া হয় সেটা পরার মত অবস্থায় আছে এবং আগে যে শাড়ী দেওয়া হত তার থেকে কোয়ালিটিও অনেক ভালো। এই ব্যাপারে আপনার যদি কোন অভিযোগ থাকে তাহলে স্যাম্পেলের সঙ্গে সেটা পাঠিয়ে দেবেন আমরা খতিয়ে দেখব। আগের থেকে অনেক ভালো কোয়ালিটির শাড়ী বা পোশাক এখন দেওয়া হচ্ছে। আর মালদহ জেলার ব্যাপারে আপনি যেটা বলেছেন সেই ব্যাপারে আপনাকে আমি উত্তরটা পাঠিয়ে দেব সেখানে কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে। আর চালের ব্যাপারে এখনও পর্যন্ত কোন কমপ্লেইন আমাদের কাছে আসেনি। যদি কমপ্লেইন আসে তাহলে সেটা তদন্ত করা হবে।

আমরা ত্রাণের জন্য যেটা দিয়েছি সেটা আগের তুলনায় অনেক ভালো। আপনি শুধু বিরোধিতা করার জন্যই এইসব কথা বলছেন।

শ্রী তজমুল হোসেন : স্যার, মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি অনেক চিঠিও দিয়েছি এবং এই বিষয়ে আমি দীর্ঘ আলোচনাও করেছি। বাস্তব ঘটনার উপরে দাঁড়িয়েই আমি এইসব কথা বলছি। আমার বক্তব্য হচ্ছে আপনি যে সমস্ত জেলাকে বন্যা কবলিত জেলা হিসাবে বলছেন, সেখানে কোন কোন জেলায়, কোন কোন পরিবারকে আপনি চিহ্নিত করতে পেরেছেন? পাশাপাশি এই যে 'পিলিন' ঘূর্ণিঝড় হল, এই ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্তদের জন্য আপনি কি ব্যবস্থা করেছেন তা দয়া করে জানাবেন কি?

শ্রী জাভেদ আহমেদ খান : প্রথমেই তজমুল সাহেবকে বলি, উনি অনেকবার আমার কাছে এসেছেন জি. আইয়ের পয়সার জন্য। সবতো ওনাদের আমি দিতে পারিনা, সেইজন্য ওনার রাগ। সেইজন্য উনি এই বিষয়গুলো এখানে তুলছেন। কাপড় এবং চালের সম্বন্ধে উনি যে অভিযোগ করেছেন সেটা মাননীয় স্পীকারের কাছে জমা করার জন্য আমি বলব। উনি যেটা বলেছেন, হাওড়া জেলায় ১৫ তারিখ থেকে ২২ তারিখ পর্যন্ত যে বন্যা হয়েছিল, সেটার কারণটা হচ্ছে অতিবৃষ্টি এবং তার সঙ্গে ডি.ভি.সি যে জল ছেড়েছিল তারপর পিলিনের প্রভাবেও বেশ খানিকটা বৃষ্টি হয়েছিল। এতে হাওড়া জেলার উদয়নারায়ণপুর, আমতা-১, আমতা-২, সব মিলিয়ে প্রায় এক লক্ষ বাষট্টি হাজার তিনশো পয়ষট্টি জন এফেকটেড হয়েছিল এবং একজন মানুষ মারা গিয়েছিল। ১১২ টি ঘর পার্টলি ড্যামেজড হয়েছিল। আমার কাছে হুগলি এবং বর্ধমানের তথ্য আছে। আপনি চাইলে আপনাকে আমি পাঠিয়ে দেব। কেননা অনেক সময় লাগবে। আমার বীরভূমে আছে, মেদিনীপুরে আছে। তবে আপনার কাছে আমি কপিটা পাঠিয়ে দেব।

মিঃ স্পীকার : আপনি কপি পাঠিয়ে দেবেন।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন বিগত বন্যাতে বিপর্যস্ত ও ক্ষতিগ্রস্ত হয় বহু মানুষ এবং চাষী, সেই ক্ষতিগ্রস্ত চাষীদের আর্থিক সাহায্যের পরিমাণ কত ছিল এবং সেক্ষেত্রে বর্তমান সরকার কৃষি দফতর এবং আপনার দফতর যৌথভাবে কত আর্থিক সাহায্য করেছেন?

শ্রী জাভেদ আহমেদ খান : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে জানাই কত চাষীদের সাহায্য দেওয়া হয়েছে, সেই সংখ্যাটা আমি দফতর থেকে তৈরী করে আপনার কাছে পাঠিয়ে দেবো। আর কৃষি ক্ষেত্রে আমরা যেটা মিনি কীট হিসাবে ফান্ড রিলিজ করেছি এগ্রিকালচারের জন্য ৯ কোটি ৭২ লক্ষ টাকা জি.আর.এফ.ফান্ড থেকে দিয়েছি। ফিশারির জন্য দিয়েছি ৩৫ কোটি ৮৬ লক্ষ টাকা, পি.ডব্লু.ডি.-র রাস্তার জন্য ৭৮ কোটি ৬৩ লক্ষ টাকা, হাউস বিল্ডিং গ্রান্ট ৬০ কোটি টাকা, এক্সগ্রাসিয়া ৬ কোটি ১৪ লক্ষ টাকা, কনটিনজেন্সিতে খরচা হয়েছে ৯ কোটি ১২ লক্ষ টাকা।

শ্রী চাঁদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, এই রাজ্যে অনেক জেলাতেই বন্যা হয়েছে। তার মধ্যে মুর্শিদাবাদ জেলায় ভগবান

গোলা আমার বিধানসভা কেন্দ্র, সেখানে চরে বন্যাতে অনেক ঘর বাড়ি এবং ভিটে মাটি নষ্ট হয়েছে। সেইসব মানুষের জন্য, যারা ক্ষতিগ্রস্ত তাদের কোন পুনর্বাসের ব্যবস্থা করেছেন কিনা, তার সঙ্গে আর একটা বিষয় বলতে চাইছি, আপনি উত্তর দিয়েছেন, আগে যে কাপড় দেওয়া হতো সেটা গামছা, সত্যি। তার জন্য বিধানসভায় আন্দোলন হয়েছে, কাপড় ছোঁড়াছুড়ি হয়েছে। স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করছি যদি দিতেই হয় তাহলে একটু ভাল মানের কাপড়গুলো দিলে উপকার হবে। ধন্যবাদ।

শ্রী জাভেদ আহমেদ খান : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে বলি, উনাকে আমি কনগ্র্যাচুলেট করি উনি স্বীকার করেছেন যে আগে গামছা দেওয়া হতো, তার জন্য ধন্যবাদ জানাই। আমরা চেষ্টা করবো যাতে আরো ভাল মানের শাড়ী—কাপড় দেওয়া যায়, সেই ব্যবস্থা নিশ্চয় করবো। উনার সাজেশানটা আমি নিশ্চয় গ্রহণ করছি। আমাদের একটা এক্সপার্ট কমিটি আছে যারা কোয়ালিটি কন্ট্রোল করে তাদের কাছে বলে আমি নিশ্চয় চেষ্টা করবো যাতে আগামী বছর থেকে ভাল কাপড়ের ব্যবস্থা করা যায়।

তার সঙ্গে বলি, স্যার, যতগুলো ঘর পার্টলি এবং ফুললি ড্যামেজ হয়েছে, আমাদের কাছে যা তথ্য আসছে ডিস্ট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেশানের মাধ্যমে, সেক্ষেত্রে আমরা প্রত্যেকটা কাঁচা ঘর হোক, পাকা ঘর হোক, পার্টলি ড্যামেজ হোক বা ফুললি ড্যামেজ হোক সবার জন্য ব্যবস্থা করছি। প্রায় ৬০ কোটি টাকা এখনো পর্যন্ত হাউস বিল্ডিং গ্রান্টের জন্য রিলিজ করা হয়েছে।

শ্রী বাসুদেব খাঁ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার একটা অতিরিক্ত প্রশ্ন। হাওড়া, হুগলী, বর্ধমান, বীরভূম, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, উত্তর ও দক্ষিণ চব্বিশ পরগনায় যে বন্যা হয়েছে এই বন্যাটা কি ম্যান-মেড বন্যা ? আপনি কি উত্তর দেবেন ?

শ্রী জাভেদ আহমেদ খান : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে বলি, মাননীয় সদস্য প্রশ্ন তুলেছেন, এটা কিছুটা ম্যান-মেড, কিছুটা ন্যাচারাল হয়েছে। যেহেতু, আপনারা জানেন একটা নিম্নচাপ হয়েছিল এবং সেই নিম্ন চাপের মাধ্যমে ফিলিন বলে একটা সাইক্লোনিক স্ট্রম এসেছিল ওড়িষ্যা এবং আমাদের বাংলার বর্ডারে। সেই জায়গায়, কিছুটা তার প্রভাবে অনেক বেশী বর্ষা হওয়ার জন্য এবং ঝড়ের জন্য কিছুটা ক্ষতি হয়েছিল। কিন্তু বেশ কিছু জেলায় ডি.ভি.সি.-র জল ছাড়ার জন্য উইদাউট কোন নোটিস, এই জল ছাড়ার জন্যই সেই বন্যা হয়েছে এবং অনেক বেশী মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে।

দক্ষিণ ২৪ পরগনা জেলায় আপার প্রাইমারী স্কুল

*৪০। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৩) **শ্রী সমীর কুমার জানা :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে অক্টোবর, ২০১৩ সাপেক্ষে দক্ষিণ ২৪ পরগনা জেলায় কতগুলি আপার প্রাইমারী স্কুল অনুমোদিত হয়েছে ; এবং

(খ) উক্ত বিদ্যালয়গুলিতে স্থায়ী শিক্ষক নিয়োগের জন্য কী প্রকার ব্যবস্থা গৃহীত হয়েছে ?

[11.50–12.00 Noon]

শ্রী ব্রাত্য বসু : (লিখিত প্রশ্নের উত্তর)

(ক) ৩১শে অক্টোবর, ২০১৩ সাপেক্ষে দক্ষিণ ২৪ পরগনা জেলায় ২৯৬টি আপার প্রাইমারী স্কুল অনুমোদিত হয়েছে।

(খ) স্কুল সার্ভিস কমিশান মারফত শিক্ষক নিয়োগ করা হয়েছে। আপতকালীন ব্যবস্থা হিসাবে গেষ্ট টিচার নিয়োগের ব্যবস্থাও চালু আছে।

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয় যে উত্তর দিয়েছেন তাকে সাধুবাদ। আমার প্রথম সাপ্লিমেন্টারি, মা-মাটি-মানুষের সরকার আসার আগে দক্ষিণ ২৪ পরগনা জেলায় কতগুলি আপার প্রাইমারী স্কুল ছিল?

শ্রী ব্রাত্য বসু : আমি আপনাকে সার্বিক একটা হিসাব দিই প্রথমে। সেটা হচ্ছে, আমাদের সরকার প্রতিষ্ঠা হওয়ার আগে পর্যন্ত এ রাজ্যের নিউ সেটআপ আপার প্রাইমারী স্কুলের সংখ্যা ছিল ৩৯৫৯। আর দুই বছরের মধ্যে আমাদের সরকার কতটা প্রতিষ্ঠা করেছে?—তার সংখ্যা হচ্ছে ৯৬৮টি। অর্থাৎ স্বাধীনতা থেকে এর সংখ্যা ছিল ৩৯৫৯, এত বছর পর্যন্ত। আর এই দুই বছরে আমরা ৯৬৮টি করেছি। এটার মধ্যে আপনি আলাদা করে দক্ষিণ ২৪ পরগনার হিসাবটা চান, আমি সেটা আপনাকে দিয়ে দিতে পারি। আমার একটু সময় লাগবে।

শ্রী সমীর কুমার জানা : ধন্যবাদ স্যার, আমার দ্বিতীয় সাপ্লিমেন্টারি পাথরপ্রতিমা ব্লকে পূর্ব সুরেন্দ্রনাথের জে ব্লক, প্রস্তাবিত আপার প্রাইমারী স্কুলে এ পর্যন্ত বা ইতিমধ্যে অনুমোদিত হয়েছে কিনা? যদি না হয়ে থাকে কত দিনের মধ্যে অনুমোদিত হতে পারে?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় সদস্যকে জানাই পাথরপ্রতিমা ব্লকে এই যে পূর্ব সুরেন্দ্রনাথ-এ প্রস্তাবিত জে প্লটে জমি সংক্রান্ত কিছু জটিলতা আছে। এবার সেটার জন্য ডি.আই. জট কাটিয়ে, ডি.এম.-এর সঙ্গে কথা বলে স্কুল দপ্তর, সেটা নতুন করে অনুমোদনের প্রস্তাব আর.টি. সেলের কাছে কিছুদিন আগে পাঠিয়েছিল। আমরা আশা রাখছি খুব শীঘ্রই ওই সমস্ত জটিলতা কেটে গেছে, খুব শীঘ্রই এর অনুমোদনের ব্যবস্থা আমরা দিতে পারব।

শ্রী বিশ্বনাথ কারক : মাননীয় মন্ত্রীর কাছে আমার একটা অতিরিক্ত প্রশ্ন, প্রাথমিক স্তরে নিয়োগ করার জন্য যে পরীক্ষা নেওয়া হয়েছিল, এটা সম্পর্কে আপনারা অবগত আছেন যে, কিছু শিক্ষক নিয়োগের জন্য পরীক্ষায় দিতে যাচ্ছিলেন যানবাহনের অভাবে তারা সেন্টারে যেতে পারেননি। আবার যেখানে সেন্টার হয়েছে, সেখানে গিয়ে দেখেন সেখানে কোন পরীক্ষক ছিলেন না। সেখানে সরকারের পক্ষ থেকে বলা হয়েছিল যে, সেই সমস্ত পরীক্ষার্থীদের আবার নতুন করে পরীক্ষা নেওয়া হবে। অথচ রেজাল্ট ডিক্লীয়ার হয়ে গেলে। যারা পরীক্ষা দিতে পারেননি তাদের সম্পর্কে সরকার কি চিন্তা-ভাবনা করছে?

শ্রী ব্রাত্য বসু : যেদিনের একথা বললেন, সেদিনের বিকেল বেলা আপনি আমার যেটা প্রেস বিবৃতি সেটা যদি আপনি মিলিয়ে দেখেন—যে আমরা যাদের ক্ষেত্রে পরীক্ষা দিতে পারেননি

এই রকম ক্ষেত্রে এম.এম.-এর কাছে আমরা বলেছিলাম তালিকা চেয়ে পাঠাব। আমি সমস্ত ডি.এম.দের রিপোর্টি আপনাকে দিতে পারি। আপনি যেখানে বলছেন সেখানে এই ধরনের কোন সমস্যা নেই। অধিকাংশ ক্ষেত্রেই সবাই পরীক্ষা দিতে পেরেছে। ফলে আমরা এই বিষয়টি নিয়ে মাননীয় Learned A.G.র কাছে মতামত চাই এবং আদালতের কাছেও মতামত চাই। আদালত আমাদের জানাই, দ্বিতীয় বার এই নিয়ে পরীক্ষা নেওয়ার দরকার নেই। তাহলে কি হবে? এমন তো হতে পারে যে সরকারী হিসেব এবং বাস্তব হিসেব আপনি যেটা বলছেন সেটা আরও কোনও কোনও সদস্যের ক্ষেত্রে সত্য হতে পারে যে, কেউ কেউ পরীক্ষা দিতে পারেননি। আপনি লাস্ট রেজাল্ট বেরোনোর দিনে আপনি দেখবেন আমি ঘোষণা করেছি যে মাত্র ৫০ শতাংশ সিট, 50% সিট অকুপায়েড হয়েছে বাকি 50% সিট বাকি আছে।

সেই সঙ্গে এও ঘোষণা করেছি যে, এই আর্থিক বছরে আমরা বাকী ৫০ পারসেন্টের জন্য আবার পরীক্ষা নিচ্ছি। তাই আমরা তাদের বলব, সামান্য যে সংখ্যক পরীক্ষা দিতে পারেনি, তারা আবার পরীক্ষা দিন।

শ্রী শেখ আমজাদ হোসেন : থ্যাঙ্ক ইউ স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার প্রশ্ন—উনি শিক্ষক নিয়োগ করছেন। প্রাইমারী স্কুলগুলো কয়েক বছর পর থাকবে কি থাকবে না বোঝা যাচ্ছে না।

মিঃ স্পীকার : আপনার কোয়েশ্চনটা করুন।

শ্রী শেখ আমজাদ হোসেন : আমি কোয়েশ্চনটাই করছি স্যার। স্যার, উনি বলেছিলেন, ওনার খুব ভাল করেই মনে আছে, আমরা জানতাম 'সহজ পাঠ' প্রথম ভাগ, দ্বিতীয় ভাগ ছিল। উনি তৃতীয় ভাগ, চতুর্থ ভাগ লিখবেন বলেছিলেন। সেটা তো তুলেই দিলেন। কে লিখবেন তাও বলেননি। 'সহজ পাঠ'-টা ক্লাস ওয়ান এবং ক্লাস টু-এ বন্ধই হয়ে গেছে! মহাভারতের মত মোটা একটা বই এসেছে, যার নাম 'ওয়ার্ড বুক'/'শিক্ষণ সম্ভার'। সেটা স্যার আবার বাড়িতে নিয়ে যেতে পারবে না ছাত্র-ছাত্রীরা। সেই বইটা স্কুলে রেখে যেতে হবে। আর যারা প্রাইভেট স্কুলে পড়ছে, তারা সমস্ত বই পড়ছে। বাড়িতে নিয়ে যাচ্ছে, পড়ছে। এই রকম আমাদের যে সরকারী এবং আধা সরকারী প্রাইমারী স্কুলগুলো আছে, তাতে অভিভাবকরা উৎসাহ হারাচ্ছে। দিনের পর দিন ছাত্র-ছাত্রীর সংখ্যা কমছে। সেই জায়গা থেকে আবার একটা নতুন সংকট সৃষ্টি হয়েছে শিক্ষকদের ট্রেনিং নিয়ে। এই শিক্ষকদের ট্রেনিং পাণ্ডুয়া সার্কেল সমেত শুধু হুগলী জেলায়—এটা খুব গুরুত্বপূর্ণ বিষয়, ব্রাত্যবাবু শুনবেন—হুগলী জেলারটা শুধু আমি জানি, পাণ্ডুয়া সার্কেল সমেত ধনিয়াখালি, খানাকুল, পোলবার ছ'টা সার্কেলের মাস্টারমশাইদের যে এক বছরের ট্রেনিং 'ব্রিজ কোর্স', তার রেজিস্ট্রেশন আজ অবধি হয়নি। যাদের রেজিস্ট্রেশন এখনও হয়নি, প্রাইমারী বোর্ডের চেয়ারম্যান তিনি কিছু বলতে পারছেন না। তিনি বলছেন, স্টেট বোর্ডের চেয়ারম্যান বলবেন। তাহলে যাদের রেজিস্ট্রেশন এখনও হয় নি, তাদের রেজিস্ট্রেশন আদৌ এই সেসনে হবে কিনা, এই সেসনে তারা তাদের ট্রেনিংয়ের পরীক্ষায় বসতে পারবে কিনা, এই উত্তরটা যদি আপনি অনুগ্রহ করে দেন তাহলে ভাল হয়।

শ্রী ব্রাত্য বসু : মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় সদস্যকে জানাই আপনি ধান ভাঙ্গতে

শিবের গীতের মত 'সহজ পাঠ'-এর প্রসঙ্গ টেনেছেন। 'সহজ পাঠ'-এর প্রসঙ্গে আপনি জানেন না আমার সঙ্গে আপনাদের মাননীয় বিরোধী দলনেতার কথা হয়েছে। আপনি যেটা বলছেন আমি লিখব তৃতীয় ভাগ এবং চতুর্থ ভাগ, আপনার অবগতির জন্য জানাই এটা আমার লেখার দরকার নেই, বিশ্বভারতীর তৃতীয় ভাগ এবং চতুর্থ ভাগ আছে। আমি মাননীয় বিরোধী দলনেতাকে বইটা দিয়েও ছিলাম। আপনি ওনাকে এ সম্বন্ধে জিজ্ঞাসা করতে পারেন। তৃতীয় ভাগ এবং চতুর্থ ভাগ আছে। আপনি যদি অনুগ্রহ করে এই বই দুটো আনিয়ে নেন, আনিয়ে নিয়ে যদি একটু দেখেন, তাহলে ভাল হয়। আরও আপনার অবগতির জন্য জানাই, আমি জানি না আপনি স্কুল শিক্ষক কিনা, আপনি যে স্কুলে যান না সেটা বোঝা যাচ্ছে।

........(নয়েজ)........

প্রথম যে বইটা, তার সঙ্গে 'সহজ পাঠ' প্রথম ভাগ আবশ্যিক। ওই যে মোটা বইটার কথা আপনি বলছেন,................

........(নয়েজ)........

আমার বাক্যটা একটু দয়া করে শুনুন। আপনি যে মোটা বইটা বলছেন তার সঙ্গে আমাদের স্কুল সিলেবাসের এক্সপার্ট কমিটি নির্দিষ্ট করেছে যে, বইটার সঙ্গে সঙ্গে যে বইটি বাধ্যতামূলক করতেই হবে, তার নাম হচ্ছে 'সহজ পাঠ' প্রথম ভাগ। আপনি যদি অনুগ্রহ করে এই একটি বই দেখেন, আর একটি বই এক চক্ষু হরিণের মত অন্ধ হয়ে থাকেন, তাহলে আপনার সেটা চোখের প্রবলেম বা আপনার জানার প্রবলেম। সেটা আপনি জানেন না। দ্বিতীয়তঃ ট্রেনিং নিয়ে আপনি যেটা বলবেন, প্রত্যেকটি স্কুলে আপনি যদি আমায় বলতে পারেন যে আপনি এটা জানতেনই না যে 'সহজ পাঠ' প্রথম ভাগ আছে। আপনি তো জানেনই না। আপনি তো জানেনই না যে 'সহজ পাঠ' প্রথম ভাগ আছে। আপনি তো জানতেনই না।

........(নয়েজ)........

মিঃ স্পীকার :- মাননীয় সদস্যের কথার উত্তর দেওয়ার দরকার নেই। মাননীয় সদস্য যা প্রশ্ন করেছেন, তার উত্তর দিন।

শ্রী ব্রাত্য বসু :- আপনি আগে স্বীকার করুন এটা জানতেন না আপনি। আপনি আগে এটা স্বীকার করুন যে আপনি এটা জনতেন না। আপনি ফার্স্ট স্বীকার করুন আপনি অর্ধ জানেন।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী , আপনি বিতর্কে জড়াবেন না। মাননীয় সদস্যের প্রশ্নের উত্তর দিন।

শ্রী ব্রাত্য বসু : আপনি বলেছেন স্কুলে পৌঁছায়নি, তারপর কোন্ স্কুলে এই বইটা পৌঁছায় নি সেটা আমি দেখব। আপনি ফার্স্টে স্বীকার করুন যে এটা আপনি জানতেন না। এটা আপনি জানতেন না আপনি স্বীকার করুন। তারপর যদি কোন স্কুলে 'সহজ পাঠ' না পৌঁছায়, সেটা আপনি বলুন যে ওমুক স্কুলে 'সহজ পাঠ' পৌঁছায়নি, সেটা অন্য কথা। ''না, আমি জানতাম না একটা বই

আছে, আমি স্কুলে যাই না, জানি না স্যার,"-এটা বলুন ফার্স্ট। দ্বিতীয়তঃ যে প্রশ্নটা আপনি বললেন, ট্রেনিংয়ের ক্ষেত্রে খানাকুল থেকে পোলবা পর্যন্ত একটা নির্দিষ্ট অঞ্চল কোন শিক্ষকদের ট্রেনিংয়ের ব্যবস্থা হচ্ছে না, সেটা আমাকে.....

........(ভয়েস :- শিক্ষকদের ট্রেনিংয়ের ব্যবস্থা হচ্ছে না, এই কথাটা বলিনি। আমি বলতে চাইছি ছ-টি স্কুলে রেজিস্ট্রেশন হয়নি।)

প্রথম কথা হচ্ছে যে, আপনাকে দেখতে হবে এটা আপনি সম্ভবতঃ সেকেণ্ডারী টিচারদের কথা বলছেন।

........(নয়েজ)........

প্রাইমারি টিচারদের কথা বলছেন। যদি এ রকম নির্দিষ্ট ভাবে কোন টিচারের জন্যে .... এমনি বলে তো লাভ নেই। তার মানে ঐ টিচারের একটা স্কুল আছে। সেই স্কুলের একটা নাম্বার আছে। প্রশ্নের উত্তর দিতে দিচ্ছে না, স্যার। এ বড় অধৈর্য্য!

........(নয়েজ)........

মি: স্পীকার : না, আপনি উত্তর দিন। আপনি ওনার সঙ্গে বিতর্কে যাবেন না। প্লীজ আপনি বসুন, উত্তর দিচ্ছেন তো আপনি। আপনি বসুন না। আপনি প্লীজ বসুন না। আপনি উত্তর দিন, আপনি উত্তর দিন। আপনি ওনার কথার জবাব দেবেন না। আপনি আপনার উত্তরটা দিয়ে যান। সেটাই রেকর্ড হবে।

........(নয়েজ)........

শ্রী ব্রাত্য বসু : নিজের স্কুলের নাম জানে না, সে অন্য স্কুলের কি করে বলবে, সেটা না। আমি যেটা বলছি যে, যদি আপনি নির্দিষ্ট করে বলেন যে, অমুক স্কুলে অমুক ট্রেনিং হয়নি। আপনি আমায় লিখিত দিন না। দেওয়ার পর আমি বলব, কোথায় কোথায় ইন্সটিটিউশন হয়নি বা ট্রেনিং-এর ব্যবস্থা ছিল, খোঁজ নিয়ে দেখব। ..... (নয়েজ)..... আরে, আপনি লিখিত দিন না। স্কুলের নামগুলো দিন।

মি: স্পীকার : আপনি নোটিশ দেবেন, উনি উত্তর দিয়ে দেবেন।

শ্রী ব্রাত্য বসু : আপনি লিখিত আকারে দিন।

ডা: সূর্য্যকান্ত মিশ্র : স্যার, point of explalnation মানে যেহেতু মাননীয় মন্ত্রী আমার কথা বলেছেন। আমাকে উনি বই পাঠিয়েছেন, ঠিকই পাঠিয়েছেন। বিতর্কটা এই নয়, সহজপাঠ-প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, ... (নয়েজ)... বলছি, আরে বাবা আমাকে বলতে দিন, আপনি আমার নাম বলেছেন। আমি বলছি যে, আমি যেটা বলেছিলাম যে, রবীন্দ্রনাথের সহজপাঠ যেটা নিয়ে পশ্চিমবাংলায় বহু বিতর্ক হয়েছে, এই রবীন্দ্রনাথের সহজ পাঠ বলতে দু'টি বোঝায়—প্রথম এবং দ্বিতীয় আর তৃতীয় ও চতুর্থ বিশ্বভারতীয় প্রকাশনা আছে, রবীন্দ্রনাথের সময়কালের নয়। এইটাই আমি বলতে চেয়েছিলাম। তো উনি যেটা পাঠালেন তাতে আর কি হ'ল?

দু'টি রবীন্দ্রনাথের সহজপাঠ নয়, এটাই আমি ওনাকে বলেছিলাম - সঙ্গে সঙ্গে বলেছিলাম। যাইহোক, আপনি পাঠিয়েছিলেন বলে সেই জন্য আমার একটা ক্লারিফিকেশন দেওয়া দরকার ছিল।

Starred questions
(to which answers were laid on the Table)

নদী দূষণ রোধ

*৪১। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৭) শ্রী অসিত মিত্র : পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

নদী দূষণ রোধে রাজ্য সরকারের পক্ষ থেকে ১লা এপ্রিল, ২০১১ থেকে ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ পর্যন্ত সময়ে কী কী ব্যবস্থা নেওয়া হয়েছে/হচ্ছে?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

নদী দূষণ রোধে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ নিম্নলিখিত পদক্ষেপ নিয়েছে।

● পশ্চিমবঙ্গ রাজ্যের প্রধান নদী হচ্ছে- হুগলী, গঙ্গা, ইছামতী, বিদ্যাধরী, চূর্ণী, জলঙ্গী মাথাভাঙ্গা, দামোদর, বরাকর, দারোকা, ময়ূরাক্ষী, দ্বারোকেশ্বর, শীলাবতী, কাঁসাই, রূপনারায়ণ, সুবর্ণরেখা, মহানন্দা, তিস্তা, তোর্সা, করোলা, কালজানি ইত্যাদি।

● পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ নিয়মিতভাবে উক্ত নদীগুলির জলের গুণমান করে থাকে। (National Water Monitoring Programme (NWMP) 'র অন্তর্গত পর্ষদ উক্ত নদীগুলির জলের গুণমান—হুগলী নদীর ধারে ১১ টি স্থানে, দামোদর নদীর ধারে ৪টি স্থানে, রূপনারায়ণ নদীর ধারে ২টি স্থানে, দারোকা নদীর ধারে ২টি স্থানে বরাকর নদীর ধারে ১টি স্থানে জলের গুণমান নিরীক্ষণ করে থাকে। এছাড়া, পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ নদীর জলের Physico-chemical and bacteriological parameters মাপে। যেমন - pH, Total Suspended Solids (TSS), Biochemical Oxygen Demand (BOD), Chemical Oxygen Demand (COD) Ammonia, Nitrate, Total Kjeldahl Nitrogen (TKN), Total Coliform (TC) Bacteria, Fecal Coliform (FC) bacteria ইত্যাদি।

● Toxic heavy metal concentrations যেমন-Copper, Arsenic, Zinc, lead, cadmium, Mercury ইত্যাদি এবং বিভিন্ন Micro pollutants যেমন-pesticides ও বিভিন্ন সময়ে মাপা হয়। এ সকল তথ্য নিয়মিতভাবে পর্ষদের ওয়েবসাইটে দেওয়া হয়। এছাড়া পর্ষদের তরফ থেকে জেলা আধিকারিকদের করোলা নদী উজ্জীবিত করার জন্য প্রযুক্তিগত সহায়তা প্রদান করা হয়েছে।

● পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ National River Conservation Plan -এর অন্তর্গত ৩১টি কারখানাকে চিহ্নিত করেছে। এই সকল কারখানা থেকে নির্গত দূষিত জলের

পরিশোধনের জন্য কারখানাগুলিকে Effluent Treatment Plant (ETP) বসাতে বাধ্য করা হয়েছে। এই সকল কারখানাগুলিকে নিয়মিতভাবে নিরীক্ষণ করে রিপোর্ট কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ (CPCB) এর কাছে পাঠানো হয়।

● এই ৩১টি কারখানা ছাড়াও পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ নিয়মিতভাবে অন্যান্য জলদূষণকারী কারখানাগুলিকে নিরীক্ষণ করে থাকে।

● যে সকল কারখানা থেকে নির্গত দূষিত জলের গুণমান মাত্রাতিরিক্ত, যে সকল কারখানার বিরুদ্ধে দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ নিয়মিতভাবে Regulatory Action নিয়ে থাকে, যেমন—বন্ধ করা, ব্যাঙ্ক-গ্যারান্টি বা পলিউশন কস্ট ধার্য্য করা ইত্যাদি। এ সমস্ত সকল তথ্য নিয়মিতভাবে পর্ষদের ওয়েবসাইটে দেওয়া হয়। এপ্রিল ২০১১—সেপ্টেম্বর ২০১৩ পর্য্যন্ত NRCP -এর অন্তর্গত যে সকল কারখানার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে তার তালিকা "অতিরিক্ত বিষয়-ক" হিসেবে সংযোজন করা হল।

● পশ্চিমবঙ্গে Ganga Action Plan-এ প্রথম ও দ্বিতীয় পর্যায়ের অন্তর্গত ২৩টি Sewage Treatment Plants (STP) বিভিন্ন জায়গায় তৈরী হয়েছে। এই সকল STP-র তালিকা "অতিরিক্ত বিষয়-খ" হিসেবে সংযোজন করা হল। এই রাজ্যে STP সংক্রান্ত সমন্বয়ে National Ganga River Basin Authority (NGRBA), State River Conservation Authority '-র মাধ্যমে হয়। এই প্রকল্পগুলি রাজ্য সরকারের Department of Urban Development, Government of West Bengal and KMDA চালনা করে থাকে। MOEF-এর দ্বারা সংশ্লিষ্ট বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়, কল্যাণী, নদীয়া বেশীরভাগ STP দক্ষতা নিরীক্ষণ করে থাকে।

● মূর্তি বিসর্জনের জন্যে নদীতে যে দূষণ হয় তা রোধ করার জন্যে Hon'ble High Court -এর নির্দেশ অনুযায়ী স্থানীয় পুলিশ ও মিউনিসিপ্যালিটির তরফ থেকে পরিষ্কারের কাজ হয়ে থাকে এবং পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ-এর তরফ থেকে নিরীক্ষণ করা হয়।

"অতিরিক্ত বিষয়-ক"

Action taken against the Industries under NRCD Programme for the period from 1st April 2011 to 30th September 2013

Sl. No.	Name & Address of the Industry	Date of hearing	Action taken	Date of order
1.	AB Mauri India Pvt.Ltd [Kalyani East], Chandmari More, Gayeshpur, Kalyani, Nadia-741 235	09/03/2011	Pollution Cost of Rs. 2.00 lakhs and a Bank Guarantee of Rs. 2.00 lakhs were imposed.	26/05/2011
		20/09/2013	Bank Guarantee of Rs. 5.00 lakhs was imposed.	22/10/2013

Sl. No.	Name & Address of the Industry	Date of hearing	Action taken	Date of order
2.	Dankuni Coal Complex, Coal India Ltd. Dankuni	09/09/2011	Bank Guarantee of Rs. 30.00 lakhs was imposed.	02/11/2011
3.	Durgapur Steel Plant (SAIL) ; P.O Durgapur. Pin-713203	30/08/2011	Bank Guarantee of Rs. 1.00 crore was imposed	04/11/2011
4.	Hindustan Coca Cola Beverages (P) Ltd.; Raninagar Industrial Growth Centre, P.O. Mouza Patkata, P.S. Jalpaiguri-735 101	25/02/2011	Pollution Cost of Rs. 5.00 lakhs and a Bank Guarantee of Rs. 5.00 lakhs were imposed.	02/05/2011
5.	ISP (SAIL), Burnpur Works-IISCO; Burnpur, Pin-713325	16/11/2011	Pollution Cost of Rs. 5.00 lakhs and a Bank Guarantee of Rs. 5.00 lakhs were imposed.	06/01/2012
6.	Khaitan India Ltd.; Khaitan Nagar, Piassy, Nadia, West Bengal	—	Bank Guarantee of Rs. 2.00 lakhs was imposed.	21/06/2013
7.	Mother Dairy Calcutta; P.O. Dankuni Coal Complex, Pin-712310	25/02/2011	Pollution Cost of Rs 1.00 lakhs was imposed.	25/04/2011
8.	SWAL Corporation Ltd. (United Phosphorus Ltd) P.O. & P.S Durgachak, Pin-721602	27/01/2011	Pollution Cost of Rs. 2.00 lakhs and a Bank Guarantee of Rs. 5.00 lakhs were imposed.	23/05/2011
9.	M/s. Indian Oil Corporation Ltd. Haldia Refinery, P.O. Haldia Oil Refinery, P.S.-Haldia, Dist-Purba Medinipur, Pin-721 606	09/02/2012	Bank Guarantee of Rs. 20.00 lakhs was imposed.	27/03/2012
10.	The Durgapur Projects Ltd.; P.O. Durgapur, Pin 713201	26/06/2012	Pollution Cost of Rs. 5.00 lakhs and a Bank Guarantee of Rs. 5.00 lakhs were imposed.	30/07/2012

"অতিরিক্ত বিষয়-খ"

Status of Municipal Sewage Treatment Plants (STPs) in West Bengal

Sl. No.	*Name of the Municipality*	*Installed Capacity of STP in MLD*
1.	Asansol	13.17 MLD
2.	Baidyabati	6 MLD
3.	Bansberia	0·3 MLD
4.	Barrackpore	1·0 MLD
5.	Berhampur Municipality	3·7 MLD
6.	Bhadreswar	7·6 MLD
7.	Bhatpara	STP-I : 8·5 MLD and STP-II : 10 MLD
8.	Budge Budge	4·25 MLD
9.	Chandannagor Municipal Corporation	18.16 MLD
10.	Garulia	7·9 MLD
11.	Howrah Municipal Corporation	STP-I : 45 MLD and STP-II : 30 MLD
12.	Jiagunj Ajimgunj	1·39 MLD
13.	Kalyani	STP-I : 6·0 MLD and STP-II : 11·0 MLD
14.	Kamarhati & Baranagar	40 MLD
15.	Kanchrapara, Halisahar & Gayeshpur	STP-I : 6·5 MLD and STP-II : 6·0 MLD
16.	Katwa	2·3 MLD
17.	Khardah	3 MLD
18.	Kolkata Municipal Corporation	STP-I : 47·5 MLD ; STP-II : 45 MLD and STP-III : 45 MLD
19.	Mahestala	3·928 MLD
20.	Nabadwip	10 MLD

Sl. No.	*Name of the Municipality*	*Installed Capacity of STP in MLD*
21.	Naihati	STP-I : 11·56 MLD STP-II : 6·45
22.	North Barrackpore	4·35 MLD
23.	Panihati	12 MLD
24.	Serampore	18·90 MLD
25.	Titagarh	STP-I : 9·0 MLD and STP-II : 23·0 MLD
26.	Uttarpara-Kotrung & Konnagar	22 MLD

সংযোজনী 'গ'

পরিকল্পনা কার্য্যক্রম	যে সংস্থার অধীনে কার্য্যক্রম	বরাদ্দ অর্থ (কোটিতে)	সংশোধিত বরাদ্দ (কোটিতে)	কাজের অবস্থা
দীঘায় পয়ঃপ্রণালী সংস্কার	পি.এইচ.ই.ডি	২৯.৮৩	৩৭.৫৮	সংস্কার কাজের জন্য ৫০০ মিটার পাইপ বসানোর কাজ সমাপ্ত হয়েছে।
নিকাশী ব্যবস্থার উন্নতি এবং ফাইটোরেমেডিয়েশন	ডি.এস.ডি.এ	১৪.৯৪	৪১.৭১	৭.৫ কিমি নিকাশি নালার নির্মাণ সমাপ্ত।
সমুদ্রসৈকত পরিচ্ছন্নকরণ এবং পয়ঃপ্রণালীর ব্যবস্থ্যকরণ। সমুদ্র সৈকতের সৌন্দর্য্যায়ন এবং আলোকসজ্জা	ডি.এস.ডি.এ	৪০.৯৩	৮৫.০০	১০.৩৬ কোটি টাকা মূল্যের হকার পুনর্বাসন প্রকল্পের চয়ন পদ্ধতি অন্তিম পর্যায়ে আছে। এ ছাড়া ৩৩.৭৪ কোটি টাকা মূল্যের হকার পুর্নবাসন প্রকল্পটির চয়ন পদ্ধতি চালু আছে
কঠিন বর্জ্য ব্যবস্থাপনা	ডি.এস.ডি.এ	৯.২২	৯.৮৫	এই প্রকল্পটির চয়ন পদ্ধতি কিছুদিনের মধ্যেই শুরু হবে। প্রকল্প
পূর্ব মেদিনীপুরের সমুদ্রতট রক্ষণাবেক্ষণের জন্য বনসৃজন	বন দপ্তর			এই ব্যাপারে সাতটি কমিউনিটি কনট্রাক্টারের সঙ্গে ১.২২ কোটি টাকার চুক্তি হয়েছে। বনসৃজন প্রকল্প শুরু হয়েছে।

কিষাণ ক্রেডিট কার্ড

*৪২।(অনুমোদিত প্রশ্ন নং *২৮৮) শ্রী শীলভদ্র দত্ত : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৩-২০১৪ অর্থবর্ষে রাজ্যে মোট কিষাণ ক্রেডিট কার্ড প্রদানের লক্ষ্যমাত্রা কত ধরা হয়েছে ; এবং

(খ) ১লা এপ্রিল, ২০১৩ থেকে ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ পর্যন্ত সময়ে কত সংখ্যক ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে কিষাণ ক্রেডিট কার্ড প্রদান করা হয়েছে?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১৩-১৪ অর্থবর্ষে রাজ্যে মোট কিষাণ ক্রেডিট কার্ড প্রদানের লক্ষ্যমাত্রা ১২.০০ লক্ষ ধরা হয়েছে। এই লক্ষ্যমাত্রা ধার্য করেছে রাজ্যের স্টেট লেভেল ব্যাঙ্কার্স কমিটি (এস.এল.বি.সি)।

(খ) ১লা এপ্রিল, ২০১০ থেকে ৩০শে জুন অবধি ৭৪,৯৮৪ জন কৃষককে কিষাণ ক্রেডিট কার্ড প্রদান করা হয়েছে। ১লা জুলাই থেকে ৩০শে সেপ্টেম্বর অবধি তথ্য এখনও এস.এল.বি.সি. প্রকাশিত করেনি।

পানাগড় সিলামপুর রোড ওভারব্রীজ নির্মাণ

*৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *২০০) শ্রী সুনীল কুমার মণ্ডল : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পানাগড় হতে সিলামপুর রোডে রেললাইনের উপর ওভারব্রীজ নির্মাণের একটি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে : এবং

(খ) সত্যি হলে, তার রূপরেখা কীরূপ ?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

প্রাকৃতিক বিপর্যয়জনিত ক্ষয়ক্ষতির পরিমাণ

*৪৪।(অনুমোদিত প্রশ্ন নং *৩৩১) শ্রী কল্লোল খাঁ : বিপর্যয় ব্যবস্থাপন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা এপ্রিল , ২০১৩ থেকে ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ পর্যন্ত রাজ্যে প্রাকৃতিক বিপর্যয়জনিত ক্ষয়ক্ষতির আর্থিক পরিমাণ কত ;

(খ) উক্ত বিপর্যয়ের ক্ষতিগ্রস্ত শস্যের আর্থিক মূল্য কত ; এবং

(গ) মৃত মানুষের সংখ্যা কত (জেলাওয়াড়ী তথ্যসহ)?

বিপর্যয় ব্যবস্থাপন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) উক্ত সময়ে রাজ্যে প্রাকৃতিক বিপর্যয় জনিত ক্ষয়ক্ষতির পরিমাণ প্রায় ২৯৬৬৩.৪২ লক্ষ টাকা।

(খ) উক্ত বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত শস্যের আর্থিক মূল্য মূল্য প্রায় ৯১৫০.০০ লক্ষ টাকা।

মৃত মানুষের সংখ্যা মোট ৩০৭ জন। (জলপাইগুড়ি-৬, দার্জিলিং-৯, উত্তর-দিনাজপুর-১৯, মালদা -২২, মুর্শিদাবাদ -২৯, নদীয়া -৫, উঃ ২৪ পরগনা- ১৬, দঃ ২৪পরগনা -৭ হাওড়া-৫, হুগলী -২২, বর্ধমান -১২, বীরভূম -৪০ বাঁকুড়া -৩৪, পুরুলিয়া -৬, পঃ মেদিনীপুর-৪৯, পূঃ মেদিনিপুর-১৩)।

নতুন অগ্নিনির্বাপণ কেন্দ্র স্থাপন

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩০২) শ্রী শাহাজাহান চৌধুরী : অগ্নিনির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্ধমান জেলায় একটি নতুন অগ্নিনির্বাপণ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা আছে ;

(খ) সত্যি হলে, কোন্ ব্লকে তা স্থাপন করা হবে ; এবং

(গ) মঙ্গলকোট ব্লকে নতুন অগ্নিনির্বাপণ কেন্দ্র স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি?

অগ্নিনির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, এটা সত্যি যে বর্ধমান জেলায় একটি নতুন অগ্নি নির্বাপণ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা আছে।

(খ) মেমারী পৌরসভা ও থানার অন্তর্গত মেমারী মৌজায় ০.৪০ একর জমি চিহ্নিত করা হয়েছে। জমি হস্তান্তরের প্রক্রিয়া অনেকদূর এগিয়েছে। ঐ প্রক্রিয়া শেষ হলেই নতুন দমকল কেন্দ্র স্থাপন করা হবে।

(গ) এখনও পর্যন্ত এ ব্যাপারে কোন প্রস্তাব বা সিদ্ধান্ত হয়নি।

ডায়মন্ডহারবার মহিলা বিশ্ববিদ্যালয়

*৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৪) শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ডায়মন্ডহারবার মহিলা বিশ্ববিদ্যালয়টি কবে নাগাদ চালু করা হবে ; এবং

(খ) ২০১৩-১৪ আর্থিক বছরে ঐ বিশ্ববিদ্যালয়ের জন্য কত পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) আগামি শিক্ষাবর্ষ (২০১৪-১৫) থেকে বিশ্ববিদ্যালয়ে পঠন পাঠন শুরু হবে।

(খ) ২০১৩-১৪ আর্থিক বছরে ডায়মন্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয়ের ভবন নির্মাণের জন্য ৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে এবং বেতন বাবদ ১০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

এছাড়াও আগামী দিনে রোজকার খরচ চালানোর জন্য আরও ৩২ লক্ষ টাকা শীঘ্রই বরাদ্দ করা হচ্ছে।

বিদ্যালয় পরিচালন ব্যবস্থার পরিবর্তন

*৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৪) **শ্রী রণজিৎ কুমার মণ্ডল :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিদ্যালয় পরিচালন ব্যবস্থা পরিবর্তনের জন্য একটি সার্কুলার জারি করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, কবে থেকে তা কার্যকর হবে বলে আশা করা যায়?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) গত ২০-০৩-২০১৩ তারিখে বিদ্যালয় শিক্ষা দপ্তর মাননীয় মন্ত্রীসভা এবং অর্থদপ্তরের অনুমতিক্রমে অনুমোদিত সরকার স্বীকৃত সরকারি সাহায্যপ্রাপ্ত বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়গুলিকে তাদের পরিচালন সমিতির ইচ্ছানুসারে সরকার পোষিত বিদ্যালয়ে পরিবর্তন করার জন্য বিজ্ঞপ্তি জারি করেছে।

উক্ত বিজ্ঞপ্তি অনুসারে প্রায় ৭,৩৯৫টি বিদ্যালয়কে সরকার পোষিত বিদ্যালয়ে পরিবর্তন করার জন্য গত ৩০-০৯-২০১৩ তারিখে বিদ্যালয় শিক্ষাদপ্তর থেকে পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষাপর্ষদকে সুপারিশ পাঠানো হয়।

(খ) পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষা পর্ষদ থেকে বিদ্যালয়গুলির পরিবর্তনের বিজ্ঞপ্তি অনুসারে ন্যূনতম ছয়মাস অথবা তার অধিক সময়ের মধ্যে বিদ্যালয়গুলির পরিচালন ব্যবস্থা ১৯৭২ সালের সরকার পোষিত বিদ্যালয়গুলির পরিচালন সমিতির আইন অনুযায়ী (পরিবর্তনযোগ্য) পরিবর্তিত হবে।

The Kolkata Gazette

Extraordinary
Published by Authority

CAITRA [I] MONDAY, APRIL 1, 2013 [SAKA 1935

PART I - Orders and Notifications by the Governor of West Bengal, the High Court, Government Treasury, etc.

GOVERNMENT OF WEST BENGAL
School Education Department

Sub : Option for conversion of all willing Recognised Non-Government Aided Secondary Schools into Recognised Government Sponsored Secondary Schools.

NOTIFICATION

No. 491-SL/ 5S-264/12 -20th March, 2013 — The State Government has been considering conversion of all willing Recognised Non-Government Aided Secondary Schools (DA getting school not included) into Recognised Government Sponsored Secondary Schools for some time past for giving coverage of RMSA project and other schemes subject to the approval of the Government of India to the above schools which will help the students of such schools.

2. Having considered the above and upon approval of the Cabinet the Governor is pleased to order the District Inspector of Schools (SE) to accept options from the willing schools for converting their administrative status from "Non-Government Aided Schools (D.A. getting schools not included)" to "Government Sponsored Schools".

3. The procedure shall be as follows :

(i) Within 30 days from the date of publication of this notification in the Official Gazette, the willing schools shall submit their option in the

prescribed proforma [Anexure -I& Annexure -II] to the concerned District Inspector to Schools (SE) to the above effect to convert their administrative status from Non-Government aided schools to Government sponsored schools so as to extend the facilities for development of these schools and bringing them under programmes like RMSA subject to the approval of the Central Government.

(ii) On receipt of option duly valid, the District Inspector of Schools (SE) concerned shall prepare a consolidated list of schools Block-wise Sub-Division-wise and submit the same (hard copies and soft copies thereof) to the office of the Commissioner of School Education. West Bengal within 45 days from the date of issuance of this notification.

(iii) On receipt of district-wise consolidated list from the District Inspector of Schools (SE) concerned, the Commissioner of School Education. West Bengal shall prepare a consolidated district-wise list and submit the same (hard copies and soft copies thereof) to the School Education Department. Government of West Bengal within 60 days from the date of issuance of this notification.

(iv) On receipt of the above from the Commissioner of School Education, West Bengal, the School Education Department Government of West Bengal will forward recommendation to the West Bengal Board of Secondary Education for issuance of altered recognition memo from the said Board in favour of the schools as per their valid option.

(v) The Rules for Management of Sponsored Institutions (Secondary), 1972 shall be extended to these schools by formation of new Managing Committee as per Management of Sponsored Institutions (Secondary), 1972 within 180 days from the date of conversion or subsequently prescribed further time period, as the case may be.

(vi) The State Government may be forced not to take any responsibility for providing infrastructural support, maintaining PTR etc. to those unwilling Recognised Non-Government Aided Secondary Schools who do not wish to convert themselves to Government Sponsored Schools. Moreover the State Government may reserve the option of stoppage of grant-in-aid and withdrawal of approved teaching and non-teaching staff from those aided schools.

The Finance Department, Government of West Bengal has examined the issue and given their concurrence accordingly, vide U.O. No. 3864 Gr. P (Service)dt. 19.11.2012.

By order of the Governor

ARNAB ROY

Secretary

Annexure–I

Proforma of the resolution to be adopted by the School Managing Committee

(Not applicable for D.A getting Schools)

1. The Managing Committee Ad-hoc Committee/Administrator of —— School (Jr. High, High, HS) having Index No.—situated at ———Block ———Circle ———Sub-Division ———P.O. ———District———Pin Code ———in its meeting dated ———under decision No. ——— (hereinafter referred to as said school) has considered the conversion of administrative status of the said school from Recognised Non-Government Aided School to Recognised Government Sponsored School governed by the Management of Sponsored Institutions (Secondary) Rules, 1972 framed under the West Bengal Board of Secondary Education Act, 1963.

2. Having considered the pros and cons of the issue, the Managing Committee/Ad-hoe Committee/Administrator of said school has resolved to convert the administrative status of the said school from Recognised Non-Government Aided School to Recognised Government Sponsored School governed by the Management of Sponsored Institutions (Secondary) Rules, 1972 framed under the West Bengal Board of Secondary Education Act, 1963.

Or

Having considered the pros and cons of the issue, the Managing Committee/Ad-hoc Committee/Administrator of said school has resolved not to convert the administrative status of the said school from Recognised Non-Government Aided School to Recognised Government Sponsored School governed.

3. The validity of present Managing Committee of the said school exists upto——

4. There is no litigation in respect of the formation of the Managing Committee governing the school.

Or, The formation of Managing Committee is sub-judice. A copy of latest order passed by the Court of law and a copy of petition are enclosed.

Full signature with date and office seal : -

(a) President *

(b) Secretary/Administrator

(c) Headmaster/Headmistress/Teacher-in-Charge

**Strike through the lines which are not applicable. *In case of Administrator run school, there shall be no President.

Annexure—II

Form for expressing willingness for Conversion of "Non Govt. Aided Schools" into "Govt. Sponsored School"

School Details

1. District : ____________________
2. Block/Municipality : ____________________
3. Circle : ____________________
4. Name of School : ____________________
   (As per recognition memo)
5. Recognition Order No. with date
   (i) As 2-class School : ____________________
   (ii) As 4-class School : ____________________
   (iii) As High School : ____________________
   (iv) As Higher Secondary School : ____________________
6. Status of the School : (put tick mark) Jr. High/High School/Higher Secondary School
7. UDISE Code : ____________________
8. Index No. : WBBSE ____________ WBCHSE ____________
9. Address : ____________________
   ____________ P.S. ____________
   PIN ____________ Phone No. ____________
10. Annexure-I attached : Yes/No
11. Is there any litigation in respect of Formation of Managing Committee exist (If yes, attach copy of petition and Court's orders, if any) : Yes /No.
12. No. of students upto to Class X ____________
    For Class XI & XII (if H.S School)
13. No. of Teachers upto to Class X ____________
    For Class XI & XII (if HS School)
14. No. of Non-teaching staff : ____________

____
Signature
Head of the Institution with seal

(Name in Block letters) ____________________

WEST BENGAL : TOTAL GOVT & SPONSORED SCHOOLS

Srl. No	U-DISE District Code	District Name	Converted to Govt. Sponsored Schools
1	1913	BANKURA	410
2	1908	BIRBHUM	340
3	1909	BURDWAN	524
4	1905	DAKHIN DINAJPUR	137
5	1901	DARJEELING	4
6	1916	HOWRAH	455
7	1912	HOOGHLY	558
8	1902	JALPAIGURI	207
9	1903	COOCHBEHAR	236
10	1917	KOLKATA	371
11	1906	MALDA	153
12	1907	MURSHIDABAD	349
13	1910	NADIA	392
14	1911	NORTH 24 PARGANAS	872
15	1920	PASCHIM MEDINIPUR	627
16	1919	PURBA MEDINIPUR	571
17	1914	PURULIA	295
18	1921	SILIGURI	67
19	1918	SOUTH 24 PARGANAS	670
20	1904	UTTAR DINAJPUR	157
		Total	7395

GOVERNMENT OF WEST BENGAL
School Education Department

Law Branch
Bikash Bhawan, Salt Lake City
Kolkata - 700091

Memo No : 4703/RMSA/SL/5S-264/12 Date : 30/09/2013

ORDER

WHEREAS in pursuance of Cabinet decision dated 22nd February 2013. the State Government in School Education Department issued Gazette Notification vide No. 491-SL/5S-264/12 dated 20th March 2013, whereby willingness was sought from non-government aided schools recognized by the West Bengal Board of Secondary Education to be converted to government sponsored schools :

AND WHEREAS it appears that the Managing Committee of

BARGRAM ANCHAL VIDYAPITH with UDISE Code 19161104704

of BARGRAM. PO : BARGRAM under Block/Municipality : SHYAMPUR-II.

PS : SHYAMPUR, PIN : 711312. District : HOWRAH, has expressed willingness for such conversion vide their Resolution No. 89. Dated 11.05.2013.

AND WHEREAS the land, buildings and other assets of the Government Sponsored School are recorded in the name of the School and do not belong to any private entity/individual/society/trust/company/others.

AND WHEREAS as per section 9 of the West Bengal School Service Commission Act. 1997. appointments of teachers and non-teaching staff of the Government Sponsored School are being done by the Managing Committee of the School on recommendation of the West Bengal School Service Commission.

AND WHEREAS the State Government in School Education Department bears responsibilities for payment of the salaries of the teaching and non teaching staff engaged in the Government Sponsored School as per Grant-in-Aid Scheme and terminal benefits are also provided as per Death Cum Retirement Benefit Scheme 1981 amended from time to time.

NOW therefore in exercise of power conferred by clause (d) of section

45 of the West Bengal Board of Secondary Education Act, 1963 the Governor is hereby pleased to convert.

BARGRAM ANCHAL VIDYAPITH

from non-government aided school recognized by the West Bengal Board of Secondary Education to government sponsored school recognized by West Bengal Board of Secondary Education and consequently the following conditions shall apply.

(1) The Managing Committee of the school shall be constituted as per the provisions of the Management of Sponsored Institutions (Secondary) Rules 1972 framed under the West Bengal Board of Secondary Education Act, 1983 as amended from time to time and shall be under government control and the President and Secretary of the Managing Committee shall be nominees of the State Government and

(2) The land, buildings and other assets of the school will be under the control of the Management Committee so formed as per aforesaid condition number 1

The Governor is further pleased to direct the West Bengal Board of Secondary Education to issue suitable memorandum accordingly to the above effect.

This order will come into force with immediate effect.

By order of the Governor,

ARNAB ROY

Secretary to the Government

of West Bengal

GOVERNMENT OF WEST BENGAL
School Education Department
Secondary Branch
Bikash Bhawan, Salt Lake City
Kolkata-700 091

No : 7396-14790/RMSA/SL/5S-264/12 Date : 30.09.2013

From : **The Joint Secretary**

to the Government of West Bengal

To The : Secretary/Administrator/Headmaster/Headmistress
All schools.

Enclosed herewith the Notification No. 1-7395/RMSA/SL/5S-264/12 dt. 30.09.2013 for his/her information. It is to note that the existing Managing Committee will remain in function till the new committee for the Sponsored School according to the Management Rules for Management of Sponsored institution (Secondary), 1972 would be constituted.

Joint Secretary

No : 7396-14790/1(9)/RMSA/SL/5S-264/12 Dated : 30/09/2013

Copy forwarded for information & necessary action to :

(1) The Commissioner, School Education, West Bengal

(2) The State Project Director, RMSA, West Bengal

(3) The President, West Bengal Board of Secondary Education

(4) The President, West Bengal Council of Higher Secondary Education

(5) The Chairman, Central School Service Commission, West Bengal

(6) The District Inspector of Schools (S.E).

(7) The Treasury Officer, Accounts Office, Kolkata

(8) Office copy

(9) Guard file

Assistant Secretary

চুঁচুড়ায় অগ্নিনির্বাপণ কেন্দ্রের অবস্থা

*৪৮।(অনুমোদিত প্রশ্ন নং *৩৮৬) শ্রী অসিত মজুমদার : অগ্নিনির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হুগলী জেলায় চুঁচুড়ায় অগ্নিনির্বাপণ কেন্দ্রটি খুবই খারাপ অবস্থায় রয়েছে ; এবং

(খ) সত্যি হলে, এর উন্নতিকল্পে সরকারের কোন পরিকল্পনা আছে কি?

অগ্নিনির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ এটা সত্যি হুগলী জেলায় চুঁচড়া দমকল কেন্দ্রটি খুবই জরাজীর্ণ অবস্থায় আছে।

(খ) চুঁচুড়া দমকল কেন্দ্রটির উন্নতিকল্পে সরকারের অবশ্যই পরিকল্পনা রয়েছে। কিন্তু নতুন দমকল কেন্দ্র স্থাপনের জন্য উপযুক্ত জমি এখনও চিহ্নিত করা যায়নি।

৩৪ নং জাতীয় সড়ক

*৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৫) শ্রী নেপাল মাহাত : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ৩৪নং জাতীয় সড়ক (বিশেষতঃ বারাসাত থেকে কৃষ্ণনগর পর্যন্ত) বেহাল অবস্থায় আছে ; এবং

(খ) সত্যি হলে, এর সমাধানে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে/হচ্ছে?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

৩৪ নং জাতীয় সড়কের বারাসাত থেকে পলাশী অবধি অংশটি জাতীয় সড়ক কর্তৃপক্ষের কাছে হস্তান্তর হয়েছে। বর্তমানে এটির রক্ষণাবেক্ষণ সেই সংস্থার অধীন। সম্প্রতি এই অংশের ৪-লেন তৈরি করার কাজ ওই সংস্থা শুরু করেছে।

প্রাথমিক শিক্ষকদের বদলি নীতি

*৫০।(অনুমোদিত প্রশ্ন নং *৪০৬) শ্রী আশিস মার্জিত : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি প্রাথমিক শিক্ষকদের বদলি সংক্রান্ত বিষয়ে কোন নীতি প্রণয়ন হতে চলেছে ; এবং

(খ) সত্যি হলে, তার রূপরেখা কীরূপ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না। তবে RTE Act অনুসারে প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে ছাত্রছাত্রীর সংখ্যা অনুযায়ী উপযুক্ত সংখ্যক শিক্ষক থাকা প্রয়োজন। কিন্তু বাস্তবে দেখা যায় যে শহরকেন্দ্রিক কিছু বিদ্যালয়ে প্রয়োজনের তুলনায় অধিক সংখ্যায় শিক্ষক আছেন। অথচ গ্রামের কিছু বিদ্যালয়ে শিক্ষকের যথেষ্ট

অভাব আছে। এই পরিপ্রেক্ষিতে RTE Act এর মান্যতার লক্ষ্যে অতিরিক্ত শিক্ষকদিগকে শিক্ষকের অভাব আছে এমন বিদ্যালয়ে বদলি করার জন্য জেলা বিদ্যালয় সংসদগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে।

(খ) উপরোক্ত উত্তর দ্রষ্টব্য।

সমুদ্র সৈকত সংলগ্ন এলাকায় পরিবেশ দূষণ

*৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৯) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের সমুদ্র সৈকত সংলগ্ন এলাকাগুলির পরিবেশ দূষণ দূর করার জন্য রাজ্য সরকার কি কোন ব্যবস্থা গ্রহণ করেছে ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে এই ব্যবস্থাগুলি কি কি?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গের প্রধান সমুদ্র সৈকত সংলগ্ন এলাকাগুলি হল—দীঘা, শংকরপুর, মন্দারমণি, তাজপুর, বকখালি ও ফ্রেজারগঞ্জ। এইসব এলাকা স্থানীয় পঞ্চায়েতের দ্বারা পরিচালিত হয়। এছাড়া দীঘা-শংকরপুর ডেভেলপমেন্ট অথরিটি সংস্থাটি দীঘা, শংকরপুর ও সংলগ্ন স্থানগুলির উন্নতিসাধন, সৌন্দর্যকরণ ও সমুদ্র সৈকতের রক্ষণাবেক্ষণের দায়িত্বে রয়েছে। এই সমুদ্র সৈকত সংলগ্ন এলাকায় অবস্থিত সকল হোটেল ও কারখানাকে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ -এর পক্ষ থেকে দূষিত জল পরিশোধন করে ফেলার নির্দেশ দেওয়া হয়েছে।

পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ-এর অনুমতির পূর্বে কোস্টাল রেগুলেটরি জোন অথরিটি'র (পরিবেশ দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার) অনুমতি নেওয়া বাধ্যতামূলক।

ওয়াটার (প্রিভেনশন এ্যান্ড কনট্রোল অব্ পলিউশন) এ্যাক্ট, ১৯৭৪ -এর অধ্যায় ৩৩এ এ্যান্ড এয়ার (প্রিভেনশন এ্যান্ড কন্ট্রোল অব্ পলিউশন) এ্যাক্ট, ১৯৮৯-এর অধ্যায় ৩১এ অনুযায়ী রাজ্যের সমুদ্র সৈকত সংলগ্ন এলাকাগুলিতে প্লাস্টিক ক্যারীব্যাগের বিক্রয়, ব্যবহার, প্রক্রিয়াকরণ বা তৈরী ১৫.০৯.০১ তারিখ থেকে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ -এর পক্ষ থেকে বন্ধ করার নির্দেশ দেওয়া হয়েছে এবং এই এলাকাগুলিকে 'প্লাস্টিক বর্জিত অঞ্চল' হিসাবে ঘোষণা করা হয়েছে।

প্রধান সমুদ্র সৈকত সংলগ্ন এলাকাগুলিকে পরিষ্কার রাখার জন্য বিভিন্ন সময়ে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ স্থানীয় বাসিন্দা ও স্কুলের ছাত্রছাত্রীদের সহায়তায় নানারকম সচেতনতামূলক কার্যকলাপ করে থাকে।

এছাড়া, কেন্দ্রীয় সরকারের ইন্টিগ্রেটেড কোস্টাল জোন ম্যানেজমেন্ট প্রকল্পটির মাধ্যমে দেশের বিভিন্ন সমুদ্র সৈকত সংলগ্ন রাজ্যতে যেমন—গুজরাট, ওড়িষা ও পশ্চিমবঙ্গে জাতীয় স্তরে সমন্বিত উপকূল ব্যবস্থাপনার পদ্ধতি বাস্তবায়নের জন্য প্রচেষ্টা করা হচ্ছে। এই রাজ্যে পরিবেশ দপ্তরের অধীন ইনস্টিটিউট অব্ এনভায়ারনমেন্টাল স্টাডিজ এ্যান্ড ওয়েটল্যান্ড ম্যানেজমেন্ট সংস্থাটি এই প্রকল্পটির দায়িত্বে রয়েছে। এই প্রকল্পের অন্তর্গত দীঘা এলাকায় আবর্জনা সংগ্রহ ও নিকাশী ব্যবস্থা দুটি মুখ্য কার্যক্রম হিসাবে ধার্য্য করা হয়েছে।

'খ' অংশের উত্তরের ৬নং পরিচ্ছেদে উল্লিখিত হয়েছে যে, ইনস্টিটিউট অব্ এনভায়ারনমেন্টাল স্টাডিজ এ্যান্ড ওয়েটল্যান্ড ম্যানেজমেন্ট, ইন্টিগ্রেটেড কোস্টাল জোন ম্যানেজমেন্ট প্রকল্পটির মাধ্যমে এই রাজ্যে পশ্চিমবঙ্গের অন্তর্গত সমুদ্র সৈকতগুলিতে যে সমস্ত প্রকল্প চালু রয়েছে সেই সম্পর্কিত তথ্যসমূহ 'গ' চিহ্নিত সংযোজনীতে দেওয়া হল।

সংযোজনী 'গ'

পরিকল্পনা কার্য্যক্রম	যে সংস্থার অধীনে কার্যক্রম	বরাদ্দ অর্থ (কোটিতে)	সংশোধিত বরাদ্দ কোটিতে	কাজের অবস্থা
দীঘায় পয়ঃপ্রণালী সংস্কার	পি.এইচ.ই.ডি	২৯.৮০	৩৭.৫৮	সংস্কার কাজের জন্য ৫০০ মিটার পাইপ বসানোর কাজ সমাপ্ত হয়েছে।
নিকাশী ব্যবস্থার উন্নতি এবং ফাইটোরেমেডিয়েশন	ডি.এস.ডি.এ	১৪.৯৪	৪১.৭১	৭.৫ কিমি নিকাশি নালার নির্মান সমাপ্ত।
সমুদ্রসৈকত পরিচ্ছন্নকরণ এবং পয়ঃপ্রণালীর ব্যবস্থাকরণ। সমুদ্র সৈকতের সৌন্দর্য্যায়ণ এবং আলোকসজ্জা	ডি.এস.ডি.এ	৪০.৯৩	৮৫.০০	১০.৩৬ কোটি টাকা মূল্যের হকার পুনর্বাসন প্রকল্পের চয়ন পদ্ধতি অন্তিম পর্যায়ে আছে। এ ছাড়া ৩৩.৭৪ কোটি মূল্যের হকার পুর্নবাসন প্রকল্পটির চয়ন পদ্ধতি চালু আছে।
কঠিন বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্প	ডি.এস.ডি.এ	৯.২২	৯.৮৫	এই প্রকল্পটির চয়ন পদ্ধতি কিছুদিনের মধ্যেই শুরু হবে।
পূর্ব মেদিনীপুরের সমুদ্রতট রক্ষণাবেক্ষণের জন্য বনসৃজন	বন দপ্তর			এই ব্যাপারে সাতটি কমিউনিটি কনট্রাকটারের সঙ্গে ১.২২ কোটি টাকার চুক্তি হয়েছে। বনসৃজন প্রকল্প শুরু হয়েছে।

হলদিয়া-ফরাক্কা সড়ক

*৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৫০০) **শ্রী ঈদ মহম্মদ :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হলদিয়া-ফরাক্কা (ভায়া নূতনহাট) সড়কটি বর্তমানে জাতীয় সড়কের মর্যাদা পেয়েছে কি?

(ক) না।

অধ্যক্ষের শূন্য পদ

*৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৭) শ্রী প্রবোধ চন্দ্র সিন্‌হা : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের কলেজগুলিতে মোট কত অধ্যক্ষের পদ শূন্য আছে ;

(খ) স্থায়ী অধ্যক্ষ নিয়োগের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে/হচ্ছে, এবং

(গ) কোন্ সময়ের মধ্যে ঐ শূন্য পদ পূরণ করা হবে বলে আশা করা যায়?

উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যে অবস্থিত মোট ১৯৮ টি সরকারী সাহায্যপ্রাপ্ত কলেজে অধ্যক্ষের পদ শূন্য রয়েছে।

(খ) পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন ঐ শূন্যপদগুলি পূরণ করার জন্য শীঘ্রই বিজ্ঞাপন জারি করবে। বর্তমানে পশ্চিমবঙ্গ কলেজ সার্ভির কমিশন অ্যাসিস্টান্ট প্রফেসর নিয়োগের জন্য প্রয়োজনীয় উদ্যোগ নিয়েছে। এর ঠিক পরেই শীঘ্রই বিজ্ঞপ্তি প্রকাশিত হবে। কলেজগুলি তখন তাদের ঐ পদগুলি পূরণের জন্য আবেদন জানাবেন।

(গ) আনুমানিক ছয়মাসের (৬ মাস) মধ্যে ঐ পদগুলি পূরণের ব্যবস্থাগ্রহণ সম্পন্ন হবে বলে আশা করা যায়।

এ বিষয়ে উল্লেখ করা যায়, সরকারী সাধারণ ডিগ্রী কলেজে মোট প্রায় ১২টি অধ্যক্ষপদ শূন্য রয়েছে এবং ৫টি সরকারী শিক্ষক-শিক্ষণ মহাবিদ্যালয়ের অধ্যক্ষপদ শূন্য রয়েছে। ঐ পদগুলি পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে শীঘ্রই পূরণ করা যাবে বলে আশা করা যায়।

সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয়

*৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৭) **শ্রী আনিসুর রহমান : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত** মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি-—

(ক) ২০১১ সালের মে মাস পর্যন্ত রাজ্যে কয়টি সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয় ছিল; এবং

(খ) ৩১শে অক্টোবর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে এই ধরনের বিশ্ববিদ্যালয়ের সংখ্যা কত?

উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

২০১১ সালের মে মাস পর্যন্ত রাজ্যে যে বিশ্ববিদ্যালয়গুলি ছিল তার বিস্তৃত বিবরণ উল্লেখ করা হলো -

(ক) রাজ্য সরকার পোষিত বিশ্ববিদ্যালয় :

(১) কলকাতা বিশ্ববিদ্যালয় (২) যাদবপুর বিশ্ববিদ্যালয়

(৩) বর্ধমান বিশ্ববিদ্যালয় (৪) কল্যাণী বিশ্ববিদ্যালয়

(৫) উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় (৬) রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়

(৭) বেঙ্গল ইঞ্জিনীয়ারিং এ্যন্ড সায়েন্স বিশ্ববিদ্যালয়, শিবপুর

(৮) বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়, মেদিনীপুর (৯) নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়

(১০) পশ্চিমবঙ্গ কারিগরি বিশ্ববিদ্যালয় (১১) পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়, বারাসত

(১২) গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়, মালদা (১৩) সিধো-কানহো-বিরসা বিশ্ববিদ্যালয়, পুরুলিয়া
(১৪) প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয় (১৫) বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়, মোহনপুর, নদীয়া
(১৬) উত্তর বঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয় (১৭) পশ্চিমবঙ্গ প্রাণী ও মৎস্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয়
(১৮) পশ্চিমবঙ্গ স্বাস্থ্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয় (১৯) আলিয়া বিশ্ববিদ্যালয়
(২০) পশ্চিমবঙ্গ আইনবিজ্ঞান বিশ্ববিদ্যালয় (West Bengal University of Juridical Sciences)

(খ) কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় :

(১) বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় (২) আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়, মুর্শিদাবাদ কেন্দ্র।

রাজ্যে কোন বেসরকারী বিশ্ববিদ্যালয় ছিল না।

(খ) ৩১শে অক্টোবর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে সরকার পোষিত বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বেড়ে হয়েছে ২৩ (তেইশ)টি এবং ১(এক)টি বেসরকারী বিশ্ববিদ্যালয় (টেকনো ইন্ডিয়া বিশ্ববিদ্যালয়) স্থাপিত হয়েছে। রাজ্যে সরকার পোষিত নতুনবিশ্ববিদ্যালয়গুলি হল—

(১) কাজী নজরুল বিশ্ববিদ্যালয়, আসানসোল, বর্ধমান

(২) কুচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয় (৩) ডায়মন্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয়

মহাবিদ্যালয় স্থাপন

*৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৪) **শ্রী মনোরঞ্জন পাত্র** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ২০১৩-১৪ আর্থিক বছরে রাজ্যে কিছু মহাবিদ্যালয় স্থাপন করা হবে ; এবং

(খ) সত্যি হলে, ঐ মহাবিদ্যালয়গুলি কোথায় কোথায় স্থাপিত হবে (জেলাওয়াড়ী তথ্যসহ)?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ। ২০১৩-১৪ আর্থিক বছরে রাজ্যে মোট ২৩টি সরকারি সাধারণ মহাবিদ্যালয় স্থাপনের জন্য অনুমোদন দেওয়া হয়েছে। এছাড়া ৯টি সরকারি সাহায্যপ্রাপ্ত সাধারণ মহাবিদ্যালয় স্থাপিত হয়েছে এবং ২০১৩-১৪ শিক্ষাবর্ষ থেকে সেগুলিতে পঠনপাঠন শুরু হয়েছে।

(খ) উপরোক্ত ২৭টি সরকারি সাধারণ মহাবিদ্যালয় এবং ৯টি সরকারি সাহায্যপ্রাপ্ত সাধারণ মহাবিদ্যালয়ের জেলাওয়াড়ি তথ্য নিম্নে বর্ণিত হল :

রাজ্যের নতুন সরকারি সাধারণ মহাবিদ্যালয়গুলির জেলাভিত্তিক বিবরণ

জেলা	ক্রমিক নং	অঞ্চলের নাম
বাঁকুড়া	১	রানিবাঁধ
	২	মেজিয়া গোপালপুর
বর্ধমান	৩	মঙ্গলকোট
	৪	কালনা -১

জেলা	ক্রমিক নং	অঞ্চলের নাম
দার্জিলিং	৫	পেডং
	৬	গোরুবাথান
জলপাইগুড়ি	৭	বানারহাট (হিন্দি মহাবিদ্যালয়)
পশ্চিম মেদিনীপুর	৮	মোহনপুর
	৯	খড়গপুর-২
	১০	গোপীবল্লভপুর-২
	১১	কেশিয়ারি
	১২	দাঁতন -২
নদিয়া	১৩	নাকাশিপাড়া মুড়াগাছা
	১৪	কালিগঞ্জ
	১৫	তেহট্ট
	১৬	চাপড়া
পুরুলিয়া	১৭	মানবাজার-২
উত্তর ২৪ পরগনা	১৮	ঠাকুরনগর, গাইঘাটা
	১৯	নিউটাউন, রাজারহাট
দক্ষিণ দিনাজপুর	২০	' হিলি
	২১	কুশমাণ্ডি
হুগলি	২২	সিঙ্গুর
দক্ষিণ ২৪ পরগনা	২৩	হেস্টিংস হাউস, আলিপুর

রাজ্যের নতুন সরকারি সাহায্যপ্রাপ্ত সাধারণ মহাবিদ্যালয়গুলির জেলাভিত্তিক বিবরণ

জেলা	ক্রমিক নং	অঞ্চল/মহাবিদ্যালয়ের নাম
বর্ধমান	১	দাশরথি হাজরা স্মৃতি মহাবিদালয়, ভাতার
	২	আচার্য সুকুমার সেন মহাবিদ্যালয়, গোঁতন
	৩	তেহট্ট সদানন্দ মহাবিদ্যালয়
জলপাইগুড়ি	৪	লীলাবতী মহাবিদ্যালয়, ফালাকাটা
	৫	ধূপগুড়ি মহিলা মহাবিদ্যালয়, ধূপগুড়ি
পূর্ব মেদিনীপুর	৬	সিদ্ধিনাথ মহাবিদ্যালয়, শ্যামসুন্দরপুর, পাটনা
পুরুলিয়া	৭	সীতারাম মাহাত মেমোরিয়াল কলেজ, আনন্দদ্বীপ
দক্ষিণ ২৪ পরগনা	৮	শিবানী মণ্ডল মহাবিদ্যালয়, নামখানা
উত্তর দিনাজপুর	৯	চোপরা কমলা পাল স্মৃতি মহাবিদ্যালয়, চোপরা

মালদা জেলায় নতুন সরকারী কলেজ স্থাপন

*৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬০০) শ্রী খগেন মুর্মু : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মালদা জেলায় একটি নতুন সরকারী কলেজ স্থাপনের পরিকল্পনা আছে, এবং

(খ) হলে, কবে নাগাদ ঐ কাজ শুরু হবে বলে আশা করা যায়?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না, এই মুহূর্তে সরকারের কোন পরিকল্পনা নেই।

(খ) প্রশ্নই ওঠে না।

এস.এস.সি.-এর দ্বিতীয় পর্যায়ের কাউন্সেলিং

*৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৩) শ্রী ইনসার আলী বিশ্বাস : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, এস. এস. সি.-এর দ্বিতীয় পর্যায়ের কাউন্সিলিং-এর কাজ করা হচ্ছে ; এবং (খ) সত্যি হলে, উক্ত প্রক্রিয়াটির রূপরেখা কিরূপ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এস এস সি-এর দ্বিতীয় পর্যায়ের কাউন্সেলিং শেষ হয়ে গেছে।

(খ) প্রথমে প্যানেল ভুক্ত এবং অপেক্ষারত প্রার্থীদের নির্দিষ্ট দিনে কাউন্সেলিং-এ ডাকা হয়। স্কুল সার্ভিস কমিশন অফিসে এসে কম্পিউটারে তারা নিজেদের পছন্দমত স্কুল নির্বাচন করে। এরপর সেইসব পছন্দ করা স্কুলে নিয়োগের জন্য সুপারিশ পাঠানো হয়। ঐ চিঠির অনুলিপি সংশ্লিষ্ট প্রার্থী, ডি আই (সেকেন্ডারি) এবং স্কুলকে জানানো হয়ে থাকে। তারপর স্কুলের ম্যানেজিং কমিটি নিয়োগ পত্র দেয়।

কৃষকমাণ্ডি তৈরীর কাজ

*৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৯) শ্রী ধীরেন বাগদী : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে অক্টোবর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে কতগুলি কৃষকমাণ্ডি তৈরীর কাজ সম্পূর্ণ হয়েছে ;

(খ) উক্ত মাণ্ডিগুলিতে কৃষকদের সুবিধার্থে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ; এবং

(গ) ঐ সকল মাণ্ডিতে কৃষিপণ্য আনার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করছে?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) উল্লেখিত তারিখ পর্যন্ত রাজ্যে কোন কৃষক বাজার তৈরীর কাজ সম্পূর্ণ হয়নি; তবে ৯৩টি কৃষক বাজার তৈরীর কাজ চলছে। আশা করা যায় ২০১৪ সালের জানুয়ারী মাস থেকে পর্যায়ক্রমে নির্মাণ কাজ শেষ হবে।

(খ) কৃষক বাজারগুলিতে কৃষকদের সুবিধার্থে গুদামঘর, নীলাম চত্বর, আভ্যন্তরীণ রাস্তা,

উন্নত জল নিকাশী ব্যবস্থা, পানীয় জল, বৈদ্যুতিক ব্যবস্থা সহায়তা কেন্দ্র, হিমঘর নির্মাণের ব্যবস্থাপনা ইত্যাদি সুযোগ সুবিধার ব্যবস্থা থাকছে।

(গ) কৃষক বাজারের পণ্য চলাচলের জন্য আভ্যন্তরীণ রাস্তার ব্যবস্থা থাকছে।

উত্তর মালদায় মহিলা কলেজ স্থাপন

*৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩৪) শ্রী আব্দুর রহিম বক্সী : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উত্তর মালদায় একটি মহিলা কলেজ স্থাপনের পরিকল্পনা আছে; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ ঐ কাজ শুরু হবে বলে আশা করা যায়?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না, আপাততঃ সরকারী উদ্যোগে উত্তর মালদায় কোন মহিলা কলেজ স্থাপনের পরিকল্পনা নেই।

(খ) উত্তর মালদায় যদিও কোন মহিলা কলেজ স্থাপনের পরিকল্পনা নেই, কিন্তু দক্ষিণ মালদায় মথুরাপুরের মানিকচকে একটি সরকারী সাহায্যপ্রাপ্ত কলেজ স্থাপনের পরিকল্পনা ও উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

ডেবরা-সবং সড়ক সম্প্রসারণ

*৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭৮) ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পশ্চিম মেদিনীপুর জেলার ডেবরা থেকে সবং সড়কটির সম্প্রসারণ ও নতুন নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকার ১০৪ কোটি টাকা মঞ্জুর করেছে ;

(খ) সত্যি হলে, কোন্ খাতে এই অর্থ মঞ্জুর করা হয়েছে ; এবং

(গ) কবে নাগাদ রাস্তার কাজ শেষ হবে বলে আশা করা যায়?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) কেন্দ্রীয় সড়ক তহবিল (CRF) খাতে কাজটি মঞ্জুর হয়েছে।

(গ) আনুমানিক ২০১৪ সালের মাঝামাঝি সময়ের মধ্যে কাজটি সম্পূর্ণ হবে।

[12.00–12.10 p.m.]

WITHDRAWAL OF PRIVILEGE CASE

Mr. Speaker : I have received a notice from Dr. Shashi Panja for moving a motion that the privilege case initiated against the Editor and the concerned reporter of the Ananda Bazar Patrika be withdrawn. Now, I call upon Dr. Shashi Panja to move her motion.

Dr. Shashi Panja : Sir, I beg to move that the privilege case initiated against the Editor and the concerned reporter of the Ananda Bazar Patrika be withdrawn.

Now, I put the motion to vote. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

The motion is adopted. The privilege case is withdrawn.

RULING ON A QUESTION OF PRIVILEGE

I have received one notice of Question of Privilege under rule 226 on the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly from Shri Sobhandeb Chattopadhyay against the Editor of 24 Ghanta News Channel on the 20th November, 2013. It has been alleged in the notice that the 24 Ghanta News Channel has deliberately distorted the proceedings of the House while telecasting the written reply to an Assembly Questin on the 19th November, 2013 given by Dr. Amit Mitra, Minister-in-Charge, Finance and Excise Department and thereby committed a breach of privilege of the House.

The notice is under my consideration and I shall give ruling thereon in due course.

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received ....

(এই সময় ডাঃ সূর্য্যকান্ত মিশ্র তার দেওয়া এ্যাডজর্নমেন্ট মোশান সম্বন্ধে মাননীয় স্পীকারকে কিছু বলতে ওঠেন)।

Mr. Speaker : ডাঃ মিশ্র, আপনার adjournment motion সম্বন্ধে আমি বলব, আগে এটা পড়ে নিই, I will just inform the House. আপনি adjournment motion দশটার অনেক পরে দিয়েছেন, আমার ডিপার্টমেন্ট রেডি করতে পারেনি। আমাদের রুলস সিক্সটিতে বলেছে within one hour prior to sitting of the House. আপনি দশটা পঁচিশে নোটিশ দিয়েছেন। আমার দপ্তরে যারা রয়েছেন...।....(নয়েজ).... নোটিশটা আপনি দিয়েছেন দশটা পঁচিশে। দশটা পঁচিশে আপনি নোটিশ দিয়েছেন। যার জন্য আজকে আমার ডিপার্টমেন্ট রেডি করতে পারেনি। এটা আগামীকাল হবে। কালকেই হবে আপনারটা। আর রুলেও তাই আছে।

Mr. Speaker : Today I have received four notices of Calling Attention on the followng subject namely,

Subject	Name
(i) Urge for construction of a Fire Station At Jaynagar	: Dr. Tarun Kanti Naskar
(ii) Non-implementation of the scheme for construction of the ITI College at Khudrun area under Mangalkot Assembly Constituency area	: Shri Sahajahan Choudhury
(iii) Urge for providing of two Fire Vehicle for Tulsihata Sun-market Fire Brigade Station under Harishchandrapur Assembly Constituency area	: Shri Tajmul Hossain
(iv) Alleged non-conversion of land at Budbud village under Galsi Block - I in Galsi Assembly Constituency area.	: Shri Sunil Kumar Mondal

I have selected the notice of Dr. Tarun Kanti Naskar on the subject of 'Urge for construction of a Fire Station at Jaynagar.'

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, আপনার পারমিশন নিয়ে বলছি, সামনের সোমবারে, সামনের সপ্তাহে আমি উত্তর-টা দিয়ে দেব।

Mr, Speaker : Now I call upon the Minister-in-Charge of the Public Health Engineering Department to make a statement on the subject of commissioning of Pipeline Drinking Water Supply Scheme in Harischandrapur Assembly Constituency Area.

(Attention called by Shri Tajmul Hossain on the 19th November, 2013)

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক তজমুল হোসেন মহাশয় ১৯.১১.২০১৩ তারিখে বিধানসভায় যে দৃষ্টি আকর্ষণী নোটিশ দিয়েছিলেন আমি তার উত্তর জানাচ্ছি।

৪৬ নম্বর হরিশচন্দ্রপুর বিধানসভা কেন্দ্র হরিশচন্দ্রপুর-২ ব্লক এবং হরিশচন্দ্রপুর-১ ব্লকের ভিঙ্গল, হরিশচন্দ্রপুর এবং মহেন্দ্রপুর গ্রাম-পঞ্চায়েত নিয়ে গঠিত। ৪৬ নম্বর বিধানসভা কেন্দ্রের ভূখণ্ড এলাকার মধ্যে ৭টি চলমান নলবাহিত পানীয় জলসরবরাহ প্রকল্পের পরিবর্তে ১৪টি চলমান প্রকল্প রয়েছে। ১ লক্ষ ৯১ হাজার ৯৪০ জন প্রকল্পিত জনগণকে আওতাভুক্ত করার লক্ষে মোট ৩৫ কোটি ৬৫ লক্ষ টাকার মুল্যে প্রকল্পগুলো অনুমোদিত হয়েছিল। ১৪টি এইরূপ চলমান প্রকল্পের মধ্যে ৫টি প্রকল্প ৫৫ হাজার ৩৬ জন প্রকল্পিত জনসাধারণকে আওতাভুক্ত করার লক্ষে ৩১-১-২০১৪-র মধ্যে চালু হয়ে যাবে। আরো ৩৮ লক্ষ ৭৫ হাজার লক্ষ টাকা অনুমিত মুল্যে উক্ত বিধানসভার মধ্যে ৬০টি স্থানীয় উৎস 1 পোঁতার কাজ ২০১৩-র অক্টোবরে যা অনুমোদিত হয়েছে তা ৩১-১২-২০১৩-র মধ্যে সম্পূর্ণ হবে। আর, বাকি ৯টি প্রকল্পই আগামী ৩১-১২-২০১৪-র মধ্যে সম্পূর্ণ হবে।

এছাড়া, উক্ত বিধানসভা কেন্দ্র এলাকায় ৬টি চালু নলবাহিত জলসরবরাহ প্রকল্প এবং ৩ হাজার ২৬২-টি চালু নলকূপ রয়েছে।

এখন ওনার অবগতির জন্য জানাই, যে সমস্ত জায়গায় আমাদের এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে। দৌলতপুর, হরিশচন্দ্রপুর-২তে। যেখানে ২৮ লক্ষ ৪ হাজার ৬০০ টাকা খরচ হবে। দক্ষিণ গৌরীপুর, হরিশচন্দ্রপুর-২, অর্জুনা, হরিশচন্দ্রপুর-২, দহরা, হরিশচন্দ্রপুর-২, মিয়াঘাটি, হরিশচন্দ্রপুর-২, কোনার, হরিশচন্দ্রপুর-১, দক্ষিণ মহেন্দ্রপুর, হরিশচন্দ্রপুর-১, গান্নাডিয়া, হরিশচন্দ্রপুর-১ তালবাঙ্গুরা, হরিশচন্দ্রপুর-২, দৌলতনগর, হরিশচন্দ্রপুর-২, তালসুর, হরিশচন্দ্রপুর-২, মালিপাকর, হরিশচন্দ্রপুর-২, উত্তম কুমেদপুর, হরিশচন্দ্রপুর-২, সাদলিচক্, হরিশচন্দ্রপুর-২ এই সমস্ত জায়গা রেডী হয়ে গেছে। এছাড়া, হরদমনগর, হরিশচন্দ্রপুর-২, ভালুকা-ফতেপুর, হরিশচন্দ্রপুর-২, ভিঙ্গল, হরিশচন্দ্রপুর-১, কুশিধা, হরিশচন্দ্রপুর-১, কারিয়ালি, হরিশচন্দ্রপুর-২, তুলসিহাটা, হরিশচন্দ্রপুর-১ প্রকল্পগুলো গ্রহণ করেছি।

[12.10–12.20 p.m.]

শ্রী তজমুল হোসেন : স্যার, মাননীয় মন্ত্রী বিস্তারিত বলেছেন। উনি যেগুলো যেগুলো বলেছেন সেসব ঠিকই আছে। স্যার, আমার বক্তব্য হচ্ছে উনি পরে যেগুলো বললেন, যেগুলোর কাজ কমপ্লিটের দিকে কিন্তু যে সব কনট্রাক্টররা এখনও পর্যন্ত কাজগুলো বন্ধ করে রেখেছেন, যার ফলে জল পাওয়া যাচ্ছে না। এই জল যাতে তাড়াতাড়ি পাওয়া যায় এবং আমার ওখানে জলের আরো সমস্যা আছে — আমি আপনার সাথে এব্যাপারে বিশদ আলোচনাও করেছি — আমার আরো কয়েকটা নতুন পরিকল্পনা আছে। সেগুলো বাস্তবায়িত করার জন্য আমি আপনাকে অনুরোধ করছি।

শ্রী সুব্রত মুখার্জী : একটা বিধানসভার ক্ষেত্রে আমরা যেসমস্ত উদ্যোগ নিয়েছি — এটা নিশ্চয়ই মাননীয় বিধায়ক এগ্রি করবেন যে, অতীতে এগুলো নেওয়া হয়নি। কিন্তু যদি আরো দরকার হয়, তাহলে উনি লিখে জানাবেন আমি দেখব।

LAYING OF REPORTS

THE 41st ANNUAL REPORT CONTAINING ANNUAL ACCOUNTS, AUDIT REPORT AND COMMENTS OF THE COMPTROLLER AND AUDITOR GENERAL OF INDIA THEREON, OF THE WEST BENGAL DAIRY AND POULTRY DEVELOPMENT CORPORATION LIMITED FOR THE YEAR 2009-2010

Shri Nure Alam Chowdhury : Sir, I beg to lay the 41st Annual Report containing Annual Accounts, Audit Report and Comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Dairy and Poultry Development Corporation Limited for the year 2009-2010.

MENTION CASES

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মধ্য দিয়ে আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সারদায় যারা ক্ষতিগ্রস্ত হয়েছিল, তাদের ক্ষতিপূরণের ব্যবস্থা সরকার পুজোর আগেই শুরু করেছে। সেটা ভালোই। কিন্তু এখনও বহু মানুষ যারা ক্ষতিপূরণের অর্থ পাননি, যারা নিঃস্ব হয়ে গেছে, তাদের সম্পর্কে দ্রুত ব্যবস্থা নিতে আমি অনুরোধ করছি। এবং অনুরোধ করছি যে সারদার এত সম্পত্তি সেই সম্পত্তি বিক্রী করার ব্যাপারে সরকার কতদূর এগিয়েছে সে ব্যাপারটাও কিন্তু আমাদের জানাটা অত্যন্ত জরুরী। কারণ ক্ষতিপূরণের ব্যবস্থা যদি সেখান থেকে হয়, তাহলে সেটা সব দিক দিয়ে অত্যন্ত কাম্য হবে। ফলে এই বিষয়টাও আমি জানানোর জন্য অনুরোধ করছি। এবং যারা অভিযুক্ত তাদের বিরুদ্ধে যে সমস্ত এনকোয়ারি হচ্ছে সে সম্পর্কে কতদূর কি এগিয়েছে এই বিষয়টাও যদি আমরা হাউস থেকে জানতে পারি তাহলে সেটাও জানানোর জন্য আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীকে অনুরোধ করছি।

মিঃ স্পীকার : শ্রী বাসুদেব খাঁ আপনি যে সাবজেক্টটার উপর আজকে কলিং অ্যাটেনশান দিয়েছেন এটা মাননীয়া মুখ্যমন্ত্রী বিস্তারিতভাবে বিধানসভায় গত শুক্রবার উত্তর দিয়ে গেছেন। সুতরাং এটা আমি আর নিলাম না। শ্রী শাহাজাহান চৌধুরী, আপনারও একই— চিট ফান্ড সংক্রান্ত ব্যাপারে, একটু আগে আর একজন করেছিলেন, মাননীয় মন্ত্রী তার উত্তর দিয়েছেন। শাহাজাহান চৌধুরীর কল অ্যাটেনশান যেটা রয়েছে সেই সাবজেক্টটার উপর ডঃ তরুণ কান্তি নস্কর একটু আগেই উল্লেখ করেছেন।

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে চাঁচোল মহকুমা হাসপাতালে একটি মর্গ স্থাপন করার জন্য অনুরোধ জানাচ্ছি, ধন্যবাদ।

শ্রী দিবাকর হাঁসদা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্য সহ জেলা এবং ব্লকের বিভিন্ন অঞ্চল এলাকাতে এবং বিনপুর বিধানসভা বিশেষকরে জঙ্গলমহল এলাকাতে ১০০ দিনের কাজ না থাকার ফলে বেকার শ্রমজীবী মানুষ ভিন রাজ্যে কাজের সন্ধানে যেতে বাধ্য হচ্ছেন। এমন কি ১০০ দিনের কাজ -- এন.আর.ই.জি.এ. প্রকল্পের কোন কাজ নেই এলাকায়। ১০০ দিনের কাজের দাবী জানাচ্ছি। এই সরকার আড়াই বছর হয়ে, এই সরকার আড়াই বছর হওয়ার পরও কোন নতুন ভাতা প্রদান করার কোন ব্যবস্থা করেছেন বলে আমার জানা নেই। যেমন — বার্ধক্য, কৃষি, বিধবা, প্রতিবন্ধী, বৃদ্ধ ভাতা ইত্যাদি। নতুন ভাতা চালু করার জন্য দাবী জানাচ্ছি, ধন্যবাদ।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই কারণে এটা খুব দুর্ভাগ্যের ব্যাপার। আমাদের রাজ্যে ১ লক্ষ শিক্ষকের পদ খালি আছে। তারমধ্যে প্রাথমিক বিদ্যালয়ে ৩৫ হাজার। প্রাথমিক শিক্ষক হতে গেলে যে যোগ্যতা লাগে, আগে লাগতো ১০ ক্লাস, এখন লাগে ১২ ক্লাস। অবাক হয়ে গেলাম যে, ২৫ লক্ষ ছেলে দরখাস্ত করলো, সাড়ে ১৭ লক্ষ ছেলে পরীক্ষা দিল — এরমধ্যে শুধু মাধ্যমিক নয়, এরমধ্যে ডক্টরেট পাশ ছেলে আছে। এরমধ্যে এম.এস.সি., এম.এ..........

মিঃ স্পীকার : মেনশানের স্পিরিটটা নষ্ট হয়ে যাচ্ছে। আজকের কোয়েশ্চেন আওয়ারে এটা নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। উল্লেখ করার জন্য যতটুকু দরকার ততটুকু উল্লেখ করুন।

শ্রী আনিসুর রহমান : এই সাড়ে ১৭ লক্ষ ছেলের মধ্যে মাত্র ১৮ হাজার ছেলেকে আজকে যোগ্য হয়েছে..........

(এই সময় মাইক অফ হয়ে যায়)

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : মাননীয় স্পীকার স্যার, রাজ্য সরকার গণবন্টন ব্যবস্থাকে জনমুখী করতে গমের বদলে আটা দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। গমের চোরা কারবারিদের কেশ স্পর্শ পর্যন্ত করতে পারলেন না। এটা না করে যারা বড় ভেজালদার, পুঁজিবাদীদের ফ্লাওয়ার মিল তাদের দিয়ে আটা তৈরি করে রেশনের মাধ্যমে সরবরাহ করবেন। আজ থেকে যদি আমরা ৩০ বছর আগে দেখি এই আটা খাওয়ার ফলে তারা যক্ষার দিকে অগ্রসর হত। উল্লেখ যেটা সেটা হল, এই আটা গম দিয়ে হবে না, এই আটা বিষ দিয়ে তৈরি হবে। এই আটা তেঁতুলের বীজ দিয়ে তৈরি হবে। এই আটা যে সমস্ত গম ফেলে দেয় সেই সমস্ত গম দিয়ে তৈরি হয়। এই আটা গরুরও অখাদ্য, সেই সমস্ত গম দিয়ে তৈরি হবে। আমি দাবি করছি, আটা যেটা দেওয়া হচ্ছে সেটার বদলে গম যেটা দেওয়া হত সেটাই দেওয়া হোক। এই গম তারা নিজেরা ভেঙ্গে নিজেরা তৈরি করে নেবে।

শ্রী সুনীল কুমার মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের NH 2 জাতীয় সড়ক আছে, সেই জাতীয় সড়কে বুদবুদে By-pass হওয়ার পর বুদবুদের পুরানো রাস্তাটা সেটা কিন্তু খালা-খন্দে ভরে গেছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে গিয়েছিলাম, উনি তখন বলেছিলেন রাস্তাটা যতক্ষণ না PWD -কে transfer করা

হচ্ছে, ততক্ষণ পর্যন্ত রাস্তাটার কিছু করা যাবে না। মন্ত্রী মহাশয় অফিসারকে ডেকে বলাতে রাস্তাটা transfer হয়ে গেছে কিন্তু বর্তমানে অনেকগুলি কলেজ, হাইস্কুল, হাসপাতাল আছে ওখানে। মাঝে মাঝে ছাত্র-ছাত্রীরা দুর্ঘটনার কবলে পড়ছে। এই NH 2 By pass-এর যে পুরানো রাস্তাটা যেটা এখন PWD-তে transfer হয়েছে এই রাস্তাটা যদি অতি অবশ্যই সংস্কার করা না হয় তাহলে কিন্তু দুর্ঘটনার পরিমাণ দিনের পর দিন বেড়ে যাবে। আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করছি, আপনি এই রাস্তাটি PWD-তে transfer করেছেন এবং রাস্তাটিতে যাতে অতি সত্বর কিছু টাকা অনুমোদন করে রাস্তাটির সংস্কার করা যায় তারজন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

[12.20–12.30 p.m.]

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, আপনার মাধ্যমে আমি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় তৃণমূলের সরকারের জমানাতে ব্যাপক হারে কয়লার চোরাকারবার এবং মাফিয়া রাজত্ব বেড়ে গেছে এবং যে সমস্ত আউট সোর্স চলছে যে সমস্ত কোলিয়ারিগুলিতে, সেই সমস্ত কোলিয়ারিগুলিতে বিশেষ করে শোনপুর বাজারী এলাকা, খোট্টাডিহি এলাকা, এই সমস্ত জায়গাগুলোতে ব্যাপকভাবে কয়লা চুরি, রাত্রিবেলা ডাম্পারে ডাম্পারে কয়লা এন. এইচ. সিক্সটি ধরে বেরিয়ে যাচ্ছে। পাণ্ডবেশ্বর থানা, জামুড়িয়া থানা, রাণীগঞ্জ থানা — এই সমস্ত থানাগুলোর সাথে যোগাযোগ করে এই সমস্তগুলো হচ্ছে। এর সাথে একদিকে যেমন মাফিয়া অন্যদিকে তেমনি তৃণমূলের কিছু এলাকার লোকজন এর সাথে যুক্ত রয়েছে। শুধু তাই নয়, কয়েকদিন আগে একজন সাংসদ একটা চিঠি লিখলেন অ্যাডিশনাল চিফ সেক্রেটারীকে যে বাঁকুড়ার মেজিয়া থানার কালিকাপুর গ্রামে, সেখানে সরাসরি ভারী মেশিন দিয়ে কয়লা চুরি করে, কয়লা তুলে সেখানে বিক্রি হচ্ছে। যদি সমস্ত জায়গাতে এইভাবে কয়লার মাফিয়াদের কারবার বাড়তে থাকে, গোটা এলাকাতে, তাহলে আগামী দিনে গোটা এলাকাতে আইন শৃঙ্খলার ভীষণ অবনতি দেখা দেবে। বীরভূম জেলাতে যে ভাবে খুন খারাপি বাড়ছে ঠিক সেইভাবে বাড়বে। আমি সেইজন্য সরকারের কাছে বিষয়টি দেখার জন্য অনুরোধ করব।

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনারা জানেন যে কেন্দ্র ৩৮% ডি.এ. দিয়েছে। আমাদের অনেক রাজ্যসরকারী কর্মচারীরা বিভিন্ন দাবিদাওয়া নিয়ে বিভিন্ন আন্দোলন করছে। এই রকম একটা বিষয় নিয়ে যখন গোটা রাজ্য জুড়ে আন্দোলন সংগঠিত হচ্ছে তার আগের দিন আমাদের মাননীয় অর্থমন্ত্রী সেই সম্পর্কে প্রশ্ন এড়িয়ে গিয়ে বাইরে মিডিয়ায় যে কথা বললেন তার পরবর্তীতে এসে মাননীয়া মুখ্যমন্ত্রী এই বিধানসভায় ৬% ডি.এ. ঘোষণা করলেন এবং বললেন রাজ্য মডেল হিসাবে চিহ্নিত হবে। তাহলে কি আমরা — রাজ্য কেন্দ্রের থেকে আলাদা এবং কেন্দ্র যে ৩৮% ডি.এ. দিয়েছে তাহলে এই ৬% ডি.এ., রাজ্য সরকারী কর্মচারীরা ভিক্ষার পাত্র হিসাবে কি এখানে ধরছে — না, তাদের ন্যায্য দাবিদাওয়া, জিনিসপত্রের দাম যেভাবে বাড়ছে, যেভাবে দ্রব্যমূল্য বৃদ্ধি পাচ্ছে, তাদের ন্যায্য পাওনা ...

(এই সময়ে মাইক অফ হয়ে যায়।)

মিঃ স্পীকার : দেখুন, আমি একটা কথা বলি। আপনারা মেনশান করার নাম করে একটা বক্তৃতা করতে আরম্ভ করেন। মেনশান করুন আপনি। আপনি মেনশান করার নাম করে বক্তৃতা করছেন। মেনশান করার স্পিরিটটাই নষ্ট হয়ে যাচ্ছে।

(গোলমাল)

শ্রী অশোক রায় : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি পঞ্চায়েত দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। গত পঞ্চায়েত নির্বাচনে শাসক দলের দুষ্কৃতীরা যে উদ্দাম নৃত্য করেছে, সেখান থেকে আমার বিধানসভা এলাকা বাদ যায়নি। এমনকি কর্মকর্তা নির্বাচনের দিনেও তারা যেভাবে বন্দুক, পিস্তল, আগ্নেয়াস্ত্র নিয়ে যেভাবে আক্রমণ করেছে, আমাদের বিরোধী দলের সদস্যদের পঞ্চায়েতে যেতে দেয়নি, ঝিকড্ডা পঞ্চায়েতে। তাই আপনার মাধ্যমে পঞ্চায়েত দপ্তরের কাছে অনুরোধ করছি অবিলম্বে ওই ঝিকড্ডা পঞ্চায়েতে পুনর্নির্বাচন করা হোক এবং দুষ্কৃতীকারীদের অবিলম্বে শাস্তি দেওয়া হোক। তাছাড়া এই সমস্ত বিষয় আপনার জেলা প্রশাসনের সমস্ত স্তরে জানিয়েও অদ্যাবধি কোন ফল পাই নি। সুতরাং অবিলম্বে এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি পঞ্চায়েত দপ্তরকে অনুরোধ করছি।

শ্রী শেখ আমজাদ হোসেন : স্যার, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, গোটা পশ্চিমবাংলায় গুরুতর সমস্যা। স্যার, রাজ্য সরকারের আকাশকুসুম যে ভাবনা, কন্যাশ্রী প্রকল্প রাজ্যজুড়ে হতশ্রীতে পরিণত হয়েছে। স্যার, এক একটা ব্লকে, এক একটা ব্লকে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, মাদ্রাসা, হাই মাদ্রাসা মিলিয়ে গড়ে ৪০-৪৫ টি এই রকম মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক স্কুল-মাদ্রাসা আছে। সেখানে দাঁড়িয়ে গড়ে ব্লকগুলোতে এখনও পর্যন্ত কোথাও কোথাও সর্বোচ্চ চার থেকে পাঁচটি বিদ্যালয়ে কোথাও ১০%, মোট ছাত্রীর ১০%, কোথাও মোট ছাত্রীর ৫% — তাদেরকে কন্যাশ্রী প্রকল্পের ফর্ম দেওয়া হয়েছে। স্যার, এই কন্যাশ্রী প্রকল্পের কি ভবিষ্যৎ — এই কন্যাশ্রী প্রকল্পে যা নীতি ঘোষণা করা হয়েছে, সেই ফর্ম তারা কোথা থেকে পাবে, এই নিয়ে নানা রকমের জটিলতা তৈরি হয়েছে। ৫০ টাকা, ৭৫ টাকা পর্যন্ত দিয়ে নেট থেকে ফর্ম নিচ্ছে তারা, অথচ পাচ্ছে না। স্যার, স্কুল থেকে যারা ফর্ম পাচ্ছে তাদেরটা হবে। এটা রাজ্যসরকার যদি দয়া করে দৈনিক সংবাদপত্রগুলোতে বিজ্ঞপ্তি জারি করে তাহলে গোটা পশ্চিমবাংলার এই অভিভাবক - অভিভাবিকারা এবং ছাত্রীরা — যাদেরকে 'কন্যাশ্রী' দেওয়ার কথা বলা হচ্ছে তারা বাঁচবে এবং প্রকৃতভাবে পাবে, তারা হতশ্রী হবে না।

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে ওয়াটার রিসোর্স ডিপার্টমেন্টের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, পাথরপ্রতিমা ব্লকে নোনাজল পুষ্ট নদী রয়েছে এবং অনেক খাস খাল থেকে গিয়েছে। সেই খাসখালগুলি যদি আমরা খনন করতে পারি তাহলে মাননীয়া মুখ্যমন্ত্রী এই যে 'জল ধরো জল ভরো' প্রকল্পের কথা ঘোষণা করেছেন সেটাকে আমরা অনেক কার্যকরী করতে পারি এবং কৃষক ভাইয়েরা দোফসলী ফসল উৎপাদন করতে পারে। সেই কারণের জন্য বহুসংখ্যক যে ভেস্ট খাল থেকে গিয়েছে সরলদা থেকে আরম্ভ করে

পদ্মপুকুর খাল থেকে আরম্ভ করে অনেক খাল রয়েছে, সেই খালগুলিকে অনতিবিলম্বে খনন করার জন্য দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী ধীরেন বাগদী : স্যার আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পরিবেশ দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের বীরভূম জেলায় — বিশেষকরে মহম্মদ বাজার, রামপুরহাট (১), নলহাটি এবং মোরারোয় প্রচুর খাদান এবং পাথর কল রয়েছে এবং পাথরের সঙ্গে সিলিকন জাতীয় জিনিস থাকে। প্রতিনিয়ত সেখানে পাথর ভাঙার ফলে তার ডাস্ট ঐ এলাকার শ্রমিকদের এবং এলাকার অধিবাসীদের আক্রান্ত করছে ফলে তারা নানাভাবে বিভিন্ন অসুখে আক্রান্ত হচ্ছে। এক্ষেত্রে উল্লেখ করা যায় যে, আমাদের এখানে মিনাখাঁর শ্রমিকরা আসানসোলে পাথরের কাজ করতে গিয়ে সিলিকোসিস রোগে আক্রান্ত হয়ে ৭ জন মারা গেল। ওখানেও বিভিন্নভাবে শ্রমিকরা অসুস্থ হচ্ছে, টিবি রোগে আক্রান্ত হচ্ছে। কিন্তু তারা টিবি রোগেই আক্রান্ত হচ্ছে, নাকি সিলিকোসিস রোগে আক্রান্ত হচ্ছে সেটা বোঝা যাচ্ছে না। এইজন অতি সত্বর পরিবেশ দপ্তর থেকে ঐ শিল্পাঞ্চলে পরিবেশ দূষণ প্রতিরোধ যাতে করা হয় তারজন্য দাবি করছি।

শ্রী কে.পি.সিং দেও : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আমি পশু পালন দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা লাগোয়া পুরুলিয়া জেলার মানভূম ডেয়ারী ডেভেলপমেন্ট কো-অপারেটিভ আছে। সেখানে প্রাল ৯০০ ফার্মার গোপালন করে ওখানে চিলিং প্লান্টে দুধ বিক্রী করে। এর ক্যাপাসিটি হচ্ছে ৫০০০ লিটার কিন্তু প্রতিদিন কালেকশান হয় ৪০০ লিটারের মত। তার কারণ বাজারে দুধের রেট হচ্ছে ২৮ থেকে ৩২ টাকা। আর এই কো-অপারেটিভে কেনা হচ্ছে ১৯ টাকায়। ফলে এটার দাম যদি না বাড়াই তাহলে ৯০০ ফার্মার যারা গোপালন করছেন, তাদের লোকসান হবে এবং এটা বন্ধ হয়ে যাবে। তাই মাননীয় মন্ত্রীকে আমি অনুরোধ করছি যে, কম করে ১০ টাকা রেট বাড়িয়ে দিন যাতে ব্রেক ইভেন পয়েন্ট যেটা ১২০০ লিটার প্রতিদিন দরকার চালাবার জন্য, সেটা যদি করা হয় তাহলে এই ৯০০ পরিবার বেঁচে যাবে এবং ১০০ কোটি টাকার প্রোজেক্ট সেই প্রোজেক্টটাও বেঁচে যায়। তাই আমার বিশেষ অনুরোধ যাতে এটাকে সুস্থভাবে চালানো যায় তার একমাত্র উপায় হচ্ছে এই দুধের দামটা বাড়িয়ে দেওয়া। তাই এই বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

ZERO HOUR

শ্রী শাহাজাহান চৌধুরী — মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আমি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ডি.এ. নিয়ে ১৯ তারিখে যে স্টেটমেন্ট উনি এখানে দিয়েছেন — বাসুদেব খাঁর প্রশ্নের উত্তরে উনি লিখিতভাবে জানিয়েছেন ডি.এ. আগেই দিয়ে দেওয়া হয়েছে। কিন্তু মাননীয়া মুখ্যমন্ত্রী এখানে ৬% ডি.এ. ঘোষণা করলেন। আমরা এখানে জানতে চাইছি যে, সত্যটা আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বলছেন, না আমাদের অর্থমন্ত্রী বলছেন? স্বাভাবিকভাবেই এখানে মুখ্যমন্ত্রীর বক্তব্যে দেখা যাচ্ছে রাজ্যের মোট আয় ১ লক্ষ ১০ হাজার কোটি টাকা, ঋণের সুদ বাবদ ২৮ হাজার কোটি টাকা, সরকারী কর্মচারী ও শিক্ষকদের বেতন ও পেনশানের জন্য ৪২ হাজার কোটি টাকা

দরকার। তারপরেও হাতে থাকে ৪০ হাজার কোটি টাকা। যদি কেন্দ্রীয় হারে দেওয়া যায় তাহলে জানুয়ারীতে গিয়ে ৪৯ এ দাঁড়াবে — ৩৮ এবং ১১।

[12.30–1.15 p.m.] (Including Recess)

তাহলে ১ পার্সেন্টি ডি.এ. -এর জন্য ২৫ কোটি টাকা যদি দিতে হয় তাহলে মোট খরচ হবে ১ হাজার ৭৫ কোটি টাকা। তারপরেও ৪৮ হাজার ৯২৫ কোটি টাকা রাজ্য সরকারের হাতে থাকবে। তাহলে আর্থিক সঙ্কট বলা হচ্ছে কোন অজুহাতে। স্বাভাবিক ভাবেই রাজ্য সরকারী কর্মচারীদের মহার্ঘভাতা দেওয়ার জন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের রাজ্য আলু উৎপাদনে দ্বিতীয় ভারতবর্ষের মধ্যে। এটা আমরা জানি পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের আমলেই এই সাফল্য পাওয়া গিয়াছে! আমরা এটাও জানি যে ৫ শতাংশ হারে আলু সরকার রাখেন। আজকে প্রশ্ন দেখা দিয়েছে সেই আলু কোথায় গেল। সেই আলু আজকে খুঁজে পাওয়া যাচ্ছে না! বাজারে যখন আলু ৮ টাকা দর, তখন সরকার থেকে বেঁধে আলু ১৩ টাকা করে দেওয়া হল। এটা কেন হল আমরা বুঝতে পারছি না। এই আলু নিয়ে যে সঙ্কট দেখা দিল তাতে আমাদের মনে একটা প্রশ্ন দেখা দিচ্ছে। যখন সেবি চিট ফান্ডগুলোর উপর নজরদারি বাড়িয়েছে, উৎসব মরসুমে ভাটা পড়ছে স্পনর্সডসিপে, সে সময় কি এদের টাকা জোগান দেওয়ার জন্য সরকারের পক্ষ থেকে এই আলুর দম ১৩ টাকা করে দেওয়া হল? সরকারকে বাঁচাবার জন্যে, স্পনর্সডসিপ দেওয়ার জন্যে — আমাদের প্রশ্ন এইখানে। আমরা দাবি করছি সেটা হচ্ছে এই যে সরকার এই ভাবে, যখন আলুর দর নীচে তখন সরকার দাম বেঁধে দিয়ে জিনিসের দাম যাতে বাড়িয়ে না দিতে পারে।

শ্রী রঞ্জিত কুমার মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে এই, মাননীয়া মুখ্যমন্ত্রী সেদিন এই সদনে দাঁড়িয়ে তিনি গণতন্ত্র শব্দটির উপর খুব জোর দিয়েছেন। আমরা সেই বক্তব্য শুনে খুশি হয়েছি। কিন্তু আজকে বহুল প্রচারিত সংবাদ পত্রে বেরিয়েছে গতকাল হালিশহরে বাম পরিচালিত পৌর বোর্ড দখল করবার জন্য ১০ জন পৌর কমিশনারের বাড়ি এক সাথে আক্রমণ করা হয়েছে। বাহিনী এক সঙ্গে এই আক্রমণ সংগঠিত করেছে। তাদেরকে বলে দেওয়া হয়েছে যে ২৪ ঘন্টার মধ্যে যদি বোর্ড থেকে পদত্যাগ না করে তাহলে তাদের জীবন বিপন্ন হবে। এই বিষয়ে বিভিন্ন সংবাদপত্রে বেরিয়েছে ওই এলাকার স্থানীয় বিধায়কের নামও জড়িয়ে যাচ্ছে। আমি আবেদন করব — গত ২২ তারিখে নির্বাচন হল একটা প্রহসন, হাওড়ার মেয়র মমতা জয়সওয়াল আক্রান্ত হলেন, বিধাননগর পৌর নির্বাচনে একজন কর্মী রক্তাক্ত হয়ে জখম হল, সমস্ত সংবাদ পত্রে বেরলো। এই জন্য সরকারের দেখা দরকার যে, যারা নির্বাচিত হয়েছেন সেই পৌর বোর্ডগুলি বা পঞ্চায়েতগুলি দখল করার জন্যে যে হীন চক্রান্ত বা ষড়যন্ত্রমূলক আচরণ চলছে, সরকারের ভাবমূর্তি রক্ষা করার জন্যে এগুলি থেকে বিরত থাকা দরকার। এবং দুঃখের বিষয় হলেও সত্যি যে সরকারের কিছু গুরুত্বপূর্ণ নেতা, কিছু পদাধিকারিক এগুলোতে মদত দিচ্ছেন। যার ফলে গণতন্ত্র বিপন্ন হচ্ছে। এবং আগামী দিনে সুষ্ঠু

ভাবে গণতান্ত্রিক পদ্ধতিতে আদৌ নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করা যাবে কি না, না সবটা প্রহসনে পরিণত হবে, এই জিজ্ঞাসা চিহ্ন আজকে মানুষের সামনে এসেছে। আমি আশা করব সরকার এগুলিকে প্রশ্রয় না দিয়ে সম্পূর্ণ ভাবে দলীয় স্বার্থের ঊর্ধ্বে দাঁড়িয়ে গণতান্ত্রিক ব্যবস্থা যাতে মজবুত থাকে এবং যারা নির্বাচিত হয়েছে, ভোটে না জিতেও সেগুলোর দখল করার যে অপকৌশল, তা থেকে বিরত থাকে। আশা করব সরকার সেই দৃষ্টিভঙ্গি গ্রহণ করবেন।

[1.15–1.20 p.m.]

LEGISLATION

The West Bengal University of Health Sciences (Amendment) Bill, 2013

Smt. Chandrima Bhattacharya : Sir, I beg to introduce The West Bengal University of Health Sciences (Amendment) Bill, 2013.

(Secretary then read the Title of the Bill)

Smt. Chandrima Bhattacharya : Sir, I beg to move that The West Bengal University of Health Sciences (Amendment) Bill, 2013 be taken into consideration.

শ্রী মনোরঞ্জন পাত্র : মিঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে বলতে চাই, এখানে The West Bengal University of Health Sciences (Amendment) Bill, 2013 যেটা এসেছে, আমি প্রথমেই বলতে চাই যে, এই বিলটা আনবার এত প্রয়োজন হ'ল কেন? ২০০২ সালের যে অ্যাক্ট, এখানে যে দুটো মূল ধারা আছে Section 32 এবং Section 33 সেখানে V.C., Pro- V.C. নিয়োগ করার ব্যাপারে সুনির্দিষ্ট ভাবে একটা রেগুলেশন অনুযায়ী সেখানে যে Executive Council, তারা একটা autonomous body, তাদের হাতে সেইসমস্ত ক্ষমতাগুলো দেওয়া আছে। খুব মজার ব্যাপার স্যার, এই যে Amendment Bill, তার যে Statement of Objects and Reasons, তাতে বলা হয়েছে certain practical difficulties। কিন্তু এই certain practical difficulties গুলো কি, সেইগুলো কিন্তু Amendment Bill এর মধ্যে বলা নেই। এখন কথাটা হচ্ছে যে, সরকার শিক্ষার বিভিন্ন অঙ্গনে গণতান্ত্রিক যে প্রক্রিয়া পদ্ধতি আছে, সেটাকে ধ্বংস করে দিয়ে প্রত্যেকটা ক্ষেত্রে যে ভাবে দলতন্ত্র কায়েম করতে চাইছে এখানেও সেই উদ্দেশ্য নিয়েই এই বিলটা আনা হয়েছে। একেবারে সুনির্দিষ্ট ভাবেই এটা হচ্ছে। আগে V.C. বা Pro- V.C.-এর ক্ষেত্রে ইচ্ছা মত কাউকে নিয়োগ করার কোন ব্যাপার-ট্যাপার ছিল না। সেখানে যে নির্বাচিত Executive Council, এটা তো ইলেকটেড, তারা proposal তৈরী করত এবং Chancellor অর্থাৎ আচার্যের কাছে যেত, আচার্য সেটা তার অনুমোদন দিত। Pro- V.C.-এর ক্ষেত্রেও ঠিক এরকম একটা নিয়ম টিয়ম ইত্যাদি বিষয় ছিল। তার সঙ্গে এই বিলের মূল যে দুটো বিষয়, Section 32 এবং Section 33, একটা

নিয়োগ সংক্রান্ত ব্যাপার, একটা অপসারণ করার ব্যাপার। নিয়োগ সংক্রান্ত ব্যাপারে পরিষ্কার ভাবে একটা Search Committee-র কথা উল্লেখ করা আছে। এই Search Committee-তে কে কে থাকবে? A nominee of Chancellor, who will be the Chairperson of the Committee. President, West Bengal Medical Council, one nominee of the Government, Chairman, West Bengal State Council of Higher Education Principal Secretary, Department of Health and Family Welfare, Government of West Bengal.

[1.20–1.30 p.m.]

এখন হচ্ছে চ্যান্সেলরের একজন প্রতিনিধি ছাড়া বাকি যে চারজন এই চারজনই হচ্ছে গভর্নমেন্টের লোক। এরা যে ভাবে প্যানেলটা তৈরী করে দেবে ঠিক সেই ভাবেই সেই প্যানেলটা অনুমোদিত হবে। আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করতে চাইছি যে, ধরুন প্রেসিডেন্ট ওয়েস্ট বেঙ্গল কাউন্সিল আপনাদের বিলে অপসারণের ক্ষেত্রে কতগুলো জায়গা বলা আছে পলিটিক্যাল ইত্যাদি, আজকাল সকলেই কোন না কোন মতাদর্শে বিশ্বাস করে কিন্তু তার ক্ষেত্রগুলোতে তার কাজের ধারার মধ্যে দিয়ে সেটা প্রমাণ করতে হবে তিনি কি রাজনীতি করেন। কথা হচ্ছে যে এখানে আপনি যে সার্চ কমিটি করেছেন এতো পলিটিক্যাল লোক। যিনি প্রেসিডেন্ট ওয়েস্ট বেঙ্গল মেডিকেল কাউন্সিলের তিনি তো পলিটিক্যাল লোক। আমি সেটা বাদ দিয়েও বলি যে ওয়ান নমিনি অব দি গভর্নমেন্ট। গভর্নমেন্ট যাকে খুশী তাকে নমিনি করতে পারে। সেজন্য আমার বক্তব্য হচ্ছে যে আপনি এই যে সার্চ কমিটি তৈরী করছেন, এই সার্চ কমিটিতে আপনি এমন ধরনের লোকজনদের রাখুন চিকিৎসা বিজ্ঞানের ক্ষেত্রে বা চিকিৎসা শাস্ত্রের ক্ষেত্রে যারা দিক্‌পাল। একটা যে আইন ছিল সেটা কোন গ্রাউন্ডে সেই ধরনের সমস্ত লোকজনদের বাদ দিয়ে একেবারে, একটা লোককে বাদ দিয়ে সরকারের চারটে লোককে নিয়ে একটা মনোনীত, পছন্দমতো লোককে বসানোর জন্য এই সমস্ত বিষয়গুলো আনা হচ্ছে। সবচেয়ে বড় কথা হচ্ছে যে, এখানে যে একজিকিউটিভ কাউন্সিল সেই কাউন্সিলের যে স্বাধিকার সেটাকেও নষ্ট করে দেওয়া হচ্ছে। একটা অটোনামাস্ বডি যারা নির্বাচিত বডি সেটাকে নষ্ট করে দিয়ে সার্চ কমিটির নামে এখানে গণতন্ত্রকে ধ্বংস করে একেবারে দলতন্ত্রকে কায়েম করার জন্য এই বিলটা আনা হয়েছে। ভিসির ক্ষেত্রে হল এই। অনুরূপভাবে প্রো-ভিসির ক্ষেত্রে কি বলা আছে। পরিষ্কারভাবে বলা আছে যে সেখানে যদিও সার্চ কমিটির একটা ব্যাপার আছে। কিছু লোকজনের মতামতের ব্যাপার আছে। সেখানে কোন ধরনের কমিটির কোন কারবার নেই। একেবারে মন্ত্রীর সঙ্গে আলোচনা করে সেখানে তিনজন যে প্রো-ভিসি নিয়োগ করা হবে তদের প্যানেল তৈরী হবে। অর্থাৎ সম্পূর্ণভাবে অগণতান্ত্রিক স্বৈরাচারী নীতি প্রয়োগ করার জন্য, প্রো-ভিসি করার জন্য সরাসরিভাবে মন্ত্রী তাদের প্যানেল তৈরী করবেন। অর্থাৎ পশ্চিমবাংলার শিক্ষাজগতে, শিক্ষার অঙ্গনে এতবড় ধরনের কলঙ্ক এর আগে কখনো দেখা যায়নি। সেটাই করার চেষ্টা করা হচ্ছে। অর্থাৎ এই যে হেলথ্ ইউনিভার্সিটি এটা যখন ২০০২ সালে তৈরী হয় সেখানে কোন ধরনের ইনটারফিয়ারেন্স না থাকে একটা অটোনমাস বডি সেখানে কাজ করতে পারে এই ধরনের একটা প্রক্রিয়ার মধ্যে দিয়ে একটা গণতান্ত্রিক ব্যবস্থার মধ্যে দিয়ে চলতে পারে সেই সমস্ত

বিষয়গুলো ছিল। সেই সমস্তগুলোকে নস্যাৎ করে দিয়ে মূলত বিলটার যে দুটো ব্যাপার সেটা হচ্ছে — ৩২ এবং ৩৩ এর মধ্যে দিয়ে ভিসি, প্রো-ভিসি তাদের নিয়োগ করা এবং তাদের অপসারণ করা। এছাড়া অন্য কিছুই বিষয়টার মধ্যে নেই। এখানে উল্লেখ করার মত বিষয় হচ্ছে যখন এই বিলটা পাশ হয়ে যাবে আইনে পরিণত হবে, ধরুন কোন একজন ভিসির মেয়াদ আছে তিন বছরের জন্য। যখন এটা কার্যকরী হয়ে যাবে তিনি তার টার্মটাকে পূর্ণ করতে পারবেন না তার আগেই তাকে চলে যেতে হবে। এটা কেমন ধরনের গণতান্ত্রিক ব্যবস্থা! যেখানে তার তিন বছর কাজ করার সুযোগ আছে সেখানে এই বিলে এমন ধরনের ব্যবস্থা করা হচ্ছে এটা কার্যকরী হওয়ার পরেই তাকে সেখানে থেকে চলে যেতে হবে। সেই জন্য আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব যে এই সমস্ত বিষয়গুলোকে চিন্তাভাবনা করে সত্যিকারের হেলথ্ ইউনিভার্সিটি আমাদের রাজ্যের একটা গর্ব। সেটা পরিচালনা করার ব্যাপারে আমাদের রাজ্যের এবং আপনারা প্রেসিডেন্সীর ক্ষেত্রে যেমন করেছিলেন। এইরকম বিশিষ্ট ব্যক্তি, দিক্‌পাল, বিশেষজ্ঞ ব্যক্তি, স্বাস্থ্যবিজ্ঞানের ক্ষেত্রে যাঁরা আছেন, সেই সব লোকদের নিয়ে সত্যিকারের যদি এটার উন্নতি করতে চান, এবং শিক্ষা ও স্বাস্থ্যের ক্ষেত্রে যে সমস্ত সমস্যাগুলি আছে, তার থেকে যদি উত্তরণ ঘটাতে চান, তাহলে এই ধরনের লোকদের মর্যাদা দেওয়া উচিত এবং তাদেরকে এই সমস্ত জায়গাতে যুক্ত করার দরকার আছে বলে আমি মনে করি। আর একটা বিষয় উল্লেখ করতে চাই — যখন ভিসি কিংবা প্রো ভিসি, তারা কোন কারণে অসুস্থ হলেন কিংবা কাজ করতে পারলেন না, সেখানে কে এই চার্জ নেবেন। সাধারণভাবে চ্যান্সেলর, ভাইস চ্যান্সেলারের ক্ষেত্রে সেখানে রেজিস্ট্রারের চার্জ নেওয়া উচিত। এখন এই ব্যাপারগুলি এই সমস্ত বিলের কোথাও উল্লেখ নেই। অর্থাৎ কে চার্জ নেবেন, তার কোয়ালিটি কি হবে, ইত্যাদি বিষয়গুলি কোন ক্ষেত্রেই বিলের মধ্যে উল্লেখ নেই। সেই কারণে আমি মনে করছি এই বিলটি অগণতান্ত্রিক একটি বিল। মাননীয়া মন্ত্রী এই ব্যাপারটি চিন্তা করে দেখুন যে সত্যিকারের একটা হেলথ্ ইউনিভার্সিটি, সেটাকে পরিচালনা করতে গেলে যে কোয়ালিটি এবং তার উৎকর্ষতা বৃদ্ধি করতে গেলে এটা কনসিডার করা যায় কিনা। দ্বিতীয় কথা হল — নিয়োগের পরে যদি সরকারের মনে হয় যে, তার অঙ্গুলিহেলনে চলছে না — এট সবসময় নাও হতে পারে — এখন কথা হচ্ছে তাকে খুব সহজে যাতে সরিয়ে দিতে পারেন, সেই ধরনের প্রভিশন এই সমস্ত বিলের মধ্যে রয়েছে। সেই জন্য স্বাভাবিক কারণে আমি মাননীয়া মন্ত্রীকে বলব যে, হেলথ্ ইউনিভার্সিটির মত একটা বিল যেটা আমাদের রাজ্যের গর্ব, তার উৎকর্ষ সাধনের জন্য একেবারে গণতন্ত্রকে সামনে রেখে গণতান্ত্রিক প্রক্রিয়ার মধ্য দিয়ে সেটা যাতে চলতে পারে, সেই ধরনের একটা ব্যবস্থা করা উচিত। আপনি যে সমস্ত বিষয়গুলি বলেছেন, সেগুলিকে কনসিডারেশনের মধ্যে রাখবেন। আর তার সঙ্গে কয়েকটি অ্যামেন্ডমেন্ট এনেছি, আমি এই বিলের সম্পূর্ণভাবে বিরোধিতা করছি, এবং আমি যে সমস্ত অ্যামেন্ডমেন্টগুলি এনেছি তাকে সমর্থন করে আমি আমার আলোচনা এখানেই শেষ করছি।

ডাঃ সুদীপ্ত রায় : স্যার, দ্য ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ হেলথ সায়েন্স অ্যামেন্ডমেন্ট বিল ২০১৩ — এতে বলার সুযোগ দেওয়ার জন্য আমি আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং প্রথমেই আমি ধন্যবাদ জানাচ্ছি মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়কে যিনি আমাদের স্বাস্থ্যেরও ইনচার্জ। তার কারণ হচ্ছে যে বিগত সরকারের আমলে গণতন্ত্রকে যেভাবে অবলুপ্ত করে

রাখা হয়েছিল, বিশেষতঃ হেলথ্ ইউনিভার্সিটিকে এবং হেলথ ইউনিভার্সিটির কার্যকলাপকে, যেভাবে সাধারণ চিকিৎসক বা মেডিকেল ছাত্ররা তারা জানতে পারত না, সেই রাস্তাটিকে গণতান্ত্রিক পথে যাতে নিয়ে আসা যায়, তারজন্য মাননীয়া মুখ্যমন্ত্রীর যে প্রয়াস, সেই প্রয়াসটিকে আমি আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। আরও অভিনন্দন জানাচ্ছি এই কারণে যে বিগত আড়াই বছরে মাননীয় মুখ্যমন্ত্রী হাসপাতালে এবং বিভিন্ন মেডিকেল কলেজগুলিতে কাজের পরিবেশ নিয়ে আসতে পেরেছেন। চিকিৎসক থেকে শুরু করে স্বাস্থ্য কর্মী তাদের প্রত্যেকটি মানুষই তাদের কাজ করবার চেষ্টা করছেন। এর আগে ছিল মেডিক্যাল শিক্ষকরা আসতেন, তারা এসে তাদের অফিসে বসতেন, তারা আবার চলে যেতেন। আবার যারা ইউনিভার্সিটিতে ছিলেন, তারা একই ব্যক্তি। সেই রাজনৈতিক ব্যক্তিত্বরাই গিয়ে ইউনিভার্সিটি চালাতেন। এবং সেই ব্যাপারটিই বিগত প্রায় ৩৪ বছর ধরে এরা করে এসেছিলেন। মাননীয় মুখ্যমন্ত্রী আসার পর পশ্চিমবাংলায় ২০১১ থেকে ২০১৩ সাল পর্যন্ত চারটি নতুন মেডিকেল কলেজ হয়েছে।

[1.30–1.40 p.m.]

কল্যাণীতে নতুন মেডিকেল কলেজ হয়েছে, মুর্শিদাবাদে হয়েছে, মালদায় হয়েছে, কামারহাটিতে সাগর দত্ত হাসপাতাল হয়েছে। ৪টে নতুন মেডিকেল কলেজ হয়েছে এবং আরও ৪, ৫টা মেডিকেল কলেজ হবার জন্য রাস্তা তৈরী হচ্ছে। আমাদের এই সরকারের যেটা উদ্দেশ্য তা হলো প্রত্যেকটা জেলায় একটা করে মেডিকেল কলেজ স্থাপন করা এবং সেই লক্ষে আমাদের মুখ্যমন্ত্রী এগোচ্ছেন। আর, এম.বি.বি.এসে ভর্তির সীট — আপনারা জানেন যে এম.বি.বি.এসে পড়ার জন্য, ভর্তির জন্য এ রাজ্য থেকে প্রত্যেক বছরে ব্যাঙ্গালোর এবং সাউথ ইন্ডিয়া এবং অন্যান্য জায়গায় ছাত্ররা চলে যায়। সেই এম.বি.বি.এসের সীট বেড়ে এখন প্রায় ২ হাজারের মতো হয়েছে, পোষ্ট গ্র্যাজুয়েটের সীট বেড়েছে। আপনিতো জানেন, আপনি হেলথের চেয়ারম্যান ছিলেন এক সময়। বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রতে প্রায় ১০ হাজার সীট বেড়েছে প্রায় ২ বছরে এবং অন্যান্য আরও অনেক ডেভালপমেন্টের কাজ হয়েছে। যাই হোক মাননীয়া মুখ্যমন্ত্রী যে সংশোধনী বিল এনেছেন সেই বিল প্রসঙ্গে ফিরে আসছি, এই বিলটি ২০০২ সালের বিল, এই বিলে একজন Vice-Chancellor এবং তিন জন Pro Vice-Chancellor থাকবেন। এরা কারা? একজন Pro Vice-Chancellor হচ্ছেন মেডিকেল, একজন হচ্ছে আয়ুর্বেদিক এবং একজন হচ্ছেন ডেন্টাল। একজন আয়ুসের, একজন ডেন্টালের এবং একজন মডার্ন সিসটেম অফ মেডিসিন। এই তিনজন Pro Vice-Chancellor। এরা কারা হবেন তার যে ক্রাইটেরিয়া ছিল যে, যে কোন Post Graduate ডিগ্রিধারী medical eminent personality, তাদেরকে এই Vice Chancellor বা Pro Vice-Chancellor চেয়ারে বসানো হবে। কারা সিলেকশান করবেন? ২০০২ সালে যে অ্যামেন্ডমেন্ট ছিল সেখানে সিলেকশান করবেন একটা Internal Committee এবং একটা Executive Council। তখন তারা সিলেকশান করতেন। তার পরে সেই ফাইলটা যেত রাজ্যপালের কাছে এবং রাজ্যপালের সাইন হয়ে সেটা ফিরে আসতো। বর্তমান বিলে যেটা দেখা যাচ্ছে মুল Section 32 -এর আগেরটায় লেখা আছে The Vice-

Chancellor of the University shall be appointed by the Executve. কিন্তু বর্তমানেরটায় লেখা আছে The Vice-Chancellor shall be appointed from the persons of the highest level of competence, integrity, morals and institutional commitment. তাঁকে ভালো শিক্ষক হতে হবে, এবং তার moral ভালো থাকবে, competence থাকবে হাইয়েষ্ট লেভেলে। The Vice-Chancellor shall be a distinguished academic with a minimum of ten years - ১০ বছরের তাঁকে শিক্ষক হতে হবে - experience in a medical education system of which at least five years shall be as professor or ten years of experience in a reputed research or academic administrative organization of which at least five years shall be in an equivalent position of a professor. শুধু প্রফেসর হলে হবে না, আগের বিলে যেটা ছিল তার সঙ্গে আরও অনেকগুলি ক্রাইটেরিয়া যুক্ত করা হয়েছে। সেই ক্রাইটেরিয়া অনুযায়ী সিলেকশান হবে। সেই সিলেকশান করবে কারা? সার্চ কমিটি, এই সার্চ কমিটিতে ইউনিভার্সিটির কোন লোক থাকতে পারবে না। The Vice-Chancellor shall be appointed by the Chancellor in consultation with the Minister of Government from a panel of not less than three persons - তিন জনের একটা প্যানেল - recommended in order of preference. তার মানে হচ্ছে তিন জন Vice-Chancellor-এর নাম Panel of Search Committee তাঁরা ঠিক করে দেবে। তাঁদের থেকে Chancellor একজনকে Vice-Chancellor করবেন। Search Committee-তে কারা থাকবেন? Nominee from Chancellor, President, West Bengal Medical Council. স্যার, আপনি শুনলে আনন্দ পাবেন এই সভার প্রায় ১২ জন ডাক্তার নির্বাচিত হয়ে এসেছেন, ও পাশ থেকে একজনও ডাক্তার নেই স্যার। কিন্তু আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী ১২ জন ডাক্তারকে নমিনেশান দিয়ে জিতিয়ে নিয়ে এসেছেন এবং সেই ডাক্তারদের মধ্যে দুজন মন্ত্রীও আছেন স্যার। জঙ্গলমহলের যিনি মন্ত্রী তিনি আছেন, তিনি একজন ভালো চিকিৎসক ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার আছেন, আর একজন হচ্ছেন ডাঃ নির্মল মাজি, তিনি ওয়েস্ট বেঙ্গল মেডিকেল কাউন্সিলের প্রেসিডেন্ট, আমিও একজন মেডিকেল কাউন্সিলের সদস্য এবং বর্তমানে আমি এম.সি.আই.-এরও সদস্য। আমি এটুকু এখানে বলতে পারি যে, নির্বাচন হয়েছিল এবং যে নির্বাচনে আমরা যেখানে ১১ হাজার, ১২ হাজার ভোট পেয়েছি সেখানে বামপন্থী বন্ধুরা, তারা ২ হাজারও ক্রস করতে পারেননি। ২ হাজারের কম ভোট পেয়েছে চিকিৎসকদের মধ্যে থেকে। এবং চিকিৎসকদের থেকে এই বামপন্থীরা একেবারে বিচ্ছিন্ন। আজকে নির্মল মাজি রয়েছেন, এরপরে আরও হয়তো বিশিষ্ট কোন চিকিৎসক আসবেন। One nominee of the State Government, তারপর Chairman of the West Bengal State Council of Higher Education উনি একজন গণ্যমান্য মানুষ। Principal Secretary, Department of Health. পাঁচ জনের সার্চ কমিটি তিনজন শিক্ষককে সিলেকশান করবে এবং সেই নামগুলো রাজ্যপালের কাছে যাবে। এটা কিন্তু অন্যান্য ইউনিভার্সিটির ক্ষেত্রেও আছে। রাজ্যের বাইরে যে সমস্ত হেলথ ইউনিভার্সিটিগুলো আছে সব জায়গায় এই নিয়ম আছে। এরা এতদিন

করেনি। এরা নিজেরা সিলেকশান করত পকেট থেকে বার করে আর সেই নামগুলো বার করে দিত। যাইহোক এই নতুন অ্যামেন্ডমেন্টে ৩২ নং যে ধারা সেটাকে সংশোধনের প্রস্তাব করা হয়েছে। আর ৩৩ নং -এ যেটা আছে সেটা অনেকটা এই রকমই যে, সার্চ কমিটি তিন জন করে মানে তিন-তিন-তিন অন্তত পক্ষে নয় জনে নাম নিয়ে আসবে। আর যে কথা আপনি বলছিলেন, কাজ করতে করতে এক-একজনের রিটায়রমেন্ট হয়ে যাবে সেরকম হবে না। তাতে লেখা আছে স্পষ্ট করে যে, যিনি থাকবেন তিনি তিন বছরের টার্মসে থাকবেন। কিন্তু যদি ৬৫ বছর বয়স হয়ে যায়? ৬৫ বছর বয়স হয়ে গেলে অটমেটিকালি তাকে চলে যেতে হবে। এর আগে যেটা ঘটনা ঘটিয়েছিল এই Health University-র রিটায়ার করা প্রফেসর ৬৫ বছরের বেশি বয়স, তাকে ভাইস চ্যান্সেলরের পদে বসানো হয়েছিল দীর্ঘদিন ধরে। নতুন যে বিল এসেছে সেই বিলে সেটা করা যাবে না। আর যে কথা বলছিলেন, সেকেন্ড টার্মে কিন্তু আসা যাবে যদি ৬৫ বছরের কম হয়। ধরুন কারও বয়স ৬০ বছর। তিন বছর করার পর যদি আবার সার্চ কমিটি চায় তিন বছর পরে তাকে re-nominate করতে তো re-nomination পাবে। এই কথাটুকু বলে আমি, মাননীয়া মুখ্যমন্ত্রীকে আবার আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং সেই সঙ্গে সবাইকে এই বিলটিকে সমর্থন করার জন্যে আহ্বান করছি।

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয় চেয়ারম্যান সাহেব, আমার সময় খুব কম। অরিজিনাল যে অ্যাক্টটা ছিল ২০০২ সালে, সেটা ২০০২ সালে বিল হিসাবে এসেছিল। তখন সূর্যকান্তবাবু স্বাস্থ্যমন্ত্রী ছিলেন। এবং ঐ যে আইন সেই আইনের বিশেষত্ব ছিল যে বিশ্ববিদ্যালয়ের যে প্রশাসনিক সংস্থা তাতে কোথাও কোন নির্বাচিত প্রতিনিধি থাকবে না। এখন এঁরা এখানে বসে বলছেন গণতন্ত্রের কথা। কিন্তু ঐ বিল যারা এনেছিলেন তারা কিন্তু নির্বাচিত প্রতিনিধির ব্যবস্থা করেননি। তখন একটা সিলেক্ট কমিটি হয়েছিল এবং বিলটা সিলেক্ট কমিটিতে গিয়েছিল। সেই সিলেক্ট কমিটিতে অনেক মেম্বার ছিলেন। এই মুহূর্তে যারা উপস্থিত আছেন তার মধ্যে শ্রী জ্ঞান সিং সোহনপাল শ্রী জ্যোতির্ময় কর, চেয়ারম্যান স্যার — আপনি নিজে, শ্রী দেবপ্রসাদ সরকার এঁরা সিলেক্ট কমিটির মেম্বার ছিলেন। কিন্তু এই যে অগণতান্ত্রিক ধারা, যে কোন নির্বাচিত প্রতিনিধি থাকবে না এটা সূর্যকান্তবাবুরা করেছিলেন। তার বিরুদ্ধে note of dissent কিন্তু একজনই দিয়েছিলেন সেটা হলেন শ্রী দেবপ্রসাদ সরকার। আর কেউ note of dissent দেননি। সংশোনী বিল যেটা এখন আনা হয়েছে সেই সংশোধনী বিল সম্পর্কে বলতে গিয়ে বলছি যে, এখানে ভি.সি. এবং প্রো-ভি.সি সেটা নির্বাচন কেমন করে হবে যেটা ২০০২ এর অ্যাক্টে ছিল সেটা মাননীয় মন্ত্রী পরিবর্তন করতে চেয়েছেন। এবং পরিবর্তন করতে যেভাবে চেয়েছেন সেটা আমার মনে হয়েছে, হায়ার এডুকেশান ডিপার্টমেন্টের আন্ডারে যে সমস্ত বিশ্ববিদ্যালয় আছে, সেই বিশ্ববিদ্যালয়ে যেভাবে ভিসি, প্রো-ভিএ নির্বাচিত হয় সেই নির্বাচনের পদ্ধতির মতন করেই অনেকটা করার চেষ্টা করেছেন। সেগুলো সম্পর্কে যে আপত্তি সেই আপত্তি যখন জানিয়েছি ফলে এটা নিয়ে আমি এখন পুনরাবৃত্তি করতে চাইছি না। আমি যে কথাটা বলতে চাইছি, সেটা হচ্ছে হায়ার এডুকেশান ডিপার্টমেন্ট তার আণ্ডারে বিশ্ববিদ্যালয়গুলোর আইন যেভাবে সম্পূর্ণ খোলনোলচে পাল্টে অন্তত সেখানেও যতটুকু প্রতিনিধিত্বে ব্যবস্থা করেছেন, আমি অন্তত সেটুকু প্রতিনিধিত্বের ব্যবস্থা এখানে কেন করা হল না তা বুঝতে পারছি না।

[1·40–1·50 p.m.]

সূর্য্যকান্তবাবুরা যা করেছিলেন, অর্থাৎ কোনো নির্বাচিত প্রতিনিধি থাকবে না সকলেই মনোনীত এবং এক্স-অফিসিও অর্থাৎ পদাধিকার বলে আসবেন সেই ধারাকে কেন আপনারা রেখে দিতে চাইলেন, তা কিন্তু আমার মাথায় আসছে না। কারণ, আপনারা নিজেরাই কিন্তু আইন পরিবর্তন করে অন্তত কয়েকজন শিক্ষক, কয়েকজন অশিক্ষক কর্মচারী, কোথাও ছাত্র, কোথাও গবেষক তাদের একটা প্রতিনিধিত্বের ব্যবস্থায় হায়ার এডুকেশান ডিপার্টমেন্টের বিলগুলোতে করছিলেন। কিন্তু এখানেও তা করাটা সেই অর্থে এক্সপেকটেড ছিল, সেটা কেন আপনারা করতে পারলেন না, তা আমি বুঝতে পারছি না। ফলে আমার পয়েন্ট হচ্ছে যে, এখানে জেনারেল কাউন্সিল, একজিকিউটিভ কাউন্সিল ইত্যাদি আছে। অন্য বিশ্ববিদ্যালয়ে কোথাও সিনেট আছে, কোথাও কোর্ট আছে। কোথাও একজিকিউটিভ কাউন্সিল আছে, কোথাও সিন্ডিকেট আছে এবং তার মতো করে এখানে জেনারেল কাউন্সিল, একজিকিউটিভ কাউন্সিল আপনারা বলছেন। ফলে সেই জেনারেল কাউন্সিল এবং একজিকিউটিভ কাউন্সিলে আমার রিকোয়েস্ট, যেমন করে আপনারা অন্য বিশ্ববিদ্যালয়ের বিলগুলো সংশোধন করলেন, তেমন করে এটা সংশোধন করুন। কেন cursory সংশোধন আপনারা করছেন। আমার মনে হচ্ছে যে, এখানে হয়তো ভাইস চ্যান্সেলার, প্রেজেন্ট যিনি ভাইস চ্যান্সেলার আছেন প্রফেসর বন্দ্যোপাধ্যায়, আমি জানি না যে, তাঁর সঙ্গে আপনাদের কোনো অসুবিধা হচ্ছে কি না। কিন্তু শুধু এই কারণেই একটা বিশ্ববিদ্যালয়ের আইন কেন পরিবর্তন করবেন? যেমন করে আপনারা সম্পূর্ণভাবে পরিবর্তন করার চেষ্টা করেছেন সেটুকু অন্তত করুন। আমি এই অর্থে বলছি যে, সেখানে অন্তত একটা প্রতিনিধিত্বের ব্যবস্থা ছিল। যেমন, এই কার্শারি পরিবর্তন করতে গিয়ে, — আমি জানি না, মাননীয় মন্ত্রী সেটা লক্ষ্য করেছেন কি না, হায়ার এডুকেশানের যে বিলগুলো — সেখানে MLA প্রতিনিধিত্ব যেটা আগে ছিল, যেটা আগের সরকারের সময় থেকে ছিল, সেই MLA প্রতিনিধিত্ব থাকবে না, তার ব্যবস্থা আপনারা করেছেন। অথচ, একজিস্টিং যে বিল, মানে একজিস্টিং অ্যাক্ট ২০০২-এর যে অ্যাক্ট সেই ২০০২-এর অ্যাক্টে কিন্তু MLA -রা আবার ওই বিশ্ববিদ্যালয়ের ঐ body গুলিতে চলে যাবেন। ফলে, এটার মধ্যে একটা কন্ট্রাডিকশান হচ্ছে। আপনারা একটা সময় বলছেন যে, MLA-রা থাকবে না। আবার আর একটা সময় বলছেন, আর একটা বিশ্ববিদ্যালয়ে বলছেন, MLA -রা থাকবে। এই যে কন্ট্রাডিকশান, এই কন্ট্রাডিকশানটা আপনারা কি করে resolve করবেন তা কিন্তু আমি বুঝতে পারছি না। এবং আমার নিজস্ব মত যদি জিজ্ঞাসা করেন, আমার বা আমার দলের, MLA-দের সত্যিকারের কিন্তু বিশ্ববিদ্যালয়ে - MLA রা ডাক্তার হতে পারেন, অনেক প্রথিতযশা ডাক্তার হতে পারেন কিন্তু তারা বিশ্ববিদ্যালয়ে গিয়ে কি করবেন? বিশ্ববিদ্যালয় প্রশাসনে গিয়ে কি করবেন? আমি কোনো MLA-কে যিনি ডাক্তার, তাঁকে কোনোভাবেই আন্ডারমাইন করার জন্য বলছি না। কিন্তু বিশ্ববিদ্যালয় যেখানে যারা সরাসরি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক তারা সেই বিশ্ববিদ্যালয় পরিচালনা করুন। আপনারা তো সেই আইন করেছেন হায়ার এডুকেশানের বিশ্ববিদ্যালয়গুলোতে। আপনারা সেটা থেকে এখানে বিচ্যুত হয়ে আবার পুরোনো একটা ব্যবস্থা অর্থাৎ MLA -রা সেখানে প্রতিনিধিত্ব করবে এইটা আপনারা কেন রাখতে চাইলেন তা কিন্তু আমার মাথায় ঢুকছে না। ফলে গোটা বিষয়টা হচ্ছে যে, আপনারা যদি

আইন পরিবর্তন করেন, যেমন করে আপনারা অন্য বিশ্ববিদ্যালয়গুলোতে করেছেন তার সঙ্গে at per করে করুন, তাহলে কোনো কন্ট্রাডিকশান থাকে না। সেখানে আমাদের আগে যা প্রতিবাদ ছিল সেই প্রতিবাদও করবো। কিন্তু তাতে অন্তত একটা সাযুজ্য থাকবে। সেই সাযুজ্যটার কিন্তু অভাব হয়ে যাচ্ছে। এটা আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে ভাবার জন্য বলছি। এবং আমার মনে হয়, আবারও কিছুদিন পরে ওই আইন আপনাদের সংশোধন করার জন্য নিয়ে আসতে । ধন্যবাদ।

শ্রী রফিকুর রহমান : মাননীয় চেয়ারম্যান স্যার, বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কর্তৃক আনীত ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ হেলথ সায়েন্স বিল, যেটা উত্থাপন করেছেন মাননীয়া স্বাস্থ্য প্রতিমন্ত্রী, সেই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য এই সভায় পেশ করছি। ২০০২ সালে আগের সরকার এই বিল অনুমোদন করেছিলেন। একটা পৃথক ইউনিভার্সিটি তৈরি করে বাংলার মেডিকেল সায়েন্সকে মেডিকেল পদ্ধতিতে তার মধ্যে নিয়ে এসে বাংলার মেডিকেল পরিষেবা মানুষের কাছে পৌঁছে দেওয়া ওই সরকারের বোধহয় উদ্দেশ্য ছিল। সেই উদ্দেশ্যকে আমি স্বাগত জানাই। সেই সঙ্গে সঙ্গে বলি, ১১ বছর কিন্তু পার হয়ে গেছে এই বিল অনুমোদন পেয়েছে। সেই বিলের সুফল বাংলার মানুষ কিন্তু ভোগ করতে পারেনি। বরং পশ্চিমবঙ্গে মেডিকেল পরিষেবা অনেক অনেকটা পিছিয়ে গেছে।

আপনারা নিশ্চয় লক্ষ্য করেছেন, সূর্য্যবাবু উপস্থিত আছেন, যিনি রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী ছিলেন, তিনি মনে মনে অনুভব করছেন কিনা জানিনা, বুঝছেন কিনা জানিনা, বাংলায় নতুন সরকার আসার পর বাংলা উন্নয়নের যে গতি পেয়েছে সেটা নিশ্চয় তিনি অনুভব করেছেন। পরিসংখ্যানের সময় নেই, মাত্র ৫ মিনিট সময়, তাই পরিসংখ্যান দেওয়া যাচ্ছে না। এই বিল কেন সংশোধন হচ্ছে, প্রথম বক্তা বলছিলেন, এই বিল সংশোধন করে নাকি, গণতন্ত্রকে প্রতিহত করা হচ্ছে। এই বিল সংশোধন করে নাকি দলবাজি প্রতিষ্ঠিত করছি। এটা আমি মনে করি না। দলবাজিকে প্রতিহত করার জন্য এবং বিলকে গঠনমূলক, উন্নয়নমূলক করার জন্যই, এই বিলের সংশোধন দরকার আছে। আপনারা বলেছিলেন, ২০০২ সালের বিলে, একজন ভাইস চ্যান্সেলার নির্বাচিত হবে, তিনি শুধুমাত্র প্রফেসার থাকবেন, মেডিকেল সাইন্স এর প্রফেসার। তার কত বছরের অভিজ্ঞতা, তার কথা উল্লেখ করেননি। মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় রাজ্যের মুখমন্ত্রী, পরিষ্কার করে বলেছেন, যিনি ভাইস চ্যান্সেলার হবেন, তাঁকে কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। অন্ততঃ পক্ষে ৫ বছর তাঁকে প্রফেসারি করতে হবে, নচেৎ এ্যাডমিনিস্ট্রেটিভ লাইনে ৫ বছর থাকতে হবে। অথবা ১০ বছর তাঁকে মেডিকেল সাইন্স এর প্রফেসার হতে হবে, তবেই তিনি হতে পারবেন। এবং নিয়োগের ক্ষেত্রে চ্যান্সেলার নিয়োগ করবেন, রাজ্যের মন্ত্রীর পরামর্শ মতো। কিন্তু, সেখানেও কিন্তু, তাঁকে স্বাধীনতা দেওয়া হয়নি। একটা সার্চ কমিটি গঠন করা হয়েছে। এখানে বলছিলেন, আমাদের এস ইউ সি আই দলের মাননীয় সদস্য, যে এই কমিটিতে নাকি কোন নির্বাচিত প্রতিনিধি নেই। উনি বোধহয় ভুল করছেন। উনি জানেন কিনা জানিনা, এই কমিটিতে The West Bengal Medical Council এর যিনি প্রতিনিধি তিনি কিন্তু স্টেট কাউন্সিল এবং জেনারেল কাউন্সিলের সদস্য হিসাবে এই বিধানসভা থেকেই নির্বাচিত হয়েছিলেন। অতএব ওনার তথ্য ভুল। এটা ওনাকে বলব, সংশোধন করতে। মমতা বন্দ্যোপাধ্যায় যে সার্চ কমিটি করেছেন, সেই সার্চ কমিটি অভিজ্ঞতাসম্পন্ন, কমপক্ষে

তিন জনের তালিকা পাঠাবেন, তারপর তার মধ্যে থেকেই পারবেন সেই মন্ত্রী এবং চ্যান্সেলার সাহেব নির্বাচিত করতে। অতএব এই বিল অত্যন্ত গণতান্ত্রিক। এই বিল বাস্তবায়িত হলে অ্যামেন্ডমেন্ট হলে, সঠিক মানুষ, দক্ষ মানুষ, একজন ভাইস চ্যান্সেলার হবেন। বাংলার উন্নয়ন ত্বরান্বিত হবে। আপনারা হয়ত বাংলার উন্নয়ন দেখে কষ্ট পাচ্ছেন। কারণ ৩৪ বছর ধরে আপনারা বাংলার কোন উন্নয়ন করেননি। মমতা বন্দ্যোপাধ্যায়ের গতি, উন্নয়নের গতি, আপনাদের বুকে ব্যথা দিচ্ছে জানি। আপনাদের বলব, আপনারা মানসিকতার পরিবর্তন করুন। মমতা বন্দ্যোপাধ্যায় যে উন্নয়নের পরিবেশ সৃষ্টি করেছে, সেই পরিবেশের সঙ্গে আপনারা অধিকযোজিত হন। যদি না পারেন, আপনাদের পরামর্শ দেবো, ৫ বছর চোখটা বুজে থাকুন। ৫ বছর পর মুখ তুলে, চোখ খুলে দেখবেন, মমতা বন্দ্যোপাধ্যায় বাংলাটাকে পাল্টে দিয়েছে। সবাই ভাল থাকবেন, নমস্কার।

শ্রী সুনীল কুমার মণ্ডল : - মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে, মাননীয় মন্ত্রী The West Bengal University of Health Sciences, এ্যামেন্ডমেন্ট বিল, ২০১৩ ; যেটি নিয়ে এসেছেন, সেই বিষয়ে বলি দু-চার কথা। যে বিলটা আনা হয়েছে, ৩২ এবং ৩৩ এর যে এ্যামেন্ডমেন্ট আনা হয়েছে, অনলি ফর, সেখানে দেখা হয়েছে, administrative siteটা, সেখানে নিয়োগ এবং অপসারণ যে জায়গাটা, সেটা করা হয়েছে। আগে যেটা ছিল একজিকিউটিভ কাউন্সিল ; একজিকিউটিভ কাউন্সিল সেটাকে পরিচালনা করবে; তার পরিবর্তে , সরকার তার নিজের মত করে সেখানে সার্চ কমিটি গঠন করছে; যে সার্চ কমিটিতে রাখা হয়েছে, a nominee of the Chancellor who shall be the Chairperson of the Committee।

[1·50–2·00 p.m.]

আর একজন President, West Bengal Medical Council-এর, one nominee of the Government, Chairman, West Bengal State Council of Higher Education-এর and Principal Secretary, Department of Health and Family Welfare -এই পাঁচজনকে রাখা হয়েছে। এখানে আমার একটা যুক্তি, এই জায়গাটায় আমি বলবো কমিটিকে যদি সত্যিকারে কাজ করতে হয় এবং গঠনের দিকটা দেখতে হয়, এ্যাপয়েন্টমেন্টের দিকটা যদি সঠিকভাবে পরিচালনা করতে হয় তাহলে এখানে এস সি, এস টি, ওবিসি, মাইনরিটি—চারটে শ্রেণীর থেকেও দরকার, কিন্তু একজনও এই কমিটির মধ্যে অন্তর্ভুক্ত নয়। সেখানে ইচ্ছামতভাবে কমিটির ক্ষেত্রে এটা করা হয়। এই জায়গাটা একটু স্পষ্ট করার দরকার ছিল, এস সি, এস টি, ওবিসি, মাইনরিটিদের মধ্যে একজন নির্বাচিত প্রতিনিধি যদি থাকতো বা বোর্ড মেম্বারদের মধ্যে যদি উল্লেখ করা থাকতো যে এই ধরনের কমিটির মধ্যে একজনকে নেওয়া হবে তাহলে প্রতিনিধিত্বের জায়গাটাতে, আমার মনে হয় নিয়োগ পদ্ধতির ক্ষেত্রে, কাজ করার ক্ষেত্রে, অনেকটা সুবিধা হত। তাই আমি বলছি, সরকার তার নিজের মত করে এ্যামেন্ডমেন্ট এনেছেন বা তারা নিজের মত করে এ্যামেন্ডমেন্ট করেছেন। বামফ্রন্ট সরকার বিলটা ২০০২-তে নিয়ে এসেছিলেন, নিয়ে এসে শিক্ষার ক্ষেত্রে একটা আমূল পরিবর্তন করে দিয়েছিল। একটা ইউনিভার্সিটির মধ্যে আমরা দেখেছি—বর্ধমান ইউনিভার্সিটি, ক্যালকাটা ইউনিভার্সিটি, নর্থ বেঙ্গল ইউনিভার্সিটির—মাঝে

মাঝে বিভিন্ন কলেজে একটা পরীক্ষা হত, একটা কলেজের সঙ্গে আর একটা কলেজের পার্থক্য থাকতো এবং সেখানে একটা জায়গায় নিয়ে আসার জন্য এটা বামফ্রন্ট সরকার করেছিল। কিন্তু আমি বলবো বর্তমান সরকার যে এ্যামেন্ডমেন্ট এনেছেন এটা আনার ক্ষেত্রে এর শিক্ষাগত জায়গাটায় আমি একটা কথা বলবো, যে এখানে ওনলি ওয়ান ইউনিভার্সিটির এ্যামেন্ডমেন্ট আনা হল—আমার মনে হয়, নর্থ বেঙ্গলের সাইডটা এবং দক্ষিণ বঙ্গের সাইডটা, এই যে দুটো সাইডে একটা ইউনিভার্সিটি আছে, সেই জায়গাতে যদি দুটো ইউনিভার্সিটি করা হত, যদি ভাগ করে দেওয়া হত, তাহলে প্রশাসনিক দিক থেকে এর কার্যকারিতা অনেক গুণ বাড়তো এবং কোয়ালিটি তৈরি হত বলে আমার বিশ্বাস। তার কারণ হচ্ছে, আমরা দেখছি অনেক এম বি বি এস, এম ডি, যে হারে প্রাইভেট কলেজে বাড়ছে, সেই হারে আমাদের সরকারের এম বি বি এস, এম ডি-র যে সংখ্যা বাড়ানো হচ্ছে, সেটা ভালো কথা। এটা খুবই সুন্দর কথা। কিন্তু এদেরকে আমরা মেডিকেল কলেজের, এম বি বি এসের ছাত্রদের এম ডি দিয়ে পড়ানোর যে আয় সেটা সকলেই জানে। আজকে যে কলেজগুলো তৈরি হচ্ছে যে চ্যান্সেলার, ভাইস চ্যান্সেলার, প্রো ভাইস চ্যান্সেলার, যারা নিযুক্ত হচ্ছেন তাদের পক্ষে তাদের গণ্ডিটা কতটা জায়গার মধ্যে সীমাবদ্ধ, কতটা তারা রক্ষণাবেক্ষণ করতে পারবেন? আমরা এম বি বি এসের স্টুডেন্টদের ক্ষেত্রে দেখি এবং বিভিন্ন কলেজের ক্ষেত্রে আমি খুব ভালোভাবে জানি—একটা মেডিকেল কলেজের শিক্ষক যারা সেখানে পড়ান এবং তারা এক একটা কলেজে সামান্য সময়ের জন্য যান এবং আসেন। অনেক ক্ষেত্রে দেখা যায় পি এইচ ডি ডিগ্রি যারা করছেন তারা কিন্তু সেখানে অনেকটাই তাদের গ্যাটিস দেন। আমি বলবো যদি এই জায়গাটা সেপারেট করা হত, একাধিক ইউনিভার্সিটি যদি তৈরি হত, তৈরি হলে একটা জায়গা অন্তত ভালো হত যে প্রশাসনের যে দিকটা সেই দিকটা ভালোভাবে রক্ষণাক্ষেণ করতে পারতো। আজকে চিকিৎসা ব্যবস্থায় আমরা দেখি এবং আমরা যারা এখানে বিধায়ক আছি তারা জানি বিভিন্ন জায়গায় সকলে ডাক্তার সম্পর্কে খুব সচেতন। যে হারে এম বি বি এসের স্টুডেন্টরা গ্রামে চিকিৎসা করছে এবং যেভাবে কলেজে শিখছে, মেডিকেল কলেজগুলোর যে অবস্থা সেই অবস্থার পরিবর্তন আনতে গেলে এই ধরনের এ্যাডমিনিস্ট্রেশানের দরকার আছে। এ্যাডমিনিস্ট্রেশানটা যদি সঠিকভাবে ব্যবহার করা যায় এবং সেখানে প্রশাসনের দিকটা যদি আরো সুন্দরভাবে গঠন করা যায় আমার মনে হয় যে আমরা ভালো ফসল তৈরি করতে পারবো, অর্থাৎ ভালো স্টুডেন্ট তৈরি করতে পারবো। ভালো ছাত্র তৈরী করতে পারলে গ্রামগঞ্জ এলাকায় চিকিৎসা পরিষেবাটা অন্ততঃ সুন্দর হবে। মাননীয়া মন্ত্রীর কাছে আমি এটুকু সংযোজন করতে চাই। সেদিকটাতে নজর দিলে খুবই ভালো হত। একাধিক ইউনিভার্সিটি করে প্রশাসনিক দিকটাকে শক্তিশালী করার জন্য আমি বলছি। বিশেষ করে, আমাদের রাজ্যে যে কটি প্রাইভেট কলেজ গড়ে উঠেছে, সেই প্রাইভেট কলেজগুলোতে এ্যাডমিনিস্ট্রেশানের দিকটা খুবই নেগলেকটেড। এই প্রাইভেট মেডিকেল কলেজগুলো খোলা হয়েছে ছাত্র তৈরী করার জন্য নয়, পয়সা রোজগার করার জন্য। এই প্রাইভেট মেডিকেল কলেজগুলোর প্রশাসনিক দিকটার প্রতি যদি নজর দেওয়া হয়। তাহলে খুবই ভালো হয়। একটা প্রফেসার তিনটে প্রাইভেট কলেজে পড়ান। তিনি কতক্ষণ ডিউটি করেন এবং কি পড়ান সেদিকটাতে নজর দিতে হবে। ভাইস চ্যান্সেলার, প্রো-ভাইস চ্যান্সেলার হিসাবে যাদেরকে নিয়োগ করা হয়েছে, তাদেরকে পার্টিকুলারলি যদি এক একটা কলেজের দায়িত্ব দিয়ে রাখা হয় তাহলে ভালো হয়। কোন একটা বিষয়ে পার্টিকুলারলি

একজনকে দায়িত্ব দিলে দায়িত্বটা তার উপরেই বর্তাবে। এইকথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

[2·00–2·10 p.m.]

শ্রী শুভাশীষ বটব্যাল : মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে এই পবিত্র অধিবেশন কক্ষে মাননীয়া মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী এবং ঐ দপ্তরের রাষ্ট্রমন্ত্রী মাননীয়া চন্দ্রিমা ভট্টাচার্য 'The West Bengal University of Health Sciences (Amendment) Bill, 2013' যা সভায় পেশ করেছেন তা অত্যন্ত যুক্তিযুক্ত, সময়োপযোগী। তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য পেশ করছি। পূর্বতন সরকার The West Bengal University of Health Sciences Act, 2002 (West Beng. Act XIII of 2002) এটা করেছিলেন, যা পশ্চিমবাংলায় ২০০২ সাল থেকেই চালু হয়েছিল। কিন্তু এই আইনটি পরিপূর্ণ না হওয়ায় এটা পরিষ্কার ও সুনির্দিষ্ট করার জন্য এই আইনের ৩২ এবং ৩৩ নম্বর ধারায় ভাইস চ্যান্সেলার এবং প্রো-ভাইস চ্যান্সেলারের নিয়োগ, অপসারণ, কর্মক্ষমতা এবং তার বিভিন্ন পদ্ধতিগুলোকে আরও পরিষ্কার—সুনির্দিষ্ট করে দেওয়া হয়েছে। নিয়োগ পদ্ধতির ক্ষেত্রেও সার্চ কমিটি তৈরী করে দিয়ে পরিচ্ছন্নতা তৈরী করা হয়েছে। যেটা অত্যন্ত গণতান্ত্রিক। Amendment of Section 32 তে যেটা বলা হয়েছে এবং এটার সংশোধনী যা আনা হয়েছে, তাতে ভাইস -চ্যান্সেলার সম্বন্ধে বলা হয়েছে —The Vice Chancellor, who shall be a Professor of Modern System of Medicine, shall be appointed from the persons of the highest level of competence, integrity, morals and institutional commitment. The Vice -Chancellor shall be a distinguished academic with a minimum of ten years experience in a medical education system of which at least five years shall be as professor. এখানে পরিষ্কার ভাষায় বলা হয়েছে একজন এমিনেন্ট এডুকেশানিস্ট হবে ভাইস চ্যান্সেলার।

যাঁর দশ বছর এই মেডিকেল সায়েন্সের ওপরে অভিজ্ঞতা আছে। তার মধ্যে পাঁচ বছর অন্তত তিনি প্রফেসার হিসাবে থাকবেন। অথবা কোন রিসার্চ ইনস্টিটিউশানে দশ বছর তাঁর অভিজ্ঞতা থাকবে। এইরকম জনকে ভাইস চ্যান্সেলার নিয়োগ করা হবে। তার জন্যে কমিটি করে দেওয়া হয়েছে। যে সার্চ কমিটিতে, বেশ কয়েকজন সদস্য বললেন যে এটা দলতন্ত্র কায়েম ব্যবস্থা, দলতন্ত্র হচ্ছে। তো এখানে যাদের যাদের রাখা হয়েছে, আর কোথা থেকে আনবে? তো সেখানে রাখা হয়েছে নমিনি অফ্ দ্য চ্যান্সেলর তিনি, চ্যান্সেলরের একজন নমিনি। রাজ্যপাল এখানে চ্যান্সেলর। তার নমিনি, তিনি থাকবেন চেয়ার পার্সন হিসাবে। আর থাকছেন প্রেসিডেন্ট অফ্ ওয়েস্ট বেঙ্গল মেডিকেল কাউন্সিল, হি ইজ অ্যান ইলেকটেড পার্সন। সেই ইলেকটেড পার্সন তিনিও সংযুক্ত হয়েছেন। তিন নম্বর হচ্ছে, যে ওয়ান নমিনি অফ্ দ্য গভর্নমেন্ট। তো গভর্নমেন্টের একজন নমিনি থাকবেই। তো সেখানে অগণতান্ত্রিক অবস্থা আসছে কোথায়? দলতন্ত্র আসছে কোথায়? আর চেয়্যারম্যান ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অফ্ হায়ার এডুকেশান, ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অফ্ হায়ার এডুকেশানের চেয়ারম্যানকে যদি না নেওয়া হয়, জেনারেল এডুকেশানের সঙ্গে

মেডিকেল এডুকেশানের একটা যোগসূত্র রাখতে হবে, যিনি ঐ লিঙ্কটা রাখবেন। তো সেখানে অসুবিধেটা কোথায়? সেখানে দলতন্ত্র আসছে কোথায়? এইটা তো একটা পদ এবং তিনি হায়ার এডুকেশানের পদটা হোল্ড করছেন, ওয়েস্ট বেঙ্গল হায়ার এডুকেশানের পদটা তিনি অধিকার করছেন। তার যে অভিজ্ঞতা জেনারেল লাইনে, জেনারেল এডুশানের যে অভিজ্ঞতা, রিসার্চই বলুন, স্ট্যান্ডার্ড অফ্ এডুকেশানই বলুন, তার সেই জ্ঞানটা যদি এই সার্চ কমিটির মধ্যে দেওয়া হয় তাতে আপত্তিটা কোথায় থাকতে পারে? কোথায় আপত্তি থাকতে পারে আমরা জানি না। আর প্রিন্সিপাল সেক্রেটারী, ডিপার্টমেন্ট অফ্ হেলথ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার, গভর্নমেন্ট অফ্ ওয়েস্ট বেঙ্গল, তিনি একজন আই.এ. এস. অফিসার, তিনি এই ডিপার্টমেন্ট চালাচ্ছেন। তিনি এই ডিপার্টমেন্টের সমস্ত কিছু ইনস্ অ্যান্ড আউটস্ জানেন। তিনি যাতে সেখানে কাউন্সিলের মধ্যে একটা আলাপ আলোচনা করতে পারেন সেইজন্যে এই রকম বিভিন্ন ডিপার্টমেন্টগুলোকে নিয়ে একটা লিকআপ তৈরী করে সার্চ কমিটিটা তৈরী করা হয়েছে। সুতরাং এটা অত্যন্ত পরিষ্কার এবং পরিচ্ছন্ন। এই পরিচ্ছন্ন ভাবটা অত্যন্ত গণতান্ত্রিক পদ্ধতি এবং গণতান্ত্রিক ব্যবস্থার মধ্যে এটা আছে। কয়েকজন এম.এল.এ. সাহেব বললেন যে, ভাইসচ্যান্সেলারের যখন শরীর খারাপ হবে বা হঠাৎ কর্মরত অবস্থায় মৃত্যু হবে ঐ যে মধ্যবর্তী পিরিয়ডটা, ঐ পিরিয়ডটাতে কোন কিছু ব্যবস্থা রাখা হয়নি। ভুল, উনি দেখেননি, বা ঠিকমতো বিলটা পড়েননি। একদম পরিষ্কার ভাষায় বলা আছে, যদি ভাইস চ্যান্সেলার কোন কারণে ছুটি নেন বা কোনরকম অসুস্থ হন, বা কোন কারণে তিনি কাজ করতে সমর্থ না হন, তাহলে ঐ জায়গাতে চ্যান্সেলার বিভাগীয় মন্ত্রীর সঙ্গে কনসাল্ট করে একজনকে নিয়োগ করবেন। এটা পরিষ্কার ভাষায় বলে দওয়া আছে। সুতরাং সেখানে কোন গ্যাপ থাকছে না। সেখানে নিয়োগের ব্যাপারে কোন গ্যাপিং থাকছে না এবং এও বলা আছে, যদি তার টার্মটা শেষ হয়ে যায়, বা ৬৫ বছর বয়স যদি পেরিয়ে যায় তাহলে যতদিন পর্যন্ত না নতুন নিয়োগ হচ্ছে ততদিন পর্যন্ত, ছ মাস পর্যন্ত তাকে এক্সটেনশান দিতে পারে। ছ মাস পর্যন্ত তিনি কাজটা চালিয়ে যেতে পারেন। সুতরাং সেটাও উল্লেখ করে দেওয়া আছে বিলে, পরিষ্কার ভাষায় বলা আছে। এই সমস্ত ইনস অ্যান্ড আউটসের ব্যাপারগুলো পরিষ্কার পরিচ্ছন্নভাবে দেওয়া হয়েছে। সুতরাং এটাতে বিরোধী পক্ষের রাগের বা অভিমানের কোন ব্যাপার থাকছে না। এই জিনিসটা ২০০২ সালের আইনের মধ্যে এতটা বিস্তারিত ভাবে ছিল না। সেই সমস্ত বিস্তারিত বিষয়গুলো আমাদের স্বাস্থ্য মন্ত্রী ক্লিয়ার করে দিয়েছেন। এখানে নিয়োগ সংক্রান্ত ব্যাপার যেমন বলেছেন, সেই রকম কি কি অবস্থা থাকলে তাকে অপসারণ করা যায়, সেই সমস্ত বিষয়গুলোও তিনি এক দুই, তিন, চার এই রকম নম্বর করে সেগুলোও তিনি বলে দিয়েছেন। সেখানে বলেছেন, কোন ভাইস চ্যান্সেলার যদি কাজ করতে অসমর্থ হন বা পাগল টাইপের বা এক গুঁয়ে টাইপের কিম্বা আইন মেনে কাজ করতে পারছেন না এই রকম যদি হয়, তাহলে তাকে অপসারণ করতে পারেন। আবার যেসমস্ত আইনগুলো আছে ভাইস চ্যান্সেলার সেগুলোকে যদি অবজ্ঞা করে এবং নিয়ম অনুযায়ী তিনি যদি না চলেন তাহলে সেখানেও ব্যবস্থার কথা বলা হয়েছে। আর একজন এম.এল.এ. সাহেব বলেছেন, যে দলতন্ত্র। আর একটা কথা শুনে রাখুন, ঐ দলতন্ত্রকে উচ্ছেদ করার জন্য একটা প্রিকশান রাখা হয়েছে দেখুন। ৮ নম্বরে সেটা বলা আছে দেখুন। সেখানে বলা হচ্ছে কোন ভাইস চ্যান্সলার তিনি কোন রাজনৈতিক দলের সদস্য আছেন কিনা, এক নম্বর।

দুই নম্বর, তিনি রাজনৈতিক দলের সঙ্গে কোন সংযুক্ত আছেন কিনা। তিন নম্বর, তিনি যখন কাজ করছেন তখন কোন রাজনৈতিক ভাবে কোন partition রাখছেন কিনা। এই সমস্ত বিষয় রাখা হয়েছে। যদি তিনি রাখেন তাহলে তাকে অপসারিত করতে পারা যাবে। এই provision দেওয়া আছে। সুতরাং আপনি যেটা বললেন বা আপনারা যেটা বললেন সেটা সম্পূর্ণ ভুল। এই Medical Education -কে আরও স্বচ্ছ ভাবে করার জন্য, এই সংস্থাকে আরও strong করার জন্য যে বিল আনা হয়েছে, এই বিলকে সম্পূর্ণ ভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

[2·10–2·20 p.m.]

ডঃ আবুল কাশেম মোল্লা : - মাননীয় চেয়ারম্যান সাহেব এবং মাননীয় বিধায়কবৃন্দ। মাননীয় চেয়ারম্যানের মাধ্যমে The West Bengal University of Health Sciences (Amendment) Bill, 2013. এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি প্রথমেই অসংখ্য ধন্যবাদ জানাই মা-মাটি-মানুষের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, যিনি উন্নয়নের প্রতীক মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়কে। খুব সময়োপযুক্ত একটি বিল নিয়ে এসেছেন। এই বিল প্রসঙ্গে হাউসকে জানাতে চাই যে, আমি Medical College কলকাতার ছাত্র, আছেন ডাঃ নির্মল মাজি—উনিও মেডিকেল কলেজের ছাত্র।এখানে ডাঃ সুকুমার হাঁসদা উনি অনারেবেল মেম্বার, Minister আছেন উনিও Medical College-এর ছাত্র। এই Medical College ১৮৩৫ সালে প্রতিষ্ঠা হয়েছিল। পরবর্তীকালে এশিয়ার শ্রেষ্ঠ মেডিকেল কলেজ হিসাবে ১৯৭৭ সাল পর্যন্ত বিরাজ করছিল। সেইসময় এই কলেজের মাধ্যমে ডাঃ বিধানচন্দ্র রায় থেকে আরম্ভ করে ডাঃ মণি দে, Dr. U.N. Brahmachari থেকে আরম্ভ করে, ডাঃ কে.সি. শথধি থেকে আরম্ভ করে, ডাঃ নীলরতন সরকার, ডাঃ সুকুমার মুখার্জী থেকে আরম্ভ করে, Professor Syed Abdul Momin থেকে আরম্ভ করে—অসংখ্য অসংখ্য গুণী ডাক্তার জন্মগ্রহণ করেছিলেন এবং পশ্চিমবঙ্গ চিকিৎসা-শিক্ষার ক্ষেত্রে ভারতবর্ষ তথা এশিয়ার মধ্যে প্রথম স্থানে বিরাজ করছিল। মেডিকেল কলেজ কলকাতা যেটা প্রথম মেডিকেল কলেজ এশিয়া ১৮৩৫ সালে প্রতিষ্ঠা হয়েছে সেই কলেজটা ১৯৭৭ সাল পর্যন্ত এশিয়ার শ্রেষ্ঠ মেডিকেল কলেজের মান পেয়েছিল। কিন্তু বিগত দিনে আমাদের ডান-দিকের বন্ধুদের দৌলতে, বিশেষ করে আমি Opposition Leader ডাঃ সূর্যকান্ত মিশ্রকে বলব, ওনার আমলে ২০০২ -এর বিলের মাধ্যমে যেভাবে স্বজনপোষণ শুরু হল medical education -এর অবস্থাটা দেওয়ালে পিঠ ঠেকে গেল। বাংলার medical education পিছিয়ে গেল, বাংলার ডাক্তার পিছিয়ে গেল। অসংখ্য বাঙালী যারা নিজেদের ছোট বাচ্চাদের চিকিৎসা, ক্যানসার চিকিৎসা ইত্যাদি চিকিৎসা করার জন্য—এখন TATA Memorial আর South Bengaluru-র দিকে পাড়ি দিচ্ছে। আর বিগত দিনে ১৯৭৭ সাল পর্যন্ত সারা ভারতবর্ষের মানুষ এমনকি পাশ্ববর্তী এলাকায় মালদ্বীপ থেকে আরম্ভ করে, বাংলাদেশ থেকে আরম্ভ করে, নেপাল থেকে আরম্ভ করে সমস্ত মানুষ কলকাতা Medical College আর SSKM Medical College থেকে আরম্ভ করে সমস্ত প্রতিষ্ঠানে দেখাতে আসত। আর এই যে ওনাদের ২০০২ -এর বিল, সেই বিলের মাধ্যমে যেভাবে ভরণপোষণ, আলিমুদ্দিন স্ট্রীটের চাটুকারীদের

বসিয়ে দেওয়া হল ওই vice-chancellor, pro vice-chancellor জায়গায়, medical education পিছতে পিছতে কোথায় চলে গেছে। সেটা মহামান্য আমাদের যারা members তারা বুঝতে পারছেন। আর এই যে নতুন বিল এনেছেন শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে সেই বিলে পরিষ্কার করে একটা Search Committee তৈরি করে দেওয়া হয়েছে। এই Search Committee -এর একজন আচার্যের মনোনীত, দ্বিতীয় জন সভাপতি West Bengal Medical Council। আপনারা খুশি হবেন সভাপতি West Bengal Medical Council এখন আমাদেরই একজন সদস্য ডাঃ নির্মল মাজি। প্রায় ৬০ হাজার মানুষের ডাক্তারের ভোটে উনি নির্বাচিত হয়েছিলেন। বিগত ৩৪ বছরে আমাদের মাননীয় সূর্য্যবাবুদের আমলে Medical Council-টা আলিমুদ্দিন ঠিক করে দিত, নির্বাচন হত না।

আর সেটা নির্বাচিত না, সেটা নির্বাচন না করে আলিমুদ্দিন স্ট্রীটের চাটুকারী মেডিক্যাল কাউনসিলের প্রেসিডেন্ট হতো। সেটা মেডিক্যাল এডুকেশানকে দফা রফা করে দিয়েছিল। তাই ৬২ হাজার মানুষের মনোনীত ভোটে, ডাক্তারের ভোটে নির্বাচিত ডাঃ নির্মল মাজি অন্যতম মেম্বার। আমার এক বামপন্থী বন্ধু বলছিল এই যে সার্চ কমিটি সেখানে সংখ্যালঘু, মহিলা, সিডিউল কাষ্টের কোন জায়গা নেই। ডাঃ নির্মল মাজি একজন সিডিউল কাষ্ট। তিনি সিডিউল কাষ্ট প্রতিনিধি হিসাবে মেডিক্যাল কাউন্সিলের প্রেসিডেন্ট হিসাবে সেখানে থাকবেন। একজন মনোনীত ব্যক্তি সরকারের তরফে এবং চেয়ারম্যান West Bengal Higher Education উনিও থাকবেন। এইভাবে যে সার্চ কমিটি করা হয়েছে তার মাধ্যম একজন শিক্ষিত মানুষ, তার যোগ্যতা হবে ১০ বছর তাঁকে প্রফেসারশিপ করতে হবে একটা স্বীকৃত মেডিক্যাল কলেজে। এই নয় যে আলিমুদ্দিনের খুব কাছের মানুষ হলেই তিনি চেয়ারম্যান হয়ে যাবেন, বিগত দিনে যা হয়েছে। তাই ভাইস-চ্যানসেলার যিনি হবেন তার এডুকেশান যোগ্যতা থাকবে ১০ বছর প্রফেসার থাকতে হবে এবং স্বীকৃত মেডিক্যাল কলেজে। যাঁরা প্রো-ভাইস চ্যানসেলার হবেন তাঁদেরও ঠিক এই ভাবে ১০ বছর শিক্ষকতা যোগ্যতা থাকবে হবে তার মধ্যে ৫ বছর প্রফেসার হেড অফ দি ডিপার্টমেন্ট হিসাবে কাজ করতে হবে। সুতরাং পরিষ্কার ভাবে বলা হয়েছে আগামী দিনের বাংলার এডুকেশান বিশেষ করে মেডিক্যাল এডুকেশানকে এগিয়ে নিয়ে যেতে হবে। বিগত আড়াই বছরে মমতা বন্দ্যোপাধ্যায় যে দিন প্রথম মুখ্যমন্ত্রী হলেন তখনই শপথ নেওয়ার পরেই সমস্ত গুরুত্বপূর্ণ হাসপাতাল পরিদর্শনের মাধ্যমে তাঁর কাজের দিন শুরু করেছিলেন। প্রথম দিন থেকেই তিনি স্বাস্থ্য পরিবার কল্যাণ দপ্তরটিকে একটা কার্য্যকারী ও সংবেদনশীল দপ্তর হিসাবে প্রতিষ্ঠা করতে বদ্ধপরিকর ছিলেন। বিভিন্ন হাসপাতালের শয্যা সংখ্যা বৃদ্ধি হয়েছে। এখানে ওনাদের আমলে ৫০ হাজার মাত্র ছিল, সেই জায়গায় ৬২ হাজার থেকে ৬৫ হাজারে পৌঁছেছে শয্যা সংখ্যা। মেডিকেল এডুকেশান ১৫০০ আটকে ছিলেন সেটা ২০০০ পৌঁছানো গেছে। শুধু তাই নয়, আগামী ২০১৩ সালের যে জয়েন্ট এন্ট্রান্স, তার মাধ্যমে অবহেলিত পিছিয়ে পড়া যে সংখ্যালঘু সম্প্রদায়, তারা ও.বি.সি-র মাধ্যমে ওখানে নিজেদের যোগ্যতা প্রমাণ করে বেশ কিছু সংখ্যক ছাত্র এই ও.বি.সি কোটার মাধ্যমে মেডিকেল এডুকেশানে চলে আসবে। বিগত দিনে আমাদের বামপন্থী বন্ধুদের আমলে এই জয়েন্ট এন্ট্রান্সে সংখ্যালঘু ছাত্র-ছাত্রীর সংখ্যা অনেক কমে গিয়েছিল সেটা মাননীয়া মুখ্যমন্ত্রী বুঝতে পেরেছেন, কারণ উনি

সংখ্যালঘুর ব্যথা বেদনা বোঝেন। তাই ও.বি.সি-মাধ্যমে রিজারভেশান এনে দিয়েছেন যে রিজারভেশানকে আমরা এই মহতী সভা পাশও করে দিয়েছি। আশাকরি আগামি দিনে ....

(গোলমাল)

শুনুন শুনুন, চুপ করে শুনুন ৩৪ বছরে বাংলাটাকে অন্ধ করে দিয়েছেন। বাংলার স্বাস্থ্য কোথায় পেছিয়ে গেছে! আপনার শরীর খারাপ হলে আপনি ছুটবেন ব্যাঙ্গালোরে।

(গোলমাল)

শুনুন, চুপ করে শুনুন আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বে বাংলা আবার সেরা জায়গায় পৌঁছে যাবে, প্রথম স্থান দখল করবে। শিক্ষায় প্রথম স্থান দখল করবে, শিল্পে প্রথম স্থান দখল করবে। তাই কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ভাষায় বলি, "বল বল বল সবে, শত বিনা বেণুরবে, বাংলা আবার জগৎ সভায় শ্রেষ্ঠ আসন লবে"। শুধু তাই নয়, মাননীয় সূর্য্যকান্ত মিশ্র, আমার ডান দিকের বন্ধুদের বলতে চাই আপনারা ৩৪ বছরে যে পলিসি নিয়েছেন স্বাস্থ্য শিক্ষা শিল্পে কৃষিতে, তাই আজকে নির্বাচনের রেজাল্ট বেরিয়েছে পাঁচ পাঁচটা জায়গায়, সব জায়গায় ধরাশায়ী। আপনারা অনেকবার ক্ষমা চেয়েছেন। আপনারা ক্ষমা চেয়েছেন ইংরাজী বন্ধ করে, আপনারা ক্ষমা চেয়েছেন মাদ্রাসা ট্রেররিস্ট বলে, আপনারা অনেক ক্ষেত্রেই বাংলার মানুষের কাছে ক্ষমা চেয়েছেন। এখানে শ্রীমতী মমতা ব্যানার্জীর উন্নয়নকে বাধা না দিয়ে বাংলার দুয়ারে দুয়ারে চলে যান, নতজানু হয়ে ক্ষমা চান। ৩৪ বছর বাংলাকে যে পিছিয়ে দিয়েছেন, তার জন্য ক্ষমা চান। ৩৪ বছর বাংলার এডুকেশানকে পিছিয়ে দিয়েছেন, তার জন্য ক্ষমা চান। ৩৪ বছর শিক্ষা, স্বাস্থ্যকে শেষ করেছেন, তার জন্য ক্ষমা চান। আমি এই বিলকে পূর্ণ সমর্থন করে শ্রীমতী মমতা ব্যানার্জীকে ধন্যবাদ দিয়ে বাংলাকে আগামীদিনে এগিয়ে নিয়ে যাওয়ার আহ্বান জানিয়ে আমার বামপন্থী বন্ধুদের বলব এই বিলকে আপনারা সমর্থন করুন তবেই মানুষের মধ্যে থাকবেন না হলে মানুষের কাছ থেকে হারিয়ে যাবেন আগামী দিনে পশ্চিমবঙ্গ কেন, ভারতবর্ষ থেকেও শেষ হয়ে যাবেন।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে বিধানসভায় 'The West Bengal University of Health services (Amendment) Bill, 2013, এখানে মাননীয় মন্ত্রী যদিও আমাদের চিফ মিনিস্টার, তাঁরই অবর্তমানে আমাদের রাষ্ট্রমন্ত্রী এটা উত্থাপন করেছেন। এই বিলটি আনার কোন প্রয়োজন ছিল না। ২০০২ সালের এই বিল সেই বিলটাকে পরিবর্তন করে আপনারা অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন। তার মানে এই বিলে আপনারা কি প্রমাণ করতে চাইছেন। আপনারা প্রথমে আসার পরে বলেছিলেন, শিক্ষার ক্ষেত্রে কোন দলবাজি হবে না, দলতন্ত্র প্রতিষ্ঠা হবে না। আপনারা আসার পর কলেজগুলোতে সেই কমিটি ভেঙ্গে দিয়ে দলের লোককে আপনারা পাঠিয়েছেন। The West Bengal Board of Secondary Education কাউন্সিলের চেয়ারম্যানশীপে আপনারা নতুন করে লোক পাঠিয়েছেন। আবার আপনাদের দ্বারা নিয়োজিত বা আপনাদের দ্বারা মনোনীত কাউন্সিলের চেয়ারম্যান যদি আপনাদের দলের কথা না শোনেন, তাহলে তাকে সরিয়ে দিয়ে আবার আপনাদের মনের মত লোক, যে আপনাদের দলের কথা শুনবেন, সেই ধরনের লোককে আপনারা সেখানে নিয়োগ করেছেন। তার জলজ্যান্ত প্রমাণ হল কিছুদিন আগে

হায়ার এডুকেশান কাউন্সিলে আপনারা সে কাজ করেছেন। আমরা মনে করছি এই বিলের মাধ্যমে West Bengal University of Health Sciences–Vice Chancellor নিয়োগ থেকে আরম্ভ করে Pro–Vice Chancellor নিয়োগ পর্যন্ত সেখানে আপনারা আপনাদের দলীয় লোককে নিয়োগ করার সুনির্দিষ্ট অপকৌশল ছাড়া আর কিছুই নয়। আপনাদের আগের বিলে ছিল Executive Council, Education এর মাধ্যমে, Chancellor-এর মাধ্যমে তাদের নিয়োগ করা হত আপনারা সেটা বাদ দিয়ে একটা Search Committee করলেন। সেই Search Committee-তে বিশ্ববিদ্যালয়ের Registrar-কে আপনারা সেখানে Convener করলেন। আর পাঁচ জন সদস্য—আমাদের যে Chancellor, তাঁর মনোনীত Nominee একজন Non Medical Person হতে পারেন, সেখানে President, West Bengal Medical Council তাঁদের রাখছেন, One nominee of the Government আপনার সরকার যাকে পাঠাবেন, সে Non medical person হতে পারে। কে হতে পারে না সেটা উল্লেখ করেননি। Principal Secretary. Department of Health, এইভাবেই আপনারা পাঁচ জন মেম্বারকে ঠিক করে দিয়েছেন। তারা যে Panel তৈরী করবে, সেই Panel আমাদের Chancellor সরকারের সঙ্গে আলোচনা করে নিয়োগ করবেন। এখানে আপনারা advertise-ment এর কোন Provision রাখেননি। আপনাদের আগে যে কথা বলার ছিল, এখন আপনারা সেটাকে এড়িয়ে গিয়ে আপনাদের মনোমত লোকগুলোকে নিয়ে Panel তৈরী করে হয়ত সেখানে আপনারা দেবেন। তাই advertise নেই। অর্থাৎ যে Category, যেসব তাদের Qualifica-tion বা যা যা থাকার দরকার বলেছেন, সেগুলো তো অনেকেরই আছে। তাদের সবারই সুযোগ আছে। সেই সুযোগ তারা পাবে না। অর্থাৎ মনোমত লোককেই সেখানে পাঠানো হবে। একটা পরীক্ষার মাধ্যমে হোক বা Interview -এর মাধ্যমে হোক বা Selection-এর মাধ্যমে হোক সেই সব করে Panel তৈরী করে দিলে আমার মনে হয় সেটা ঠিক হত। সেটা না করে আপনাদের মনের মত করে দেওয়ার একটা provision রাখলেন। Vice–Chancellor, Pro–Vice Chancellor তিন জন নিয়োগ করার কথা বলা হচ্ছে।

[2·20–2·30 p.m.]

সেখানে কোন কমিটি নেই সেখানে কোন কমিটির কথা বলাই হ'ল না। সেখানে কিভাবে নিয়োগ হবে? সেখানে সরকার—মন্ত্রীই ঠিক করে দেবেন। মন্ত্রী চ্যান্সেলারের সঙ্গে আলোচনা করে, কিন্তু চ্যান্সেলারের এখানে কোন ভূমিকা থাকবে না। মন্ত্রী যেটা বলবেন সেটাই হবে। যদিও আপনি এখানে বলেছেন যে, তিনটি প্রো-ভাইস চ্যান্সেলারের কথা। কিন্তু কোন্ কোন্ ডিপার্টমেন্টে, কাদের কাদের নেওয়া হবে সেগুলি আপনাদের এই বিলের মধ্যে বলেছেন। আগেও বলা ছিল সেগুলি। কিন্তু আপনি সেগুলিকে আলোচনা না করে, কোন কমিটি না করে, কোন এ্যাডভার্টাইজের ব্যবস্থা না করে আপনার সরকারের মনোনীত হোক, সেখানে বসাবার একটা অপকৌশল ছাড়া আর কিছু নয়। মাননীয় ডাক্তার সাহেব বলছিলেন, জেলায় শিক্ষায়, স্বাস্থ্য-এ খুব উন্নতি হচ্ছে। কিন্তু, প্রতিদিন আমরা দেখছি, শিশু মৃত্যু হচ্ছে, প্রতিদিন দেখছি, এ নিয়ে বিক্ষোভ হচ্ছে। মালদহে হচ্ছে, বিধাননগরে

হচ্ছে। সর্বত্র শিশু মৃত্যুর সংখ্যা বেড়ে যাচ্ছে। আপনারা স্বাস্থ্যের খুব উন্নতি করছেন। আপনারা আসার পর বলেছিলেন যে, সুপারস্পেশালিস্ট মেডিকেল হাসপাতাল তৈরী করবেন। কটা হয়েছে আজ পর্যন্ত? সাব-ডিভিশনে হবে বলে নিজেও বলেছিলেন, কিন্তু আজ পর্যন্ত হয়নি একটিও। বামফ্রন্টের আমলে যে ব্লক হাসাপাতালগুলিকে উন্নয়নের জন্য ব্যবস্থা করে গেছে এবং সেই কাজ তখন শুরু হয়েছিল। সেই কাজগুলিকে আপনাদের কাজ বলে চালাবার চেষ্টা করছেন। নতুন করে কোন ব্লক হাসপাতাল তৈরী করার যে পরিকল্পনা, নতুন করে কাজ শুরু করা আজও পর্যন্ত সেটা করতে পারেননি। অতএব, আপনারা যেটা বলতে চাইছেন যে, আপনাদের আমলে নাকি স্বাস্থ্যের অনেক উন্নতি হয়েছে। উন্নতি হয়নি, অবনতি হচ্ছে। গ্রামবাংলা থেকে যে সকল পেশেন্ট আসছেন তারা চিকিৎসা না পেয়ে ফিরে যাচ্ছেন। ডাক্তারদের কাছ থেকে দুর্ব্যবহার পাচ্ছেন। কোন প্রতিকার হচ্ছে না। এই যে অবস্থা। অতএব, আপনারা যে কথা বলতে চাইছেন সে কথা ঠিক নয়। মানুষ বুঝছেন। আপনারা বলছেন উপনির্বাচনের কথা, উপনির্বাচনের রায়। এই যে পৌরনির্বাচন, কি হয়েছে, আপনারা সকলে জানেন দেখেছেন—টিভিতে দেখেছেন, আমরা দেখেছি, সকলে দেখেছে। কি নির্বাচন হয়েছে? নির্বাচন না হয়ে প্রহসন হয়েছে। নির্বাচনের নামে প্রহসন হয়েছে। আদৌ নির্বাচন হয়নি। নির্বাচন মানুষের গণতান্ত্রিক অধিকার। মানুষের যে রায় সেটা প্রতিফলিত হয়নি। আপনারা হাওড়ার মেয়রকে কি ভাবে মারলেন। কি ভাবে হসপিটালাইজড্ করলেন। সর্বত্র। বিধাননগরে কি হ'ল সেটা আমরা দেখেছি আমরা কাগজে দেখেছি, আমরা টিভিতে দেখিছি। আজ মিডিয়ার মাধ্যমে সর্বত্র সেই ছবি চলে যাচ্ছে। মানুষের যে উপযুক্ত রায় সেই রায় এটা নয়। আপনাদের এটা—কি বলব, সরকার থাকার ফলে যে সুযোগ-সুবিধা যে ভাবে আপনারা গুণ্ডামি করে, দলবাজি করে নির্বাচনগুলি হয়তো জিতেছেন, কিন্তু আপনাদের মুখে এ সব কথা সাজে না। তাই এই বিলে সরকারের যে শাসকরূপ, সেই রূপ বেরিয়ে আসবে। যে ভাবে আপনার স্কুল কাউন্সিলগুলিতে, মেডিকেল কলেজগুলিতে, বিশ্ববিদ্যালয়গুলিতে, হায়ার এডুকেশন কাউন্সিলে যে ভাবে আপনাদের দলীয় লোককে নিয়োগ করার যে ব্যবস্থা করেছেন, এইভাবেই আমি মনে করছি, এই বিলেও আপনারা সেই দলীয় লোককে, দলতন্ত্রের প্রতিষ্ঠা করার জন্য আপনারা সেই পথ অবলম্বন করছেন। তাই এই বিলকে আমরা বাম পন্থীরা সমর্থন করতে পারছি না। আমরা বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য : স্যার, The West Bengal University of Health Sciences (Amendment) Bill, 2013, এই বিলের সমর্থনে কিছু কথা এবং যে বক্তারা কোন কিছু না করে নানান ধরনের প্রশ্ন তুলেছেন সেই প্রশ্নের জবাবে কিছু কথা তুলে ধরব। স্যার, এখানে যে বিলটির আজকে উত্থাপিত হয়েছে এই সদনে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যিনি স্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী তিনি নিশ্চিত ভাবে একটি যুগান্তকারী পদক্ষেপ নিয়েছেন। তার কারণ ২০০২ সালে যে বিলটি বাম আমলে তৈরী হয়েছিল মূল বিল সেই বিলে ভাইস চ্যান্সেলার ও প্রো-ভাইস চ্যান্সেলারদের অ্যাপয়েন্টমেন্টের পদ্ধতি, তাদের টার্মস অফ সার্ভিস কোন কিছুই উল্লেখিত ছিল না। আমরা যদি ২০০২-র Section 32 এবং Section 33 দেখি তাহলে দেখতে

পাব সেখানে Vice-Chancellor appointment হবে, Chancellor করবেন in consultation with Government of West Bengal and the words stopped at that, nothing else. অর্থাৎ সরকারের সঙ্গে কনসাল্ট করে আচার্য Vice-Chancellor নিয়োগ করবেন। সেই Vice-Chancellor মেডিকেল পারসন হবেন, না নন-মেডিকেল পারসন হবেন, পলিটিক্যাল পার্টিতে তাঁর অ্যাফিলিয়েশন থাকবে, না কি তিনি নিরপেক্ষ থাকবেন তার কোন কথাই সেকশন 32-তে বলা নেই। তাই আজকে এই অ্যামেন্ডমেন্টের দ্বারা মাননীয়া মুখ্যমন্ত্রী Vice-Chancellor appointment এবং Pro–Vice Chancellor appointment -র মধ্যে স্বচ্ছতা আনার ক্ষেত্রটা তৈরী করেছেন। আমার আগের বক্তারা বলেছেন। আলিমুদ্দিন স্ট্রীট থেকে কন্ট্রোল হত কে Vice-Chancellor হবে, কে Pro Vice-Chancellor হবে। তিনটি Pro-Vice-Chancellor হওয়ার কথা। একজন MBBS Medicine থেকে একজন Dental Faculty থেকে, আরেকজন আয়ুশ থেকে। কিন্তু তাঁরা কীভাবে appointment হবে এবং তাঁদের terms of service কী হবে, তাঁরা অপসারিত হতে পারবেন কিনা, অপসারণ করতে গেলে তাঁদের কী কী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে সরকারের পক্ষ থেকে সেগুলোর কোন কিছুই উল্লেখ ছিল না। তাই মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় সম্পূর্ণ ভাবে স্বচ্ছতা নিয়ে আসার জন্য Section 32, Sub-Section-1 এবং Section 33, Sub–Section-1-র Substitution নিয়ে এসেছেন এই বিলের মাধ্যমে।

স্যার, আপনি যদি দেখেন, এই দু'বছর কয়েক মাসের মধ্যে তিনটি নতুন সরকারী মেডিকেল কলেজ হয়েছে। আর, একটি প্রাইভেট মেডিকেল কলেজ দুর্গাপুরে, আই.টি.ইউ. হয়েছে। এবং MBBS-র সিট ১৩৫৫ থেকে বেড়ে ২৩৫০ হয়েছে। এবং ডেন্টালের সিট যা ছিল তার থেকে বেড়ে, আজকে MBBS এবং ডেন্টালকে সংযুক্ত করলে ২৭৫০ সিট হয়েছে ১৬০৫ থেকে। আমরা যদি দেখি Post Graduate seat, তাহলে Post Graduate Degree এবং Diploma ২০১০-১১ ছিল ৬৯৩। কিন্তু এই দু'বছর কয়েকমাসে সিট বেড়ে দাঁড়িয়েছে ৯০৫। Post Doctoral যদি দেখি সিট ছিল ২০১০-১১ মাত্র স্যার ৩১টি। আজকে দাঁড়িয়ে গর্বের সঙ্গে বলা যায় সিট হয়ে গেছে ১৩৬টি। আমরা নতুন নার্সিং কলেজ তৈরী করেছি। তাহলে এই যে Health University-র আণ্ডারে যে শিক্ষাগত ব্যবস্থাগুলো পরিচালনা হয় সেই ব্যবস্থা পরিচালনা করতে গেলে Vice-Chancellor এবং Vice-Chancellor appointment-র মধ্যে নিশ্চিৎ ভাবে স্বচ্ছতা আনা প্রয়োজন। স্যার, বিল যেটা আনা হয়েছে তার ওপর আমার আগের বক্তারা বলেছেন। কী কী condition হতে হবে Vice-Chancellor হতে গেলে সেটি উল্লেখ করা আছে : sub-section–1 substitute করা হয়েছে যে সেকশন দিয়ে। Scarch Committee আগে ছিল না। আমি আগেই বলেছি Section 32 এবং Section 33 খালি Vice–Chancellor এবং Pro vice Chancellor appointment করবে Chancellor in consultation with the State Government—এটুকু provision ছিল তার বেশী নয়।

[2·30–2·40 p.m.]

Search Committee তৈরি করে মাননীয়া মুখ্যমন্ত্রী স্বচ্ছতা এনেছেন। এই Nominee of the Chancellor who shall be the Chairperson of the Committee, President, West Bengal Medical Council এটা একটি elected post. Elected জায়গায় Medical Council-এর ডাক্তাররা অর্থাৎ Medical Council-এর সমস্ত ডাক্তারের registration হয়ে থাকলে, সেই সমস্ত ডাক্তাররা যাকে elect করবেন, তিনি থাকবেন Search Committee-র ভিতরে। One nominee of the Government. আজকে আমাদের Government কালকে অন্য কারোর হতে পারে, এখুনি হবে না, সে কাল আর আজ আসছে না, কিন্তু যাই হোক, স্বচ্ছতা কি করে আনতে হয়, সেটা দেখুন। Chairman, West Bengal State Council of Higher Education এই আইনটি higher learning এর জন্য তৈরি হয়েছে, সেটা ২০০২ সালে Preamble-র মধ্যে লেখা রয়েছে, আইনের Preamble এর মধ্যে।"

To foster and develop Individual Institution or Joint Institution of higher learning" তার মানে উচ্চশিক্ষার সঙ্গে joint করে institution হতে পারে। Preamble-এ লেখা রয়েছে অথবা to develop and foster independent Institution। তাহলে Higher Education থেকে একজনকে নিয়ে আসতে হবে। যার জন্য Chairman, West Bengal State Council of Higher Education, Principal Secretary, Department of Health and Family Welfare, স্বাস্থ্য দপ্তরে যিনি, Principal Secretary তিনিও এই Search Committee-র member হবেন। অর্থাৎ ৫ জনের কমিটি। মনে রাখবেন, যাতে difference of opinion হলে সেই জায়গাটা থাকে, সেজন্য দুজনের কমিটি হয়নি, চারজনের কমিটি হয়নি, ৬ জনের কমিটি হয়নি। Uneven সংখ্যার ৫ জনের কমিটি তৈরি হয়েছে। আজকে আমরা যদি দেখি, তাহলে Pro-Vice-Chancellor-র ক্ষেত্রেও কে কিভাবে অপসারণ—তাকে যদি করতে হয়, কি করতে হবে? তিনি কিভাবে regulated হবেন, এ 1 কোন কিছুই ছিল না। মনোরঞ্জনবাবু বললেন, executive council নিয়োগ করত। বলুন তো এই সদন, এই রাজ্যের আইনসভা, executive council-এ Vice Chancellor এবং Pro–Vice– Chancellor তারাও কিন্তু সদস্য। সেই সদস্যরা কি Vice–Chancellor and Pro–Vice–Chancellor কে elect করে কিংবা কাউকে তারা dominate করতে পারেন? সেটা কি সংবিধানসম্মত? আপনারা যেটা করেছিলেন, challenged হয়নি, বেঁচে গেছেন। challenged হলে ওটা আর থাকত না। কারণ executive council-এর ভিতরেই আপনারা body-তে নিয়ে গেছেন Vice–Chancellor 1-কে আর Pro–Vice–Chancellor-কে, তারা তাদের নিজেদের পদের জন্য লোভ করতে পারেন? এটা চলতে পারে? Regulation দিয়ে মূল আইনকে পাল্টে দেওয়া যায় না। এটা, এই আইনসভা নিশ্চিতভাবে, আমার ধারণা তারা এটা জানেন। Rule অথবা regulation দিয়ে মূল

আইনের চরিত্রকে পাল্টে দেওয়া যায় না। Rule এবং regulation নিশ্চিতভাবে আইনের অঙ্গ। কিন্তু সেই আইন দিয়ে মূল চরিত্র পাল্টে দেওয়া যায় না। আপনারা করেছিলেন আপনাদের স্বার্থে। আপনারা করেছিলেন রাজনৈতিক স্বার্থে। মমতা বন্দ্যোপাধ্যায় করছেন মা-মাটি-মানুষের স্বার্থে। তাই আজকে এই amendment-গুলো, সংশোধনীগুলো আনা অত্যন্ত জরুরী। আপনারা বলেছেন এটা কেন আনা হল? Statement of Objects and Reasons-এর একটা লাইন করেছেন "certain difficulties" এইটা করেছেন। আর তার পরেরগুলো আর করলেন না। Statement of Objects and Reasons which has been held by the different courts that it is part of Act itself. সেখানেই লেখা রয়েছে Therefore, it has been considered expedient and necessary to amend the said Act with a view to making provisions with regard to modality of selection and the conditions of service to the posts of Vice-Chancellor and the Pro–Vice–Chancellor of the West Bengal University of Health Sciences। তাহলে মোডালিটি আর টার্মস্ অ্যান্ড কন্ডিশান অফ দ্য সার্ভিস সেটা অ্যামেন্ড করবার জন্য এটা নেওয়া হয়েছে। এটা স্টেটমেন্ট অফ অবজেক্টস্ অ্যান্ড রিজনস্-এর মধ্যে লেখা আছে। যেটা has been held by the different Courts to be a part of the act itself after it is passed for the bill.

এবারে আমরা যেটা করেছি, আপনারা কেউ কেউ বললেন কেন সাব-সেকশান 1A. কেন ইনসার্টেড্ হয়েছে। একটা আইন আসার পরে সেটা তৎক্ষণাৎ লাগু হয়ে যায় কিন্তু যিনি আছেন ভাইস চ্যান্সেলার তার সময়টা তো এই আইন দিয়ে এক্সটেন্ড করে দেওয়া যায় না। তাই সেই ৩ মাসের সময় অথবা আইনটি প্রয়োগ করার সময় যেটি তাড়াতাড়ি হবে whichever is earlier সেই জায়গায় রাখা হয়েছে। আসলে সম্পূর্ণ আইনটি যে নিরীখে সংশোধনীটি আনা হয়েছে আমার আশা আপনারা সেই দিকটি দেখুন। অনেক কিছু বললেন, শিশু মৃত্যু নিয়ে। আমার মনে হয় একটুখানি ভাবা উচিত বলার আগে। কত বেড ছিল বলুন তো SNCU -তে ? কত বেড ছিল SNCU যে করেছিলেন ৬টি—৬০টি বেড। আজকে দাঁড়িয়ে আমরা গর্বের সঙ্গে—মমতা বন্দ্যোপাধ্যায় করেছেন ২ হাজারের উপর বেড খালি SNCU-তে । তারপরেও বলছেন? আপনারা জানেন শিশু মৃত্যু কোন নেগলিজেন্সে হয়নি। আপনারা এটাও জানেন এবং কোন নেগলিজেন্স মমতা বন্দ্যোপাধ্যায়ের দপ্তরের হয়নি। কোন শিশু এই বাংলার মাটিতে সূর্য দেখা থেকে বঞ্চিত হোক এটা সূর্য্যবাবুরা চেয়েছিলেন আমরা চাইনি, আমরা চাই না। সুতরাং আমরা সার্বিকভাবে আমাদের প্রায়োরিটি সেক্টর হচ্ছে শিশু এবং মা। আমরা সেই কাজটা করছি। সুপার স্পেশালিটি হাসপাতাল—মাননীয় বিধায়ক বললেন। এটা মোয়া নয়, বাচ্চার হাতের খেলনা নয়। একটা সুপার স্পেশালিটি হাসপাতাল তৈরি করতে গেলে সময় লাগে। দেখুন গিয়ে তাকিয়ে ১৩টি হাসপাতালের প্রগ্রেসটা কি হচ্ছে। তার একটা আর্কিটেকচারাল ড্রয়িং চাই, সেই আর্কিটেকচারাল ড্রয়িংটাকে বাস্তবে রূপায়ণ করতে কি কি পদ্ধতির মধ্যে যেতে হয় এটা নিশ্চিতভাবে আপনারা জানেন, আপনারা

বিদগ্ধ মানুষ কিন্তু আজকে ত্বরান্বিত করার জন্য শুধু ওয়েস্ট বেঙ্গল মেডিকেল কর্পোরেশানের হাতে এই সুপার স্পেশালিটি দেওয়া নেই। এখানে এইচ. আর.বি.সি. -তেও দেওয়া হয়ে গেছে। যাতে সমস্ত প্রক্রিয়াটি তরান্বিত করা যায় এবং সুপার স্পেশালিটি হাসপাতাল এই রাজ্যে হয় এবং মানুষ তার সুযোগ পান। তাই সার্বিকভাবে স্বাস্থ্যের যে উন্নতি হয়েছে, যে পরিষেবার উন্নতি হয়েছে এটা অন্ধকার ঘরে গিয়ে আড়ালে মনে মনে নিশ্চিতভাবে স্বীকার করেন। এখানে দাঁড়িয়ে অনেক কথা বলছেন কিন্তু অস্বীকার করতে পারবেন না। ডাক্তার নেই, ডাক্তার নেই চেঁচাচ্ছেন। ২০ বছর ধরে যদি ডাক্তার না নিয়োগ করে থাকেন—একদিকে নিয়োগ নেই আর একদিকে রিটায়ারমেন্ট হয়ে যাচ্ছে তাহলে তার উত্তর আমরা দেবো, মমতা বন্দ্যোপাধ্যায় দেবেন না কি উত্তরটা আপনারা দেবেন? আজকে যে ২৭৫০ ডাক্তার তৈরি হয়েছে—সময় দেবেন তো তাদের পাশ করে বেরোনোর জন্য। আমাদের হেলথ সার্ভিস রিক্রুটমেন্ট বোর্ড চালু হয়েছে। দেখতে পাবেন কিছু দিনের মধ্যেই এই appointment প্রক্রিয়া শুরু হবে এবং আপনারা জানবেন এই বাংলার মাটিতে স্বাস্থ্য পরিষেবা নিয়ে কোন কমপ্রোমাইজ মমতা বন্দ্যোপাধ্যায় করেন না। তাই জেলায় জেলায় স্বাস্থ্য পরিষেবা উন্নত করার জন্য, মেডিকেল কলেজগুলিকে যেগুলি হেলথ ইউনিভার্সিটির আন্ডারে সেগুলিকে নিয়ন্ত্রণে রাখার জন্য এবং এখানে ভাইস চ্যান্সেলার এবং প্রো-ভাইস চ্যান্সেলার অত্যন্ত গুরুত্বপূর্ণ পদগুলি যাতে নিয়ন্ত্রণের মধ্যে থাকে মানুষের জন্য সেই জায়গাগুলি করেছেন। অপসারিত হবেন কিভাবে সেটারও কোন রকমের উল্লেখ আগে ছিল না। আজকে দাঁড়িয়ে শুভাশিষবাবু মাননীয় বিধায়ক এখানে বলেছেন কোথা থেকে তার অপসারণ, তার রেগুলেটরি মেজার্সগুলো কি হবে সবই এই বিলের মধ্যে রয়েছে। তাই অকারণে বিরোধিতা না করে এই সংশোধনীকে সমর্থন করুন। বাংলার মানুষের জন্য সমর্থন যদি আপনাদের থাকতো তাহলে আজ পাঁচটি পুরসভার নির্বাচনের ফলাফল এই জায়গায় দাঁড়াতো না। আপনারা মানুষের কথা ভাবেননি।

[2·40–2·50 p.m.]

এখনও চুপ করে থাকার সময় আছে। এখনও এত চেঁচাবার সময় আসেনি। চেঁচাবেন কখন? যখন মানুষ আপনাদের প্রতি আস্থা দেখাবে। আর এখন চুপ করে সেলোটেপ মুখে দিয়ে বাড়ীতে থাকার টাইম। সুতরাং আমরা কি করছি সেটা দেখুন। সংশোধনীকে সমর্থন করুন। মনে মনে করছেন। একটু জোরে—যখন Ayes বলবে তখন যদি Ayes বলেন তাহলে বুঝব যে আপনারা মানুষের সমর্থনে আছেন। Noes ও বলেন না, Ayesও বলেন না। কেমন যেন মূক আর বধির হয়ে গেছেন। তাই আপনাদের বলব সংশোধনীটা সমর্থন করুন। স্যার, আমি এই সংশোধনী সমর্থনের জন্য এই সদনে সবার কাছে আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : The question before the House is that the Bill be taken into consideration. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

Clause 2

There are four Amendments (Nos. 1 to 4) to Clause 2 by Shri Monoranjan Patra. Now I call upon Shri Patra to move his amendments.

Shri Monoranjan Patra : 1. Sir, I beg to move that in Clause 2(1). in proposed subsection (1)(c) of section 32 of the Principal Act, for sub-clauses (i), (ii) and (iii) the following subclauses be substituted.

(i) a nominee of the Chancellor, who shall be the Chairperson of the Committee, who should be an eminent personality/ educationsist/senior teacher.

(ii) member of West Bengal Medical Council to be elected amongst the members and who should be senior teacher in the rank of professor.

(iii) one nominee of the Government who should be renowned educationist or senior teacher in the rank of professor,"

2. Sir, I also beg to move that in clause 2 (1), in proposed sub-section (1) (c) of section 32 of the Principal Act, for sub-clause (v), the following be substituted :

(v) Vice Chancellor of any other university except private university.

3. Sir, I also beg to move that in clause 2(1), in proposed sub-section (1), in proposed sub-section (1) (j) of section 32 of the Principal Act, sub-clause (vi) deleted.

4. Sir, I also beg to move that in clause 2 (2). in proposed new sub-section (1A) of section 32 of the principal Act, in line 5, for the words "for a maximum period of three months". the words "till expiry of his term" be substituted.

Mr. Speaker : Hon'ble Minister to reply.

Smt. Chandrima Bhattacharya : I do not accept the Amendments made by Shri Monoranjan Patra.

Mr. Speaker : The question before the House is that the Amendments (Nos. 1 to 4) moved by Monoranjan Patra. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Noes have it, Noes have it. Clause 2, do stand part of the Bill.

Clause 3

There are three Amendments (Nos. 5 to 7) to Clause 3 by Shri Monoranjan Patra. Now I call upon Shri Patra to move his amendments.

Shri Monoranjan Patra : 5 Sir, I beg to move that in Clause 3 (1) in proposed subsection (1) (f) of section 33 of the Principal Act, in sub-clause (ii) for the words, "any senior teacher of medical teaching institution in this State or an officer of the University to exercise the powers and perform the duties of the Pro–Vice–Chancellor", the words "the Registrar to act as the Pro-Vice - Chancellor in addition to his duties" be substituted.

6. Sir, I also beg to move that in clause 3(1) in proposed subsection (1) (g) of section 33 of the Principal Act, for the words "any senior teacher of a medical teaching institution in this State or an officer of the University exercises the powers and perform the duties of the Pro-Vice-Chancellor". the words "the Registrar acts as the Pro-Vice-Chancellor in addition to his duty" be substituted.

7. Sir, I also beg to move that in clause 3(1), in proposed sub-section (1) (h) of section 33 of the principal Act, sub-clause (vi) be deleted.

Mr. Speaker : Hon'ble Minister to reply.

Smt. Chandrima Bhattacharya : I do not accept the Amendments made by Shri Monoranjan Patra.

Mr. Speaker : The question before the House is that the Amendments (Nos. 5 to 7) moved by Monoranjan Patra. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No.

Dr. Surjya Kanta Mishra : Sir, we want division.

... [At this stage the Division Bell started ringing] ...

... (After three minutes) ...

... [Distribution of Division slips was then started]

[2·50–2·58 p.m.]

মি: স্পীকার : রেজাল্ট আমার হাতে চলে এসেছে। রেজাল্ট ডিক্লেয়ারের আগে আপনারা যদি অনুমোতি দেন তাহলে একবার ইলেকট্রনিক ভোটিং মেশিনে ট্রায়াল দিয়ে দেখতে পারি।

Mr. Speaker : There is a slight difference between the results shown on the Electronic Board and the results as per the slips collected.

I am announcing the result as per slips collected.

AYES have secured	102
NOES have secured	36

AYES have it, AYES have it.

The Bill is passed.

Adjournment

At this stage the House was adjourned till 11 a.m. on Tuesday, the 26th November, 2013.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 26th November, 2013 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 28 Ministers, 05 Ministers-of-State, 9 Parliamentary Secretaries and 183 Members.

[11.00–11.10 a.m.]

Starred Questions
(To which oral answers were given)

*৬১। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৫) ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ২০১২-১৩ অর্থবর্ষে কয়লা সম্পর্কিত সেস বাবদ রাজ্য বাজেটে কত রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ধার্য্য করা হয়েছিল;

(খ) উক্ত অর্থবর্ষে সংশোধিত হিসেবে এই কয়লা সেস বাবদ কত আদায়ের লক্ষ্যমাত্রা ধার্য্য করা হয়; এবং

(গ) প্রকৃত হিসাবে এই কয়লা সেস বাবদ উক্ত অর্থবর্ষে কত রাজস্ব সংগৃহীত হয়েছে?

[11.00–11.10 a.m.]

ডঃ অমিত মিত্র : (ক) ২০১২-২০১৩ অর্থবর্ষে কয়লা সম্পর্কিত সেস বাবদ রাজ্য বাজেটে ১৩৯২.৩২ কোটি টাকা রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছিল।

রাজস্ব আদায় মূলত কেন্দ্রীয় সরকারের এজেন্সি যেমন ইষ্টার্ন কোলফিল্ডস, ভারত কুকিং কোল লিমিটেড ইত্যাদির কয়লা উত্তোলনের পরিমাণের উপর নির্ভরশীল।

(খ) ২০১২-২০১৩ অর্থবর্ষে সংশোধিত বাজেট অনুযায়ী কয়লা সেস বাবদ ২১৬৭.৭২ কোটি টাকা আদায়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছিল।

(গ) প্রকৃত হিসাবে ২০১২-১৩ অর্থবর্ষে কয়লা সেস বাবদ ১৫৬৬.৯২ কোটি টাকা রাজস্ব সংগৃহীত হয়েছে। এর সঙ্গে জুড়ে দিই যা রাজ্যের বরাদ্দের সাপেক্ষে ১২.৫৪ শতাংশ বেশি।

উক্ত এজেন্সীগুলোর উত্তোলনের পরিমাণ কম হবার জন্য সেস বাবদ রাজস্ব আদায় বাজেট বরাদ্দের চেয়ে বেশি হলেও সংশোধিত বাজেটের তুলনায় কম হয়েছে।

ডা: সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীকে প্রশ্ন করতে চাই, মাননীয় অর্থমন্ত্রী জানেন যে এই বিষয়টা নিয়ে আমরা দীর্ঘদিন ধরে দাবি করে আসছি এবং আপনাকে আমি ব্যক্তিগতভাবেও কয়েকবার বলেছি আলাদা করে। আমার মুশকিল হচ্ছে যেটা আপনি বলছেন ২০১২-১৩ সালে বাজেট প্রকাশনা নম্বর চার, এখানে পাবলিকেশন নম্বর ফোরে আপনি যদি দেখেন হেডে, এটা দেখানোর কথা যেটা মেজর হেড ০০২৯ যেটাকে ব্রড হেড বলে সেটা রেভিনিউ রিসিপ্টে, ওর মাইনর হেড হচ্ছে ০০৬, কয়লা ইত্যাদি হচ্ছে ০০৭ সাব হেড।

এটাতে আপনি দেখবেন যে এটাতে কিছু নেই। আপনার কাছে আমার প্রশ্ন করার উদ্দেশ্যটা হচ্ছে এই আমি এখানে বুঝবার চেষ্টা করছিলাম যে এটা কি হচ্ছে। সেস রয়ালটি নিয়ে আমাদের যে দীর্ঘদিনের কথা তার থেকে আমি বুঝবার চেষ্টা করছিলাম। এই বাজেট প্রকাশন নাম্বার চার, দু হাজার বারো তেরোতে কিছু নেই কিন্তু আপনি দেখবেন। যাই হোক আমি তারপরে খোঁজ করতে করতে তেরো চোদ্দর বাজেট পাবলিকেশন নাম্বার ফোরে আছে আপনি যেটা বলছেন সেটার সবটা মিলছে না। কয়েকটি ক্লারিফিকেশনের দরকার আছে। ওখানে দশ পাতাতে আমি দেখছি যে রেভিনিউ রিসিপ্ট ০০২৯ যেটা ল্যান্ড রেভিনিউ, এই যে মেজর হেড বা ব্রড হেড যেটা বলা হয়, তার মধ্যে আমরা দেখছি যে, রুরাল এমপ্লয়মেন্ট সেস অ্যান্ড কোল মাইনস, ওইভাবেই তো লেখা হয় — রুরাল এমপ্লয়মেন্ট প্রাইমারী এডুকেশন দুটো পরপর, যাই হোক ঠিকই আছে, ০০৬-এ আপনি দেখবেন, সেখানে আপনি ০৭ বলে ইন্টারেস্ট একটা দেখিয়েছেন, সেই একই ৯৯৯ কোটি ইত্যাদি ইত্যাদি। এটা আপনি দেখিয়েছেন দু হাজার এগারো বারোর অ্যাকচুয়ালস। আপনি এটা অ্যাকচুয়ালস হেডে দেখিয়েছেন। তারপরে বাজেট এস্টিমেট দু হাজার বারো তেরো কিছু নেই, ফাঁকা। তার মানে যেহেতু ওই বই ফাঁকা সেহেতু এখানেও দুহাজার তেরো চোদ্দতেও ফাঁকা। এই যে আপনি জবাব দিয়েছেন যেটা, যেটা আপনি বলছেন। যেটা নেই, সেটা আপ টু বাজেটে যেটা লেখাই নেই, সেটা আপনি কি করে জবাব দিচ্ছেন, আমি জানি না। যাই হোক কিছু একটা গোলমাল হয়ে থাকবে, আপনি ভালো বলতে পারবেন। তারপরে রিভাইজড্ এস্টিমেটে বারো তেরোতে বলা হয়েছে যে ১৩৯৯ কোটি ৫১ লক্ষ ৭৪ হাজার ইত্যাদি ইত্যাদি। ঠিক আছে। তারপরে তোরো চোদ্দর বাজেট এস্টিমেটে আপনি দেখালেন, ১৯৫৯ কোটি ৩২ লক্ষ ৪৪ হাজার তেরো চোদ্দর বাজেট এস্টিমেটে আপনি দেখাচ্ছেন। এই অসঙ্গতিটা যে কি সেটা কি আপনি ব্যাখ্যা করতে পারবেন? কারণ আমি কোনোমতেই এর হিসাব মেলাতে পারছি না।

ডঃ অমিত মিত্র : স্যার, আপনার মাধ্যমে বলি আমি খুব স্পষ্ট করে আপনাকে ফিগার দিয়েছি। আপনি প্রশ্ন করেছেন উক্ত অর্থবর্ষে সংশোধিত হিসাবে এই কয়লা সেস বাবদ কত আদায়ের লক্ষ্যমাত্রা ধার্য্য করা হয়। তার জবাব যেটা আমি দিয়েছি অন রেকর্ড সেটা আমি রিপিট করি ২১৬৭.৭২ কোটি টাকা আদায়ের লক্ষ্যমাত্রা ধার্য্য করা হয়েছে। এটা আর ই তে পাবেন। রিভাইজ এস্টিমেটে। তারপরে আপনি জিজ্ঞাসা করেছেন প্রকৃত হিসাবে এই কয়লা সেস বাবদ উক্ত অর্থবর্ষে কত রাজস্ব আদায় সংগৃহীত হয়েছে। সেটার সম্বন্ধেও আপনাকে খুব স্পষ্টভাবে বলেছি যে ১৫৬৬.৯২ কোটি টাকা রাজস্ব আমরা পেলাম। (ভয়েজ : ওটাতো আমি দেখতে পাচ্ছি। আপনার বাজেট বই যেটা, হাউসে যেটা প্রেজেন্ট করেছেন, পাশ হয়েছে, তাতে কিছু লেখা নেই।) ইট ইজ

অন রেকর্ড, আপনি যদি চান আপনি যে প্রাইমারী এডুকেশন এমপ্লয়মেন্ট রুরাল সেটাও আপনাকে আমি ভেঙে দিয়ে দিচ্ছি। দু হাজার বারো তেরোতে এই যে ফিগারটা আপনাকে দিলাম ১৫৬৬.৯২ তাতে প্রাইমারী এডুকেশনে ৩০৬.৯৫ এবং এমপ্লয়মেন্টের ক্ষেত্রে যে সেস আমরা পেয়েছি, তাতে ১২৫৯.৫৭, এত ডিটেলস যখন আপনার সামনে রাখছি আপনি কোথাও মিস করছেন, আমি নিশ্চয় খুঁজে আপনাকে দিয়ে দেব। (গোলমাল)

মিঃ স্পীকার : উনি তো এক্সপ্লেন করেছেন। প্লিজ আপনি বসুন। সূর্যবাবু প্রশ্ন করেছেন, আপনি কেন উঠে দাঁড়াচ্ছেন।

ডঃ অমিত মিত্র : মাননীয় স্পীকার স্যার, আমি তো বানিয়ে বলছি না।

ডা: সূর্য্যকান্ত মিশ্র : এখানে যে বাজেট এস্টিমেট আছে, রিভাইজড বাজেট আছে, রিভাইজড এস্টিমেট আছে, অ্যাকচুয়ালস — অ্যাকচুয়ালস তো এজির থেকে পাওয়া যেতেই পারে। আমি তার মধ্যে যাচ্ছি না। আমি বলছি সেখানে কিছু নেই।

যাই হোক আমি তার মধ্যে যাচ্ছি না। আমি বলছি সেখানে কিছু নেই।

[11.10–11.20 a.m.]

মিঃ স্পীকার : উনি তো বললেন আপনাকে। হি হ্যাজ এক্সপ্লেইনড্।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আপনি বুঝুন, এটা বইতে যা নেই, বাজেটে যা পাশ হয়নি—এটা.....

ডঃ অমিত মিত্র : মাননীয় স্পিকার মহোদয়, আপনি বললে ডিটেইল করে মাননীয় ডা: মিশ্রকে নিশ্চয়ই দিয়ে দেবো।

মিঃ স্পীকার : ঠিক আছে।

ডঃ অমিত মিত্র : আমি তো বানিয়ে বলছি না স্যার। ইট্স্ অন্ রেকর্ড।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : ঠিক আছে, এখন যদি আপনি রেডি না থাকেন, পরে দেখবেন যে, বাজেট বইতে যেটা নেই ....

মিঃ স্পীকার : উনি তো বলেছেন আপনাকে পরে জানিয়ে দেবেন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : দ্বিতীয় কথাটা হচ্ছে যে, যেটা দীর্ঘ দিন ধরে আমি আপনাকে অনুরোধ করে আসছি সেটা হচ্ছে এই যে, সেস্, রয়্যালটি — দুটোই আমাদের পাওনা সংবিধানসম্মতভাবে। সেস্ অন কোল বিয়ারিং ল্যান্ড। রাজ্য সরকারের পাওনা, রাজ্য সরকারই সেস্ বসায়, ঠিক করে, কত পাবো, কি রেট্ হবে আমরা ঠিক করি এবং রাজ্য সরকার যা ঠিক করে, তার ভিত্তিতে আমরা যা সেস্ বসাচ্ছিলাম এবং যা সেস্ পাচ্ছিলাম, সেই অনুযায়ী আমরা কেন্দ্রের কাছে সেটা ছাড়াও রয়্যালটি বাবদ — রয়্যালটিটা আপনি জানেন ওরা ঠিক করে, পাওনাটা আমাদের সংবিধানসম্মতভাবে।

কারণ সংবিধানের স্টেট লিস্টে এন্ট্রি ৪৯ — সেটা সেস্ অন কোল বিয়ারিং ল্যান্ডের ওপরে। কয়লার ওপরে সেস না, কোল বিয়ারিং ল্যান্ডের ওপরে সেস্। আর এন্ট্রি ৫০ হচ্ছে রেন্ট্ অন্

মাইন্‌স্‌ অ্যান্ড মিনারেল্‌স্‌ যাকে বলা হয়। এখানে আমাদের কয়লার ব্যাপারে পাওয়ার কথা। সেখানটায় আমরা দাবী করেছি এবং আমরা যখন ছিলাম, তখনও বলেছি, যখন আপনারা সরকারে, তখনও আমরা কেন্দ্রের কাছে বলেছি। আপনাকে আমি ব্যক্তিগতভাবে বলেছি। এবারে যখন ফিন্যান্স কমিশন এখানে এলো, তখন আপনিও বলেছেন। আপনি কি বলেছেন তা আমি জানি না। আমি কাগজে যা দেখেছি। আপনি যেটা ফিন্যান্স কমিশনের কাছে দিয়েছেন, যদি অনুগ্রহ করে সেটা আমরা পাই। আমি আপনাকে দিতে পারি আমাদের পক্ষ থেকে যা বলা হয়েছে। মানে আমাদের লেজিসলেচার পার্টি থেকে নয়, পার্টির পক্ষ থেকে যা বলা হয়েছে। সেটা এখানে আছে। সেখানে আমরা আবারও সেই কথাটা বলেছি যে, কথা ছিল যে আমরা দুটোই পাবো, দুটোই পাচ্ছিলাম। এখন হঠাৎ করে সম্ভবতঃ ১৯৮৭ সালে ওরা বললেন, রয়্যালটি রিভাইজ করা হল। সেটা আমাদের দেওয়া হল না। তখন আমরা বললাম যে কেন দেবেন না? আমার যতদূর খেয়াল পড়ছে, আমি সবটা ডিটেল্‌স্‌ তারিখ দেখে বলতে পারছি না, তখন ওরা বললেন যে, আপনি তো সেস্‌ থেকে পাচ্ছেন। তো সেস্‌ পাচ্ছি বলে আমি রয়্যালটি পাবো না কেন? সংবিধান আমাকে সেই অধিকার দিয়েছে। তখন ওরা বললেন যে, কয়লার দাম বেড়ে যাবে। সেইজন্য আপনি সেসটা কমিয়ে দিন, দুটো নিলে মুশকিল। আমরা কিন্তু সেস্‌ কমিয়েও দিয়েছিলাম। যাই হোক, তারপরেও ওরা দিলেন না। ২০০৪ সালের ১৫ই জানুয়ারী সুপ্রিম কোর্ট জাজমেন্ট দিল যে, আমরা যেটা দাবী করছি সেটা কনস্টিটিউশনাল। তার ভিত্তিতে কেন্দ্রের কাছে দাবী করছি। ৮ হাজার কোটি টাকার বেশি পাওনা হয় আপনার। আপনি কেন রাজ্যের দাবী ছেড়ে দিচ্ছেন? বার বার আপনাকে বলছি। আপনি কখনো এটার জবাব দিলেন না। এবারের ফিন্যান্স কমিশনে শেষ পর্যন্ত আপনি কি দাবী করেছেন, সেটা যদি আপনি বলেন। এটা রাজ্যের দাবী, সংবিধানসম্মত।

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয় ডঃ মিশ্রর সঙ্গে আমরা একদমই একমত। আপনি যদি ২ মিনিট সময় দেন, তাহলে আমি এই ব্যাকগ্রাউন্ডটা একটু বলে দিই, যেটা আপনি বলছেন অল্প করে। মাইন্‌স্‌ অ্যান্ড্‌ মিন্যারেল্‌স্‌ রেগুলেশন অ্যাক্ট, ১৯৫৭ — তার মাধ্যমে। আপনি যে কথাটা বলছেন Royalty on coal is collected and enjoyed under the said entry যেটার আপনি রেফারেন্স দিয়েছেন। In terms of the provision 9 of the said Act, the rates of royalty on the coal can be revised by the Government of India after every three years. It only revised in the said Act of 1957, no power has been assigned by the Union Governement to discriminate among the states on the ground of various facts, cess or imposition of power rates of such tax or cess. স্পষ্টভাবে, যেহেতু আপনার সাথে আমি দ্বিমত প্রকাশ করছি না, আমিতো পড়ে দিচ্ছি আপনাকে। এবারে আমি আসছি, আপনি একটু ধৈর্য ধরুন — Rates of royalty in respect of coal। মাননীয় Leader of the Opposition বলেছেন 1987-এ রিভাইজ্‌ড হয়েছিল যেটা আমরা পেয়েছিলাম। তার পরে 1991 -এ আবার রিভাইজ্‌ড হয়েছিল, 1994-এ আবার রিভাইজ হয়েছিল, August 2002-এ আবার রিভাইজ হলো, August 2007-এ আবার রিভাইজ হলো। আপনাকে উদাহরণস্বরূপ বলি রেট পার টনে কি রকম ভয়ংকর discrimination। Non-coking A & B coal

আপনি যদি ধরেন 1987 প্রসেসে ৬.৫০ টাকা আমরা পাই, আর rate per ton in other state ২০০২তে তারা ১৬৫ টাকা পায়। এবং ঝাড়খন্ড শুধু নয়, — স্ট্যাটিসটিক্স আমি table করে দেব। তার পরে rate per tonne in other state in 2007 তারা কি পাচ্ছে? ১৮০ টাকা দরে পাচ্ছে। আপনাকে আমি তত্ত্বের মাধ্যমে আপনি যে বক্তব্যটা রাখছেন সেটাকে আমি সম্পূর্ণভাবে বক্তব্যের মাধ্যমে সাপোর্ট করছি। শুধু তাই নয়, আপনারা যখন সরকারে ছিলেন ২০০৯-১০-এ আপনাদের notional loss to the state ৪৮৩৩ কোটি টাকা notional loss হয়েছিল। আপনাকে বলছি exact date দিয়ে ২০০২। ২০০৯-১০ তাতে আপনি আবার যদি এটা বলেন notinal loss-র উপর ইন্টারেস্টকেও লাগাতে চান আরো ৩৫৫১ কোটি টাকা সেখানে যাবে। ২০০৯-১০ এর পরে এখন সেটা অনেকটা বেড়েছে, এ বিষয়ে কোনো দ্বিমত নেই। এর পরে হলো কি, আপনাদের জাজমেন্টের কথা আপনি বলছেন, আপনার Memory is right, ১৫ই জানুয়ারী ২০০৪-এ সুপ্রীম কোর্টের জাজ্‌মেন্ট আসে relating to the State of West Bengal vs. Kesorum Industries Ltd. স্যার, এবারে হাউসের অবগতির জন্য আমি জাজমেন্টটা কোট করতে চাই আপনার পার্মিশান নিয়ে, "the Central Legislation has not imposed any limitation on the power of the states to legislate in the field of taxation on mineral rights." আপনি হয়তো ওটাই রেফার করেছিলেন, আমি ওটার exact সুপ্রীম কোর্টের জাজমেন্টটা কোট করে দিলাম। The only power it has been assigned to the Central Government by the Act of 1957 and has specified revised the rates of royalty periodically. এছাড়া তাদের পাওয়ার নেই। এবারে আমি আপনার প্রশ্নের উত্তরে আসছি, 1998-এ এক সময় আপনাদের রেট ছিল, আপনারা যেটা রয়্যালটি এবং সেস্ দুটো কারণে পেতেন, যেটা আপনি উল্লেখ করেছেন, সেটা ছিল 42.5%। সেটা আপনারা 1998-এ কমিয়ে ওটাকে 25% করেছিলেন। হয়তো এটা ভেবে যে রয়্যালটিটা হয়তো আমরা পাবো। যে কারণেই হোক আপনারা কমিয়ে এনেছিলেন। এখন আমি আপনি যে প্রশ্নটা করেছিলেন যে এ সম্বন্ধে আমরা কি করেছি? শুনে খুশী হবেন আমাদের বিধায়ক সাহেব এবং রেসপেক্টেড ডাঃ মিশ্র, Leader of the opposition, ২০১১তে এসে আমরা চিঠি লিখেছি, আমরা মিটিং করেছি। ২০১২-তে দুবার চিঠি লেখা হয়েছে এবং মিটিং করা হয়েছে। এখন কেন্দ্রীয় সরকারের যাঁরা এখানে, যে পার্টি সেই পার্টির লোকেরা আছেন, তাঁরা আজ নেই, সেইহেতু তাঁদের প্রশ্ন করতে হবে যে কেন্দ্রীয় সরকার আপনাদের যেমন কোনো উত্তর দেন নি, আমাদেরও কোনো উত্তর দেননি। সেটাতেই আমরা ছেড়ে দিইনি, While it is truth আমি একেবারে পড়ছি ৮২ নম্বর পাতায় যে Memorandum of Fourteenth Finance Commission -কে দেওয়া হয়েছে, যার একটা তত্ত্বের সমীক্ষা আমি প্রথমে করি, তার পরে মাননীয়া মুখমন্ত্রী তিনি নিজে ডিটেল্‌ড প্রেজেন্টেশান তাঁদের সামনে করেন।

[11.20–11.30 a.m.]

সেই মেমোরান্ডাম থেকে আমি পড়ছি। Page-82, তাতে আমরা কি বলেছি? While it is true that West Bengal gets both coal royalty and coal cess যেটা সেস,

রয়েলটিটা খুব কম। It needs to be noted that its royalty, stagnant since 1987, has been paltry only and has ranged between Rs. 5.50 to Rs. 7 per ton depending on the grade of coal. This is in sharp contrast to the other coal bearing States that enjoy a royalty between Rs. 70/- to Rs.180/- depending on the quality of the coal. Also, according to the Constitution, States have the right to levy cess on coal mining areas আমরা বলছি 14th Finance commisstion কে। And also receive royalty on coal from the Centre. The Centre, however, has the prerogative of fixing the amount যেটা আমি আগে বলেছি। In 2005 এটা আমরা 14th Finance commission কে point out করছি, in exercise of the prerogative, the Centre switched to a composite royalty structure with fixed and variable components following a Supreme Court judgment. Centre cannot deny royalty to coal producing States. Following the Apex Court directive, the Centre gave States the liberty to go either for royalty or a combination of royalty and cess. But to bring parity, it specified that the total tax amount in whatsoever way the State chooses, should not exceed the upper ceiling of t he royalty structure fixed for several coal grades. This Central directive implied that Bengal that decided to continue with the coal cess, could not expect royalty at the same rate as other States. This is the conspiracy which we have pointed out to the 14th Finance Commission. শেষে আমরা বলছি, It is requested that specific consideration is made for West Bengal by permitting it to levy more royalty as well as continue to charge 25 per cent cess. The payment of royalty can substantially help the state Government in servicing its huge debt burden. যে debt burden টা আমাদের ঘাড়ে রেখে যাওয়া হয়েছিল, আমি সেটাকে বারবার বলতে চাই না। At least this will help in defraying some of that burden. এ ক্ষেত্রে আমি একটা কথা বলে শেষ করতে চাই, ২০০৪ থেকে ২০০৮ অবধি সিপিএম বা হয়তো লেফ্‌ট ফ্রন্ট তারা they were supporting the then Government, ২০০৪ থেকে ২০০৮ from outside the Government. সেই সময় আমি শুনেছি I stand to correction, বিগ্রেড প্যারেড গ্রাউন্ডে একজন অত্যন্ত সিনিয়ার লিডার অফ সিপিএম তিনি হাউসে নেই সেহেতু আমি তার নাম নিতে চাইছি না। তিনি বলেছিলেন, 'আমরা কেন্দ্রীয় সরকারকে উঠতে বললে ওঠেন, বসতে বললে বসেন'। তাই যদি আপনারা উঠতে বললে ওঠেন আর বসতে বললে বসেন তখন আপনারা এই রয়েলটিটা কেন নিয়ে আসতে পারেননি? যখন আপনারা কেন্দ্রীয় সরকারকে বাইরে থেকে সাপোর্ট

করছিলেন। নিতে পারেননি, পারেননি। আমরা কিন্তু আমাদের কাজ পুরোপুরি করেছি। আমরা তিন বার চিঠি লিখেছি, আমরা মিটিং করেছি, আমরা 14th Finance Commission কে তার মেমোরান্ডামে মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে সেই জিনিস পেশ করেছি। আমরা লড়বো, লড়ে যাবো। এই যে ডিউ আছে তা আমরা নিশ্চয়ই নিয়ে আসবো কোন না কোন দিন। সেই দিন আসছে, হাতছানি দিচ্ছে। যে দিন সেই সেস, সেই রয়েলটি আমাদের ফিরে আসছে।

(এই সময় মাননীয় বিরোধী দলনেতা কিছু বলতে ওঠেন)

মিঃ স্পীকার : শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়। প্লিজ, একটা প্রশ্ন নিয়ে, I know that this is very important. It has been duly explained by the Hon'ble Minister. So, there cannot be questions and question, multiplicity of questions. I know that he has explained. The Hon'ble Minister has very specifically explained before the House.

----(Noise)----

আপনি জানেন, As per rule আপনি প্রস্তাব দেবেন I will consider this. আপনি প্রস্তাব পাঠাবেন আমি কনসিডার করব। আপনি প্রশ্ন করুন, আপনি প্রশ্ন করুন। শোভনদেব চট্টোপাধ্যায় আপনি প্রশ্ন করুন। ঠিক আছে, উনি দিক আমরা পরে দেখব। আপনি প্রশ্ন করুন। আপনি আমাকে প্রপার ফর্মে প্রস্তাব করবেন। I will take it into consideration. Thereafter I will decide. No, no this is question hour. কোশ্চেন আওয়ারে এত লেনদি প্রসেস চলে না। You have put certain questions, he has explained, ঠিক আছে। আমরা খুব মনোযোগ দিয়ে আপনার বক্তব্য শুনেছি। যে প্রস্তাব, background আমরা অত্যন্ত মনোযোগ দিয়ে শুনেছি। মাননীয় মন্ত্রীর উত্তরটাও আমরা মনোযোগ দিয়ে শুনেছি এবং আমাদের অলরেডি ২৫ মিনিট সময় আপনার প্রশ্নে গেছে। আপনি একটা প্রস্তাব দেবেন, প্রস্তাবটা আমি দেখবো। I may take it into consideration.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : Aspersion-টা ডিলিট করে দিন।

মিঃ স্পীকার : না, না, aspersion উনি কারোর নাম করে দেননি। He has not named anybody. He has not named anybody. আপনি নোটিশ দেবেন আমি দেখবো।

......(গোলমাল).......

মিঃ স্পীকার : He has not named anybody. Please, সূর্য্যবাবু। He has not named anybody. উনি কারোর নাম করে বলেনি। আপনারা বসুন। Please বসুন। এই ধরনের কথাবার্তা এই সদনে আগেও অনেকে বলেছেন। Next question.

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে অর্থমন্ত্রীর কাছে একটা প্রশ্ন করছি যে, উনি বিরোধী দলনেতা একটা বই দেখিয়ে বলছিলেন যে, সেস সম্পর্কিত

যে আয় সেটা কেন বাজেটে reflected হয়নি? আমি আপনার কাছে জানতে চাইছি ২০০৩-০৪ থেকে ২০১০-১১ পর্যন্ত বিগত বামফ্রন্ট সরকার ৪০ হাজার ৭৩০ কোটি ১৬ লক্ষ টাকা, আবার বলছি, ৪০ হাজার ৭৩০ কোটি ১৬ লক্ষ টাকা হিসাব-বহির্ভূত খরচ করেছিলেন যেটা বাজেটে reflected ছিল না, estimate বাজেটে reflected ছিল না এবং পরবর্তী বছরের বাজেটেও reflected ছিল না। এ বিষয়ে আপনি যদি আমাদের সভাকে জানান — সেস রয়্যালটি না।

.......(গোলমাল)........

মিঃ স্পীকার : না, না আমি বলছি শুনুন।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : একই ব্যাপার। একই ব্যাপার আপনি জানতে চেয়েছেন।

........(গোলমাল)........

মিঃ স্পীকার : Please, Please.

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : [***]

মিঃ স্পীকার : No, No, I will not allow this question. Please. It is not related to the subject. আপনি জেনারেল কোয়েশ্চেন করেছেন আপনি অন্যভাবে আনবেন, I will allow you. But I will not allow this question. Shri Gouranga Chatterjee now.

This question will not go on record. I will not allow this.

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, যেহেতু এটা অর্থনীতির প্রশ্ন সেইজন্য,

মিঃ স্পীকার : আপনি রিলেটেড কোয়েশ্চেন করবেন।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : আমি একদম রিলেটেড প্রশ্ন করছি। কারণ, ওনার যে প্রাজ্ঞতা; এই প্রশ্নকে পুরো সম্মান জানিয়ে আমি বলছি। উনি খানিকটা সভাকে misguide করার চেষ্টা করলেন। এবং যেটা হচ্ছে যে, ১৯৯৮ সালে সেস বাবদ যেটা ছাড় দেওয়া হয়েছিল, সেটা বোধহয় আপনার জানা নাও থাকতে পারে। কারণ, সেইসময় Eastern Coalfields Ltd. তখন BIFR-এ আছে, এক লক্ষ ৭০ হাজার শ্রমিকের প্রশ্ন ছিল সেই সময়ে। কাজেই সেই শ্রমিকদের যাতে করে BIFR-এর থেকে বেরিয়ে আসতে পারে সেইজন্য রাজ্য সরকার সেই সময় এটা করেছিলেন। আপনি বললেন, আপনি জানেন না। কিন্তু বিষয়টা হচ্ছে এই জন্যই ছিল। যাই হোক, আমি সেই প্রশ্নে আসছি না। রয়্যালটি এবং সেসের বিবাদ বহু দিনের। রয়্যালটি কিন্তু সেন্ট্রাল গভর্নমেন্ট দিতে বাধ্য এবং বাধ্যতার ক্ষেত্রে কোনোরকমই, কোনোভাবে ছাড় দেওয়া যেতে পারে না। এখানে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী কয়েকদিন আগে তিনি বললেন যে, সেন্ট্রাল গভর্নমেন্ট এত নিয়ে যাচ্ছে, অত নিয়ে যাচ্ছে ইত্যাদি ইত্যাদি নানা বিষয়। আমার প্রশ্ন হচ্ছে যে, এখানে

*** মাননীয় অধ্যক্ষের আদেশানুক্রমে বাদ দেওয়া হল।

রয়্যালটির প্রশ্নে, এত টাকা, আট হাজার কোটি টাকার মতো প্রায় বাকি রয়েছে। এই অর্থটাকে আদায় করার ক্ষেত্রে, — সেসের ক্ষেত্রেও যেটা যে, coal production-এর উপর সেস হবে। ২০১২ এবং ১৩ অর্থবর্ষে ৩৩ মিলিয়ন টন কয়লা production হয়েছে। ২০১১ এবং ১২ অর্থবর্ষে coal production ২৮ মিলিয়ন টন। খুব সম্ভবত ২৮ something হবে। আর ১২-১৩তে ৩৩ something হবে। এবার এই যে কয়লা production হচ্ছে, এই production-টাকে, যে কয়লা উত্তোলন হচ্ছে এই কয়লার একটা ব্যাপক অংশ আউট সোর্সের মাধ্যমে হচ্ছে। এবং আমি আপনাকে বলছি, যে কোম্পানীগুলো আউটসোর্সিং করছে, overburden removal করার ক্ষেত্রে খুব কম টাকাতে করছে। এরা একটা ভালো পরিমাণ কয়লা regular অন্য পথে বিক্রি করে দিচ্ছে; যেটার reflection আসছে না total production-এর উপরে। কাজেই স্টেটের সেস-কে বাড়াতে গেলে এইটাকে আপনার রোখা দরকার।

[11.30–11.40 a.m.]

মিঃ স্পীকার : মাইকটা বন্ধ হয়ে গেল কেন? আপনি লাস্ট কোয়েশ্চেনটা বলুন।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : সেইজন্য দুটো ক্ষেত্রেই, সেসের ক্ষেত্রে। সেস থেকে আরো বেশী কি ভাবে আদায় করা যেতে পারে স্টেট-এ উন্নতির জন্যই, এবং কি ভাবে বকেয়া রয়ালটি আদায় করা যেতে পারে, যদি আপনি সভাকে জানান তাহলে ভাল হয়। ধন্যবাদ।

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় এম এল এ সাহেব যেটা বলেছেন, গুরুত্বপূর্ণ বিষয়, আমি ওকে এইটাই রিকোয়েস্ট করবো, এই সম্বন্ধে যদি ওর কোন তথ্য থাকে, আপনি নিশ্চয় দেবেন। এবং সরকার তার উপরে স্ট্রং ব্যবস্থা নেবে এবং যেটা আপনি বলেছেন সেটা যদি সত্য হয় তার যদি কোন রকমের ইনডিরেক্ট এভিডেন্স থাকে আপনি নিশ্চয় দেবেন। আমি কথা দিচ্ছি হাউসকে যে তার উপরে শক্ত ব্যবস্থা আমরা করবো। তথ্য চাই আমার, তথ্য পেলেই তার উপরে, সেটা আপনি নিশ্চয় তথ্য জানেন, কেন না, আপনি তথ্য সম্বন্ধেই বলেছেন, আপনি একটু দিয়ে দেবেন, তার উপরে স্ট্রং এ্যাকশান এই সরকার নেবে। কেন আমরা লস করবো ট্যাক্স। আমরা যেখানে ৪০ হাজার কোটি ট্যাক্সে চলে যাচ্ছি এবছর, নিশ্চয় আমাদের প্রচেষ্টা রয়েছে। নিশ্চয় আপনার তথ্য পেলে দেখবো।

শ্রী আনিসুর রহমান : এই কথা তো সবারই জানা, এটা তো পরিষ্কার যে আগেও রাজ্য সরকারের আর্থিক সংকট ছিল, এখনও আছে। আমি যেটা বলতে চাচ্ছি, আপনারা অনেক দাবী করছেন, প্যাকেজের দাবী করছেন, মোরাটোরিয়ামের দাবী করছেন, সব করছেন, আর যেটা আমাদের আইনগত পাওয়া, কবে আমরা পাইনি ঐটা দেখিয়ে লাভ কি, ভালই তো এটা, আজকে আমরা যে ৮ হাজার কোটি হোক, ১০ হাজার কোটি হোক যেটা আমরা পাব, যেটা আমাদের ন্যায্য পাওনা, যার জন্য মামলা হয়েছে কোর্টে, সেই মামলায় জিতেছি আমরা, সেসও পাব, রয়্যালটিও পাব। এই দাবীটা আপনারা জোরের সঙ্গে তুলছেন না কেন? তুললে আমরা রাজী আছি, এইটা আদায়ের জন্য যদি কোন সর্বদলীয় টিম যায় এতেও আমরা রাজী আছি।

মিঃ স্পীকার : আপনি ছোট করে বলুন, এটা আপনি অলরেডি এক্সপ্লেন করেছেন। আপনি ইতিমধ্যে বলেছেন এটা, তবুও আপনি বলুন।

ডঃ অমিত মিত্র : এই প্রশ্নের উত্তরে আমি মাননীয় লিডার অফ দি অপোজিশানকে বলেছিলাম, অল্প করে রিপিট করে দিই। আমরা শুধু চিঠি লিখিনি, প্রত্যেক বছরে লিখেছি, এবং ফোরটিন্থ ফিনান্স কমিশন যখন কোলকাতায় এসেছিল, তাদের সামনে মাননীয়া মুখ্যমন্ত্রী যে প্রেজেনটেশান করেছেন এবং মেমোরান্ডাম লিখিত দিয়েছেন তার ৮২ পাতা থেকে ডিটেলে আমি পড়ে দিয়েছি। আমাদের থেকে খুশী আর কে হবে যদি ৮ হাজার কোটি টাকা পাই। আপনারা যে ঋণ ছেড়ে গিয়েছিলেন, তাতে এ মাসে আপনি শুনে অবাক হয়ে যাবেন, নভেম্বর মাসে ২ হাজার ৯০০ কোটি টাকা ইন্টারেস্টের রিপেমেন্টে কেটে যাবে। সেইহেতু আমাদের থেকে খুশী আর কে হবে। নিশ্চয় আমরা লড়ব। আমরা এর জন্য চিঠি লিখেছি, বলেছি, প্রয়োজনে আবার বলব।

পাণ্ডুয়ায় ক্যাট্‌ল মার্কেটে নীলামের মাধ্যমে রাজস্ব আদায়

*৬২। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৫) শ্রী সমীর কুমার জানা : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে বর্তমান আর্থিক বছরে হুগলি জেলার পাণ্ডুয়া আর.এম.সি.-এর অন্তর্গত ক্যাট্‌ল মার্কেট নীলাম বাবদ রাজস্ব আদায়ের পরিমাণ কত; এবং

(খ) বিগত দু'টি আর্থিক বছরে ঐ বাজার নীলাম বাবদ রাজস্ব আদায়ের পরিমাণ কত ছিল?

শ্রী অরূপ রায় : মাননীয় বিধায়ক শ্রী সমীর কুমার জানার প্রশ্নের উত্তরে জানাই,

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে বর্তমান আর্থিক বছরে হুগলী জেলার পাণ্ডুয়া আর.এম.সি.-এর অন্তর্গত ক্যাটল মার্কেট নীলাম বাবদ রাজস্ব আদায়ের পরিমাণ ১,৬৬,৬৬,৬৬২ টাকা।

(খ) বিগত দুটি আর্থিক বছরে ঐ বাজার নীলাম বাবদ রাজস্ব আদায়ের পরিমাণ নিম্নে বর্ণিত হল :

২০১১-২০১২ :- ২,৫২,০০০ টাকা।

২০১২-২০১৩ :- ৩৭,৭৭,৭৭৭.৭৫ টাকা।

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মন্ত্রী মহোদয়ের উত্তরের পরিপ্রেক্ষিতে বলতে চাই, মা-মাটি-মানুষের সরকার আড়াই বছরে পদার্পণ করার মধ্যে যদি একটি ক্যাটেল মার্কেট থেকে পাণ্ডুয়া আর এম সি ক্যাটল মার্কেট বর্তমানে ১ কোটি ৬৬ লক্ষ ৬৬ হাজার ৬৬২ টাকা যদি নীলাম থেকে রাজস্ব আদায় হয়ে থাকে, বিগত বছরে যে দুটি বছর অতিবাহিত হয়ে গেছে, সে তুলনায় অনেক কম পরিমাণ টাকা সংগৃহীত হয়েছে। এটার দ্বারা কি আমরা বুঝতে পারি না যে বামফ্রন্ট সরকারের আমলে যে দলতন্ত্রটা প্রতিষ্ঠিত হয়েছিল, যে কারণের জন্য যে এই আদায় রাজস্ব আদায়টা সঠিকভাবে হয়নি। বর্তমানে মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রীর নির্দেশক্রমে যে

উন্নয়নটা হচ্ছে, মাননীয় অর্থমন্ত্রী যেভাবে করে অর্থনৈতিক দিশাটাকে তুলে ধরতে পেরেছে, যে কারণের জন্য আজকে এই এত পরিমাণ রাজস্ব আদায় সংগৃহীত হয়েছে। এজন্য মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আর এম সি সংলগ্ন এলাকায় উন্নয়নের কোনো ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা। অর্থাৎ যেখানে আমাদের এত কোটি টাকা আদায় হচ্ছে, সেই আর এম সি পাভুয়ায় আপনি উন্নয়নের জন্য কোনো ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা।

শ্রী অরূপ রায় : স্যার আপনার মাধ্যমে আমাদের মাননীয় সদস্যের অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই যে, এই আর এম সি থেকে যে রাজস্ব আদায় হয় সেটা থেকে আমাদের যারা কর্মচারী তাদের স্যালারি এবং স্থানীয় ডেভেলপমেন্ট ওয়ার্ক এগুলো হয়। সুতরাং সেই ডেভেলপমেন্ট ওয়ার্ক — আমরা লাস্ট ২০১২-১৩ সালে — এখানে স্যালারি বাবদ সাতাত্তর লক্ষ সাত হাজার ছয়শো ত্রিশ টাকা এবং ডেভেলপমেন্ট বাবদ পঁচাত্তর লক্ষ ছেচল্লিশ হাজার সাতশো চুরাশি টাকা ব্যয় হয়েছে।

শ্রী সমীর কুমার জানা : আমার অতিরিক্ত আর একটি প্রশ্ন, পাভুয়ায় যেভাবে একটি নজির তৈরি হয়েছে মাননীয় মন্ত্রী মহোদয় কি চিন্তা ভাবনা করেছেন, অন্যান্য আর এম সিতে মনিটরিং ব্যবস্থা বা মনিটরিং কমিটি গঠন করে এই রাজস্ব আদায়ের ধারাকে অব্যাহত রাখার জন্য কোনো ব্যবস্থা বা চিন্তা ভাবনা গ্রহণ করেছেন কিনা।

শ্রী অরূপ রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যের অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই যে, আমাদের এই মা-মাটি-মানুষের সরকার আসার পর আমরা বিভিন্ন আর এম সি-র যার কর্মকর্তা তাদের নিয়ে একাধিকবার মিটিং করেছি এবং রাজস্ব আদায় যাতে বৃদ্ধি পায় তার জন্য আমরা মনিটরিং করেছি। আমরা প্রতি কয়েক মাস অন্তর এই মিটিং করি। এই মনিটরিং চলছে। আগামীদিনে এই রাজস্ব যাতে আরো বৃদ্ধি পায় এবং এটা আমাদের স্থানীয় ডেভেলপমেন্টের ক্ষেত্রে যাতে কাজে লাগে তার জন্য নিশ্চয় এই দপ্তর সবসময় দায়িত্বশীল ভূমিকা পালন করবে।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : অনারেবল স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার জানতে ইচ্ছে করছে, ক্যাটল মার্কেটে নীলাম হওয়ার পর যে টাকা পাওয়া যায় সেই টাকা আপনারা ট্রেজারিতে রাখেন নাকি যারা কর্মচারী তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে রাখেন? এটা আমার জানতে ইচ্ছে করছে। ক্যাটল মার্কেটে কোন সালে নীলাম হওয়া শুরু হয়েছে?

শ্রী অরূপ রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে আমি জানাতে চাই, আপনাদের সময়ে এই সমস্ত হতো যে ওই সরকারী টাকা কারো ব্যাঙ্কে থাকতো। কিন্তু বর্তমান আমাদের দপ্তরে এই আর.এম.সি-গুলো এখানে সংগৃহীত অর্থ ব্যাঙ্কে থাকে নিয়ম অনুযায়ী। প্রতিটি আর এম সি সেভাবেই কাজ করে আসছে।

শ্রী সমরেন্দ্রনাথ ঘোষ : ধন্যবাদ স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই আমার বিধানসভা এলাকায় প্রায় তিনশো বিঘা জমির ওপরে রেগুলেটেড মার্কেট কমপ্লেক্স আছে। সেই রেগুলেটেড মার্কেট কমপ্লেক্সের একটা সর্বদলীয় কমিটির রেজোলিউশানক্রমে পরিবহন দপ্তরকে জমি দিয়ে একটা বাস স্ট্যান্ড নির্মাণের মাধ্যমে এলাকার মানুষের সমস্যা সমাধান

করার চেষ্টা করা হয়েছিল। এই ব্যাপারটা কি আপনার দপ্তরে করিমপুর বিধানসভার করিমপুর রেগুলেটেড মার্কেট চত্বরে বাস স্ট্যান্ড তৈরি করার জন্য কৃষি বিপণন দপ্তর থেকে পরিবহন দপ্তরের কাছে জমি হস্তান্তর করে বাস স্ট্যান্ড তৈরি করার পরিকল্পনা আছে?

শ্রী অরূপ রায় : আমরা ইতিমধ্যেই আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর নির্দেশে অনুমতি দিয়েছি ওখানে বাস স্ট্যান্ড করার জন্য।

[11.40–11.50 a.m.]

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, পান্ডুয়া রেগুলেটেড মার্কেটিং-এর অধীনে আমার বিধানসভা এলাকা চুঁচড়ায় কৃষি বিপণন দপ্তরের একটা বড় জায়গা আছে। বিগত বামফ্রন্ট সরকার সেখানে একটা বড় কমপ্লেক্স তৈরী করে ফেলে রেখে দিয়েছিল, সেটা কোন কাজে লাগানো হয়নি। কয়েকশো মানুষ সেখানে কাজ পেতে পারে। ফাঁকা জায়গাটা পড়ে রয়েছে এবং প্রতিদিন ওখান থেকে চুরি হয়ে হয়ে জায়গাটা একদম শ্মশান হয়ে যাচ্ছে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে প্রশ্ন করতে চাই, যে জায়গা কৃষি বিপণন দপ্তরের রয়েছে সেই জায়গায় কোন মার্কেটিং কমপ্লেক্স করা ইমিডিয়েট সম্ভব কিনা।

শ্রী অরূপ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমি মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে এটুকুই বলব, বিগত সরকার তারা আমাদের রাজ্যের অর্থনৈতিক অবস্থাকে দেউলিয়া করে দিয়ে গিয়েছিল, 'ভাঁড়ে মা ভবানী'। রাজ্যটাকে মুখ্যমন্ত্রী কিভাবে চালাচ্ছেন সেটা আমরা উপলব্ধি করছি। আমাদের উদ্যোগ আছে, আপনারা জানেন ইতিমধ্যেই রাজ্যের বিভিন্ন ব্লকে ব্লকে কৃষি বাজার তৈরীর কাজ চলছে। পরবর্তীকালে কৃষিবাজারের যে প্রোজেক্টগুলো আছে ৪১টি বিভিন্ন ব্লকে তার কাজ ক্রমপর্যায়ে চলছে, পান্ডুয়া রেগুলেটেড মার্কেটের যে ইয়ার্ড আছে, সেই ইয়ার্ডে আমরা স্থানীয় মানুষের স্বার্থে বিপণন ব্যবস্থাকে শক্তিশালী করার জন্য ব্যবস্থা নেব।

শ্রী রামেশ্বর দোলই : স্যার, আপনার মাধ্যমে আমি সভার দৃষ্টি আকর্ষণ করছি, বিশেষ করে পরিষদীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কিছুদিন আগে আমরা সংবাদ মাধ্যমে দেখেছি, উনি এখন এই দপ্তরের মন্ত্রী নেই, মাননীয়া মুখ্যমন্ত্রী এখন এই দপ্তরের দায়িত্বে আছেন। উনি এত ভালো কাজ করেছেন। আমি আপনার কাছে জানতে চাইছি, উনি কি এখনো এই দপ্তরের মন্ত্রী আছেন?

মিঃ স্পীকার : উনি এখনো মন্ত্রী আছেন। This question will not go. এই প্রশ্ন যাবে না, আমি বলে দিয়েছি।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য, বেথুয়াডহরি রেগুলেটেড মার্কেটে মা-মাটি-মানুষের সরকারের আড়াই বছর সময়কালের মধ্যে ফল ও সব্জীর একটি কোল্ড স্টোরেজের কাজ সম্পূর্ণ করেছে। আগামী দিনে সেটার উদ্বোধন করার কোন চূড়ান্ত দিন ধার্য্য হয়েছে কিনা জানালে আমি বাধিত হব।

শ্রী অরূপ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় সদস্যকে আমি জানতে চাই, ওখানে মাল্টি পারপাস কোল্ড স্টোরেজের কাজটা কমপ্লিট হয়েছে এবং পরবর্তী কালে দিনক্ষণ স্থির করে আপনাকে জানিয়ে দেব কবে এটার উদ্বোধন হবে।

শ্রী মনোরঞ্জন পাত্র : [***]

মিঃ স্পীকার : This question will not go. এই প্রশ্নটাও যাবে না।

প্রাণীবন্ধুদের প্রশিক্ষণ

*৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৮) শ্রী তজমুল হোসেন : প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যে প্রাণীবন্ধুদের জন্য কোন প্রশিক্ষণ কর্মসূচী চালু আছে কি; এবং

(খ) থাকলে, ঐ প্রশিক্ষণ পাওয়ার পদ্ধতি কিরূপ?

শ্রী নূরে আলম চৌধুরী : (ক) আছে।

(খ) নিয়মমাফিক মনোনয়নের পর মনোনীত প্রাণীবন্ধুদেরকে সাড়ে চার মাসের প্রশিক্ষণ দেওয়া হয়, তার মধ্যে দেড় মাসের প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ (INSTITUTIONAL TRAINING) এবং তিন মাসের হাতে-কলমে (FIELD TRAINING) বিভিন্ন ব্লক প্রাণীস্বাস্থ্য কেন্দ্রে/অতিরিক্ত ব্লক প্রাণীস্বাস্থ্য কেন্দ্রে প্রশিক্ষণ দেওয়া হয়।

বিদ্যমান প্রাণীবন্ধুদের ক্ষেত্রে (EXISTING PRANIBANDHU) প্রয়োজনভিত্তিক ৫ দিনের হালফিল অগ্রগতি সম্পর্কিত প্রশিক্ষণের (REFRESHER TRAINING) ব্যবস্থা করা হয়।

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, উনি বলেছেন যে হ্যাঁ আছে। ২০১১ জুন থেকে ২০১৩ শেষ পর্যন্ত কতজন প্রাণীবন্ধুকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে জেলাওয়াড়ি যদি একটু জানান।

মিঃ স্পীকার : ডিটেলস হবে উত্তর। আপনি আপনার জেলাটা জানতে চান। আপনি লিখিতভাবে জানিয়ে দেবেন উনাকে। জেলাওয়াড়ি একটু ডিটেলস উত্তর হবে। টোটাল নাম্বারটা বলুন।

শ্রী তজমুল হোসেন : কত জনাকে দেওয়া হয়েছে একটু বলবেন?

শ্রী নূরে আলম চৌধুরী : প্রাণী বন্ধুদের সংখ্যাটা হল ৩১৬৭। যখন আমরা আসি এই সংখ্যাটাই ছিল। তারপরে কিন্তু সামান্য বোধহয় অ্যাপয়েন্টমেন্ট হয়েছে। যে প্রাণীবন্ধুদের কথা বলছেন, যখন উনারাই ছিলেন, উনারাই ট্রেনিং দিয়েছেন। আমাদের ক্ষেত্রে যে উত্তরটা দিয়েছিলাম, মধ্যে মধ্যে REFRESHER TRAINING সেন্ট্রাল গভর্নমেন্টের অর্ডার অনুযায়ী দেওয়া হয়। নিশ্চয় ওদেরও দেওয়া হয়েছে।

*** মাননীয় অধ্যক্ষের আদেশানুক্রমে বাদ দেওয়া হল।

শ্রী তজমুল হোসেন : স্যার, আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন এই প্রশিক্ষণপ্রাপ্ত প্রাণীবন্ধুদের জন্য মাসে মাসে বেতন দেওয়ার কোন পদ্ধতির ব্যাপারে চিন্তা ভাবনা করেছেন কিনা কিম্বা এককালীন অনুদান দেওয়ার কোন চিন্তা ভাবনা সরকারের আছে কিনা যদি দয়া করে জানান।

শ্রী নূরে আলম চৌধুরী : এ প্রশ্ন, আমার মনে হয় আজকে উনারা নাই, বিশেষ করে নেপালবাবু। অনেকে বারে বারে করে গেছেন। উত্তরও আপনার মাধ্যমে ওদেরকে দেওয়া হয়েছে। আপনি বলুন আপনি কি কি জানতে চাইছেন? তারা কি কি পান? কি পান?

আপনি ঘুরিয়ে নিয়ে আসছেন যে ওদের, কোন স্যালারি বা পে ওসব দেওয়া হয় কিনা। না। তাদেরকে অনুদান দেওয়া হয়, তারা কাজ করেন, সেই কাজ অনুযায়ী পান। কিন্তু তারা এইরকমভাবে স্যালারি বা অন্য কিছু পান না।

শ্রী শেখ আমজাদ হোসেন : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, এটা কি সত্যি খুব সম্প্রতি আপনার দফতর থেকে ব্লক অফিসগুলোতে এ রকম একটা নির্দেশিকা গেছে প্রাণীবন্ধুদের কাছে, তাদের একটা ডিক্লারেশান দিতে হবে, যে আমাদের চাকরী কোনদিনও পার্মানেন্ট হবে না, কোন দিন বেতনের দাবী করতে পারবো না, পার্মানেন্ট করার দাবী করতে পারবো না। এই মর্মে তারা ডিক্লারেশান দিয়ে দিলে তবে প্রাণীবন্ধুর কাজ তাদের থাকবে নচেৎ চলে যাবে, এটা কি সত্যি?

শ্রী নূরে আলম চৌধুরী : আপনার কাছে আমার অনুরোধ, কোয়েশ্চেন নাম্বার ৬৮।

মিঃ স্পীকার : এই রকম একটা প্রশ্ন আছে। উত্তর দেওয়া আছে। আপনি তবুও উত্তরটা বলে দিন।

শ্রী নূরে আলম চৌধুরী : নেপাল বাবু যদি আপনাকে ডেডিকেট করে থাকেন পাওয়ার তাহলে কিন্তু আমি, এটা নেপাল বাবুর কোয়েশ্চেন।

মিঃ স্পীকার : আপনি উত্তরটা দিয়ে দিন। এই প্রশ্নটা আছে, প্রশ্নের উত্তরও আছে। তবুও আপনাকে শুনিয়ে দিচ্ছেন উনি।

শ্রী নূরে আলম চৌধুরী : (ক) প্রাণীবন্ধু হল একটি স্বনিযুক্তি প্রকল্প। তাই পুনর্নিয়োগের কোনো প্রশ্নই নেই। কোনো মুচলেকা বাধ্যতামূলকভাবে প্রাণীবন্ধুদের কাছ থেকে নেওয়া হচ্ছে না।

কেবল সঠিকভাবে ন্যস্ত কর্ম সম্পাদনের জন্য প্রাণীবন্ধু এবং পশ্চিমবঙ্গ গো-সম্পদ বিকাশ সংস্থার মধ্যে একটি চুক্তি সম্পাদিত হচ্ছে।

(খ) প্রযোজ্য নয়।

মিঃ স্পীকার : আর দরকার নেই। ঐটুকুই প্রশ্ন ছিল, উত্তর হয়ে গেছে।

শ্রী বিশ্বনাথ কারক : মাননীয় স্পীকার স্যার, আপনার মারফৎ সংশ্লিষ্ট দফতরের মাননীয় মন্ত্রীকে আমার প্রশ্ন একটাই, আপনার ১৯৯৩,১৯৯৮,২০০৩ কেন্দ্রের একটা প্রকল্প ছিল

NWDPRA National Watershed এই প্রকল্পের মাধ্যমে প্রাণী সম্পদ দফতরের মাধ্যমে প্রতিটা ব্লকে ব্লকে ট্রেনিং সেন্টার হতো এবং গ্রামের দুস্থ ব্যক্তিদের পঞ্চায়েতের মাধ্যমেও ব্লকের মাধ্যমে তাদের হাঁস, মুরগী এবং ছাগল দেওয়া হতো অর্থনৈতিক উন্নয়ন করার জন্য।

[11.50–12.00 noon]

সেই প্রকল্পটি এখন বন্ধ আছে। আমার প্রশ্ন এটাই, এই প্রকল্পটি চালু করার জন্য আপনি কি কেন্দ্রের কাছে চিঠি করে জানাবেন নাকি রাজ্যের স্বার্থে রাজ্য দপ্তর থেকে চালু করার চেষ্টা করবেন?

শ্রী নূরে আলম চৌধুরী : এটার সম্বন্ধে আমাদের কাছে তেমন কিছু নেই, জানিও না ১৯৯৩, ৯৪,৯৫ -২০০৫-এর কথা আপনি বললেন। আমরা তো ১১-এর মিডিলে এসেছি। এই রকম আপনাদের যে সব বললেন আমরা ঠিক দেখিনি, রেকর্ড-এও দেখেনি বা কোন কাগজেও দেখেনি।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন যে, প্যারা টিচারদের ক্ষেত্রে যেমন ৬০ বছর পর্যন্ত তাদের চাকরীর গ্যারান্টি নিশ্চিত করা হয়েছে, গতকাল এই প্রস্তাবটি আমাদের ছিল। এই রকম প্রাণীবন্ধুদের ক্ষেত্রে সরকারের কোন পরিকল্পনা আছে কিনা?

শ্রী নূরে আলম চৌধুরী : শাহাজাহান সাহেবকে এটা বলতে পারব আমাদের কাছে সেন্ট্রাল গভর্নমেন্টের একটা চিঠি আছে যে আমি দুই-একটা ওয়ার্ড, sentences পড়ে আপনাকে শুনাচ্ছি, কোথায় প্যারা টিচার আর কোথায় প্রাণীবন্ধু। ......(নয়েজ).......

মিঃ স্পীকার : না, না উনি প্রশ্ন করেছেন আপনার উত্তর আছে?

শ্রী নূরে আলম চৌধুরী : স্যার, সেই রকম কোন উত্তর নেই। আমি এটা বলার চেষ্টা করব প্যারা টিচার আলাদা।

মিঃ স্পীকার : ঠিক আছে, আপনি এটা দেখবেন, দেখে ওনাকে জানিয়ে দেবেন।

শ্রী ধীরেন বাগদী : ধন্যবাদ স্যার, আমি মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন করতে চাই যে, এখন তো প্রাণী সম্পদ একটা অর্থনৈতিক উন্নয়নের একটা বড় শর্ত। সেই জায়গায় দাঁড়িয়ে আপনার উন্নত ধরনের প্রজাতি, প্রডাকশান বাড়ানোর জন্য আজকে প্রাণীবন্ধুদের সেই ধরনের বীজ সরবরাহ এবং সেইগুলো প্রয়োগের জন্য তাদের উন্নত ধরনের যন্ত্রপাতি দেওয়ার কোন পরিকল্পনা আপনার দপ্তরের আছে কিনা? দয়া করে যদি বলেন।

শ্রী নূরে আলম চৌধুরী : তারা যখন appointed হন বা নিয়োগ করা হয়, তখন তাদেরকে নিশ্চয় কিছু instrument দেওয়া হয় এবং তার মধ্যে হচ্ছে croyo can, এক ধরনের can জাতীয় জিনিস। আর আপনার liquid nitrogen থাকে, তার টেমপারেচার হচ্ছে minus 195 degree। আপনি আঙুল যদি দেন আপনার আঙুল খসে পড়ে যাবে। সেই ক্ষেত্রে সেটা নিশ্চয় দেওয়া হয়। A.I. gun আরটিফিসিয়াল ইনস্ট্রুমেন্টাল গান দেওয়া হয়, first aid box

দেওয়া হয়। তাতে আপনার বিভিন্ন ধরনের জিনিস থাকে, scissors, forceps ইত্যাদি ইত্যাদি জিনিস থাকে। এর সঙ্গে সঙ্গে আপনার straw বা অন্যান্য জিনিসপত্র তাদেরকে দেওয়া হয়। তাদের appointed-এর সঙ্গে সঙ্গে।

চুঁচুড়ায় এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার (এ.এম.)-এর শূন্যপদ

*৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৩) **শ্রী অসিত মজুমদার :** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) হুগলি জেলার চুঁচুড়ায় ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তরের এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার-এর শূন্যপদের সংখ্যা কত; এবং

(খ) উক্ত পদগুলি শূন্য থাকার কারণ কি?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : (লিখিত প্রশ্নের উত্তর)

(ক) হুগলী জেলায় চুঁচুড়ায় জল সম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তরের অধীনে এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার-এর পদের সংখ্যা দুই। প্রথমটি চুঁচুড়া (কৃষি-সেচ) ভুক্তির জন্য এবং দ্বিতীয়টি চুঁচুড়া (কৃষি-যান্ত্রিক) ভুক্তির জন্য। বর্তমানে দুটি পদেই এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার রয়েছেন। তাই কোনো পদই শূন্য নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, হুগলী জেলায় Assistant Engineer -এর পদের সংখ্যা কত? এবং কত দিন ধরে ফাঁকা আছে?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, হুগলী জেলায় সহকারী বাস্তুকার কৃষি, সেচ পদের সংখ্যা চারটি মঞ্জুরিকৃত এবং তার মধ্যে সব কটি পদ আমরা পূরণ করে রেখেছি। দ্বিতীয়ত, হুগলী জেলায় সহকারী বাস্তুকার কৃষি-যান্ত্রিক পদের সংখ্যা ৬টি। তাদের মধ্যে দুটি পদ খানাকুল এবং বলাগড় পূরণ আছে, বাকি চারটি পদ চাঁপাডাঙা, আরামবাগ, চুঁচুড়া এবং চুঁচুড়া ওয়ার্কশপ খালি আছে। এটা পূর্ণ করা যায়নি। আর একটি পদ আছে হুগলী জেলায় সহকারী বাস্তুকার, সেটা 'সুইড' দপ্তরের একটি পদ মঞ্জুরিকৃত এবং ওটা পূর্ণ আছে। এই বাকি ৪ টি পদ, এই ৪টি পদ পূরণ করা যায় নি। এই পদ গুলো পি.এস.সি.-এর মাধ্যমে নিয়োগ করা হয়। যথাযথ ভাবে বছর চারেক আগে এই পেপার গুলো যদি মুভ করা যেত তাহলে আজকে হয়ত পি.এস.সি. পূরণ করে দিতেন। যাই হোক আমরা সর্বতো ভাবে চেষ্টা করছি খুব তাড়াতাড়ি শূন্য পদে লোক দিয়ে দেওয়ার জন্য।

শ্রী রামেশ্বর দোলই : স্যার, ধন্যবাদ আপনাকে, আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন করছি। সেটা হলো যে, জল নিয়ে বিশ্বযুদ্ধ হতে পারে। এটা নিয়ে আমরা সকলেই চিন্তার মধ্যে আছি। জল নিয়ে বিশ্বযুদ্ধ হতে পারে। মাটির তলার জলের যথেচ্ছ ব্যবহার হচ্ছে।

লাল সংকেত কোথাও কোথাও জারি হয়েছে, কোথাও স্যালাইন ওয়াটার, কোথাও লবণাক্ত জল, কোথাও আর্সেনিক জল ইত্যাদি আসছে। আমি আপনাদের জন্য বলছি। এই যে জল, এই ব্যাপারে মানুষকে সতর্ক করার জন্য, সচেতন করার জন্য জল ব্যবহারের ব্যাপারে সরকারের ভাবনা-চিন্তা কি আপনি যদি বলেন। 'জল ধরো জল ভরো' সরকারের একটা নীতি আছে, সরকার ঘোষণা করেছে। তা সত্ত্বেও আপনি এই ব্যাপারে সুস্পষ্ট ভাবে বলেন সেই ব্যাপারে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ভূগর্ভের জলের ব্যাপারে বলছি।

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : সম্মানীয় অধ্যক্ষ মহাশয়, রামেশ্বরবাবু যে প্রশ্নটা করেছেন সেটা যথাযথ, তবুও যে বিষয় নিয়ে এখানে প্রশ্নপত্রের আলোচনা যেটা আজকে অসিতবাবু তুলেছেন সেটার সঙ্গে রিলেটেড নয়। তবু বলি এই ব্যাপারে সরকারের চিন্তা-ভাবনা পরিষ্কার । ভীষণভাবে আমরা গুরুত্ব দিয়েছি বলেই নতুন ইলেকট্রনিক্স মাধ্যম দিয়ে সারা পশ্চিমবাংলায় সার্ভে করে aquifer গুলির অবস্থা চিহ্নিতকরণ করেছি। চিহ্নিতকরণ করার ফলে ৩৮ টি ব্লক semi-critical-এর মধ্যে এবং শুনে খুশী হবেন একটা ব্লক ছিল ক্রিটিক্যাল, উল্লেখ করি সেটা হচ্ছে ময়না ব্লক, আমাদেরই তৎপরতায় বিশেষ ভাবে আর্টিফিসিয়াল রিচার্জিং-এর মাধ্যমে সেই ব্লকটি এখন semi-critical জায়গায় এসে গেছে, ক্রিটিক্যালে নেই। সরকারের চিন্তা-ভাবনা পরিষ্কার বলেই সচেতনতার জন্য বিভিন্ন জায়গায় আমরা যেমন শিবির করছি তেমন নানা ভাষায় ছোট ছোট documentary film করেছি, সেই ফিল্ম করে যাতে যথেচ্ছাচার ব্যবহার না করা হয়, আমরা যাতে aquifer গুলি সুরক্ষিত করতে পারি। যদি না করি তাহলে দেখবেন অচিরে আর্সেনিকের কনসেনট্রেশান বাড়বে। শুধু আর্সেনিক নয় রামেশ্বরবাবু, বর্তমানে ভীষণ বিপদজ্জনক ফ্লোরাইড। সেটা আরো মারাত্মক অবস্থায় আসছে। তাই এই ব্যাপারে সরকার ক্রিয়ার চিন্তা-ভাবনার মাধ্যমে জনগণের সেবায় উদ্দেশ্যে সব সময় নিয়োজিত।

শ্রী গোকুল রায় : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। বিগত সরকার ২০০৫ সালে ভূগর্ভস্থ জলের অপচয় বন্ধের জন্য Ground Water Regulation Act করেছিল। তাতে অপচয় কিছুটা বন্ধ হয়েছিল। তারপরে যথেচ্ছ স্যালো টিউবওয়েল বসাবার আগে 'সুইড'-এর কাছ থেকে layer certificate নিতে হতো। কিন্তু এখন বর্তমান সরকারের আমলে ফাইভ হর্সপাওয়ারের বসাবার জন্য কোন আইন কানুন নেই, যথেচ্ছ ভাবে স্যালো টিউবওয়েল বসছে। তাতে আমি মনে করি গ্রাউন্ড ওয়াটার alarming পজিশানে চলে গেছে। ground water-এর অপচয় বন্ধের জন্য সরকারের সুনির্দিষ্ট কি পদক্ষেপ সেটা জানতে চাইছি।

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : সম্মানীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যে কথাটি বলেছেন সেটা যথার্থ। কিন্তু ২০০৭ সালে যখন আপনারা অ্যাক্ট তৈরী করেন সেই জায়গায় ভারত সরকারের কতকগুলো প্যারামিটার আপনারা ধরেন নি। পরে আমরা সেই প্যারামিটারগুলো ধরে নিয়েছি। ধরার পরে মাইক্রো সার্ভে করেছি। সেটা খুবই statistical অ্যানালিসিস। যদিও আপনারা বিজ্ঞ, বিদ্বজ্জন, সবাই বুঝবেন। মাইক্রো স্ট্যাটাসে যদি অ্যানালিসিস করে নেওয়া হয়, তখন বিশেষ করে আমরা

নর্থ বেঙ্গলে দেখেছি প্রচুর পরিমাণে জল আছে, তাকে ফাইভ হর্সপাওয়ার পর্যন্ত অ্যালাও করে যদি কৃষকদের ছাড় দিই তাহলে কোন ক্ষতি হবে না। বরং পাশাপাশি আমরা যে সমস্ত ইনডাস্ট্রিগুলো দেখছি সেটা এবং যে সফ্‌ট ড্রিংক্স এই সব তৈরীর জন্য যে জায়গায় বড় বড় পাম্পের অনুমোদন বিগত দিনেও দেওয়া হয়েছে এখন সেটাতে আমরা স্বচ্ছতা এনেছি। এইটাকে যদি বন্ধ করতে পারি তাহলে যে ধারণাটা আপনি নিয়েছেন, সেই ধারণাটা থাকবে না। আমরা ট্যালি করেছি। ভারত সরকারের যে রিপোর্ট, আপনারা রিসেন্টলি পেপারে দেখেছেন, তার সঙ্গে ট্যালি করে আমরা এটা যথাযথভাবে দিয়েছি। আপনার একটা কথা নিশ্চয়ই মেনে নেব, ডিসটেন্সটা মেইনটেন করার দরকার আছে। সেই ডিসটেন্সটা মেইনটেন করার জন্য আমরা একটা অর্ডার আনছি। খুবই তাড়াতাড়ি আমরা সেটা আপনাদের সামনে তুলে দেব।

Mr. Speaker : Question Hour is over.

............(নয়েজ)............

Starred Questions
(To which answers were laid on the Table)

সব্জীর মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণ

*৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০৭) **ডঃ তরুণ কান্তি নস্কর :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, সব্জীর মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণে সরকার টাস্ক ফোর্স গঠন করেছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত টাস্ক ফোর্স কর্তৃক গৃহীত পদক্ষেপগুলি কিরূপ?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, সত্যি সরকার গঠিত টাস্কফোর্স সব্জীর মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণে সক্রিয় আছে।

(খ) (১) কাঁচা সব্জীর পাইকারী ও খুচরো বাজার দর পর্যবেক্ষণ করা ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।

(২) দর সম্পর্কিত পর্যালোচনার জন্য নির্দিষ্ট সময় অন্তর উচ্চ পর্যায়ে নীতি নির্ধারণের জন্য বসা হয়।

ক্ষুদ্র সেচ কর্মপ্রকল্প

*৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩২) **শ্রী অর্ঘ রায় প্রধান :** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ২০১২-২০১৩ অর্থবর্ষে আর.আই.ডি.এফ. কর্মসূচীর অধীনে কতগুলি ক্ষুদ্র সেচ কর্মপ্রকল্প গৃহীত হয়েছিল;

(খ) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে কতগুলির কাজ সম্পন্ন হয়েছে; এবং

(গ) এর ফলে কত পরিমাণ জমি সেচসেবিত করা সম্ভব হয়েছে (জেলাওয়ারি তথ্যসহ)?

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১২-১৩ অর্থবর্ষে আর-আই-ডি-এফ কর্মসূচীর অধীনে ২০১৩টি ক্ষুদ্র সেচ কর্মপ্রকল্প গৃহীত হয়েছিল।

(খ) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে ৭৯৫টির কাজ সম্পন্ন হয়েছে।

(গ) এর ফলে ১৪৮২৩ হেক্টর জমিতে সেচ সম্ভাবনা (Potential) সৃষ্টি করা সম্ভব হয়েছে।

জেলা	সংখ্যা	সেচ সম্ভাব্য এলাকা (হেক্টর)
কোচবিহার	১০২	১২৮০
জলপাইগুড়ি	০৫	২০০
(শিলিগুড়ি মহকুমা পরিষদ)	৪৯	১১৩২
উত্তর দিনাজপুর	৩২	৫২০
দক্ষিণ দিনাজপুর	৪১	৯৮৮
মালদা	১০২	২২৫৯
মুর্শিদাবাদ	৬৬	৭৯২
নদীয়া	৪২	৫৭২
উত্তর ২৪পরগনা	৫৯	৯৪০
হাওড়া	০৪	১৬০
হুগলী	১৭	১১১২
বর্ধমান	১৯	১০৪০
বীরভূম	৮০	৯৬০
পূর্ব মেদিনীপুর	২২	৬৭৬
পশ্চিম মেদিনীপুর	১৩৭	১৯৪৮
বাঁকুড়া	১৮	২৪৪
সর্বমোট =	**৭৯৫টি**	**১৪,৮২৩ হেক্টর**

রাজ্যের নিয়ন্ত্রিত বাজারের সংখ্যা

*৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪) শ্রী অসিত মিত্র : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে নিয়ন্ত্রিত বাজারের সংখ্যা কত?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে নিয়ন্ত্রিত বাজার সমিতির সংখ্যা ৪২টি।

প্রাণীবন্ধুদের স্থায়ী চাকুরী

*৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৩) শ্রী নেপাল মাহাত : প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, পুনর্নিয়োগের জন্য কিছু শর্তাবলী সম্বলিত মুচলেকা বাধ্যতামূলকভাবে প্রাণীবন্ধুদের কাছ থেকে নেওয়া হচ্ছে;

(খ) সত্যি হলে তার কারণ কি; এবং

(গ) রাজ্যে চলতি আর্থিক বছরে প্রাণীবন্ধুদের অনুদান বা চাকুরী দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

প্রাণীসম্পদ বিকাশের বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) প্রাণীবন্ধু হলো একটি স্বনিযুক্তি প্রকল্প। তাই পুনর্নিয়োগের কোনো প্রশ্নই নেই। কোনো মুচলেকা বাধ্যতামূলক প্রাণীবন্ধুদের কাছ থেকে নেওয়া হচ্ছে না।

কেবলমাত্র সঠিকভাবে ন্যস্ত কর্ম সম্পাদনের জন্য প্রাণীবন্ধু এবং পশ্চিমবঙ্গ গো-সম্পদ বিকাশ সংস্থার মধ্যে একটি চুক্তি সম্পাদিত হচ্ছে।

(খ) প্রযোজ্য নয়।

(গ) স্বনিযুক্তি প্রকল্পে অনুদান বা চাকুরী দেওয়ার কোনো অবকাশ নেই।

'প্রাণীমিত্রা'-এর নিয়োগ পদ্ধতি ও পারিশ্রমিক

*৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪১০) শ্রী অজয় দে : প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যে 'প্রাণীমিত্রা' নিয়োগ করার কোন পরিকল্পনা আছে কি;

(খ) থাকলে, তাদের নিয়োগ পদ্ধতি কিরূপ; এবং

(গ) তাদের জন্য নির্ধারিত পারিশ্রমিকের পরিমাণ কত?

প্রাণীসম্পদ বিকাশের বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) জেলাস্তরে একটি নির্বাচন কমিটির মাধ্যমে প্রতিটি গ্রাম পঞ্চায়েত স্বনির্ভর দলের ২ জন করে মহিলাকে 'প্রাণীমিত্রা' নির্বাচন করা হবে। এই মহিলাদের শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম মাধ্যমিক বা সমতুল্য বয়ঃসীমা ২৫ থেকে ৩৫ এর মধ্যে হতে হবে। নির্বাচিত হবার পর প্রত্যেক 'প্রাণীমিত্রা'-কে ব্লকস্তরে দেড়মাসের প্রশিক্ষণ নিতে হবে।

(গ) 'প্রাণীমিত্রাদের' জন্য সরকারী নির্ধারিত কোনও পারিশ্রমিক নেই। এটি একটি স্বনিযুক্তি প্রকল্প। 'প্রাণীমিত্রা'গণ প্রাণীপালকদের নিকট থেকে কত পারিশ্রমিক গ্রহণ করবেন তা বিভাগ/অধিকার কর্তৃক বিজ্ঞাপিত হবে।

সুন্দরবনে রাস্তা নির্মাণ

*৭০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩০) শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : সুন্দরবন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) আয়লা ঝড়ের পরবর্তী সময়কালে ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ পর্যন্ত সুন্দরবন এলাকায় কত কিলোমিটার রাস্তা নির্মাণ করা হয়েছে; এবং

(খ) এই নির্মাণ বাবদ ব্যয়িত অর্থের পরিমাণ কত?

সুন্দরবন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) আয়লা ঝড়ের পরবর্তী সময়কালে ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ পর্যন্ত সুন্দরবন বিষয়ক দপ্তর দ্বারা সুন্দরবন এলাকায় ১১৫৩ কিলোমিটার রাস্তা নির্মাণ করা হয়েছে।

(খ) এই নির্মাণ বাবদ ব্যয়িত অর্থের পরিমাণ প্রায় ৩৪,৯৬৩.০০ লক্ষ টাকা।

ওজনের মান রক্ষা

*৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪১) শ্রী আনিসুর রহমান : ক্রেতা সুরক্ষা বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

২০১২-১৩ অর্থবর্ষে ওজনের মান সংক্রান্ত মোট কতগুলি অভিযোগের মীমাংসা ক্রেতা সুরক্ষা দপ্তরের পক্ষ থেকে করা হয়েছে?

ক্রেতা সুরক্ষা বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

২০১২-১৩ অর্থবর্ষে ওজনের মান সংক্রান্ত মোট সংগৃহীত অভিযোগ এবং মীমাংসার সংখ্যা নিম্নে প্রদত্ত হল :

(ক) ওজন সংক্রান্ত	২১টি
(খ) ওজন যন্ত্রাদি সংক্রান্ত	০৯টি
(গ) পরিমাপ সংক্রান্ত	১৭টি
মোট	৪৭টি

প্রতিটি অভিযোগের ক্ষেত্রেই আইনানুযায়ী উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

প্রস্তাবিত কিষাণমাণ্ডির কাজকর্ম

*৭২।(অনুমোদিত প্রশ্ন নং *৫৭৭) শ্রী মনোরঞ্জন পাত্র : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ পর্যন্ত রাজ্যে কতগুলি নতুন কিষাণমাণ্ডি নির্মাণের কাজ শেষ হয়েছে;

(খ) উক্ত কিষাণমাণ্ডিগুলি কবে নাগাদ কাজ শুরু করবে বলে আশা করা যায়; এবং

(গ) কৃষকেরা এই সব কিষাণমাণ্ডি থেকে কি ধরনের সুযোগ সুবিধা পাবে?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) উল্লিখিত তারিখ পর্যন্ত রাজ্যে কোন কৃষক বাজার তৈরীর কাজ সম্পূর্ণ হয়নি; কৃষকবাজার তৈরীর কাজ চলছে। আশা করা যায় ২০১৪ সালের জানুয়ারী মাস থেকে পর্যায়ক্রমে নির্মাণ কাজ শেষ হবে।

(খ) আশা করা যায়, উক্ত কৃষক বাজার গুলি নির্মাণ কাজ শেষ হবার অনতিবিলম্বে সরকার নির্ধারিত নীতি নিয়মানুসারে কাজ শুরু করতে পারবে।

(গ) কৃষক বাজার গুলিতে কৃষকদের সুবিধার্থে গুদামঘর, নীলাম চত্বর, অভ্যন্তরীণ রাস্তা, উন্নত জল নিকাশী ব্যবস্থা, পানীয় জল, বৈদ্যুতিক ব্যবস্থা সহায়তা কেন্দ্র, হিমঘর নির্মাণের ব্যবস্থাপনা ইত্যাদি সুযোগ সুবিধার ব্যবস্থা থাকছে।

কন্যাশ্রীর জন্য আবেদনপত্রের সংখ্যা

*৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪৩) শ্রী এস. এম. সাদি : নারী বিকাশ এবং সমাজকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

'কন্যাশ্রী' প্রকল্প ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে দপ্তরে মোট কত সংখ্যক আবেদনপত্র জমা পড়েছে (জেলাওয়ারি তথ্যসহ)?

নারী বিকাশ এবং সমাজকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

'কন্যাশ্রী' প্রকল্পে ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ পর্যন্ত ১৮টি জেলাশাসকের সমাজকল্যাণ বিভাগ, কলকাতা পুরসভার ক্ষেত্রে অধিকর্তা, সমাজকল্যাণ ও জি.টি.-এর ক্ষেত্রে প্রধান সচিব, জি.টি.-এর মাধ্যমে এই দপ্তরে যেসব আবেদনপত্র জমা পড়েছে তার জেলাওয়াড়ি তথ্য নিম্নে দেওয়া হল—

ক্রমিক সংখ্যা	জেলা	প্রাপ্ত K1 ফর্মের সংখ্যা	প্রাপ্ত K2 ফর্মের সংখ্যা	মোট
১	উত্তর ২৪-পরগনা	৯৭৭	২০	৯৯৭
২	দার্জিলিং	৩৯	১৪০	১৭৯
৩	বীরভূম	৮০	২০	১০০
৪	বর্ধমান	৯৮০	২০	১০০০
৫	কোচবিহার	৮০	২০	১০০
৬	দঃ দিনাজপুর	৭৯	২১	১০০
৭	জলপাইগুড়ি	৭০	২০	৯০
৮	মুর্শিদাবাদ	৮০	২০	১০০
৯	নদীয়া	৩৫১	১৮	৩৬৯
১০	হুগলী	৬৪৯	৬	৬৫৫
১১	মালদা	৬৯৯	৪	৭০৩
১২	কলকাতা	২১৮৮	৭	২১৯৫
১৩	হাওড়া	৬৩৩	২৪	৬৫৭
১৪	দঃ ২৪-পরগনা	৯৮০	২০	১০০০
১৫	পুরুলিয়া	৭২	৪	৭৬
১৬	উঃ দিনাজপুর	৯৪	৫	৯৯
১৭	দার্জিলিং (জি টি এ)	৫	০	৫
১৮	বাঁকুড়া	৪৫১	২৬	৪৭৭
১৯	পশ্চিম মেদিনীপুর	৬৫৫	৬	৬৬১
২০	পূর্ব মেদিনীপুর	৬২২	২১	৬৪৩
	মোট	৯৭৮৪	২৮৩	১০,২০৬

আলু-সহ অন্যান্য সব্জির মূল্যবৃদ্ধি

*৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬৮) ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, পশ্চিমবঙ্গে আলু-সহ অন্যান্য কৃষিজ পণ্যের দাম বেড়েই চলেছে;

(খ) সত্যি হলে, (১) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে চলতি আর্থিক বছরের উৎপাদিত আলুর পরিমাণ কত;

(২) বর্তমানে হিমঘরে কত পরিমাণ আলু মজুত আছে;

(৩) ভিন রাজ্যে আলু রপ্তানির উপরে কোন বাধানিষেধ আরোপিত হয়েছে কিনা; এবং

(৪) চাষী, ব্যবসায়ী ও ক্রেতাদের মধ্যে সমন্বয় সৃষ্টি করার কোন পরিকল্পনা নেওয়া হয়েছে কি?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) কেন্দ্রীয় সরকারের ভ্রান্ত নীতির ফলে পেট্রোল, ডিজেল ও রাসায়নিক সারের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির ফলস্বরূপ সারা দেশে কৃষিজ পণ্যের যে মূল্যবৃদ্ধি ঘটেছে, তার প্রভাব থেকে পশ্চিমবঙ্গও মুক্ত নয়। এটা সত্যি যে, ভারতবর্ষের অনেক রাজ্যে আলু কেজি প্রতি ৪০-৫০ টাকায় বিক্রি হচ্ছে। আমাদের রাজ্যে আলুর দাম বাড়লেও, এই বৃদ্ধি তুলনামূলক ভাবে অনেক কম অর্থাৎ কেজি প্রতি ১০ টাকা থেকে বৃদ্ধি পেয়ে ১৩ টাকা হয়েছে। সব্জির ক্ষেত্রেও অনুরূপ বৃদ্ধি হয়েছে।

(খ) (১) চলতি আর্থিক বছরে আলু চাষ এখনো শুরুই হয় নি। তবে, রাজ্য সরকারের কৃষি বিভাগ থেকে প্রাপ্ত তথ্যানুসারে বিগত আর্থিক বছরে এই রাজ্যে প্রায় ১১৬ লক্ষ মেট্রিক টন আলু উৎপাদিত হয়েছিল।

(খ) (২) ১৩ই নভেম্বর, ২০১৩ পর্যন্ত এই রাজ্যের হিমঘরে অবশিষ্ট মজুত আলুর পরিমাণ ১০, ৩২, ০৬৮ মেট্রিক টন।

(খ) (৩) এই সরকার আসার পরে, যখনই আলুর চাহিদা ও দাম কমেছে, কৃষকের স্বার্থ রক্ষার্থে সরকার অন্যান্য রাজ্য ও দেশের বাইরে রপ্তানি ত্বরান্বিত করার জন্য ভর্তুকী সহ অন্যান্য কৃষক স্বার্থবাহী ব্যবস্থা নিয়েছে। চলতি বছরেও দুই মাস আগে পর্যন্ত, আলুর দাম কম থাকায় সরকার আই সি ডি এস ও মিড ডে মিলে বন্টনের জন্য আলু কিনেছে এবং রপ্তানি বৃদ্ধি করার উদ্যোগ নিয়েছে। এখন পশ্চিমবঙ্গের মানুষের স্বার্থে, আলুর সরবরাহ এবং মূল্য স্বাভাবিক রাখার জন্য ভিন রাজ্যে আলু রপ্তানি নিয়ন্ত্রিত করা হয়েছে।

(খ) (৪) হ্যাঁ। এই বর্তমান সরকার এই প্রথম চাষী, ব্যবসায়ী ও ক্রেতাদের মধ্যে সমন্বয় রক্ষা করে কৃষিজ পণ্য বিপণনের বিষয়টি নিয়মিত পর্যালোচনার জন্য টাস্ক ফোর্স গঠন করেছেন। এই টাস্ক ফোর্স প্রতি মাসে দুইবার বিষয়টি নিয়ে সভা করে এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ করে।

আলুর সংকট সৃষ্টিকারীদের বিরুদ্ধে ব্যবস্থা

*৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮২৬) শ্রী নগেন্দ্র নাথ রায় : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যের বাজারগুলিতে আলু কম সরবরাহের কারণ কি; এবং

(খ) আলুর অভাব সৃষ্টিকারীদের বিরুদ্ধে সরকারের পক্ষ থেকে কি ব্যবস্থা নেওয়া হয়েছে / হচ্ছে?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) দুর্গাপূজার অব্যবহিত পর রাজ্যের তুলনায় রাজ্যের বাইরের বাজারে আলুর মূল্যের উর্ধ্বগতি লক্ষ্য করা যায়। ফলত রাজ্যের বাইরে আলুর রপ্তানি বেড়ে যায়।

পুজোর সময় কিছু সংখ্যক আলুর হিমঘরের কাজকর্ম বন্ধ থাকে। যে সময় হিমঘরের আলু নির্গমন স্বাভাবিক হওয়ার কথা সে সময় দামের উর্ধ্বগতি ব্যবসায়ীদের হিমঘর থেকে আলু ধীরে বের করতে উৎসাহিত করে।

(খ) আলুর অভাব সৃষ্টিকারীদের বিরুদ্ধে সরকার পক্ষে পরোক্ষ ব্যবস্থা হিসেবে প্রথমত উচ্চপর্যায়ে পর্যালোচনা সাপেক্ষে আলুর দাম নিয়ন্ত্রণের জন্য কতকগুলি নীতি নির্ধারণ করা হয়। এরপর রাজ্যের বাইরে আলু রপ্তানির ক্ষেত্রে অনুমতি নেওয়ার নির্দেশ জারি করা হয়। নভেম্বর মাসের প্রথম থেকে আলুর জোগান স্বাভাবিক রাখতে বিশেষ পদ্ধতি বিধিবদ্ধ করা হয়।

[12.00–12.10 p.m.]

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Hon'ble Members, yesterday, after the stipulated hour a notice of adjournment motion was received from Dr. Surjya Kanta Mishra, Shri Prabodh Chandra Sinha, Shri Anisur Rahaman and Shri Anandamay Mandal and the same is deemed to have been received for today under proviso to rule 60 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

The notice has been examined in the light of rules 61 and 62 of the Rules of procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. The subject matter of the Motion is not restricted to a matter of recent occurrence. Besides, the State Government has already appointed a Commission of Inquiry to inquire into the matter in April this year.

In terms of rule 61 (iii) and 62 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, the notice is out of order and as such I reject it.

.... (নয়েজ) ....

...... (এই সময় বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা নিজ নিজ আসন থেকে উঠে কিছু পোস্টার, প্লাকার্ড দেখিয়ে স্লোগান দিতে থাকেন।) ....

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received five (5) notices of Calling Attention on the following subjects namely :

	Subject	Name
(i)	Urge for dredging of canals connected to Ganga in Magrahat, Mathurapur and Jaynagar Blocks under Jayanagar Assembly Constituency area for irrigation facilities	: Dr. Tarun Kanti Naskar
(ii)	Urge for providing two Fire Brigade vehicles for Tulsihata Sub-market Fire Brigade Station under Harishchandrapur Assembly Constituency	: Shri Tajmul Hossain
(iii)	Urge for providing information regarding supply of water to Boro Cultivators in Galsi and its adjacent locally	: Shri Sunil Kumar Mondal
(iv)	Insufficient strength of Doctors in some Public Health Centres under Mangalkot Assembly Constituency area	: ShriSahajahan Choudhury
(v)	Urge for prevention of erosion of River Bhagirathi at Sakhaighat-Natungram area under Ketugram Assembly Constituency	: Shri Sk. Sahonawez

I have selected the notice of Shri Sk. Sahonawez on the subject of urge for prevention of erosion River Bhagirathi at Sakhaighat-Natungram area under Ketugram Assembly Constituency.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

.... (নয়েজ) ....

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি সংশ্লিষ্ট মন্ত্রীকে অনুরোধ করব এই সভাকালীন কিংবা পরে শেখ শাওনায়াজের উত্থাপিত প্রশ্নের উত্তর দিতে।

মিঃ স্পীকার : আপনারা জানেন পোস্টার, প্লাকার্ডস ডিসপ্লে করা যায় না। বারবার বলা সত্ত্বেও আপনারা এই ধরনের পোস্টার, প্লাকার্ডস ডিসপ্লে করছেন। আপনাদের অনুরোধ করব, আপনারা এই ধরনের পোস্টার, প্লাকার্ডস ডিসপ্লে করে হাউসে .....

.... (নয়েজ) ....

(এই সময় বিরোধী পক্ষের বেঞ্চ থেকে মাননীয় সূর্যকান্ত মিশ্র মহাশয় কিছু বলতে চান।)

না, আমি রিজেক্ট করেছি যখন, তখন পড়তে দেওয়ার কোয়েশ্চেন নেই। রিজেক্ট করেছি যখন, পড়তে দেওয়ার কোয়েশ্চেন নেই।

.... (নয়েজ) ....

..........(এই সময় বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা ওয়েলে নেমে বিভিন্ন পোস্টার, প্লাকার্ড দেখিয়ে শ্লোগান দিতে থাকেন।) ....

মিঃ স্পীকার : প্লিজ, আপনারা পোস্টার, প্লাকার্ড ডিসপ্লে করবেন না। প্লিজ ডোন্ট ডিসপ্লে। আমি অর্ডার দিয়ে দিয়েছি, আমি আমার রুলিং দিয়ে দিয়েছি।

.... (নয়েজ) ....

PRESENTATION OF COMMITTEE REPORT

Presentation of the Fourteenth Report of the Standing Committee on Science & Technology, Information Technology and Bio-Technology (2013–2014)

.. (At this stage Opposition Hon'ble Members were seen raising slogans inside the House) ....

Shri Parash Datta : Sir, with your permission I beg to present the Fourteenth Report of the Standing Committee on Science & Technology, Information Technology, and Bio-Technology (2013-2014) on ongoing projects of the Department of Science & Technology, Government of West Bengal on Plant Tissue culture and Research and Development.

.... (NOISE) ......

GOVERNMENT BUSINESS

LAYING OF REPORTS AND ACCOUNTS

The Annual Accounts and Audit Report thereon of the West Bengal Industrial Infrastructure Development Corporation for the year 2010-2011.

Shri Partha Chatterjee : Sir, I beg to lay the Annual Accounts and Audit Report thereon, of the West Bengal Industrial Infrastructure Development Corporation for the year 2010-2011

The 10th Annual Report and Accounts together with Audit Report in respect of the New Town Electric Supply Company Limited for the year 2012-2013.

Shri Manish Gupta : Sir, I beg to lay the 10th Annual Report and Accounts together with Audit Report in respect of the New Town Electric Supply Company Limited for the year 2012-2013.

The 22nd Annual Report containing annual Accounts and Audit Report in respect of the West Bengal Surface Transport Corporation Limited for the year 2010-2011.

Shri Madan Mitra : Sir, I beg to lay the 22nd Annual Report Containing Annual accounts and Audit Report in respect of the West Bengal Surface Transport Corporation Limited for the year 2010-2011.

.... (At this stage the Opposition Hon'ble Members walked out of the House) ....

MENTION CASES

ড: তরুণকান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার যেটা মেনশনের বিষয়বস্তু ছিল সেটা হচ্ছে, প্রাণীবন্ধুদের বিষয়। এ বিষয়ে প্রশ্নের সময়ে অনেকেই প্রশ্নটা করেছেন। আমি শুধু একটি -দুটি কথা বলছি। তাদের অনেকটা মধ্যযুগীয় প্রথায় আন্ডারটেকিং নেওয়া হচ্ছে, এ কথাটা সত্য এবং তারা ভলেনটিয়ারি কাজ করছেন। তাদের কোন রকম আর্থিক সংস্থান নেই। এই জন্যই আমি আপনার মধ্য দিয়ে মাননীয় প্রাণী সম্পদ উন্নয়ন দপ্তরের মন্ত্রী- উনি এখানে উপস্থিত আছেন, তাদেরকে সই করাতে এ রকম করা হচ্ছে যে, সব দিন কাজ করতে হবে এবং এর জন্য তাদের কোন রকম পারিশ্রমিক দাবি করা যাবে না এবং তারা যদি বিনা নোটিশে কাজ থেকে অব্যাহতি নেন কোন দিন, তাহলে সঙ্গে সঙ্গে তাদের কাজ থেকে বিরত করা হবে। এ রকম সব ধারায় তাদেরকে সই করিয়ে নেওয়া হচ্ছে। ফলে, আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ করছি যে, এই ধারাগুলি বাতিল করা হোক এবং তাদের অন্তত সরকারের তরফ থেকে, রাজ্যে সরকারের তরফ থেকে একটা মিনিমাম অনারারিয়ামের ব্যবস্থা করা হোক। ধন্যবাদ।

Shri Sahajahan Choudhury : (not present)

Shri Basudeb Khan : (not present)

Shri Basudev Mete : (not present)

Shri Tajmul Hossain : (not present)

Shri Insar Ali Biswas : (not present)

Shri Nagendra Nath Roy : (not present)

Shri Dhirendra Nath Mahat : (not present)

Shri Ranjit Kumar Mandal : (not present)

Shri Chowdhury Md. Hedayatullah : (not present)

Shri Sunil Kumar Mondal : (not present)

Shri Rameswar Doloi : (not present)

Shri Ram Sankar Halder : (not present)

Shri Gouranga Chatterjee : (not present)

Shri Dibakar Hansda : (not present)

শ্রী শেখ শাহনাওয়াজ : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আমরা কেতুগ্রাম বিধানসভার অন্তর্গত কেতুগ্রাম দু'নম্বর ব্লকের গঙ্গাদপুরি ব্লকে দীর্ঘ ৮-১০ বছর থেকে ডিপ টিউবয়েল আছে যেখান থেকে বীজ উৎপাদন করা হ'ত এবং পার্শ্ববর্তী এলাকায় সেচেরও ব্যবস্থা করা হত। ঐ গঙ্গাদপুরি ডিপ টিউবয়েল ছাড়াও কেতুগ্রাম, রাউন্দি, শিরুন্দি, নবগ্রাম- বিভিন্ন এলাকার ডিপ টিউবয়েলগুলি বন্ধ হয়ে আছে এবং ঐ এলাকার সেচ ব্যবস্থার প্রচণ্ড ক্ষতি হচ্ছে।

[12.10–1.30 p.m.] **(Including Recess)**

সেইজন্য সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে করে ঐ এলাকায় দীর্ঘদিনের যে বঞ্চনা, সেই বঞ্চনা থেকে মানুষ পরিত্রাণ পাবে এবং মানুষ সেচের ব্যবস্থা হবে তার জন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী কে. পি. সিং দেও : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, পুরুলিয়া জেলায় অযোধ্যা পাহাড়, আপনারা জানেন পর্যটন কেন্দ্রের মূল আকর্ষণ এবং শুধু তাই নয় অযোধ্যা পাহাড়ে ৩ হাজার ৩০০ কোটি টাকার একটা হাইডেল পাওয়ার আছে যেটা এশিয়া মহাদেশের একটা অন্যতম বিরল জিনিস। যেখানে ২০ মিনিটে ৯০০ মেগাওয়াট পাওয়ার জেনারেশন হয়। এই জায়গাটি বাঘমুন্ডি ব্লকের অধীনে পড়ে যেটা লেফটিস্ট এক্সট্রিমিস্ট ব্লক। কিন্তু এখানে কোন টাওয়ার নেই। যখন কোন ভি.ভি.আই.পি. যান বা সিকিউরিটির প্রশ্ন আসে, সেই সিকিউরিটির অভাবে কেউ থাকতে চাননা। আমার বিশেষ

অনুরোধ সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে, অবিলম্বে যাতে এখানে একটা মোবাইল টাওয়ার বসানো হয় তাহলে ঐ জায়গাটা সুরক্ষিত হবে এবং এতবড় একটা পাওয়ার প্রোজেক্ট তার সুরক্ষার ব্যবস্থা হবে। এজন্য আমি বিশেষভাবে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। তাছাড়া ওখানে সি.এ.জি.সি. প্রোজেক্টের কাজ চলছে। ঘন ঘন ওখানে মন্ত্রীদের যেতে হয়। তাই এটা একান্তভাবে করা দরকার। এই বলে আমি আমার কথা শেষ করছি। ধন্যবাদ।

শ্রী কল্লোল খাঁ : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। নাকাশিপাড়া বিধানসভা কেন্দ্রের অধীন 'বেথুয়াডহরি কৃষি বিপণন কেন্দ্র' আছে। সেই কেন্দ্র তৈরী হওয়ার সঙ্গে চাষীদের স্বার্থে একটি পীচের রাস্তা বেথুয়াডহরি থেকে সুখসাগরঘাট ভারা গলায়-দড়ি, দুর্গাপুর, পার্থপুর হয়ে সুখসাগরে শেষ হয়েছে। এই রাস্তাটির অত্যন্ত ভগ্নদশা। উক্ত দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, এলাকার চাষীদের স্বার্থে, এলাকার মানুষের স্বার্থে অতিসত্বর ঐ রাস্তাটি সংস্কারের প্রয়োজন তাই অনতিবিলম্বে ঐ রাস্তাটির সংস্কারের ব্যবস্থা করা হোক।

(এই সময় কিছুক্ষণ আগে ওয়াকআউট করা মাননীয় বিরোধী সদস্যদের স্লোগান দিতে দিতে এবং বিভিন্ন বিষয়ে লিখিত পোস্টার নিয়ে সভায় প্রবেশ করতে দেখা যায়।)

ZERO HOUR

... (হৈ চৈ) ...

শ্রী বাসুদেব মেটে : (not responded)।

শ্রী সুনীল কুমার মণ্ডল : (not responded)।

(এই সময় বিক্ষোভরত মাননীয় বিরোধী সদস্যদের অনেককে মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়ার চেয়ারের কাছে গিয়েও বিক্ষোভ দেখাতে দেখা যায়।)

ম্যাডাম ডেপুটি স্পীকার : Please take your seat. আপনারা এখানে প্রদর্শন করেছেন, ওয়াক-আউট করেছেন, please take your seat. Please take your seat. I am on my leg. Please take your seat.

... (হৈ চৈ) ...

শ্রী রামেশ্বর দোলই : ধন্যবাদ আপনাকে। আমি আপনার মাধ্যমে উল্লেখ করতে চাইছি যে MLA কোটার যে শাড়ী ও ধুতি ঈদ এবং শারদীয়া উপলক্ষ্যে দেওয়া হয় তার মান খুবই খারাপ। মানুষ আমাদের তা ফিরিয়ে দিচ্ছেন। আমি বলব উচ্চমানের, মানটা যাতে ভালো হয়, কোয়ালিটি যাতে ভালো হয়, অর্থমন্ত্রী এবং বিশেষ করে সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আর কোটা বৃদ্ধিরও আমি দাবি জানাচ্ছি। শাড়ি, ধুতি, কম্বলের মান খুবই নিম্নমানের এবং অন্যান্য যে পোশাক দেওয়া হয় তার মান খুবই খারাপ। এ ব্যাপারে আমি আবারও অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, গতকাল পশ্চিমবাংলার আগে বলি ডেপুটি স্পিকার মহোদয়া, এখানে আজকে যা বিরল দৃশ্য, যে দলের সদস্য মেনশান করছেন সেই দলই আবার বিক্ষোভ দেখাচ্ছে। আমরা এখানে বহুদিন বিধানসভায় আছি। এই ধরনের ঘটনা আজ পর্যন্ত কখনো দেখিনি। যে দলের সদস্য বক্তব্য রাখছেন আবার তারাই বিক্ষোভ দেখাচ্ছেন। এটা বামফ্রন্টের পক্ষেই সম্ভব। যে দলের কোন নীতি নেই, আদর্শ নেই, সেই দলের পক্ষেই সম্ভব। আজ পর্যন্ত বিধানসভার ইতিহাসে এ জিনিস আমরা কখনো দেখিনি। একই সঙ্গে বক্তব্য রাখছেন আবার একই সঙ্গে বিক্ষোভ দেখাচ্ছেন—মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনি জানেন যে গতকাল ৫টি পৌরসভা নির্বাচনের রেজাল্ট বেরিয়েছে। যেখানে আমরা দেখতে পাচ্ছি, হাওড়া এবং ঝাড়গ্রামে যেখানে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি ক্ষমতাসীন ছিল, সেখানকার জনগণ তাদের প্রত্যাখ্যান করেছে এবং নির্বাসিত করেছে। কৃষ্ণনগর, বহরমপুর এবং মেদিনীপুরের মধ্যে কৃষ্ণনগর এবং মেদিনীপুরে তৃণমূল কংগ্রেস তার মেজরিটি পেয়েছে বিপুলভাবে। বহরমপুরে যেখানে দীর্ঘদিন তৃণমূল কংগ্রেস কোন আসন পায়নি এবারে সেখানেও দুটি আসন পেয়েছে এবং ২৭ পারসেন্ট ভোট সেখানে তৃণমূল কংগ্রেস পেয়েছে। এর সঙ্গে বিভিন্ন জায়গায় যে উপনির্বাচন হয়েছে সেখানে শতকরা ৯৯ ভাগ ক্ষেত্রেই তৃণমূল কংগ্রেস জয়ী হয়েছে। মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে পশ্চিমবাংলায় যে সরকার চলছে মা-মাটি-মানুষের সরকার, এটা আবার প্রমাণিত হল, পশ্চিমবাংলায় সামগ্রিকভাবে সমস্ত মানুষ আজকে মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নকে সমর্থন জানাচ্ছেন, তার অগ্রগতিকে সমর্থন জানাচ্ছেন এবং দলে দলে সিপিএম, কংগ্রেস থেকে নির্বাচিত প্রতিনিধিরা আজকে তৃণমূল কংগ্রেসে যোগদান করে বাংলাকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছেন।

ম্যাডাম ডেপুটি স্পীকার : House stands adjourned upto 1.30 p.m.

[1.30–1.40 p.m.]

(After Ress)

LEGISLATION

Resolution for withdrawal of the New Town, Kolkata Development Authority (Amendment) Bill, 2011 passed by the West Bengal Legislative Assembly on 23rd March 2011

Shri Firhad Hakim : Madam, Deputy Speaker. "This House resolves that the New Town, Kolkata Development Authority (Amendment) Bill, 2011 passed by the West Bengal Legislative Assembly on the 23rd March, 2011 be withdrawn.

..... (Noise) .....

Madam, the Bill was passed in this House on 23rd March, 2011. But after the Bill was sent to the Hon'ble Governor, the consent of the Governor was not received. The Governor sent it back to the

Government, Madam, for the consideration whether the government has changed it. At that time it was observed that the rate of taxes in the Bill is very high. It is really written in the Bill that the taxes will be as par the Act of Calcutta Municipal Corporation and that mean it will be unitary taxes. The tax will be levied on the people after starting to reside in new area. It will be much higher than the rest of West Bengal. That is why government is now moving the resolution to withdraw the Bill and introducing the new Bill so that taxes may be less in that area because people are newly coming and will be staying in that area.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় ডেপুটি স্পিকার ম্যাডাম, উইথড্রল যে রেজুলিউশান যে বিলটি এখানে আনা হয়েছে আমরা তার তীব্র বিরোধিতা করছি।

কারণ এই বিল—এটা The New Town, Kolkata Development Authority Second (Amendment) Bill 2010, ২০১০ সালে এটা হাউসে এসেছিল। ২০১০ সালে এটা হাউসে আসার পর এখানে এটা নিয়ে আলোচনা হয়ে যেহেতু তখন যারা বিরোধী দলে ছিলেন, বিরোধী পক্ষে ছিলেন, তাঁরা দাবি করেন যে এটা Standing Committee তে পাঠানো হোক, সংশ্লিষ্ট স্ট্যান্ডিং কমিটিতে—Standing Committee on Housing, Hill Affairs and Fire Services—সেখানে পাঠানো হোক এবং ২০১০ সালের ২২শে ডিসেম্বর in pursuance of the Rule 310ZG (4) (iv) Rules of Procedure and Conduct of Business, Hon'ble Speaker referred this Bill, আমি পুরোটা আর পড়ছি না, after its introduction in the House to the Standing Committee on Housing, Hill Affairs etc. তার পরবর্তী বিধানসভার সেসানের আগে তাদের স্ট্যান্ডিং কমিটিকে রিপোর্ট দিতে বলা হয়। তদনুযায়ী এই স্ট্যান্ডিং কমিটি ১৪ই মার্চ আমি ২০১১ তে ওর চেয়ারম্যানের স্বাক্ষরে যে প্রেজেন্টেশান, এটা এখানে উল্লিখিত আছে। এই যে স্ট্যান্ডিং কমিটির রিপোর্ট ....

.... (এই সময় মাননীয় মন্ত্রী শ্রী সুব্রত মুখার্জী কিছু বলতে উঠে দাঁড়ান।) ....

..... (নয়েজ) .....

না ম্যাডাম, এটা withdrawal হচ্ছে। উনি শোনেননি, উনি কিচ্ছু শোনেননি। এটা withdrawal দিয়ে ডিসকাশন হচ্ছে।

..... (নয়েজ) .....

She is going to put it to vote. Hon'ble Deputy Speaker has agreed to that. আমি তার বিরুদ্ধেই বলছি, withdrawal-এর বিরুদ্ধেই বলছি। কাজেই, স্ট্যান্ডিং কমিটি যেখানে সব পার্টির প্রতিনিধিত্ব ছিল, তারা এটা যে রিপোর্ট দিয়েছেন, তদনুযায়ী এই বিলটা অ্যামেন্ডমেন্টের জন্য এখানে অ্যাসেম্বলীতে আসে ২০১১ সালে এবং ২০১১ সালে

এই বিলটা পাশ হয় এবং মাননীয় রাজ্যপালের কাছে যায়। মাননীয় মন্ত্রী যেহেতু withdrawal-এর রেজোলিউশান এনেছেন, withdrawal একটা বিল করতে হলে যা যা Constitutional provision রয়েছে সংবিধানে, সেই সংবিধানের Constitutional provision গুলো হচ্ছে (১) যে রাজ্যপাল, তিনি ওটা সম্মতি না দিয়ে রাখতে পারেন তাঁর কাছে। তিনি মহামান্য রাষ্ট্রপতির কাছে পাঠাতে পারেন, যদি মনে হয় যে এই রকম একটা বিষয়ে রাষ্ট্রপতির অনুমোদন লাগবে, তাঁর কাছে পাঠাতে পারেন। তিনি এটা সম্মতি দিতে—আমি এটা প্রথম বললাম reserve রাখতে পারেন, মহামান্য রাষ্ট্রপতির কাছে পাঠাতে পারেন বা তিনি এটা সম্মতি দিতে অস্বীকার করতে পারেন, reconsideration-এর জন্য হাউসকে এখানে পাঠাতে পারেন। Reconsideration -এর জন্য যদি উনি পাঠান তাহলে সেটা অনারেবেল স্পীকারকে রাজ্যপাল সংশ্লিষ্ট সংবিধানের ধারা অনুযায়ী Message দিয়ে পাঠাবেন যে কেন reconsider করতে বলা হচ্ছে। তারপরে হাউস সেটা reconsider করতে পারে নাও পারে। যদি reconsider না করে তাহলে আবার মহামান্য রাজ্যপালের কাছে যাবে এবং তখন মহামান্য রাজ্যপাল স্বাক্ষর করতে বাধ্য থাকবেন। আমরা এখানে যা বুঝতে পারলাম, সবটা বোঝা গেল না, মাননীয় মন্ত্রী যা বিবৃতি দিলেন, সেই বিবৃতি থেকে যা বুঝতে পারলাম যে এর মধ্যে কোন ধারা অনুযায়ী, সংবিধানের কোন ধারা অনুযায়ী তিনি এই বিলটা withdraw করছেন। যদি এই রকম হয়ে থাকে যে রাজ্য সরকার—তারা রাজ্যপালের সঙ্গে কথা বলে বলছেন যে না আমরা এটা রাজনৈতিক কারণে withdraw করতে চাই সেটা আলাদা ব্যাপার। কন্সটিটিউশানে যা আছে, তার মধ্যে যে প্রভিশানগুলো আছে, সেটা আমি বলছি। এইজন্য আমি খালি এইটুকু বলতে চাই যে এই বিলটা যেভাবে withdraw করা হচ্ছে তারপরে যে বিল হবে, আলোচনা ইত্যাদি, সেটার উদ্দেশ্য হচ্ছে যেহেতু এই বিলে মাননীয় জ্যোতি বসুর নামে এই নিউ টাউনকে, নিউ টাউনকে যেহেতু মাননীয় জ্যোতি বসুর নামে নামাঙ্কিত করা হয়েছিল। এর সামগ্রিক যা ফল দাঁড়াবে তার মানে হচ্ছে যে সেই বিলের সেই অংশটা, সেটা বাদ দেওয়া। যদি এইরকম কিছু হত যে তাদের মনে হচ্ছে যে এটা ঠিকভাবে আইনটা তৈরি হয়নি।

[1.40–1.50 p.m.]

কিন্তু যেটা এই হাউস পাস করেছে—এই হাউসে পাস হয়েছে, সিলেক্ট কমিটি হয়েছে ইত্যাদি, তারপরে এক বছর ধরে আলোচনার পরে পাস হয়েছে। যদি এরকম হয় যে, রাজ্যসরকার রাজনৈতিক কারণে এখানে চান যে এটা জ্যোতি বসুর নামে নামাঙ্কিত থাকবে না, তাহলে সেটা পরিষ্কার বলতে পারে। তা নিয়ে আমাদের বিরোধিতা আছে, কিন্তু আমরা জানতে চাই যে কেন তারা এটা করছেন। আর যদি মনে করেন যে না, এটা টেকনিক্যালি ঠিক হয়নি, তাহলে টেকনিক্যালি ঠিক করে কিভাবে ঐ সিদ্ধান্ত যে হাউসে হয়েছে অর্থাৎ জ্যোতিবাবুর নামে ওটা নামাঙ্কিত হবে—নিউ টাউন, সেটা বিলে তার অ্যামেন্ডমেন্টে লিপিবদ্ধ করতে পারত। কিন্তু যেভাবে উইথড্র করে এখানে বিলটা আনবার চেষ্টা করা হচ্ছে আমরা তার তীব্র বিরোধিতা করছি। এটা সংবিধান সম্মত না এবং যদি রাজনৈতিক উদ্দেশ্যে করা হয়ে থাকে রাজ্যসরকার নিজের থেকে করে নিচ্ছেন সেটা পরিষ্কার বলুন। তাহলে আমরা রাজনৈতিকভাবে তার মোকাবিলা করব। ধন্যবাদ।

Madam Deputy Speaker : Hon'ble Minister to reply.

শ্রী ফিরহাদ হাকিম : ম্যাডাম, আমাদের মাননীয় লিডার অফ দি অপজিশান বললেন, কিন্তু স্যার আমার কাছে কপি আছে ওনাকে দিয়ে দেব। ১২.৭.২০১১ মাননীয় রাজ্যপালের অফিস থেকে এখানে একটা চিঠি দেওয়া হল সেক্রেটারীকে—'I am, therefore, directed by the Governor to request you to confirm whether the State Government wants the Governor to give his assent on the Bill or not', তার মানে গভর্নমেন্ট অ্যাসেন্ট দেয়নি। তখন আমরা এই বিলটার মধ্যে দেখলাম—আমি আগেই বলেছি যে, ট্যাক্সটাকে যেভাবে লাগানো হয়েছিল—ইউনিট এরিয়া ট্যাক্স, তাতে ঐ অঞ্চলে যারা নতুন আসছেন বসবাস করতে তাদের পক্ষে যথেষ্ট বেশি। সেইজন্য আমরা ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপাল অ্যাক্টটাকে গভর্নমেন্ট ঠিক করল যে, এই ক্যালকাটা কর্পোরেশন অনুযায়ী ট্যাক্সটার স্ট্রাকচার না করে ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপাল অ্যাক্ট অনুযায়ী ট্যাক্সয়ের স্ট্রাকচার করা। দ্বিতীয় উনি যেটা বললেন যে, জ্যোতি বাবু নগরের ব্যাপারে, জ্যোতি বাবু নগরের ব্যাপারে—যদি ধরুন এটা বিলটা হচ্ছে নিউটাউন কোলকাতা ডেভেলপমেন্ট অথরিটি বিল। তার মানে এটা হল অথরিটির বিল। আমরা amendment করছি অথরিটির বিলটা। সেই বিলটায় আমরা জ্যোতি বাবুর নাম যদি লাগাই তার মানেটা হবে—জায়গার নাম নয়, অথরিটির নামটাকে আমরা চেঞ্জ করছি। কারণ যে বিলটা ইটসেল্ফ এসেছে সেটা অথরিটির বিল। সেটা নামের জন্য কোনো রেজুলেশান নয়। অথরিটির নামটা চেঞ্জ করলাম। আমি এটা আশ্চর্য হয়ে যাচ্ছি যে, একটা জায়গা—কোলকাতা কর্পোরেশান তার নামটা যদি কাল থেকে একজনের নামে দিয়ে দিলাম, অথচ কোলকাতাটা কোলকাতা রাখলাম তার অর্থটা কি হল আমি বুঝতে পারছি না। এইটা নিয়ে লিডার অফ দি অপজিশান কেন স্টেটমেন্ট করছেন জানি না। আমাদের গভর্নমেন্ট সবসময়ই আপনারা জানেন যে, আগে যেসব অন্যায় হয়েছে, অত্যাচার হয়েছে তার প্রতিবাদ করে মানুষকে রিলিফ দেওয়াটাই এই গভর্নমেন্টের কর্তব্য এবং সেই কাজটাই করছে। এই অথরিটির বিলটার মধ্যে অথরিটির নামটা চেঞ্জ করে লিডার অফ দি অপজিশান কি সাফল্য পাবেন জ্যোতি বাবুর নামে—আমি জানি না। অনেক দিন আগে কাগজেই পড়লাম যে, দিল্লির যে বাড়িটা হচ্ছে সেটার নাম্বুদ্রিপাদ সাহেবের নামে হচ্ছে, হরকিশেন সিং সুরজিৎয়ের নামে হচ্ছে, ওখানে জ্যোতিবাবু ব্রাত্য ছিলেন —ওনার নাম নেই। এখন আবার নিউটাউনে অথরিটির নামটা জ্যোতি বাবুর নামে করে আমার মনে হয় না যে, হয়ত পলিটিক্যালি গেন হতে পারে কিন্তু বাংলার মানুষ এটা মেনে নেবে না, বাংলার মানুষ একটা গণতান্ত্রিক সরকার দিয়েছে। যে সরকারের কাজ হচ্ছে মানুষের স্বার্থে কাজ করা, মানুষের স্বার্থ দেখা, কোন রাজনৈতিক দল বা রাজনৈতিক ব্যক্তিত্বের স্বার্থ দেখা নয়।

Madam Deputy Speaker : Now, I put the Resolution moved by the Hon'ble Minister-in–Charge of Municipal Affairs and Urban Development Department, to vote .

As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি রেজলিউশনের উপর ডিভিশান চাই।

(এই সময় ভোটিং স্লিপ বিতরণ হয়)

[1.50–2.00 p.m.]

Mr. Speaker : Ayes 104, Noes-46, abstain-None, Ayes have it, Ayes have it. The resolution is adopted.

The New Town Kolkata Development Authority (Amendment) Bill, 2011 passed by the West Bengal Legislative Assembly on the 23rd March, 2011 is withdrawn.

The New Town, Kolkata Development Authority (Amendment) Bill 2013

Shri Firhad Hakim : Sir, I beg to introduce the New Town, Kolkata Development Authority (Amendment) Bill, 2013.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমার পয়েন্ট অব অর্ডার। আমাকে ফার্স্ট রিডিং-এ বলতে দিতে হবে। আমরা এই বিলের ইনট্রোডাকশানের বিরোধিতা করছি। আমাদের এটা করার রাইট আছে।

..... (নয়েজ) .....

Mr. Speaker : Let me check up the rule to see how far you have that right.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমরা মনে করছি এই বিলের ইনট্রোডাকশন আনকনষ্টিটিউশনাল। আমরা কপি চেয়েছিলাম কিন্তু পাই নি। আমাকে বলতে দিতে হবে।

Mr. Speaker : There is no scope. Dr. Mishra, there is no scope because the Hon'ble Minister has not sought for the leave to introduce the Bill. Therefore, there is no scope. Secretary may read the Title of the Bill now.

... (Secretary then read the Title of the Bill) ...

... (n o i s e) ...

... (At this stage the Opposition Hon'ble Members walked out of the House).......

শ্রী আলি ইমরান রামজ : (অনুপস্থিত)

শ্রী নির্মল ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, নিউ টাউন কোলকাতা ডেভলপমেন্ট অথরিটি আমেন্ডমেন্ট বিল ২০১৩ এর সমর্থনে অনেক কথা বলার প্রয়োজন আছে বলে আমি মনে করি

না। কারণ যে পয়েন্টের উপরে বিরোধীরা আজকে একটা সংকীর্ণতা দেখিয়ে গেল সেই সংকীর্ণতাই এদের তাড়া করে নিয়ে বেড়াচ্ছে স্যার। ৩৪ বছরের অধিক সময়ে যে মানুষটি সাড়ে তেইশ বছর বাংলার মুখ্যমন্ত্রী হিসেবে ছিলেন সেই সময়ে আমাদের পশ্চিমবাংলায় নির্যাতনে, নিষ্পীড়নে ৫৫ হাজারেরও বেশি মানুষ এই বামফ্রন্টের অপশাসনে তারা প্রাণ দিয়েছে। আমার তো বুঝতে অসুবিধা ঠিক মার্চ মাসে ২০১১ যখন নির্বাচনের প্রাক মুহূর্ত, মানুষ প্রস্তুত হচ্ছে পশ্চিমবাংলা পরিবর্তনে, ঠিক সেই মুহূর্তে যে বিলটি ওরা এনে একটি ব্যক্তিপূজার যে ষড়যন্ত্র করেছিল আমাদের মন্ত্রীমহাশয় ফিরহাদ হাকিম এই ষড়যন্ত্রটিকে ফাঁস করে দিয়েছেন এবং সংগত কারণেই এর সঙ্গে যুক্ত যে হাজার হাজার মানুষ কলকাতা সংলগ্ন যে নতুন শহর গড়ে উঠছে নিউ টাউন কোলকাতায়, এই শহরটিতে যাতে মানুষ আরও সুন্দরভাবে বসবাস করতে পারে তার জন্য মানুষের সিভিক অ্যামনিটিস প্রয়োজন। আসল কথা হচ্ছে মানুষের কি প্রয়োজন? শহর গড়ে উঠছে। শহর গড়ে উঠলে তাতে স্যুয়েরেজ থাকবে, তাতে পানীয় জল থাকবে, তাতে গ্রীণেজ থাকবে, তাতে ক্লিনলিনেস থাকবে, প্রতিদিন গারবেজ পরিষ্কার করতে হবে। একটি এ ক্লাস সিটি, ওয়ার্ল্ড ক্লাস সিটি যেটা আমাদের মন্ত্রীমহাশয় তৈরী করার জন্য আমাদের সরকার, আমাদের মা-মাটি-মানুষের সরকার মাননীয় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নেতৃত্বে নিউ টাউনকে একটি পৃথিবী খ্যাত শহর তৈরী করার পণ তিনি করেছেন। যে নীতি তিনি গ্রহণ করেছেন সেই নীতিতে আমরা ইতিমধ্যে দেখেছি একটি শহর তৈরী করলেই হবে না। শহরটাকে ইকোলজিক্যালি ফ্রেন্ডলি করতে হবে, শহরটাকে সবুজে ভরিয়ে তুলতে হবে এবং আপনারা জানেন আমাদের রাজ্যের সর্ববৃহৎ এখানে ইকো-ট্যুরিজম পার্ক করে তিনি ইকোলজিকাল ব্যালেন্স রক্ষা করার ব্যবস্থা করা হয়েছে। এটা একটা উচ্চ শহর যেখানে ২৮তলা, ৩০তলা, ৩৫ তলা বাড়ি তৈরী হচ্ছে এবং হয়েছে সেখানে ইকোলজিক্যাল ব্যালেন্সটা খুব প্রয়োজন।

[2.00–2.10 p.m.]

এবং এই ব্যালান্স করতে গিয়ে তিনি এখানে রবীন্দ্র তীর্থ করেছেন। বাংলা তথা পৃথিবীর গর্ব কবিগুরু রবীন্দ্রনাথ। তাই এই শহরটাকে যদি ওয়ার্ল্ড ক্লাস সিটি হিসাবে তৈরী করতে হয় তার জন্য যা প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া দরকার সেগুলিকে গ্রহণ করতে হবে। সঙ্গত কারণে তিনি অ্যামেন্ডমেন্ট এনেছেন। ৩৬-এ যেটা দু হাজার সাত-এ নিউ টাউন ডেভলপমেন্ট অথরিটি বিল ছিল, তাতে তিনি অ্যামেন্ডমেন্ট এনেছেন এবং সেই অ্যামেন্ডমেন্ট চাওয়ার সঙ্গত কারণ আছে। সেই অ্যামেন্ডমেন্টটি যদি না হয়, তাহলে যে অ্যাপ্লিকেবিলিটি, আগে ছিল কোলকাতা কর্পোরেশন এর মধ্যে, যে যা সিভিক অ্যামিনিটিস সেটা পাবে এবং সেই হারে ট্যাক্স এবং তাদের সমস্ত কিছু ধার্য্য হবে। একটি মানুষ তার বাড়ী তৈরী করলে বা তার ব্যবসা-বাণিজ্য করলে তার সব কিছু রেজিস্ট্রেশন হবে বাই দ্য ক্যালকাটা কর্পোরেশন এবং ক্যালকাটা কর্পোরেশনের হারে তাদের ট্যাকস এবং অন্যান্য ধার্য্য করা অর্থ তাকে দিতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয়ের এই যে অ্যামেন্ডমেন্ট বিল, সেটা তিনি সঙ্গত কারণেই এনেছেন। একটি নতুন শহর যখন গড়ে উঠছে, সেই নতুন শহরে আসা মানুষগুলিকে যতক্ষণ না তারা সেটেল্ড করতে পারছেন, তারা জানে যে নিউ টাউন তৈরী করতে আরও পনেরো বছরের বেশী সময় লাগবে। এখানে সেই ব্যাপারে অবজেক্টস অ্যান্ড রিজনসে বলেছেন যে দশ থেকে পনেরো বছর লাগবে। It may take some more time। কিন্তু এই সময়ের মধ্যে

মানুষ আসবে। মানুষকে Transport facilities, sewerage facitlities, পানীয় জলের facility and so other facility. অর্থাৎ একটা হিউম্যান বিয়িং-এর যা যা প্রয়োজন একটা ব্যবসা বাণিজ্যের ক্ষেত্র তৈরী হলে যা প্রয়োজন সেগুলি তাকে দিতে হবে। সেইজন্য তিনি ইনসারসান করেছেন, এবং ৩৬বি কে অ্যামেন্ডমেন্ট করে বলছেন যে applicability on Calcutta Corporation. আরলিয়ার আমাদের বিলে যেটা ছিল, সেটাকে তিনি পরিবর্তন করে Bengal Municipal Act, Chapter 10 কে তিনি লাগু করেছেন। এটা মানুষের স্বার্থে তিনি করেছেন। এবং মানুষের স্বার্থ যেখানে, সেখানে আমাদের সরকার মমতা ব্যানার্জীর সরকার, সব থেকে আগে মানুষকে মানুষের মত করে তাকে থাকতে দেওয়া, সমস্ত ফেসিলিটি দেওয়া সেই চেষ্টাই করছেন। এই ফেসিলিটি কি এটা হচ্ছে সিভিক অ্যামিনিটিজ। তার এখন নিউটাউন-এর একপ্রান্ত থেকে অপর প্রান্ত পর্যন্ত শুধু গাড়ী যে যাবে এটা এখনও হয়নি। সব রুটের গাড়ী এখনও পৌছায়নি। সব রুটের এখনও যে রাস্তাঘাট, সুয়ারেজ, তার সৌন্দর্য্যায়ন এখনও হয়নি। কিন্তু এটা তৈরী করতে হবে। ডেভলপমেন্ট অথরিটিকে তৈরী করতে হবে। এবং সঙ্গত কারণে এই ডেভলপমেন্ট অথরিটি আজকে নির্ধারণ করেছেন, যে আমরা এটাকে ওয়ার্ল্ড ক্লাস সিটি তৈরী করব। তারজন্য মানুষকে নিয়ে আসতে হবে। সেই মানুষগুলিকে একটি সুযোগ দিয়েছে। তিনি ভেবেছেন যে এই মানুষেরা এসেই বাড়ীতে থেকে তারা উচ্চ হারে ট্যাক্স দেবে। এটা সরকার একটু সময় তাদের দিয়ে সেখানে বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট চ্যাপ্টার টেনে তিনি ইনট্রোডাকশান করেছেন। যেভাবে এই চ্যাপ্টার টেন ১৯৯৩ সালে যেটা ডিফাইন্ড করা আছে, সেটা সেইমত দেবে। কিন্তু আমাকে সিভিক অ্যামিনিটিজ, পরিষেবা তো দিতে হবে। স্যার এখানে আশ্চর্য্যজনকভাবে দেখলাম হলদিয়া ডেভলপমেন্ট অথরিটি, দুর্গাপুর ডেভলপমেন্ট অথরিটি, সমস্ত ডেভলপমেন্ট অথরিটিগুলিকে যদি ব্যক্তির নামের সঙ্গে জুড়ে দেওয়া যায়, তাহলে অথরিটিকে চ্যালেঞ্জ করা হল। মাননীয় মন্ত্রী খুব সঙ্গত কারণে বলেছেন যে, একটি অথরিটি রাজ্যবাসীকে, মানুষকে স্বার্থ দিতে চাইছে, মানুষকে অধিকার দিতে চাইছে। তিনি ওয়ার্লড ক্লাস সিটি বা ভারতবর্ষের বা পৃথিবীর উচ্চমানের শহরগুলির সঙ্গে এই শহরকে তিনি যুক্ত করতে চাইছেন, সেটা খুবই ভালো জিনিস। তাই লজ্জা হয়, যে কিভাবে একটা রুল্‌স, এটা যে কত ভয়ংকর ছিল, সেই ভয়ংকরের কথা এখানে আমি সময় কম থাকার কারণে বলতে পারছি না, বাংলার মানুষ হাড়ে হাড়ে টের পেয়েছে, এবং পশ্চিমবাংলার যে অধ্যক্ষ ছিলেন, তিনি মানুষকে মানুষ বলে জ্ঞান করতেন না মানুষকে তারা সবসময় পদদলিত করতেন। নির্যাতন, নিপীড়ন, বঞ্চনাই ছিল তাদের একমাত্র ধর্ম। সেই ধর্ম তারা পালন করেছেন। মানবধর্ম তারা পালন করেন নি। মানবধর্ম তারা পালন করেন নি বলেই আজকে এখানে একজন ব্যক্তির পূজা করে তারা চলে গেলেন। নিউ টাউনের অ্যাক্ট অনেক আগে থেকে গোড়াপত্তন হয়েছিল। তখন কেন জ্যোতি বসুর নাম দিলেন না? কি কারণ ছিল? যাবার ঠিক আগের মুহূর্তে তারা মানুষকে বাংলার মানুষকে বোকা বানানোর জন্য তারা সেই নামটি দিয়েছিলেন।

সঙ্গত কারণেই আমি ঐ প্রসঙ্গে যাবো না। যেটা আপনি অলরেডি অ্যাপ্রুভ করেছেন, ২০১১-র বিলটি প্রত্যাহার করেছেন, সঙ্গত কারণেই সেটা হয়েছে। তাই আমি এই বিলকে সমর্থন করে বলি যে, এই নতুন শহরটিকে লাগাতার ভাবে আমাদের পরিষেবা দিতে হবে এবং পরিষেবা

দিতে গেলে তাদের যতগুলো কর্পোরেশন, মিউনিসিপ্যাল যে ধারা-উপধারা, তাদের যে অ্যামেনিটিজ্ প্রাপ্য, সেই ডিমান্ড তো প্রতিদিনই বাড়ছে। এই বাড়ন্ত ডিমান্ড আর বাড়ন্ত জনসংখ্যা -এই জনসংখ্যার যারা ওখানে গিয়ে বসবাস করবেন, তার পাশে সরকার এবং বিশেষ করে নিউটাউন অথরিটি, নিউটাউন ডেভেলপমেন্ট অথরিটি তারা সুন্দরভাবে সেখানে গিয়ে দাঁড়াবেন এবং একটি উচ্চমানের শহর, যেটা আমাদের এই সরকারের কাম্য, সেই শহর তারা গড়ে তুলবেন। এই ক'টি কথা বলে- মানুষকে থাকতে দিতে হবে এবং থাকার জায়গাটা একটু উচ্চমানের হবে এবং থাকতে গেলে শহর গড়ে তুলে স্যোয়ারেজ্ সিস্টেমে যেতে হবে। মাটির তলার জল দিয়ে তাকে সেবা করা যাবোনা। সার্ফেস ওয়াটার নিয়ে আসতে হবে এবং সেই ওয়াটার নিয়ে আসতে গেলে, একটি উচ্চ মানের শহর গড়তে গেলে নিউটাউন যে পরিকল্পিত শহর, এই শহরটা আমি আশা করি-উইথ দিস অ্যামেন্ডমেন্টস -মাননীয়া মন্ত্রী সঙ্গত কারণে দুটো ছোট ছোট জিনিস করেছেন—৩৬ এর জায়গায় তিনি ৩৬-বি -এক্সট্রা চ্যাপটার ১০ অফ দি মিউনিসিপ্যাল অ্যাক্ট তিনি ইনসার্ট করেছেন কারণ, একটা বর্ধিত জনসংখ্যা এবং এই বর্ধিত জনসংখ্যার যে শেল্টার, শেল্টার তাদের দরকার, মাথা গোঁজার জায়গা তাদের দরকার এবং আমাদের শহরে, আমাদের রাজ্যে যারা একটু ওয়েল টু ডু, যাদের একটু পয়সা -কড়ি আছে, তারা বড় বাড়িতে থাকতে এবং বড় শহরের সুযোগ তারা পাবে। আর এই সুযোগ দিতে গেলে সব পক্ষকেই দিতে হবে। একদিকে যেমন পিছিয়ে পড়া মানুষকে সুযোগ দিচ্ছেন রাজ্য সরকার, তেমনই মিডিল ক্লাস -যারা ক্রিমি লেয়ারের কাছাকাছি আছেন, তাদেরকেও দিতে হবে। আমি মাননীয় মন্ত্রীর এই অ্যামেন্ডমেন্ট বিলকে সম্পূর্ণ রূপে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী সুজিত বোস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আমাদের এই সভায় মাননীয় রাজ্যের মন্ত্রী শ্রী ফিরহাদ হাকিম দি নিউটাউন-কোলকাতা ডেভেলপমেন্ট অথরিটি অ্যামেন্ডমেন্ট, যে সংশোধনী তিনি এনেছেন, তাকে সমর্থন করে দু-একটি কথা বলছি। প্রথমত বলি, আমি অ্যামেন্ডমেন্টটা দেখেছি। এই অ্যামেন্ডমেন্টে যেটা ৩৬ -এতে বলা হয়েছে যে, আগে ট্রেড লাইসেন্স। বিশেষ করে কেউ যদি ট্রেড লাইসেন্স পেতো, সেই ট্রেড লাইসেন্সের ক্ষেত্রে রিনিউয়াল ফিজ্ যেটা ছিল, সেটা ১০০ টাকা থেকে ৫০০ টাকা অবধি ম্যাক্সিমাম্ সেটা নেওয়া যেতো। এখানে একটা ছোট কারেকশন করেছেন। এখানে রিনিউয়ালটা পঁচিশশো টাকার বেশি কখনোই নয়। মানে যখন সে এনলিস্টেড হবে, তখন তাকে পঁচিশশো টাকা দিতে হবে, আর যখন রিনিউ করবে পঁচিশশো টাকার বেশি তখনও রিনিউতে নেওয়া যাবে না। এটা দরকার আছে, সেখানে অনেক সার্ভিস দেওয়ার ব্যাপার আছে, সুযোগ আছে। দ্বিতীয় প্যারাতে বলা হয়েছে এখানে ৩৬-বি-র একটা প্যারাতে বলা হয়েছে-The provisions as contained in Chapter X of the West Bengal Municipal Act, 1993। ১৯৯৩ সালের যে বি.এম.অ্যাক্ট, তার চ্যাপ্টার -১০ এ যে কথাগুলো বলা হয়েছে-কোনো একটা মিউনিসিপ্যালিটি চালাতে গেলে, অথরিটি চালাতে গেলে তার কতগুলো সুযোগ-সুবিধার ব্যাপার আছে। Power to impose taxes আছে, Levy on truck, buses, tourists etc, Levy on meetings, Melas, etc. Special Conservancy charges-এর কথাও বলা আছে।

[2.10-2.20 p.m.]

property tax on land, buildings, flats, bunglows, etc., Exemption of Central Government Offices, Exemption to ex-serviceman, Exemption to Diplomatic missions, charitable organizations, medical and educational organizations etc., Remission on account of vacant buildings, Determination of annual valuation, Assessment, Objection and Hearing, Self assessment ২৪টা বিষয় আছে এটার মধ্যে আমি দেখেছি, সেগুলো এখানে impose হবে। এটা ভালো, না হলে চলবে কি করে? একটা authority চালাতে গেলে তো পয়সা-কড়ির দরকার, tax দরকার, assessment দরকার। তৃতীয়ত, যেট 86(A) তে বলা হয়েছে যে mutation করা হবে নিশ্চয়ই, কারো যদি একটা বাড়ী থাকে, কারোর যদি একটা ফ্ল্যাট থাকে, কারোর যদি একটা দোকান থাকে, কারোর যদি একটা সম্পত্তি থাকে সেই registration টা হওয়ার পর mutation হবে এবং mutation fees নেওয়া হবে। এটাও আমি মনে প্রত্যেকটা municipality তে আমরা যারা municipalityতে আছি, আমরা জানি যে পৌরসভা চালাতে গেলে mutation feesটা অবশ্যই দরকার আছে। যেটা আমার বক্তব্য - এখানে সূর্য্যবাবুরা থাকলে ভালো হতো, ওঁনারা চলে গেছেন, সেই কারণে ফাঁকা ঘরে বলতে হচ্ছে। নিউটাউন একটা উপনগরী হয়েছে, সেখানে আপনারা যদি কেউ এয়ারপোর্ট দিয়ে যেতে চান তাহলে-আগেতো আমাদের ছোটবেলায় আমরা VIP road দেখেছি, কিন্তু এখন আপনারা দেখেছেন অনেক গাড়ী এয়ারপোর্ট থেকে আসে এবং যায়, এখন নিউটাউন থেকে বেশীর ভাগ গাড়ী divert হয়ে যায়। এই যে নিউটাউনে এত উঁচু উঁচু বাড়ী হয়েছে, ছোট বাড়ী হয়েছে, উঁচু বাড়ী হয়েছে। বিগত সরকারের আমলে আমরা দেখেছি বহু চাষীদের ওখানে জমি ছিল। এই নিয়ে বহু বিতর্ক আপনারা জানেন, সেই জমিতে প্রাপ্য টাকা যাদের পাওয়ার কথা ছিল, তারা সেটা ঠিকমতো পায়নি। সেখানে যারা বসবাস করছে তারাও যে সুযোগ-সুবিধাগুলো একটা শহরের মানুষের দরকার রাস্তা-ঘাট, নিকাশী, পানীয় জল আছে। নিউটাউনে সব থেকে বড় ক্রাইসিস হচ্ছে পানীয় জল। আপনারা জানেন বিগত সরকার শুধুই বলেই গেছে, এই সরকারের আমলে শুধু বলে যায় নি, কাজও শুরু হয়ে গেছে, এবং কতটা শুরু হয়ে গেছে সেটা আমি বলতে পারি তার কারণ আমার অংশের উপর দিয়ে এই কাজটা হচ্ছে আমি রেগুলার এটা প্রত্যক্ষ করছি। 100 MGD একটা জল প্রকল্প হচ্ছে। 100 MGD জল প্রকল্প হচ্ছে এটা জেনে রাখুন। সূর্যবাবুরা এই সব কখনও ভাবেন নি। শুধুই বলেই গেছেন জল আসবে। গৌতমবাবুরা শুধু বলেই গেছেন জল আসবে। জল কোনদিন আসে নি, কিন্তু কাজ শুরু হয়ে গেছে। এর জন্য ১১কিঃমিঃ পাইপ বসছে। আপনারা যদি VIP Road -এর পাশ দিয়ে যদি যান তাহলে দেখবেন কেষ্টপুর ক্যানেলের গা দিয়ে অলরেডি প্রায় ৫.৬ কিঃমিঃ প্রায় বসে গেছে। আমার কাছে পরশুদিন Simplex -এর অফিসার দেখা করে বলেছেন যে এবার আমরা সল্টলেকের দিকের পাইপটা বসাবো। এই যে সরকার দ্রুততার সাথে যে কাজটা করছে 100 MGD যে জল প্রকল্প গঙ্গা থেকে raw waterটা নিয়ে নিউটাউনে নিয়ে যাওয়া হবে। সেখানে এটা ট্রিটমেন্ট হবে এবং ট্রিটমেন্ট হওয়ার পর সেই পরিশ্রুত জল, সেই ১০০ শতাংশের মধ্যে ৬১% জল পাবে নিউটাউন। 61 MGD জল পাবে নিউটাউন, ২০ MGD

পাবে বিধাননগর, 11.5 MGD পাবে রাজারহাট এবং সাউথ দমদম পাবে 2.5 MGD। এই যে কাজটা হচ্ছে এটাকে সাধুবাদ জানানো তাঁদের উচিত ছিল। নাম কি হবে, না হবে, বিল কি হবে না এইসব নিয়ে ওঁরা বিতর্ক করছেন। কিন্তু যে কাজটা দরকার ছিল এই সরকারের মুখ্যমন্ত্রীকে এবং মাননীয় মন্ত্রীদের সাধুবাদ জানাই তার কারণে এই সরকার জল প্রকল্প, মানুষ জল ছাড়া বাঁচতে পারে না। এই প্রিরিস্রুত পানীয় জল নিয়ে গিয়ে এতবড় প্রোজেক্টটা সরকার সাকসেস্ করতে চলেছে। দ্বিতীয়ত, সেখানে নিকাশী সিসটেম অত্যন্ত খারাপ। আমি জানি আমার লাগোয়া বিধানসভা, সেখানে প্রচুর মানুষ বাস করে, তারা বলে যে আমাদের এখানে নিকাশী ভালো নেই। জল জমে যাচ্ছে। আপনারা জানেন আমাদের ওইদিকে খালগুলো হচ্ছে বাগজোলা খাল এবং কেষ্টপুর খাল। সব জলটা বিদ্যাধরী নদীতে গিয়ে মিশছে। আপনারা জানেন কিছু দিন আগে বাগজোলা আপারের সংস্কার হয়েছে, বাগজোলা লোয়ারের কাজ শুরু হয়েছে। এখানে রাজীব আছে, কেষ্টপুরের কাজ শুরু হচ্ছে। এই যে নিকাশী সিসটেমটা সরকার দ্রুততার সাথে করছে এবং তার সাথে সাথে যে বিউটিফিকেশান স্কীম নেওয়া হচ্ছে। যেটা PPP মডেলে ২ কিঃমিঃ trial basis-এ হবে। এবং সবুজায়ন, আপনারা দেখবেন দুধারে কি সুন্দর গ্রিনারি হয়েছে। আমার এক বন্ধু কিছু দিন আগে বিদেশ থেকে এসেছিল। সে বলছিল, আমি ৫ বছর আগে কলকাতায় এসেছিলাম আজ ৫ বছর পর যখন এই শহরে আসছি সত্যিই যে পরিবর্তন এখানে হয়েছে বোঝা যাচ্ছে। তার উদাহরণ হচ্ছে, যদি কেউ বিধাননগর থেকে সিঙ্গাপুর গিয়ে কেউ দেখে থাকেন, অন্য সিটিতে গিয়ে থাকবেন বিদেশে গ্রিনারি এত সুন্দর হয়েছে, সরকারী অফিসার যারা আছেন তাদেরকেও ধন্যবাদ জানাই এত সুন্দর তারা গ্রীনারি করেছে, যেভাবে দুদিকে সবুজায়ন হয়েছে, সেটা আমি বলছি বিগত সরকারের আমলে এ রকম কোন ভাবনাও ছিল না। আমাদের মুখ্যমন্ত্রী প্রতিদিন, প্রতিনিয়ত তিনি ওখান থেকে যেতে গিয়ে যদি কোনো সময় একটা আলোও না জ্বলে সঙ্গে সঙ্গে ফোন করে দেন ফিরাদ হাকিমকে, ববি দেখে নাও। ববি আবার আমাকে বলে দেয় সুজিত একটু দেখে নিস। এই যে তৎপরতার task এবং তার সাথে সাছে কি কি সেখানে হয়েছে? আমাদের সরকারের আমলে দায়িত্ব নিয়ে বলতে পারি সেখানে আলিয়া ইউনিভার্সিটি হয়েছে। ২০ একর জমির উপর আলিয়া ইউনিভার্সিটি হয়েছে। হজ হাউস হয়েছে। সেন্ট জেভিয়ার্সের মতো বিশ্ববিদ্যালয় দেখেছে, ২৭ ডিসেম্বর তাদের শিল্যান্যাস হবে। টেকনো ইউনিভার্সিটি হয়েছে, টাটা ক্যানসার হসপিটাল সেখানে আছে, রবীন্দ্র তীর্থক্ষেত্র হয়েছে সেখানে, ইন্টারন্যাশানাল স্ট্যান্ডার্ডের বাস terminus হচ্ছে সেখানে। একটা শহর যে বড় হয় কতকগুলো জিনিস থাকে সেই ফেসিলিটিগুলো মানুষের সেখানে দরকার লাগে। এখানে আমি বলব, আমাদের সরকার খুব দায়িত্ব নিয়েই সে তার কাজ করছে না এবং আপনারা জানেন মেট্রো যেটা সম্প্রসারণ হয়েছে এয়ারপোর্ট থেকে আপ টু সোনারপুর সেটাও কিন্তু আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যখন রেলমন্ত্রী ছিলেন, তিনি তখন এই কাজটা করে দিয়ে গিয়েছিলেন। আজকে তাঁর সেই কাজটা চলছে। সুতরাং ৪৮০ একরের উপর যে ইকো টুরিজিম পার্ক হয়েছে সেই পার্কটা আমি বলব, আমি অনেক জায়গায় গেছি, বিদেশেও অনেক গেছি এত সুন্দর গ্রিনারি, এত সুন্দর ওয়াটার বডি যে কোনো মানুষের কাছে এটা একটা আকর্ষণীয় জায়গা। কত পাখি আসছে সেখানে। আগে পাখি আসা বন্ধ হয়ে গিয়েছিল। ইকো টুরিজিম পার্কটা এত সুন্দর হয়েছে সেখানে পাখি আসছে। সেখানে একটা বড় জলাশয় আছে, বোটিং হচ্ছে। শিকারা আছে। এই সুযোগগুলো এই সরকারের আমলে হয়েছে।

শুধু তাই নয়, এই সরকারের সেই চিন্তাভাবনা আছে, চিন্তাশক্তি আছে এবং সেখানে একটা হাব হয়েছে, ফিনান্সিয়াল হাব আপনারা জানেন। ইন্টারন্যাশানাল স্ট্যান্ডার্ডের একটা ফিনান্সিয়াল হাব হয়েছে। এই সরকার করেছে। এই অল্প দিনের মধ্যে তাদের পরিকল্পনা, তাদের চিন্তাশক্তিকে বাস্তবায়িত করেছে। সেজন্য বলছি, এই বিলটা আজকে যে এই সভায় পরিবেশিত হয়েছে তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং ধন্যবাদ জানাচ্ছি। নমস্কার।

শ্রী সব্যসাচী দত্ত : মাননীয় স্পীকার সাহেব, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে দুটো-তিনটে জিনিস বলব। কিন্তু সবার আগে বলি আজকে মন্ত্রী যে, The New Town Kolkata Development Authority (Amendment) Bill, 2013 এনেছেন সেটা খুব বাস্তব সম্মত, যথোপযোগী এবং সময়ের সঙ্গে একেবারে উপযোগী বিল। শুধু এটুকু বলব যে, এখানে আমাদের সহকর্মী বিরোধীরা থাকলে খুশি হতাম যে ওনাদের সঙ্গে কিছু মতের বিনিময় আদান-প্রদান করতে পারতাম। কিন্তু এখানে দেখলাম ওনারা একটা নামকে কেন্দ্র করে এখানে কিছু বিভ্রান্তির সৃষ্টি করে, কাগজ উড়িয়ে, বিধানসভাকে কলুষিত করে বেরিয়ে গেলেন। খুব দুঃখের সঙ্গে বলি, বিগত ৯৫ সালে যখন বিধাননগর পৌরসভা হয়েছিল, সেই সময় থেকে মাননীয় জ্যোতিবাবু আমার ওয়ার্ডে থাকতেন এবং আজ অবধি আমি সেই ওয়ার্ড থেকে জিতে আসছি। শুধু ওনারা থাকলে বলতে ভালো লাগত। শুধু এটুকু বলি যে, এখানে এই বিলের সঙ্গে দুটো/ তিনটে জিনিস আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব। মাননীয় মন্ত্রী বিলে বলেছেন, objects and reasons -এ ১০ থেকে ১৫ বছর লাগবে এই নিউ টাউনটা টোটালি তৈরী হতে।

[2.20–2.30 p.m.]

এটা কোন সময় থেকে ১০ থেকে ১৫ বছর? কারণ, অলরেডি আমাদের ৫ থেকে ৭ বছর নিউ টাউনে বসবাস শুরু হয়ে গেছে এবং জমি অ্যালটমেন্ট হয়েছে। আমি যদি ভুল না বলি আজ থেকে ৭ থেকে ৮ বছর আগে জমি অ্যালটমেন্ট হয়ে গেছে। তাহলে ১০ থেকে ১৫ বছর আমরা কোন সময় থেকে ধরছি। এবং এটা যদি একটা নোটিফায়েড এরিয়া অথোরিটি হয়; নোটিফায়েড এরিয়া অথোরিটি, যখন একটা নতুন টাউনশিপ গড়ে ওঠে তার পৌর পরিষেবা নিউ টাউন কোলকাতা ডেভেলপমেন্ট অথোরিটি, বিগত দিনে যেরকম, বিধাননগর নোটিফায়েড এরিয়া অথোরিটি ছিল, দুর্গাপুর ছিল, সেরকমভাবেই নিউ টাউন ডেভেলপমেন্ট অথোরিটি। যতক্ষন নতুন করে কন্সটিটিউশনাল এ্যামেন্ডমেন্ট অনুযায়ী নির্বাচিত প্রশাসন না আসছে, সিভিক অ্যামিনিটিজের প্রশাসন না আসছে ততক্ষণ এই নোটিফায়েড এরিয়া ওখানে পৌর পরিষেবা দেবে। কিন্তু এই পৌর পরিষেবা দিতে গিয়ে যে অর্থ লাগবে, সেই অর্থটা -নিউ টাউনে কিন্তু অর্থ সরকারকে গ্র্যান্ট নিয়ে দেওয়ার কোনো অবকাশ নেই। আমি নিউ টাউন বিধানসভা থেকে নির্বাচিত বিধায়ক, আমি বলছি নিউ টাউনে ঠিকভাবে যদি আমরা ক্যালকুলেট করি তাহলে অন্তত- সরকারের ঘাড়ে ঋণের বোঝা আমরা আর চাপাতে চাই না। নিউ টাউনে কোলকাতা ডেভেলপমেন্ট অথোরিটি নিজের পায়ে দাঁড়ানোর মতো সক্ষম এবং নিজের পায়ে দাঁড়ানোর মতো তার পরিবেশ পরিস্থিতি তৈরি আছে। সেখানে যেসব ব্যবসায়িক সংস্থা আসছে, সেখানে যেসব বড় বড় ইন্ডাস্ট্রিয়াল হাব্ আছে, সেইখানে

যদি এই অর্থটাকে, আমার যদি বছরে ১০০ টাকা খরচা হয়, সেই ১০০ টাকা উপার্জন করার অর্থ কিন্তু নিউ টাউন কোলকাতা ডেভেলপমেন্ট অথোরিটির নিজস্ব থাকা উচিত। দুই, এখানে মাননীয় মন্ত্রী, মাননীয়া মুখ্যমন্ত্রীর নীতিতে আদর্শে উদ্বুদ্ধ হয়ে বলেছেন যে, আমি মিউটেশান করবো কোলকাতা কর্পোরেশানের রেটে নয় এবং ট্রেড লাইসেন্স দেব- সব থেকে হাইয়েস্ট সিলিং হচ্ছে ২৫০০ টাকা। এখানে আমি বলতে চাই যে, এখানে অনেক বড় বড় বিজনেস হাউস আছে, তাদের মধ্যে সামান্য একটা ব্যালেন্স সিটে একটা শুধু এনট্রি হবে। আমি কারোর নাম উল্লেখ করছি না। বড় বড়, মাল্টি ন্যাশানাল কোম্পানী আছে, ইউনিটেক আছে, ডি এল এফ আছে তারা বিজনেস হাউস। তারাতো চ্যারিটি করতে আসেননি। তাদের কাছে ২৫০০ টাকাটা শুধুমাত্র একটা ব্যালেন্স সিটে এনট্রি হয়। তো সেই জায়গায় আমার মনে হয়, মাননীয় মন্ত্রীর কাছে আমি অনুরোধ করবো যে, আপনি নিউ টাউনের ব্যালেন্স সিট দেখুন। দেখে যদি মনে হয় যে, নিউ টাউনকে আরো সুন্দর পরিষেবা দিতে, আরো কোথাও কোথাও অ্যাডিশনাল ট্যাক্সেশান করতে হবে। নিউ টাউনে কিন্তু সাধারণ মানুষ যেরকম আছেন, গরিব মানুষ যেরকম আছেন, বিত্তশালী মানুষেরও বসবাস আছে। বিত্তশালী মানুষরা দেওয়ায়-আমরা যদি উপকার পাই তাহলে মিনিমাম ট্যাক্স কিন্তু দেওয়ার মতো মানসিকতাও আমাদের থাকা উচিত। মানুষের উপরে শুধুমাত্র বলব, আমাকে দাও আর আমি কিছু দেব না, এটা কিন্তু হয় না। সেইজন্য আমি অনুরোধ করবো আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে যে, নিউ টাউন ডেভেলপমেন্ট অথোরিটির ব্যালেন্স সিটটা দয়া করে একটু আপনি বিবেচনা করবেন। তিন, এই যে, আপনি ১০ থেকে ১৫ বছর বলেছেন। বিগত দিনে নিউ টাউন ডেভেলপমেন্ট অথোরিটি একটা জায়গা নিয়ে ৫০০০ একর জমি নিয়ে তৈরি হয়েছে। এবং তার পার্শ্ববর্তী অঞ্চলে এখনও বিগত এই ২০১৩ সালেও পঞ্চায়েত নির্বাচনে ৬টা পঞ্চায়েত আছে। যেখানে পঞ্চায়েত বললে কৃষি কিছু নেই বাড়িতে তুলসি গাছ আর দোপাটি গাছ ছাড়া কোনো কৃষি কিছু নেই। ওখানে কিন্তু কৃষি উঠে গেছে নিউ টাউন ডেভেলপমেন্ট অথোরিটিকে যদি সচল এবং স্বচ্ছ রাখতে হয় তার পার্শ্ববর্তী অঞ্চলকেও আপনাকে অন্তর্ভুক্ত করতে হবে তা নইলে আপনি কিন্তু নিউ টাউনের ভারসাম্য আজ নয় কাল বিগত সরকার যেভাবে দিয়ে গেছে- কোলাপ্স করে যাবে। এখনও বিগত সরকারের দ্বারা এখনও অনেক জায়গায় দেখা যাচ্ছে, পঞ্চায়েতের স্যাংকশনা করা প্ল্যান ১৮ তলা বাড়ি হচ্ছে। পঞ্চায়েতের স্যাংশন করা প্ল্যান ২১ তলা বাড়ি হচ্ছে। তাদের জমির ক্যারেক্টার কি? জানা যায়নি। ল্যান্ডের চার রকম ক্যারেক্টর হয় মাননীয় স্পীকার স্যার, জলা, ডাঙা, বাস্তু এবং বসতবাড়ি। ক্যারেক্টর চেঞ্জ না করে সেখানে বাড়ি হয়ে গেছে। জলার উপরে বাড়ি হয়ে গেছে। এই জায়গাগুলোতে আমি কারোর উপরে আইনের নামে প্রেসার দিতে বলছি না। কিন্তু মাননীয় মন্ত্রীকে অনুরোধ করবো আপনি নিউ টাউনকেন্দ্রিক যে পার্শ্ববর্তী বা পঞ্চায়েত অঞ্চলগুলো আছে সেটাও আপনি একটু নজর দেবেন। কারণ, নিউ টাউনের ভারসাম্য যদি বজায় রাখতে হয় এবং পৌর পরিষেবা যদি আপনাকে দিতে হয়, ওখানে নিকাশী ব্যবস্থার উন্নতি দরকার। নিউ টাউনের সব থেকে টলেস্ট বিল্ডিং হচ্ছে ২১ তলা; আর তার পাশে জ্যাংড়া হাতিয়াড়া পঞ্চায়েতের টলেস্ট বিল্ডিং, এর হাইট হচ্ছে ২৭ তলা। সেই অঞ্চল থেকে যে নিকাশী ব্যবস্থা বেরিয়ে আসবে- এখানে মাননীয় মন্ত্রী রাজীব বন্দ্যোপাধ্যায় এসেছেন, ওনার বাগজোলা খাল ওভার ফ্লো করছে; সেটা কিন্তু নিউ টাউনের বসতির জন্য নয়, সেটা কিন্তু পুরোপুরি তার অ্যাডেড এরিয়া ও পঞ্চায়েত এরিয়ার

জন্যে। তার উপর, খালের উপরে যে ভাবে এনক্রোচ করে-আমরা দেখে যাচ্ছি বিগত সময় থেকে - যেভাবে খাল এনক্রোচ করে জায়গা হচ্ছে, সেটাকে কিন্তু এখনই, একেবারে অ্যালার্মিং সিচুয়েশান, যদি খাল এনক্রোচমেন্ট, যদি না পরিষ্কার করা যায়, তাহলে কিন্তু কোনোদিনই আপনি - মন্ত্রীসাহেব এখানে যা নিয়েছেন এবং ওনার দপ্তর নিউ টাউনকে সুন্দর করবেন বলে যা ভাবছেন সেটা কিন্তু বাস্তবে রূপায়িত হবেনা। খালের উপর যে এনক্রোচমেন্ট আছে, ইললিগ্যাল এনক্রোচমেন্ট, সেই এনক্রোচমেন্টকে কিন্তু সরানো ইমিডিয়েট দরকার। আর, নিকাশী ব্যবস্থা - আজকে নিউ টাউনের ভোটার হচ্ছে প্রায় ২০ হাজার, আর বসতি হচ্ছে প্রায় খুব বেশী হলে ৪০ থেকে ৪৫ হাজার; কিন্তু তার পার্শ্ববর্তী অঞ্চলে ১ লক্ষ ৮০ হাজার লোক থাকেন। সেখানে একটা আইন বেঁধে দেওয়া দরকার যে পঞ্চায়েত এত হাইট এর উপরে বাড়ী করতে পারে না। নিউ টাউন নিয়ে আমি অনুরোধ করেছি বিভিন্ন সময়ে এবং মাননীয় মন্ত্রীকে আপনার মাধ্যমে আজকে অনুরোধ করছি যে নিউ টাউন ডেভলপমেন্ট অথরিটিকে যদি সত্যি করে মানুষের জন্য কাজ করতে হয় এবং ওটাকে সুন্দর উপনগরী- কোলকাতার গর্ব, কোলকাতার রক্ত - যদি তৈরী করতে হয়, তাহলে পার্শ্ববর্তী পঞ্চায়েতকেও আপনি তার সঙ্গে লাগোয়া করে নিন। তা নইলে কিন্তু ঐ জায়গা সুন্দর হবে না। নিউ টাউনের উপরে ইকো ট্যুরিজিম পার্ক হয়েছে এবং তার পার্শ্ববর্তী অঞ্চলের লোকেরা কাজ পেয়েছে। মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ দিই যে, আমরা যারা পার্শ্ববর্তী অঞ্চল থেকে নির্বাচিত বিধায়ক, নিউ টাউনের উপর বসবাস করে যারা আমরা তাদের উপরে নির্ভরশীল, আমরা পঞ্চায়েত অঞ্চলের মানুষ, সেইজন্যে আপনি আপনার হাতটা আর একটু বাড়িয়ে দিন, নিউ টাউনের সঙ্গে আপনার এরিয়াটাকে একটু বিস্তৃতভাবে আরো এগিয়ে নিন যাতে পঞ্চায়েতকেও আপনি আইনের মধ্যে আনতে পারেন। পুরনো দিনের ব্যাকডেটেড স্ট্যাম্প মারা পঞ্চায়েতের প্ল্যান দেখিয়ে যেন আর ২৭ তলা বাড়ী না হয়। ধন্যবাদ স্পীকার স্যার, এইটা মাননীয় মন্ত্রী নিশ্চয় দেখবেন, আশা করি। সবাইকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি, নমস্কার।

শ্রী তমোনাশ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী ফিরহাদ হাকিম যে বিলটি এনেছেন, নিউ টাউন কোলকাতা ডেভলপমেন্ট অথরিটি (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৩; এই বিলটা সম্পূর্ণ সমর্থন করে আমি একটু বলার ও অংশগ্রহণ করার সুযোগ পেয়েছি, তার জন্য আমি কৃতজ্ঞতা জানাচ্ছি। একটু আগে সহকর্মী সব্যসাচী ঐ বিল নিয়ে যে আলোচনা করলেন, সেই এলাকারই বিধায়ক, তিনি খুব বিস্তারিতভাবে বললেন। স্বাভাবিকভাবেই তিনি বিষয়টার সবই জানেন। আমি তাই অত বিস্তারিতভাবে না বলে ওভারঅল দু-একটি কথা বলতে চাই। প্রথমেই আমার মনে পড়ছে, আমাদের বিরোধী দলের সদস্যদের যাদের উদ্দেশ্যে কথাগুলো বলব, তারাই নেই। ফল অফ বার্লিন -স্যার আপনিও পড়েছেন, আমরাও পড়েছি; ঠিক তেমনি ভাবে আজকের ফল অফ সি পি এম চলছে বাজারে। নির্বাচন হলেই পরাজয়, নির্বাচন হলেই পরাজয়। পরাজয় পরাজয় করতে করতে ওরা এত হতাশগ্রস্ত হয়ে পড়েছে যে কোনো আলোচনার মধ্যে আসতে চাইছে না। স্যার, একটা মূল জিনিস আপনাদের বলি, যে কমিউনিষ্টরা এখন পর্যন্ত ঠিক করতে পারলেন না, যে উন্নয়নটা আগে না, বিপ্লবটা আগে। যদি ওরা বলে আগে বিপ্লবটা করো, তারপরে উন্নয়ন করো। আবার কেউ কেউ কমিউনিষ্টরা বলেন, না উন্নয়নের সঙ্গে বিপ্লবটাও করতে হবে। স্যার, কালকে

একটা কাগজে পড়ছিলাম, দেখলাম একটা অদ্ভুত লেখা তাতে, যিনি ভালো শিল্পী, বিশ্বের সেরা শিল্পীর নাম আপনারা জানেন পিকাসো। পিকাসো কমরেড পি এফ দে কে বলছেন যে আমার খুব ইচ্ছা আমি স্ট্যালিন এর একটা নগ্ন ছবি আঁকি। কেন আঁকবো জানেন, স্ট্যালিন খুব বেঁটে ছিলেন। আর তার ছায়াটা পড়ত গোটা সোভিয়েত জুড়ে। সেই ছায়াটায় সোভিয়েতের কোনো উন্নয়ন হল না বলে, আমি সেই ক্ষোভে তার একটা ছবি আঁকব।

[2.30–2.40 p.m.]

তাহলে দেখা যাচ্ছে পিকাসো একজন আপাদমস্তক কমিউনিষ্ট হয়েও তিনি স্তালিনের বিরোধিতা করেছিলেন একটাই মাত্র কারণে যে বিপ্লব আগে না উন্নয়ন আগে। কথাটা স্যার আমি এই কারণে বললাম, আপনাদের একটা ছোটো জিনিস দেখাই, এই যে নিউ টাউনের স্বপ্ন, এই স্বপ্ন বা উন্নয়ন নিয়ে ২০০৫-০৬ আর্থিক বছরে আগেকার যিনি প্রাক্তন মন্ত্রী ছিলেন তিনি কি বলেছিলেন সেটা দেখুন। তিনি ২৪৩ পাতায় বলেছিলেন, আবাসনগুলি অধিকাংশই নির্মাণ করা হবে অর্থনৈতিক দুর্বল শ্রেণীভুক্ত, নিম্ন আয়ভুক্ত ও মধ্যবিত্ত জনগণের জন্য এবং বিষয়গুলি শতকরা পঞ্চাশ ভাগ কো- অপরেটিভের মাধ্যমে রক্ষণাবেক্ষণ করা হবে। কে বলছেন- তিনি এখন আর সদস্য নন, মানুষ তাকে পরিত্যাগ করেছেন। মাঝে মাঝে আমরা তাঁকে টিভিতে দেখি, খুব হাত-পা নেড়ে কথাবার্তা বলেন, অসংলগ্ন কথাবার্তা বলেন, চেহারার মধ্যেও তাঁর কথার সঙ্গে মিল নেই। যাইহোক, তাদের হাতে পশ্চিমবাংলার দায়িত্ব ছিল, এই কথাগুলো বলেছিলেন। আরো তিনি কি করলেন -আপনাকে আরো একটা মজার জিনিস দেখাই, এরা কতটা অসত্যের ওপর দিয়ে চলে। এরা বলে এক, করে এক। এই নিউটাউন নিয়ে এরা-আগেকার মন্ত্রী বললেন- সেখানে উনি বলছেন 'অনামিকা' বলে একটা অ্যাপার্টমেন্ট, সেই অ্যাপার্টমেন্টে কি হবে- স্যার, ভালো করে একটু ফিগারগুলো লক্ষ্য করবেন, নিম্ন আয়ভুক্ত ৬৪ জনকে দেওয়া হবে, মধ্য আয়ভুক্ত কত দেওয়া হবে -১২০, উচ্চ আয়ভুক্ত কত দেওয়া হবে-১৭৬। তাহলে নিম্ন আয় ৬৪, আর উচ্চ আয় ১৭৬। অথচ ২০০৫-০৬ এর আর্থিক বইটার মধ্যে বলছেন যে এনটায়ার নিউটাউন শহরটাই চেঞ্জ হবে গরীবদের জন্য। আমি স্যার এই প্রসঙ্গটা এই কারণে তুললাম, আসলে তাদের উন্নয়নের কোনো পরিকল্পনা কোনোদিনই কোথাও ছিল না। তা যদি থাকতো তাহলে আর্থিক বছরের সমীক্ষা আনলেন ২-০০৫-০৬ এ, নিউটাউনের বিল আনলেন ২০০৭-এ।' ১০ এ একটা অ্যাপয়েন্টমেন্ট করেছেন, আমাদের মন্ত্রী ২০১১-এ সেটা আবার পরিবর্তন এবং সংশোধনের কথা বলছেন। কেন বলছেন—আজকে নিউটাউনে যে পরিস্থিতি তৈরি হয়েছে, যত দ্রুততার সঙ্গে আজকে উন্নয়ন হওয়া উচিত ছিল—একটা উন্নয়নের পরিকল্পনার ব্যাপারে আজকে তিনি ১৫-২০ বছরের কথা বলেছেন। আগে যিনি মন্ত্রী ছিলেন, লক্ষ্য করে দেখুন তিনি কতদিন সময় পেয়েছেন। ২০০৫-এ চিন্তা করলেন নিউটাউনের কথা। ২০০৭এ এবং '১০এ বিল আনলেন এবং আজকে ২০১১ তে আমরা দেখতে পাচ্ছি এই পরিবর্তন সরকারের আগের মুহূর্ত পর্যন্ত যে লম্বা সময়টা নিউ টাউনের জন্য পেলেন, আরও যেসব পরিকল্পনা করার দরকার ছিল সেটা তিনি করলেন না। ডাঃ বিধান চন্দ্র রায়ের আমলে আমরা তাঁকে চোখে দেখিনি, তিনি নমস্য ব্যক্তি, আমরা তাঁর বই পড়েছি, তাঁকে পশ্চিমবাংলার নব রূপকার হিসাবে শুধু এমনি আখ্যা দিই না, তিনি একটা পরিকল্পনার মধ্যে তিনি ব্যবস্থা

করেছিলেন। আজকে কলকাতা পপুলেশানের দিকে ওভারলোডেড হয়ে গেছে। আজকে লোক ধারণের জায়গা হচ্ছে না। আজকে কসমোপলিটন শহর হয়ে গেছে। ভারতবর্ষের বিভিন্ন প্রান্ত থেকে মানুষ, আজও কলকাতা ভারতবর্ষের মধ্যে সব থেকে চিপেস্ট শহর, সেখানে সামান্য পয়সা রোজগার করে থাকা যায়। সেই শহরে থেকে যাতে মানুষের বেঁচে থাকার জন্য ব্যবস্থা করা যায়, তার জন্য বিধানচন্দ্র রায় নানারকম পরিকল্পনা করেছিলেন। আমরা দুর্গাপুর দেখেছি, আমরা কল্যাণী দেখেছি, আমরা সল্টলেক দেখেছি। এতগুলো শহরের যে পরিকল্পনা, সেখানে ভাবতে হয় যে আজকে যে শহরটা আমি করলাম, এই শহরটাতে আগামীদিনে লোকসংখ্যা বাড়বে। সেই লোকদের পরিষেবা-পানীয় জল, পয়ঃপ্রণালী, রাস্তাঘাট, প্ল্যান স্যাংশান, বিদ্যুৎ ব্যবস্থা -এগুলো কিভাবে দেওয়া যাবে সেটা সঙ্গে সঙ্গে ভাবা উচিত ছিল। তার আগেই নামকরণ করে বসলেন। ওর নাম হবে । তার নাম হবে। আমাদের দেশে তো ঋষি, মহাঋষির অভাব নেই। ভালো চিন্তার মানুষের তো অভাব নেই। শ্রীরামকৃষ্ণদেব থেকে শুরু করে রবীন্দ্রনাথ ঠাকুর, মধুসূদন দত্ত, আমাদের ঘরে ঘরে ভালো ভালো মানুষ আছেন। তাদের কাজের মধ্যে দিয়ে বোঝা যাচ্ছে তাদের দৃষ্টিভঙ্গিটাই ছিল যে উন্নয়নের থেকেও আমাদের নেতাদের তুলে ধরা, নেতাদের নামকরণ করা। আমাদের মাননীয় মন্ত্রী ফিরহাদ হাকিম অত্যন্ত দক্ষতার সঙ্গে পশ্চিমবাংলার পৌরসভাগুলোর মাধ্যমে উন্নয়নের ব্যবস্থা করছেন। আজকের তিনি অত্যন্ত সময়োপযোগী এই বিলটা এনেছেন। যে বিলটার মধ্যে উনি কোথাও কোথাও বলেছেন যে একটা রেজিস্ট্রেশান ফিজ বাড়ানো দরকার। সত্যি বাড়ানো দরকার। একটু আগে সব্যসাচীবাবু বললেন, সাতাশ তলা বাড়ি, বাইশ তলা বাড়ি, আমরা ফ্লাইটে গেলে ওপর থেকে দেখতে পাই নিউটাউন শহরটা গর্বের বিষয়। সেই গর্বের জিনিসটাকে আজকে ধ্বংসের পথে নিয়ে যাওয়ার একটা পরিকল্পনা আগেকার সরকার করে দিয়ে গেছেন যার কোনো পরিকাঠামো নেই। আজকে মাননীয় মন্ত্রী শ্রী ফিরহাদ হাকিম একটা পরিকল্পনা করে এগোনোর চেষ্টা করছেন। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি মন্ত্রিসভার সদস্য এবং সকল বিধায়কদের বলছেন দুটো মানুষের কাছে উন্নয়নের কাজ পৌঁছে দিতে হবে। সরকারী আধিকারিক যারা বসে আছেন তাদেরকেও বলছেন ক্যালেন্ডার বেঁধে একটা সময় ঠিক করুন, এই কাজটা এতদিনের মধ্যে শেষ করতে হবে। বিগত সরকার চৌত্রিশ বছর সময় পেয়েছিলেন কাজ করার জন্য। আজকে সামান্য একটা অজুহাত দেখিয়ে হাউস বয়কট করে তারা চলে গেলেন। গতকালও তারা হাউস বয়কট করেছিলেন। রোজ বিধানসভার মধ্যে তারা তামাশা করছেন। তারা পশ্চিমবাংলাকে পরিচালনা করার এতদিন সুযোগ পেয়েছিলেন। বাংলার মানুষ তাদের দায়িত্ব দিয়ে থাকুন বা তারা নিজেরা কারচুপি করে পশ্চিমবাংলার দায়িত্ব নিয়ে থাকুন-আমি সেই বিতর্কে যাচ্ছি না-কিন্তু আপনারা কাজ করার অনেক সুযোগ পেয়েছিলেন। সেই সুযোগের সদ্ব্যবহার না করে পশ্চিমবাংলাকে আপনারা তিলে তিলে ধ্বংসের দিকে পাঠিয়ে দিলেন। বিগত সরকারের পৌরমন্ত্রী একটা নিউ টাউন আবাসন গড়বেন বলে ঠিক করেছিলেন। আজকে আড়াই বছরের একটা সরকার এবং তারা ডায়নামিক মন্ত্রীরা কাজ করছেন, তারা পরিকল্পনা নিয়েছেন যে মানুষের থাকার উপযোগী ব্যবস্থাগুলো নিউ টাউনে দিতে হবে। এর থেকেই দুটো সরকারের দৃষ্টিভঙ্গী আপনারা বুঝতে পারছেন। সেইজন্য আমরা বক্তব্য আর বিস্তারিত না করে বলব, মাননীয় মন্ত্রীমহাশয় যে সংশোধনীগুলো এনেছেন তা অত্যন্ত সময়োপযোগী। তার কাছে অনুরোধ করব কলকাতা শহরের পাশাপাশি অত্যন্ত গুরুত্বপূর্ণ এই শহর আগামী দিনে গড়ে

উঠবে। কলকাতার যে সমস্ত সুযোগ-সুবিধাগুলো আছে একটা ক্যালেন্ডার ধরে মানুষের কাছে তা পৌঁছে দিতে হবে। তাহলেই কলকাতা কিছুটা ভারমুক্ত হবে, কিছুটা প্রাণ পাবে। এই সরকার ক্ষমতায় আসার পর থেকে আমরা দেখতে পাচ্ছি, কলকাকতার উন্নয়ন কিভাবে হচ্ছে। এই ব্যাপারে বিশেষ করে মাননীয়া মুখ্যমন্ত্রীর আমি প্রশংসা করছি। আগে কলকাতা একটা রুক্ষ শহর হয়ে গিয়েছিল, আর্বজনাযুক্ত শহর হয়ে গিয়েছিল। আজকে সেখান থেকে আবর্জনা পরিষ্কার করে শহরটাকে সবুজ করা হয়েছে, তার জন্য আমরা মাননীয়া মুখ্যমন্ত্রী এবং মাননীয় পৌরমন্ত্রীর প্রশংসা করছি। তাই আমি অনুরোধ করব নিউ টাউনটাকেও সেইভাবে সাজিয়ে তোলার জন্য। এই আশা রেখে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী পরশ দত্ত : মাননীয় স্পীকার স্যার, মাননীয় পৌরমন্ত্রী The New Town, Kolkata Development Authority (Amendment) Bill, 2013 যেটি এনেছেন তার সমর্থনে অনেকেই বলেছেন, আমিও কয়েকটি কথা বলব, হয়তো কিছু কথার রিপিটেশান হবে। এই নিউ টাউন তৈরী হওয়ার সময় থেকে এটি ছিল একটি জলা, আর কিছু চাষের জমি এই নিউ টাউনটাকে পূর্ববর্তী সরকারের নেতারা সোনার ডিম পাড়া হাঁস হিসাবে দেখেছেন। সস্তায় জমিগুলো কোথাও জোর করে বা কোথাও ভুল বুঝিয়ে কৃষকদের কাছ থেকে নিয়ে নিয়েছেন। তারপরে আবার অজুহাত দেখিয়েছেন, ডেভালপমেন্ট কস্ট অনেক বেশী বলে। জমির যা দাম তার দশগুণ হল ডেভালপমেন্ট কস্ট এবং সেই বেশী দামে তারা জমিগুলো বিক্রি করেছেন। যদিও সেই টাকা দিয়ে ডেভালপমেন্ট কিছুই হয়নি। আজকে নিউ টাউনের যা অবস্থা তাতে সেখানে প্রচুর মানুষ বসবাসের জন্য এখানে এসেছেন, প্রচুর নামীদামী সংস্থা সেখানে এসেছেন। কিন্তু নিউ টাউনের এখনও নিকাশী ব্যবস্থা ঠিক নেই। ওখানকার বিধায়ক সব্যসাচী দত্ত আমার সঙ্গে একমত হবেন, সেখানকার স্যুয়ারেজ ব্যবস্থা ঠিক নেই, নিকাশী ঠিক নেই, পানীয় জলের ব্যবস্থা মডার্ন নয়। বাগজোলা এবং কেষ্টপুর খাল নিউ টাউনের এবং তার সংলগ্ন এলাকার জলে বা আবর্জনায় আজকে বন্ধ হয়ে গেছে।

[2.40–2.50 p.m.]

এই প্রসঙ্গে আর একটি কথা নিশ্চয় বলা দরকার যে নিউ টাউন দিয়ে আপনি যদি আসেন দেখবেন তার মাঝে কতগুলো পঞ্চায়েত হয়েছে। চ্যাঙ্গরা পঞ্চায়েত, যাত্রাগাছি এইসব জায়গা একটা বড় শহরের ভেতরে কিছু পঞ্চায়েত এবং সেই পঞ্চায়েতগুলোই বড় শহরের মতো হয়ে গেছে। তাই পঞ্চায়েত এলাকায় ২৭ তলা বাড়ি হয়। কিন্তু তার পরিকাঠামো নেই। সিভিক অ্যামিনিটিস নেই। এগুলো তো করতে হবে। এগুলো করার কথা চিন্তা করে নি আগের সরকার। আজকে এই যে নতুন অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে, এই অ্যামেন্ডমেন্টে এই পরিকাঠামোগুলোকে ঠিক করে দেওয়ার জন্য কতগুলো পয়েন্ট দেওয়া হয়েছে। যেমন আমি সব্যসাচীর সঙ্গে এক মত যে ট্রেড লাইসেন্সের ফিস কমার্সিয়াল হাউসদের জন্য অনেক বাড়ানো যায় এবং তাদের দিতে কোনো অসুবিধে হবে না। আমি নাম করবো না দশ তলা বিল্ডিং বানিয়ে অফিস বানিয়ে বসে আছেন। যে কোম্পানীতে আমি এক সময় চাকরী করতাম তার কাছে আড়াই হাজার টাকা ট্রেড লাইসেন্স

রেজিস্ট্রেশান এবং ম্যাকসিমাম ৫০০ টাকা রিনিউয়াল এতো ভাবা যায় না। ১০ হাজার টাকার রিনিউয়াল হলেও তাদের কিছু যায় আসে না। এগুলো বাড়ানো দরকার। আমি মাননীয় মন্ত্রীকে বলবো, এক এগুলোকে বাড়ানো যায় কিনা চিন্তা করে দেখুন। তাতে নিউ টাউন ডেভেলপমেন্ট অথরিটির ফাণ্ড বাড়বে। তাতে পরিষেবা আরো ভাল দিতে পারবেন।

দ্বিতীয়ত, যেটা আগে বললাম, যে ঐ নিউ টাউন শহরের ভেতরে বা তার একেবারে গায়ে লাগোয়া পঞ্চায়েতগুলোকে ঐ শহরের ভেতরেই নিয়ে আসুন। ওখানে পঞ্চায়েত থাকা—ঠিকই বলেছে, দোপাটি গাছ আর তুলসী গাছ ছাড়া সেখানে আর কিছু নেই, আর কোনো গাছ নেই। কিন্তু নিউ টাউনকে সাজানো হয়েছে। আমি প্রায়ই আমার কনস্টিটিউয়েনসিতে যাই নিউ টাউনের ভেতর দিয়ে। এত সুন্দর সাজানো হচ্ছে, এটা যখন কমপ্লিট হবে তখন যে কি নয়নাভিরাম একটি শহর হবে ভাবা যায় না, যদি ঠিকমতো করা যায় এবং সেটা করতে গেলে পয়সা লাগবে। সেইজন্যে আমি বললাম যে ট্যাক্সেশান একটু বাড়ান। এই যে বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট- এটা খুব বাস্তব জিনিস করেছেন। এটা করার ফলে নিউ টাউনের ট্যাক্সেশান স্ট্রাকচার অনেক rationalise হবে। এটা করা খুব প্রয়োজন ছিল। এখানে অনেকগুলো টাইটেল ঠিক করা নেই। জমির টাইটেল ঠিকঠাক নেই। নিউ টাউন ডেভেলপমেন্ট অথরিটি, ঐ কলকাতা নিউ টাউন ডেভেলপমেন্ট অথরিটি, তাদের এখন একটা ড্রাউভ দিয়ে সমস্ত জমির হোল্ডিংয়ের টাইটেলগুলোকে ঠিকঠাক করে নিতে হবে। অনেক গণ্ডগোল আছে ওর ভেতরে। কেননা আগের সরকার যেভাবে জমি নিয়েছেন এবং যেভাবে জমি নেওয়ার পরে সেই জমি দিয়েছেন, বিক্রি করেছেন। তার ভেতরে খুঁজলে যে কত হাজার কোটি টাকার দুর্নীতি পাওয়া যাবে, তা ক্যালকুলেটারে আসবে না। ১৬ হাজার টাকা বিঘা জমি নিয়ে, আমি ম্যাকসিমাম বলছি, ১৬ হাজার টাকা বিঘা জমি নিয়ে সেই জমি ১০ হাজার ২০ হাজার টাকা পার বিঘা ডেভেলপমেন্ট কস্ট দেখিয়ে, পার কাঠা বিক্রি করেছেন ২৫ লাখ টাকায়। কোথায় গেল সেই টাকা? তার কি হিসেব আছে? অ্যাকাউন্টে আছে? তা আপনাদের কালো টাকায় গেছে। আর সেই কালো টাকার জোরেই কি সেই নেতাকে একটি জেলার এই ক্ষয়িষ্ণু সি.পি.এম.পার্টি এখন টাকার অভাব হবে বলে একটি জেলা সম্পাদকের পদটা উপহার দিয়েছিলেন? আজকে এরা উঠে গেলেন এখান থেকে। আমার দেখে দুঃখ হয়। সারা পৃথিবীতে আমি মনে করি, কমিউনিস্টরা মার্কসিজম মানেই না, যদি কমিউনিস্টরা মার্কসিজম মানতো তাহলে ঐ ব্যক্তিপুজোর নাম দিয়ে বাড়ি বানানো, রাস্তা বানানো, শহর বানানো—করতো না। এরাও মানে না, এদের পিতৃপুরুষ সোভিয়েট ইউনিয়নও মানেনি। সেই জন্য লেনিন-এর কর্মস্থল সেন্ট পিটার্সবার্গকে ওঁরা 'লেনিনগ্রাদ' নাম দিয়েছিলেন। আর ওখানকার মানুষ এমন খেপে গেছে মার্কসবাদীদের পতনের পর যে জোর করে লেনিনের স্ট্যাচু ভেঙেছে তাই নয়, সেন্ট পিটার্সবার্গ নামটা আবার ফিরিয়ে এনেছে। আজ আর কেউ লেনিনগ্রাদ বলে না। আজকে এরা সারাজীবন জ্যোতি বসুর বিরোধিতা করেছেন, কেবল ব্যবহার করেছেন তাঁকে নিজেদের রাজনৈতিক স্বার্থে। আর আজকে ক্ষমতা থেকে চলে যাওয়ার আগে 'জ্যোতি বসু নগরী' নাম দিয়েছিলেন। আমরা ভারতবর্ষের বুকে, আমরা যারা ভারতীয় কৃষ্টি, সংস্কৃতি মানি—আমরা নামকরণে কোনো অসুবিধা দেখি না। কিন্তু কমিউনিস্টরা দেখে। দেখার পরে ওরা আমাদের দেখে। সেই জন্য আমরা চিরকাল বলি, যে ভারতবর্ষে জাতীয়তাবাদী রাজনীতিত্ব

শুরু হয়েছিল কংগ্রেস পার্টিকে নিয়ে। সিপিএম যখন থেকে কংগ্রেসের পথে চলা শুরু করেছে—আমি চিরকাল বলতাম যে Congressisation of the communists here I suppose, is complete. আজকে ওরা চলে গেলেন কেন? না, একজনের নামে কেন ওটাকে পাল্টে দেওয়া হল। আরো নাম থাকবে কি থাকবে না সে তো এখানে কলকাতার নাম আছে। কলকাতা ৩০০ বছরের পুরানো শহর, আগামী ৩০০ বছরে কলকাতা থাকবে। যার নাম ওরা করতে চাইছেন ইতিহাসের পাতায় আগামী ৩০০ বছর তার নাম মানুষ উচ্চারণ করবে তো! সেটা জানেন কি আপনারা? সেই কারণে বলছি স্যার, যা মোদ্দা কথা তা এর মধ্যে তা বলা হয়ে গেছে। নিউটাউন ওখানে যেমন বলছিলেন প্রকৃতিতীর্থ হয়েছে, রবীন্দ্রতীর্থ হয়েছে, নজরুলতীর্থ হচ্ছে। তার পাশাপাশি ফিনান্সিয়াল হাব হয়েছে, তার পাশাপাশি আবার ওই পাশে হাসপাতাল হচ্ছে টাটাদের। আলিয়া ইউনিভার্সিটি হচ্ছে, সেন্ট জেভিয়ার্স ইউনিভারসিটি হবে। এত রকম ভ্যারিড কাজকর্ম ওখানে চলছে যে, সেই কাজকরমের দিকে নজর দেওয়া ভাল। কোনো ব্যাক্তির নাম থাকল কি থাকল না সেটা অতি অকিঞ্চিৎকর ব্যাপার। এখন মুশকিল হচ্ছে, আমাদের বাম বন্ধুরা আসল জিনিসটা ছেড়ে লক্ষ্য-এর চেয়ে উপলক্ষ্যকে নিয়ে বেশি মাতামাতি করে, তাই তাদের আজকে এই অবস্থা। আজকে লক্ষ্য -এও নেই উপলক্ষ্য -এও নেই। আজকে লক্ষ্য-এর বাইরে, সীমানার বাইরে চলে যাওয়ার পথে এসেছে ওরা। তা গত কয়েক দিনের নির্বাচনে আপনার দেখে নিয়েছেন। আমি তাই এই বিলকে, মাননীয় মন্ত্রী যে অ্যামেন্ডমেন্ট বিল এনেছেন এই বিলকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি ধন্যবাদ স্যার।

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, আমি ধন্যবাদ জানাই, এই বিলটা নিয়ে অনেক মেম্বার তাদের মূল্যবান মতামত জানালেন। আসলে আমি লিখেছিলাম দশ থেকে পনেরো বছর লাগবে। তার কারণ নিউ টাউনে যখন টোটাল পপুলেশান হয় ভর্তি হয়ে যাবে তখন ওটা দশ লাখ পপুলেশান হবে। এবং নিউ টাউনে যে ভাবে আগের সরকার ল্যান্ডগুলোকে দিয়ে গেছে যাচ্ছে তাই ভাবে, যে ভাবে জয়েন্ট ভেঞ্চারের নামে -ভেতরে কি হয়েছে জানি না, সামনে দিয়ে দিয়ে গেছে। তা অনেকেই ইনটারেস্টেড নয়, জায়গা ফেলে রেখে দিয়েছে। এগুলো প্রসেস করতে আমাদের সময় লাগবে, তারপর এইগুলোতে বাড়ি-ঘর যখন হয়ে যাবে। তাতে যে হারে হচ্ছে তা এখন ৪০ হাজার, সেটাকে দশ লাখ পর্যন্ত নিয়ে যেতে আমরা একটা অ্যাসেসমেন্ট করছি যে প্রায় দশ বছর আমাদের সময় লাগবে। যদিও এই টাউনশিপটা স্যার, অত্যন্ত —আমাদের সরকার এসে একটা ডিসিশান নিয়েছে, এটা একটা বড় টাউনশিপ-এই টাউশিপটা যেহেতু কলকাতার পাশে, এটা একটা প্রাউড অফ বেঙ্গল আমরা করতে যাচ্ছি। যে জন্যে সব সদস্যই স্যার, appreciate করলেন যে ইকো-টুরিজম পার্ক, রবীন্দ্রতীর্থ, তার পর ফিনান্সিয়াল হাব- প্রচুর এই রকম ভাবে আমরা করছি। যদিও এখনও পর্যন্ত এর দায়িত্বে হিডকো আছে। যে মেন ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানি যারা এটা ডেভেলপ করছে। কিন্তু আস্তে আসে আমরা মিউনিসিপ্যালিটির যে দায়িত্ব সেগুলো আমরা আস্তে আস্তে নিউ টাউন ডেভলেপমেন্ট অথরিটির ওপর চাপাচ্ছি।

তাই এই অ্যামেন্ডমেন্টটা স্যার আমরা এনেছি। নিশ্চিতভাবে আমরা এবং আমার

ডিপার্টমেন্টকেও বলেছি যে পুরো এরিয়াটা, শুধু আমাদের নয়, যেহেতু পাশাপাশি সব কটা পঞ্চায়েত এলাকা আস্তে আস্তে ওখানে ডেভলপ হয়ে যাচ্ছে, আমরা এল.ইউ.ডি.পি-তে ইমিডিয়েট অঞ্চলটা, ল্যান্ড ইউজ অ্যান্ড ডেভেলপমেন্ট প্লানটা ওই পুর অঞ্চলটা নিয়ে আমরা ওটা অলরেডি করতে শুরু করে দিয়েছি এবং খুব শীঘ্র এটা শেষ হয়ে যাবে। ইনক্লুশান এরিয়াও আমরা এল.ইউ.ডি.পি তে হয়ে গেলে এই এক্তিয়ারটা আমরা বাড়িয়ে দেব যাতে এই পুরো অঞ্চলটাই নিউ টাউন ডেভলপমেন্ট অথরিটি, তাদের স্যাংসানিং অথরিটিটা থাকবে। জলের জন্য বলেছেন, অলরেডি মেশান করেছেন আমাদের সুজিত বোস, আমাদের জলের কাজটা পি.এইচ.ই-র সাথে মিলিয়ে একটা খুব তাড়াতাড়ি হচ্ছে। আমরা পাইপ লাইন করে র-ওয়াটারটা খুব শীঘ্র নিয়ে আসছি, নিউটাউনে, এখানে প্রায় ১০০ এম.এল, ডি-র জলের প্রকল্প আমাদের শুরু হয়ে গেছে। আমি জানিনা যে এই বিলটা নিয়ে এতো চেঁচামেচি করার কি ছিল। তার কারণ সরকারের কোনো এর পেছনে, এই বিলটার পেছনে কোনো উদ্দেশ্য যেটা বিরোধিতা বলছেন, সেই রকম কোন উদ্দেশ্যের ব্যাপার নেই। ব্যাপারটা হলো, বললেন আমার নামটা আপনি মুছে দিলেন। আপনি নামটা লেখেন নি তা আমি মুছবো কি করে? অথরিটির নাম কি করে একজন নামের সাথে অথরিটির নাম হয়? আপনি ঘোড়া কেনার আগে চাবুক কিনে বসে রইলেন। আমি কি করবো? আপানার কি ভাবে নিউটাউন করেছেন, কি ভাবে তাড়াহুড়ো করে করেছেন-হঠকারিতা কি রকম দেখুন স্যার, এই বিলটা পাশ হয়েছে কবে? ২৩শে মার্চ ২০১১। আর নোটিফিকেশান কবে হয়েছিল? ১লা এপ্রিল। নতুন ইলেকশানের ঠিক ৭ দিন আগে এটা হঠকারিতা করে বিলটা করে ওনারা পাশ করিয়ে নিয়ে গেলেন। সেই জন্য মাননীয় রাজ্যপাল বিলটাকে ফেরত দিয়ে বললেন যে নতুন সরকারের এর মধ্যে অ্যাসেন্ট আছে কিনা। তখন আমরা দেখলাম অনেকগুলো ট্যাক্সের ব্যাপারে তাড়াহুড়ো করতে গিয়ে যে ভুলগুলো করেছেন সেই গুলো আমরা রিভাইজ করে এই নতুন অ্যামেন্ডমেন্ট বিলটা আমরা এনেছি স্যার। সেই জন্য যাঁরাই এটাকে সমর্থন করেছেন তাঁদের সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : The question before the House that the New Town, Kolkata Development Authority (Amendment) Bill, 2013 be taken into consideration. As many as are of that opinion will please say AYE. As many as are of the contrary opinion will please say, NO.

Ayes have it, Ayes have it.

CLAUSES 2, 3 and 4

There is no amendment to Clauses 2,3 and 4. So, I put clauses 2, 3 and 4 do stand part of the Bill. As many as are of that opinion will please say, Aye, As many as are of the contrary opinion will please say, No. Ayes have it. Ayes have it.

Clause 1, Enacting Formula, Preamble and the Title of the Bill

There is no amendment to Caluse 1, Enacting Formula, Preamble and the Title of the Bill. So, I put Clause 1, Enacting Formula, Preamble and Title of the Bill.

As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say, No. Ayes have it. Ayes have it.

Shri Firhad Hakim : Mr. Speaker, Sir, I beg to move that the New Town, Kolkata Development Authority (Amendment) Bill, 2013 as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House that the New Town, Kolkata Development Authority (Amendment) Bill, 2013 as settled in the Assembly, be passed.

As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say, No. Ayes have it. Ayes have it.

The Bill is passed. The Bill is passed.

Adjournment

The House was then adjourned at 2.54 p.m. till 11.00 a.m. on Wednesday, the 27th November, 2013 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 27th November, 2013 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 27 Ministers, 06 Ministers-of-State, 10 Parliamentary Secretaries and 175 Members.

[11.00–11.10 a.m.]

Held over Starred Questions
(To which oral answers were given)

রাজারহাট নিউটাউনকে "জ্যোতি বসু নগরী" রূপে নামাঙ্কিত করা

* ১৩। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪২) ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজারহাট-নিউটাউনকে 'জ্যোতি বসু নগরী' রূপে নামাঙ্কিত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার ৭৪২ নম্বর প্রশ্নটা আমার নামে দেওয়া হয়েছে, এটা আমার প্রশ্ন ছিল না।

মিঃ স্পীকার : এটা held over question।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : held over করবেন কেন স্যার?

মিঃ স্পীকার : held over question আছে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : held over করবেন কেন? আপনি আমার কথাটা শুনুন। আপনার কাছে এটা গুরুত্বপুর্ণ ব্যাপার। আমার কাছে প্রশ্নটা আছে, আমি যা প্রশ্নটা করেছিলাম। সেই প্রশ্নটা হচ্ছে- (ক) বিগত সরকারের পক্ষ থেকে নব নির্মিত রাজারহাট নিউটাউনকে প্রয়াত মুখ্যমন্ত্রী 'জ্যোতি বসু নগরী' রূপে নামাঙ্কিত করার সিদ্ধান্তটা কি বর্তমানে বহাল রয়েছে? এই প্রশ্নটা এখানে ছেপে করা হয়েছে, আমাকে যেটা দেওয়া হয়েছে, এটা কি সত্যি যে রাজারহাট নিউটাউনকে 'জ্যোতি বসু নগরী' রূপে নামাঙ্কিত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে? এটা কি স্যার এক কথা হল? এই প্রশ্নটার পরিপ্রেক্ষিতে বলি- রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছিল, Cabinet decision, এসব করে

HIDCO তাদের resolution, এইসব কপি আমার কাছে আছে। সেইজন্য আমি বলেছিলাম, বিগত সরকারের পক্ষ থেকে যেটা সিদ্ধান্ত হয়েছিল, সেটা বহাল রয়েছে কিনা ? আমি এটা জিজ্ঞাসা করছি। তারপর আমি প্রশ্ন করেছিলাম, যদি না থাকে তার কারণ কি ? সেটা কি করা হয়েছে, সত্যি হলে কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়। এই যে প্রশ্নটাকে এভাবে পরিবর্তন করা স্যার কারোর right আছে? How can I admit this question ? Question does not belong to me.

...... (নয়েজ) ......

মিঃ স্পীকার : প্লিজ, উনি প্রশ্ন করেছেন, আপনারা সবাই যদি বলেন তাহলে তার উত্তর দেওয়ার সময় পাবে না।

...... (নয়েজ) ......

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি তো স্যার আছি কিছুদিন হাউসে। অন্য Senior member যারা আছেন, কোনদিন হয়েছে স্যার এরকম আমার সই করা কোয়েশ্চেন কেউ alter করতে পারে আমাকে না জিজ্ঞাসা করে, আমাকে না বলে ? যে আপনার এরকম আছে, আপনি এই রকম করুন, কি সেই রকম করুন। তা না করে কোয়েশ্চেনের ভাষাটাই পরিবর্তন করে দিয়েছেন।

মিঃ স্পীকার : কোয়েশ্চেন এডিট করা হয়। আপনাকে আমি বলি, অনেক প্রশ্ন আছে, যে প্রশ্নগুলো ঠিক প্রশ্ন আকারে করা হয় না। আমাদের দপ্তরে যারা কাজ করেন, তারা সেই প্রশ্নগুলোকে এডিট করেন যেন কোয়েশ্চেন হিসাবে যেতে পারে। তা না হলে বিরাট স্টেটমেণ্ট হিসাবে মনে হয়। সেই জন্য এগুলো আমরা দেখে, আমাদের ডিপার্টমেণ্টে যারা রয়েছেন, তারা এডিট করে আমার কাছে পাঠান, পাঠানোর পর তখন আমি এটাকে অ্যাডমিট করি। ......(নয়েজ)......সেই হিসাবে আপনার প্রশ্নের স্পিরিটটা ঠিকই আছে। ল্যাঙ্গুয়েজটা একটু ডিফারেন্স হয়েছে। আচ্ছা ঠিক আছে, আপনার ওই প্রশ্নটাই করুন। ওই প্রশ্নটা আমি পারমিট করলাম, যেটা আপনার লেখা রয়েছে তাই বলুন, মাননীয় মন্ত্রী উত্তর দেবেন। আপনি আবার প্রশ্নটা করুন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমার প্রশ্নটা হচ্ছে - (ক) বিগত সরকারের পক্ষ থেকে নবনির্মিত রাজারহাট নিউটাউনকে প্রয়াত মুখ্যমন্ত্রী 'জ্যোতি বসু নগরী' রূপে নামাঙ্কিত করার সিদ্ধান্তটি কি বর্তমানে বহাল রয়েছে? (খ) যদি না থাকে তার কারণ কি?

শ্রী ফিরহাদ হাকিম : এরকম কোন সিদ্ধান্ত বিধানসভায় গৃহীত হয় নি। একটা নোটিফিকেশান হয়েছিল। সেই নোটিফিকেশানটা cancel হয়ে গেছে, তার কারণ জ্যোতি বাবু authority নামে বিধানসভায় একটা বিল পেশ হয়েছিল, পাশ হয়েছিল। তারপর সেটা Governor assent দেয় নি। তাই এটা এখন আমাদের - It stands as cancelled.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, মিনিস্টার যা বলছেন, হাউসকে পুরো মিসগাইড করছেন। আমি বলেছি, আবারও বলছি- হিডকো, যেটা পাবলিক সেক্টর কোম্পানী.....

মিঃ স্পীকার : আপনি প্রশ্ন করেছিলেন, composite উত্তর উনি দিয়েছেন। আপনি সাপ্লিমেন্টারি করুন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : না, ফারদার উত্তর হল না স্যার। আমি আপনাকে বলছি স্যার, কালকে আমি রাজ্যপালের সঙ্গে দেখা করেছি। আমি হাউসকে অবহিত করতে চাই।

আমি হাউসকে অবগত করতে চাই। রাজ্যপাল Constitution অনুসারে এই হাউসের একজন প্রথম- Constitution বলেছে রাজ্যপাল ইত্যাদি ইত্যাদি, আমরা সবাই জানি। আমি বলছি, কালকে রাজ্যপালকে আমি জিজ্ঞাসা করেছি। সেই জন্য আমি বলছি। আমাদের কথা হচ্ছে, যেটা আমরা বলেছি, সেটা আমি বলছি আপনাকে। হিডকো একটা পাবলিক সেক্টর কোম্পানি । সেই Public Sector Company তারা বোর্ডে Resolution নেয় যে, এই নামটা পরিবর্তন করে 'জ্যোতি বসু নগরী' নাম হবে এবং সেই Resolution তারা আর্বান ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টকে পাঠায়।। Urban Development Department তা অনুমোদন করে। অনুমোদন করে তা cabinet memo হয়। মন্ত্রীসভা তার সিদ্ধান্ত নেয় এবং মন্ত্রীসভার সিদ্ধান্তক্রমে আজ পর্যন্ত ঐ township-এর যা জমি-জমা হচ্ছে, লিজ ইত্যাদি ইত্যাদি সব কিছুই ঐ 'জ্যোতি বসু নগরী'র নামেই হচ্ছে। এখনও পর্যন্ত হচ্ছে তাই। এখনও পর্যন্ত। এই সিদ্ধান্ত বাতিল করার কথা কোনখানে সিদ্ধান্ত হ'ল? আইনে থাকা কি না থাকা। নিশ্চয় আমরা করবার চেষ্টা করেছিলাম, সেটা Additional, বিধাননগর কি আইন করে হয়েছিল নাকি? এটা তো কখনও হয়নি, আমরা কখনও বলিনি যে, আইন নেই। ....(Noise).... সুতরাং, এটা বলছেন, উনি misguide করছেন। কালকে স্যার, হাউসে আপনি ছিলেন। আপনি বললেন, আমি বললাম, যে, এটা রাজ্যপাল অনুমোদন করেনি। আমরা আপনাকে কালকে বলেছিলাম। উনি কালকে আপনার সামনে বলেছিলেন যে, কাগজটা আমাকে দেবেন। ওই কাগজটা। এই হাউসে বলেছেন। কাগজটা দেয়নি। আমরা রাজ্যপালের কাছে গিয়েছিলাম। তিনি বলেছেন, He is totally unaware of it. He is totally unaware of it. এটা হয় না। ....(Noise).... কোন্ আইনে হয়? এই জিনিস যেটা করা হচ্ছে সংবিধানে, Rules-এ যা আছে, যে, Bill কি ভাবে প্রত্যাহার করতে হয়। ....(Noise).....সবকিছু violet করে আপনারা এটা করছেন স্যার।

মিঃ স্পীকার : আমি একটা বলছি। আমি আপনাকে বলছি সূর্যবাবু, আমি আপনাকে বলছি, এটা তো বিতর্ক করার সময় নয়। বিতর্কের সময় বিতর্ক হবে। এটা Question Hour.

....(Noise)....

....(At this stage, all the Hon-ble Members of Left Front Parties raised slogans from their seats)...

প্লীজ আপনারা বলতে দিন ওনাকে, আমি ওনাকে allow করেছি। আমি ওনাকে allow করেছি। ওনাকে allow করেছি তার মানে Question Hour-টাকে কোন discussion-এর পরিণত করতে পারেন না।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, এই Question, এই জবাব সংবিধান সম্মত নয়। আমি একে ছিঁড়ে দিচ্ছি স্যার। ছিঁড়ে দিচ্ছি স্যার। This is not right. this is not right.

....(Noise)....

মিঃ স্পীকার : আপনার এই আচরণ Your conduct is depricable আপনাদের এই আচরণ নিন্দা করার যোগ্য। মাননীয় সূর্যবাবু আপনার এই আচরণ নিন্দা করার যোগ্য। এই আচরণ আপনারা করবেন না। এটা নিন্দার যোগ্য আচরণ করছেন। আপনি বিরোধী দলের নেতা হিসাবে বিধানসভায় যেটা করছেন, এটা নিন্দার যোগ্য আচরণ করছেন। আপনাকে আমি সুযোগ দিয়েছি। তা সত্ত্বেও আপনি যে ভাবে আচরণ করে যাচ্ছেন, আপনি যে ভাবে আচরণ করে যাচ্ছেন, এই আচরণ নিন্দার যোগ্য। আপনি যা আচরণ করছেন, আপনি আপনার দলকে সংযত হ'তে বলুন। আমি আপনাকে allow করেছি। আমি allow করেছি, আপনি প্রশ্ন করেছেন। মাননীয় মন্ত্রী উত্তর দিয়েছিলেন। আমি আপনাকে allow করেছিলাম এবং মাননীয় মন্ত্রী, মাননীয় মন্ত্রী তিনি শুনেছেন। .... (Noise)... দেখুন, This is not the way. আপনারা যা করছেন, এতে বিধানসভার মর্যাদা বৃদ্ধি পাচ্ছে না। মাননীয় বিরোধী দলকে আমরা সুযোগ দিয়েছি বলার। বিরোধী দল প্রশ্ন করেছেন। ...(Noise).. বসুন আপনারা, বসুন, বসুন। আপনারা বসুন যদি প্রশ্নোত্তর পর্ব চালাতে চান। আপনাকে আমি allow করেছি বলতে, মাননীয় মন্ত্রীর উত্তর রয়েছে। আপনারা বসুন, যদি শুনতে চান বসুন। আপনারা এই ধরনের আচরণ করলে, সভার কাজ বিঘ্নিত হচ্ছে আপনাদের এই আচরণের ফলে। প্লীজ বসুন আপনারা বসুন। বসুন। মাননীয় মন্ত্রী তার উত্তরে Composite answer দিয়েছেন, তা সত্ত্বেও আপনি যে প্রশ্নটা করেছেন, যে 'জ্যোতি বসু নগরী'র নামে জমি allot করা হয়েছে কিনা, আমি সেটা ওনাকে জিজ্ঞাসা করছি। আমি সেটা ওনার কাছে জানতে চাই। আপনি যে প্রশ্নটা করলেন পরবর্তী ক্ষেত্রে।

....(তুমুল হট্টগোল)...

This amounts to gross misconduct. This amounts to gross misconduct I request the Hon'ble Leader of the Opposition to control the Members of his party. Please. .... (Noise)....

11.10–11.20 am

(গোলমাল)

(এই সময় মাননীয় বিরোধী সদস্যদের দাঁড়িয়ে ক্ষোভ-বিক্ষোভ জানাতে দেখা যায়)

মিঃ স্পীকার : I request the Hon'ble Leader of the Opposition and Members of the Opposition ...... (গোলমাল).... মাননীয় মন্ত্রী আপনি আপনার প্রশ্নের সেকেণ্ড পার্টের উত্তর দেবেন। .....(গোলমাল)..... মাননীয় মন্ত্রী আপনি সেকেণ্ড পার্টের উত্তর দিন। ....(গোলমাল).... বলুন, আপনি বলুন।... (গোলমাল) .... মাননীয় মন্ত্রী আপনি সেকেণ্ড পার্টের উত্তর দিন।

.....(তুমুল গোলমাল)....

.....(এই সময় বিরোধী দলের মাননীয় সদস্যগণ ওয়েলে নেমে আসেন এবং শ্লোগান দিতে থাকেন।).....

যে নোটিফিকেশন-টা হয়েছিল সেটা স্যার ক্যান্সেল করে দেওয়া হয়েছে। ক্যান্সেলেশন অর্ডার-টা হয়েছে, date issue হয়েছে স্যার, 13th November.

Starred Questions
(to which oral answers were given)

বন্দীদের প্যারোলে মুক্তির নিয়মাবলী

* ৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯) **ডঃ তরুণ কান্তি নস্কর :** সংশোধন প্রশাসন-বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সাজাপ্রাপ্ত বন্দীদের প্যারোলে মুক্তি দেওয়ার ক্ষেত্রে কী কী নিয়মনীতি অনুসৃত হয়?

শ্রী হায়দর আজিজ সফি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্য ডঃ তরুণকান্তি নস্করের প্রশ্নের উত্তরে জানাচ্ছি, পশ্চিমবঙ্গ সংশোধনী পরিষেবা আইন ১৯৯২-এর ৬২ নং ধারায় উল্লিখিত নিয়মনীতি অনুযায়ী সাজাপ্রাপ্ত বন্দীদের প্যারোলে মুক্তি দেওয়া হয়।

এছাড়াও সাজাপ্রাপ্ত বন্দীদের প্যারোলে মুক্তি দেওয়ার ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করা হয় :

(১) বন্দীর সংশোধনাগারে আচার-আচরণ যথাযথ কিনা এবং তিনি সংশোধনমূলক কর্মে অংশগ্রহণ করেন কিনা।

(২) বন্দীকে প্যারোলে মুক্তি দেওয়া হইলে তাহার পালিয়ে যাওয়ার সম্ভবনা আছে কিনা যাচাই করা হয় সংশ্লিষ্ট সংশোধনাগার অধ্যক্ষের অনুসন্ধান বা পুলিশ রিপোর্টের ভিত্তিতে।

(৩) বন্দীকে প্যারোলে মুক্তি দেওয়া হইলে সমাজে বা তাহার পারিপার্শ্বিক পরিবেশে কোনো বিরূপ প্রতিক্রিয়া দেখা দেবে কিনা।

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীর উত্তরের পরিপ্রেক্ষিতে আমার সাপ্লিমেন্টারি প্রশ্ন রাখছি।

যেটাকে আমরা prison বলি সেটা আসলে correctional Home। সেই correctional Home-র যে Coorectional Service Act আছে 1992, সেখানে আপনি Article 62 refer করেছেন। Article 62-তে ৮ নম্বর ধারার 'বি' উপধারায় আছে, আপনারা যখন কোন বন্দীকে প্যারোলে মুক্তি দেন তখন তাদেরকে কেবলমাত্র থানাতে গিয়ে একটা রিপোর্ট করতে হয়। কিন্তু আমার কাছে যে খবর আছে তাতে জেলখানা থেকে যখন কাউকে প্যারোলে ছাড়া হয় তখন লিখে দেওয়া হচ্ছে যে সেই prisoner, "the prisoner shall report to the local P.S. everyday", অর্থাৎ প্রত্যেকদিন তাকে থানায় গিয়ে দেখা করতে হবে। গ্রামে অনেক ক্ষেত্রে লোক্যাল পি.এস. ১৫-২০ কিলোমিটার দূরে। সেখানে যদি প্রত্যেকদিন তাকে

গিয়ে দেখা করতে হয় তাহলে প্যারোলে ছাড়ার যে উপকারিতা সেই উপকারিতা কিন্তু থাকে না এবং এটা একেবারে আইন-বিরুদ্ধ। ফলে service act-র বিরুদ্ধে দাঁড়িয়ে কেমন করে superintendent এই নির্দেশ দেন যে প্রত্যেকদিন তাকে গিয়ে দেখা করতে হবে? এব্যাপারে যদি মাননীয় মন্ত্রী আমাকে উত্তর দেন ভালো হয়।

শ্রী হায়দর আজিজ সফি : .....(গোলমাল)... অনারেবল স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে অনারেবল মেম্বারকে জানাচ্ছি, এই কণ্ডিশন সবসময় apply করা হয় না। (...তুমুল গোলমাল...) এটা ডিপেণ্ড করছে কি রকম কনভিক্ট আছে, কি রকম কাজ আছে সেইভাবে দেখে এটা রিপোর্ট হিসাবে দেওয়া হয়।

ডঃ তরুণকান্তি নস্কর : (...তুমুল গোলমাল....) আমার দ্বিতীয় সাপ্লিমেন্টারি - এই সংশোধনগারে বন্দিদের চিকিৎসা পাওয়ার অধিকার আছে। তার জন্য চিফ মেডিক্যাল অফিসার এবং তার আন্ডারে মেডিক্যাল অফিসার, কম্পাউণ্ডার এবং অন্যান্য সাপোর্ট স্টাফ তারা থাকেন। কিন্তু এর সংখ্যা হচ্ছে অত্যন্ত অপ্রতুল। (....তুমুল গোলমাল...) আমার কাছে যেটা খবর, লালগোলার যে মুক্ত কারাগার সেখানে গত তিন বছর কোন মেডিক্যাল অফিসার বা ডাক্তার কেউ নেই। ফার্মাসিস্টদের দিয়ে সেটা চলছে। বহরমপুরে শুনেছি সেটা একটা সেন্ট্রাল জেল, সেখানে পার্ট টাইম ডাক্তারদের দিয়ে চলছে। খাবার দাবারের অভাব এবং এমনকি যদি কোন জেলবন্দিকে বাইরে চিকিৎসা করানোর দরকার হয় সেটা লালফিতের ফাঁসে এমন করে আটকে থাকে তার আগেই অনেক ঘটনা ঘটে যাবার সম্ভাবনা থাকে। (...তুমুল গোলমাল...) যেটা আমরা এখানকার ৯ বারের একজন এম. এল. এ. - যিনি মিথ্যে মামলায় এই মুহূর্তে জেলে আছেন- তার ক্ষেত্রে এইরকম ঘটনা ঘটেছিল। মাননীয়া চিফ মিনিস্টারের হস্তক্ষেপে সেটা বন্ধ হয়েছিল। কিন্তু এই ঘটনা তো সবসময় ঘটতে পারে না। ফলে ওখানে চিকিৎসার সুব্যবস্থা কিন্তু নেই। তাদের অভিযোগ করারও কোন জায়গা নেই। (...তুমুল গোলমাল....) ফলে এই ব্যাপারটা সম্পর্কে আপনি অনুগ্রহ করে জানান জেলের বন্দিদের এই চিকিৎসার সুব্যবস্থা আপনি কেমন করে করতে পারেন এবং তারা অভিযোগই বা কোথায় করতে পারে?

শ্রী হায়দর আজিজ সফি : অনারেবল স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে অনারেবল মেম্বারকে জানাচ্ছি, তিনি যা বলেছেন চিকিৎসা ব্যবস্থা প্রতিটি কারেকশনাল হোমে আছে। কিন্তু বলতে হয় এটা খুব স্যাটিসফ্যাক্টরি নয়। সেন্ট্রাল কারেকশনাল হোমগুলিতে মোটামুটি ভালই আছে। যেখানে ডাক্তাররা নিজেরা বসতে পারে না, সেখানে ডিসট্রিক্ট হাসপাতালে রেফার করে দেয় বা আলিপুরে আমাদের একটা সেন্ট্রাল কারেকশনাল হোম আছে সেখানে রেফারেল কেসগুলো পাঠিয়ে দেওয়া হয় বিভিন্ন জেলা থেকে। স্যার, এখানে ভাল ব্যবস্থা আছে। যদি অসুবিধা হয়, তাহলে, (...তুমুল গোলমাল....) কলকাতায় বব্যস্থা করে দিই।

শ্রী অসিত মজুমদার : (...তুমুল গোলমাল....) মাননীয় অধ্যক্ষ মহোদয় , আপনার মাধ্যমে আমার মন্ত্রী মহোদয়কে অতিরিক্ত প্রশ্ন, উনি বললেন যে বিশেষ বিশেষ ক্ষেত্রে সাজাপ্রাপ্ত আসামীদের কখনও কখনও থানায় হাজিরা দিতে হয়। (...তুমুল গোলমাল...) আমি যেটা মন্ত্রী মহোদয়কে প্রশ্ন

করতে চাই যে কি কি সেকশানে আসামীদের প্যারোলে মুক্তি দেবার সময় বিশেষ বিশেষ ক্ষেত্রে থানায় হাজিরা দেওয়ার নির্দেশ আছে?

শ্রী হায়দর আজিজ সফি : (....তুমুল গোলমাল....) স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মেম্বারকে জানাচ্ছি, প্যারোল দেওয়া হয় আণ্ডার সেকশান 62..(..তুমুল গোলমাল...) সেখানে কণ্ডিশান আছে No prisoner shall be released on parole under sub-section (1) unless.

(a) he has served imprisonment for one year , if he has been sentenced to imprisonment for a period of two years but not exceeding five years; or

(b) he has served imprisonment for two years, if he has been sentenced to imprisonment for a period of more than five years ;

and no such prisoner shall be released on parole during the remaining period of imprisonment. অ্যাকচুয়ালি (...তুমুল গোলমাল....) ওই কন্টাক্টগুলো দেওয়া হয়। বেল বন্ড চাইলে বিশেষ সিকিউরিটি দিতে হয়। এটা অনেকটা ডিপেণ্ড করছে। এটাই আমার সাজেশান।

শ্রী অশোক কুমার সাউ : (...তুমুল গোলমাল....) মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন, প্যারোলে মুক্তি দেওয়ার যে বিভিন্ন রকম নিয়ম কানুন আছে তার মধ্যে অন্যতম যেটা আমরা দেখলাম - আমাদের একজন বিশিষ্ট শিল্পী তাকে মুক্তি দেওয়া হয়েছিল তার চিকিৎসার ব্যাপারে। (...তুমুল গোলমাল...)

[11.20 a.m.–11.30 a.m.]

এছাড়াও আদালত যেটা মনে করেন বা প্রশাসন যেটা মনে করেন সেটা প্যারোলে মুক্তি দেওয়া যেতে পারে। এখন হঠাৎ কেউ প্যারোলে মুক্তি চাইলে সেখানে দেওয়া যায় না। তবে কেউ বিবাহ ইচ্ছা প্রকাশ করলে সেখানে মুক্তি দেওয়া যেতে পারে বা কারোর বাড়ির কেউ মারা গেলে, চিকিৎসার জন্য করা যেতে পারে কিন্তু অন্য কোন কারণে কি করা যেতে পারে? আমার মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন, চিকিৎসা বা বিবাহ বা কেউ মারা গেলে প্যারোলে মুক্তি দেয় কিন্তু অন্য কোন কারণে কি দেওয়া যেতে পারে।

(তুমুল গোলমাল)

শ্রী হায়দার আজিজ সফি : মাননীয় স্পিকারের মাধ্যমে আমি বিধায়ককে জানাচ্ছি, আমরা প্যারোলে মুক্তি দিই, অনেকে কণ্ডিশানে দেওয়া হয় যেটা আপনি বললেন। এছাড়াও এমনিও আমরা ছেড়ে দিতে পারি। যদি দু বছর ওর কণ্ডিশান হয়ে থাকে, এক বছর অলরেডি হয়েছে ৫ দিন তাকে প্যারোল দিতে পারি। নিজের আত্মীয়েদের সাথে দেখা করতে পারে। আমি একটা এক্সপেরিয়েন্স বলছি, আলিপুর কারেকশানাল হোমে সেখানে একজন আর্টিস্ট তাকে দুর্গাপূজার আগে ১৫ দিন প্যারোল দিয়েছিলাম, সে বাড়িতে গিয়ে ঠাকুর তৈরি করে দিয়েছে। এখানে অনেক রকম কণ্ডিশানে

দেওয়া হয়। সব সময় হয় না, উইথ আউট কণ্ডিশানেও আমরা দিই, depending on the conduct.

(তুমুল গোলমাল)

শ্রীমতি বীনা মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশায়ের মাধ্যমে আমি অতিরিক্ত প্রশ্ন করতে চাই মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে। আগে জেলের বন্দীদের যে টাকা দেওয়া হত সেই টাকার বরাদ্দ কত এবং বর্তমানে যে টাকা দেওয়া হচ্ছে সেই টাকার বরাদ্দের পরিমাণ কত মাননীয় মন্ত্রী মহাশয় যদি এখানে বলেন।

(তুমুল গোলমাল)

শ্রী হায়দার আজিজ সফি : মাননীয় স্পিকারের মাধ্যমে আমি মাননীয়া এম. এল. এ. -কে জানাচ্ছি, এই যে আপনি কোয়েশ্চেন করেছেন এটা এই কোয়েশ্চেনের পার্ট নয়। তা হলেও উনি বলেছেন আমি বলে দিচ্ছি, এখন সেটা ২৫ টাকা করে দেওয়া হয় যারা কাজ করে। ২৫ টাকা দেওয়ার সিস্টেম আছে।

(তুমুল গোলমাল)

শ্রী কালীপদ মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন করছি, আমরা বিভিন্ন পত্র-পত্রিকায় জানতে পারি যে সংশোধনাগারে থাকাকালীন উচ্চশিক্ষার স্বার্থে ফার্স্ট ডিভিশান পাশ করার যোগ্যতা অর্জন করছে পরীক্ষা দিয়ে। আমার প্রশ্ন হচ্ছে যে, সংশোধনাগারে পড়াশুনা করার জন্য কি কি ব্যবস্থা আছে?

(তুমুল গোলমাল)

শ্রী হায়দার আজিজ সফি : অনারেবল স্পিকারের মাধ্যমে জানাচ্ছি, আমাদের অন্য সংশোধনাগারে নয়, যতগুলি সেন্ট্রাল কারেকশানাল হোম আছে সেখানে লেখাপড়ার ব্যবস্থা আছে। আমাদের যারা পণ্ডিত থাকে তারাও পড়ান, আমাদের কিছু কারেকশানাল হোমের বাইরে থেকেও হেল্প নেওয়া হয় as and when required.

বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির জন্য পরিকল্পনা

* ৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৩) **শ্রী নির্মল ঘোষ :** বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা এপ্রিল তারিখ থেকে ৩০ শে সেপ্টেম্বর, ২০১৩ পর্যন্ত বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির জন্য কি কি পরিকল্পনা গৃহীত হয়েছে :

(খ) উক্ত সময়ে রাজ্যের কতগুলি গ্রামে বিদ্যুতায়নের কাজ সম্পন্ন হয়েছে ; এবং

(গ) কতগুলি গ্রামে বিদ্যুতায়নের কাজ চলছে?

শ্রী মণীশ গুপ্ত :

(ক) নিম্নলিখিত পরিকল্পনাগুলি করা হয়েছে :

(১) সাগরদিঘিতে ৫০০ মেগাওয়াটের পঞ্চম ইউনিট

(২) দুর্গাপুরে ৬৬০ মেগাওয়াটের নতুন ইউনিট ;

(৩) দার্জিলিং জেলায় ১২ মেগাওয়াটের রাম্মাম ইন্টারমিডিয়েট জন্য কি কি পরিকল্পনা জলবিদ্যুৎ প্রকল্প গৃহীত হয়েছে ;

(৪) দার্জিলিং জেলায় ৩ মেগাওয়াটের গেডং ক্ষুদ্র জলবিদ্যুৎ প্রকল্প

(৫) পুরুলিয়া জেলায় ১০০০ মেগাওয়াটের তুর্গা পাম্প স্টোরেজ প্রোজেক্ট ;

(৬) ৪৮ মেগাওয়াটের রাম্মাম জলবিদ্যুৎ প্রকল্প (স্টেজ-১) ;

(৭) ৪ মেগাওয়াটের তিস্তা ইন্টারমিডিয়েট জলবিদ্যুৎ প্রকল্প

(৮) ৮১ মেগাওয়াটের তিস্তা লো ড্যাম ১ এবং ২ জলবিদ্যুৎ প্রকল্প;

(৯) ৮০ মেগাওয়াটের তিস্তা লো ড্যাম জলবিদ্যুৎ প্রকল্প (ফেজ৫);

(১০) দুর্গাপুর ৫ মেগাওয়াটের সৌর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র।

(খ) ১২,৩৪৯ টি।

(গ) ৩০,৩৭৫টি।

(এই সময়ে বিরোধী দলের মাননীয় সদস্যরা ওয়েলে দাঁড়িয়ে বিক্ষোভ দেখাতে থাকেন।)

.....(তুমুল গণ্ডগোল).....

শ্রী নির্মল ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মন্ত্রীকে ধন্যবাদ দিই যে দেখুন মাত্র ২৮ মাস সময়ে পশ্চিমবাংলার মানুষকে লোডশেডিং এর বিষয়টি ভুলিয়ে দিয়েছেন। এরা মানুষকে অন্ধকারে রেখে দিয়েছিল। স্যার, এরা, পশ্চিমবাংলাকে অন্ধকারে রেখে দিয়েছিল। আমাদের মা মাটি মানুষের সরকার মাননীয়া মমতা ব্যানার্জীর নেতৃত্বে মাননীয় মন্ত্রী আজকে একটা বিপ্লব ঘটিয়েছেন বিদ্যুতের ক্ষেত্রে। সেই বিপ্লবে আজকে মানুষ ভুলে গিয়েছে যে লোডশেডিং কাকে বলে। স্যার, এরা চিৎকার করছেন। স্যার, মানুষ এদের প্রত্যাখান করেছে। বাংলার মানুষ এই কদিন আগে পৌর নির্বাচনে সি.পি. এমকে পরিষ্কার করে দিয়েছে। যতবেশি মানুষ এদের প্রত্যাখান করছে ততবেশি এই পবিত্র সদনে এসে বিশৃঙ্খলার সৃষ্টি করছে। আমি এদের বলতে চাই সামনের দিন আরও ভয়ংকর। মানুষ এদেরকে আগামী লোকসভা নির্বাচনে নিশ্চিহ্ন করে দেবে। স্যার, মাননীয় মন্ত্রীর কাছে আমার বিশেষ প্রশ্ন যে আপনি যে গ্রামগুলোকে নিয়েছেন, সেই গ্রামগুলোতে এখনও ৩০ হাজার ৩৭৫ টি গ্রামে কাজ চলছে। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী ঘোষণা করছেন যে পশ্চিমবাংলায় যে মানুষগুলো এখনও বিজলী পায়নি, বিদ্যুৎ পায়নি তাদেরকে এই বছরের মধ্যে, এই আর্থিক বছরের মধ্যে প্রত্যেক বাড়িতে মানুষ যাতে আলো জ্বালতে পারে তার ব্যবস্থা করবেন। আমি মাননীয় মন্ত্রীকে বলি এই ত্রিশ হাজার যেটা রয়েছে, আপনি কি এই আর্থিক বছরে সেটাকে পরিপূর্ণ করতে পারবেন?

.......(তুমুল গোলমাল).......

শ্রী মণীশ গুপ্ত : আপনাকে যেটা বলি- কয়েকটা বিষয়বস্তু আছে, গ্রামীণ বিদ্যুতায়নের ক্ষেত্রে এটা আপনারা জানেন বিগত কয়েক বছরে, এই ৩৪ বছরে ওনারা ৩০% গ্রামেও বিদ্যুৎ দিতে পারেনি। আমরা এই অল্প সময়ের মধ্যে সেটা ৭০% এ নিয়ে গেছি। পুরো জিনিসটা আপনাকে বুঝিয়ে বলি। গ্রামীন গৃহস্থলী আমাদের এক কোটি সাঁইত্রিশ হাজার। তার মধ্যে বি.পি. এল আছে ৬৮ লক্ষ এবং এ. পি. এল আছে ৬৯ লক্ষ। সব মিলিয়ে আজকে এই বছরের মধ্যে আমরা ৯৩ লক্ষ গ্রামে বিদ্যুৎ দিতে পারব। এছাড়াও বাকি থাকছে ৩৮ লক্ষ। এটাকে আমরা সম্পূর্ণ করব স্পেশাল বি. আর. জি. এফের মাধ্যমে। ১১টি জেলায় ২৬ লক্ষ গ্রামে যে বিদ্যুৎ নিয়ে যাওয়া হবে সেটা করলে ২০১৪ সালের মধ্যে প্রত্যেক গ্রামে আমরা বিদ্যুৎ পৌঁছে দিতে পারব।

........(তুমুল গোলমাল).......

শ্রী নির্মল ঘোষ : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন- যে তাপবিদ্যুতের ক্ষেত্রে আপনার হাতে এখন যতগুলি প্রকল্প রয়েছে, যে প্রকল্পগুলোতে আগামী দিনে রাজ্যের যে ডিমাণ্ড, রাজ্যের যে ডিম্যাণ্ড রয়েছে বিদ্যুতের ক্ষেত্রে, শিল্পের ক্ষেত্রে, সেই ডিম্যাণ্ডগুলোকে পরিপূর্ণ করার জন্য আপনার কাছে কতগুলি তাপবিদ্যুৎ কেন্দ্রের ক্ষমতা বৃদ্ধির প্রস্তাব রয়েছে এবং কতগুলোতে আপনার কাজ চলছে?

........(তুমুল গোলমাল).......

শ্রী মণীশ গুপ্ত : সাগরদিঘিতে দুটো পাঁচশো মেগাওয়াট করে হাজার মেগাওয়াটের তাপবিদ্যুৎ কেন্দ্র নির্মাণ চলছে। এই দুটি কেন্দ্রেই একটি এই বছরে, একটি আগামী বছরে এই দুটিকে আবার কমিশন করা হবে। তবে হাজার মেগাওয়াট বিদ্যুৎ আমরা পাব। আর দুর্গাপুরে আড়াইশো মেগাওয়াটের একটা তাপবিদ্যুৎ কেন্দ্র নির্মাণ চলছে। এটা ২০১৪ সালের শেষে শেষ হবে।

....তুমুল গণ্ডগোল....

[11.30–11.40 a.m.]

শ্রী মণীশ গুপ্ত : (অনুসৃত) এছাড়াও আমাদের অন্যান্য ক্ষেত্রে হলদিয়াতে ক্রিস্টাল নোডাল প্রোজেক্ট হচ্ছে, আর একটা তাপ বিদ্যুৎ কেন্দ্র সাঁওতালডিহিতে হবে। ব্যাণ্ডেল আমাদের ৫ নম্বর ইউনিট আছে। সেখানে কনস্ট্রাকশান চলছে, উন্নতিকরণ চলছে। এই করে আমরা দেখব ২০২০ সাল অবধি আমাদের বিদ্যুতে কোন ঘাটতি থাকবে না।

শ্রীকান্ত মাহাতো : মাননীয় স্পীকারের মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন যে, গ্রামীণ বিদ্যুতের যে কাজকর্ম চলছে, বিগত সরকার এরা ফেলে দিয়ে চলে গিয়েছিল, কত গ্রাম এই রাজীব গান্ধী বৈদ্যুতিকরণ যোজনায় শুরু হয়েছিল। আপনি কি বলতে পারবেন কতগুলো গ্রামে ওরা এর আগে বিদ্যুৎ করে দিয়ে যায়নি? আর আমরা কতগুলো গ্রামে মাত্র ২৮ মাসের মধ্যে করেছি?

(নয়েজ)

শ্রী মণীশ গুপ্ত : আপনাকে আগেই বললাম আমি যে, ওনারা বিগত ৩৪ বছরে খালি ৩০ শতাংশ গ্রামে বিদ্যুৎ দিতে পেরেছে। আমাদের এই স্বল্প সময়ের মধ্যে আমরা এটাকে ৭০ শতাংশে নিয়ে গিয়েছি ২০১৪ সালের মধ্যে এই কাজটা আমরা সম্পন্ন করব।

(নয়েজ)

শ্রী অনুপ ঘোষাল : আমরা প্রশ্ন করব কি করে? কারণ বিরোধী পক্ষের তরফ থেকে এত ঝামেলা এবং গণ্ডগোল হচ্ছে যে, আমাদের কণ্ঠস্বর ছাপিয়ে ওদের কণ্ঠস্বর চলে আসছে। আসলে হারের জ্বালাটা ওরা ভুলতে পারছে না। যাইহোক আমরা সবসময়ই একটা কথা শুনে থাকি, পশ্চিমবঙ্গে সামগ্রিকভাবে বিদ্যুতের উন্নয়ন হয়েছে এবং প্রচুর পরিমাণে গ্রাম এবং শহরের সমস্ত জায়গাতে এখন আর লোডশেডিং বলতে কিছু হয়না। এই ক্ষেত্রে বিরোধী পক্ষ বলে থাকেন যে, কল-কারখানা অনেকগুলো বন্ধ আছে সেইজন্য বিদ্যুৎ পরিষেবা ভাল হচ্ছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন করতে চাই, আমাদের বিদ্যুতে কি উন্নয়ন হয়েছে এবং আপনি নিজেই বললেন যে ৩০ শতাংশ থেকে এটা ৭০ শতাংশে আপনি নিয়ে গিয়েছেন। ভবিষ্যতে এই ব্যাপারে আপনার কি কোন পরিকল্পনা হয়েছে?

(নয়েজ)

শ্রী মণীশ গুপ্ত : বিদ্যুতের কথা যদি আমরা ভাবি তাহলে বিদ্যুতের তিনটে দিক আছে। একটা উৎপাদন, একটা সংবহনের আর একটা বন্টন। আমরা বিদ্যুৎ উৎপাদন বাড়াতে পেরেছি-দ্বিগুণ বাড়াতে পেরেছি এবং আগামিদিনে আরও বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র গড়ছি এবং তার সাথে সাথে সংবহনের একটা প্রশ্ন থেকে যায়। সংবহের জন্য আমরা বিভিন্ন জায়গায় ইতিমধ্যেই ৪০টি নতুন সাব স্টেশন তৈরি করেছি। আগামিদিনে আরও অনেকগুলো সাবস্টেশন তৈরি হবে। বন্টনের ক্ষেত্রে গ্রামে -গ্রামে বিভিন্ন জায়গায় আমরা ৩৩ কে.ভি সাব স্টেশন নির্মাণ করছি। তার সাথে আমাদের গ্রামে বিদ্যুতায়নে যে প্রকল্প এটা খুব দ্রুত বেড়ে যাচ্ছে এবং তার সাথে সাথে আমাদের বিদ্যুতের চাহিদাও বাড়ছে এবং সেটার সাথে সামঞ্জস্য রাখার জন্য আমরা উৎপাদন বাড়াচ্ছি এবং সংবহন জোরদার করছি, বন্টনের কাজও আমরা এগিয়ে নিয়ে যাচ্ছি।

(নয়েজ)

ডাঃ সুদীপ্ত রায় : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে বলছি যে, বিগত ৩৪ বছরের যে জঞ্জাল এবং বিদ্যুৎ নিয়ে মানুষের যে একটা অভিযোগ ছিল, সেটা আপনি দূর করেছেন। আজকে আমরা গর্ব করে বলতে পারি যে পশ্চিমবাংলার কোন জায়গায় বিদ্যুতের কোন ঘাটতি নেই। আমার যেটা প্রশ্ন আপনার কাছে যে, চিরাচরিত বিদ্যুতের কথা আপনি বলেছেন কিন্তু অলটারনেটিভ যে বিদ্যুৎ -সোলার লাইট এবং সেই সঙ্গে সঙ্গে সামগ্রিক বাংলার যে উন্নতি যেটা সমগ্রিক অন্যান্য রাজ্যে -যেমন অন্ধ্রপ্রদেশ, তামিলনাড়ুতে রয়েছে, তার কোন ব্যবস্থা আপনি গ্রহণ করছেন কিনা। গ্রামের দিকে অনেক জায়গায় আছে স্ট্রীট লাইটগুলি সোলার। তাই যদি সোলারের মাধ্যমে করা যায়, তাহলে সেই অলটারনেটিভ সোর্সের জন্য মানুষকে সেইভাবে পঞ্চায়েতগুলিকে টাকা-পয়সা দিতে হবে না।

গ্রামের দিকে সোলার স্ট্রিট লাইট করার কোনো পরিকল্পনা আছে কি না?

(গোলমাল)

শ্রী মণীশ গুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানাই বিগত ৩৪ বছরে বামফ্রন্ট গভর্নমেন্ট সোলার অচিরাচরিত শক্তি বিদ্যুৎ রূপায়ণ করার ব্যাপারে কোনো পদক্ষেপ নেননি। আমরা আসার পর ২০১২ সালে একটা নতুন নীতি প্রবর্তন করি, যে অচিরাচরিত শক্তির নীতি কি হবে, কিভাবে আমরা এগবো, সোলারের ক্ষেত্রে কি করব, গ্রিড-এর ক্ষেত্রে কি করব, টাইডালের ক্ষেত্রে কি করব, এটা আমরা নির্ধারণ করেছি। আপনারা জানেন আমাদের গ্রিড বিদ্যুৎ, এটা এত দ্রুত এগোচ্ছে, আমাদের সকল অফিসারবৃন্দ, অন্যান্য কর্মচারীবৃন্দ-এর সবার সহযোগিতাতে এবং মানুষের সহযোগিতাতে আমরা যেভাবে দ্রুত গ্রিড বিদ্যুৎ এগিয়ে নিয়ে যাচ্ছি, ইতিমধ্যেই অনেক প্রত্যন্ত এলাকায় আমরা গ্রিড বিদ্যুৎ দিতে পেরেছি। আপনি জানেন যে গোসাবাতে আমরা বিদ্যুৎ নিয়ে গিয়েছি, সাগরে আমরা বিদ্যুৎ নিয়ে গিয়েছি, আরো অন্যান্য জায়গায় নিয়ে যাব। ইতিমধ্যেই সৌর বিদ্যুতের ক্ষেত্রে, আপনারা জানেন সুন্দরবনে অনেক প্রত্যন্ত গ্রামে আমরা সৌর বিদুতের ব্যবস্থা করেছি। আজকে প্রায় ২ লক্ষ পরিবার সৌর বিদ্যুৎ থেকে বিদ্যুত পাচ্ছে। সোলার এনার্জির ব্যাপারটা কি ভাবে আমরা দেখি, একদিকে গ্রিড বিদ্যুত, আর একটা দিকে অচিরাচরিত শক্তির বিদ্যুত। ২ শতাংশ এখন অচিরাচরিত শক্তি। ওটাকে আমরা বাড়িয়ে ৪ থেকে ৬ শতাংশে নিয়ে যাব। তার জন্য আমরা একটা নতুন নীতি করেছি। বিভিন্ন জায়গায় রুফ টপ সোলার এবং সোলার প্ল্যান্ট আমরা করছি। আপনারা জানেন যে ইতিমধ্যেই গ্রাম এলাকাতে আমাদের ১ মেগাওয়াট সোলার বিদ্যুত প্ল্যান্ট ছিল, সেটাকে বাড়িয়ে ২ মেগাওয়াট করা হয়েছে। এবং তার সাথে আর একটা ৫ মেগাওয়াটের বড় সোলার বিদ্যুত কেন্দ্র করা হয়েছে। তার থেকে এখন সোলার বিদ্যুৎ উৎপাদন হচ্ছে। পি পি পি মডেলে বিভিন্ন জায়গায় আমাদের করার একটা পরিকল্পনা আছে যে প্রায় ৪০-৫০ মেগাওয়াট বিদ্যুৎ দুই বছরে উৎপাদন করার ব্যবস্থা করব।

(গোলমাল)

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন আপনি এই মাত্র বলেছেন যে কথা গুলি, এই বিধানসভায় আমরা দীর্ঘদিন আছি। এই বিধানসভায় বামফ্রন্ট সরকারের যিনি বিদ্যুৎ মন্ত্রী ছিলেন তিনি এই সভাকে বিপথে পরিচালিত করেছেন, অসত্য তথ্য পরিবেশন করেছেন। বার বার বলেছেন ৯৯ ভাগ মৌজায় তারা নাকি বিদ্যুৎ পৌঁছে দিয়েছেন। এটা একটা fallacy। কোনো একটা মৌজায় একটা বিদ্যুতের পোল পুঁতে দিয়ে তারা প্রমাণ করতে চেষ্টা করেছেন যে ৯৯ ভাগ মৌজায় বিদ্যুৎ পৌছে গেছে। আপনার তথ্য অনুযায়ী ৩০ পারসেন্ট-এর বেশি গ্রামে ওরা বিদ্যুৎ দিতে পারেনি। যেটা আপনি নিয়ে এসেছেন ৭০ পার্সেন্ট গ্রামে। আমি আপনার কাছে প্রশ্ন করতে চাই এই মাত্র যে কথা বললেন যে অচিরাচরিত বিদ্যুৎ, আমরা জানি যেসব অঞ্চল গুলো দুর্বল সেখানে এই বিদ্যুতের ব্যবহার হয়। সেখানে অত্যন্ত দরিদ্র মানুষ বসবাস করে। যারা বি. পি. এল তালিকাভুক্ত, এই বি. পি. এল তালিকাভুক্ত যে মানুষগুলি আছে, অচিরাচরিত বিদ্যুতের দাম একটু বেশি পড়ে। এটার ইনস্টলেশান চার্জ থেকে শুরু করে এর দাম অনেক বেশি পড়ে যায় পার ইউনিট। সেক্ষেত্রে যারা বি. পি. এল তালিকাভুক্ত, তাদের জন্যে সরকার কোনো ভর্তুকি দেবে কি না

(গোলমাল)

শ্রী মণীশ গুপ্ত : আপনারা জানেন আমাদের সরকারের যে নীতি, সেই নীতিটা হচ্ছে প্রতিটা সময় আমরা মানুষের পাশে দাঁড়াতে চাই। সেইভাবে আমাদের বিদ্যুতের যে নীতি, বি. পি. এল পরিবারদের বিনামূল্যে বিদ্যুতের ব্যবস্থা করে দেওয়া হয়। সৌর বিদ্যুতের ক্ষেত্রেও অন্তত ৫০-৬০ শতাংশ ভর্তুকি আমরা পাই। আমরা আরো প্রায় ২০ শতাংশ ভর্তুকি দিয়ে থাকি। বি. পি. এল পরিবাররা যেমন বিনে পয়সায় বিদ্যুৎ পান তার সাথে সাথে সৌর বিদ্যুতের ব্যবস্থা যেখানে করা হয়েছে সেখানে তাদের প্রায় কোনো পয়সা দিতেই হয় না।

[11.40–11.50 a.m.]

(....তুমুল হট্টগোল...)

শ্রী শঙ্কর দোলই : স্যার, যারা এখানে চিৎকার চেঁচামেচি করে এই পবিত্র সদনকে কলুষিত করার চেষ্টা করছেন তাদের নামটাই ছিল ৩৪ বছর লোডশেডিংয়ের সরকার। লোকে তাদের বলত লোডশেডিংয়ের সরকার। আজকে আমাদের রাজ্যে লোডশেডিং নেই বললেই চলে। আপনি কোন যাদুবলে এই লোডশেডিং দূর করলেন যদি জানান তাহলে ধন্য হব। (....তুমুল হট্টগোল...)

শ্রী মণীশ গুপ্ত : আপনারা সবাই জানেন যে, ৩৪ বছরে মানুষের উদ্দেশ্যে বামফ্রন্ট সরকার কোন দূরদর্শিতা প্রমাণ করেনি। (...তুমুল হট্টগোল...) দূরদর্শিতা দেখাতে পারেনি। প্রথম পর্যায়ে ১৯৮৫ সালে তারা ইলেকট্রিসিটি কর্পোরেশন করেন। সেখানে ব্যর্থ হবার পর তারা আবার আর. জি. ভি. ওয়াই. কে দিয়ে কাজ শুরু করেন। (...তুমুল হট্টগোল...) তারপরে প্রায় ২০-২৫ বছরে ৩০ শতাংশ গ্রামেও বিদ্যুৎ পৌঁছে দিতে পারেননি। এটা যদি আমরা তলিয়ে দেখি, ইতিহাসের পাতা যদি উল্টে দেখি তাহলে দেখবেন সেখানে ভাঁওতাবাজি ছিল। তারা ঠিক মত কাজ করেননি। কোন মৌজাতে একটা লাইন গেলেই তারা বলে দিত গ্রামে বিদ্যুৎ পৌঁছে গেছে। আপনারা জানেন এটা সঠিক নয়। কোন মৌজার ভেতরে লাইন গেলেই গ্রামে বিদ্যুৎ পৌঁছয় না। আমাদের উদ্দেশ্য, আমরা গ্রামের প্রতি ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেব। (...তুমুল হট্টগোল...)

সেইজন্য আমাদের যে সাফল্য ৩০ থেকে ৭০ শতাংশ এবং তারপরে দু বছরের মধ্যেই আমরা প্রত্যেকটা গ্রামে, প্রত্যেকটা বাড়িতে, প্রত্যেকটাগৃহস্থ লোকের কাছে বিদ্যুৎ পৌঁছে দেব এবং আমরা কোন পরিসংখ্যান বা ভাঁওতাবাজির মধ্যে থাকব না। (...তুমুল হট্টগোল...)

শ্রী কল্লোল খাঁ : স্যার, আজকে এই বিদ্যুৎ পরিস্থিতির উন্নতির জন্য ধন্যবাদ জানাই। বামফ্রন্ট সরকারের আমলে পুরুলিয়াতে যে বিদ্যুৎ বণ্টন বব্যস্থার জন্য ডি. ভি. সি. সংস্থার মাধ্যমে যেটা ন্যস্ত হয়েছিল এবং একটা তদন্ত কমিশন বামফ্রন্ট সরকারের আমলে বসেছিল। (...তুমুল হট্টগোল...) সেটার ব্যাপারে বর্তমান সরকার সঠিকভাবে দোষীদের চিহ্নিত করে, কারা এর জন্য দায়ী, তার তদন্ত করছেন কিনা জানালে ভালো হয়।

শ্রী মণীশ গুপ্ত : (...তুমুল হট্টগোল...) এই ব্যাপারটা নিয়ে একটা তদন্ত চলছে এবং যেহেতু এখানে একটা ফরেন কন্সালটেন্সির ব্যাপার আছে, বিদেশীরা যুক্ত আছে, এটাকে নিয়ে সঠিক ভাবে এখনও একটা সিদ্ধান্তে আসা যায়নি। (...তুমুল হট্টগোল...) কিন্তু এই ব্যাপারে যারা দোষী সব্যস্ত হবেন তাদের বিরুদ্ধে আমরা কঠোর ব্যবস্থা গ্রহণ করব।

ডঃ তরুণ কান্তি নস্কর : স্যার, আমাদের রাজ্যে তাপবিদ্যুতের ক্ষেত্রে প্রতি ইউনিটে কত করে খরচ পড়ে, কত করে দাম নেওয়া হয় এবং সরকারের তরফ থেকে কত করে ভর্তুকি দেওয়া হয় সেটা যদি অনুগ্রহ করে জানান। (...তুমুল হট্টগোল....)

শ্রী মণীশ গুপ্ত : আপনি তো জানেন তাপ বিদ্যুৎ যেটা ডি পি সি এল একটি সংস্থা আছে যারা বিদ্যুৎ উৎপাদন করেন। আমাদের ৫ টা কেন্দ্র আছে যেখানে বিদ্যুৎ উৎপাদিত হয়, ৩ টাকা ৩০ পয়সা থেকে ৩টাকা ৩২ পয়সা খরচ আছে। সেই খরচের উপরে ৩টাকা ৪০ পয়সায় আমাদের যে বন্টন সংস্থা আছে এস ই ডি সি এল তারা এটা ওদের কাছ থেকে কিনে নেয়। মোটামুটি সেটাই হচ্ছে রেট যে রেটে একটা সংস্থা আর একটা সংস্থাকে বিদ্যুত দেয়। এটাই কি আপনি জানতে চাইছেন? না কি আর কোন তথ্য আপনি জানতে চান?

(তুমুল গোলমাল)

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে যেটা প্রশ্ন এক ইউনিটে কতটা খরচ হয়, যারা বিদ্যুত উৎপন্ন করেন তাদের কত খরচ হয়, কত দামে বিক্রি হয় এবং সরকারের তরফে প্রতি ইউনিটে কতটা ভরতুকি দিতে হয় ?

(তুমুল গোলমাল)

শ্রী মণীশ গুপ্ত : উৎপাদন সংস্থাকে সরকার কোন ভরতুকি দেন না। উৎপাদন সংস্থা নিয়ে যেটা আইনি সংস্থান আছে তাদের আলাদা বোর্ড অব ডিরেক্টর আছে। তারা আলাদা বাজেট ঠিক করেন। কাজেই উৎপাদন সংস্থাকে সরকার সরাসরি কোন ভরতুকি দেন না। এই উৎপাদন সংস্থায় যে বিদ্যুত উৎপাদন হয় সেটা বন্টন সংস্থাকে বিক্রি করে। সেটাই আপনাকে বললাম। এটা সময়ে সময়ে আলাদা হয় কখন ৩ টাকা ৩২ পয়সা, কখনো ৩টাকা ৩১ পয়সা, ৩টাকা ৪০ পয়সা। সঠিকভাবে গড় কোন রেট বলা মুশকিল আছে। মোটামুটি এই ব্যবস্থাই গ্রহণ করা হয়েছে।

(তুমুল গোলমাল)

দক্ষিন ২৪ পরগনা জেলায় শিল্প স্থাপনে মৌ-স্বাক্ষর

৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৩) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ পূর্বক জানাবেন কি ২০১২-১৩ এবং ২০১৩-১৪ অর্থবর্ষে (৩০শে সেপ্টেম্বর, ২০১৩ পর্যন্ত দক্ষিন ২৪ পরগনা জেলায় শিল্প স্থাপনের জন্যে কতগুলি মৌ স্বাক্ষরিত হয়েছে?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বংকিম চন্দ্র হাজরা কর্তৃক উত্থাপিত প্রশ্নের উত্তরে প্রথমত বলি আমাদের সরকার 'মৌ' স্বাক্ষরিত করে না। আমরা চুক্তি স্বাক্ষরিত করি। আমাদের সঙ্গে বিগত সরকারের পার্থক্য হচ্ছে যে তারা মেমোরেণ্ডাম অব আন্ডারস্ট্যাণ্ডিং করে বসে থাকত। আমরা তা করি না। আমরা তার পরিবর্তে চুক্তি - ডেভেলপমেন্ট স্বাক্ষর করি। সেই ক্ষেত্রে পশ্চিমবঙ্গ শিল্প পরিকাঠামো নিগম ডব্লু বি আই আই ডি সির অধীনে দক্ষিণ ২৪ পরগনা জেলার ৬টি শিল্প সংস্থার সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

(তুমুল গোলমাল)

মিঃ স্পীকার : আমি একটা কথা বলতে চাই, *৭৮, শ্রী অসিত মিত্র তিনি অনুপস্থিত। সেই কারণে প্রশ্নটা আমি নিই নি।

(তুমুল গোলমাল)

শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিল্প বাণিজ্য মন্ত্রী অত্যন্ত সুন্দরভাবে তিনি বলেছেন যে দীর্ঘ ৩৪ বছরে বামফ্রন্ট সরকার শুধু 'মৌ' করে গেছে কিন্তু শিল্প বাস্তবায়িত করেনি। মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে দক্ষিণ ২৪ পরগণায় যে ৬টি শিল্প সংস্থার সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়েছে সেই সংস্থাগুলোর নাম যদি দয়া করে বলেন।

(তুমুল গোলমাল)

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই ৬ টি শিল্প সংস্থা হল Mackmet India Limited, 10C, Precision Engineers and Communicators, Star Export Company, South East Ship Management Limited, Leads Industries Limited.

[11.50–12.00 noon]

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : স্যার আপনার মাধ্যমে আমার মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন- এই ছয়টি শিল্প সংস্থার ক্ষেত্রে কত টাকা বিনিয়োগ করা হতে পারে আশা করা হচ্ছে?

(গোলমাল)

শ্রী পার্থ চ্যাটার্জী : এই ছটি শিল্প সংস্থার ক্ষেত্রে মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আপনাকে জানাই যে এই প্রজেক্টের ইনভেস্টমেন হচ্ছে ২১১৫.০৭ কোটি টাকা। এবং এখানে এমপ্লয়মেন্ট ডাইরেক্টলি জেনারেটেড হবে এক হাজার দুশো সাতান্ন। (গোলমাল)

শ্রী তমোনাশ ঘোষ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় শিল্প মন্ত্রীর কাছে জানতে চাইছি ফলতা বাণিজ্য কেন্দ্র যেখানে ওঁনার দপ্তরের বেশ কিছু জমি পড়ে রয়েছে এবং বহু ব্যবসায়ী আগ্রহ প্রকাশ করছেন সেখানে নতুন করে ব্যবসা করার জন্য। তাই ওঁনার উদ্যোগকে ধন্যবাদ জানিয়ে জিজ্ঞাসা করছি যে আগামীদিনে ওঁনার কোন বণিক সম্মেলন করার ইচ্ছা ফলতায় জোনের বাইরে করার ইচ্ছা আছে কিনা আমি জানতে চাইছি।

(গোলমাল)

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়ককে আমি সাধুবাদ দিই কেন না তিনি আমাকে জানিয়েছিলেন যে, ফলতার বিভিন্ন জায়গাগুলি, এই যে ফাঁকা জায়গাগুলি আছে, 'সেখানে আপনি টিম নিয়ে পরিদর্শন করুন।' আমি সেখানে পরিদর্শন করেছি। তবে আপনাকে জানাই যে জায়গা খুব বেশী খালি নেই। যে দুটি জায়গা খালি আছে, তারমধ্যে একটিতে ইতিমধ্যেই সিদ্ধান্ত

নিয়েছেন মাননীয়া মুখ্যমন্ত্রী। তিনি আমাকে নির্দেশ দিয়েছেন যে সেখানে হার্ডওয়্যার ইন্ডাস্ট্রিজ স্থাপনের জন্য। আই টি দপ্তর আমাদের তথ্য প্রযুক্তি দপ্তর সেখানে আই টি হাব স্থাপন করবেন। আর অন্য যে দুটি জমি এখনও ফাঁকা আছে, তার মধ্যে একটি হচ্ছে আম্বানী এ্যণ্ড রিলায়েন্সের, তারাও আমার সঙ্গে দেখা করে কথা বলে ডি পি আর জমা দিয়েছেন। আগের সরকার টাকা নিয়েও তাদের হাতে জমি হস্তান্তর করেন নি। যার ব্যবস্থা আমরা করছি।

(গোলমাল)

শ্রী দীপক হালদার : মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমার মাননীয় শিল্পমন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন - দীর্ঘ ৩৪ বছর ধরে পশ্চিমবঙ্গে যারা ক্ষমতায় ছিলেন, তারা সারা বাংলার সাথে সাথে ডায়মণ্ডহারবারে কোন শিল্প স্থাপনের পরিকল্পনা গ্রহণ করেন নি। ডায়মণ্ডহারবার শিল্পক্ষেত্রে অনেকটা পিছিয়ে আছে। মাননীয় মন্ত্রীর কাছে আমার অনুরোধ বা আমার জানার ইচ্ছা যে, ডায়মণ্ডহারবারে শিল্প স্থাপনের কোন পরিকল্পনা আপনাদের আছে কি?

(গোলমাল)

শ্রী পার্থ চ্যাটার্জী : স্যার, আপনার মাধ্যমে জানাই যে, রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এর নেতৃত্বে ইতিমধ্যেই ডায়মণ্ডহারবারকে সামনে রেখে পর্যটন শিল্প সহ সাগরের ডি সি পোর্টের অনুমোদন পেয়ে গেছে এবং সেখানে কাজ শুরু হবার যাবতীয় প্রক্রিয়া শুরু হচ্ছে। এই ডি সি পোর্ট যদি তৈরী হয়, তাহলে ডায়মণ্ডহারবার সহ ওই সমস্ত অঞ্চলে যাবতীয় জিনিস অর্থনৈতিক কার্যকলাপ বৃদ্ধি পাবে। সামগ্রিক উন্নয়ন হবে এবং কর্মসংস্থান সৃষ্টি হবে। এছাড়াও পর্যটনকে সামনে রেখে এখানে নতুন করে চিন্তাভাবনা শুরু হয়েছে। সাগরকে কেন্দ্র করে ডায়মণ্ডহারবারকে সামনে রেখে। সুতরাং আগামীদিনে ডায়মণ্ডহারবারকে একটা শিল্প নগরীতে পরিণত করবার এবং পর্যটন ক্ষেত্রের নতুন দিগন্ত উন্মোচন করবার প্রাণকেন্দ্র হয়ে উঠবে। এই আশ্বাস এবং বিশ্বাস আমাদের সরকার রাখে।

(গোলমাল)

শ্রী উজ্জ্বল প্রামাণিক : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন-দীর্ঘ ৩৪ বছর যারা ক্ষমতায় ছিলেন তারা বিশেষত বর্ধমান জেলায় শিল্পের কোন উন্নতি করেন নি। আমি বলতে চাই বর্ধমান জেলার গ্রামীন অঞ্চলে বর্তমান মা মাটি মানুষের সরকার পশ্চিমবঙ্গে শিল্পের জন্য উন্নয়নের এক ধারা স্থাপন করতে চলেছেন। আমার আপনার কাছে প্রশ্ন-বর্ধমান জেলার গ্রামীণ অঞ্চলে শিল্পের উপযোগী কোন নতুন শিল্প তৈরী করার জন্য কোন ব্যবস্থা গ্রহণ করছেন কি?

শ্রী পার্থ চ্যাটার্জী : আমরা বর্ধমানকে দুটো ভাগে দেখি। একটা হচ্ছে গ্রামীণ অঞ্চল। আর একটা হচ্ছে শিল্পাঞ্চল। আসানসোল, দুর্গাপুর এই সমস্ত অঞ্চলকে ঘিরে। গ্রামীন অঞ্চলের শিল্পের প্রসার ঘটায় মুলতঃ স্মল স্কেল এবং মিডিয়াম — এম.এস.এম.ই. দপ্তর এবং এই এম.এস.এম.ই. দপ্তরের বিভিন্ন প্রকল্প ইতিমধ্যে বর্ধমানের গ্রামীণ এবং বর্ধমানে গ্রহন করা হয়েছে। অন্যদিকে আমরা পানাগড়কে সামনে রেখে এবং আসানসোলকে সামনে রেখে, দুর্গাপুরকে সামনে রেখে

তথ্য-প্রযুক্তির আই.টি. হাব তৈরি করছি। দুর্গাপুরের পানাগড়ে ম্যাকিনষ্টার দ্বিতীয় প্রোজেক্টের ডি.পি.আর. জমা দিয়েছে। ৫ হাজার কোটি টাকার ওপরে তারা বিনিয়োগ করবে। এছাড়াও পানাগড়ে হিন্দুস্তান পেট্রোলিয়াম — তারা বটলিং প্ল্যান্ট্ করবার জন্য জায়গা নিয়েছে। হিন্দুস্তান গ্লাস — তারা জায়গা নিয়েছে। আর গ্রামীণ যে শিল্পের কথা আপনি বলছেন, সেই শিল্প মূলতঃ কিছু কোল্ড স্টোরেজ এবং ওয়্যার হাউজিং করার পরিকল্পনা আমাদের আছে। সেইগুলোকে সামনে রেখে আমরা আরেকটা জিনিসও করেছি যে, বর্ধমানের মূল কেন্দ্রে আমরা আই.টি. হাব তৈরি করারও সিদ্ধান্ত গ্রহণ করেছি।

হুগলী জেলায় কর্ম বিনিময় কেন্দ্রে নিযুক্ত বেকার

*৮১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৫) শ্রী অসিত মজুমদার : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ পূর্বক জানাবেন কি?

(ক) ১লা জানুয়ারী, ২০০৯ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১০ পর্যন্ত সময়কালে হুগলী জেলার কর্মবিনিয়োগ কেন্দ্রগুলিতে কতজন বেকারের নাম নথিভুক্ত হয়েছে ; এবং

(খ) উক্ত সময়ে ঐ জেলায় কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে কতজন নথিভুক্ত বেকারের চাকরি হয়েছে?

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক শ্রী অসিত মজুমদারের তারকাচিহ্নিত ৩৮৫ নম্বর প্রশ্নের উত্তরে জানাই —

(ক) ১লা জানুয়ারী ২০০৯ থেকে ৩১শে ডিসেম্বর ২০১০ পর্যন্ত সময়কালে হুগলী জেলার কর্মবিনিয়োগ কেন্দ্রগুলিতে নথিভুক্ত বেকারের সংখ্যা হ'ল — ৯১৮০০১ জন।

(খ) মাননীয় বিধায়ককে মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে জানাই যে, ৩৪ বছর ধরে আমাদের যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলো ছিল, সেগুলো কার্যতঃ 'খুড়োর কল', অর্থাৎ সেখানে নাম লেখানো হয়, কিন্তু কিছুই হয় না। যার জন্য আমরা সেই ব্যবস্থার পরিবর্তন করছি এবং আগামি দিনে কর্ম সংস্থানের আরো অনেক, ব্যাপক ব্যবস্থা হবে। আপনার তথ্যের জন্য জানাই, যে সময়কালের জন্য আপনি জানতে চেয়েছেন — উক্ত সময়ে ঐ জেলায় কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে নথিভুক্ত ২৭৫ জন বেকারের চাকরি হয়েছে।

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন, গত আড়াই বছর আমাদের মা-মাটি-মানুষের সরকার — যারা দীর্ঘদিন বঞ্চনার শিকার ছিলেন, ৩৪ বছর যুব সমাজের মেরুদন্ড যারা ভেঙ্গে দিয়েছিলেন, আমাদের সরকার মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে গত আড়াই বছরে কত বেকার যুবকের কর্মসংস্থানের ব্যবস্থা করেছেন?

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই যে, আড়াই বছরে কতজন বেকারের কর্মসংস্থান হয়েছে, এই বিষয়ে বারবার এই সদনে আলোচনা হয়েছে। কোন দপ্তরে কত প্রার্থী এসেছেন, মাননীয় অর্থমন্ত্রীর বাজেট ভাষণে তা স্পষ্টভাবে আছে। আপনি দয়া করে সেটা দেখে নেবেন। তবে আমি এক কথায় বলতে পারি, কয়েক লক্ষ বেকার যুবক-যুবতীর চাকরি এই সরকারের আমলে হয়েছে।

[12.00–12.10 p.m.]

শ্রী অসিত মজুমদার : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন এই মা-মাটি-মানুষের সরকার বেকার যুবকদের স্বার্থে আগামী দিনে কি কি পরিকল্পনা গ্রহণ করছেন যদি আপনি দয়া করে এই সদনকে জানান?

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাই যে বেকার যুবক-যুবতীদের জন্য সরকার যে ব্যবস্থা করেছেন, প্রথমত একটা এমপ্লয়মেন্ট ব্যাংক তৈরী করা হয়েছে, সেই এমপ্লয়মেন্ট ব্যাংকে নতুন ভাবে বেকাররা নাম লেখাচ্ছেন। এখন পর্যন্ত প্রায় সাড়ে ১৯ লক্ষ বেকার যুবক-যুবতী তারা এই এমপ্লয়মেন্ট ব্যাংকে নাম লিখিয়েছেন। এই ব্যাংকে যারা এমপ্লয়ার অর্থাৎ চাকরী দেবেন তাদের প্রায় ২১২টি সংস্থা সরকারী বিভিন্ন দপ্তর সহ তারা নাম লিখিয়েছেন। তাদের যখনই কর্মসংস্থানের দরকার হবে আমাদের এমপ্লয়মেন্ট ব্যাংকে তাঁরা জানালে সেখান থেকে আমরা নাম পাঠাবো এবং সেই নাম অনুযায়ী তাদের কর্মসংস্থানের ব্যবস্থা হবে। এই প্রক্রিয়া ইতিমধ্যেই শুরু হয়ে গেছে। এছাড়া এই সরকার নতুন ভাবে প্রকল্প শুরু করেছে। আগের সরকারের আমলে তথাকথিত বেকারভাতা সেটা প্রায়.একেবারে শেষ হয়ে যুবকদের অবস্থা উত্তরোত্তর খারাপ হয়েছিল এবং ৭০ লক্ষ বেকারের নাম এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিতে লেখা ছিল। আমরা সেখানে চেষ্টা করছি যারা এমপ্লয়মেন্ট ব্যাংকে নাম লিখিয়েছেন তাদের প্রথম ১ লক্ষ যুবক-যুবতীকে তাদের কর্মসংস্থানের জন্য সহায়তা প্রকল্প অর্থাৎ যেটাকে "যুবশ্রী" প্রকল্প নাম দিয়েছেন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী। ইতিমধ্যেই সেই এক লক্ষ যুবক-যুবতীকে ১৫০০ টাকা করে দেওয়ার ব্যবস্থা হয়েছে। আমি মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাবো যে তিনি খুব দ্রুত এই টাকার ব্যবস্থা করেছেন এবং প্রত্যেকটি সাবডিভিশনে এস.ডি.ও. অফিসের মাধ্যমে এই টাকা বিলি হতে শুরু করেছে। অক্টোবরে টাকা দেওয়া হয়ে গেছে, নভেম্বরের টাকাও চলে গেছে। এটা এক বছর পর্যন্ত এক লক্ষ পাবে। আগামী দিনে সেই এক লক্ষের মধ্যে যাদের কাজ হবে তারা ছাড়া আবার যারা নীচে আছেন তারা ওই নামের জায়গায় আসবেন এবং তাঁরাও পাবেন। আগামী দিনে জেলাওয়াড়ী হিসাব এটাও আপনাদের আমি দিয়ে দিতে পারবো।

Held Over Starred Question
(To which answers were laid on the Table)

চাঁচলে পৌরসভা গঠন

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৯) **শ্রী খগেন মুর্মু :** বিগত ৬ই জুলাই, ২০১২ তারিখের অ-তারকিত প্রশ্ন নং ১৯১ (অনুমোদিত প্রশ্ন নং ২১২১)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

মালদহ জেলার চাঁচলে পৌরসভা গঠনের প্রস্তাবটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

বিষয়টি রাজ্য সরকারের বিবেচনাধীন।

পৌরসভায় চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান নির্বাচন

*৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৭) শ্রী এস. এম. সাদি : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, সাম্প্রতিক পৌর নির্বাচনের পর কয়েকটি পৌরসভায় চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান প্রথম দিনের সভায় নির্বাচন করা সম্ভব হয়নি;

(খ) সত্যি হলে, কারণ কী; এবং

(গ) এইরূপ পৌরসভার সংখ্যা কত?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

এছাড়া, আইনানুসারে ভাইস চেয়ারম্যান নিয়োগ করেন চেয়ারম্যান এবং প্রথম সভায় ভাইস চেয়ারম্যান নিয়োগের ব্যবস্থা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) একটিও না।

উদ্বৃত্ত বিদ্যুৎ বিক্রি

*৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৫) শ্রী অসিত মিত্র : বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার উদ্বৃত্ত বিদ্যুৎ পার্শ্ববর্তী রাজ্যগুলিকে নিয়মিত বিক্রী করে থাকে; এবং

(খ) সত্যি হলে, কোন্ কোন্ রাজ্যগুলিকে উদ্বৃত্ত বিদ্যুৎ বিক্রি করা হয়?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) (১) কেরালা;

(২) আসাম;

(৩) বিহার;

(৪) ঝাড়খন্ড;

(৫) তামিলনাড়ু;

(৬) জম্মু ও কাশ্মীর;

(৭) ত্রিপুরা;

(৮) মহারাষ্ট্র;

(৯) মধ্যপ্রদেশ;

(১০) হিমাচলপ্রদেশ;

(১১) উত্তরাখন্ড।

রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ প্রকল্প

*৮০। (অনুমোদিত প্রশ্ন নং *২০১) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

৩১শে অক্টোবর, ২০১৩ সাপেক্ষে বর্ধমান জেলায় "রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনার" কাজ কোন্ পর্যায়ে আছে?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

বর্ধমান জেলায় রাজীব গান্ধী গ্রামীণ বৈদ্যুতিকরণ যোজনা (একাদশ পরিকল্পনা)-র কাজ প্রায় সম্পূর্ণ হয়েছে। কিছু জায়গায় জমির উপর দিয়ে বৈদ্যুতিক পরিকাঠামো স্থাপনের কাজে বাধা পাওয়ার কারণে (Right of Way) কাজগুলি সম্পূর্ণ করা যায় নি। ৩১শে অক্টোবর, ২০১৩ নিরিখে এই জেলায় ২৩৭২টি গ্রামে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে এবং ১,৯১,৭১০টি বি. পি. এল. পরিবারে বিদ্যুৎ পৌঁছেছে।

অসংগঠিত শিল্পের সাথে যুক্ত শ্রমিকসংখ্যা

*৮২। (অনুমোদিত প্রশ্ন নং *২৯২) **শ্রী শাহাজাহান চৌধুরী :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে অসংগঠিত শিল্পের সাথে যুক্ত মোট শ্রমিকের সংখ্যা কত; এবং

(খ) অসংগঠিত শিল্প শ্রমিকদের কল্যাণে কোন নতুন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) পশ্চিমবঙ্গে অসংগঠিত শ্রমিকদের সংখ্যা নিয়ে এখনো পর্যন্ত কোনোরূপ সমীক্ষা করা হয়নি, ফলে পশ্চিমবঙ্গে অসংগঠিত শ্রমিকের প্রকৃত সংখ্যা সংক্রান্ত কোনো তথ্য শ্রমদপ্তরে নেই। তবে শ্রমদপ্তরে অসংগঠিত শ্রমিকদের জন্য চালু প্রকল্পগুলিতে নথিভুক্ত শ্রমিকদের সংখ্যা নিম্নরূপ:-

(১) ভবিষ্যনিধি প্রকল্পে (সাসপফাউ) ৩০শে সেপ্টেম্বর ২০১৩ পর্যন্ত ৩৯,৭৮, ৫১৪ জন শ্রমিক নিযুক্ত হয়েছে।

(২) নির্মাণ শ্রমিক প্রকল্পে ৩০শে সেপ্টেম্বর ২০১৩ পর্যন্ত নথিভুক্ত শ্রমিকদের সংখ্যা ১০,৫৭,৭২১ জন।

(৩) পরিবহন শ্রমিকদের জন্য প্রকল্পে ৩০শে সেপ্টেম্বর ২০১৩ পর্যন্ত নথিভুক্ত শ্রমিকদের সংখ্যা ১,৩৮,৮৭৫ জন।

(খ) ২০১৩-১৪ আর্থিকবর্ষে অসংগঠিত শিল্প শ্রমিকদের জন্য নতুন কোনো পরিকল্পনা গৃহীত হয়নি। তবে সমস্ত অসংগঠিত শ্রমিকদের চালু প্রকল্পগুলির আওতাভুক্ত করার জন্য রাজ্যব্যাপী প্রচার অভিযান চালানো হচ্ছে।

এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক

*৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪১) **শ্রী রণজিৎ কুমার মণ্ডল :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্যের এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নথীভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা কত;

(খ) উক্ত সময়ে এমপ্লয়মেন্ট ব্যাঙ্কের মাধ্যমে কতজন চাকরি পেয়েছে; এবং

(গ) কতজন ব্যাঙ্ক লোন পেয়েছে?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩০শে সেপ্টেম্বর ২০১৩ সাপেক্ষে রাজ্যের এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নথীভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা — ১৭,৩৪,১৭৭ জন।

(খ) উক্ত সময়ে এমপ্লয়মেন্ট ব্যাঙ্কের মাধ্যমে ১৩৭ জন চাকরি পেয়েছে।

(গ) এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক থেকে ব্যাঙ্ক লোন দেওয়া হয় না।

শপস্ অ্যান্ড এস্টাব্লিসমেন্ট আইন

*৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৩) **শ্রী আনিসুর রহমান :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, পশ্চিমবঙ্গের শপস্ এন্ড এস্টাব্লিসমেন্ট আইন প্রণয়নে যে ইন্সপেকশন স্টাফ আছে তা প্রয়োজনের তুলনায় যথেষ্ট নয়; এবং

(খ) সত্যি হলে, ঐ ইনসপেকশন স্টাফ-এর ঘাটতি পূরণের লক্ষ্যে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে / হচ্ছে?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ এটা সত্যি যে পশ্চিমবঙ্গের শপস এন্ড এস্টাব্লিসমেন্ট আইন প্রনয়নে যে ইনসপেকশন স্টাফ আছে তা প্রয়োজনের তুলনায় যথেষ্ট নয়।

(খ) শূন্য পদ পূরণের বিষয়টি শ্রম দপ্তরের বিবেচনাধীন। উল্লেখ্য যে এই ঘাটতি পূরণের লক্ষ্যে রাজ্য সরকার নং ২১১৬-জিই/জি/১ 'ও'-১৯ / ১১, তারিখ ০৬.০৬.২০১৩

দোকান ও সংস্থা অধিকার এবং শ্রম অধিকারের সংযুক্তিকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করেছেন। এই বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার বিভিন্ন কর্মসমূহ অব্যাহত আছে।

Mr. Speaker : Question Hour is over.

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Presentation of the 39 th report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the 39th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber yesterday and recommended the Programme of Business from the 28th November, 2013 to the 2nd December, 2013 as follows :

28.11.2013, Thursday	: The West Bengal Prohibition of Audio-Video Piracy Bill, 2013 (Introduction, Consid eration and Passing)	2 hours
29.11.2013, Friday	: The West Bengal Land Reforms (Amendment) Bill, 2013 (Introduction, Consideration and Passing)	1 hour
02.12.2013, Monday	: The Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2013 (Introduction, Consideration and Passing)	2 hours

Mr. Speaker : Now the Minister-in-Charge of Parliamentary Affairs Department may please move the motion for acceptance of the House.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কার্য-উপদেষ্টা কমিটির ৩৯তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে, তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

The motion was then put and agreed to.

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received five (5) notices of Calling Attention on the following subjects, names :-

Subject	Name
(i) Urge for development of food processing industry based on 'Joynagar Moa'	Dr. Tarun Kanti Naskar
(ii) Urge for providing two Fire Brigade vehicles for Tulsihata Sub-market Fire Brigade Station in Harishchandrapur Assembly Constituency Area	Shri Tajmul Hossain
(iii) Alleged non-conversion of land of the areas under Budbud Gram Panchayat in Galsi Block - 1	Shri Sunil Kumar Mondal
(iv) Dilapidated condition of the Chandrapur Higher Secondary School Building in Mangalkot Assembly Constituency area causing injury to one student	Shri Sahajahan Choudhury
(v) Urge for speedy completion of work of Katwa-Panchudi transmission line for Kandra Electric Power House in Ketugram Assembly Constituency Area.	Shri Sk. Sahonawez

I have selected the notice of Shri Tajmul Hossain on the subject of urge for Providing two Fire Brigade Vehicles for Tulsihata Sub-market Fire Brigade Station in Harischandrapur Assembly Constituency Area.

The Minister-in-Charge may please make a statement to-day, if possible or give a date.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, সংশ্লিষ্ট মন্ত্রীর সঙ্গে কথা বলে, মাননীয় মন্ত্রীর সঙ্গে সময় করে, সময় হলে এই সভা চলাকালীনই এর উত্তর দেওয়ার ব্যবস্থা করব।

LAYING OF REPORTS

The 38th and the 39th Annual Reports containing Annual Accounts and Audit Reports thereon, of the West Bengal Mineral Development & Trading Corporation Limited for the years 2010-2011 and 2011-2012

Shri Partha Chatterjee : Mr. Speaker, Sir, I beg to lay the 38th and the 39th Annual Reports containing Annual Accounts and Audit Reports thereon, of the West Bengal Mineral Development & Trading Corporation Limited for the years 2010-2011 and 2011-2012.

MENTION CASES

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মধ্য দিয়ে আমি মাননীয় পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গড়িয়া-মথুরাপুর রোডে বারুইপুরের পর থেকে বারুইপুর ব্লক, জয়নগর ব্লক এবং মথুরাপুর ব্লকের একটা অংশে পর্যন্ত একটা বিশাল স্টেজে বাস চলে না। জনসাধারণের খুবই অসুবিধা হয়। মন্ত্রীকে অনুরোধ করার পরে আর.টি.এ কয়েকটি রুটে বাস চালু করেছিল। বাসের মালিকরা বাসের পারমিট নেওয়ার পরেও কিন্তু সেখানে বাস চালাচ্ছেন না। ফলে জনসাধারণের যে অসুবিধা সেই অসুবিধা থেকেই যাচ্ছে। আমি মাননীয় মন্ত্রীকে আপনার মধ্য দিয়ে অনুরোধ করব হয় সেখানে স্টেট বাস চালানোর ব্যবস্থা করুন অথবা এই যে মালিকরা বাসের পারমিট নিয়েও বাস চালাচ্ছেন না তাদেরকে বাস চালাতে বাধ্য করুন। ধন্যবাদ।

শ্রী তজমুল হোসেন : Not responded.

শ্রী সুনীল কুমার মন্ডল : Not responded.

শ্রী বাসুদেব খাঁ : Not responded.

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : Not responded.

শ্রী শেখ শাহনাওয়াজ : মাননীয় স্পীকার সাহেব, আপনার মাধ্যমে জানাচ্ছি কেতুগ্রাম বিধানসভার ১ নং এবং ২ নং ব্লকে অজয় ও ভাগীরথী নদীর ধারে যে রিভার লিফ্‌টগুলো আছে দীর্ঘ ৩৫ বছর যাবৎ বামফ্রন্ট সরকারের আমলে এই রিভার লিফ্‌টগুলো তৈরি হয়েছিল। আজ ওরা চেঁচাচ্ছে কিন্তু যেখানে ঐ এলাকায় বানে, বন্যায় যে লোকগুলো ভেসে যায় সেখানে সেই রিভার লিফ্‌টগুলো অচল হয়ে পড়ে আছে দীর্ঘদিন ধরে। সেখানে দীর্ঘদিন ধরে মানুষ বন্যার পর চাষ করে রিভার লিফ্‌টগুলোর মাধ্যমে। সেই রিভার লিফ্‌টগুলো একটাও মেরামত করা হয়নি। এই সমস্ত নেতা যারা এখানে চিৎকার করছে তাদের এলাকার কোন ভিত্তি নেই বলেই শুধু চেঁচামেচি করছে পবিত্র সদনে। সদনকে কলঙ্কিত করছে, চিৎকার করছে। এরা আমাদের কেতুগ্রামের অর্থনীতিকে ধ্বংস করেছে। এই সমস্ত নেতারা শুধু চিৎকার করছেন। এদের এলাকায় ভিত্তি নেই। আমি সদনে মাননীয় মন্ত্রীর কাছে আপনার মাধ্যমে নিবেদন করব, ঐ রিভার লিফ্‌টগুলো সত্তর তৈরী করে সেখানে যাতে চাষের ব্যবস্থা করা হয় এবং প্রয়োজনে অর্থনীতিকে তৈরী করা হয় সেই জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

[12.10–1.30 p.m.] (Including Recess)

....(গোলমাল)....

শ্রী শাহাজাহান চৌধুরী : (not responded)

শ্রী নিরাপদ সর্দার : (not responded)

... (গোলমাল) ...

শ্রী কল্লোল খাঁ : স্যার, মাননীয় অধ্যক্ষের মাধ্যমে মা-মাটি-মানুষের সরকারের মাননীয় পূর্তমন্ত্রীর কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রে বামফ্রন্ট সরকারের আমলে অত্যন্ত গুরুত্বপূর্ণ বর্ধমান-নদীয়ার একটি ব্রীজ তৈরির প্রস্তাব নেওয়া হয়েছিল এবং সেই ব্রীজটির তিনটি-চারটি পিলার করার পরে বন্ধ হয়ে আছে। পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরে ওই কাজটি শুরু হয়েছিল। এলাকার জনগণের স্বার্থে অবিলম্বে বর্ধমান-নদীয়ার যোগসূত্রকারী ব্রীজটি যাতে নির্মাণ করার ব্যবস্থা করা হয়। এলাকার মানুষের অনুরোধ এবং আবেদনে চাইব যে, মা-মাটি-মানুষের সরকারের মাননীয় পূর্তমন্ত্রী যাতে অত্যন্ত গুরুত্ব সহকারে জনস্বার্থে এই ব্রীজটি আগামী দিনে তৈরি করার ব্যবস্থা গ্রহণ করেন। ধন্যবাদ।

... (গোলমাল) ...

শ্রী কে. পি. সিং দেও : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা পুরুলিয়ায় একটি খুব ভালো এ্যারোড্রাম বা এ্যারোস্ট্রিপ আছে। যেটি গত মন্ত্রীসভার প্রয়াত মন্ত্রী খুব প্রেস কনফারেন্স করে বলেছিলেন সেটা ব্যবহারযোগ্য করা হবে। কিন্তু দ্বিতীয় বিশ্ব যুদ্ধের থেকে এখনও পর্যন্ত যে এ্যারোস্ট্রিপটা আছে এটা দ্রুত গতিতে নষ্ট হয়ে যাচ্ছে। এটাকে যদি মেরামত করা না হয়, তাহলে ভবিষ্যতে পুরুলিয়ার অন্যান্য সার্কেলে নতুন করে একটা এয়ার পোর্ট বা এ্যারোস্ট্রিপ দরকার — এটা কিন্তু কাজে লাগবে। তাই সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে আমার আবেদন যে, আগে এটা ডিফেন্সের থেকে আমাদের সরকারে ট্রান্সফার করা হয়েছে কিনা? যদি ট্রান্সফার করা হয়েছে তাহলে তার মেরামতির কাজ যাতে দ্রুত গতিতে হয়। তাহলে ভবিষ্যতে পুরুলিয়ার ইন্ডাস্ট্রিয়াল গ্রোথে এই এয়ারস্ট্রিপটা অনেক কাজে লাগবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

... (গোলমাল) ...

ZERO HOUR

... (গোলমাল) ...

শ্রী শাহাজাহান চৌধুরী : (not responded)

শ্রী নিরাপদ সর্দার : (not responded)

... (গোলমাল) ...

শ্রী পরেশ দত্ত : স্যার, বামপন্থীদের রাজনীতি আজ এমন জায়গায় গিয়ে পৌঁছেছে যে,

এদের পায়ের তলার মাটি নেই। এরা জনগণ দ্বারা পরিত্যক্ত, এরা নিজেদের স্লোগানগুলোও হারিয়ে ফেলেছে। "ওই আর নেই দরকার" আমাদের স্লোগান; সেই ধার করে নিয়ে চলছে।

... (তুমুল গোলমাল) ...

ধাক্কাবাজি আর গলাবাজি দিয়ে — এই দেখুন স্যার, একদম চিড়িয়াখানার দৃশ্য দেখতে পাচ্ছেন। এ দৃশ্যটা চিড়িয়াখানায় দেখা যায়। এই পবিত্র সদনকে এরা চিড়িয়াখানায় পরিণত করেছে। এদের রাজনীতি গেছে, এদের জনসমর্থন গেছে, এদের লোকবল গেছে। এদের মতোনই কতজন লুকিয়ে লুকিয়ে আমাদের দলে আসার জন্য তৃণমূল ভবনে মাঝে মাঝে যায়। নেতাদের বাড়িতে যায়। এদের লজ্জাও করে না। দাঁত বার করে হাসে। এরা একসময় বলেছিল যে, পরিবর্তিত পরিস্থিতিতে লোকসভা-বিধানসভাগুলো [***] পরিণত হয়। আজকে এরা নিজেদের আচরণ দিয়ে নিজেদের কথাটা প্রমাণ করছে যে, কতটা সত্যি। এরা এই সভাটিকেও আজকে [***] পরিণত করেছে। এদের জনগণ দ্বারা ভবিষ্যতে, ... (তুমুল গোলমাল) ....

... (তুমুল গোলমাল) ...

শ্রী পরশ দত্ত : আরো বেশি পরিত্যক্ত এমন হবে যে, পশ্চিমবাংলা থেকে ধাক্কা দিয়ে এদের জনগণ বার করে দেবে। সেই ক্ষোভে, সেই হতাশায় এদের এই চিৎকার। ধন্যবাদ স্যার।

At this stage the House was in recess till 1.30 p.m..

MOTION

(After Recess)

[1.30–1.40 p.m.]

... (এই সময় মাননীয় মন্ত্রী শ্রী পার্থ চ্যাটার্জী কিছু বলতে চান) ...

মিঃ স্পীকার : হ্যাঁ, পার্থবাবু বলুন।

শ্রী পার্থ চ্যাটার্জী : স্যার, আমি আপনার মাধ্যমে বলতে চাই, "আজকে সকালে বামফ্রন্টের বিধায়করা যেভাবে এই গুরুত্বপূর্ণ সভার কাজকে চিৎকার চেঁচামেচি অভব্য আচরণ বিভিন্ন ধরনের অঙ্গভঙ্গি এবং ক্রমাগত চিৎকারে তারা এই সভার কাজকে বিঘ্নিত করবার চেষ্টা করেছে, প্রায় বলপূর্বক কাজ যাতে বন্ধ থাকে তার ব্যবস্থা করেছে। নিজেদের আসন থেকে সঙ্ঘবদ্ধভাবে তারা ওয়েলে নেমে এসেছে, আপনার আসনের দিকে তেড়ে গেছে। শুধু তাই নয়, অধ্যক্ষের কাজে বাধা দিয়েছে। যেখানে এই মহতী সভায় তারা সভার কাজের বাইরে গিয়ে সব সময় জানিয়ে এসেছে যে, এই সভার কাজ যাতে চলে তার ব্যবস্থা করছে না সরকারি দল, এমন কি মুখ্যমন্ত্রী। অথচ

*** অধ্যক্ষের আদেশানুসারে বাতিল হল।

মুখ্যমন্ত্রী চান এবং সরকার চান, আমাদের পরিষদীয় দল চায় যে, এখানে বিতর্ক হোক, ভালভাবে বিধানসভা চলুক। ওদের যেহেতু কিছু বলবার নেই, তাই আজকে দর্শকাসনে বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা থাকার কথা জেনেও তারা যে দৃষ্টান্ত বিধায়ক হিসাবে রাখলেন -- তারা এককালে মন্ত্রী ছিলেন, সুদীর্ঘদিন রাজ্য শাসন করেছেন — ঠিক একই কায়দা তারা চালু করেছেন, এই সংস্কৃতিই তারা চালু করেছেন, বিধানসভার বাইরে এবং ভিতরে। বিধানসভার বাইরে গিয়ে তারা বলেন, আমরা বলতে চাই, কিন্তু আমাদের বলতে দেওয়া হয় না। আর বিধানসভার ভেতরে এসে, বলতে দিতে চাইলে, বলার সময়, অধ্যক্ষের কাজকে বাধা দেয়। অন্যানা যারা বক্তব্য রাখছেন তাদেরকে বাধা দেওয়া হচ্ছে; তাদের কথা শোনা যাচ্ছে না। এমন আচরণ করছেন যে, দর্শকাসনে যারা নতুন প্রজন্মের প্রতিনিধি, তারা দেখে পর্য্যন্ত লজ্জা পাচ্ছেন। আমি তাই মনে করি, আজকের এই আচরণের বিরুদ্ধে আমি একটি প্রস্তাব আনতে চাই এবং এই সভা যাতে গ্রহণ করে তার জন্য তাদের কাছেও আমি আবেদন জানাচ্ছি অধ্যক্ষ মহোদয়। অধ্যক্ষ মহোদয়, আজকে প্রশ্নোত্তরের অংশ নিয়ে সভায় বিরোধী দল নেতা সম্পূর্ণ উদ্দেশ্যপ্রণোদিতভাবে, পরিকল্পিতভাবে সভার কাজের বিঘ্ন বাধার সৃষ্টি করেন। তাঁরই নির্দেশে বামফ্রন্টের বিধায়কবৃন্দ তাঁদের আসন ছেড়ে অধ্যক্ষের আসনের কাছে এসে নানা রকম কুরুচিকর মন্তব্য শ্লোগান দিতে থাকে। সভার কাগজপত্র ছিঁড়ে তীব্রভাবে চিৎকার করতে শুরু করেন। তাদের এই অভব্য আচরণ, কুরুচিকর মন্তব্য, অধ্যক্ষ সহ সভার কাজে বাধা ও বিরুদ্ধে এই সভা আজকে উপস্থিত বামফ্রন্টের বিধায়কদের এই কাজের তীব্র নিন্দা করে।"

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই অগাষ্ট হাউসে পরিষদীয় মন্ত্রী শ্রী পার্থ চট্টোপাধ্যায় আজকের সকালের অধিবেশনে যে ভূমিকা পালন করেছেন — বিরোধী দলনেতা এবং বামফ্রন্টের সদস্যরা -- তার বিরুদ্ধে তিনি নিন্দাসূচক প্রস্তাব এনেছেন এই সভায়। স্যার, এই সভার গৌরব শুধুমাত্র দীর্ঘদিনের বা আমরা যে প্লাটিনাম জুবিলি করতে যাচ্ছি তারজন্য নয়। এই বিধানসভার কতগুলি রীতিনীতি আছে যেটা গাইডেড হয় রুলস অফ প্রসিডিওর অ্যান্ড কনডাক্ট অফ বিজনেস ইন দ্য ওয়েষ্ট বেঙ্গল লেজিসলেটিভ এ্যাসেম্বলি। এর ৩৪ নং ধারা থেকে শুরু করে ৪৩ নং ধারা পর্যন্ত, কোয়েশ্চেন রিলেটেড যাবতীয় নির্দেশাবলী এর মধ্যে আছে। স্যার, এই সভায় আমরা দীর্ঘদিন সদস্য আছি। এর আগে বামফ্রন্ট সরকারের আমলে আমরা সদস্য ছিলাম। আমরা দেখেছি, কোয়েশ্চেন আওয়ারের যে কোয়েশ্চেন আসে সেই কোয়েশ্চেন এডিট করার ক্ষমতা সেক্রেটারিয়েটের আছে। যে এ্যাডজর্নমেন্ট মোশান আসে তাকে এডিট করার ক্ষমতা সেক্রেটারিয়েটের আছে। এর আগে অতীতে এইভাবেই বিভিন্ন মাননীয় সদস্যের কোয়েশ্চেন এবং মাননীয় সদস্যের এ্যাডজর্নমেন্ট মোশান, এমনকি কলিং এ্যাটেনশান পর্যন্ত এডিট করে এই সভায় এসেছে। যিনি আজকে বিরোধী দলনেতা, আজকে তাঁর হেল্ড ওভার কোয়েশ্চেনের ওপর আলোচনা ছিল — তিনি দীর্ঘদিন এখানে মন্ত্রী ছিলেন। এই সদনের সমস্ত ধরনের আইন সম্পর্কে তিনি ওয়াকিবহাল হওয়া সত্ত্বেও যেখানে আজ এই নিন্দা প্রস্তাবের কারণটাই হল এই যে তিনি নতুন সদস্য নন যে তিনি এই সদনের নিয়মাবলী জানেন না, তিনি সম্পূর্ণ জানেন, যে প্রশ্ন এসেছে কেবলমাত্র সেই প্রশ্নের উত্তর দেবেন যিনি মাননীয় মন্ত্রী। তারপরে তিনি সাপ্লিমেন্টারি কোয়েশ্চেন করতে পারেন, তার উত্তর দেবেন মাননীয় মন্ত্রী। তার ওপর কোনো ডিবেট হয় না, কোনো আলোচনা

হয় না। সত্যি আমি আপনাকে ধন্যবাদ জানাতে চাইছি এই কারণে যে এইসব কথা জেনেও বিরোধী দলনেতার মর্যাদা রক্ষা করার জন্য তাকে তার আর্লিয়ার প্রশ্ন, যে প্রশ্নটা তিনি লিখেছিলেন, যেটা এডিট হয়ে এসেছিল, সেই প্রশ্ন উত্থাপন করার সুযোগ পর্যন্ত দিয়েছেন। গণতন্ত্রের ইতিহাসে এক বিরল ঘটনার সাক্ষী হয়ে রইলো এই সভা। আগে প্রশ্ন আপনি তাকে করতে দিয়েছিলেন। কিন্তু যখন মাননীয় মন্ত্রী তার সদুত্তর দিয়েছেন, তারপর তিনি সাপ্লিমেন্টারি না করে এই সভার মধ্যে সভার কাজকে বিঘ্নিত করার জন্য, সভাকে অপমান করার জন্য, সভার সদস্যদের অবমাননা করার জন্য তিনি আমাদের সদনের যা আইন, সেই আইনকে ভঙ্গ করে তিনি এখানে বিক্ষোভ দেখিয়েছেন। স্যার এই সদনে বিক্ষোভ এর আগে অনেক হয়েছে। কিন্তু তার একটা নির্দিষ্ট কারণ থাকা চাই। কিন্তু যে কারণের জন্য তিনি নিজে দায়ী সেই কারণের ওপর দাঁড়িয়ে তারা আজকে বিক্ষোভ করলেন এবং কুরুচিকর মন্তব্য করলেন, আপনার টেবিলের দিকে ধেয়ে গেলেন। তারজন্য যে প্রস্তাব আজকে বিধানসভায় এসেছে, এই গৌরবান্বিত সদনে এসেছে, তার প্রতি পূর্ণ সমর্থন জানাই এবং যারা এই ধরনের কাজ করেছেন তাদের সম্পর্কে ধিক্কার জানাই।

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সকালে যে ঘটনা দেখেছি সেটা আমার কাছে অত্যন্ত লজ্জাজনক মনে হয়েছে। কারণ স্পীকারের কাছে মাননীয় বিরোধী দলনেতা তিনি একটি আপত্তি করেছিলেন, যে প্রশ্নটা তিনি করেছিলেন সেই প্রশ্নটা ঠিকমত লিখিতভাবে এখানে আসে নি। আমার এই কয়েক বছরে যতটুকু অভিজ্ঞতা তাতে মনে হয়েছে প্রশ্ন অনেক সময় এডিট করা হয় এবং সেই এডিট করার সময়ে যারা এই কাজটা করেন তারা অফিস থেকে ফোন করে কথা বলেন। আমিও এই রকম ফোন আগেও পেয়েছি। তার সঙ্গে ফোনে কথা বলেছেন কিনা আমি জানি না। কিন্তু যখন তিনি বললেন যে তাঁর প্রশ্নটা ঠিকভাবে প্রেজেন্টেড হয়নি,

[1.40–1.50 p.m.]

তখন মাননীয় স্পীকার মহাশয় তাকে অধিকার দিয়েছেন, লিখিতভাবে যে প্রশ্নটি তিনি করেছিলেন সেই প্রশ্নটিই তিনি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে করতে বলেন। আপনার এই গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গী প্রকাশ করার জন্য আমি মাননীয় স্পীকার মহাশয়কে অকুণ্ঠ ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু আমার যেটা আরও অবাক লাগছে, তিনি যে প্রশ্নটা করেছেন, সেই প্রশ্নের উত্তর দেওয়া হচ্ছিল। সেই প্রশ্নের উত্তর তিনি ঠিক দিচ্ছিলেন, কি বেঠিক দিচ্ছিলেন সেটা অন্য বিষয়। তার সেটা পছন্দ হবে, কি হবেনা সেটা সম্পূর্ণ অন্য বিষয়। তিনি সাপ্লিমেন্টারি প্রশ্নের মধ্যেও যাননি এবং সেই সময়তেই তিনি তার গোটা দলকে নিয়ে যে কান্ডটা করেছেন এটা আমার কাছে অত্যন্ত লজ্জাজনক ঘটনা মনে হয়েছে। আমাদের সকলেরই জানা ছিল ছাত্র-ছাত্রীরা আসবে। ছাত্র-ছাত্রীরা সকাল থেকে হাউসে ছিল এবং তাদের সামনেই এই ঘটনাটা ঘটানো হল। এই প্রশ্নোত্তরের ঘন্টাটা — আমি স্পীকার সাহেবের কাছে আগেও বলেছি — হাউসের কাছেও এবং আমার কাছেও খুব ইন্টারেস্টিং। জনসাধারণকে এটা বেনিফিট দেয়। এখান থেকে সরকারের বহু জিনিসপত্র জানা যায়, সরকারের কর্মপদ্ধতি কি সেটা জানা যায়। সে সম্পর্কে সমালোচনা থাকতে পারে, সমর্থন থাকতে পারে, সেটা অন্য বিষয়। কিন্তু সেই জানার জায়গাটা আজকে তারা বন্ধ করে দিলেন। যতক্ষন এই প্রশ্নোত্তরের

পর্বটা চলল, ততক্ষন তারা শ্লোগান দিয়ে হাউসটাকে ডিস্টার্ব করলেন। এটা আমাদের কাছে একেবারেই সমর্থনযোগ্য মনে হয়নি। আমি অন্য প্রসঙ্গে বলি, নিউ টাউন কলকাতা ডেভালপমেন্ট অথরিটি, যে বিলটা গতকাল আনা হয়েছিল, আমার মনে হয়েছে বিলের আলোচনার সময়েই মাননীয় মন্ত্রীমহাশয় যে উত্তর দিয়েছেন, তার মধ্যে দিয়েই সব বিষয়টা শেষ হয়ে গিয়েছে। মিঃ স্পীকার স্যার, আজকে যে প্রশ্নটা তিনি করেছেন, আমার সকালেই মনে হয়েছিল, এই প্রশ্নটা আজকে আসারও দরকার ছিলনা। গতকাল এটা নিয়ে দীর্ঘক্ষণ আলোচনা হয়েছিল এবং দীর্ঘ বিতর্ক হয়েছিল। তাই এই প্রশ্নটা আজকে এডমিট করারও দরকার ছিল না, এটা আমার সকাল বেলাতেই মনে হয়েছিল। কিন্তু অন্য একটা বিষয়, যার নামে নিউ টাউনকে তারা করার চেষ্টা করছেন, তিনি এখানকার প্রাক্তন মুখ্যমন্ত্রী হতে পারেন, কিন্তু গোটা রাজ্যকে তার নেতৃত্বে যে জায়গায় গেছে, আমার মনে হয়না যে তার নামে পশ্চিমবাংলার কোন জায়গা, কোন শহরের নাম রাখা উচিত। ফলে সকালে যে ঘটনা এই হাউসে ঘটেছে আমিও তার তীব্র নিন্দা করছি। আমি প্রত্যাশা করব ভবিষ্যতে যাতে এই হাউসে এই রকম ঘটনা না হয়। ধন্যবাদ।

শ্রী শীলভদ্র দত্ত : মিঃ স্পীকার স্যার, একটু আগে পরিষদীয় মন্ত্রী শ্রী পার্থ চট্টোপাধ্যায় যে নিন্দাসূচক প্রস্তাব এই হাউসের সামনে এনেছেন, আমি সম্পূর্ণভাবে সেই প্রস্তাবকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাইছি। কারণ এই হাউসের যে গরিমা আজকে মানুষ দেখতে পেলেন, কপাল ভালো যে সরাসরি এর লাইভ টেলিকাস্ট বাইরের মানুষ দেখতে পাননি। আমরা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের বিধানসভার মধ্যে অনেক ঘটনার কথা শুনেছি, অনেক ঘটনার ছবি দেখেছি। কিন্তু আজকে যে ঘটনা এরা ঘটালেন — স্কুলের ছাত্র-ছাত্রীরা এখনও বসে আছেন, তখন ছিলেন — তাদের সামনে যে দৃষ্টান্ত তারা স্থাপন করলেন, আমার মনে হয়, এর থেকে লজ্জাজনক ঘটনা এর আগে ঘটেনি। বিরোধীরা বিরোধিতা করবেন, তারা ওয়েলে নামবেন, তারা চিৎকার করবেন — সবটাই ঠিক আছে। কিন্তু যে বিষয়টা কালকে শেষ হয়ে গিয়েছে, যেটা আমার আগের বক্তা বলছিলেন। পুরোণো বিলটা উইথ ড্র করে যে বিল কালকে পাশ হয়েছে, সেটা নিয়ে মাননীয় মন্ত্রী মহাশয় এবং অন্যান্য বক্তারা তাদের বক্তব্য বলেছেন। সেই ঘটনাটাকে টেনে নিয়ে এসে মানুষের সামনে নতুন করে নাটক করার জন্য তারা এই কাজটা করেছেন। বাংলার মানুষের সামনে কথা বলার অধিকারটাই ওরা হারিয়ে ফেলেছেন। বাংলার মানুষ বিগত পঞ্চায়েত নির্বাচন ও পৌর নির্বাচনের রায়ের মধ্যে দিয়ে বুঝিয়ে দিয়েছে বাংলার বুক থেকে ওরা হারিয়ে গেছেন। ওদের বাংলার মানুষ গ্রহণ করছেন না। সেইজন্য বেঁচে থাকার কারণে এবং বেঁচে থাকতে হবে বলে কাগজের পৃষ্ঠায় ওদের ছবি তুলতে হবে, সাংবাদিকদের সামনে নাটক করতে হবে। এইসব করার জন্য তারা যেটা করতে গেলেন, আমার মনে হয় তাতে বাংলার গরিমায় আঘাত এল। আমি আশা করি এই নিন্দা সূচক প্রস্তাবকে এই হাউসের সবাই সমর্থন করবে। [***] এখানে যেটা করেছেন, তারপরেও আপনি তাকে বলার অধিকার দিয়েছেন।

মিঃ স্পীকার : [***] নামটা বাদ যাবে।

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় বিরোধী দলনেতা যে কাজটা করেছেন আপনি তাকে বলার

*** অধ্যক্ষের আদেশানুক্রমে বাতিল করা হল।

অধিকার দেওয়ার পরেও, এটা ওরা ইচ্ছে করেই করেছেন। আপনার মহানুভবতার মূল্য ওরা দেবে না। তার কারণ নাটকটা না করলে কালকে কাগজে উঠবে না। তাই আমার মনে হয়, যে আজকে এই হাউসে, সবাই মিলে পরিষদীয় মন্ত্রী শ্রী পার্থ চট্টোপাধ্যায়ের এই নিন্দা সূচক প্রস্তাবকে গ্রহণ করছেন এবং আগামী দিনে কেউ এইরকম ঘটনা ঘটালে মাননীয় স্পীকার স্যার, যেন উপযুক্ত ব্যবস্থা নেন সেই আবেদনও আমি তাঁর সামনে রাখছি। নমস্কার।

শ্রী পরশ দত্ত : মাননীয় স্পীকার স্যার, পরিষদীয় মন্ত্রী মাননীয় পার্থ চ্যাটার্জী তিনি আজকে যে নিন্দা সূচক প্রস্তাব রেখেছেন তাকে পারলে আমি ২০০ শতাংশ সমর্থন করতাম কিন্তু ১০০ বেশী তো আর করা যায় না। তাই সম্পূর্ণ ১০০ শতাংশ সমর্থন করছি। স্যার, এতক্ষণ আমরা শুনলাম কি পরিপ্রেক্ষিতে এই সভায় বিরোধী দলনেতা, নাম নেওয়া যাবে না। আমাদের বিরোধী দলনেতা যিনি নামেতে একেবারে জ্যোর্তিচ্ছটা কিন্তু কাজে যিনি অন্ধকারের পথে চলেছেন, তার দল ৩৪ বছর পশ্চিমবাংলাকে অন্ধকারে পর্যবসিত করে আজকে জনসাধারণের কাছে পরিত্যক্ত হয়েছেন। বার বার, গত আড়াই বছরে যত নির্বাচন হয়েছে তাতে প্রমাণ হয়েছে যে তার দলকে জনসাধারণ উপর্যুপরি পরিত্যাগ করেছে, রিজেক্ট করেছে। আজকে আমি একটু আগে জিরো আওয়ারেও বলছিলাম, ওদের আর বাকী কিছু নেই। আজকে যে নাটকটা উনি করলেন, মাননীয় শীলভদ্র দত্ত ঠিকই বলেছেন নাটক করছেন, খবরে কাগজে হেড লাইন হওয়ার জন্য। যে প্রাক্তন মুখ্যমন্ত্রীর নাম নিয়ে ওরা এত বড় নাটক করলেন, সেই নামটা কি? না, কলকাতা নিউটাউন ডেভেলপমেন্ট অথরিটি, নামটা পরিবর্তন করতে হবে, ওখানে একজন প্রাক্তন মুখ্যমন্ত্রীর নাম রাখতে হবে। আমি কালকেও বলেছিলাম আজকেও বলছি কলকাতা ৩০০ বছর ধরে তার নামের স্বগরিমায় প্রতিষ্ঠিত আছে। হয়তো আগামী ৩০০ বছর ধরেও কলকাতা তার নামের স্বগরিমায় প্রতিষ্ঠিত থাকবে। কিন্তু যার নাম নিয়ে ওরা কলকাতাকে রিপ্লেস করতে চাইছেন তার নাম তো ইতিমধ্যে ওরাই অনেকে ভুলে গেছেন। পশ্চিমবাংলার তথা ভারতবর্ষের মানুষ কি আগামী ১০০ বছর তার নাম মনে রাখবেন? এসব কথা ওরা জানেন। কিন্তু ওদের তো করার কিছু নেই। ওদের অবস্থা হয়েছে সেই — কবির ভাষায় বলতে গেলে, কবি সুধীন্দ্রনাথ দত্ত ভাষায় বলতে গেলে, ওদের সেই উট পাখির অবস্থা হয়েছে।

কোথায় পালাবে, ছুটবে বা আর কত?
উদাসীন বালি ঢাকবে না পদরেখা,
যা যা পদরেখার সৃষ্টি করেছেন উদাসীন বালিতেও তা ঢাকবে না।
প্রাকপুরাণিক বাল্যবন্ধু যত বিগত সবাই,
তুমি অসহায়, একা —

একাও হবেন না, এরপরে শূন্যে পর্যবসিত হবে। এদের অবস্থাও তাই হয়েছে। এমনকি এরা নিজেদের স্লোগানগুলো পর্যন্ত ভুলে গেছেন। হ্যাঁ, সেই বলছি।

অখিল ক্ষুধায় শেষে কি নিজেকে খাবেন?
কেবল শূন্যে চলবে না হাওয়া ঘোড়া,

ঐ শূন্যে চলার খেচরগামী হয়ে থাকার যা পরিণতি আজকে ওদের তাই হয়েছে। তাতেও লজ্জা হয়নি, তাতেও আজকে এরা চিৎকার চেঁচামেচি করে এই সভার গরিমা নষ্ট করছে। আমি কদিন আগে দেখছিলাম বিরোধী দলনেতা গত দু তিন দিন ধরে মাননীয় স্পীকার তার রুলিংয়ের বিরুদ্ধে ধমক দিয়ে তেড়ে যাচ্ছেন। এখানে স্পীকার তো ব্যক্তি নন, স্পীকার একটা ইনস্টিটিউশান। একটা ইনস্টিটিউশানের বিরুদ্ধে ধমক দেওয়া যায়? বিরোধী দলনেতা কি এটা জানেন না? খুব ভাল করে জানেন। উনি দেখাতে চাইছেন, He still holds the rein. উনি এখনো বোধহয় সেই ক্ষমতায় আছেন। আর যে ক্ষমতায় মদমত্ত হয়ে এক কালে ঐখানে বসে উনি আমাদের ধমকাতেন, সেই অভ্যেসটা যায় নি।

[1.50–2.00 p.m.]

এই অভ্যাসটা পশ্চিমবাংলার মানুষ ওদের বার বার বলেছে এই সব অভ্যাস ছাড়ুন, জমিদারি ছাড়ুন। মার্ক্সবাদী দলের নেতা হয়ে জমিদারি মানসিকতা নিয়ে চলবে, আর মানুষ চিরকাল তাই মেনে নেবে — তা তো হয় না। এরা সেটা বুঝতে চাই না। আজকেও এই জিনিস করেছেন এবং যে ভাবে আজকে এই সদনের কাজকর্ম, স্পীকারের কাজকর্ম এবং এই সদনের আলোচনাকে ওরা ডিস্টার্ব করেছেন। আর স্লোগান দিয়েছেন কি? আমাদের দেওয়া স্লোগান। আমরা এক সময় দিতাম 'বামফ্রন্ট সরকার আর নেই দরকার'। ওরা আজকে কি একটা সরকার বলে আর নেই দরকার বলছেন। অর্থাৎ ওদের নিজের স্লোগানগুলোও মনোঃপুত নয়, ধার করা। সবই ধার করে চলবে? জন্মলগ্ন থেকে সোভিয়েত ইউনিয়ন থেকে নীতি ধার করেছিলেন। তাই বলে এখনও এত বছর পরে আমাদের স্লোগান ধার করে পশ্চিমবাংলার মানুষকে মাতিয়ে দেবেন, তাই কি হয় বিরোধীদল নেতা? আজকে থাকলে ভাল হত, কিন্তু থাকবার সাহস নেই, ফেস করার সাহস নেই, পালিয়ে বেড়াচ্ছেন। ওই অন্ধকার গর্ভে গিয়ে পিছনের দরজা দিয়ে যতটুকু করবার, ততটুকু করে শুধু গলাবাজি করে বাজিমাত করবার চেষ্টা করছেন। আজকে তা নিন্দা করি এবং এই হাউসে সকলে যারা উপস্থিত আছেন, আমি সকলকে বলব, আবেদন করব সকলের কাছে যে, কড়া ভাষায় এই নিন্দা করুন। যারা ৩৪ বছর ধরে ক্ষমতায় থেকে এই হাউসের গরিমা নিয়ে অনেক লম্বা-চওড়া কথা বলছেন, আজকে সেই হাউসে দাঁড়িয়ে তারা যে ব্যবহার করলেন, যে আচরণ করলেন তাতে হাউসের গরিমা কতটা গেল, সে তো গেছেই। কিন্তু ওদের নিজেদের সম্মান, নিজেদের সুনাম, নিজেদের আত্মসম্মান নষ্ট করলেন। আজকে তাই তাদের এই আচরণের বিরুদ্ধে যে নিন্দা প্রস্তাব এসেছে তাকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি, ধন্যবাদ স্যার।

শ্রী চিরঞ্জিৎ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শিল্পমন্ত্রীর উত্থিত যে নিন্দা প্রস্তাব তাকে সমর্থন করে বলছি, আজকে যে আচরণ এখানে বিরোধী নেতা করলেন এবং সবাই মিলে যে অবস্থা সৃষ্টি করলেন — একথা কোথায়ও গিয়ে বলা যাবে না যে বিধানসভায় এই রকম একটা চেহারা। আমি একজন নবাগত, সেই জন্য এই রকম চেহারা আগে দেখিনি বা শুনিওনি কখনও। এটা বোধ হয় সেই অবস্থা যেটাকে বলে, 'রেখেছ মার্ক্সিস্ট করে মানুষ করোনি'

— মনে হয়। এখন এরা যে সময়টা আমাদের সভার কাজ হওয়ার কথা, ঠিক যে ভাবে স্কুল-কলেজে যে ভাবে ছাত্ররা উৎশৃঙ্খল হয়ে যায় ক্লাসের মধ্যে এবং তাদের বাইরে বার করে দেওয়া যায়, তারা পড়াতে দেয় না। তাহলে সেটা যেমন শিক্ষাকে পিছিয়ে দেবে, তেমনি আমাদের সমাজকে, আমাদের দেশকে পিছিয়ে দিচ্ছেন এই ভাবে। যে প্রগতি নিয়ে বিধানসভায় — উনি যে কথা বলছিলেন আর এক বিধায়ক, মাননীয় বিধায়ক যে জানা যায় এখান থেকে। লিটেরেলি আমার দিক থেকে আমি বলতে পারি — আমি ভীষণ ভাবে জানতে চাই যে, কি ভাবে আমাদের এই সরকার চলে, কি ভাবে দেশ চলে। সেখানে যে বিঘ্ন ঘটালেন এটা অভাবনীয় ক্ষতি আমাদের পক্ষে এবং সেক্ষেত্রে এটাই বলব, ওনার কোন রাস্তাও নেই। কারণ এখানে যে কটা ওনাদের হাতে ডি.টি.পি. করা কাগজ ছিল, সেটাও আবার এত খরচা কমে গেছে, সদস্যও এত কমে গেছে। আর ওটা প্রিন্ট করতে বিশেষ টাকা তুলতে লাগছে না ওনাদের। সেইগুলো হাতে নিয়ে বাকি এখানকার সব কাগজপত্র ছিঁড়ছেন। আমার প্রশ্ন হল, বিরোধী নেতা পারেন কি এটা করতে যে, নিজের কোশ্চেন পত্র, প্রশ্নপত্র ছিঁড়ে ফেলতে পারেন, এখানে, বিধানসভায়? এটা কি হতে পারে? এটা কি নিয়ম? এ তো চরম অপমান করা এই বিধানসভাকে। সেই জন্য আমার মতে এনারা যদি এখানে এই ধরনের একটা নিশ্চুপ, সুন্দর একটা ক্লাসরুম হয় তাহলে বেশ ভাল লাগে। কারণ এনারা থাকলে একটাই প্রবলেম হচ্ছে। যে ঘটনাটা কালকের পরিষ্কার ভাবে পরিচ্ছন্ন ভাবে বিল পাশ হয়ে গেছে। সেটাকে ফিরিয়ে আনতে হয়েছে এই কারণে — আমার মনে হয় ওনারা ফিরে গিয়ে কারও কাছে কড়া ধমক খেয়েছেন। যে তাদের প্রাক্তন মুখ্যমন্ত্রীকে নিয়ে, নেতাকে নিয়ে — মানে যেটা অ্যাকচুয়ালি বিক্রি হয় ওনাদের, যেটা আজও বিক্রি হয়। সেই রকম একটি সাবজেক্টকে নিয়ে তারা আরও লড়লেন না কেন। অসাধারণভাবে লড়া উচিত ছিল। অত্যন্ত একটা প্রিসিডেন্ট, কোথাও একটা লেখা থাকবে যে লড়েছিলাম, ভাই। জানি হারবো, এই যুদ্ধে আমি হারবো, কিন্তু তবুও আমি লড়েছিলাম, সোড সামনে ধরেছিলাম। এবং সেই ভাবে, আজকে যে ভাবে উনি বুক চাপড়ে আঙুল তুলছিলেন, তাতে সোড চালানোর মতো লাগছিল। আমি ওনাকে কোন দিন ওই ভাবে দেখিনি। এর আগে খুব মোলায়েম বাবে নিজের বুকে হাত বুলিয়ে উনি কথা বলেন, কিন্তু আজকে উনি অত্যন্ত উত্তেজিত ছিলেন, উনি নিজের বুকে খালি ঝাপটা মারছিলেন আর হাত বুলোচ্ছিলেন। আমি এতো উত্তেজিত কখনও দেখিনি। এতে ওনার একটুখানি শারীরিক কুশল করানোর প্রশ্ন আছে। উঠবে নিশ্চয়ই। এখন ওনার প্রেসার বোধ হয় হাই আছে, এর ট্রিটমেন্টের দরকার আছে। ধন্যবাদ।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সকালে অধিবেশন চলাকালীন বিরোধী দলনেতার নেতৃত্বে সমগ্র বামফ্রন্টের পরিষদীয় দল তারা যে অভব্য আচরণ করেছেন — একটু আগে চিরঞ্জীত বললেন, ঠিকই বলেছেন — আমার একটু অবাক লাগে তিনি এতো দিন ধরে মন্ত্রী ছিলেন, নানা রকম গালগল্প কথা বলতেন পরীষদীয় রীতি-নীতি নিয়ে, তিনি কি করে এটা করেন। বিধানসভায় নীতি অনুযায়ী এডিট করা ক্ষমতা বিধানসভার আছে, এটা জানেন তিনি। সেই যখন পড়তে দেওয়া হলো তখন চরম ঔদ্ধত্য এবং আমি মনে করি এই রকম ঔদ্ধত্য আমরা কোন দিন দেখিনি, চরম ঔধত্বে সেটাকে ছিঁড়ে ফেলে নিজেরটা পড়তে শুরু করলেন। অর্থাৎ অন্যদের বললেন যে তোমরাও ছেঁড়ো, তোমরাও গণ্ডোগোল করো, তোমরাও সভার কাজকে চলতে দিওনা। সেই

কারণে সেই দিকেই লক্ষ্য রেখে এই মহতি সভায় যখন মুখ্যমন্ত্রী বক্তব্য রাখছিলেন, ঠিক একই কারণে তাঁরা এই ধরনের গন্ডোগোল করেছিলেন। ঠিক একই কায়দায় যখনই আসেন, ওনারা চেষ্টা করেন যাতে তাঁর এই কল্যাণমুখী কাজ, যা তিনি বার বার এখানে বলেন, যাতে এই সভায় তা লিপিবদ্ধ হতে না পারে। এই ধরনের কাজকে প্রথম থেকেই যদি এদের নিন্দা না করা হয়, প্রথম দিন থেকেই যদি এদের সতর্ক না আপনি করেন, তাহলে এই মহতি সভার যে গরিমা আছে সেই গরিমা নষ্ট হবে। আমি সকলকে অনুরোধ করছি, যে নিন্দা প্রস্তাব আপনাদের সামনে রেখেছি যাতে আপনারা সবাই অংশ নিলেন, তা গ্রহণ করবার জন্য।

Mr. Speaker : The questin before the House is that the motion moved by Shri Partha Chatterjee, Hon-ble Minister. As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say, No. Ayes have it. Ayes have it.

The motion is carried.

RULLING FROM THE CHAIR

Incidentally, I want to enlighten the Hon-ble Members of the House, who are present here, that according to rule 325 of Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly — it has been categorically laid down — the norms to be followed by the Hon-ble Members while sitting in the House. Rule 325, I am just reading out the relevant portion.

"Whilst the House is sitting, a member' shall not interrupt any member while speaking by disorderly expression or noises or in any other disorderly manner; shall maintain silence when not speaking in the House; shall not shout slogans in the House; shall not display flags, emblems or any exhibits in the House; shall not tear off documents in the House in protest;-"

I request the Hon-ble Members to follow the norms which have been laid in rule 325 very stringently.

Now the business before the House is the Bankura University Bill, 2013.

LEGISLATION

The Bankura University Bill, 2013

[2.00–2.10 p.m.]

Shri Bratya Basu : Mr. Speaker Sir, I beg to move that the Bankura University Bill, 2013 be taken into consideration.

ডঃ আশীষ ব্যানার্জী : স্যার, মাননীয় ব্রাত্য বসু 'The Bankura University Bill, 2013' যা এই সভায় পেশ করেছেন, তাকে সর্বান্তকরণে সমর্থন করছি। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর উন্নয়নের মাথায় আর একটি পালক যোগ হল বাঁকুড়া বিশ্ববিদ্যালয়। জঙ্গলমহলে আর এক উন্নয়ন। বামফ্রন্টের আমলে যে জঙ্গলমহল ছিল সন্ত্রাসের আগার, যে জঙ্গলমহলে ছিল খাদ্যের জন্য হাহাকার, অশিক্ষার নাগপাশ যে জঙ্গলমহলকে করে তুলেছিল ক্ষুব্ধ, সেই জঙ্গলমহলে শিক্ষার আলোকবর্তিকা হাতে নিয়ে মমতা ব্যানার্জী রবীন্দ্রনাথের গান গেয়ে বললেন — 'অন্ধকারের উৎস হতে উৎসারিত আলো, সেই তো তোমার আলো।' ম্যাডাম, এত বিশ্ববিদ্যালয় মমতা ব্যানার্জী গড়ে তুলছেন কেন? প্রখ্যাত বিজ্ঞানী সত্যেন্দ্রনাথ বসু বলেছিলেন — "কেবলমাত্র বিদ্যা অর্জন ও জ্ঞানের অগ্রগতিতে সহায়তা করা বিশ্ববিদ্যালয়ের আদর্শ হতে পারে না। জাতি, ধর্ম, মতবাদ, ধনী-দরিদ্র এবং সামাজিক ও বংশ মর্যাদা নির্বিশেষে প্রত্যেক মানুষ যে মূলতঃ এক, এই শিক্ষা বিশ্ববিদ্যালয়কে প্রচার করতে হবে। শেষ পর্যন্ত মানুষই যে পরম সত্য আমাদের সেই জ্ঞান হোক।" ম্যাডাম, সেই জন্যই মা-মাটি-মানুষের নেত্রী এত বিশ্ব বিদ্যার আয়োজন করেছেন। মানুষই যে পরম সত্য, বামফ্রন্টের নেতাদের সেই জ্ঞান আজও হয়নি। সেই জ্ঞান হোক। কিন্তু কি করব ম্যাডাম, ওরা জানতেন বা-তে বামফ্রন্ট, আর বা-তে বাগাড়ম্বর। তাই ৩৪ টা বছর ধরে শুধু বাক্যের ফুলঝুড়ি। কোথাও এগোনোর লক্ষণ নেই। ম্যাডাম একটু দেখুন, বামফ্রন্টের শেষ সময়কাল পর্যন্ত এই বাঁকুড়া জেলার চেহারাটা কি? ২০১০-১১ আর্থিক বর্ষে রাজ্যের গড় হিসাবের তুলনায় বাঁকুড়ায় সায়েন্স টিচিং কলেজের পারসেন্টেজ কত? ৩.৪৮%। বাঁকুড়ায় নাম্বার অফ্ কলেজেস উইথ অনার্স টিচিং ফেসিলিটিজ কত? অনলি ফিফটিন। টোটাল কলেজের সংখ্যা কত? ২১। এই সংখ্যাটা স্বাধীনতার পর থেকে অর্থাৎ বামফ্রন্টের সময়কাল পর্যন্ত। এখন আপনারাই বলুন এক এক বছরে জেলায় কটি করে কলেজ বাড়ছে, কটি করে বিশ্ববিদ্যালয় হচ্ছে। ম্যাডাম, বাঁকুড়া জেলায় একটি মাত্র কলেজে সিফ্ট সিস্টেম আছে, বাড়াতে পারে নি, রামানন্দ কলেজ। সেখানে ডে এবং ইভিনিং আছে। হোস্টেল ফেসিলিটিজ ছিল কত? গার্লস কলেজ একটা, এখন এই হোস্টেল ফেসিলিটিজ কোথায় গিয়ে দাঁড়িয়েছে? কমার্স টিচিং ফেসিলিটি — কটা? ৭ টা কলেজে। পারসেন্টেজ কত? ৩৩.৩৩। আজ সেই বাঁকুড়ায় শুধু কলেজের সংখ্যা বাড়ছে না, মাননীয়া মুখ্যমন্ত্রী সেই বাঁকুড়ায় দাঁড়িয়ে ঘোষণা করে এসেছিলেন বিশ্ববিদ্যালয় হবে। তারই বাস্তবায়নের জন্য মাননীয় শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু এই বিল পেশ করেছেন। বিরোধীদের বন্ধু,বিরোধিতার জায়গাটা বনধ্। ম্যাডাম, অন্যান্য বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সমতা রেখেই এই বিশ্ববিদ্যালয়ের বিল তৈরী হয়েছে। সঙ্গত আইন তৈরী হবে। একই ভাবে কোর্ট, একজিকিউটিভ কাউন্সিল, পোস্ট গ্র্যাজুয়েট, আন্ডার গ্র্যাজুয়েট স্টাডিস, বোর্ড অফ্ স্টাডিজ, ফিনান্স কমিটি, স্ট্যাটিউট তৈরী, ডিমড নির্বাচনের পদ্ধতি একই মর্যাদায় এই বিশ্ববিদ্যালয় গড়ে উঠছে। একই ভাবে বলা যায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কি ভাবে নিযুক্ত হবেন? প্রয়োজনে তাকে কেন সরানো হতে পারে? স্বচ্ছতার জন্যই পরিষ্কার ভাবে বলা হয়েছে - Vice chancellor may be removed from his office by the Chancellor if he is satisfied that the incumbent is a member or otherwise associated with any political party or acts in any partition manner while in office. অর্থাৎ, মাননীয়া মুখ্যমন্ত্রী চাইছেন, দলতন্ত্রের অবসান। সেই দলতন্ত্র চালাতে তিনি পারবেন না চেয়ারে বসে।

এর থেকে স্বচ্ছতার উদাহরণ আর কি হ'তে পারে। ম্যাডাম, আমরা দেখেছি এর আগে যখন বিশ্ববিদ্যালয় বিল নিয়ে আলোচনা হয়েছে তখন বিরোধী বন্ধুরা সংশয় প্রকাশ করেছিলেন যে, সার্চ কমিটিতে স্টেট গভর্নমেন্টের প্রতিনিধ রাখা নিয়ে। আসলে আয়নায় তারা নিজেদেরই মুখ দেখছিলেন। কারন তারা তো বিশ্ববিদ্যালয়গুলির উপাচার্য করেছিলেন আলিমুদ্দিনের বসে থাকা মানুষদের। কিন্তু কল্যাণি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য যখন বাইরের রাজ্য থেকে হায়দ্রাবাদ বিশ্ববিদ্যালয়ের মিঃ রতনলাল হাঙ্গলু নিযুক্ত হলেন তখন ম্যাডাম, এদের আর কথা বলার জায়গা থাকল না। আর 'মুখে নাহি ঈশ্বরে ভাষ' অন্তরে দগ্ধ হয়ে যাচ্ছি। তাহলে ম্যাডাম, পঞ্চায়েত, পুরসভার ফল এদের যে বেদনাটার সৃষ্টি করেছে সেই বেদনার ফলেই ওরা কি করে সভা থেকে বেরিয়ে যাবেন এই ফিকির সর্বদাই করছেন। আমরা নিরুপায়। ম্যাডাম, সাম্প্রতিক ইতিহাসে ২০১২-১৩ এই অর্থ বর্ষটি শিক্ষার ক্ষেত্রে গুরুত্বপুর্ণ অধ্যায় রচনা করেছি। একটা বছরের মধ্যে চারটি নতুন বিশ্ববিদ্যালয়, তিনটি নতুন সরকারি কলেজ। ৯টা সরকারি সাহায্যপ্রাপ্ত কলেজ গড়ে তুললেন। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এক বছরে যেটা করলেন চৌত্রিশ বছরে বামফ্রন্ট সেটা করতে পারেননি। হিসাব কি বলছে দেখুন — কাজি নজরুল বিশ্ববিদ্যালয় আসানসোলে চালু হয়ে গেছে। কুচবিহারে পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়, ডায়মন্ডহারবারে মহিলা বিশ্ববিদ্যালয়। আর রাজ্যে প্রথম প্রাইভেট ইউনিভার্সিটি, টেকনো ইন্ডিয়া প্রাইভেট ইউনিভার্সিটি। স্বাধীনতার ছেষট্টি বছর পরেও রাজ্যে নতুন বিশ্ববিদ্যালয় ক'টা করতে পেরেছিলেন বামফ্রন্ট? স্বাধীনতা পূর্বে ১৮৫৭ সালে ২৪শে জানুয়ারী কোলকাতা বিশ্ববিদ্যালয় হয়েছিল, যাদবপুর ১৯৫৫ তে হয়েছিল, বর্ধমান এবং কল্যাণি ১৯৬০ এ, রবীন্দ্রভারতী এবং উত্তরবঙ্গ ১৯৬২ তে। আপনারা অর্থাৎ বামফ্রন্ট কি করেছিলেন — ওয়েস্টবেঙ্গল স্টেট ইউনিভার্সিটি। বেশিরভাগ জলা-জমি কিনলেন। চার বছরে একটা বিল্ডিং বানাতে পারলেন না। দায়ভার আমাদের মা-মাটি-মানুষের সরকারকে নিতে হয়েছে। গৌড়বঙ্গ চালু করলেন, ধ্বংসও করেছিলেন, দায়ভার আমাদের নিতে হয়েছে। প্রেসিডেন্সি ইউনিভার্সিটির জন্য দু'টি লেজিসলেশনের মাধ্যমে প্রেসিডেন্সি ইউনিভার্সিটি অ্যামেন্ডমেন্ট এ্যাক্ট, ২০১৩ তৈরী করতে হয়েছে। কেন? To emerge as a centre of excellence. এই বিশ্ববিদ্যালয়কে শুধুমাত্র টিচিং ইউনিভার্সিটি করা হচ্ছে না, এটা একটা রিসার্চ ইন্সটিটিউট হিসাবে গড়ে উঠছে। তাই মাননীয়া মুখ্যমন্ত্রীর এত উদ্যোগ, এত আয়োজন। এর পরে আরও দু'টি বিশ্ববিদ্যালয় — একটি বাঁকুড়া বিশ্ববিদ্যালয়, অপরটি দিনের আলো দেখার অপেক্ষায়, সিকমস স্কীলস ইউনিভার্সিটি। শুধু বিশ্ববিদ্যালয় নয়, কলেজ স্থাপনেও মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী যে উদ্যোগ গ্রহণ করেছেন তা শুধু অনবদ্য নয়, প্রশংসনীয় নয়, তা ঐতিহাসিক। এক বছরের মধ্যে ২৩টি সরকারি কলেজ। বামফ্রন্ট ভাবতে পেরেছিল। যেখানে চৌত্রিশ বছরে তিনটি সরকারি কলেজ সেখানে এক বছরে ২৩টি কলেজ, সরকারি কলেজ। ২০১৩-১৪ আর্থিক বছরে ২৩টি সরকারি ডিগ্রি কলেজ অনুমোদিত হয়েছে। বাঁকুড়ায় যে বিশ্ববিদ্যালয় তৈরী হচ্ছে সেই বাঁকুড়ার রানিবাদ ও মেজিয়া গোপালপুরে, বর্ধমানে মঙ্গলকোটে এবং কালনা-১ এ, দার্জিলিং-এর পেডং ও গরুবাথানে, জলপাইগুড়ির বানারহাটে। শুনে রাখুন, কোন দিন তো এই সব ভাবেননি। মমতা ব্যানার্জী ভেবেছেন। বানারহাটে হিন্দি মহাবিদ্যালয় হচ্ছে। পশ্চিম মেদিনীপুরে মোহনপুর, খড়গপুর-২, গোপিবল্লভপুর-২, কেসিয়ারি এবং দাঁতন-২ এ। নদীয়ার নাকাশি পাড়ার মুরাগাছায়, টালিগঞ্জে এবং তেহট্টে। আরও আছে।

পুরুলিয়ার চোপরা এবং মাল বাজার-২ এ। উত্তর চব্বিশ পরগণনার ঠাকুর নগর এবং নিউ টাউনে। দক্ষিণ দিনাজপুরে হিলি এবং কুষমান্ডিতে। হুগলীর সিঙ্গুরে। দক্ষিণ চব্বিশ পরগণার হেস্টিংস হাউজ, আলিপুরে। এখানেই শেষ নয়। সরকারি সাহায্যপ্রাপ্ত সাধারণ ডিগ্রি কলেজ সেগুলিও মা-মাটি-মানুষের সরকারের নেতৃত্বে মমতা ব্যানার্জী নির্মাণ করে প্রমাণ করলেন উন্নয়ন মুখে হয় না, উন্নয়ন হয় কাজে। ৯টি কলেজ, কোথায় কোথায় হচ্ছে? ভাতারে, দোতন, তেহট্ট, ফালাকাটা, ধূপগুড়ি, পাটনা, আনন্দদীপ, নামখানা, চোপরাতে।

[2.10–2.20 p.m.]

স্যার, মাননীয় সদস্যরা শুনে খুশী হবেন State Higher Education Council, National Board of Accreditation Regional Centre হিসাবে নিযুক্ত হয়েছে। শুধু পশ্চিমবঙ্গে নয় eastern and north-eastern India-তে টেকনিক্যাল এবং ইঞ্জিনিয়ারিং-এ Accreditation-র দায়িত্ব পেয়েছে। শিক্ষা ক্ষেত্রে রাজ্যের গৌরব বৃদ্ধি পায়নি? যে শিক্ষা ব্যবস্থাকে বামফ্রন্ট ভেঙে চুরমার করে দিয়েছিল তা থেকে ঘুরে দাঁড়ালেন মাননীয়া মমতা ব্যানার্জী। কৃতিত্ব দিন, সেলাম ঠুকুন। বাংলার হৃতকেগৌরবকে ফিরিয়ে দিলেন যিনি তাঁর নাম মমতা বন্দ্যোপাধ্যায়।

পার্ট-টাইম টিচার। ২০১৩-র ১-লা অক্টোবর থেকে তিন বছর অন্তর এই নিয়মানুসারে ৫ শতাংশ হারে বর্ধিত ইনক্রিমেন্ট পাচ্ছেন। আর, যাঁরা ১০ বছরের বেশী কাজ করছেন তাঁরা ১৫ শতাংশ হারে অনুদানের অতিরিক্ত অর্থ পাচ্ছেন; রাজ্য সরকার সংবেদনশীল তাঁদের প্রতি। শুধু তাই নয়। পার্ট-টাইম এবং কন্ট্রাকচুয়াল শিক্ষকদের পে-প্যাকেটের আওতায় আনা হয়েছে। একই ভাবে তাঁদের বেতন দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। শিক্ষা ব্যবস্থাকে তো আপনারা পঙ্গু করে দিয়েছিলেন। বলুন তো 'ক বছর আপনারা অ্যাপয়েন্টমেন্ট বন্ধ করে রেখেছিলেন? আবার ইন্টারভিউ শুরু হয়েছে।

আরো একটা বড় সিদ্ধান্ত সরকার গ্রহণ করেছে। অনগ্রসর শ্রেণীর জন্য অর্থাৎ OBC-র জন্য উচ্চ-শিক্ষা ক্ষেত্রে আসন সংরক্ষণ। অথচ এর জন্য সাধারণ শ্রেণীর ছাত্রছাত্রীদের স্বার্থ ক্ষুণ্ণ হবেনা।

মহিলা বিশ্ববিদালয় পূর্ব-ভারতে প্রথম। নারী প্রগতির কথা মুখে বলা সহজ; কুমিরের কান্না প্রদর্শন আরো সহজ। কিন্তু রবীন্দ্রনাথ যে গান লিখেছিলেন মমতা ব্যানার্জীর কন্ঠে সেই গান — 'নারীকে আপন ভাগ্য জয় করিবার কেন নাহি দিবে অধিকার হে বিধাতা, নত করি মাথা পথপ্রান্তে কেন রব জাগি, ক্লান্ত ধৈর্য প্রত্যাশার পূরণের লাগি দৈবাগত দিনে'। সেই নারীর মর্যাদা দিয়ে কল্যাণময়ী মমতা ব্যানার্জী বাংলার গৌরবকে আরো বৃদ্ধি করে দিলেন একের পর এক নতুন নতুন পরিকল্পনা করে, নতুন বিশ্ববিদ্যালয়ে পড়ার পরিকল্পনা করে যা আমাদের অনগ্রসর জাতির ক্ষেত্রে একটা নতুন আলো দেখাচ্ছে, নতুন দিশা দেখাচ্ছে। স্বামী বিবেকানন্দ বলেছিলেন, 'দরিদ্র বালক যদি শিক্ষালয়ে না আসিতে পারে তবে তাহার নিকট শিক্ষা পৌঁছাইয়া দিতে হইবে'। মমতা ব্যানার্জী সেই আদর্শই গ্রহণ করেছেন। আর সেই জন্যই বাঁকুড়ায় বিশ্ববিদ্যালয় গড়ে উঠছে।

ম্যাডাম, আরেকটা দিক ভাববার আছে। শিক্ষার প্রসার যেমন প্রয়োজন তেমনি প্রয়োজন শিক্ষাকে সুষ্ঠ ভাবে পরিচালনা করা। বর্ধমান বিশ্ব-বিদ্যালয়ের ওপর থেকে এই বিশ্ব-বিদ্যালয় গড়ে উঠলে চাপ কমবে, পড়াশোনার ক্ষেত্র-টাও সুষ্ঠ ভাবে গড়ে তোলা সম্ভব হবে। পড়াশোনা, পরীক্ষার ফল, সুযোগ — সব কিছুই বাড়বে। তাই এই বিশ্ব-বিদ্যালয় বিল ঐতিহাসিক বলে অভিনন্দিত হবে। মাননীয় ব্রাত্য বসু যেটা লিখেছেন। তাই বাঁকুড়া বিশ্ববিদ্যালয় বিল-টি for extending higher education to meet the growing needs of the society। সেই কারণেই এই বিলের প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রীমতী মিনতি মিশ্র : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া এবং বিধানসভার সমস্ত সদস্য-সদস্যাবৃন্দ সকলকে নমস্কার, শুভেচ্ছা জানাই।

(এই সময় সভাকক্ষে মোবাইল ফোন বাজার শব্দ শোনা যায়।)

ম্যাডাম ডেপুটি স্পীকার : যাঁর মোবাইল-টা বাজছে দয়া করে বন্ধ করুন না হলে আমার কাছে জমা দিয়ে যান please.

শ্রীমতী মিনতি মিশ্র : মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে আমার আন্তরিক শ্রদ্ধা, কৃতজ্ঞতা, নমস্কার জানাই মাননীয়া অধ্যক্ষার মাধ্যমে। পশ্চিমবঙ্গে পরিবর্তনের কান্ডারী, মা-মাটি-মানুষের সুযোগ্যা নেত্রী তথা মুখ্যমন্ত্রীকে জানাই যে, অনগ্রসর বাঁকুড়ার শিক্ষা ক্ষেত্রে বাঁকুড়া-বাসী সদ্য প্রয়াত জননেতা, বিধায়ক কাশীনাথ মিশ্রের দীর্ঘ দিনের স্বপ্নকে আপনি বাস্তবে রূপায়িত করলেন বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে, বিশ্ববিদ্যালয় স্থাপনের মধ্যে দিয়ে। এজন্য বাঁকুড়াবাসী হিসেবে সকলের তরফে আপনাকে কৃতজ্ঞতা ও নমস্কার জানাই। বাঁকুড়ার মাটি পবিত্র হয়েছে বিশ্ব-বন্দিত বহু কৃতি সন্তানের পদধুলিতে। সর্বদিক থেকে অনগ্রসর বাঁকুড়া মহা-বিদ্যালয়ের কৃতি ছাত্রছাত্রীরা বেশীর ভাগই উচ্চতর শিক্ষার জন্য বাইরে যেতে পারত না তাঁদের আর্থিক অস্বচ্ছলতার জন্য। যাতায়াত করেও পড়াশোনা করতে পারত না। সেজন্য তারা চিরদিন উচ্চশিক্ষার ক্ষেত্রে বঞ্চিত। আপনি বাঁকুড়ায় বিশ্ববিদ্যালয় স্থাপনের মাধ্যমে উচ্চ শিক্ষার সেই সুযোগ করে দেওয়ায় বাঁকুড়াবাসীর পক্ষ থেকে আরো একবার ধন্যবাদ জানাই। শিক্ষা ক্ষেত্রে বাঁকুড়ার ছেলেমেয়েরা মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, জয়েন্টে প্রচুর মেধার পরিচয় রেখেছে। পূর্বের সরকার ৩৪ বছর থাকা সত্ত্বেও বিশ্ববিদ্যালয় স্থাপনের কোন প্রয়াসই করেনি। ফলে বাঁকুড়ার এই সমস্ত কৃতী ছাত্রছাত্রীরা বেশিরভাগই তাদের উচ্চশিক্ষা সম্পূর্ণ করতে পারত না। তারা সেই উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত হত। মাননীয়া মুখ্যমন্ত্রী বহুবার বাঁকুড়ার ছাত্রছাত্রীদের মেধার সুনাম করেছেন। তাদের কথা মনে রেখে, উচ্চ শিক্ষার প্রয়োগ করে সুযোগ করে দেওয়ার জন্য বিশ্ববিদ্যালয় স্থাপন বাঁকুড়াবাসীর হৃদয়ে চির অমলিন হয়ে থাকবে। এজন্য আমি আপনাকে আরো একবার আন্তরিক ধন্যবাদ জানাই। আমি নিজে ৪০ বছর শিক্ষিকা ছিলাম। সেখানেও দেখেছি আমার কৃতী স্টুডেন্ট — তারা এম.এ. পড়তে পারত না আর্থিক অভাবে। সেই অভাব আগামী দিনে আপনি দূর করছেন আমার বাঁকুড়ার ছেলেমেয়েদের জন্য সেজন্য আপনাকে অশেষ ধন্যবাদ। আমি সবাইকে আমার তরফ থেকে আবার নমস্কার জানিয়ে বক্তব্য শেষ করলাম।

শ্রী সুভাশীষ বটব্যাল : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে আজ এই পবিত্র কক্ষে বিভাগীয় মন্ত্রী মাননীয়া ব্রাত্য বসু মহাশয় বাঁকুড়া ইউনিভার্সিটি বিল—২০১৩ পেশ করেছেন, সেই বিলের পক্ষে আমার প্রতিবেদন পেশ করছি Madam, today is the red letter day in the history of education at Bankura. It is the emotion to the overall Bankura people today, Madam. আজকে এটা একটা আমাদের ইমোশানের দিন, এটা একটা ঐতিহাসিক দিন। যেদিনে মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশক্রমে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু কয়েক মাস আগে উত্তরবঙ্গের কোচবিহারে এবং আসানসোলে কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের এই বিল পেশ করেছিলেন এবং সেই বিল পাশ হয়েছিল। সেইদিন আমাদের অন্তরে একটা আশা জেগেছিল যে বাঁকুড়াতেও একটা বিশ্ববিদ্যালয় হতে পারে। যে বাঁকুড়া জেলায় সংস্কৃতি, কৃষ্টির দিক দিয়ে শিক্ষার দিক থেকে এগিয়ে থাকলেও সেখানে উচ্চ শিক্ষা প্রসারের প্রতিষ্ঠানগত সুবিধার ক্ষেত্রে আমরা অনেকটা পিছিয়ে আছি। আমাদের মেধার অভাব নেই, আমাদের যোগ্যতার অভাব নেই, আমাদের আগ্রহের অভাব নেই, আমাদের শিক্ষাদীক্ষার অভাব নেই, কিন্তু আমাদের অভাব ছিল কিছু প্রতিষ্ঠানের। জানি আমাদের মধ্যে দারিদ্র্য আছে, আমাদের এলাকার মধ্যে অনেক মানুষ বিলো-প্রভার্টি লাইনে বাস করেন। কিন্তু আমাদের সেই শক্ত ভূমিতে যেখানে মানুষের মধ্যে লেখাপড়া, শিক্ষার যোগ্যতা সেখানে অনেকটা বেশি, সেখানে আমরা বারবার পশ্চিমবাংলার মধ্যে শুধু নয়, আমরা ভারতবর্ষে প্রমাণ দিয়েছি। আপনারা বিগত ১০-১৫ বছরের ইতিহাস ঘেঁটে দেখুন, মাধ্যমিক পরীক্ষা, হায়ার সেকেন্ডারি পরীক্ষা, ডব্লুউ. বি.সি.এস. পরীক্ষা, সর্বভারতীয় পরীক্ষা সমস্ত পরীক্ষাতে বাঁকুড়া জেলার ছেলেরা প্রথম থেকে দশম স্থান অধিকার করেছে। অধিকাংশ ছেলেরা এগিয়ে গিয়েছে কিন্তু হায়ার এডুকেশানের দিকটাতে আমাদের সুযোগসুবিধা না থাকার জন্য প্রতিষ্ঠানগত সুযোগসুবিধা না থাকার জন্য, আমাদের যে পারসেন্টেজ অব স্টুডেন্ট পড়াশোনা করার ক্ষমতা ছিল তারা সেই সুযোগসুবিধা পায়নি। তাদের কখনও বা বর্ধমান বিশ্ববিদ্যালয়ে, কখনও বা বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে, কলকাতা বিশ্ববিদ্যালয়ে কখনও বা পশ্চিমবাংলার বাইরে কখনও বা দক্ষিণ ভারতে গিয়ে পড়াশোনা করতে হয়।

[2·20–2·30 p.m.]

আমরা বর্ধমান বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা করেছি। সেখানে পড়াশুনা করতে গিয়ে আমাদের কত অসুবিধায় পড়তে হয়েছে। আমাদের বহু ছাত্র-ছাত্রী যারা অর্থনৈতিক দিক দিয়ে দুর্বল ছিল তাদেরকে পড়াশুনা করার জন্য টিউশানি করতে হত কিন্তু আজকে আমাদের মুখ্যমন্ত্রী, আজকে আমাদের শিক্ষা মন্ত্রী সুযোগটা আমাদের করে দিলেন, আমাদের নায্য দাবীটা তিনি পূরণ করে দিলেন। আমি বাঁকুড়াবাসী হিসাবে আমি আপনাদিগকে অভিনন্দন জানাই। আমি অভিনন্দন জানাচ্ছি আমাদের মুখ্যমন্ত্রীকে এবং আমাদের শিক্ষা মন্ত্রীকে। আমরা বাঁকুড়া জেলার ছেলেমেয়েরা সুযোগ সুবিধা পেতে আরম্ভ করলাম। এইজন্য কৃতজ্ঞতাটা প্রত্যেকটা বাঁকুড়াবাসীর পক্ষ থেকে আজকে পবিত্র কক্ষে উনাদের আমরা জানাচ্ছি। এখানে 'বাঁকুড়া ইউনিভার্সিটি বিল, ২০১৩' পেশ করা হয়েছে। অন্যান্য যে ১৩টি বিশ্ববিদ্যালয় আছে সেই জেনারেল ইউনিভার্সিটির মত একই সিস্টেমে সেই সমস্ত বিষয়গুলি আমাদের এই বিশ্ববিদ্যালয়ে থাকবে। এখানে পাওয়ার অফ দ্য ইউনিভার্সিটির কথা বলা

হয়েছে। এখানে ৩৫টি দফা দেওয়া হয়েছে। এই বিশ্ববিদ্যালয়ে ৩৫ দফা কার্যকলাপ থাকবে। আমাদের বিশ্ববিদ্যালয়ের এক্তিয়ার হচ্ছে বাঁকুড়া জেলার মধ্যের এরিয়া। এর মধ্যে আমাদের ২১টি কলেজ আছে। এই ২১টি কলেজকে নিয়ে বাঁকুড়া বিশ্ববিদ্যালয় পরিচালিত হবে। যে ৩৫টি দফা, এই দফাগুলির মধ্যে কি না—সেই কলেজগুলিকে অ্যাফিলিয়েশান দেওয়ার ক্ষমতা, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগগুলি তৈরি, বিভাগীয় প্রধানদের নিয়োগ এবং এখানে যিনি চ্যান্সেলার হবেন তিনি আমাদের রাজ্যপাল—উনি চ্যান্সেলার, উনিই প্রধান হবেন। তিনি সরকারের সঙ্গে আলোচনা করে একটা সার্চ কমিটি তৈরি করবেন। সেই সার্চ কমিটির কারা কারা মেম্বার হবেন তার কথাও বলে দেওয়া হয়েছে। সার্চ কমিটির যারা মেম্বার হবেন তার মধ্যে থাকছেন nominee of Chancellor, who will be the Chairperson of the Committee. কমিটির চেয়ারপার্সন যিনি হবেন তিনি চ্যান্সেলারের নমিনি। নম্বর টু a nominee of the State Government, স্টেট গভর্মেন্টের একজন নমিনি থাকবেন। আর একজন a nominee of the Court. এই তিনজন নিয়ে সার্চ কমিটি তৈরি হবে। সেই সার্চ কমিটি তৈরি করবে ভাইস চ্যান্সেলার কে হবেন। তারা একটা তিনজনের প্যানেল তৈরি করবেন। সেই প্যানেল পাঠাবেন, সেই প্যানেলটা কিন্তু alphabetically হবে না, সেটা হবে according to the priority. এক, দুই, তিন করে priority অনুযায়ী তিনটি নাম পাঠানো হবে, সেই priority অনুযায়ী সরকারের মন্ত্রীর সঙ্গে আলোচনা সাপেক্ষে chancellor vice-chancellor নিয়োগ করবেন। vice-chancellor এর ক্ষমতা কি আছে সেগুলি পরিষ্কার ভাষায় বলা আছে। একটা বিশ্ববিদ্যালয়ের সমস্ত ডিপার্টমেন্টগুলি vice-chancellor থেকে আরম্ভ করে অন্যান্য ডিপার্টমেন্টে যারা থাকবেন সেই সমস্ত—কি কি ডিপার্টমেন্ট থাকবে সেগুলোও বলা হয়েছে। কি কি থাকবে? অথরিটি কি? না, কোর্ট থাকবে, execuvive council থাকবে, Faculty council of Post Graduate Studies থাকবে, the Council of Under-graduate Studies থাকবে, Board of Studies থাকবে, finance committee থাকবে। আর other authorities as may be established under the statute. statute-এ বিবরণ থাকবে যে সমস্ত ডিপার্টমেন্টের কে কে থাকতে পারে statute অনুযায়ী তাদেরকে নিয়োজিত করা হবে। court এর সদস্য কারা হবেন সেগুলো পরিষ্কার ভাষায় বলে দেওয়া আছে ১৭ নম্বরে। The Court shall be consist of the following members করে বলা আছে। এখানে ex-officio members কারা কারা হচ্ছেন সেখানেও ১৩ জন। ১৩ জন থাকছেন কে কে? chancellor থাকছেন, vice-chancellor থাকছেন, Dean of Faculty Council for Post Graduate Studies থাকছেন, the Secretary, Higher Education Department, Government of West Bengal এর। আর, the Secretary, Finance Department, Government of West Bengal থাকছেন অথবা তার nominee থাকছেন। আর The Chairman, West Bengal State Council of Higher Education ; The President, West Bengal Council of Higher Secondary Education ; The President, West Bengal madrasha education Board, The President, West Bengal Board of Secondary Education; The

Director of Public Instruction, West Bengal বা তার নমিনি থাকছেন, A Nominee of Chairman of University Grants Commission, nominee of the National Council of Teachers Education ; আর the Chairman of the College Service Commission or a Member of the Commission as his nominee এরা মেম্বার থাকছেন। এছাড়া থাকছেন representatives of Departments and Colleges. কলেজের বিভিন্ন ডিপার্টমেন্টের যারা representative তারা থাকবেন। পরিষ্কার ভাষায় একদম বিলের মধ্যে বলে দেওয়া আছে। তাতে বলা আছে হেডস অফ ডিপার্টমেন্টস অফ দি ইউনিভার্সিটি, five seniormost Professors of Departments of University to be selected by the Vice-Chancellor in alphabetical order of the Department. আর থাকছেন কে? principals of affiliated Colleges not more than ten to be nominated by the Vice Chancellor আর কে কে থাকছেন? One shall be from a Teachers Training College ; টিচার ট্রেনিং কলেজ থেকে একজন প্রতিনিধি, One shall be from a Law College, ল' কলেজের থেকে একজন প্রতিনিধি থাকবেন। One shall be from other Professional College; প্রফেশনাল যে সমস্ত কলেজগুলো আছে এম. বি. এ বা বিভিন্ন রকমের, সেখান থেকে একজন রিপ্রেজেন্টেটিভ থাকবেন। One shall be from Women's College; উইমেনস কলেজের থেকে একজন প্রতিনিধি থাকবেন। আর কে কে থাকছেন? five teachers from the Council of Undergraduate studies of whom at least two shall belong to the rank of Associate Professor and others shall be not below the rank of Assistant Professor. এইগুলো সম্পূর্ণভাবে পরিষ্কার ভাষায় আলাপ-আলোচনা করে দেওয়া হয়েছে। এখানে একটা আর্থিক ব্যাপারে বলা হয়েছে যে এই নতুন কলেজটি তৈরি করতে গেলে, ইউনিভার্সিটি তৈরি করতে গেলে কিছু ফাইনান্স দরকার আছে। সেইজন্য তখনই হিসাব করে দেখা গেছে যে ১৫ কোটি টাকার মতো খরচা হবে। তার বিল্ডিং তৈরি করা, ল্যাবরেটরী, লাইব্রেরী সহ বিভিন্ন যে সমস্ত বিল্ডিং, ফার্নিচারস, ইকুইপমেন্টসের জন্য দরকার আছে তার জন্য ১৫ কোটি টাকা initially লাগবে। তারপরে লাগবে রেকারিং খরচা হিসাবে পাঁচ কোটি টাকা। যে পাঁচ কোটি টাকাতে ভাইস চ্যান্সেলার, ও অন্যান্য আধিকারিক ও কর্মচারীদের মাইনে দেওয়া হবে। আর পরবর্তীকালে ইউনিভার্সিটি চালু হলে যে সমস্ত টাকাটা কালেকশান হবে স্টুডেন্টসদের কাছ থেকে বা বিভিন্ন ডিপার্টমেন্ট থেকে, সেই সমস্ত টাকাকেও খরচা করা যেতে পারে সুতরাং পশ্চিমবাংলায় আমাদের যা বাজেট হবে এডুকেশান ডিপার্টমেন্টে, ইউনিভার্সিটিতে সেই বাজেটের অংশ দেওয়া থাকবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি। সকলকে ধন্যবাদ।

শ্রী পার্থ ভৌমিক : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী শ্রী ব্রাত্য বসুর প্রণীত দি বাঁকুড়া ইউনিভার্সিটি বিল ২০১৩-এর সমর্থনে দু-চারটি কথা বলতে চাই। রবীন্দ্রনাথ ঠাকুর শিক্ষা প্রসঙ্গে বলতেন "শিক্ষা হল ব্যক্তি জীবনের পরিপূর্ণ বিকাশ সাধন"। এক কথায় মনুষ্যত্বের বিকাশ সাধন। আবার স্বামী বিবেকানন্দ বলতেন "শিক্ষা হল ব্যক্তি মানুষের মধ্যে

অবস্থিত মহত্ত্বের প্রকাশ"। তাঁর মতে শিক্ষার মূল লক্ষ্য হল "শিক্ষার্থীর মধ্যে আত্মনির্ভরতা বৃদ্ধি করা"। আর শিক্ষার ব্যপ্তি সম্পর্কে তিনি বলেছেন "নতুন ভারত বের হোক লাঙল ধরে, চাষার কুটির ভেদ করে, জেলে মালো, মুচি, মেথরের ঝুপড়ির মধ্য থেকে, বেরোক কারখানা থেকে, হাট থেকে, বাজার থেকে, বেরোক ঝোপ-জঙ্গল, পাহাড়-পর্বত থেকে।" বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নিজে ব্যক্তিগতভাবে বিশ্বাস করতেন শিক্ষার উৎকর্ষ এবং তার ব্যপ্তির উপরে। মাননীয় উপাধ্যক্ষা মহাশয়া, আপনি জানতেন যে একটা সময়ে জঙ্গল মহলে একদল মানুষ বিশ্বাস করতেন বন্দুকের নল হল ক্ষমতার উৎস। আবার বন্দুকের নল ক্ষমতার উৎস—একে মিথ্যা প্রমাণ করতে গিয়ে ৩৪ বছর ধরে রাজত্ব করা একটি সরকারী দল, তারা ভাবনা-চিন্তা করতেন যে বন্দুক দিয়েই বন্দুকের নল ক্ষমতার উৎস, এই কথাটাকে মিথ্যা প্রমাণিত করব। এর ফল হিসাবে আমরা প্রতিনিয়ত খবরের কাগজ কিংবা ইলেকট্রনিকস মাধ্যমে আমরা দেখতে থাকতাম একের পর এক মৃতদেহের ছবি। এমন একটা দিনও ২০০৯ সাল, ২০১০ সাল, ২০১১ সালের প্রথমার্ধও বাদ যায়নি। যেখানে আমরা মৃতদেহের ছবি আমরা খবরের কাগজে কিংবা ইলেকট্রনিকস মিডিয়ার দেখিনি। ঠিক সেই অবস্থার গুণগত পরিবর্তন করবার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় শিক্ষার বিস্তারের কথা ভেবেছিলেন। তার প্রাসঙ্গিকতার কথা ভেবেছিলেন এবং মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়ের পথ ধরেই মাননীয় শিক্ষামন্ত্রী সচেষ্ট হলেন কিভাবে জঙ্গলমহলে শিক্ষার বিস্তার ঘটানো যায়।

[2.30–2.40 p.m.]

যেহেতু এটা বাঁকুড়া বিশ্ববিদ্যালয় বিল তাই আমি যদি পুরো জঙ্গলমহলকে বাদ দিয়ে শুধু বাঁকুড়ার দিকে তাকাই তাহলে আমরা দেখতে পাব এই বাঁকুড়ার বুকেই নতুন সরকারী কলেজ রাণীবাঁধ এবং মেজিয়া গোপাল যেটা ২০১৫-১৬ সালে শুরু হবে। আর যদি আপনি জঙ্গলমহলের দিকে তাকান তাহলে আপনি দেখবেন লালগড়ে সরকারী বিশ্ববিদ্যালয়, শালবনীতে, নোয়াগ্রামে, ঝাড়গ্রামে রাজ্য কলেজ মহিলা শাখা। আপনি যদি পশ্চিম মেদিনীপুরের দিকে তাকান তাহলে দেখবেন মোহনপুর, ধরমপুর টু, গোপীবল্লভপুর টু, দাঁতন টু। আপনি যদি পুরুলিয়ার দিকে তাকান তাহলে দেখবেন মানবাজার টু এগুলো সরকারী এবং যদি এডেডের কথা ভাবেন তাহলে দেখবেন পূর্ব মেদিনীপুরে সিদ্ধিনাথ মহাশ্যামসুন্দরপুর এবং পুরুলিয়ার বুকে সীতারাম মাহাতো মেমোরিয়াল কলেজ। শুধু তাই নয় প্রাথমিক স্তর থেকে গড়ে তোলার জন্য, শিক্ষা বিস্তারের জন্য শুধুমাত্র জঙ্গলমহলের বুকে আপ গ্রেডেশান করা হয়েছে ৩৫১টি স্কুলের, নিউ সেট আপ আপার প্রাইমারী ৩০১। শুধু বাঁকুড়ার ক্ষেত্রে আপগ্রেডেশান ৬৫, নিউ সেটআপ আপার প্রাইমারী ৬৮। অর্থাৎ শিক্ষার ক্ষেত্রে যাতে তাকে তুলে নিয়ে যাওয়া যায় তারজন্য সচেষ্ট হয়েছেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু মমতা বন্দ্যোপাধ্যায়ের পথ ধরে। তিনি কি ভেবেছিলেন? মমতা ব্যানার্জীর নির্দেশ অনুযায়ী ব্রাত্য বসু প্রথমে শিক্ষা দপ্তর হাতে নিয়ে ভেবেছিলেন যে, স্বাধীনতা থেকে ১৯৭৭ সাল অবধি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ছিল মাত্র ১১। ৩৪ বছর একটা দল সরকার চালাল, ৩৪ বছরে অর্থাৎ সাড়ে তিন দশকে আমরা তিনটে বিশ্ববিদ্যালয় পেয়েছি বাংলার বুকে —একটি উত্তর ২৪ পরগণার বারাসাতে, আর একটা সিধু কানহু, আর একটা ওয়েস্ট বেঙ্গল টেকনো মেডিকেল ইউনিভার্সিটি। আমি বলতে চাই যারা

বাঁকুড়ার ছাত্র-ছাত্রী ছিলেন, তাদের পড়াশুনা করবার জন্য বিশ্ববিদ্যালয় হয় বর্ধমানে দৌড়ে যেতে হত অথবা সিধু কানহতে দৌড়ে যেতে হত এবং আমরা দেখতাম অনেক গরীব মানুষ যারা যাতায়াতের অভাবের জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষা গ্রহণ করতে পারেননি। সেই দিকে নজর দিয়েই সারা পশ্চিমবাংলার সাথে সাথে জঙ্গল মহলের দিকেও নজর দেওয়া হয়েছিল এবং সারা পশ্চিমবাংলার বুকে যখন আসানসোল, কোচবিহার, ডায়মন্ডহারবার এবং টেকনো ইন্ডিয়াকে দিয়ে বেসরকারী বিশ্ববিদ্যালয় করা হয়েছিল, ঠিক তেমনি ভাবেই জঙ্গলমহলের কথা ভেবেই বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ের দিকেও নজর দেওয়া হল যাতে এই এলাকার ছেলেমেয়েরা, জঙ্গলমহলের মানুষেরা, পুরুলিয়ার মানুষেরা নিজেরা নিজেদের এলাকায় পড়াশুনার মাধ্যমে শিক্ষার মানকে বাড়াতে পারে। আমি তাই ধন্যবাদ জানাচ্ছি মাননীয় শিক্ষা মন্ত্রীকে, যে তিনি তার নিজস্ব দৃষ্টিভঙ্গী থেকে এই কথা ভেবেছেন এবং শুধু তাই নয়, যাতে কোন জায়গায় সরকারী পোস্ট ফাঁকা না থাকে, শিক্ষকের পোস্ট ফাঁকা না থেকে তার দিকেও তিনি সচেষ্ট হয়েছেন। আমি তাই বলতে চাই একটা জাতির উন্নতির জন্য, একটা জীবন যাত্রার উন্নতির জন্য যদি একটা লক্ষ্যকে সামনে রেখে এগিয়ে যেতে হয়, সেখানে শিক্ষার একটা বিশাল বড় ভূমিকা আছে। তাই শিক্ষা ক্ষেত্রকে প্রাধান্য দিয়ে সারা বাংলার সাথে সাথে জঙ্গল মহলকেও যে প্রাধান্য দেওয়া হয়েছে, তারজন্য মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং তার সরকারের শিক্ষা মন্ত্রী মাননীয় ব্রাত্য বসুকে আমি আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। কারণ তিনি শিক্ষাটাকে চতুর্দিকে ছড়িয়ে দিতে চেয়েছিলেন, সমস্ত জাতির মধ্যে ছড়িয়ে দিতে চেয়েছেন। আপনি তো জানেন একটা সময় জঙ্গল মহলের মানুষকে নিয়ে সারা বাংলার মানুষ নয়, সারা ভারতবর্ষের মানুষ চিন্তিত ছিলেন। প্রথম মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, যিনি চিন্তা করেছিলেন যে, শুধুমাত্র বন্দুকের নল দিয়ে এই সমস্যাকে দূরীভূত করা যাবে না। তাই তিনি বিভিন্ন প্রোজেক্ট নিয়েছিলেন। তিনি যেরকম তার খাদ্যমন্ত্রীকে দিয়ে ২ টাকা কেজি দরে চাল বিতরণ করেছিলেন, তিনি যেরকম তার ক্রীড়া মন্ত্রীকে দিয়ে জঙ্গলমহলের মধ্যে ফুটবল খেলা চালু করেছিলেন, তিনি যেরকমভাবে ৫০ হাজার পুলিশের চাকরীতে নিয়োগে করেছিলেন। ঠিক তেমনিভাবেই শিক্ষা ক্ষেত্রে যাতে তারা এগিয়ে আসে তারও ব্যবস্থা করেছেন। শুধু তাই নয়, এইসমস্ত শিক্ষা ক্ষেত্রে যাতে জঙ্গলমহলের মেয়েরা, ছেলেরা সবাই স্কুলে যেতে পারে, অনেকটা পথ অতিক্রম করার জন্য তাদের যাতে কষ্ট না হয়, তাদের জন্য তিনি সাইকেলও বিতরণ করেছিলেন।

সমস্ত জঙ্গলমহল জুড়ে যখন এই শিক্ষা ক্ষেত্রে প্রগতির জন্যে মমতা ব্যানার্জী নামে জয়ধ্বনি করছেন, তখন দেখা যাচ্ছে জঙ্গলমহলের একদল মানুষ এই বিলে কিংবা এই শিক্ষা ক্ষেত্রে সিপিএম ৩৪ বছরেও অগ্রগতি করেনি বলে আজকে জঙ্গলমহলে দাঁড়িয়ে তারা গান গাইছে—'সূর্য ডোবার পালা আসে যদি আসুক, বেশ তো'। ধন্যবাদ।

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি হয়তো একটু অন্য টোনে কথা বলব, একমাত্র আমি হয়তো। প্রথমে আমি শিক্ষা মন্ত্রীকে ধন্যবাদ দিচ্ছি যে আর একটা নতুন ইউনিভার্সিটি এই রাজ্যের মানুষকে প্রেজেন্ট করার জন্য। এবং তিনি অনেকগুলো নতুন ইউনিভার্সিটি করলেন, এটার জন্যও তাঁকে ধন্যবাদ। যেটা বিগত সরকার করতে পারেনি এবং যেটা খুবই প্রয়োজন ছিল যে আরো বেশ কিছু ইউনিভার্সিটি হওয়া। এখানে যে কাজটা করা হচ্ছে সেটা হল বাঁকুড়ায়

যে কলেজগুলো আছে, সেই কলেজ গুলোকে বর্ধমান বিশ্ববিদ্যালয় থেকে disaffiliate করে নতুন যে বিশ্ববিদ্যালয় অর্থাৎ বাঁকুড়া ইউনিভার্সিটি তিনি করছেন, সেই বাঁকুড়া ইউনিভার্সিটিতে এটা তিনি অ্যাফিলিয়েট করতে চাইছেন। তাতে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের যে লোড কমবে এটা খুবই স্বাভাবিক এবং সেটা দরকারও ছিল। কিন্তু প্রব্লেমটা হচ্ছে অন্য জায়গায়, যেটা আমি একটু অ্যাড্রেস করতে চাইছি। সেটা হল, খুব স্বাভাবিক ভাবেই এই বিশ্ববিদ্যালয় আইনটা যখন আজকে এখানে পাশ হবে, তখন ইউ.জি.সি ২ এফ ধারায় এটি স্বীকৃতি পাবেই। কারণ এই বিধানসভায় সেটা পাশ হচ্ছে। কিন্তু ১২ বি ধারায় স্বীকৃতিটা অত্যন্ত গুরুত্বপূর্ণ, যেটা মাননীয় মন্ত্রী মহাশয় জানেন। ইউ জি সি ১২ বি ধারা। এবং তাতে স্বীকৃতি পেতে গেলে যে ইনফ্রাস্ট্রাকচার, টিচিং পোস্ট, লাইব্রেরি, ল্যাবরেটরি আরো যে যে বিষয়গুলো লাগবে, সেই বিষয়গুলো এক দিনে হয়ে যাবে, সেটাও আমার বলার বিষয়বস্তু নয়। কিন্তু যে প্রব্লেমটা হতে যাচ্ছে বাঁকুড়ার যে কলেজগুলো বর্ধমান বিশ্ববিদ্যালয়ের মতো একটা পুরনো ঐতিহ্যসম্পন্ন বিশ্ববিদ্যালয় থেকে disaffiliate করে একটা নতুন বিশ্ববিদ্যালয়ে যাচ্ছে, যার ১২বি স্বীকৃতি বেশ কিছুদিন ধরে থাকবে না। তাতে সেই বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, কলেজগুলোর ছাত্র-ছাত্রী এবং কলেজগুলোর অবস্থা অন্যরকম পর্যায়ে গিয়ে দাঁড়াবে। যেটা শুনেছি বারাসাতে যে রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয় আছে, কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে যে কলেজ গুলোকে সেখানে নিয়ে যাওয়া হয়েছিল, তাদের যাওয়ার ক্ষেত্রেও মানসিকভাবে অনেক সমস্যা ছিল। মন্ত্রী মহাশয় জানেন যে বারাসাত রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয় এখনও পর্যন্ত ১২ বি ধারায় স্বীকৃতি পায়নি। তারা নানারকম প্রস্তাব দিচ্ছে। ঠিক তেমনি মালদহে গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়, সেটাও ১২ বি ধারায় স্বীকৃত হয়নি। এই সমস্ত বিশ্ববিদ্যালয়গুলোতে যে ইনফ্রাস্ট্রাকচার দরকার ছিল, সেই ইনফ্রাস্ট্রাকচার, বিগত সরকারের সময় এই বিশ্ববিদ্যালয় তৈরি হয়েছিল কিন্তু এখনও পর্যন্ত সেই বিশ্ববিদ্যালয়গুলোর পরিকাঠামো সঠিক জায়গায় গিয়ে পৌঁছোয়নি এবং তাতে সমস্যা তৈরি হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা তো নিশ্চয়ই, আফিলিয়েটেড কলেজের শিক্ষকরা সমস্যায় পড়ছেন। ফলে এই বিষয়টা দেখার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। অনুরোধ করছি আরো একটা বিষয়ে, যে এখানে statute কি ভাবে তৈরি হবে সেটা লেখা আছে। কিন্তু first statute লাগু না হলে যে সমস্যা, সেটা মন্ত্রী মহাশয় জানেন। রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ে কি সমস্যা তৈরি হয়েছে, গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ে কি সমস্যা তৈরি হয়েছে তা দেখার জন্য আমি রিকোয়েস্ট করছি, যাতে first statute তৈরি হয় এবং দ্রুত সেখানে first statute লাগু হয় তার ব্যবস্থা করা। এটা অত্যন্ত জরুরী। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে রিকোয়েস্ট করছি। জঙ্গলমহলে একটা বিশ্ববিদ্যালয় হচ্ছে। জঙ্গলমহলের মানুষের প্রয়োজনের দিকে তাকিয়ে যেন সেখানে কোর্স, কারিকুলাম, সাবজেক্ট এবং বিষয়বস্তু ঠিক করা হয়। ঠিক যেমন করে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে, সেখানে হিলের উপযোগী কিছু বিষয় পড়ানোর ব্যবস্থা আছে, সেটা আপনারা জানেন। ফলে জঙ্গলমহলে যে বিশ্ববিদ্যালয়টা হচ্ছে সেখানে যাতে সেই ব্যবস্থা করা হয়, সেটা আমি দেখার জন্য অনুরোধ করছি। আমি অন্য যে পয়েন্ট গুলো বলছি, সেই পয়েন্ট গুলো আমাদের দীর্ঘদিনের সমালোচনা। সেই সমালোচনা হচ্ছে আশিস বাবু এখানে ঊনবিংশ শতাব্দীতে কলকাতা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হয়েছিল, সেটা বলেছেন। কিন্তু সেই বিশ্ববিদ্যালয় যখন তৈরি হয়, তখন তার পরিচালন ব্যবস্থায় যে প্রতিনিধিত্বমূলক ব্যবস্থা ছিল, সেই প্রতিনিধিত্বমূলক ব্যবস্থা ক্রমাগত কমতে কমতে আজকে বর্তমান রাজ্য সরকারের সময় কিন্তু প্রতিনিধিত্বের ব্যবস্থা আরো অনেক কমেছে।

[2.40–2.50 p.m.]

এবং সেখানে যেটা বেড়েছে, পদাধিকার বল এবং মনোনীত সদস্য, সেই সদস্যসংখ্যা কিন্তু ক্রমাগত বাড়ছে। তার মধ্যে দিয়ে ডেমোক্রেসি যে ক্রমাগত সংকুচিত হয় নিশ্চয় আশিস বাবু এটা মেনে নেবেন। আশিস বাবু ওটা বলেছেন, কিন্তু এটা বলেননি যে, ঊনবিংশ শতাব্দিতে কলকাতা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হবার সময় তার যে গণতান্ত্রিক পরিকাঠামো ছিল, সেই পরিকাঠামো বিগত সরকারের সময় অনেক বিনষ্ট হয়েছে এবং এখনও কিন্তু সেই বিনাশের জায়গায় ক্রমাগত যাচ্ছে। এই সরকার এসে যখন বিশ্ববিদ্যালয় আইন সংশোধন করে তখনও এই সমালোচনাগুলো আমরা করেছিলাম। সেই পরিবর্তনগুলো কিন্তু এখনও পর্যন্ত হ'ল না। এবং দেখা গেল এই মনোনীত এবং পদাধিকার বল সদস্যের সংখ্যা এখনে কিন্তু অনেক বেশী থেকে যাচ্ছে, elected representation এর সংখ্যা অনেক কমছে।

এখানে আর একটা বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আমি। বাঁকুড়া ইউনিভার্সিটি কাউন্সিলের কথা বলা হয়েছে, বলা দরকার ছিল, কারেক্টলি বলা হয়েছে। কিন্তু বাঁকুড়া ইউনিভার্সিটি কাউন্সিল ট্রানিজসান ফেজে। অর্থাৎ বিশ্ববিদ্যালয় যখন পরিপূর্ণ তৈরী হবে, সেই তৈরী হবার পরে এই university এর যে code, executive council, সেইগুলো ফর্মেশন হবে, সেই ফর্মেশন হওয়ার আগে এইরকম একটা transition phase এ বাঁকুড়া ইউনিভার্সিটি কাউন্সিল তৈরী করাটা অত্যন্ত জরুরী, সেটা তৈরী করার প্রস্তাব দিয়েছেন, ঠিকই করেছেন। কিন্তু সমস্যা যেখানে হয়ে রয়েছে, যেটা আমি মন্ত্রী মহাশয়কে ব্যক্তিগত ভাবেও অনেকবার বলেছি, যেটা বারাসাত স্টেট ইউনিভার্সিটির ক্ষেত্রে যে সমস্যায় তারা ভুগছেন। এখানে দেখুন লেখা আছে, 59(2)(vii)ধারা, 'not less than ten and not more than fifteen persons nominated by the Chancellor in consultation with the Minister from amongst the persons interested in university education-, etc. etc. এখানে যে ঘটনা ঘটছে ওইসব বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে। বিগত সরকার এটা তৈরী করে গেছে, এখনও পর্যন্ত সেটা পরিবর্তন হয়নি। বারাসাত বা গৌড়বঙ্গের ক্ষেত্রে আমরা দেখেছি একেবারে বাইরের লোক, যাদের সঙ্গে ওই বিশ্ববিদ্যালয়ের কোন সম্পর্কই নেই, যাদের বিশ্ববিদ্যালয়ের সম্বন্ধে কোন ধারণাই নেই, তারাই কিন্তু ওই বিশ্ববিদ্যালয় ব্যবস্থা পরিচালনা করছে। অর্থাৎ বারাসাত স্টেট ইউনিভার্সিটি এবং গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয় ব্যবস্থা পরিচালনা করছে। অর্থাৎ বারাসাত স্টেট ইউনিভার্সিটি এবং গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ের ভেতরের পরিস্থিতি সম্পর্কে যাদের কোন ধারণা নেই, ২০০৮ এর পরে পাঁচ বছর চলে গেছে, এখনও পর্যন্ত সেই বিশ্ববিদ্যালয়গুলো পরিচালনার ক্ষেত্রে তারাই দাঁড়িয়ে আছেন। এখানে যেটা বলা হয়েছে, interested persons, interested in university education, এটা কিন্তু properly defined নয়। এবং এই properly defined না হওয়ার ফলে যে ঘটনাটা ঘটছে, সেই ঘটনাটা ওই দুটো বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে ঘটছে। সুতরাং আমার পয়েন্ট হচ্ছে, এখনই তারা ওই বিশ্ববিদ্যালয়ের ভেতরের লোককে নিয়ে Bankura University Council তৈরী করতে পারবেন না। কিন্তু কিছুদিন পর কিছু টিচার যখন অ্যাপয়েন্টেড হবে, আরও অনেক কমিউনিটি যখন বিশ্ববিদ্যালয়ের ভেতরে ঢুকবে, তারা যখন পার্মানেন্ট স্টাফ হিসাবে আসবে,

আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি, ব্যবস্থাটা এমন ভাবে করুন যাতে বাঁকুড়া ইউনিভার্সিটি কাউন্সিলে সেইরকম লোকজন আসে যারা বিশ্ববিদ্যালয়ের পরিচালনার ক্ষেত্রে ভূমিকা পালন করতে পারবেন।

আর শেষ যে বিষয়, সেটা ভি.সি. নির্বাচন। এখানে যে নতুন পদ্ধতি Search Committee, সেখানে আমাদের সমালোচনা ছিলই। কিন্তু সেই সমালোচনার ক্ষেত্রে মূলতঃ ছিল সরকারের প্রতিনিধি। সরকারের প্রতিনিধি থাকার প্রয়োজনীয়তা কোথায়? বিশ্ববিদ্যালয় তো পরিচালিত হয় সরকারের তৈরী করা আইন দিয়েই, সেখানে সরকারের নানা Ex-officio member আছে। ফলে সরকারের প্রতিনিধি গিয়ে একজন Vice Chancellor নির্বাচন করবেন, এটা আমরা আগেও সমর্থন করিনি এখনও সমর্থন করতে পারছি না। এক্সপেকটেড ছিল নতুন আইন তৈরী করার সময় মাননীয় মন্ত্রী এখানে একটু পরিবর্তন করবেন। কিন্তু সেই পরিবর্তন হয়নি।

আমি কতগুলো অ্যামেন্ডমেন্ট দিয়েছি, যেগুলো অত্যন্ত technical, যেগুলো আমার মনে হয়েছে বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে সমস্যা হবে, ফলে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি যাতে সেই অ্যামেন্ডমেন্টগুলো তিনি গ্রহণ করেন। ধন্যবাদ জানিয়ে আমরা বক্তব্য শেষ করছি।

শ্রী আশুতোষ মুখার্জী : মিঃ স্পীকার স্যার, আজকে 'দি বাঁকুড়া ইউনিভার্সিটি বিল, ২০১৩' শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী সম্মানীয় ব্রাত্য বসু মহাশয় এখানে উপস্থাপন করেছেন তাকে পূর্ণ সমর্থন করে এই বিষয়ে দু-চার কথা বলছি। বাঁকুড়ার একজন বিধায়ক হিসাবে, বাঁকুড়ার জনগণের দীর্ঘ প্রত্যাশা পূরণের জন্য বাংলার জননেত্রী, মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন তাকে আমি প্রথমেই ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাচ্ছি এবং কৃতজ্ঞতা জানাচ্ছি। বাঁকুড়া জঙ্গলমহল অধ্যুষিত এলাকা আপনারা সকলেই জানেন। বামপন্থীদের অত্যাচারে অত্যাচারিত বাঁকুড়ার সমস্ত মানুষকে সংগঠিত করে বাংলার জননেত্রী বলেছিলেন যে সন্ত্রাসকে মোকাবিলা করতে হবে উন্নয়ন দিয়ে। আজকে বাঁকুড়াবাসীর কাছে গর্ব বাঁকুড়াতে ইউনিভার্সিটি হতে চলেছে। এ বিষয়ে আমাদের মনে রাখা দরকার যে শুধুমাত্র একটি ইউনিভার্সিটি নয় সারা পশ্চিমবাংলায় উন্নয়নের যে কর্মযজ্ঞ চলছে সেই সামগ্রিক কর্মযজ্ঞে সাযুজ্য বজায় রেখে বাঁকুড়ার এই ইউনিভার্সিটি। বাঁকুড়ায় আমাদের বেশ কিছু প্রাইমারি স্কুল, ডিগ্রী কলেজ, ইঞ্জিনীয়ারিং কলেজ, আপার প্রাইমারি, প্রাইমারি থেকে আরম্ভ করে আমাদের যে সমস্ত স্কুলগুলি আছে, কলেজগুলি আছে দীর্ঘদিন বাঁকুড়ার ছেলেরা হায়ার এডুকেশন, পোস্ট গ্র্যাজুয়েট থেকে তারা বঞ্চিত হত। অভাবগ্রস্ত পরিবারের ছেলে বর্ধমান ইউনিভার্সিটিতে এসে তাদের পড়াশোনার করার কোন ক্ষমতা তাদের ছিল না। অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়া ওই জেলা পশ্চিমবাংলার মানচিত্রে একটি বিরাট আকার ধারণ করেছিল। বাঁকুড়া জেলায় অনেক মেধাবী ছাত্র প্রতি বছর আপনি যদি দেখেন হায়ার সেকেন্ডারি বা সেকেন্ডারি এডুকেশানে যখন রেজাল্ট বেরোয় বাঁকুড়ার ছেলেরা প্রথম এবং দ্বিতীয় স্থান অধিকার করে থাকে। এ বছরও জয়েন্ট এনট্রান্স পরীক্ষায় বাঁকুড়ার ছেলে প্রথম স্থান অধিকার করেছে। কিন্তু আমরা দীর্ঘদিন ধরে বাঁকুড়ায় একজন শিক্ষামন্ত্রী পেয়েছিলাম। সেই শিক্ষামন্ত্রী

বিশ্ববিদ্যালয়ের চিন্তা ভাবনা তার কিছু ছিল না। একটা কলঙ্কের অধ্যায় আমাদের বহন করে চলতে হয়েছিল। তার আমলে সারা পশ্চিমবাংলায় শিক্ষা ব্যবস্থায় একটা ভন্ডুল, বিশৃংখল অবস্থা সৃষ্টি হয়েছিল এবং তিনি দৃষ্টান্ত ছিলেন ইংরেজি তুলে দেওয়া প্রাথমিক স্তর থেকে। এই ধরনের সিদ্ধান্ত তিনি গ্রহণ করেছিলেন। বাঁকুড়ার ক্রিশ্চান কলেজের মত একটা প্রতিষ্ঠিত কলেজ ছিল। সেই কলেজের নাম আছে সারা পশ্চিমবাংলার ক্ষেত্রে। শিক্ষা ব্যবস্থা এবং পঠন পাঠনও ছিল খুব উচ্চ মানের। আমরা দেখেছিলাম সেই সময়ে বামফ্রন্টের আমলে সেখানে যিনি প্রিন্সিপ্যাল ছিলেন সেই প্রিন্সিপ্যালকে ঢুকতে পর্যন্ত দেওয়া হয় নি। তাকে কলেজ চালাতে হয়েছিল তার কোয়ার্টারে বসে। তখন শিক্ষামন্ত্রী ছিলেন আমাদের বাঁকুড়ার লোক। এই ধরনের একটা অবস্থার মধ্যে শিক্ষা অন্ধকারের দিকে বামপন্থীদের আমল থেকে চলে এসেছিল। কারণ এরা শিক্ষা ব্যবস্থার জন্য কোন চিন্তা ভাবনা করে নি। শিক্ষার প্রগতির কথা চিন্তা ভাবনা করে নি। পরম্পরা, প্রগতিশীল, কৃষ্টি এবং সংস্কৃতিকে ধ্বংস করার একটা প্রয়াস গ্রহণ করেছিল। কখনো রবীন্দ্রনাথকে বুর্জোয়া, শরৎচন্দ্রকে সাম্প্রদায়িক বিবেকানন্দের বিরুদ্ধে এই ধরনের মন্তব্য করে বাংলার কৃষ্টি এবং সংস্কৃতিকে এরা দিনের পর দিন শেষ করে যাচ্ছিল। সেই অবস্থার মধ্যে বাংলার জননেত্রী মমতা ব্যানার্জী আজকে শুধুমাত্র বাঁকুড়া ইউনিভার্সিটি নয় ডায়মন্ড হারবারে মহিলা কলেজ থেকে আরম্ভ করে কাজী নজরুল ইউনিভার্সিটি আসানসোল, পঞ্চানন বর্মা ইউনিভার্সিটি উত্তরবঙ্গ তিনি প্রতিষ্ঠা করেছেন এবং শিক্ষাকে সর্বস্তরে পৌঁছে দেওয়ার জন্য তিনি চিন্তা ভাবনা করেছেন।

[2.50–3.00 p.m.]

আমরা দেখেছিলাম আজকে ব্রাত্য বাবু একাই শিক্ষা দপ্তরকে পরিচালনা করছেন। কিন্তু বামপন্থীদের আমলে আমরা দেখেছি প্রাথমিক বিভাগের শিক্ষামন্ত্রী, মাধ্যমিক বিভাগের শিক্ষামন্ত্রী, উচ্চ শিক্ষামন্ত্রী যাঁরা একজন অপরের পরিপূরক হিসাবে না থেকে ক্রমশই সংঘাতের মধ্যে জড়িয়ে পড়েছিলেনব। এই কারণে শিক্ষাজগতে একটা অচলাবস্থা তৈরী হয়েছিল। বামপন্থীদের আমলে একটা ক্যাপিটেশন আরম্ভ হয়েছিল। শিক্ষার সিলেবাস থেকে পঠনপাঠন এবং গণ টোকাটুকি থেকে আরম্ভ করে সমস্ত রকমের ব্যবস্থাই বহাল ছিল বামপন্থীদের আমলে। আজকে সেক্ষেত্রে ব্রাত্যবাবু তিনি শিক্ষাকে সর্বস্তরে পৌঁছে দেওয়ার চেষ্টা করছেন। আজকে আমাদের অনুন্নত জেলা বাঁকুড়ার জেলার কাছে আজ হচ্ছে একটা গৌরবময় দিন এবং এটাকে আজকে আমাদের অনুন্নত জেলা বাঁকুড়ার জেলার কাছে আজ হচ্ছে একটা গৌরবময় দিন এবং এটাকে আজকে একটা স্মরণীয় এবং ঐতিহাসিক দিন বলে মনে করি। আজকে এই জায়গা থেকে দাঁড়িয়ে আমাদের যে বাঁকুড়া ইউনিভার্সিটি বিল এখানে আনা হয়েছে, এখানে পরিস্কারভাবে ব্রাত্যবাবু সমস্ত কথা বলেছেন। কেমনভাবে একজিকিউটিভ কাউন্সিল হবে, কেমনভাবে কোর্ট হবে এই ব্যাপারে অত্যন্ত গণতান্ত্রিক প্রথায় এখানে উল্লেখ করেছেন। তাই আমরা আজকে বাঁকুড়া অধিবাসী হিসাবে এই সভাকে কৃতজ্ঞতা জানাচ্ছি এই ধরনের বিলকে সমর্থন করার জন্য। সর্বস্তরের সম্মানীয় যে সমস্ত বিধানসভার সদস্য আছেন, তাঁরা এই বাঁকুড়া ইউনিভার্সিটি বিলকে সমর্থন করে আজকে অনুন্নত বাঁকুড়াকে শিক্ষার অঙ্গনে আরও এগিয়ে দেওয়ার জন্য যে প্রয়াস গ্রহণ করেছেন, তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। আজকে এই বিলের যে সমস্ত স্ট্যাটু তৈরী হয়েছে, যে অ্যাক্ট তৈরী হয়েছে, সেই সমস্ত বিষয়গুলি অনেক

বক্তাই তার বক্তব্যের মধ্যে তুলে ধরেছেন। তাই এই ব্যাপারে আমি আর সময় নিতে চাই না। যে গণতান্ত্রিক প্রথায় এই বাঁকুড়া ইউনিভার্সিটি কাউন্সিল তৈরীর জন্য যে সমস্ত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, তাকে পূর্ণ সমর্থন জানিয়ে এবং এই বাঁকুড়া ইউনিভার্সিটির কাজ যাতে অচিরেই আরম্ভ হয় তা জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অরূপ কুমার খাঁ : মাননীয় চেয়ারম্যান স্যার, বাঁকুড়া ইউনিভার্সিটি বিল ২০১৩ মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী ব্রাত্য বসু যেটি এনেছেন সেই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর উদ্যোগে সারা বাংলায় যে উন্নয়নের কর্মযজ্ঞ চলছে, সেই উন্নয়নের কর্মযজ্ঞে আরও একটি পালক যোগ হল এই বাঁকুড়া ইউনিভার্সিটি বিল। বাঁকুড়া ইউনিভার্সিটি বিলে নিয়ম এবং আইন সম্পর্কে সব কিছু বলা আছে। গত জানুয়ারী মাসে বাঁকুড়ার জঙ্গলমহলে মাননীয়া মুখ্যমন্ত্রীর একটি সরকারী সভা ছিল। সেই সভাতে দাঁড়িয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী সেদিন ঘোষণা করেছিলেন এই ইউনিভার্সিটির কথা। তিনি জঙ্গলমহলে গিয়ে বাঁকুড়া জেলার ছেলেমেয়েদের পড়াশোনার আগ্রহ দেখেছিলেন এবং বাঁকুড়া দীর্ঘদিন ধরে মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, জয়েন্ট এন্ট্রান্স, ডবলু বি সি এসে সারা বাংলার মধ্যে এক থেকে দশের মধ্যে স্থান করে নিতে পেরেছিল। সেইজন্য তিনি বলেছিলেন বাঁকুড়ায় একটা ইউনিভার্সিটি করার ইচ্ছা আছে। কত তৎপরতার সাথে এবং দ্রুততার সাথে- গত নভেম্বর মাসে বাঁকুড়ায় গিয়েছিলেন মাননীয়া মুখ্যমন্ত্রী একটি সরকারি সভায়। সেটাও জঙ্গল মহলের বারিকুলের পন্যপানিমাটি -তিনি দাঁড়িয়ে ঘোষণা করেছিলেন যে বাঁকুড়ায় একটা ইউনিভার্সিটি তৈরি হবে। গত অক্টোবর মাসে, এই ২০১৩। আজকে ২০১৩-র ২৭শে নভেম্বর। গত দ্রুততার সাথে এই বিলটি এনে মাননীয়া শিক্ষামন্ত্রী সেটা আজকে উত্থাপন করেছেন, বিভিন্ন বক্তা তাঁদের বক্তব্য রেখেছেন। বাঁকুড়ার ভৌগোলিক অবস্থান অনুযায়ী বাঁকুড়ার জঙ্গলমহলের চারটি ব্লক ছাড়াও বাঁকুড়ার আরো ১৮টি ব্লক এবং ৩টি মিউনিসিপ্যালিটি আছে-মোট ২৫টি। বাঁকুড়ার যে জায়গায় এই ইউনিভার্সিটি হচ্ছে, সেটা বাঁকুড়া শহর থেকে প্রায় ৪ কিলোমিটারের মধ্যে। আমাদের একজন কলিগ্ দান করেছেন ৪.৪২ একর। যেটা মিথিলা মৌজার মধ্যে পড়ে, প্রায় ১৫ বিঘা জমি। আরেকটা সরকারি খাস জমি-বাঁকুড়া জেলার তিলাবেড়া মৌজায় এন.এইচ. ৬০ রোডের ওপরে, যার পরিমাণ হচ্ছে ৮.৪৭ একর, প্রায় ২৫ বিঘা। ২৫ এবং ১৫ বিঘা -প্রায় ৪০ বিঘা জমির ওপরে এই ইউনির্ভাসিটি হবে। আমরা ছোটবেলায় বইতে পড়তাম যে, একটা মানুষের জীবন ধারণের জন্য তিনটি জিনিসের প্রয়োজন-অন্ন -বস্ত্র-বাসস্থান । কিন্তু একটা দেশ এবং জাতিকে এগিয়ে নিয়ে যেতে পারে দুটো জিনিস, তার প্রাথমিক ধাপ হচ্ছে শিক্ষা। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজকে সারা বাংলার সাথে সাথে হায়ার এডুকেশনের জন্য আজকে যতগুলো ইউনিভার্সিটি হয়েছে- সেটা আসানসোলে কবি নজরুল ইসলামের নামে, উত্তরবঙ্গের কোচবিহারে পঞ্চানন বর্মার নামে, ডায়মন্ডহারবারে মহিলা কলেজ এবং বেসরকারি উদ্যোগে টেক্নোর যে বিশ্ববিদ্যালয়, তার সাথে বাঁকুড়ার এই ইউনিভার্সিটি বিল। একটা সময় ছোট বেলায় আমরা শুনতাম যে, ভারতবর্ষের মধ্যে শিক্ষা জগতে বাংলা ১ থেকে ৩ এর মধ্যে আছে। কিন্তু ৩৪ বছরের রাজত্বে আমরা পিছোতে পিছোতে ১৯ থেকে ২৩ এ চলে গেছি। একটা সময় ৬০ এর দশকে বাংলার শিক্ষার যে মান ছিল -বহু অঙ্গরাজ্য থেকে বহু মানুষ এই কোলকাতায়

পড়তে আসতেন। এই পড়তে আসার জন্য আমাদের বাংলার বহু রাজস্ব আদায় হ'ত। কারণ, বাইরে থেকে মানুষ যখন একটা জায়গায় আসেন, তখন তার প্রয়োজনের অনেকগুলো দিক থাকে। যার জন্য কলকাতার বুকে অনেক মেস বাড়ি তৈরি হয়েছিল। এত লোক বাইরে থেকে, অঙ্গরাজ্য থেকে যখন আসেন পড়াশুনার জন্য- কোলকাতা বিশ্ববিদ্যালয়ে বা আশুতোষ কলেজে বা সিটি কলজে বা গোয়েঙ্কা কলেজে-আজকে সেইসব জায়গায় মানুষ অঙ্গরাজ্য থেকে আসতো। কিন্তু ৩৪ বছরের বামফ্রন্টের রাজত্বে আমাদের শিক্ষা ব্যবস্থার মানটা এমন ভেঙ্গে পড়েছিল যে, আমাদের রাজ্য থেকে যারা উচ্চ শিক্ষায় শিক্ষিত হতে চান, তারা অন্য অঙ্গ রাজ্যে চলে যেতেন। তার ফলে বাংলার অনেক রাজস্ব, আমাদের টাকা অন্য রাজ্যে চলে যেতো, আমাদের রাজস্বের ক্ষতি হ'ত।

[3.00–3.10 p.m]

মুখ্যমন্ত্রী সরকারে বসে ২০১১ সালের পরিবর্তনের পরে মাননীয় মুখ্যমন্ত্রী প্রথম বলেছিলেন বাংলার যে মেধা আছে, যে মেধাশক্তি আছে, সেটাকে আমাদের বাংলার মধ্যেই ধরে রাখতে হবে, তবেই আমাদের বাংলার বিকাশ হবে। আজকে উচ্চশিক্ষার এই যে বাঁকুড়া ইউনিভার্সিটি বিল, আমাদের বাঁকুড়ার ছেলেমেয়েদের জন্য বা আশেপাশের ছেলেমেয়েদের জন্য এই ইউনিভার্সিটি স্থাপন হলে আজকে আমাদের ছেলেমেয়েদের উচ্চশিক্ষার জন্য অন্য জায়গায় যেতে হবে না, তারা এখানেই উপকৃত হবে। বাঁকুড়ায় এখন ২১টি কলেজ আছে, আরও দুটি কলেজ মুখ্যমন্ত্রী প্রস্তাবিত করেছেন, একটা মেজিয়াতে এবং একটা জঙ্গলমহলে। আজকে তাই এই বিলের সমর্থনে এসে আমি একটা কথাই বলতে চাই এই বিশ্ববিদ্যালয় গঠনের জন্য মাননীয় ব্রাত্য বসু ১৫ কোটি টাকা নন-রেকারিং এক্সপেন্ডিচারের জন্য রেখেছেন এবং ৫ কোটি টাকা রেকারিং এক্সপেন্ডিচারের জন্য খরচ হবে এবং বাকি টাকাটা স্টুডেন্ট ফীজ, এগজামিনেশান ফীজ্ এবং ইউ.জি.সি. গ্রান্ট থেকে পাওয়া সম্ভব হবে। বাকিটা বাজেটের মাধ্যমে তার পরে আসবে। কিন্তু বাঁকুড়া জেলার আমাদের পুরনো, যে প্রাচীন আজ থেকে ধরুন বহুদিন আগে উনিশশো শতকের, বাঁকুড়ার মাটিতে এই শিক্ষা ব্যবস্থায় আমরা যেমন আজকে অনুন্নত জেলা হিসাবে চিহ্নিত হয়ে আছি দীর্ঘদিন ধরে, মাননীয়া মুখ্যমন্ত্রী আজকে বাঁকুড়া, পুরুলিয়া এবং পশ্চিমমেদিনীপুর জেলাকে উন্নত জেলায় পরিণত করার জন্য, আজকে যেমন অর্থনৈতিক দিক থেকে স্বাবলম্বী করছেন, তেমনি আবার শিক্ষাগত যোগ্যতায় বাঁকুড়া, পুরুলিয়া এবং পশ্চিম মেদিনীপুরের ছাত্রছাত্রীদের পড়াশোনার জন্য যে ব্যবস্থা করেছেন। এবং আমার বাঁকুড়া জেলায় তখনকার দিনে উনিশশো শতকে এমন একজন মানুষ জন্মগ্রহণ করেছিলেন যিনি ছিলেন বিজ্ঞানী, তিনি বিষ্ণুপুরে জন্মগ্রহণ করেছিলেন, যাঁর নাম হচ্ছে বশিষ্ট সেন। যিনি আচার্য জগদীশ চন্দ্র বসুর সাথে বারো বছর গবেষণা করেছিলেন। আজকে শিক্ষা ক্ষেত্রে তিনিও কিন্তু বাঁকুড়ার একজন মানুষ, তিনি একজন বিজ্ঞানী। বাঁকুড়ায় রামকিংকর বেইজ্ একজন ভাস্কর্য শিল্পী, তিনি বাঁকুড়ায় জন্মগ্রহণ করেছিলেন। বাঁকুড়ায় যামিনী রায় থেকে শুরু করে নাট্যকার ক্ষিরোদ প্রসাদ বিদ্যাবিনোদ থেকে শুরু করে বহু মানুষ সেই উনিশ শতকে এই রাঢ় বাঁকুড়ায়, শাল-পিয়ালের জঙ্গলমহলের বাঁকুড়ায় এইসব মানুষ জন্মগ্রহণ করেছিলেন। তাই আজকে বাঁকুড়াতে উচ্চশিক্ষার জন্য এই ব্যবস্থাকে সমর্থন জানিয়ে এবং মুখ্যমন্ত্রীর প্রচেষ্টা বাঁকুড়া অনুন্নত জেলাকে উন্নত জেলায় পরিণত হবে। আজকে কিন্তু মাত্র দু মাসের মধ্যে জানুয়ারী মাসে তিনি বলেছিলেন,

অক্টোবর মাসে তিনি বাঁকুড়ায় গিয়েছিলেন, এবং নভেম্বর মাসে এই বিলটার মাধ্যমে আগামী দিনে বাঁকুড়ার ছেলেমেয়েদের উচ্চশিক্ষা পাওয়ার জন্য অন্য জায়গায় যেতে হবে না। বর্ধমানে এখন স্যাচুরেটেড হয়ে গেছে, সুতরাং বাঁকুড়ার ছেলেমেয়েরা বাঁকুড়ায় বসে এবং আশেপাশের জেলা থেকেও আসবে এই বাঁকুড়া ইউনিভার্সিটিতে। এই বাঁকুড়া ইউনিভার্সিটির ইনফ্রাস্ট্রাকচার যদি ঠিকমতো গড়ে তোলা যায় তাহলে এটা আগামী দিনে বাংলার স্বার্থে, বাঁকুড়ার স্বার্থে আরও আরও এগিয়ে যাবে। বাঁকুড়ার ছেলেমেয়েরা শিক্ষাগত যোগ্যতার মানে আরও বেশী তাদের প্রভাবিত করতে পারবে, এই কথা বলে এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী শ্যামাপ্রসাদ মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটিকে সমর্থন করতে গিয়ে নতুন করে কোন তথ্য দিয়ে কথা বলার কোন প্রয়োজন রাখে না। কারণ আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি মাত্র দু-মাসের মধ্যে কোন একটা ঘোষণাকে রূপয়িত করার লক্ষ্যে শিক্ষামন্ত্রী মাননীয় ব্রাত্য বসুকে যে নির্দেশ দিয়ে আজকে তিনি বিধানসভায় এই বিল পেশ করেছেন, স্বভাবতই বাঁকুড়ার মানুষ হিসাবে আমি উল্লসিত এবং গর্বিত। গর্ব অনুভব করি এই কারণে যে ৩৪ বছর কেন, তার আগে থেকে আমরা বাঁকুড়া জেলার মানুষ চাতক পাখীর মতো চেয়েছিলাম বাঁকুড়া জেলায় শিক্ষাক্ষেত্রে একটা নতুন দিগন্ত শুরু হোক। যেটা আমরা পাইনি তার ফলে আমাদের একটা মানসিক বেদনা ছিল। কিন্তু আমরা দেখলাম আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী গত অক্টোবর বাঁকুড়ায় যে যে সিদ্ধান্ত নিয়েছিলেন এবং ঘোষণা করেছিলেন, অনতিবিলম্বে দুই মাসের মধ্যে সেই ঘোষণাকে রূপায়িত করলেন। আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী ব্রাত্যবাবু এই বিল পেশ করেছেন। আমি বাঁকুড়ার মানুষ হিসাবে তাকে নিশ্চয়ই সমর্থন করছি কারণ আমি প্রথমেই বললাম আমি গর্বত, উল্লসিত। আনেক আগেই বাঁকুড়ার ছেলেমেয়েরা শিক্ষা জগতের বিভিন্ন ক্ষেত্রে তাদের কৃতিত্বের যে স্বাক্ষর রেখেছেন সে বিষয় নতুন করে বলার অপেক্ষা রাখে না। মাননীয়া মুখ্যমন্ত্রী বিভিন্ন সময় তাঁর বক্তৃতাতে প্রায়ই উল্লেখ করতেন বাঁকুড়ার মেধা আছে। সেই মেধা বিকাশের লক্ষে আজকে বাঁকুড়া জেলাতে উচ্চ শিক্ষার এক নতুন দিগন্ত খুলে গেল। তার সঙ্গে সঙ্গে আমি মনে করি এবং আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি বলেছেন যে, বাঁকুড়ার এই বিশ্ববিদ্যালয়কে কেন্দ্র করে, মাননীয় শিক্ষামন্ত্রী তিনিও ভাববেন, তিনি ভেবেছেন, নিশ্চয়ই ভেবেছেন যে একটা এডুকেশানাল হাব তৈরী হতে পারে বাঁকুড়াতে। এবং তার সূত্রপাত ঘটবে এই বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ের মাধ্যমেই। এ বিষয় বলার জন্য মাননীয় স্পীকার আমাকে সুযোগ দিয়েছেন তাঁকে অশেষ ধন্যবাদ জানাচ্ছি। আমি সমর্থন করি একেবারে আমার অন্তর-অন্তরস্তর থেকে সমর্থন করি। এই বিশ্ববিদ্যালয়ের পূর্ণাঙ্গ রূপ যত তাড়াতাড়ি হবে ততই বাঁকুড়ার মঙ্গল হবে, জঙ্গলমহলের মঙ্গল হবে। শুধুমাত্র জঙ্গলমহল বললে হবে না, আমাদের পিছিয়ে পড়া তকমা বাঁকুড়ার মানুষের পিঠি সেঁঠে দেওয়া হয়েছে দীর্ঘদিন ধরে। পশ্চিম বাংলায় যে রাজত্ব চলছিল, সে শাসন ক্ষমতা চলছিল দীর্ঘদিন ধরে সেই শাসনের প্রতি আমি ব্যঙ্গ করেই বলতে চাই যে, আর নতুন করে আমাদেরকে পিছিয়ে পড়া বলা যাবে না। আজকে বাঁকুড়ার মানুষ নতুন করে এগিয়ে যাচ্ছে, এগিয়ে গেছে অনেকটা। এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর হাত ধরে অনতিবিলম্বে বেশ কয়েক বছরের মধ্যেই আমি মনে করি তিন/চার বছরের মধ্যেই বাঁকুড়া জেলা অনেকটা এগিয়ে যাবে। অন্তত একটা উলম্ফনে বাঁকুড়া জেরলা আজকে সামনের সারিতে এসে পশ্চিমবাংলার অন্যান্য

জেলার সঙ্গে সমানে পাল্লা দিয়ে বাঁকুড়াবাসীর মুখ উজ্জ্বল করবে এবং বাঁকুড়ার নাম উজ্জ্বল করবে। ভাষা বিশারদ ছিলেন আচার্য সুনীতি কুমার চট্টোপাধ্যায়, তিনি বাঁকুড়া ঘুরতে গিয়ে বাঁকুড়া সম্পর্কে বলেছিলেন, 'বাঁকুড়াবাসী মুড়ি খায় রাশি রাশি'। হ্যাঁ, আমরা মুড়ি খাই। আমরা মাঠে মুড়ি খাই, ঘরে মুড়ি খাই, আমরা বিভিন্ন জায়গায় আলাপ আলোচনার সময় চায়ের দোকানে বসে মুড়ি খাই। কিন্তু বাঁকুড়ার মুড়ি খাওয়া মানুষগুলো, মুড়ি খেকো মানুষগুলো মেধাতে কিন্তু কমতি নয়। আজকে মেধাতে কিন্তু তারা অনেক বেশি এগিয়ে গেছে। সেই মেধাকে স্বীকার করে আজকে পশ্চিমবাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী যে ব্যবস্থা নিয়েছেন তার জন্য তাঁকে আমার কৃতজ্ঞতা, ধন্যবাদ। মাননীয় ব্রাত্যবাবুকে ধন্যবাদ জানিয়ে আমার কথা শেষ করছি এবং মাননীয়া স্পীকার সাহেবকেও ধন্যবাদ জানাচ্ছি।

শ্রী ব্রাত্য বসু : ধন্যবাদ, মাননীয় স্পীকার মহোদয়। আজকে বাঁকুড়া ইউনিভার্সিটি বিল ২০১৩ এই বিধানসভায় আমি পেশ করেছি। আজকে বুঝতেই পারছেন মাননীয় মহোদয় যে, সভা অনেকটাই পানসি কেননা বিরোধীরা নেই। আমরা বক্তব্য রাখছিলাম, আমরা বলছিলাম, বিরোধীরা থাকলে — একমাত্র শিবরাত্রির শলতের মত এস.ইউ.সি.আই-এর তরুণ নস্কর। তিনি কিছু কথা বলেছেন। এখন এরা থাকলে আরও ভালো হত। শুরুতে সকালবেলা যে ঘটনা ঘটিয়েছেন সেটা প্রসঙ্গে কেউ কেউ শ্রী পরেশ দত্ত এবং অনারেবল সদস্য এদের আচরণ নিয়ে 'নাটক' শব্দটি উচ্চারণ করেছেন। আমি একটু সংশোধন করে বলতে চাই ওনাদের, আমার মনে হচ্ছে এটা সংশোধন করা দরকার যে, এটি নাটক নয়। নাটক মানে উন্নত গোত্রের জিনিস। এটা একটা তৃতীয় শ্রেণীর যাত্রা পালা। সকালে যেটা ওরা ঘটিয়েছিলেন। এখন এখানে থাকলে ভালো হত। এই নাটকের সংলাপ দিয়ে বলা যায়, শব্দটি কংগ্রেসের অবস্থান ডি.এল.রায়-এর শাহাজাহানের শুরু, তাই তো এত বড় দুঃসংবাদ দারা। কংগ্রেসের অবস্থান হচ্ছে সে রকম। আর সি.পি.এমের অবস্থা গিরিশ ঘোষের একটি নাটকের সংলাপের মত। 'আমার সাজানো বাগান শুকিয়ে গেল'।

[3.10–3.20 p.m.]

আমার মনে হয় যে, যে কথাগুলো উঠে এসেছে সেটা হচ্ছে যে, বাঁকুড়া বিশ্ববিদ্যালয় কেন এটা unique। এটা বুঝতে হবে। গত নভেম্বর মাসে — যার জন্য বিল আজকে পেশ করেছি এবং যাঁর নির্দেশে আমি এই bill আজকে এখানে প্রস্তাব আকারে — মাননীয়া মুখ্যমন্ত্রী, গত নভেম্বর মাসে তিনি এটা চেয়েছিলেন এই বাঁকুড়ায় একটা বিশ্ববিদ্যালয় হোক। তারপর আমরা সেটা নিয়ে কাজ করি এবং সেটা পেশ করতে যাচ্ছি। এখন ঘটনা হচ্ছে যে, রবীন্দ্রনাথ যেটা এমন একটা, আমি সেটা quotation দিয়ে শুরু করতে চাই, বিশ্বভারতীর ১৪তম খন্ডে তিনি বলছেন, বিশ্ববিদ্যালয়ের মুখ্য কাজ বিদ্যার উৎপাদন। আর তার গৌণ কাজ বিদ্যাকে দান করা। অর্থাৎ decentralization। আমার মনে হয় যে, আমরা যদি ব্যাপারটাকে যদি এইভাবে দেখি যে, দেখুন, অনেক পাল্টে গেছে। আমরা যখন ছেলেবেলায় পড়াশুনা করেছি, আমাদের ক'টা Subject পড়তে হত? সাহিত্য, ভাষা, গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ইত্যাদি ইত্যাদি ইত্যাদি। কিন্তু ওই Globalisation আসার পর এখন অনেক Subject বেড়ে গেছে। Hotel management,

Tourism, Fashion technology, Environmental science, অজস্র নতুন নতুন Subject তৈরি হয়েছে। অর্থাৎ আমরা বলতে পারি, পৃথিবীর বিদ্যায়তন বিশ্ববিদ্যালয় এখন ক্রমশ, সাধারণীকরণ থেকে বিশেষীকরণের দিকে যাচ্ছে। Generalization থেকে Particularization -র দিকে যাচ্ছে। তার সঙ্গে সঙ্গতি রেখেই কিন্তু আমার বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে ওইরকম আঞ্চলিক বিশেষীকরণ ভাবনাই ভাবা উচিত।

মিঃ স্পীকার : একটু অনুরোধ করি। এর আগেও আমি একাধিকবার বলেছি যে, কেউ mobile phone রাখলে পরে আপনারা switch off mode-এ রাখবেন। কিন্তু তা সত্ত্বেও আমি দেখছি যে, প্রায়ই কারোর না কারোর mobile বেজে উঠছে। যাঁর mobile বেজেছে তাঁকে আমি বলি in all fairness আপনি আপনার Mobile-টা এখানে জমা দিয়ে যান। আমি তাও বুঝতে পারছি না কার Mobile phone বেজে উঠেছে। But in all fairness, I expect the member will definitely deposit his mobile phone on my table. Please continue.

শ্রী ব্রাত্য বসু : তো যেমন, ধরুন আমাদের দেশের বা রাজ্যের প্রথম বিশ্ববিদ্যালয় কোলকাতা বিশ্ববিদ্যালয়। সেটা যখন ১৮৫৭ সালে তৈরি হয় তার যে affiliating college ওরা যেটা করেছিলেন, ...

মিঃ স্পীকার : আপনি Mobile phoneটা জমা দিয়ে যান। কল্লোলবাবু আপনি Mobile phoneটা দিয়ে যান।

... (এই সময় মাননীয় সদস্য শ্রী কল্লোল খাঁ মহাশয় তাঁর Mobile phoneটি Hon'ble Speaker মহাশয়ের টেবিলে জমা দেন।) ...

শ্রী ব্রাত্য বসু : তো, যখন ১৮৫৭ সালে প্রথম কোলকাতা বিশ্ববিদ্যালয় তৈরি হয়, আপনারা হয়তো অনেকে জানেন, আবার অনেকে জানেন না। আপনারা তথ্য শুনলে অবাক হবেন, সেটা হচ্ছে যে, তার যে affiliating college-গুলো ছিল, তার ভৌগোলিক পরিসীমা কতটা ছিল বলুন তো। সে বর্গ কিলোমিটার যতটা; Calcutta University-র under-এ যে কলেজ ছিল বেশ বেশ কয়েক দশক ধরে এটা ছিল, একদিকে বার্মা আর একদিকে পেশওয়ার। এটা Calcutta University-র under-এ যত affiliating college সেটা কোলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে ছিল। আস্তে আস্তে Decentralize হতে হতে হতে হতে, তারপর যখন Left আমল এলো, আমরা দেখলাম যে, সেখানে বেশকিছু বিশ্ববিদ্যালয় তৈরি করার চেষ্টা করা হয়েছিল যেটা শ্রী তরুণ নস্কর বলেছেন। উনি statute-র কথা বলেছেন। আমি আপনাকে শেষ তথ্যগুলো জানাই, আমার মনে হয়, statute-র ক্ষেত্রে আপনার যে সংশয়গুলো ছিল এতে দূর হবে। আপনি বারাসাত বিশ্ববিদ্যালয়ের কথা বলেছেন। Statue কবে জমা দেবেন জানতে চেয়েছেন। আপনাকে জানাই এর statute তৈরি করে তারা জমা দিয়েছেন। Law department -এ এর draft টা পাঠিয়েছি আমরা এর vetting -র জন্যে। এরপর এটা অনুমোদন হয়ে গেলেই আমরা এটা Chancellor -র কাছে পাঠাবো। তিনি Final

Concurrence দেবেন। সিধু-কানহু বিশ্ববিদ্যালয়, আসুন পরেরটা। তারও statute, এর খসড়া তৈরি করেছে। ডিসেম্বর মাসে UC সেটা অনুমোদন করবে। তারপর সেটা উচ্চশিক্ষা দপ্তরে আসবে। গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয় তারা সেটার খসড়া পাঠিয়েছে, কিছু আইনের গন্ডগোল আছে, আমরা আবার ফেরৎ পাঠিয়েছি। এখন কথা হচ্ছে যে, দীর্ঘদিন ধরে কোন বিশ্ববিদ্যালয়ে যেটা ছিল না. এই স্ট্যাটিউটগুলো দেখতে হবে, এটা — কি গন্ডগোল, এটা আমরা সম্প্রতি সরকারিভাবে একটা পলিসি নিয়েছি। আমার উচ্চশিক্ষা দপ্তর এটা নিয়েছে। সেটা হচ্ছে, প্রত্যেক বিশ্ববিদ্যালয়ে আমরা একজন ল অফিসার নিয়োগ করছি। প্রতিটি বিশ্ববিদ্যালয়ে, রাজ্যে যত বিশ্ববিদ্যালয় আছে। তাদের প্রধান কাজ হবে স্ট্যাটিউট দেখা, অর্ডিনান্স, রেগুলেশানস এগুলো দ্রুত তৈরী করতে তারা বিশ্ববিদ্যালয়কে সাহায্য করবে এবং যার ফলে আপনি যে স্বশাসনের কথা বলছিলেন, যেখানে আপনি বুঝতে পারেন না, যে কেন সরকারের নমিনি থাকবে। সরকারের নমিনি — সরকার হচ্ছে সরকার। সরকারের নমিনি থাকতেই পারে। আপনি দেখেছেন, ইউ জি সি তার শেষ গাইড লাইনে বলছে, যখন ভাইস চ্যান্সেলার নিযুক্ত হবেন, তখন ইভিন আমাদেরও কোন প্রতিনিধি থাকবে না; এবং ঐ সরকারের, ঐ রাষ্ট্রের, ঐ স্টেটের, একটা মতামত থাকা বাঞ্ছনীয়। উচ্চ শিক্ষা দপ্তর — মন্ত্রী তো থাকছেন না, সরকারি প্রতিনিধি থাকছেন। যেহেতু সরকারের প্রতিনিধি হিসাবে এ্যাকাডেমিক কনসার্নড, যে পার্সন এডুকেশানিস্ট তার সংজ্ঞা যেমন আপনি বুঝতে পারেন না, যিনি এডুকেশানের সঙ্গে স্টেক হোল্ডার, এডুকেশান নিয়ে যার এত কনসার্ন আছে, যিনি আমাদের সমস্ত বিশ্ববিদ্যালয়গুলি সম্পর্কে, তার একটা, আমি বলব যে শিক্ষার একটা পরম্পরা আছে — সেই ধরনের লোকই এখানে যুক্ত হচ্ছে। আপনারা দেখলেই বুঝতে পারবেন এবং যুক্ত হচ্ছেন বলেই এই রাজ্যে গত ৩৪ বছরে এটা হয়নি। এই প্রথম। রাজ্যে কিন্তু এই প্রথম। এমন কি বাইরের রাজ্য থেকে একজন ভাইস চ্যান্সেলার এসেছেন এবং তিনি কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ডঃ এ কে হাঙলু, প্রখ্যাত হিস্টোরিয়ান, তিনি হিস্ট্রীতে নিযুক্ত হয়েছেন। ভাবাই যায় না। একটা অভিনব ব্যাপার। অর্থাৎ আমাদের রাজ্যের শিক্ষাবিদ শুধুমাত্র নন, আমরা যেটা বলছিলাম, যে শিক্ষার ক্ষেত্রে যেটা মাননীয় সদস্য পার্থ ভৌমিক বলছিলেন, আমরা দুটো জিনিস, দুটোই-তে জোর দিয়েছিলাম। আমাদের পলিসি ছিল, — টু, ই। একটা হচ্ছে একসেলেন্স, উৎকর্ষ। আর একটা হচ্ছে এক্সপানসান, ব্যাপ্তি। এই দুটোর উপর আমরা জোর দিতে চেয়েছিলাম এবং তার ফলে একদিকে যেমন আমরা বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে ক্রমশঃ আঞ্চলিকতাকে প্রাধান্য দিচ্ছি, আঞ্চলিক সেন্টিমেন্টকে প্রাধান্য দিচ্ছি, বঞ্চনাকে প্রাধান্য দিচ্ছি, ভিতরের যে অন্তর্দাহ, সেটাকে প্রাধান্য দিচ্ছি। আমি বঞ্চিত হয়েছি যে আমার এখানে বাঁকুড়া বিশ্ববিদ্যালয় আমার কাছে, আমাকে পড়তে যেতে হচ্ছে বর্ধমানে, আমি কেন বর্ধমানে যাব? আমি কোলকাতা বিশ্ববিদ্যালয়ে যাব, কেন? এই আঞ্চলিক যে সেন্টিমেন্ট, সেটাকে যেমন একসঙ্গে প্রাধান্য দিচ্ছি, তেমনি একই সঙ্গে, আমরা ব্যাপ্তিকে প্রাধান্য দিচ্ছি মেরিটের দিক থেকে। মেরিটের দিক থেকে আমার রাজ্যের মেরিট কেবলমাত্র, একমাত্র বিবেচ্য নয়। দরকার হলে ভি সি রাজ্যের বাইরে থেকে আসবেন। সেই জায়গাটাকে আমরা এনসিওর করছি, অথেনটিকেট করছি। এই দুটো জায়গাকে আমরা একই সঙ্গে নিশ্চিত করতে চাইছি। তো, কি রকম হচ্ছে এই বিশ্ববিদ্যালয়ের চেহারা। আমি একটু বলি। আমি ঐ তর্কে আর গেলাম না, সেই তর্কে বিভিন্ন পরিসংখ্যান আমাদের সদস্য আশীষ

ব্যানার্জী তিনি বিস্তারিতভাবে দিয়েছেন যে কি ভাবে শিক্ষাক্ষেত্রে কোন পলিসি ছাড়া, কোন দিশা ছাড়া, বিচ্ছিন্ন কতকগুলি বিশ্ববিদ্যালয় হয়েছে। তার কোন পরিকাঠামো ছিল না, তাকে নিয়ে কোন পরিকল্পনা ছিল না, তাকে নিয়ে কোন ভাবনা ছিল না এবং তার দায়ভার, ঐ স্ট্যাটিউটের ক্ষেত্রে আমি বললাম যে আমাদের এখন এইভাবে বইতে হচ্ছে। সেটাকে আমাকে সংরক্ষিত করতে হচ্ছে। সেই রাজনৈতিক বঞ্চনার ইতিহাসের জায়গায় আর আমি গেলাম না। আশীষ ব্যানার্জী সেটা বিস্তারিতভাবে বলেছেন। এই বিশ্ববিদ্যালয় হচ্ছে রাজ্যের ২৪তম সরকারি সাহায্যপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়। উচ্চ শিক্ষা দপ্তরের অধীনে এই বাকি ৬টা বিশ্ববিদ্যালয়, অর্থাৎ আমাদের ডিপার্টমেন্টের নয়। বাদবাকি আরো ৬টা বিশ্ববিদ্যালয় আপনারা জানেন কোনটা কৃষি, কোনটা আইন, ইত্যাদি ইত্যাদি এই রকম আর কি। এটা ২৪তম বিশ্ববিদ্যালয়। আমাদের ডিপার্টমেন্ট এর বিশ্ববিদ্যালয় হচ্ছে ১৮তম। রাজ্যে এইট্টিনথ বিশ্ববিদ্যালয় এটা হতে যাচ্ছে। কটা কলেজ আমরা নিয়েছি-৩২টা। এলাকা কোনটা, সম্পূর্ণ বাঁকুড়া জেলা। এই আঞ্চলিকতার কথা বলছিলাম। আঞ্চলিক সেন্টিমেন্ট এর কথা বলছিলাম। আঞ্চলিক শিক্ষার কথা বলছিলাম যে একদিকে আমার পা থাকবে মাটিতে, মাথা থাকবে আকাশের দিকে। এই আকাশ এবং মাটির যোগাযোগ আমরা এইভাবে স্থাপন করতে চাইছি। সরকারি সাহায্যপ্রাপ্ত সাধারণ ডিগ্রি কলেজ এই ইউনিভার্সিটির অধীনে কটা থাকছে, ২১। বি এড কলেজ কটা থাকছে ১টা।

[3.20-3.30 p.m.]

সেল্ফ ফিনান্সিং বেসরকারী বি এড কলেজ কটা থাকছে — দশটা। এইভাবে মোট বত্রিশটা। শ্রী অরূপ কুমার খান উল্লেখ করেছেন ১৫ কোটি টাকা — ইতিমধ্যে আমরা দিয়ে দিয়েছি। প্রতি বছর রেকরিং কস্ট কত হচ্ছে — পাঁচ কোটি টাকা। উদ্দেশ্য কি ওর? মাননীয়া মিনতি মিশ্র বলেছেন, বাঁকুড়ার শুভাশিস বটব্যাল বলেছেন, আশুতোষবাবু বলেছেন, প্রত্যেকে বলেছেন — মূল কথাটা, মূল নির্যাসটা কি তার? মূল নির্যাসটা হচ্ছে, বাঁকুড়া জেলার প্রত্যন্ত অঞ্চলে শিক্ষা বিস্তারের জন্য এবং বর্ধমান বিশ্ববিদ্যালয়ের বর্তমান পঠন পাঠনের চাপ কমানোর জন্য এটা করা হচ্ছে। কেন করছি আমরা এটা? শুধুমাত্র বাঁকুড়া ইউনিভার্সিটি করবার জন্য — না। আঞ্চলিক সেন্টিমেন্টের পাশাপাশি আমি এই পবিত্র বিধানসভায় আপনাদের সামনে একটা সমীক্ষা পেশ করতে চাই। এই মুহূর্তে, বর্তমানে রাজ্যে গ্রস এনরোলমেন্ট রেশিও কত — ১২.৬%। ন্যাশনালের তুলনায় এটা কত? আগে ছিল ৬%। গত আড়াই বছরে হয়েছে ১২%। ন্যাশনাল রেশিও কত এখন — ১৮.৮%। জাতীয় এডুকেশান কমিশান কি বলছে — আমরা এটা ৩০% করবো। কবে করবো — ২০২০ সালে। আমরা কি করছি — আমরা এডুকেশান কমিশান গঠন করেছি। কবের দিকে তাকিয়ে — ওই টোয়েন্টি টোয়েন্টি, ২০২০-র দিকে তাকিয়ে। তাকিয়ে কি করছি? আমাদের উদ্বৃত্ত অংশ কত থাকছে — স্টুডেন্টদের সংখ্যা কত — ৪.৫ লক্ষ। অর্থাৎ এদের আমাদের এ্যাকোমোডেট করতে হবে। একটা হিসেব দিই, তাহলে বুঝতে পারবেন। হায়ার সেকেন্ডারিতে ২০০৬ সালে পশ্চিমবঙ্গে যত ছাত্রছাত্রী পাশ করেছিল, তার সংখ্যা হল ২.৩০ লক্ষ। সেটা বেড়ে ২০১২ সালে হয়েছে ৪.৬৬ লক্ষ। অর্থাৎ গত ছয় বছরে উচ্চ শিক্ষার প্রয়োজন এবং মূল টোটাল হেড সেটা বেড়ে হয়েছে হান্ড্রেড পারসেন্ট। একশো শতাংশ, ছয় বছরে। জাস্ট ডবল। এই যে ছেলেমেয়েগুলো বেরোচ্ছে,

এরা কোথায় যাবে? আমাকে এ্যাকোমোডেট করতেই হবে। উচ্চ শিক্ষার ক্ষেত্রে আমরা বারবার করে বলছি, প্রতিটি মানুষের ক্ষেত্রে উচ্চ শিক্ষার সুযোগ দিতে হবে। কেন্দ্রীয় সরকার ওখান থেকে চিৎকার করে বলছেন, হক, শিক্ষা একটা হক, শিক্ষা একটা হক, শিক্ষা একটা হক! জায়গা কোথায়? আমি টাকা দেবো না, শিক্ষা একটা হক বলবো! আমার প্রয়োজনে ল্যাবরেটরি দেওয়ার জন্য টাকা নেই — আমি শিক্ষাকে হক বলি! আমি ইউ জি সি-র টুয়েলভথ প্ল্যান অনুযায়ী যে যে কলেজে পরিকাঠামো থেকে ল্যাবরেটারি শুরু করা দরকার, আমি দিই না — আমি শিক্ষাকে হক বলি! আমাকে এ্যাকোমোডেট করতে হবে। এই পরিকাঠামো, এই স্ট্রাকচার, এই অবস্থা — মাননীয়া মুখ্যমন্ত্রীর ওপর এই আঞ্চলিক যে দাবি দাওয়া, বৈষম্য, সবটা তাকে এককভাবে নিতে হচ্ছে। সেই জায়গায়, সেই চাপের জায়গা থেকে, এই ব্যপ্তির জায়গা থেকে, এই কল্পনার জায়গা থেকে আমরা মনে করছি উচ্চ শিক্ষা বিস্তারে নতুন নতুন বিশ্ববিদ্যালয় এবং কলেজ করা দরকার। কলেজের কিরকম হিসেব — সেটা একটু আগে শ্রী অরূপ কুমার খাঁ দিয়েছেন, কটা কলেজ আমাদের ছিল, কটা কলেজ ছিল না। এই বিলে যেটা আছে আমি বিস্তারিতভাবে বা গ্রসলি বলছি, বিশ্ববিদ্যালয়ের বিলের যে ডিটেল আছে, আমার মনে হয় বিলের কপি সবার কাছে পৌঁছেছে। আপনারা দেখেছেন, কিভাবে ভাইস চ্যান্সেলার নিযুক্ত হবেন। প্রযুক্তি নিয়ে একটু আগে মাননীয় তরুণ নস্কর প্রশ্ন তুলেছিলেন, আমি সেই প্রশ্নের উত্তর দিয়েছি। ইউ জি সি নিজে যেখানে বলছে, আমার মনে হচ্ছে, অর্থাৎ তারাও কিন্তু কনসার্ন যে তাদের মনে হচ্ছে আঞ্চলিক স্তরে, বিষয়টি যুগ্ম তালিকার অন্তর্ভুক্ত হলেও, বারবার মনে করছেন তারা যে আঞ্চলিকভাবে রাজ্যের একটা 'সে' থাকা দরকার। আমরাও তাই মনে করেছি। মাননীয় সদস্য মহোদয় ঠিক মনে করে দেখুন, যে মুহূর্তে ওরা দাবিটা তুলেছিলেন বামপন্থী বন্ধুরা যে কেন স্টেট গভর্ণমেন্ট নমিনি ঢুকবে ইউ জি সি নমিনেটেডের জায়গায়। আশ্চর্যজনকভাবে আমাদের সঙ্গে কথা না বলে, আলোচনা না করে ইউ জি সি জানায় যে আমরা আর কোনো বিশ্ববিদ্যালয়ে কোনো প্রতিনিধি দেবো না। এটা ইউ জি সি জানাচ্ছে, আমরা বলিনি। অর্থাৎ আমরা আগে ভেবেছি, ইউ জি সি ভাবছে তারপর। বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে এই আঞ্চলিকতার জায়গায়, এই ব্যপ্তির জায়গায়, এই উৎকর্ষের জায়গায়, এই বিকেন্দ্রীকরণের জায়গায় — এগুলো আমরা — আমি গোড়াতেই আপনাদের বললাম সাবজেক্ট নতুন নতুন হয়ে গেছে। আপনি কেবলমাত্র একটা মেইন স্ট্রীম সাবজেকট — ফিজিকস্, কেমিস্ট্রি, ম্যাথামেটিকস — দিলে একটা স্টুডেন্ট কেবলমাত্র সন্তুষ্ট হতে পারছে না, তার মনের মধ্যে আরও ক্ষিদে তৈরী হচ্ছে। ১৯৯১ সালে যে আর্থিক সংস্কার শুরু হয়েছিল — কম্পিউটার বিরোধী আন্দোলন করে ওরা দিনের পর দিন কম্পিউটারকে আটকে রেখেছিলেন — তার মধ্যে দিয়েই বিশ্বায়নের একটা ঝড় বয়ে গেছে। গুগল সার্চ করলে, ইন্টারনেট সার্চ করলে আমরা অনেক অনেক সাবজেকট দেখতে পাই, সেই ল্যোগো আমরা ফাইল করতে পারি না। এমন এমন সাবজেকট আছে যাকে আমরা কোনো লোগো দিতে পারিনি। আমরা বলতে পারিনি এই সাবজেকটটা আসলে এইটা। এটা কি? এইজন্য হয়তো তাকে জীবনশৈলী ইত্যাদি নাম দিতে হবে। এছাড়াও আরও অনেক হয়তো সাবজেকট আছে। একদিকে বিষয়ের দাবি উঠছে, আরেক দিকে শিক্ষার দাবি উঠছে; একদিকে ব্যপ্তির দাবি উঠছে, আরেকদিকে আঞ্চলিকতার দাবি উঠছে। শুভাশীষ বটব্যাল বলছিলেন, আমাদের ছেলেমেয়েরা

পড়তে পারছে না, তারা দূরে চলে যাচ্ছে বা পড়াশোনা ছেড়ে দিচ্ছে। আমার মনে পড়ে যায়, বেশ কয়েক বছর আগে — তিনি এখনও জীবিত — পুরুলিয়া বাঁকুড়ার বিখ্যাত কবি নির্মল হালদার, তিনি আমার খুব প্রিয় কবি, তিনি একটা কবিতা লিখেছিলেন এবং পরে সেটা গানও হয়েছিল। বিষয়টা ছিল এই রকম, কম বয়সী একটা বাচ্চা মেয়ে তার নাক বিঁধিয়েছে। কবিতাটা হল - 'গিরিবালা নাক বিঁধালো, গিরিবালা নাক বিঁধালো, চলো চলো ফুল তুলিতে যায়, আমাদের সোনা নাই, রুপা নাই, চলো চলো ফুল তুলিতে যায়।' অর্থাৎ একটা বাচ্চা মেয়ে নাক বিঁধাতে যাচ্ছে, কিন্তু তার সম্বল হচ্ছে ফুল। তার হাতে কোন কিছু নেই, তার অর্থনৈতিক সামর্থ্য নেই। আমার মনে হয় মাননীয়া মুখ্যমন্ত্রী আজকে যেটা করলেন তার মধ্যে দিয়ে আমরা হাজার হাজার, লক্ষ লক্ষ গিরিবালাকে বলতে পারব, তোমাদের সোনা আছে; তোমাদের রূপা আছে; তোমাদের বিদ্যাও আছে। তোমরা যদি বিদ্যার্জন কর, তোমরা সব পাবে। তোমরা দেখ সামনে এই দুনিয়া, এই পৃথিবী। তোমার হাতে আমরা বিশ্ববিদ্যালয় তুলে দিলাম, তোমাদের জয় হোক। আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি, তিনি এখানে নেই। অভিনন্দন জানাচ্ছি এই জন্য, তিনি যেটা ভেবেছেন, তিনি যেটা ভাবতে চাইছেন, অনেক অনেক বছর পর আমাদের দেশে এমন একজন রাষ্ট্রনায়ক এসেছেন, তিনি শুধুমাত্র রাজনীতির দিক থেকে ভাবেন না, তিনি মানুষের দিক থেকে ভাবেন। তিনি শুধুমাত্র রাজনীতির দিক থেকে না ভেবে মানুষের কথা চিন্তা করেন, এটাই আমাদের সরকারের মূল মন্ত্র। এটাই হয়তো অনেকে বুঝতে পারছেন না। আন্ডার স্ট্যান্ডিঙের অসুবিধা হচ্ছে। ভাবনা তো একদিক থেকে হয় — আমার বলা হয়তো সেন্ট্রাল কমিটির সঙ্গে মিলছে না, আমার ভাবনা পলিটব্যুরোর সঙ্গে মিলছে না বা রাজ্য কমিটির সঙ্গে মিলছে না। মিলে যাওয়ার কথাও নয়, কারণ এটা ব্যাকরণ বহির্ভূত। ঐতিহাসিকরা কখনো ইতিহাস তৈরী করেন না। ঐতিহাসিকরা তাকে নিয়েই ইতিহাস লেখেন যিনি ইতিহাস তৈরী করেন। সেই রকম একজন রাষ্ট্রনায়িকা আমাদের দেশে বিরল। আমাদের রাজ্যে আমরা এমন একজন মানুষকে পেয়েছি। আসুন, তার জন্য তাকে আমরা আবার অভিনন্দন জানিয়ে, প্রণাম জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

Mr. Speaker : The question before the House is that the Bill be taken into consideration. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

CLAUSES 2 to 6

There is no Amendment to Clauses 2 to 6. So, I put Clauses 2 to 6 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

CLAUSE 7

There is an Amendment (Nos. 10) to Clause 7 by Dr. Tarun Kanti Naskar. Now I call upon Dr. Naskar to move his amendment.

Dr. Tarun Kanti Naskar : Sir, I beg to move that is Clause 7, after sub-clause (3) the following new sub-clause be inserted :-

"(3A) the Controller of Examinations;".

Mr. Speaker : Hon'ble Minister to reply.

Shri Bratya Basu : Sir, I do not accept the Amendments made by Dr. Tarun Kanti Naskar.

Mr. Speaker : The question before the House is that the Amendments (No. 10) moved by Dr. Tarun Kanti Naskar. I put the amendment of Clause - 7 to vote. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Noes have it, Noes have it. Clause 7, do stand part of the Bill.

CLAUSE 8

There is no Amendment to Clauses 8. So, I put Clause 8 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

[3.30–3.39 p.m.]

CLAUSE 9

Mr. Speaker : There is Amendment No. 1 to Clause 9 by Shri Samarendra Nath Ghosh.

Now I call upon Shri Ghosh to move his amendment.

... (Pause) ...

As Shri Ghosh is not present in the House his amendment is not moved.

Now I put to vote Clause 9 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

CLAUSES 10–16

Mr. Speaker : There is no amendment to Clauses 10 - 16. So I put to vote Clauses 10 -16 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

CLAUSE 17

Mr. Speaker : There are two amendment (Amendment Nos. 2 & 3) to Caluse 17 by Shri Samarendra Nath Ghosh.

I call upon Shri Ghosh to move his amendments.

... (Pause) ...

As Shri Ghosh is not present in the House his amendment are not moved.

Now I put to vote Clause 17 stand part of the Bill

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

CLAUSES 18-19

Mr. Speaker : There is no amendment to Clause 18 and 19. So I put to vote Clauses 18 - 19 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

CLAUSE 20

Mr. Speaker : There are two amendments (4 & 15) to Caluse 20 by Shri Samarendra Nath Ghosh and Shri Sobhandeb Chattopadhyay respectively.

Now I call upon Shri Ghosh to move his amendments.

... (Pause) ...

As Shri Ghosh is not present in the House his amendments are not moved.

Now I call upon Shri Sobhandeb Chattopadhyay to move his amendment.

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদি আপনি অনুমতি দেন

অ্যামেন্ডমেন্ট মুভ করার আগে এক মিনিটে একটা কথা বলতে চাই। সেটা হচ্ছে একটু আগে আমাদের মাননীয় শিক্ষা মন্ত্রী বাঁ দিকে হাত দেখিয়ে আমাদের বাম পন্থী বন্ধুরা বলে কথাটা বললেন। আমার মনে হয় একটু কারেকশান হবে। ওটা বামপন্থী বলে সম্বোধিত না করে বামফ্রন্টের বন্ধু বলুন। বামপন্থী এরা কেউ নয়, যাদের দিকে আপনি আঙ্গুল দেখালেন তারা বামপন্থী নয় বামফ্রন্টের।

Sir, I beg to move that in Caluse 20 (1) (a) in item No. (iii) the words "the Deans of the Faculty council for Post-Graduate Studies" be deleted.

Shri Bratya Basu : Sir, I accept the amendment.

Mr. Speaker : The question before the House is that Amendment No. 15 moved by Shri Sobhandeb Chattopadhyay

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

Now I put to vote Clause 20 as amended do stand part of the Bill

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

CLAUSE 21

Mr. Speaker : There is no amendment to Clause 21. So I put to vote Clause 21 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

CLAUSE 22

Mr. Speaker : There are two amendments (Nos. 11 & 12) to Clause 22 by Dr. Tarun Naskar. Now I call upon Shri Naskar to move his amendments.

Dr. Tarun Kanti Naskar : Sir, I would like to move that in Clause 22(2) (vi), in line 2 after the words "such Teachers", the words "of the concerned Faculty Council" be inserted.

Sir, I beg to move that Clasue 22(2)(ix), in line 3 after the words "Research Scholars respectively", the words "of the concerned Faculty Council" be inserted.

Shri Bratya Basu : Sir I accept both the amendments.

Mr. Speaker : The question before the House is that Amendment No. 11 & 12 moved by Dr. Tarun Naskar

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

Now I put to vote Clause 22 as amended do stand part of the Bill

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

CLAUSE 23

Mr. Speaker : There is no amendment to Clause 23. So I put to vote Clause 23 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

CLAUSE 24

Mr. Speaker : There are three amendments (Nos. 5,6,7) by Shri Samarendra Nath Ghosh and two amendments (Nos 13 & 14) to Clause 24 by Dr Tarun Kanti Naskar respectively.

First I call upon Shri Ghosh to move his amendments.

... (Pause) ...

As Shri Ghosh is not present in the House his amendments are not moved.

Now I call upon Dr. Tarun Kanti Naskar to move his amendments.

Dr. Tarun Kanti Naskar : Sir, I would like to move that in Clause 24(2)(vii), in line 1 after the words "Undergraduate Studies", the words "in concerned subjects" be inserted.

Dr. Tarun Kanti Naskar : Sir, I beg to move that in Clause 24(4)(vi), in line 1, after the words "Undergraduate Studies", the words "in concerned subject" be inserted.

Mr. Speaker : Hon'ble Minister, do you accept the amendment?

Shri Bratya Basu : Sir, both are not accepted.

Mr. Speaker : The question before the House is the amendments moved by Dr. Tarun Kanti Naskar.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Noes have it. Noes have it.

Now I put to vote Clause 24 do stand part of the Bill

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

CLAUSES 25–34

Mr. Speaker : There is no amendment to Clauses 25 - 34. So I put to vote Clauses 25 - 34 stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

CLAUSE 35

Mr. Speaker : There is one amendment (No. 8) to Clause 35 by Shri Samarendranath Ghosh. The amendment is not moved.

So I put to vote Clause 35 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

CLAUSES 36–41

Mr. Speaker : There is no amendment to Clauses 36 - 41. So I put to vote Clauses 36 - 41 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

CLAUSE 42

Mr. Speaker : there is one amendment (amendment no . 9) to Clause 42 by Shri Samarendranath Ghosh. The amendment is not moved. So, I put vote Clause 42 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

CLAUSES 43–60

Mr. Speaker : There is no amendment to Clauses 43 - 60. So I put to vote Clauses 43 to 60 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

Claues 1, Enacting Formula, Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, Enacting Formula, Preamble and the Title of the Bill. So I put to vote Clause , Enancting Formula Preamble and the Title of the Bill do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

Shri Bratya Basu : Sir, I beg to move that The Bankura University Bill, 2013 as amended be passed.

Mr. Speaker : The question before the House is The Bankura University Bill as settled in the Assembly be passed.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

Adjournment

The House was then adjourned at 3.38 p.m. till 11 a.m. on Thursday, the 28th November, 2013 at the Assembly House.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 28th November 2013 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 25 Ministers, 05 Ministers-in-Charge, 05 Ministers-of-State and 170 Members.

[11.00–11.10 a.m.]

Starred Questions
(To which oral answers were given)

ও.বি.সি. তালিকা প্রস্তুতিতে মণ্ডল কমিশনের সুপারিশ

*৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯) শ্রী তজমুল হোসেন : অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে ও.বি.সি. তালিকা প্রস্তুতিতে মণ্ডল কমিশনের সুপারিশ কার্যকর করা হয়নি; এবং

(খ) সত্যি হলে, এ বিষয়ে সরকারের পরিকল্পনা কীরূপ?

ডঃ উপেন্দ্র নাথ বিশ্বাস : ওনারেবেল স্পীকার স্যার আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তর দিচ্ছি।

(ক) অন্যান্য অনগ্রসর শ্রেণীসমূহের তালিকা পশ্চিমবঙ্গ অনগ্রসর শ্রেণী আয়োগের সুপারিশ অনুযায়ী করা হয়ে থাকে। উক্ত আয়োগ পশ্চিমবঙ্গ অনগ্রসর শ্রেণী আয়োগ আইন, ১৯৯৩ অনুযায়ী মণ্ডল কমিশনের নিয়মনীতি অনুসরণ করে অন্যান্য অনগ্রসর শ্রেণীসমূহকে তালিকাভুক্ত করার সুপারিশ করে থাকেন।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রী তজমুল হোসেন : স্যার, উনি বললেন প্রশ্ন ওঠে না। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। কেন্দ্রীয় সরকারের স্থিরীকৃত মন্ডল কমিশনের সুপারিশ রাজ্য সরকার ও.বি. সি. নির্ধারণের ক্ষেত্রে সম্পূর্ণ রূপে গ্রহন করেছিলেন না করেন নি? যদি গ্রহণ করে না থাকেন তাহলে কোন কোন অংশ বাদ গেছে?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : ওনারেবেল স্পীকার স্যার, প্রশ্নটা অনেক বিশাল প্রশ্ন, আমার উত্তরটা একটু বিশালই হবে। প্রথমে বলে রাখা দরকার যে, মন্ডল কমিশান যে Sociological investigation করে তার উপসাংহারে এসেছিল তার তিনটি হচ্ছে salient points। একটা হচ্ছে সোসাল ক্রাইটেরিয়া, আর একটা হচ্ছে এডুকেশনাল ক্রাইটেরিয়া আর ইকনমিক ক্রাইটেরিয়া। এই তিনটি। একটা হচ্ছে, সামাজিক, শিক্ষাগত এবং অর্থনৈতিক। তার মধ্যে যদি সামাজিক ব্যাকোয়ার্ডনেস না থাকে তাহলে সেই কমিউনিটিকে ইনক্লুড করা যাবে না। আমরা পশ্চিমবঙ্গ সরকার - আপনাদের সময়েই হয়েছিল - এই তিনটিই মেনে নিয়েছে। মন্ডল কমিশন যে রেকমেনডেশান করেছে তিনটি রেকমেনডেশান, সেই তিনটি রেকমেনডেশানই মেনে নিয়েছে। এখন আমাকে একটু ব্যাখ্যা করে বলতে হবে তিনটি রেকমেনডেশান কি। তার আগে আর একটু বলে নিই, এই তিনটি রেকমেনডেশানের একটা স্টাটিসটিক্যাল ফরমুলা আছে। 2 সেই ফরমুলাটা হচ্ছে সোসাল ক্রাইটেরিয়াতে চারটি পয়েন্টস আছে। এই ৪টি পয়েন্টসের থ্রি মার্কস, তার মানে ১২টি পয়েন্টস হবে, এখানে পাওয়া যাবে। তেমনি এডুকেশনাল ক্রাইটেরিয়াতে এই দুটি পয়েন্ট ধরে টু ইনটু থ্রি, সিক্স পয়েন্ট আছে। ইকনমিক ক্রাইটেরিয়াতে তিনটি পয়েন্টে মাত্র চার পয়েন্ট আছে। এই টয়েনটিটু পয়েন্টস নিয়েই হচ্ছে এই ক্রাইটেরিয়া। ক্রাইটেরিয়াটা কি কি? Social criteria - Caste, classes, consider as socially backward by others (2) Caste, classes which mainly depend on manual labour for the livelihood (3) Caste, classes for at least 25% females and 10% males above the state average get marrid at an age below 17 years in rural areas and every 10% females and 5% females do not do so in unban areas, Caste, classes for participation of females in work is at least 25% above the state average. Then comes educational criteria. Two points each. Total six points. Castes, Classes for the number of children in the age group of 5 to 15 years who never attended school is at least 25% above the State average. (3) Caste. Classes for the rate of students drop out in the age group of 5 to 15 years is at least per cent above the State average. Castes, classes among the proportion of matriculates are at least 20%, 25% below the state average. Then come the economiv criteria with one point each. Total point four points. Castes, Classes for the average value of family assets at least 25% below the state average. Castes, Classes for the number of families living in Kutcha Houses are at least 25% above the state average. Castes, Classes for the source of drinking water is beyond half a kilometer more than 50% of the households. Castes, classes for the number of Household having taken consumption loan are at 25% above of the state average.

Hon'ble Speaker, Sir that the very important points,few points which the Mondal Commission had laid down and we have taken

them totally. One of the important points that the Mondal Commission mentioned that the higher echelon of bureaucracy is an open competition. And in this open competition, there is no reservation. The opponent to this was, they argued that why the merit will suffer. And you will be glad to know Hon'ble member and Hon'ble Speaker, Sir, on this merit issue, they raised the question of this incident or the episode of Ekalavya and Ekalavya and Sambut. You know excellence of Ekalavya. Ekalavya was an excellent person. He achieved great Excellence in Archery. So, his thumb had to be cut away. And Sambut - what was he doing? He was chanting Vedas and some children died in the locality. And then,they thought that something was wrong and that is why, this man was dead, this boy was dead. And ultimately, it was found that a Sudra or Dalit was chanting Vedas, so his head was cut off. This is what Mandal Commission said. We, the present Government under the leadership of Mamata Banerjee, we have done a great work of dignity. We found that unless this Department really comes to the quintessence of social justice then nothing can be done. And after detailed research since my background of the Asiatic Society and others, then we came to a conclusion, this government came to a conclusion that dignity - ডিগনিটি বা মর্যাদাই হচ্ছে আসল কথা। যদি সমাজে আপনার মর্যাদা না থাকে, তাহলে কিছুই থাকে না। এই কাজটা আমরা করেছি। কি রকম করেছি, আপনাকে দেখাচ্ছি, শুনুন। In this state of West Bengal, in 1873, ১৮৭৩ সালে একটা তথাকথিত অনগ্রসর শ্রেণীর লোক মর্যাদা ও সমতার জন্য জেনারেল স্ট্রাইক করল, সাধারণ ধর্মঘট। আপনারা তো ধর্মঘট নিয়ে থাকেন, কিন্তু আপনারা এটা করলেন না। আমরা করলাম কি। ক্যাবিনেট করে গভর্নরের অ্যাসেন্ট নিয়ে in 1873 movement for dignity and equality, for law আমরা সেটা পাশ করে দু' বছর ধরে সেটা করলাম। এই যে,this is a great contribution of social justice.Social justice cancot be in quantum jump. We cannot lift to social justice. This is the contribution of this Government. This is the contribution of the acceptance of the Mandal Commission. Well, I give you marks for Ekalavya School. That was done. But before Russian revolution, before Universal Human Rights Declaration, the great scholar, our Hon'ble Minister of Finance,he knows that - in 1873, it is long back before Russian Revolution and Universal Declaration of Rights. I would like to conclude. I would not take much more time of yours that this had gone so well with the Backward Classes of West Bengal that they are now observing Ekalavya, they are now observing

Sambut and they are now observing dignity even at the remote village of Purulia.

[11.10—11.20 a.m.]

There is Goraipur village of Purulia district. There is one, Ajit Hembram. He rang me Sir, we are organizing the dignity festival. They are the men who are really discriminated as Asur. There is a tribe called Asur. They worship Asur, this tribe of Asur. Thank you.

শ্রী তজমুল হোসেন : স্যার, আমার তৃতীয় প্রশ্ন হচ্ছে - আপনি বিস্তারিত বলেছেন, বেশ ভালো, কিন্তু সব চেয়ে দুঃখের বিষয় হচ্ছে যে, যদি সংযোজন হয়ে থাকে তাহলে কোন্ কোন্ ক্ষেত্রে হয়েছে এবং সংখ্যালঘুদের ক্ষেত্রে ওবিসি তালিকায় সংশোধন করার ক্ষেত্রে মন্ডল কমিশনের সুপারিশ ছিল কিনা, এটা দয়া করে যদি জানান।

Dr. Upendra Nath Biswas : Hon'ble Speaker Sir, Mondal Commission's recommendation is quite a huge one. Mondal Commission's recommendation does not go by religion, but by classes. But what happens? If you remember, your Hon'ble Chief Minister, what he did. He wanted to do reservation be religion. It came out in the newspaper. I have got the clippings of Times of India because I being a student of sociology, I would keep them. So, you also retracted from there. They know. One cannot do that according to our Constitution, you cannot reserve according to religion. Hon'ble Speaker Sir, you all recollect and the Members here recollect that we brought the Bill which they could not pass. The Bill of OBC Reservation which was assented by them, was not assented by His Excellency, the Governor of West Bengal. But our Bill has been assented and we have taken that not as a religion, but as a class. But what is the reality - that more than 98% in the process, the Muslims are getting their benefit and not only the benefit, the benefit is in A - group where 10% reservation has been done. So something which was not done just before your departure from the arena of governance, after we came in the arena of the governance and we passed the Bill in this sacred House under the great Brahmachakra wheel - and we introduced that.

শ্রী শঙ্কর দোলই : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় অনগ্রসর সম্প্রদায়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আমার ডান দিকে বামফ্রন্ট-এর বন্ধুরা বসে আছেন, দীর্ঘ চৌত্রিশ বছর ধরে তারা শুধু মায়া কান্না কাঁদতো, আমরা নাকি অনগ্রসর সম্প্রদায়ের

বন্ধু বন্ধু বন্ধু বলে। আমি বলতে চাইছি মাননীয় মন্ত্রীর কাছে যে, এই মন্ডল কমিশনের সুপারিশকে কার্যকরী করতে গিয়ে আপনি নতুন করে ক'টি সম্প্রদায়কে এর আওতাভুক্ত করেছেন এবং তাতে কত সংখ্যক মানুষ তালিকাভুক্ত হয়েছে নতুন করে?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : আপনাকে ফিগারটা বলছি যে, upto May 2011, the total OBC community হয়েছে 108, after May 2011 হচ্ছে, 143. আমরা Include করেছি, 35. তার মধ্যে OBC-Aএর মধ্যে হচ্ছে, 56, 66, 10. OBC Muslim-53, 56,33. OBC-A 49, 59, 10 and OBC-B 4,27,23.

শ্রী চাঁদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় অনগ্রসর মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। এই রাজ্যে যে ওবিসি হয়েছে, স্যার, জেলা wise কত হয়েছে? বিশেষ করে মুর্শিদাবাদ জেলায় কত হয়েছে, জানাবেন কি?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : জেলা wise যদি আমাকে জানাতে হয়, আপনাকে আলাদা করে সুন্দর ভাবে লিস্ট করে দেব। At the moment I do not have district-wise list.

মিঃ স্পীকার : ঠিক আছে, আপনি নোটিশ দেবেন, উনি জানিয়ে দেবেন।

শ্রী উজ্জ্বল প্রামাণিক : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রীর কাছে একটা প্রশ্ন জানতে চাইছি। Schedule Cast, Schedule Tribe এবং OBC Certificate-এর ক্ষেত্রে পূর্বের সরকারের তুলনায় বর্তমান সরকার অনেক স্বচ্ছ এবং সহজ ভাবে, বিশেষতঃ সেই সব ছেলে-মেয়েরা পাচ্ছে যারা খেটে-খাওয়া গরিব মানুষ। যাদের কথা মা-মাটি-মানুষের সরকার আসার পর থেকে চিন্তা করছে।

আমি বলতে চাইছি, SC certificate এখন online-র মাধ্যমেও দেওয়া হচ্ছে। কিন্তু খেটে-খাওয়া গরীব মানুষ, বিশেষতঃ আদিবাসী, সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ, যারা দূরদূরান্ত থেকে B D O অফিসে আসে, তাদের net নেই বা তারা বন্ধু-বান্ধবদের কাছ থেকেও সেই সুযোগ পাচ্ছেনা। কিছু কিছু ব্লকে হাতে হাতে form দেওয়া হচ্ছে ও জমা নেওয়া হচ্ছে। কিন্তু এক্ষেত্রে একটা বৈষম্যের সৃষ্টি হচ্ছে। কিছু নতুন ছাত্র তারা ভাবছে, যেহেতু আমরা হাতে হাতে জমা দিয়েছি তাই আমাদের-টা হয়তো প্রাপ্ট হবেনা। আর, যারা net-র মাধ্যমে দিচ্ছে ভাবছে তাদের-টা হয়তো স্যাংশন হবে, তারা SC certificate পাবে। এই বৈষম্য দূর করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের যদি সুনির্দিষ্ট নীতি-নির্ধারণ করেন তাহলে গ্রামের সেই সমস্ত খেটে-খাওয়া গরীব মানুষ, বিশেষতঃ আদিবাসী ও সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষরা অনেক উপকৃত হবে।

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : Hon'ble Speaker Sir, আমি সভার জ্ঞাতার্থে বলছি, গভর্নমেন্ট অফ ইন্ডিয়া শুধু আমাদের স্টেটে নয় সারা ভারতবর্ষে নিয়ম করেছে যে এখন থেকে যদি কেউ scholarship পেতে চান বা caste certificate পেতে চান, প্রথমতঃ scholarship পেতে হলে caste certificate দরকার, it is co-related, cast certificate না হলে scholarship-র জন্য apply করা যায় না। আর, এখন কী করা হচ্ছে?

Hon'ble Finance Minister এটা introduce করেছেন যে, সরাসরি যিনি beneficiary হবেন তাঁর কাছে বেনিফিট চলে যাবে; মাঝখানে না যায়। আগে কী হত জানেন? একটা caste certificate আনতে গেলে আগে BDO office থেকে form আনতে হত এবং সেখানে তো, বাস্তব কথাই, কারণ আমি তো কয়েকদিন আগে পর্যন্ত একজন social worker ছিলাম বা চাকরী করেছি, সেখানে যে কী হত তা আপনারা সবাই ভালো করে জানেন। অসম্ভব harassment করা হত—আজ আসেন,কাল আসেন, পরশু আসেন—এই ভাবে করা হত। এই সমস্ত চিন্তা করে ভারত সরকার কী করলো, সারা ভারতবর্ষে একটা সমীক্ষা করলো এবং আমরাও সেটা করলাম। আমরা করে দেখলাম Hon'ble Speaker Sir, যদি সরাসরি online-এ করে দেওয়া হয় তাহলে যে কোন জায়গায়, এখন কী হচ্ছে, আমাদের 'তথ্যমিত্র কেন্দ্র' সব জায়গায় হয়ে গেছে, সব ব্লকেই হয়ে গেছে, সেখানে গিয়ে একটা form নিয়ে, ২০ টাকা দিতে হবে বটে কিন্তু এখানে তো ১০০-১৫০ টাকা দিতে হত, সেটাকে ঠেকানোর জন্য এই online-র ব্যবস্থা করা হয়েছে। আপনারা শুনলে খুশী হবেন। আমি জানি কোন কোন জায়গায় অসুবিধা হচ্ছে। আমাদের কাছে যখন টেলিফোন আসে, আমরা একটা help line করেছি। সেই help line-র মাধ্যমে তাদের সাহায্য করা হচ্ছে এবং যে নাম্বার অফ দরখাস্ত পড়ছে, ধরুন আমি scholarship নিয়ে বলছি, আমাদের Post Metric-এ target হয়েছে about one million, ১০ লক্ষের মত টার্গেট, তার মধ্যে ৮ লক্ষ দরখাস্ত already on line-এ জমা পড়ে গেছে। অর্থাৎ যদি আমি বুঝতাম on line is not working then that should be different. এমনিতে এখন কী হচ্ছে, কাস্ট সার্টিফিকেট এখন নিতেই হবে আপনাকে। আগে কেউ নিত না। একজন M L A বা প্রধানের certificate দিয়ে স্কুলে-কলেজে ভর্তি হয়ে গেলেন। কিন্তু তার টাকা-টা তার কাছে আসত না। অনেক সময়ই এই কমপ্লেন আসে, ভূরি ভূরি কমপ্লেন আসে যে স্কুলে চলে এসেছে টাকা-টা অথচ আমরা টাকা-টা পাইনি। এখনও অনেকে বি.এ. পড়ে কিন্তু বারো ক্লাসের টাকা-টা পায়নি। এইটুকু জায়গায় চলে আসতে হবে।

তৃতীয়তঃ, Please remember, what this Government is trying to do is digitization and introduction of computer at the grass root level. It has been again researched and found out যদি ইংরাজী ছেলেরা, বিশেষ করে অনগ্রসর ছেলেরা ইংরাজী আর কম্পিউটার না জানতে পারে তাহলে তারা পিছিয়ে পড়বে। এইটা introduce করার পরে একটা সুবিধা হয়েছে। অন্ততপক্ষে সে আর কিছু না হোক সামনে একটা মনিটর দেখছে, আরেকটা দেখছে এমন একটা যন্ত্র যার মধ্যে দিয়ে কিছু করা যায়। So this is again, I would say that this is a social engineering educating the backward class to bring them into the modern system. Thank you.

শ্রীমতী অপর্ণা সাহা : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। যাঁরা কাস্ট সার্টিফিকেট পায়নি, SC/ST/OBC, তারা online-এও form পাচ্ছে না তাহলে তারা কী স্টাইপেন্ডের টাকা পাবে না পাবে না? এর সাথে বলছি, যে

ক্রাইটেরিয়ায় অনগ্রসর শ্রেণীকে A এবং B-তে ভাগ করা হয়েছে সেই ক্রাইটেরিয়া কী কী? তার বাংলা এবং ইংরাজী অনুলিপি বিধানসভার মাননীয় সদস্যদের দেওয়া হবে কিনা?

[11.20—11.30 a.m.]

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : আমি এই পবিত্র সদনে অনারেবল স্পিকারের মাধ্যমে জানাচ্ছি- আমাদের যে ওয়েবসাইটটা করা হয়েছে এত বিস্তারিত বাংলায় সেখানে জিনিস দিয়ে দেওয়া হয়েছে - ধরুন আমি জানি না কিভাবে ওয়েবসাইট খুলতে হয় বা ইন্টারনেট করতে হয় - যদি আপনি যে কোন তথ্যকেন্দ্রে চলে যান তাহলে আপনি বাংলায় বিস্তারিত খবর ওখানে আপনি পাবেন সব বিষয়ে। এমনকি 'এ' এবং 'বি' - তেও কিভাবে কিভাবে দরখাস্ত আপনি করবেন মানে কিভাবে কিভাবে ওবিসি কমিশন তারা কিভাবে জিনিসটাকে করবে তার বিস্তারিত ফর্ম দেওয়া আছে বাংলায়। এই ফর্ম অনুযায়ী তারা সার্ভে পর্যন্ত করে। আমি আপনাকে সোজা কথায় বলি-

মিঃ স্পীকার : আপনি বলেছেন,আপনি যদি লিস্ট তৈরি করতে পারেন তাহলে একটা দিয়ে দেবেন। উনি চেয়েছেন, যদি পসেবল হল তাহলে আপনি একটা লিস্ট তৈরি করে দেবেন, পড়তে হবে না। ঠিক আছে।

শ্রী আনিসুর রহমান : আমাদের মাননীয় মন্ত্রী মহোদয় ভালই কাজ করছেন। ভাল ভাল উত্তর দিয়েছেন। মুশকিল হচ্ছে একটা আপনার সময়ের কোন সীমা নেই আমাদের সময়ের সীমা আছে। আমি দুটো কথা বলবো কোশ্চেন করার আগে। একটা হচ্ছে, আপনি বলেছেন মন্ডল কমিশন নিয়ে, তার সুপারিশে পরিষ্কার বলা আছে আমাদের দেশে পিছিয়ে পড়া মানুষকে সম্মান, মর্যাদা দিতে হয়, তাহলে ল্যান্ড রিফর্ম করতে হবে। এটা বোধহয় ভাল করে আপনি জানেন। সেজন্য পশ্চিমবাংলায় সবচেয়ে বেশি কাজ করেছি। নাম্বার টু - যে সাচার কমিটি হয়েছিল যেটা আপনি বললেন ধর্মের নামে, সাচার কমিটি যা বলেছিল পরবর্তীকালে যে কমিশন করা হয় তারাই তো বলেছিল ওদের রিজারভেশনের জন্য, আমার আপনার কোন ব্যাপার নয়। আমরা যে আলাদা করে মুসলিমদের জন্য ভেবেছি তা তো নয়, সেটা আপনার জানা দরকার। আমার প্রশ্নটা হচ্ছে, গভর্নমেন্ট অব ইন্ডিয়া ওবিসির যে লিস্টটা করেছে আর আমাদের স্টেটে যে লিস্টটা আছে তার সংগে বিস্তর ফারাক আছে। তার ফলে অনেক বাজে ঘটনা ঘটছে। এটাকে একই ধরনের করার জন্য কি উদ্যোগ নিয়েছেন, কি ব্যবস্থা নিয়েছেন এটা যদি দয়া করে জানান?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : অনারেবল স্পিকার স্যার, আপনার মাধ্যমে উত্তর দিচ্ছি মাননীয় সভ্যকে। আপনি ভাল করে জানেন, যেখানে আপনারা ৩৪ বছর ধরে ক্ষমতায় ছিলেন। তখন কি হয় - সারা ভারতবর্ষ থেকে বিভিন্ন ভাবে দরখাস্ত যায়, কোনো এস. সি. বা এস. টি. বা ওবিসি 'এ' অ্যান্ড 'বি' আর তারা সেই ভাবে চায় এই লিস্টের মধ্যে আসতে। লিস্টের মধ্যে আসা আর দরখাস্তের মধ্যে এর মধ্যে একটা টাইম গ্যাপ পড়েই যায়। আমি আগে বিশ্লেষণ করে দেখেছি যখন আমাকে এই মন্ত্রীত্বের ভার দিলেন মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়- বেশ কিছু কাস্টে আমাদের এখানে তারা লিস্টে আছেন কিন্তু গভর্নমেন্ট অব ইন্ডিয়াতে নেই। এই আড়াই বছরের

মধ্যে আমি এখনই বলতে পারব না কোন কোন কাস্ট- আবার কিছু কিছু কাস্ট ঢুকে গেল, ওখানে নেই। এই গ্যাপটা কিন্তু This is not a case only with one state. This is an All-India phenomenon possibly because Government of India has its own way. We cannot dictate to them. We can only do according to their wisdom and submit it to the Government for acceptance. Thank you.

উত্তর ২৪ পরগনা জেলার খাল সংস্কার

*৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৩২) শ্রী নির্মল ঘোষ : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩০শে সেপ্টেম্বর, ২০১৩ তারিখ সাপেক্ষে উত্তর ২৪ পরগনা জেলার মধ্যে দিয়ে প্রবাহিত খালগুলির সংস্কারের জন্য কী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

শ্রী রাজীব ব্যানার্জী :

(ক) উত্তর ২৪ পরগনা জেলার বিভিন্ন অংশের নিকাশী ব্যবস্থার সাথে যুক্ত বেশ কিছু খালের সংস্কারের কাজ চলছে। কাজগুলির সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ :

১. কামারহাটি মিউনিসিপ্যালিটির অন্তর্গত বি. টি. রোডের থেকে কেষ্টপুর, ভি. আই. পি. রোড অবধি বিস্তৃত আপার বাগজোলা খালের ৯.২৩৫ কিমি অংশের সংস্কারের কাজ চলছে। এর ফলে কামারহাটি, পানিহাটি, বরানগর, দক্ষিণ দমদম, লেকটাউন, বাঙ্গুর এলাকার বাসিন্দারা বিশেষ ভাবে উপকৃত হবেন।

২. খেবলি বিল থেকে হুগলী নদী অবধি বিস্তৃত খড়দহ খালের ৪.০৮ কিমি অংশের সংস্কারের কাজ চলছে। এর ফলে পানিহাটি, খড়দহ ও টিটাগড় মিউনিসিপ্যালিটি এলাকার বাসিন্দারা উপকৃত হবেন।

৩. বেলঘরিয়া এক্সপ্রেসওয়ে থেকে নিউ ব্যারাকপুরে নোয়াই খালের ধার অবধি ৫.৬১ কিমি অংশে বিরাটী খালের সংস্কারের কাজ চলছে।

এরদ্বারা উত্তর দমদম, মধ্যমগ্রাম ও নিউ ব্যারাকপুর মিউনিসিপ্যালিটির মানুষ উপকৃত হবেন।

৪. ইছামতী নদীর কালাঞ্চী বি. এস. এফ. ব্রিজ থেকে টি. পি. পর্যন্ত ১২ কিমি অংশের সংস্কারের কাজ চলছে।

৫. ভি. আই. পি. রোড থেকে কুলটিগাং নদী পর্যন্ত লোয়ার বাগজোলা খালের ২৯ কিমি দৈর্ঘ্যের মধ্যে উত্তর ২৪ পরগনার হাড়োয়া ব্লক এলাকায় ১.৫ কিমি দৈর্ঘ্য সংস্কারের কাজ হয়েছে। বাকি অংশের কাজের টেন্ডার প্রক্রিয়া চলছে ও সংস্কারের কাজ শীঘ্রই শুরু হবে বলে আশা করা যায়। এই প্রকল্পের মাধ্যমে রাজারহাট-গোপালপুর পৌর এলাকা, নিউ টাউন নগরী ও হাড়োয়া ব্লক উপকৃত হবে।

(খ) এছাড়াও বিভিন্ন জেলার অন্যান্য বিভিন্ন খাল সংস্কারের প্রকল্প অনুমোদিত হয়েছে বা হওয়ার অপেক্ষায়, যেগুলির কাজও চলতি আর্থিক বছরেই শুরু হবে বলে আশা করা যায়।

(গ) আরো কিছু খাল সংস্কারের প্রকল্প প্রস্তুত করা হয়েছে যেগুলি অর্থ বরাদ্দ সূত্র চিহ্নিত করতে পারলে আগামী আর্থিক বছরে শুরু করার সম্ভাবনা আছে।

শ্রী নির্মল ঘোষ : ম্যাডাম, আমার অতিরিক্ত প্রশ্ন, ধন্যবাদ মন্ত্রীকে যে অতি অল্প সময়ের মধ্যে উত্তর ২৪ পরগনা কলকাতার লাগোয়া একটি এলাকা। প্রতিদিন এই শহরের শ্রীবৃদ্ধি ঘটছে, জনসংখ্যা বাড়ছে এবং ডেভালপমেন্টের ধারা, প্রবাহ ধীরে ধীরে উচ্চমানের দিকে যাচ্ছে। কিন্তু সবচেয়ে বড় যে জায়গাটায় আপনি হাত দিয়েছেন,দীর্ঘ বছর অবহেলিত। দেখুন, দক্ষিণ ২৪ পরগনা এবং উত্তর ২৪ পরগনার সবচেয়ে বড় বৈশিষ্ট্য হচ্ছে দুটি জেলা নদী মাতৃক। যেহেতু বে অফ বেঙ্গলকে জুড়েই একেবারে কালিন্দী থেকে মাতলা থেকে ইচ্ছামতি থেকে, বিদ্যাধরি থেকে - এই নদীগুলো দুটো জেলার উপর দিয়ে গিয়েছে। উত্তর ২৪ পরগনায় আপনি যতগুলি এলাকায় বিশেষ করে আপনি খালগুলোকে সংস্কারের কাজে হাত দিয়েছেন। বাগজোলা খালের আপার এবং লোয়ার যার আউটফল হচ্ছে হাড়োয়া-বিদ্যাধরি। হাফওয়ে কাজ করা, একটু শুরু করে তাকে বন্ধ করে দিলে যে কাজটুকু আপনি করলেন, যে টাকা আপনার ব্যয় হল সেই টাকা ঠিক তার পরের বছরে বর্ষায় সেটা ধুয়ে যায়। এখন আমার প্রশ্ন আপনার কাছে যে আপনি কত কিলোমিটার টোটাল এই খালগুলিতে কাজ শুরু করেছেন তাতে কত কিলোমিটার এবং ব্যয়ের ধারা - যে অর্থ আপনি ব্যয় করছেন সেটা রাজ্য এবং কেন্দ্রীয় সরকারের অর্থ কতটুকু যুক্ত আছে।

শ্রী রাজীব ব্যানার্জী : অনারেবেল ডেপুটি স্পীকার, আমি মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে - যেহেতু আপনার প্রশ্নটা উত্তর ২৪ পরগনার টোটাল খাল এবং তার সংস্কারের ব্যাপারে ন্যাচারালি আপনার উত্তরটা একটু বড় হবে। আমি আপনাদের প্রথমেই বলি, দীর্ঘদিন ধরে এই বিভিন্ন খাল, বিল, নদী, নালাগুলি অবহেলিত ছিল। পশ্চিমবঙ্গে এর আগে কোনদিনও এত খাল, নদী সংস্কার হয়েছে বলে স্বাধীনতার পর আমার তো অন্ততঃ জানা নেই, আমার দপ্তরেরও কারোর জানা নেই। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নিজে উদ্যোগ নিয়ে যেভাবে একের পর এক খাল এবং নদীগুলি সংস্কার করছেন - আপনার উত্তর ২৪ পরগনায় আমি ডিটেলে একটু বলছি যেটা জানলে আমাদের অন্যান্য বিধায়কদেরও একটু সুবিধা হবে সেটা হচ্ছে, কাঁচড়াপাড়া ও হালিশহর এলাকায় বাগের খাল সংস্কার প্রায় সাড়ে ৫ কিলোমিটার যার দৈর্ঘ্য, নৈহাটি এলাকায় হারান মজুমদার খাল যার ১ কিলোমিটার দৈর্ঘ্য, খড়দহ-টিটাগড় এলাকায় অ্যান্টি-ম্যালেরিয়া খাল যার ৩ কিলোমিটার দৈর্ঘ্য এবং তার সাথে খড়দহ খালের সংরক্ষণ আছে আমাদের মাননীয় অর্থমন্ত্রীর এলাকা।

ব্যারাকপুর ২ নং ব্লক ও নিউ ব্যারাকপুর পৌর এলাকায় নোয়াই খালের দুটি শাখা খাল তার দৈর্ঘ্য প্রায় ১.৭০ মিটার অর্থাৎ ১ কিলোমিটার - ১.৭০ কিলোমিটার, দমদম পৌর এলাকার বেলঘরিয়া এক্সপ্রেসওয়ের সন্নিহিত সুলতানপুর খাল .৮০ কিলোমিটার, উত্তর ও দক্ষিণ দমদম, দমদম পৌর এলাকায় শিবাচল মোড়, এম. বি. রোড ক্রশিং থেকে সোনাই খালের সংস্কার ৩.৯০

কিলোমিটার, কামারহাটি এলাকায় দাঁতিয়া খালের সংস্কার ১.১ কিলোমিটার, দক্ষিণ দমদম এলাকায় উদয়পুর খালের নিচের অংশের সংস্কার ১.৬ কিলোমিটার, মধ্যমগ্রাম পৌর এলাকা এবং রাজারহাট ও বারাসাত ২ নং ব্লকের দুর্গানগর থেকে হাড়োয়াগামী নদী পর্যন্ত নোয়াই খালের সংস্কার প্রায় ১৫ কিলোমিটার, দমদম এবং দক্ষিন দমদম এলাকায় ক্যান্টনমেন্ট খালের সংস্কার প্রায় সাড়ে ৪ কিলোমিটার, স্বরূপনগর ও বনগাঁ থানা এলাকায় বেনীগোপালপুর খালের সংস্কার প্রায় আড়াই কিলোমিটার, স্বরূপনগর থানা এলাকার সোনাই খাল ও কোইজুরি খালের সংস্কার প্রায় ৯.৯, মানে ১০ কিলোমিটার কাছাকাছি প্রায়। বিধাননগর, রাজারহাট, ভাঙড় এবং হাড়োয়া এলাকায় কেষ্টপুর - ভাঙ্গড়াঘাট খালের সংস্কার প্রায় ৩১ কিলোমিটার। এছাড়াও হাবড়া ও স্বরূপ নগরের পদ্মনালা এবং নাঙ্গড়া খালের সংস্কার প্রায় ১৯ কিলোমিটার, টিটাগড় ও নোয়াপাড়ার ইছাপুর খালের সংস্কার প্রায় সাড়ে ৪ কিলোমিটার।

[11.30—11.40 a.m.]

নোয়াপাড়া-শ্যামনগর খালের সংস্কার প্রায় ২.১০ কিলোমিটার। তাছাড়া পচা খাল - বীজপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত, সেটা প্রায় সাড়ে ছয় কিলোমিটার। আমি আপনাদের আগে জানাই, তথ্যটা আপনি চেয়েছেন। শুধু খাল উত্তর ২৪ পরগনায় আমরা টোটাল প্রায় ১১১.৪৪ কিলোমিটার কাজ করছি যা ইতিহাস কেন, স্বাধীনতার পর এই ইতিহাস কোনদিনও কেউ দেখাতে পারবে না। এর সাথে আপনি নদীর যেটা জানতে চেয়েছেন, নদীর বিষয়টিও আছে। আপনি যেহেতু বলেছেন যে নদীর কাজ না হলে অসুবিধা হচ্ছে। নদীর যেটা জানতে চেয়েছেন, আমি বলি যে ইমপর্ট্যান্ট যে নদী রয়েছে, স্বরূপনগরে টি. পি থেকে চারঘাট পর্যন্ত যমুনা নদীর সংস্কার যেটা খুব ইমপর্ট্যান্ট উত্তর ২৪ পরগনায় প্রায় ৯ কিলোমিটার এবং বারাসাত ও মধ্যমগ্রামে সুতি নদীর সংস্কার প্রায় সাড়ে দশ কিলোমিটার। আর তার সাথে স্বরূপনগর টি. পি থেকে তেতুলিয়া পর্যন্ত আবার ইছামতী নদীর সংস্কার প্রায় ১২.৩০ কিলোমিটার এবং শুধু নদী আমরা সংস্কার করছি আপনাদের উত্তর ২৪ পরগনায়, সেটা হচ্ছে ৩১.৮০ কিলোমিটার অর্থাৎ প্রায় ৩২ কিলোমিটারের কাছাকাছি। আর আপনি ব্যয়ভার জানতে চেয়েছেন। আমাদের টোটাল খাল এবং নদী মিলিয়ে শুধু উত্তর ২৪ পরগনায়, এর সাথে কিছু মর্ডানাইজেশানের বিষয় ধরা হয়েছে - উন্নতি সাধন এবং আমার মনে হয় না এর আগে কোন নজির আছে। টোটাল খাল এবং নদীর ক্ষেত্রে শুধু উত্তর ২৪ পরগনায় আমরা খরচা করছি প্রায় ১৪৫.৩০ কোটি টাকা।

শ্রী নির্মল ঘোষ : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আপনার মাধ্যমে আর একটি আমার প্রশ্ন, ধন্যবাদ মন্ত্রীকে, এটা ঠিকই যে জেলার সঙ্গে আমাদের বিশেষ করে আমার সম্পর্ক প্রায় ৪৭ বছরের। আমি এটা বলতে পারি যে আপনি প্রায় প্রত্যেকটি খালকে কারণ এখানে নিউ টাউন রাজারহাট হয়ে একেবার কাঁচড়াপাড়া পর্যন্ত কাঁচড়াপাড়া থেকে বরানগর তারপর মধ্যমগ্রাম হয়ে হাবড়া হয়ে যদি আপনি একেবারে ইছামতীর প্রান্তরে পর্যন্ত বসিরহাটে যাওয়া যায়, সেগুলোতে আপনি গিয়েছেন। এই কাজগুলো - যেগুলো আপনি হাতে নিয়েছেন, কারণ আপনি দেখেছেন এই যে নিম্নচাপজনিত যে বর্ষা এতে কোলকাতা সংলগ্ন সমস্ত বিধানসভা কেন্দ্রগুলো জলে আবদ্ধ ছিল

এবং সব থেকে বেশি আমার হাসপাতাল কোমর জলের ভেতরে ছিল। এটা কন্টিনিউয়াসলি হচ্ছে এবং সি ইজ লং। আমি এই নিয়ে এই বিধানসভার পবিত্র হাউসে বহুবার দরবার করেছি। যখন বামফ্রন্টের বন্ধুদের সরকার ছিল, তখন দরবার করেছি। ধন্যবাদ আপনাকে, আপনি প্রতিটি জায়গায় হাত দিয়েছেন। আমার প্রশ্ন হচ্ছে যে আপনি এই কাজগুলোকে কবে শেষ করতে পারবেন? আর নোয়াই খালের ব্যাপারটা আমি আপনাকে একটু বলতে চাই। কারণ নোয়াই খালের সংস্কার দীর্ঘদিন ধরেই হচ্ছে না। আপনি বাগজোলাতে হাত দিয়েছেন। প্রত্যেকটি খালেই আপনি হাত দিয়েছেন। বাট মাই পয়েন্ট ইজ ফর নোয়াই খাল। এই নোয়াই খালটা একটা লাইফ লাইন। যেটা ভাঙর পার্টের সঙ্গে যুক্ত, যেটা বাগজোলার সঙ্গে যুক্ত, যেটা ফতেশার সঙ্গে যুক্ত। সেই জায়গাটা যদি আপনি একটু বলেন যে নোয়াই খালটা, আই স্ট্রেস অন নোয়াই খাল অ্যাপার্ট ফ্রম অল এবং কবে নাগাদ আপনি কাজগুলোকে শেষ করতে পারবেন?

শ্রী রাজীব ব্যানার্জী : অনারেবেল ডেপুটি স্পীকার, আমি মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই যে অলরেডি আমি উল্লেখ করেছি। আমি অলরেডি বলেছি যে ব্যারাকপুরে নোয়াই খালের ধার অব্দি প্রায় ৫.৬১ কিলোমিটার অংশে আমরা সংস্কারের কাজ করছি এবং এটা বর্ষার আগে আমরা শেষ করার পরিকল্পনা নিয়েছি। বাদ বাকি যে খাল এবং নদী বললাম, আপনারা জানেন যে দীর্ঘদিন ধরে, আপনি বলেছেন যে দীর্ঘদিন ধরে কোন কাজকর্ম হয়নি। সুতরাং আমরা কাজ শুরু করেছি। যেহেতু বর্ষার সময়ে আমরা কাজ করতে পারি না, ন্যাচারালি এবার ড্রাইসিজন শুরু হয়েছে। আমরা কাজে হাত দিচ্ছি। ডিসেম্বরের মধ্যে আমরা ম্যাক্সিমাম কাজে হাত দিয়ে দেব। খুব আশা আছে যত দ্রুত সম্ভব অর্থাৎ বর্ষার আগে আমরা কিছু কাজ কমপ্লিট করব। আর বাদ বাকি কাজ আগামী অর্থবর্ষের জন্য ধরা রয়েছে।

শ্রী বিশ্বনাথ কারক : মাননীয়া ডেপুটি স্পীকার মহাশয়া, আপনার মারফত আমি মাননীয় সেচ মন্ত্রীর কাছে অতিরিক্ত একটি প্রশ্ন করতে চাই। আপনি অনেক খাল সংস্কার করেছেন। আপনি তার হিসাবও দিলেন। আপনাকে একটা খাল সংস্কারের বিষয়ে বলছি, আপনি করেছেন কিনা বা হাত দিয়েছেন কিনা এবং সেটা খুবই গুরুত্বপূর্ণ। আমাদের এই পশ্চিমবাংলায় এ. বি. এ গণিখান চৌধুরী যখন সেচমন্ত্রী ছিলেন, তাঁর আমলে নিম্ন দামোদর যে পরিকল্পনা, সেই পরিকল্পনা গ্রহণ করার জন্য তিনি একটি শিলান্যাস করেছিলেন হুগলী জেলায়। সেই শিলান্যাসের ক্ষেত্রে আপনি সেই নিম্ন - দামোদর পরিকল্পনার সঙ্গে যে খালগুলি জড়িত, তার সংশ্লিষ্ট খালগুলি পেরিয়ে গিয়েছে। ফুলকিয়া খাল থেকে শুরু করে সমস্ত খালগুলি ওখানে আছে। সেই খালগুলির সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত ঘাটাল মাস্টার প্ল্যান। সেই ঘাটাল মাস্টার প্ল্যান এবং আমাদের হুগলীতে এ. বি. এ গণিখান চৌধুরী যে শিলান্যাস করেছিলেন সেই খাল সম্পর্কে আপনি বলুন এর কাজ কতদূর অগ্রগতি হয়েছে এবং আদৌ ঘাটাল মাস্টার প্ল্যানের কাজ হবে কিনা যদি দয়া করে আপনি বলেন।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয়া ডেপুটি স্পিকার ম্যাডাম, মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে প্রথমেই বলি যে, দীর্ঘদিন আপনারা সরকারে ছিলেন। আপনারা এ. বি. এ. গণিখান চৌধুরীর উদাহরণ দিয়েছেন কিন্তু আপনাদের সরকারে তো আপনারা নিম্ন-দামোদর নিয়ে এবং ঘাটাল

নিয়ে কিছুই করেননি এবং নিম্ন - দামোদর অন্য জায়গায় আর ঘাটাল অন্য জায়গায়। আপনি দুটোকে গুলিয়ে ফেলেছেন। যাইহোক আমি আপনার দুটো প্রশ্নেরই উত্তর দেব। নিম্ন - দামোদর দীর্ঘদিন আপনাদের বাম জমানায় উপেক্ষিত ছিল। নিম্ন দামোদর সংস্কারের জন্য যদি কিছু উদ্যোগ নেওয়া যায় সেটা আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী ২০১১ সালে উনি সরকারে আসার পর প্রথম উদ্যোগ নিয়েছেন এই নিম্ন - দামোদর সংস্কারে এবং আপনাকে জানিয়ে রাখি নিম্ন - দামোদরের সংস্কারের মধ্যে যে খালগুলি আপনি হুগলী এবং অন্যান্য জায়গার বললেন সেগুলি অলরেডি ধরা রয়েছে। নিম্ন - দামোদর সংস্কার প্রক্রিয়ার জন্য ডিটেল প্রোজেক্ট রিপোর্ট - ডি. পি. আর অলরেডি তৈরী কাজ চলছে, আগামী মার্চ মাসে তার কাজ শেষ হবে এবং এই কাজ শেষ হয়ে যাবার পরে আমরা কেন্দ্রের অনুমোদনের জন্য এটা পাঠাব। ঘাটাল মাস্টার প্ল্যানের ব্যাপারে আমি আপনাকে বলি যে, আপনাদের আমলে যে ঘাটাল মাস্টার প্ল্যান আপনারা তৈরী করেছিলেন তার ম্যাথেমেটিকাল মডেল আপনারা করেননি, কোন মডেল স্টাডি হয়নি এবং অনেক বেশী টাকা এস্টিমেট দিয়ে আপনারা পাঠিয়েছিলেন, যা দিল্লি থেকে রিজেক্ট হয়ে গিয়েছিল। আমরা দায়িত্বে আসার পরে এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুরোধে এইটার ম্যাথেমেটিকাল মডেল স্টাডি আমরা আই. আই. টি খড়্গপুরের প্রফেসারকে দিয়ে করিয়ে কমপ্লিট করে অলরেডি দিল্লিতে জমা দিয়েছি, সেটা অলরেডি অনুমোদন হয়েছে, তার এস্টিমেট রেডি হয়ে গিয়েছে। আপনারা যে এস্টিমেট দিয়েছিলেন তার থেকে অনেক কমে ওটা হয়েছে এবং আগামীদিনে আমরা দিল্লির অনুমোদনের অপেক্ষায় রয়েছি।

শ্রী যোগরঞ্জন হালদার : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রীর কাছে জানতে চাইছি যে, দক্ষিণ ২৪ পরগণা জেলার কোন্ কোন্ খাল সংস্কারের পরিকল্পনা আপনার আছে সেটা অনুগ্রহ করে জানাবেন কি?

শ্রী রাজীব ব্যানার্জী : অনারেবেল ডেপুটি স্পিকার ম্যাডাম, আমি উত্তর ২৪ পরগনা বলতে আবার দক্ষিণ ২৪ পরগণা এসে গেল এবং আপনাদের বলি যে, শুধু দক্ষিণ - উত্তর ২৪ পরগনা নয়, কুচবিহার থেকে শুরু করে দক্ষিণ ২৪ পরগনা অবধি যেভাবে খাল এবং নদীর সংস্কার হচ্ছে, আমার মনে হয় টোটাল ৫০০ কিলোমিটারের উপরে হবে। আমি আপাতত আপনাকে জানাই যেহেতু দক্ষিণ ২৪ পরগণা একটি বিস্তীর্ণ বড় জেলা, সুতরাং আপনি লিখিত ভাবে আমাকে যদি দেন তাহলে তার ডিটেলসটা আপনার কাছে পাঠিয়ে দেব।

শ্রী রামেশ্বর দোলই : মাননীয়া ডেপুটি স্পিকার ম্যাডাম আমি আপনার মাধ্যমে অতিরিক্ত প্রশ্ন হিসাবে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ইতিমধ্যেই মাননীয় বিধায়ক বিশ্বনাথ কারক ঘাটাল মাস্টার প্ল্যানটা উত্থাপন করেছেন। আমি বলতে চাই যে, পূর্ব মেদিনীপুর এবং পশ্চিম মেদিনীপুরে বহু নদী-নালা ইত্যাদি আছে। আপনি জানেন সেখানে কেলেঘাই-এর কাজ হতে হতে বন্ধ হয়ে গেল। আর বাকি যে বন্যা 'মে' মাস থেকে টানা চলল, ৭ বার বন্যা হল, বাঁধ ভাঙল, সেখানে সেচ দপ্তর তার দায়িত্ব ঠিকমত পালন করতে পেরেছিলেন কিনা। জল ছাড়া হয়েছিল, তারপরে আপনারা বললেন জানিনা - ম্যান মেড হয়ে গেল। বন্যায় ভেসে গেল, সেই বাঁধগুলো এইসময় কাজের সময় - পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুরে মিলিটারী দিয়ে বাঁধ তৈরী করা হল - তাও ভেঙ্গে গেল। আপনারা বলছেন ঐতিহাসিক দায়িত্ব পালন করেছেন। আমি সেইজন্য বলছি যে

বাঁধগুলো বন্যার সময় ভাঙল, আর নদী - নালা যেগুলো সেগুলোর ব্যাপারে সেচ দপ্তরের দায়িত্ব পালন করার কথা। সেইগুলো কি পর্যায়ে আছে? এই সময় কাজ করার কোন পরিকল্পনা আছে কিনা অনুগ্রহ করে জানাবেন কি?

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয়া ডেপুটি স্পিকার ম্যাডাম আমি অনারেবেল এম. এল.এ - কে জানাতে চাই যে, উনি অনেক রকম কথা বললেন - প্রশ্ন একটা করলেন। আমার বক্তব্য হচ্ছে আপনি কেলেঘাইয়ের কথা বলেছেন। আমার মনে হয় না যে কোথাও কাজ বন্ধ আছে বলে। আপনাদের সময় কাজ বন্ধ ছিল। আমরা দায়িত্ব নেওয়ার পরে কেলেঘাইয়ের কাজ করেছি এবং কেলেঘাইয়ের এতো ভাল কাজ করেছি বলে পূর্ব মেদিনীপুরে কোথাও বন্যা হয়নি এটা নিশ্চিতভাবে আপনি স্বীকার করবেন। আমি আপনাকে বলি, এবারে যে প্রশ্নটা আপনি অবতারণা করেছেন - যেভাবে পূর্ব মেদিনীপুরে আমরা খালের সংস্কার করছি আপনি যদি অফিসিয়ালি তার লিস্ট চান আমি নিশ্চিতভাবে আপনাকে দিয়ে দেব।

[11.40–11.50 am]

আপনি যদি তার লিস্ট চান, আপনি অফিসিয়ালি দিন, আমি দিয়ে দেব। এরপরে আপনি বলেছেন বাঁধ ভাঙার কথা। আমি একটু আপনাদের স্মরণে নিয়ে আসি। আজকে আপনারা এখানে উপস্থিত আছেন। আপনারা হয়তো জানেন যে বাঁধ হয়েছে, এগুলো সব মাটির বাঁধ ১৮৩০ সালে তৈরি করা। এই জায়গায় দাঁড়িয়ে আপনাদের আমলে ২০০৯ সালের খতিয়ান দিচ্ছি। আপনাদের আমলে ২০০৯ সালে ৪২টা বাঁধ ভেঙেছিল। ২০১০ সালে ভেঙেছিল ২২টা। ২০১১ সালে, আজকে কংগ্রেসের বন্ধুরা নেই, তখন যিনি মন্ত্রী ছিলেন, তাঁর আমলেও ১১টা বাঁধ ভেঙেছিল। এমনকি ২০১২ সালে বৃষ্টি হয়নি কিন্তু মানসবাবুর আমলে তখনও দুটো বাঁধ ভেঙেছিল। এবারে এত বৃষ্টি হয়েছে, আপনারা জানেন বৃষ্টির যদি আমি আপনাদের এখন অ্যাভারেজ দেই, আপনি নিশ্চিতভাবে জানেন পশ্চিম মেদিনীপুর, পূর্ব মেদিনীপুরে যে বৃষ্টি এই অক্টোবরে হয়েছে, বোধহয় ১০০ বছরের ইতিহাসে একসাথে এত বৃষ্টি হয়নি। আমার কাছে তার পরিসংখ্যান আছে। কোথাও ৬৪ শতাংশ বেশি হয়েছে, কোথাও ১১১১ শতাংশ বেশি হয়েছে। সুতরাং এত বৃষ্টি মানুষ আগে কখনও দেখেনি। এবং যেভাবে জল ছাড়া হয়েছে এক সাথে, একদিকে কোটাল, একদিকে বৃষ্টি, তার সাথে জল ছাড়া, সমস্ত মিলিয়ে আমি আপনাদের বলি ৭৮ সালের পরে এত ভয়াবহ দৃশ্য মানুষ দেখেনি। সেই তুলনায়সারা পশ্চিমবঙ্গে কোথাও বন্যা হয়নি। একটা মাত্র বাঁধ ভেঙেছে, এটা অস্বীকার করার জায়গা নেই এবং সেই বাঁধটা আমরা পরে তৎপরতার সঙ্গে জুড়ে দেওয়ার চেষ্টা করেছি।

শ্রী পরশ দত্ত : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচ মন্ত্রীর কাছে একটা জিনিস জানতে চাই নৈহাটি, জগদ্দল এই দুটি কেন্দ্রের পুব দিকে একটা বিরাট বড় বিল রয়েছে, বতী বিল যার নাম। সেই বিলটা সংস্কার না করলে পুরো নৈহাটির জল, বিশেষকরে কল্যাণী এক্সপ্রেসওয়ের পুব দিকের যা জল এই বিলটা ধরতে পারে না। ওটা সংস্কার করা দরকার। বহু বছর ধরে ওই বতী বিল সংস্কারের জন্য বাম জমানায় সেচ মন্ত্রীর কাছে আবেদন নিবেদন দাবি সব করা সত্ত্বেও কর্ণপাত করেনি। আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই এই বতী বিল সংস্কার

করে যে মাটি উঠবে সেই মাটি দিয়ে কল্যাণী এক্সপ্রেসওয়ে যে বড় করা হচ্ছে, তার যে মাটির প্রয়োজন তা কিনতে হবে না, বতী বিলের মাটিতে হয়ে যাবে। এইরকম কোনো পরিকল্পনা সেচ দপ্তর করেছে কি না?

শ্রী রাজীব ব্যানার্জী : অনারেবল ডেপুটি স্পিকার ম্যাডাম, আমি মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই এই যে বিলটার কথা আপনি বললেন, এটা আমাদের সেচ দপ্তরের এক্তিয়ারভুক্ত নয়। এটা পঞ্চায়েতের। আলটিমেট জেলাপরিষদ হচ্ছে এর অথরিটি। আপনি যদি জেলাপরিষদের সঙ্গে যোগাযোগ করেন—আমাদের কোনো সাহায্য চাইলে আমরা নিশ্চয়ই দেব।

সুন্দরবন অঞ্চলে মাছ ও মধু ভিত্তিক খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প

*৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *১০৩) **ডঃ তরুণ কান্তি নস্কর :** খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সুন্দরবন অঞ্চলের মাছ ও বনজ সম্পদ মধুকে ভিত্তি করে কোন খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প গড়ে তোলার পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি?

শ্রী সুব্রত সাহা :

সুন্দরবন অঞ্চলের মাছ ও মধুকে ভিত্তি করে বিভিন্ন প্রকার খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনের পরিকল্পনা বর্তমানে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগ গ্রহণ করেছে। মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে সুন্দরবনের মাছ ও জলজ সম্পদ ভিত্তি করে এই দপ্তর বিভিন্ন শিল্প স্থাপনের বহুমুখী পরিকল্পনা গ্রহণ করেছে যা আগে কখনো নেওয়া হয়নি। তবে জাতীয় খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প মিশনের আওতায় যে কোন খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপন/আধুনিকীকরণ ইত্যাদির ক্ষেত্রে সর্বাধিক ৫০.০০ লক্ষ টাকা (আই. টি. ডি. পি. এলাকার ক্ষেত্রে ৭৫.০০ লক্ষ টাকা) অনুদান দেওয়ার সুযোগ আছে। গত ২০১২-১৩ আর্থিক বর্ষে একটি সংস্থাকে এই মিশন থেকে ৫০.০০ লক্ষ টাকা অনুদান দেওয়া হয়েছে। সংস্থাটি সাধারণত ভেড়ির চিংড়ি মাছকে বিদেশে রপ্তানি করে। ঐ চিংড়ি মাছের একটি অংশ সুন্দরবন অঞ্চলের কিছু ভেড়ি থেকে সংগ্রহ করা হয় বলে জানা গেছে।

এছাড়া আর আই ডি এফ প্রকল্পে টাকি পৌর এলাকাতে একটি মাল্টি চেম্বার হিমঘর তৈরী হচ্ছে। ঐ হিমঘরে সাধারণভাবে মাছই সংরক্ষণ করা হবে। এর ফলে সুন্দরবন এলাকার উৎপাদিত মাছও বাণিজ্যিকরণের সুবিধা হবে।

ডঃ তরুণকান্তি নস্কর : ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি সুন্দরবনের আরও একটি বিষয় নিয়ে খাদ্যপ্রক্রিয়াকরণ দপ্তরের মন্ত্রীকে জিজ্ঞাসা করব। খেজুর গুড় এবং কণকচুর ধানের খই থেকে যে জয়নগরের মোয়া তৈরী হয়, তা নিজেই একটা ব্রান্ড নেম, একটা হেরিটেজ সুইট, এর উপর ২৪ পরগনা জেলার কয়েকটি ব্লকের হাজার হাজার মানুষের ৩/৪ মাসের জীবিকা নির্ভর করে। কিন্তু খেজুর গুড় এবং ওই বিশেষ খই দিয়ে যে মোয়া, সেই মোয়া শিল্প আজ সংকটগ্রস্ত। জয়নগরের মোয়াকে ভিত্তি করে কোন খাদ্যপ্রক্রিয়াকরণ শিল্প এবং জয়নগরের মোয়ার মান বজায় রাখার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা মন্ত্রী মহাশয় জানাবেন।

শ্রী সুব্রত সাহা : মাননীয় বিধায়ক খুব প্রাসঙ্গিক প্রশ্ন করেছেন জয়নগরের মোয়ার ব্যাপারে, এজন্য ওনাকে ধন্যবাদ জানাই। আপনারা জানেন যে, আমাদের বাংলার যে সমস্ত ঐতিহ্য আছে তার মধ্যে এই জয়নগরের মোয়া শিল্প একটা বিশেষ উল্লেখযোগ্য। এবং, এই সরকার আসার পর মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে এবং তাঁরই উদ্যোগে আমাদের খাদ্য প্রক্রিয়াকরণ দপ্তর এর উপরে অনেকগুলো পরিকল্পনা নিয়েছে। বিশেষ করে জয়নগরের মোয়ার যে মান সেই মানকে বজায় রাখতে বাঁকুড়া, যেখানে নলেন গুড় তৈরী হয় এবং নদীয়া, মুর্শিদাবাদ, সেসব জায়গা থেকে সঠিক নলেন গুড় আমদানি করে জয়নগরের যে সমস্ত সংস্থা এই মোয়া তৈরী করেন, তাদের সঙ্গে যুক্ত করে দিয়ে এই জয়নগরের মোয়ার একটা বিশেষ গুণমানকে বজায় রাখার চেষ্টা আমরা করছি। ইতিমধ্যে মাননীয় বিধায়ক তরুণ বাবুর সঙ্গেও কথা হয়েছে এবং আমাদের সুন্দরবন মন্ত্রী, আমার ভাই মন্টুরাম পাখিরার সঙ্গেও কথা হয়েছে, যাতে যৌথ উদ্যোগ নিয়ে কি করে এই শিল্পকে বাঁচানো যায়। বিশেষ করে মুখ্যমন্ত্রী বারবার বলছেন কুটির শিল্পের মধ্যে দিয়ে, ছোট ছোট শিল্পের মধ্যে দিয়ে কর্মসংস্থান। আমরা দেখেছি বিগত ৩৪ বছরে সরকারের যে ভূমিকা ছিল, তাতে কর্মসংস্থান বলে কোন ব্যাপারই ছিল না, সেইজন্য ১ কোটি বেকারের সংখ্যা বৃদ্ধি পেয়ে গেছে। এই জায়গা থেকে মুক্তি পেতে এই ধরনের শিল্পকে আমরা বিশেষ, করে এন্টারটেন করতে চাইছি, এবং এদেরকে ট্রেনিংয়ের মধ্যে আনতে চাইছি। আমরা যাদবপুর ইউনিভার্সিটির সঙ্গেও কথা বলেছি যে এর সংরক্ষণটা কি ভাবে সম্ভব যাতে বিদেশেও পাঠানো যায়। আমি ইতিমধ্যে ইন্ডিয়ান ইন্সটিটিউশন অফ প্যাকেজিং, আই. আই. পি. তাদের সঙ্গেও কথা বলেছি, বম্বেতে তাদের ইনিস্টিটিশন আছে। তারা এসেছিলেন। তাদের বিশেষ করে অনুরোধ করেছি, জয়নগরের মোয়াকে সংরক্ষণ করে বিদেশে পাঠানোর জন্য তার সমস্ত ইনগ্রিডিয়েন্টগুলো ঠিক রেখে অন্তত ২০ থেকে ২৫ দিন যাতে রাখা যায়। আই. আই. টি.বলেছি, তারাও উদ্যোগ নিচ্ছে এবং তারা এটা রিসার্চ আইটেমের মধ্যে নিয়েছে। আশা করি খুব শীঘ্রই এর ফল পাব। তরুণকান্তি নস্কর যে কথা বলেছেন, তিনি এই বিষয়ে খুব উদ্যোগী, তিনি আমার সঙ্গে আগে দেখাও করেছেন এই শিল্পটাকে নিয়ে। আমাদের মাননীয় মন্ত্রীও আমাকে বলেছেন। সুতরাং সুন্দরবনের এই বিষয়টা আর তার পাশে জয়নগর, এই গোটা ব্যাপারটাকে নিয়েই এই সরকার বিশেষ চিন্তিত এবং এই বিষয়ে কাজ গ্রহণ করছে।

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ যে তিনি গোটা বিষয়টা নিয়ে বিশদে চিন্তা-ভাবনা করছেন এবং অলরেডি সেই পথে কিছুটা এগিয়ে গেছেন। তিনি লিখিত উত্তরে আর্থিক বিষয়টা জানিয়েছেন। এই পরিপ্রেক্ষিতে আমার দ্বিতীয় প্রশ্ন, এই কুটির শিল্পের সঙ্গে, যারা খেজুর রস কাটে, যাদের শিউলি বলা হয়,যারা মোয়ার কারিগর, আর এই কণকচুর ধান যারা চাষ করে - কণকচুর ধান যেহেতু লো ইল্ডিং, ফলে চাষীরা খুব উৎসাহ পায় না এই ধান চাষ করতে, ফলে এই শিল্পকে বাঁচিয়ে রাখার জন্য এদেরকে কোন আর্থিক অনুদান আপনার দপ্তর থেকে দেওয়া সম্ভব কিনা যদি বলেন।

শ্রী সুব্রত সাহা : এখানে দুটো ব্যাপার আছে। একটা হচ্ছে যে ধানের চাষ আমাদের দপ্তরের মধ্যে ঠিক পড়বে না, এটা এগ্রিকালচারের ব্যাপার, আমাদের দায়িত্ব খাদ্য প্রক্রিয়াকরণ বিষয়ে। যারা এই মোয়া শিল্পের সঙ্গে যুক্ত তারা ছোট, বড়, মাঝারি যে কোন ধরনের শিল্প যদি করতে চান তাদের

অনুদান করব সর্বাধিক ৫০ লক্ষ টাকা এবং ট্রাইব্যাল এরিয়া হলে ৭৫ লক্ষ টাকা, এই অনুদানের সংস্থান রয়েছে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যৌথ ভাবে।

[11.50—12.00 noon]

শ্রী সুব্রত সাহা : যদি কোন সংস্থা এগিয়ে আসে এবং আপনি নিজে যদি উদ্যোগী হয়ে বা আমাদের কোন এম এল এ বন্ধু উদ্যোগী হয়ে ব্যাপারটা নিয়ে এগিয়ে আসেন সরকার সমস্ত রকম সহযোগিতা করতে প্রস্তুত আছে।

শ্রী শুভাশীষ বটব্যাল : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আমি যে প্রশ্ন করতে চাইছি উনি তার আংশিক উত্তর দিয়েছেন। আমাদের বাঁকুড়া পুরুলিয়ার বিস্তীর্ণ এলাকায় শুখা এলাকাতে খেজুর গাছ খুব বেশি জন্মায় এবং সেখানে বৃষ্টিপাতের পরিমাণ কম বলে খেজুর গুড়ের কোয়ালিটি খুব হাই। কিন্তু সেখানে বিপণনের কোন ব্যবস্থা নেই। সেই কারণে ওই প্রোডাকশনটা যদি বিপণনের ব্যবস্থা করে দেন, আর যদি কোন প্রসেসিং ইউনিট ওখানে বসিয়ে দেন তাহলে আমরা জয়নগরকে যেমন সাহায্য করতে পারি তেমনই কলকাতায় যে সমস্ত মিষ্টান্ন ভান্ডার আছে, সেখানে নলেন গুড়ের সন্দেশ, রসগোল্লা তৈরী হয় সেখানেও আমরা সাপ্লাই দিতে পারি। সেখানকার কোয়ালিটি যে খুব ভাল তার প্রমাণ হিসাবে বিভিন্ন জায়গাতে আমি গিয়েছিলাম, আমি মাননীয় মন্ত্রীর সঙ্গে কথাবার্তা বলেছিলাম যে এই স্ট্যাণ্ডার্ডটাকে কাজে লাগানো যেতে পারে। নাম্বার টু, যে ধানটা চাষীরা চাষ করতে চাইছেন না উনি বললেন যে এগ্রিকালচার ডিপার্টমেন্টের ডিউটি। আপনি কি এগ্রিকালচার মন্ত্রীর সঙ্গে কথাবার্তা বলে নিতে পারেন না? এগ্রিকালচার ডিপার্টমেন্টের মন্ত্রীর সঙ্গে কথাবার্তা বলে ওই ধানটা যেহেতু চাহিদা আছে পারটিকুলার কোন একটা জায়গাতে অ্যাকর্ডিং টু ক্লাইমেটিক কনডিশান অ্যান্ড সয়েল কনডিশানের উপর ডিপেন্ড করে ধানটা সেই জায়গাতেই তৈরী হয়। সেই জায়গাতেই কি ধানটা চাষ করানো যায় না? সেই ব্যবস্থা কি উনি নিতে পারেন না? যাতে নেন সেজন্য ওঁর কাছে আবেদন জানাচ্ছি।

শ্রী সুব্রত সাহা : মাননীয় বিধায়ক বটব্যাল সাহেব যেটা বললেন সেটা খুবই গুরুত্বপূর্ণ কথা উনি বলেছেন। আমি ইতিমধ্যেই বাঁকুড়া গিয়েছিলাম। তখন ওঁকে সঙ্গে নিয়েই কতগুলো অঞ্চলে ভিজিট করেছি। তার মধ্যে তালডাংড়া অঞ্চলে দেখেছি সেখানে খেজুরের চাষ খুব হয় এবং তখনই আমরা সিদ্ধান্ত নিয়েছিলাম যে এই এলাকাটা ভীষণভাবে অবহেলিত খেজুর গাছের যে চাষ সেটাও অনেক কমে গেছে বা তার থেকে রস নেওয়ার যে পদ্ধতি সেটাও পরবর্তীকালে বিবর্তনের মধ্যে দিয়ে বিগত সরকার এটাকে এতই অবহেলা করেছে এবং আমি দেখেছি যে আমাদের এই যে দপ্তর এই দপ্তরকে তারা নামমাত্র দপ্তর হিসাবে রেখেছিলেন, কোন কাজই তারা করেন নি। কিন্তু আজকে বাঁকুড়ায়ে গিয়ে দেখলাম যে এটা যদি করা যায় তাহলে শুধু কর্মসংস্থান নয় আমাদের বাঁকুড়ার নলেন গুড়ের শিল্পের যে ঐতিহ্য সেটাকেও আমরা ফিরিয়ে আনতে পারি। যেটা এই সরকার খুব চেষ্টা করছেন। সেই জন্য আমি তাকে বলছি যে তাঁর দুটো প্রস্তাব এখানে আছে, একটা হচ্ছে গুড়ের ব্যাপারে সেটা অলরেডি আমরা দেখতে শুরু করেছি। দুটো প্রশ্ন রেখেছেন যে আমরা এগ্রিকালচার

মন্ত্রীর সঙ্গে কথা বলতে পারি কিনা? অবশ্যই বলতে পারি। আমি যেমন সুন্দরবন উন্নয়ন মন্ত্রীর সঙ্গে কথা বলেছি, ঠিক তেমনভাবেই আমি নিশ্চয়ই এগ্রিকালচার মিনিস্টারের সঙ্গে কথা বলে যে এলাকায় এই ধানটা হয় জয়নগরের মোয়ার স্বার্থে এটার উৎপাদন বাড়ানো এবং উৎপাদনের উৎকর্ষতা বাড়ানোর জন্য আমি সবরকম ব্যবস্থা নেব।

শ্রী নিরাপদ সর্দার : মাননীয় উপধ্যক্ষা মহোদয়া, আমাদের উত্তর ২৪ পরগনা জেলায় ৬টা ব্লক আছে যা সুন্দরবনের মধ্যে পড়ে। এই ৬টা ব্লকের বেশিরভাগ জায়গাতে মাছ চাষ হয়ে থাকে এবং অসংখ্য স্বনির্ভর দল ওখানে যুক্ত আছে এবং কয়েকটি আই টি ডি পি মৌজাও আছে। মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন ওই সমস্ত এলাকাতে স্বনির্ভর দলের মায়েদের যুক্ত করার প্রশ্নে ওখানে আপনি মৎস্য কেন্দ্রিক শিল্প গড়ে তোলা যায় কিনা, এইরকম কোন ভাবনা আপনার আছে কিনা?

শ্রী সুব্রত সাহা : মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই যে এই এলাকায় অনেক আগে থেকেই আমাদের মুখ্যমন্ত্রী মৎস্য ভিত্তিক কোন শিল্পের কথা উনি আগেই বলেছেন। এটা মৎস্য দপ্তর ভাবনা চিন্তা করছেন। কোন সময়ে আমি ছিলাম ওই দপ্তরে। এবং আমি আপনাদের বলেছি যে ফুড প্রসেসিং দপ্তরের মধ্য দিয়ে মৎস্য যাতে বিদেশে রপ্তানী করা যায়, একটা ব্যাপার মাছকে শুকিয়ে যে জিনিস করা হয়, সেই ব্যাপারটির একটা ব্যাপক পরিকল্পনা নেওয়া হচ্ছে যেটা আগে কখনও হয় নি। এবং এখানে অলরেডি একটু আগে আমি উত্তরে বলেছি যে আর আই ডি এফ প্রকল্পে টাকী পৌরএলাকাতে একটা হিমঘর তৈরী হচ্ছে। মাছকে সেখানে সংরক্ষণ করা হবে এবং বিদেশে পাঠানোর উপযোগী করা হবে।

এই সমস্ত ব্যাপারটি নিয়ে এই সরকার অনেক কিছু পরিকল্পনা গ্রহণ করছেন। খুব শীঘ্র আপনারা সেগুলি দেখতে পাবেন যেগুলি বাস্তবে রূপায়িত করা হবে।

শ্রী চাঁদ মহম্মদ : মাননীয় ডেপুটিস্পীকার মহাশয়া আপনার মাধ্যমে আমার জেলার ব্যাপারে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন - স্যার, আমাদের মুর্শিদাবাদ এবং নদীয়া জেলাতে প্রচুর খেজুর গাছের চাষ হয়। এই খেজুর গাছের রস থেকে নলেন গুড় তৈরী হয়। এটা খুবই সুস্বাদু জিনিস। এই ব্যাপারটিকে আরও উন্নত করার জন্য মুর্শিদাবাদ এবং নদীয়া জেলাতে কোন কিছু করার পরিকল্পনা বা মার্কেট করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রী সুব্রত সাহা : মাননীয় বিধায়ক আমার জেলার মানুষ এবং আমার খুব প্রিয়। চাঁদ মহম্মদকে ধন্যবাদ, কারণ তিনি বললেন যে মুর্শিদাবাদে এই ব্যাপারটি নিয়ে কোন কিছু ভাবা হচ্ছে কিনা। আমি আমার উত্তরে ইতিমধ্যেই বলেছি যে, নদীয়া, মুর্শিদাবাদ এবং বাঁকুড়া এই তিন জায়গাতেই নলেন গুড় হয়। এবং মুর্শিদাবাদের জলঙ্গি রায়নগর এই সব জায়গাতে গুড়ের একটা খুব ভালো কারখানা আছে। এখান থেকে কোলকাতাতে গুড় আসে। সেটাকে আরও ডেভলপ করতে চাই। ওরা জাস্ট এই ব্যাপারটি নিজেরা করে। গ্রামের মানুষ এটা তৈরী করে। সরকারের তরফ থেকে বিগত ৩৪ বছরে তাদের পাশে কোন রকমভাবে দাঁড়ানো হয় নি। সেটা আমরা করছি এবং আমরা ওটা ব্যাপকভাবে করার চেষ্টা করছি। তিনটি জেলাতেও গুড় শিল্পটাকে আরও কিভাবে বাড়ানো

যায় এবং তার মাধ্যমে কিভাবে কর্মসংস্থান গড়ে তোলা যায়, সেই বিষয়টি আমাদের চিন্তাভাবনার মধ্যে রয়েছে।

পিঁয়াজ চাষ

*৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৬) শ্রী সমীর কুমার জানা : খাদ্যপ্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পিঁয়াজের জোগানে ঘাটতি পূরণে বর্তমান সরকার কী ব্যবস্থা গ্রহণ করেছে; এবং

(খ) পিঁয়াজ চাষে কৃষকদের প্রশিক্ষণ ও বীজ সরবরাহের বিষয়ে রাজ্য সরকার কী কী ব্যবস্থা নিয়েছে?

শ্রী সুব্রত সাহা :

(ক) পিঁয়াজের জোগানে ঘাটতি পূরণে বর্তমান সরকার কতকগুলি গুরুত্বপূর্ণ ব্যবস্থা গ্রহণ করেছেয এই প্রসঙ্গে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বিশেষ নির্দেশে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন দপ্তর নিম্নলিখিত ব্যবস্থাগুলি গ্রহণ করেছে।

(১) ২০১৩ সালে পশ্চিমবঙ্গের মোট আটটি জেলায় 'খরিফ খন্দে পেঁয়াজ চাষ'-এর প্রকল্পটি নেওয়া হয়েছে। মোট ৮০০ হেক্টর এলাকার জন্য ৭২০০ কেজি পেঁয়াজ বীজ চাষীদের মধ্যে বিতরণ করা হয়েছে। 'এগ্রিফাউন্ড ডার্ক রেড' জাতের বীজ আনা হয়েছে নাসিকের 'ন্যাশনাল হর্টিকালচারাল রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট ফাউন্ডেশান' থেকে। এই প্রকল্পে পেঁয়াজ চাষের জন্য চাষের খরচের ৫০% অনুদান সর্বোচ্চ বিঘা প্রতি ১০০০০/- টাকা অনুদান দেওয়া হবে। খরিফ খন্দে চাষের মাধ্যমে বর্তমানে প্রায় ৬৭৫০ মেট্রিক টন ঘাটতি পুরন হবে।

(২) ২০১৩-১৪ সালে পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় 'রবি খন্দে পেঁয়াজ চাষ'-এর প্রকল্পটি নেওয়া হয়েছে। নাসিকের 'ন্যাশনাল হর্টিকালচারাল রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট ফাউন্ডেশান'-কে বীজ সরবরাহের বরাত দেওয়া হয়েছে। 'এগ্রিফাউন্ড লাইট রেড' জাতের বীজ বিনামূল্যে চাষীদের বিতরণ করা হবে। বীজের পরিমাণ মোট ৫০০০ কেজি। এর মাধ্যমে ১৫০০০ মেট্রিক টন ঘাটতি পুরন হবে বলে আশা করা যাচ্ছে।

(৩) খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যানপালন উন্নয়ন কর্পোরেশন লিমিটেড দক্ষিণ ২৪-পরগনা, উত্তর ২৪-পরগনা ও হাওড়া জেলার 'কৃষক উৎপাদক সংস্থার' মাধ্যমে ৩৬ টাকা কেজি দরে কলকাতার বিভিন্ন বাজারে বিগত তিন মাস ধরে পেঁয়াজ বিক্রির ব্যবস্থা করে।

(খ) পিঁয়াজ চাষে কৃষকদের প্রশিক্ষণের জন্য জেলা সচেতনতা বৃদ্ধির চেষ্টা করা হচ্ছে। রবি খন্দে পেঁয়াজ চাষের জন্য ইতিমধ্যেই ৩৩টি প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়ে এবং এর মাধ্যমে ২২২৭ জন কৃষককে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। খরিফ খন্দে পেঁয়াজ চাষের জন্য আটটি জেলায় মোট ৮৩টি প্রশিক্ষণ শিবিরের মাধ্যমে ৫৫৯২ জন কৃষককে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

খারিফ খন্দে মোট ৭২০০ কেজি বীজ বিতরণ করা হয়েছে। রবি খন্দে ৫০০০ কেজি বীজ বিতরণ করা হবে।

শ্রী সমীর কুমার জানা : স্যার, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন - পেঁয়াজ চাষের ক্ষেত্রে যে অনবদ্য ভূমিকা বর্তমান মা মাটি মানুষের সরকারের পক্ষ থেকে গ্রহণ করা হয়েছে একে নিঃসন্দেহে সাধুবাদ জানানো যায়। কারণ দীর্ঘ ৩৪ বছর ধরে পেঁয়াজ চাষের যে আভ্যন্তরীন চাহিদা তার মাত্র ২০% পূরণ করা যেত। ডালশস্যে ১৫%, তৈলবীজের ক্ষেত্রে ৩০%।

[12.00—12.10 p.m.]

এবং ভুট্টার ক্ষেত্রে ৫ -১০ শতাংশ চাহিদা পূরণ করা সম্ভব হ'ত। কিন্তু ইতিপূর্বে স্বয়ম্ভরতার জন্য যে ব্যবস্থা গ্রহণ করা দরকার, ৩৪ বছর ধরে যদি আমরা চেষ্টা করতাম, তাহলে পশ্চিমবঙ্গে এই মুহূর্তে এই বিষয়ে আমরা যথেষ্ট অগ্রণী ভূমিকা গ্রহণ করতে পারতাম। কিন্তু বর্তমান সরকার যেভাবে উদ্যোগ গ্রহণ করেছে তাকে সাধুবাদ জানাই। মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার প্রশ্ন, এই বর্ষার মরশুমে পেঁয়াজের চাহিদা এবং দাম যেভাবে বৃদ্ধি পেয়েছে, এর হাত থেকে অব্যাহতি পাওয়ার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশক্রমে যে জেলাগুলোকে আমরা বেছে নিয়েছিলাম, ভৌগোলিক অবস্থান, জলের অবস্থান অনুপাতে যে জেলাগুলিকে আমরা চিহ্নিত করেছিলাম, সেই জেলাগুলির নাম যদি অনুগ্রহ করে বলেন।

শ্রী সুব্রত সাহা : মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে আমি মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলব, আপনি জানেন যে পেঁয়াজের যে ঘাটতি পশ্চিমবঙ্গে আছে, সেটা অনেকটাই এবং এই ঘাটতি এক দিনে তৈরি হয়নি। জনসংখ্যার বৃদ্ধির অনুপাতে এর চাহিদা বৃদ্ধি পেয়েছে এবং ঘাটতিও বৃদ্ধি পেয়েছে। বিগত ৩৪ বছর হর্টিকালচার এবং ফুড প্রসেসিং দপ্তর - যেটাকে এরা খুব অপ্রাসঙ্গিক করে রেখেছিলেন, যার ফলে কোনো উদ্যোগ নেওয়া হয়নি। এই সরকার আসার পর মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে এবং তার পরিকল্পনা মাফিক আমরা বর্ষাকালীন পেঁয়াজ চাষের একটা নতুন ভাবনা গ্রহণ করেছিলাম। এই বর্ষাকালীন পেঁয়াজ চাষ - এটা কখনো পশ্চিমবঙ্গে আগে ভাবা হয়নি। এটাই প্রথম। মুখ্যমন্ত্রী এটা প্রথম চিন্তা-ভাবনা করেছেন এবং আমাদের দপ্তরকে নির্দেশ দেন এবং তারই নির্দেশে আমরা পশ্চিমবঙ্গের আটটি জেলাকে বেছে নিলাম। বর্ষার সময় যেখানে বৃষ্টি হবে, অথচ জলটা দাঁড়াবে না, যেমন - বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর, মেদিনীপুর, বর্ধমান, বীরভূম, চব্বিশ পরগনা, মুর্শিদাবাদ - এই রকম আমরা ডিস্ট্রিক্টগুলোকে বেছে নিলাম। সেখানে আমরা পেঁয়াজ চাষ করেছি। এবছর আমরা আমাদের যে ঘাটতি তার ওয়ান থার্ড পূরণ করবো, এটা আশা করেছিলাম। কিন্তু আপনারা জানেন যে, অসময়ে অতি বৃষ্টির জন্য আমরা সেই লক্ষ্যমাত্রা পূরণ করতে পারিনি। কিন্তু আমাদের চাষ হয়েছে। আমি কয়েকদিন আগেই বাঁকুড়া গিয়েছিলাম। আমার সঙ্গে এম. এল. এ. বটব্যাল সাহেব ছিলেন। উনি আমাকে সঙ্গে নিয়ে যে জায়গায় আমরা করেছি, সেগুলো দেখিয়েছেন এবং ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে নিয়েও আমরা মিটিং করেছিলাম। তারপর একটা কথাই বলেছি যে, বাঁকুড়া এবং পুরুলিয়াতে যদি আমরা খুব ভালো করে এই চাষটা করতে পারি,

তাহলে কিন্তু আমরা ইন্টারন্যাশনাল মার্কেট নাসিককে ধাক্কা দিতে পারি এবং সেই কাজটাই কিন্তু আমরা করছি। মুখ্যমন্ত্রী বারবার এটা বলছেন। এই কাজটা আমরা করছি এবং আপনাদেরকে আমি কথা দিচ্ছি যে, এই বছর আমরা শুরু করলাম - দিস্ ইজ্ দ্যা ফার্স্ট টাইম। প্রথম বছর আমরা করেছি এবং কৃষকদেরকে উৎসাহিত করার জন্য আমরা বিঘা প্রতি ১০ হাজার টাকা করে অনুদান দিয়েছি। সামনের বছরও আমরা চেষ্টা করবো এইভাবে উদ্যোগ নেওয়ার এবং আপনাদের এই হাউসে আমি কথা দিচ্ছি যে, আগামি দু'বছরের মধ্যে বাঁকুড়া, পুরুলিয়া এবং আরো অন্যান্য ডিস্ট্রিক্টকে সঙ্গে নিয়ে আমরা পেঁয়াজে স্বয়ংসম্পূর্ণ হতে চলেছি, হচ্ছি এবং হবো। অবশ্যই হবো। পেঁয়াজের জন্য আমাদেরকে আর বাইরে যেতে হবে না। আর মুম্বাই, নাসিকের দিকে তাকিয়ে থাকতে হবে না। এই দিনটা আমাদের সামনে আসছে। দু'বছরের মধ্যে এই দিনটা আসছে, যেদিন পশ্চিমবাংলা এই পেঁয়াজ বিদেশেও রপ্তানি করবে। এই জায়গায় আমরা নিয়ে যাবো, এই পবিত্র হাউসকে আমরা সেই কথা দিচ্ছি।

শ্রী সমীর কুমার জানা : অশেষ ধন্যবাদ। আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাই যে, স্বয়ম্ভরতার লক্ষ্যে যেভাবে আপনি এগোবেন বলে পরিকল্পনা গ্রহণ করেছেন, এই পেঁয়াজগুলোকে সংরক্ষণের ব্যাপারে আপনি কোনো উদ্যোগ গ্রহণ করেছেন কিনা।

শ্রী সুব্রত সাহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমি শ্রী সমীর কুমার জানা মহাশয়কে বিশেষ ধন্যবাদ জানাবো। কারণ এই প্রশ্নটা খুব গুরুত্বপূর্ণ। শুধু উৎপাদন করলেই হবে না, যদি সংরক্ষণ না করতে পারি, তাহলে সেই বছরের শেষে গিয়ে আবার সেই দেখবো যে আমাদের ক্রাইসিস্। কৃষক যদি সংরক্ষণ করতে না পারেন, তাহলে বাজারের চাহিদা অনুযায়ী আমরা সাপ্লাইটা দিতে পারবো না। সেই কারণে এই সরকার ইতিমধ্যে কান্ট্রি প্রসেসে সংরক্ষণের জন্য ৩৩টা যে স্টোরেজ্ আমরা তৈরি করছি সারা বাংলায়।

আর একটা কথা শুনলে হাউস নিশ্চয়ই খুশী হবেন, পিঁয়াজ একটা বার্নিং কোশ্চেন, আমাদের সারা ভারতবর্ষে যখন কোন জায়গায় কেউ কিছু করতে পারে নি কোন সরকার, তখন আমাদের সরকার মুখ্যমন্ত্রীর নির্দেশে বাজারে বাজারে ৩৬ টাকা কিলো এই পিঁয়াজ বিক্রি করেছে এবং এখনও করছে এবং চলছে। আমরা এই মাসের শেষের দিকে মিটিং করে ডিসিশান নেব যে আমরা আর কন্টিনিউ করবো কি না, বা কত দিন করবো, কারণ অনেকটা দাম কমে এসেছে। আমি আপনাদের বলছি এই সংরক্ষণের যে স্টোরেজ , এই স্টোরেজ তৈরী করতে যে টাকাটা খরচা হবে সেই টাকার অর্দ্ধেকটা এই সরকার ভরতুকি দেবে। সর্বোচ্চ ৩ লক্ষ টাকা পর্যন্ত লাগে এই স্টোরেজ তৈরী করতে। যদি কোন কৃষক এগিয়ে আসে, বা কোন সংস্থা এগিয়ে আসে সরকার তাকে অর্দ্ধেক টাকা ভরতুকি হিসাবে দেবে এই স্টোরেজ তৈরী করতে। আর একটা ইনফরমেশান আমি আপনাদের দিই সরকারের পক্ষ থেকে ইতিমধ্যেই ৩৩টা স্টোরেজ আমরা করেছি। সেটার পুরো টাকাটাই সরকার দিচ্ছে, যেখানে পেঁয়াজ উৎপাদন বেশী হয় সেই অঞ্চলে এই স্টোরেজটা আমরা তৈরী করে দিচ্ছি।

Mr. Speaker : The Questions' Hour is over.

Started Question
(to which answers were laid on the Table)

হাতির আক্রমণে মৃত্যু

*৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮) শ্রী অসিত মিত্র : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৩ সালে ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত হাতির আক্রমণে মৃতের সংখ্যা কত; এবং

(খ) কতজনকে উক্ত কারণে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে?

বনবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ২০১৩ সালে ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত হাতির আক্রমণে মৃতের সংখ্যা ৩৬ জন।

(খ) উক্ত কারণে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে ২৮ জনকে (আংশিক ও সম্পূর্ণ)।

বন এলাকায় মৃতের সংখ্যা ২ জন। বনের বাইরে মৃতের সংখ্যা ৩৪ জন।

এদের মধ্যে ৬ জনকে সম্পূর্ণ ক্ষতিপূরণ বাবদ অর্থ প্রদান করা হয়েছে এবং ২২ জনকে আংশিক অর্থ প্রদান করা হয়েছে।

সুন্দরবন এলাকায় নদীবাঁধ

*৯০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৫) শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১৩-২০১৪ আর্থিক বছরে সুন্দরবন এলাকায় নদীবাঁধ মেরামতির জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ২০১৩-১৪ আর্থিক বছরে ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত সুন্দরবনে নদীবাঁধ মেরামতির জন্য বরাদ্দকৃত অর্থের পরিমান রাজ্যবিপর্যয় মোকাবিলা তহবিলে ৫৯৩.৬২ লক্ষ টাকা এবং পরিকল্পনা বহির্ভূত খাতে ৪৩৯.৮২ লক্ষ টাকা, অর্থাৎ মোট ১০৩৩.৪৪ লক্ষ টাকা।

বর্ধমান জেলার সেচপ্রকল্প

*৯১। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৩) শ্রী সুনীল কুমার মণ্ডল : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে বর্তমান অর্থবর্ষে (২০১৩-১৪) বর্ধমান জেলায় কোন সেচ প্রকল্প সরকার গ্রহণ করেছে কি; এবং

(খ) করে থাকলে, তার রূপরেখা কী?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ

(খ) বর্তমান অর্থবর্ষে বর্ধমান জেলায় সেচ সংক্রান্ত প্রকল্পের জন্য যে ব্যবস্থাগুলি গ্রহণের পরিকল্পনা নেওয়া হয়েছে সেগুলি হল ডি. ভি. সি প্রকল্পের প্রধান খাল ও শাখা খালের মাধ্যমে সমস্ত সেচসেবিত এল্যাকায় উপযুক্ত পরিমাণে ও যতটা সম্ভব দ্রুত জল পৌছানোর ব্যবস্থা করা এবং সেচখাল সমূহের উপর অবস্থিত জীর্ণ সেতু, জলকপাট, বিভিন্ন outlet সংস্কারের মাধ্যমে জমিতে সেচের জল পৌছানো সুনিশ্চিত করা।

এছাড়াও প্রস্তাবিত কাজগুলিতে খালগুলির মধ্যে জমে থাকা পলি নিষ্কাশন এবং কিছু কিছু স্থানের মূলতঃ পাড় ও কিছু জায়গায় তলদেশে concrete lining করার মধ্য দিয়ে খালগুলির জল পরিবহন ক্ষমতা বৃদ্ধি করার সংস্থানও রয়েছে।

মহিলা বিচারালয় স্থাপন

*৯২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৭) **শ্রী অসিত মজুমদার :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান সরকারের মহিলা পরিচালিত বিচারালয় স্থাপন করার কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকলে, কবে নাগাদ পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া : (ক) হ্যাঁ, এ বিষয়ে পরিকল্পনা আছে। উল্লেখ করা যেতে পারে যে, বর্তমানে ৪৫টি আদালত সারা রাজ্যে ইতিমধ্যেই মহিলাদের বিরুদ্ধে হওয়া অপরাধের বিচার পক্রিয়া চালাচ্ছেন।

(খ) যথাসম্ভব দ্রুত সম্পন্ন করার প্রয়াস চলছে। ইতিমধ্যেই ৪৫টি আদালত এই কাজ করছেন এবং আমরা এই সংখ্যা বাড়াতে বদ্ধপরিকর। আগামি দিনে মহিলা বিচারকের সংখ্যা বৃদ্ধির সাথে সাথেই এই প্রচেষ্টা সম্পূর্ণ বাস্তবায়িত হওয়ার পথে এগিয়ে যাবে।

প্রসঙ্গেক্রমে বলা যায় যে : (১) বর্তমানে রাজ্যের ৪৫টি অতিরিক্ত জেলা ও দায়রা আদালতকে চিহ্নিত করা হয়েছে যেখানে মহিলাদের বিরুদ্ধে অপরাধ সংক্রান্ত বিচার সম্পন্ন হচ্ছে।

(২) প্রসঙ্গত, এই ইংরেজি বছরের ২৩-শে জানুয়ারী, মালদা জেলায় প্রথম দুইটি মহিলা আদলত স্থাপন করা হয়েছে। মহামান্য প্রধান বিচারপতি, কলিকাতা উচ্চন্যায়ালয় উক্ত মহিলা আদালতের উদ্বোধন করেছিলেন।

মহকুমা আদালতে বিচারকের সংখ্যা

*৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩১২) **শ্রী শাহাজাহান চৌধুরী :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের মহকুমা আদালতে কিছু বিচারক পদ শূন্য আছে;

(খ) সত্যি হলে, ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে উক্ত শূন্যপদের সংখ্যা কত; এবং

(গ) শূন্যপদ পূরণে সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে/করছে?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া : (ক) হ্যাঁ, বর্তমানে রাজ্যের মহকুমা আদালতে কিছু বিচারক পদ শূন্য আছে।

(খ) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাল অবধি বর্তমানে সব মিলিয়ে ১৩টি শূন্য পদ রয়েছে। নিম্নলিখিত শূন্য পদগুলি হল :

(১) বিচারক, বিশেষ আদালত (ই, সি অ্যাক্ট) এবং অতিরিক্ত জেলা বিচারক, আসানসোল, বর্ধমান।

(২) অতিরিক্ত জেলা এবং দায়রা বিচারক, চতুর্থ আদালত, সিউড়ি, বীরভূম।

(৩) অতিরিক্ত জেলা এবং দায়রা বিচারক, পঞ্চম আদালত, কৃষ্ণনগর, নদীয়া।

(৪) অতিরিক্ত জেলা এবং দায়রা বিচারক, প্রথম আদালত, তমলুক, পূর্ব মেদিনীপুর।

(৫) অতিরিক্ত জেলা এবং দায়রা বিচারক, তৃতীয় আদালত, তমলুক, পূর্ব মেদিনীপুর।

(৬) অতিরিক্ত জেলা এবং দায়রা বিচারক, চতুর্থ আদালত, বারাসাত, উত্তর ২৪ পরগনা।

(৭) অতিরিক্ত জেলা এবং দায়রা বিচারক, নবম আদালত,আলিপুর, দক্ষিণ ২৪ পরগনা।

(৮) অতিরিক্ত জেলা এবং দায়রা বিচারক, প্রথম আদালত, বালুরঘাট, দক্ষিণ দিনাজপুর।

(৯) অতিরিক্ত জেলা এবং দায়রা বিচারক, দ্বিতীয় আদালত, বাঁকুড়া।

(১০) দেওয়ানী বিচারক (উচ্চবর্গ), অষ্টম আদালত, আলিপুর, দক্ষিণ ২৪ পরগনা।

(১১) জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চতুর্থ আদালত, দুর্গাপুর, বর্ধমান। (নব স্থাপিত)

(১২) জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সপ্তম, আদালত, আসানসোল বর্ধমান। (নব স্থাপিত)

(১৩) জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, পঞ্চম আদালত, বর্ধমান।

(গ) শূন্য পদ পূরণের ক্ষেত্রে বিচারক নিয়োগ পদ্ধতিতে রাজ্য সরকারের প্রত্যক্ষ কোন ভূমিকা নেই। এই নিয়োগ পদ্ধতিতে - সিভিল জজ (জুনিয়ার ডিভিশান) ও জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের নিয়োগ পদ্ধতিতে মহামান্য সুপ্রিম কোর্টের আদেশ মোতাবেক মহামান্য উচ্চন্যায়ালয় কোলকাতা, লোকসেবা আয়োগ পশ্চিমবঙ্গ এবং রাজ্য সরকার নিজ নিজ দায়িত্ব সময়মতো পালন করেন। প্রথমে মহামান্য উচ্চন্যায়ালয় শূন্য পদের সংখ্যা নির্ধারণ করেন এবং পরবর্তী পদক্ষেপ হিসেবে লোকসেবা আয়োগ ঐ শূন্য পদ পূরণের উদ্দেশ্যে পরীক্ষা নিয়ে থাকেন। এরপর মেধা তালিকা প্রকাশিত হলে তার ভিত্তিতে রাজ্য সরকার বিজ্ঞপ্তি জারির মাধ্যমে নিয়োগপত্র পাঠিয়ে থাকেন। সিভিল জজ

(সিনিয়ার ডিভিশান) ও এ. ডি. জে (এন্ট্রি লেভেল) অফিসারদের নিয়োগ পদ্ধতি মহামান্য উচ্চন্যায়ালয় - কোলকাতা, মহামান্য সুপ্রিম কোর্টের আদেশ মোতাবেক পরিচালনা করেন। রাজ্য সরকার বিচারকদের নিয়োগের বিজ্ঞপ্তি জারি করেন।

গ্রন্থাগার উন্নয়নে পরিকল্পনা

*৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪৫) **শ্রী অশোক রায়** : জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার রাজ্যের জনগ্রন্থাগারগুলির উন্নয়নে পরিকল্পনা গ্রহণ করেছে/করছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনার রূপরেখা কী?

জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) রাজ্যে জনগ্রন্থাগারগুলির উন্নয়নকল্পে রাজ্য সরকার বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে।

জনগ্রন্থাগারগুলির পরিকাঠামোগত উন্নয়নের জন্য বিভিন্ন ক্ষেত্রে অনুদানের পরিমাণ বৃদ্ধি করা হয়েছে।

রাজ্যের জনগ্রন্থাগারগুলির আধুনিকীকরণের জন্য বিশেষ সর্মসূচী নেওয়া হয়েছে।

কেবলমাত্র মহিলাদের জন্য পাইলট ভিত্তিতে কয়েকটি মহিলা গ্রন্থাগার স্থাপনের পরিকল্পনা নেওয়া হয়েছে।

হাতির আক্রমণে ক্ষতিগ্রস্তদের বরাদ্দকৃত শস্য অনুদান

*৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৪) **শ্রী নেপাল মাহাত** : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাতির তাণ্ডবে ক্ষতিগ্রস্তদের জন্য বরাদ্দকৃত শস্য অনুদান বৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকলে, তা কীরূপ?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) বর্তমানে ৭৫০০ টাকা প্রতি হেক্টর। এটা বাড়ানোর প্রস্তাব রয়েছে। এই প্রস্তাব সরকারের বিবেচনাধীন রয়েছে।

রাজ্যের অভয়ারণ্য ও বনাঞ্চল

*৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৩) **শ্রী বাসুদেব খাঁ** : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে কোথায় কোথায় অভয়ারণ্য ও বনাঞ্চল আছে?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (১) পশ্চিমবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি, উত্তর দিনাজপুর, নদীয়া, বীরভূম, বর্ধমান, উত্তর চব্বিশ পরগনা, দক্ষিণ চব্বিশ পরগনা জেলায় অভয়ারণ্য আছে।

(২) পশ্চিমবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, বাঁকুড়া, মেদিনীপুর পূর্ব,মেদিনীপুর পশ্চিম, বর্ধমান, পুরুলিয়া, বীরভূম, হুগলী, নদীয়া, মুর্শিদাবাদ, মালদহ, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, দক্ষিণ চব্বিশ পরগনা ও উত্তর চব্বিশ পরগণা জেলায় বনাঞ্চল আছে।

সুগন্ধি উদ্ভিদের চাষ

***৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫০) শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সুগন্ধি উদ্ভিদের চাষ ও প্রক্রিয়াকরণ সংক্রান্ত কাজের অগ্রগতির ক্ষেত্রে সরকারের ভূমিকা কীরূপ?

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : পশ্চিমবঙ্গ সরকারের অধীনে দার্জিলিং জেলায় সিঙ্কোনা ও অন্যান্য ভেষজ অধিকারে আশির দশক থেকে অসংগঠিতভাবে সুগন্ধি উদ্ভিদ যেমন-সিট্রোনেলা, লেমন গ্রাস, তুলসি ইত্যাদির চাষ ও প্রক্রিয়াকরণ শুরু হয়। উক্ত অধিকারেই ২০১০ সাল থেকে সংগঠিতভাবে উক্ত সুগন্ধি উদ্ভিদসহ মেনথা, ভেটিবার, পাচাউলি প্রভৃতি সুগন্ধি উদ্ভিদের নার্সারি দার্জিলিং জেলার মংপুর নিকট আনুমানিক ১০ একর জমিতে শুরু করা হয়। তা থেকে উৎপাদিত ফসলসমূহ মংপুতেই আধুনিক পেটেন্টেড প্রযুক্তির সাহায্যে ২০১২ সালের ৪ঠা মে থেকে সুগন্ধি তেল উৎপাদনের কাজ শুরু হয়েছে। আগামী দিনে বাণিজ্যিকভাবে উৎপাদনের লক্ষ্যে চাষের এলাকা বৃদ্ধি করার পরিকল্পনা আছে।

সুগন্ধি ফুল যেমন—রজনীগন্ধা, বেল, জুঁই ইত্যাদি থেকে সুগন্ধি তেল নির্যাস বের করার জন্য রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা প্রকল্পে নদীয়া জেলায় একটি ইউনিট স্থাপনের কাজ চলছে। এর জন্য ২০.৫০ লক্ষ টাকা নদীয়া জেলায় বরাদ্দ করা হয়েছে। রানাঘাটের ইউনিটতে "সলভেন্ট এক্সট্রাকশন প্ল্যান্ট" বসানো হয়েছে।

সাপুড়িয়াদের অর্থনৈতিক উন্নয়ন

***৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৬) শ্রী আনিসুর রহমান :** অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে সাপুড়িয়াদের অর্থনৈতিক উন্নয়নে সরকারের গৃহীত ব্যবস্থাগুলি কী কী?

অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : হিন্দু ধর্মাবলম্বী সাপুড়িয়াদের 'মাল' সম্প্রদায়ের একটি অংশ। ফলে তাঁরা তফসিলি জাতিভুক্ত, কিন্তু ইসলাম ধর্মাবলম্বী সাপুড়িয়ারা 'মাল' (মুসলিম) নামক অন্যান্য অনগ্রসর শ্রেণীভুক্ত। সুতরাং সাপুড়িয়ারা তফসিলি জাতি ও অন্যান্য

অনগ্রসর শ্রেণীর জন্য যে সমস্ত সুযোগ-সুবিধা সেগুলি অবশ্যই পেয়ে থাকেন। এ রাজ্যে সাপুড়িয়াদের অর্থনৈতিক উন্নয়নের জন্য পৃথক কোন ব্যবস্থা এখনও পর্যন্ত গৃহীত হয়নি।

কান্দী মাস্টার প্ল্যান

***৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৩) শ্রী ঈদ মহম্মদ :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১১-১২ ও ২০১২-১৩ আর্থিকবর্ষে "কান্দী মাস্টার প্ল্যান"-এ কোন অর্থ বরাদ্দ করা হয়েছিল কি; এবং

(খ) হয়ে থাকলে, বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১১ - ১২ আর্থিক বর্ষের সাপেক্ষে না

২০১২ - ১৩ আর্থিক বর্ষের সাপেক্ষে হ্যাঁ।

(খ) সেচ বিভাগের ২০১২ - ১৩ সালের বাজেট পরিকল্পনা খাতে বন্যা নিয়ন্ত্রণ কর্মসূচিতে অন্তর্গত প্রকল্পগুলির জন্য মোট অর্থ সংস্থানের মধ্যে কান্দি মাস্টার প্ল্যান-এর ক্ষেত্রে কেন্দ্র ও রাজ্যের মধ্যে ৭৫ : ২৫ ব্যয়ভাগ বহনের অনুপাতে কেন্দ্রীয় অনুদান হিসাবে ২৪.৭৫ কোটি টাকা ও রাজ্যের দেয় অংশ হিসাবে ৪.২৫ কোটি টাকার সংস্থান করা হয়েছিল। অবশ্য, শেষ পর্যন্ত ২০১২ - ১৩ সালে কেন্দ্রীয় সরকার বন্যা নিয়ন্ত্রণ কর্মসূচীতে প্রকল্পটির অনুমোদন দেননি এবং কেন্দ্রীয় অনুদানও ছাড়েননি। ফলে উক্ত সালে শেষ পর্যন্ত যে অর্থের সংস্থান রাজ্য বাজেটে ছিল, তা খরচ করার উপায় ছিল না।

দ্বারকেশ্বর-গন্ধেশ্বরী জলাধার প্রকল্প

***১০০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৩) শ্রী মনোরঞ্জন পাত্র :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জনাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার দ্বারকেশ্বর ও গন্ধেশ্বরী জলাধার নির্মাণে কাজের অগ্রগতি কীরূপ; এবং

(খ) সম্ভাব্য কোন্ সময় থেকে কৃষকরা এই জলাধার থেকে সেচের জল পাবে বলে আশা করা যায়?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বর্তমানে রাজ্য সরকারের জমা দেওয়া ডি. পি. আর. (২০০৯-এর মূল্যমান অনুযায়ী অনুমতি ব্যয় ১৫৪৭.৫৮ কোটি টাকা) কেন্দ্রীয় জল আয়োগের সুপারিশ অনুযায়ী ভূতাত্ত্বিক ও অন্যান্য সমীক্ষার কাজ চলছে। সাথে সাথে প্রকল্পের এলাকায় ৫০৯ একর চিহ্নিত বনাঞ্চল অধিগ্রহণের প্রয়োজন হয়ে পড়ায় সমপরিমাণ খাস জমি অন্যান্য জেলায় চিহ্নিত করার প্রক্রিয়া শেষ করে সেই জমি বনদপ্তরকে হস্তান্তর করার জন্য ভূমি ও ভূমি সংস্কার দপ্তরকে অনুরোধ করা হয়েছে।

(খ) প্রকল্পটি কেন্দ্রীয় সরকার এবং যোজনা কমিশনের অনুমোদনের কয়েকটি ধাপ এখনও বাকি। এছাড়াও প্রকল্প রূপায়ণে কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তার বিষয়টিও এখনও অমীমাংসিত। এছাড়াও রয়েছে জমি অধিগ্রহণের বিষয়টি। ফলে এখনই জলাধার থেকে সেচের জল পাওয়ার সম্ভাব্য সময় বলা সম্ভব হচ্ছে না।

জলপাইগুড়ি জেলায় নদী ভাঙ্গন

***১০১। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৪) শ্রীমতী মমতা রায় :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

জলপাইগুড়ি জেলার ধূপগুড়ি ব্লকের ভাধেয়ারকুঠি ও মাস্তরমারী ২ নং গ্রাম পঞ্চায়েত এলাকায় জলঢাকা নদী ভাঙ্গন, সাকোয়াঝোড় ২ নং গ্রাম পঞ্চায়েত এলাকায় ডুডুয়া নদী ভাঙ্গন এবং ঝাড়আলতা গ্রাম ২ নং গ্রাম পঞ্চায়েত এলাকায় গ্লান্ডি নদী ভাঙ্গন প্রতিরোধে সেচ ও জলপথ দপ্তর কী কী পদক্ষেপ গ্রহণ করেছে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : মাননীয়া বিধায়কের উল্লিখিত ও পরবর্তীকালে তাঁর প্রতিনিধিদের চিহ্নিত জায়গাগুলিতে ভাঙনরোধী কাজের জন্য মাঠে জরিপের কাজ করে প্রকল্প প্রস্তুত করা হচ্ছে। অর্থবরাদ্দ সাপেক্ষে প্রকল্পগুলি রূপায়ণ করা হবে।

মালদা জেলায় আম সংরক্ষণ

***১০২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩৯) শ্রী আব্দুর রহিম বক্সি :** খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদা জেলায় আম সংরক্ষণের কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) থাকলে, তা কীরূপ; এবং

(গ) কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন দপ্তরের অধীন একটি বহুমুখী হিমঘর ও প্যাক হাউস রয়েছে আম সংরক্ষণের জন্য। এখানে মোট ২৪০ মেট্রিক টন আম সর্বাধিক ১০ দিনের জন্য সংরক্ষণের ব্যবস্থা রয়েছে।

(গ) বাস্তবায়িত।

ঘাটাল মাস্টার প্ল্যান

***১০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫৯) ডা. মানস রঞ্জন ভূঞ্যা :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩-এর নিরীখে, ঘাটাল মাস্টার প্ল্যান প্রকল্পটির কাজ কোন্ পর্যায়ে আছে; এবং

(খ) উক্ত প্রকল্পটি বাস্তবায়িত হলে কতসংখ্যক লোক উপকৃত হবে বলে আশা করা যায়?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ৩০-শে সেপ্টেম্বর, ২০১৩-এর নিরিখে ঘাটাল মাস্টার প্ল্যান প্রকল্পটির ম্যাথমেটিক্যাল মডেলিং খড়্গপুর আই. আই. টি.-কে শেষ করানোর পরে সেই অনুযায়ী এস্টিমেট সংশোধনের কাজ চলছিল। পরবর্তীকালে ৮-ই অক্টোবর এটি গঙ্গা বন্যা নিয়ন্ত্রণের পাটনার অফিসে তাদের চূড়ান্ত নিরীক্ষার জন্য জমা দেওয়া হয়েছে।

(খ) প্রকল্পটি বাস্তবায়িত হলে পশ্চিম ও পূর্ব মেদিনীপুরের প্রায় ২০ লক্ষ মানুষ উপকৃত হবে বলে আশা করা যায়।

পুরুলিয়া জেলায় সেচ প্রকল্প

*১০৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯১) **শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে ২০১৩-২০১৪ আর্থিক বছরে পুরুলিয়া জেলায় কয়টি সেচ প্রকল্প অনুমোদন পেয়েছে (ব্লকওয়ারি তথ্যসহ); এবং

(খ) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ পর্যন্ত উক্ত প্রকল্পগুলির জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) মোট চোদ্দটি (১৪) সেচ প্রকল্প অনুমোদন পেয়েছে।

(খ) উক্ত প্রকল্পগুলির জন্য মোট বরাদ্দকৃত অর্থের পরিমান ৪.৪০ কোটি টাকা।

QUESTION OF BREACH OF PRIVILAGE

Mr. Speaker : Hon'ble Members, today I have received two notices on question of privilege under rule 226. The first one is from Shri Silbhadra Datta against Dr. Surjya Kanta Mishra for misleading the House and disorderly behavior in the chamber of the House on 27th November, 2013. The second one is from Shri Asit Mazumdar against Ananda Bazar Patrika for distorting the proceedings of the House on 27th November, 2013. Both the notices are under my examination an all give my ruling in due course.

LEAVE OF ABSENCE UNDER RULE 242

Mr. Speaker : Hon'ble Members, I have received an application from Shri Subrata Mukherjee desiring permission of the House to

remain absent from the sittings thereof under sub-clause (4) of Art 190 of the Constitution of India. I read it out.

"The Hon'ble Speaker of

West Bengal Legislative Assembly

Assembly House, Kolkata

I would like to inform you that I shall not be able to attend the Assembly Session owing to my visit to the USA during 3rd to 10th December, 2013. The matter is placed for your kind information and necessary permisssion.

Sd/- Subrata Mukherjee"

I now ask whether Shri Subrata Mukherjee has the permission of the Assembly asked for by him.

There is no dissentient voice. I declare that Shri Subrata Mukherjee has the permission of the Assembly to remain absent from the sittings of the House for the period from the 3rd December, 2013 to 10th December, 2013.

CALLING ATTENTION

Mr. Speaker : Today I have received five notices of Calling attention of the following subjects, namely :

Subject	Name
(1) Deplorable condition of the Sishatala Kumedpur Road built under Pradhan-mantri Gram Sadak Yojana in Harish-chandrapur Assembly Constituency	: Shri Tajmul Hossain
(2) Non-use of a building of Kandra Block Health Centre under Ketugram Assembly Constituency	: Shri Sk. Sahanawez
(3) Urge for construction of a by-pass of the Garia-Mathurapur road via Jaynagar In South 24-Parganas	: Dr. Tarun Kanti Naskar
(4) Alleged non-sponsoring of Govt. advertisements to little magazines, weeklies and fortnightly Newspapers	: Shri Gouranga Chatterjee
(5) Alleged attack on some Councillors of Halisahar Municipality by supporters of the ruling party.	: Shri Nirapada Sardar Shri S M Sadi & Shri Rameswar Dolai

I have selected the notice of **Dr.Tarun Kanti Naskar** on the subject of **Urge for construction of a by-pass of the Garia Mathurapur Road via Jaynagar in South 24-Parganas.**

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Manish Gupta : স্যার, উনি এই statement-এর উত্তরটা এই অধিবেশন শেষ হওয়ার আগেই দিয়ে দেবেন।

...(n o i s e)...

Mr. Speaker : Hon'ble Members, please take your seats. I am on my legs. Please take your seats.

[12.10—12.20 p.m.]

STATEMENT ON CALLING ATTENTION NOTICE

Mr. Speaker : Now the Minister-in-Charge of the Irrigation and Waterways Department will make a statement on the subject of prevention of erosion of the Bhagirathi river at Sankhaighat-Natungram area under Ketugram Assembly Constituency.

(Attention called by Shri Sekh Sahonawez on the 26th November, 2013)

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক মহাশয়ের দৃষ্টি আকর্ষণের পরিপ্রেক্ষিতে আমার বিবৃতি, একথা সত্য যে কেতুগ্রাম বিধানসভা এলাকায় ভাগীরথীর ভাঙনের সমস্যাটি বাম আমলে দীর্ঘদিন অবহেলিত ছিল। শাখাঁইঘাট - নতুনগ্রাম এলাকায় এই নদী ভাঙ্গনের প্রাবল্য ও বিস্তার সদ্য সমাপ্ত বর্ষা মরশুমের পরে দাঁড়িয়েছে গড়ে বছরে প্রায় ৭.৫ মিটার। প্রাথমিক জরিপ অনুযায়ী নদী তীর বরাবর ৭০০ মিটার দীর্ঘ এলাকা ভাঙ্গনের কবলে ক্ষতিগ্রস্ত। বিশদ জরিপ কার্যের জন্য ভাগীরথীর জলতল আরো খানিকটা নীচে নামার জন্য অপেক্ষা করা হচ্ছে এবং ডিসেম্বরের দ্বিতীয় সপ্তাহের মধ্যে জরিপ ও নক্সা তৈরীর কাজ সম্পূর্ণ করার চেষ্টা চলছে। প্রায় স্থায়ী প্রকৃতির ভাঙনরোধী প্রকল্প ডিসেম্বর মাসের মধ্যেই তৈরী করে ফেলার নির্দেশ দেওয়া হয়েছে, যাতে প্রয়োজনীয় কারীগরী ও প্রশাসনিক অনুমোদন শেষে অর্থ বরাদ্দ সাপেক্ষে যতটা সম্ভব দ্রুত কাজ শুরু করা যায় এবং আগামী বর্ষার আগেই যাতে কাজ শেষ করা যায়। ধন্যবাদ।

শ্রী শেখ শাহনাওয়াজ : মাননীয় স্পীকার সাহেব, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে জানাচ্ছি যে, শাখাঁইঘাট থেকে নতুনগ্রাম পর্যন্ত বিস্তীর্ণ এলাকা দীর্ঘ ৩৫ বছর যাবৎ বাম সরকারের অবহেলায় পড়ে ছিল। মাননীয় মন্ত্রী সেটা নজরে রেখেছেন এবং ওটাকে রিপেয়ার করার জন্য স্কীম ইতিমধ্যেই নিয়েছেন। আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি যে, এই স্কীম বাবদ উনি মোটামুটি কত টাকা

খরচ করবেন বলে স্থির করেছেন? যে স্কীমের মাধ্যমে এই এলাকার মানুষরা ভাঙন থেকে পরিত্রাণ পেতে পারবে।

শ্রী রাজীব ব্যানার্জী : অনারেবল স্পীকার স্যার, মাননীয় বিধায়ক যে অতিরিক্ত প্রশ্ন করেছেন তার উত্তরে আমি জানাই যে, ভাগীরথী ও অজয়ের মিলন স্থলের নাম হচ্ছে শাখাঁইঘাট। তার উজানে কেতুগ্রাম বিধানসভা এবং ভাটিতে কাটোয়া বিধানসভা। আপনি জানতে চেয়েছেন যে, কত টাকার কাজ? এই প্রস্তাবিত কাজটার আনুমানিক ব্যয় হবে ২ কোটি ১০ লক্ষ টাকার মতন। ধন্যবাদ।

MENTION CASES

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় স্পীকার স্যার, আপনার মধ্য দিয়ে আমি মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি একটি সার্কুলার পাঠানো হয়েছে আপনার দপ্তর থেকে কলকাতা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের কাছে। সেখানে বলা হয়েছে, এতদিন যে প্রথা ছিল কলেজ বিশ্ববিদ্যালয়ের কর্মচারীদের মধ্যে যারা কর্মরত অবস্থায় মারা যান বা স্বেচ্ছা অবসর নেন অথবা শারীরিক ভাবে যখন অক্ষম হয়ে পড়েন তখন সংশ্লিষ্ট কর্মী বা শিক্ষকদের পরিবারের একজনের চাকরী পাওয়া এই নিয়ম সমস্ত বিশ্ববিদ্যালয়গুলোই চালু করেছিল। যেটাকে কমপ্যাসানেট গ্রাউন্ডে চাকরী বলা হয়। কিন্তু ঐ যে চিঠি তার ভিত্তিতে এটা বন্ধ হয়ে যাওয়ার উপক্রম হয়েছে। অথচ সরকারী এবং আধা সরকারী কর্মচারীদের কিন্তু এই সুযোগ থাকছে। এর ফলে একটা ডিস্ক্রিমিনেশান হবে। আমি, আপনার মধ্য দিয়ে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ করছি, তিনি যেন এই চিঠি প্রত্যাহার করে নেন।

শ্রী ধীরেন্দ্র নাথ মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, পুরুলিয়া জেলার কোটশীলা থানার বেগুনকোদর গ্রামে নাগা পুলিশের তান্ডবে গ্রামবাসীরা আক্রান্ত। যেমন, অটো চালককে মারধর,আগ্নেয়াস্ত্র দিয়ে সবজি বিক্রেতাকে মারধর, ঠ্যালা চা, মুদির দোকানদার, কাপড়ের দোকানদার এবং মহিলা পর্যন্ত আক্রান্ত হয়েছে। বেগুনকোদর গ্রামে সাধন কর্মকার নাগা পুলিশদের তান্ডবে আক্রান্ত হয়েছে এবং হৃদরোগে আক্রান্ত হয়ে সে মারা যায়। মৃত ব্যক্তির পরিবারের স্থায়ী কাজ এবং ক্ষতিগ্রস্ত ছোট ব্যবসায়ীদের ক্ষতিপূরণ দিতে হবে। এই বিষয়ে মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।-

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয়া স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ২৪শে নভেম্বর, রবিবার, শাসক দলের দুষ্কৃতীদের তিনটি দল হালিশহরে দশজন কাউন্সিলারদের বাড়ি ভাগ হয়ে তারা বাড়ি ভাঙচুর করে। এবং দশজন কাউন্সিলারের মধ্যে আটজন কাউন্সিলারকে জোর করে পদত্যাগ করতে বাধ্য করে। পরে তাদেরকে দাঁড়ানোর কথা বলে, তারা প্রত্যাখ্যাণ করে। ১৭ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার শম্ভুনাথ ঘোষকে হুমকি দিতে থাকে, যদি সে পদত্যাগ না করে তাহলে খুন করে দেওয়া হবে। কিন্তু গ্রামবাসীরা পাহারা দিয়ে তাকে রক্ষা করে। নৈহাটী এবং বীজপুর থানায় এটা অভিযোগ দায়ের করা হলেও পুলিশ কোনো ব্যবস্থা নেয়নি। গতকালকে আনিসুর রহমান, সেখ সাদি, নিরাপদ সর্দার এবং আমাদের বিশ্বনাথ কারক

তারা সেখানে গিয়েছিলেন। ব্যারাকপুরের পুলিশ কমিশনারের কাছে ডেপুটেশান দেওয়া হয়। দুষ্কৃতিদের গ্রেপ্তারের ব্যাপারে এমনকি একজন টেলিভিশানের সাংবাদিক তার বাড়িও ভাঙচুর করা হয়েছে। আমরা এই দুষ্কৃতিদের গ্রেপ্তারের দাবী জানাচ্ছি এবং তাদের কঠিন শাস্তি-দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করছি। ধন্যবাদ।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : (নট রেসপন্ডেড)।

শ্রী সেখ শাহনাওয়াজ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে জানাচ্ছি যে, কাঁদরায় একটা পাওয়ার হাউস দু'বছর ধরে প্রায় সমাপ্তির পথে। পাওয়ার হাউসের সমস্ত কাজ হয়ে গেছে। জেনারেটর সেট আপ হয়েছে। কাঁদরা থেকে পাচুন্দি পর্যন্ত এলাকায় ৩৩ হাজার ভোল্টের লাইন ট্যাগ হয়েছে। কিন্তু কাঁদরা থেকে পাচুন্দি পর্যন্ত এখনও লাইনটা ইনকমপ্লিট। এবং পাওয়ার হাউসের যারা অপারেটর স্টাফ, সেই স্টাফগুলোকে দেওয়া হয়নি দু'বছর হয়ে গেল। এই পাওয়ার সেন্টারটা যদি সত্বর চালু করা হয় তাহলে এলাকায় পাওয়ারের সমস্যাটা মিটে যায় এবং এলাকায় দীর্ঘদিন ধরে পাওয়ারের একটা অভাব চলছে। এই যে, দীর্ঘ ৩৫ বছর ধরে যারা কিছু করেনি, তারা শুধু চিৎকার করে এই পবিত্র সদনে - আমরা যে দাবী-দাওয়া জানাবো সেখানেও তারা বাধা সৃষ্টি করছে। আমি আপনার মাধ্যমে দু'বছর ধরে যে পাওয়ার হাউসটা তৈরি হয়েছে সেটা যাতে সত্বর চালু হয় তারজন্য মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী বাসুদেব খাঁ : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করি যে, সারদার আমানতকারীদের টাকা ফেরৎ-এর জন্য সরকার পরিকল্পনা নিয়েছেন। আমানতকারীদের টাকা ফেরতের জন্য দরখাস্ত আহ্বান করেছিলেন। ইতিমধ্যে ১৭ লক্ষের বেশি আমানতকারী তাদের টাকা ফেরতের জন্য দরখাস্ত করেছেন। চমকপ্রদভাবে কিছু আমানতকারীকে টাকা দিয়ে আমানতকারীদের বিভ্রান্ত করার চেষ্টা করা হয়েছে। এই টাকা রাজ্য সরকারের টাকা। যেখানে উন্নয়নমূলক কাজে এই টাকা লাগানো যেত। কিন্তু সম্প্রতি তৃণমূল দলের সাংসদ কুনাল ঘোষ পুলিসি হেফাজতে তার গোপন জবানবন্দী ভি ডি ও ক্যাসেটে যা প্রকাশ হয়েছে, তাতে রাজ্যের তৃণমূলের অনেক নেতার নাম এসে গেছে। ...... (গোলমাল)..... যারা বলছেন টাকা ফেরৎ দেব তাদের নাম উঠে আসছে। আমি এই দুর্নীতির জন্য তাদের সি বি আই তদন্তের দাবী করছি। ধন্যবাদ।

[12.20—12.30 p.m.]

শ্রী তজমুল হোসেন : স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের ব্যাপারে। আমাদের মাননীয় মন্ত্রী এখানে উপস্থিত আছেন। সারা রাজ্যে সংখ্যালঘুদের জন্য আমার বাড়ী বলে একটা প্রকল্প শুরু হয়েছে। কিন্তু দুঃখের বিষয়, আমার জেলা তথা হরিশচন্দ্রপুর বিধানসভায় ১ নম্বর ও ২ নম্বর ব্লকে ২০১১।২০১২।২০১৩ সালে এই সমস্ত আমার বাড়ী প্রকল্প আমাদের জেলাতে বি ডি ও অফিসে আছে। সেই সমস্ত আমার বাড়ী প্রকল্পের জন্য, আমার বাড়ী প্রকল্প যেটা সংখ্যালঘুদের জন্য, সেই সমস্ত সংখ্যালঘুদের জন্য আমাদের বি ডি ও, এস ডি ও এবং সমস্ত জায়গায় ডি এম অফিসে আনা হয়। ত সত্ত্বেও, সমস্ত চূড়ান্ত সিদ্ধান্ত হওয়া সত্ত্বেও এখন পর্য্যন্ত আমাদের এলাকার সেই সমস্ত গরীব সংখ্যালঘুরা এখন

পর্য্যন্ত তাদের সেই সমস্ত ঘর বাড়ীর টাকাগুলি পাচ্ছে না। অফিস সে দেখা যাচ্ছে যে সেই সমস্ত ফাইলগুলি ফেরৎ হয়ে যাচ্ছে। যদিও বা হয়ত কেউ কেউ পেয়েছেন, অর্ধেক টাকা পেয়েছেন, অর্ধেক টাকা এখনও পায়নি স্যার। এটা দুঃখজনক ঘটনা স্যার। এই আমার বাড়ী নিয়ে আমাদের সংখ্যালঘু এলাকায় বিশেষ করে মালদা জেলায়, এই ব্যাপারে আমি আপনার কাছে একটা আবেদন জানাচ্ছি, যেন ভিজিলেন্সের মাধ্যমে যে সমস্ত আমার বাড়ী প্রকল্পে যারা টাকা পেয়েছে এবং যারা অর্ধেক টাকা পেয়েছে এবং যারা পায়নি, তাদের জন্য সুব্যবস্থা করা হয়, তাই আপনার মাধ্যমে আমি বিনীতভাবে আবেদন জানাচ্ছি, যেন অবিলম্বে সেই সমস্ত ব্যবস্থা করা হয়। ধন্যবাদ স্যার।

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে, মাননীয় পুরমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে আমার ব্যারাকপুর বিধানসভা এলাকায় বিস্তীর্ণ অঞ্চলে নিষ্কাশনী ব্যবস্থা দীর্ঘদিন ধরে, বিগত দিনে যারা সরকারে ছিলেন তারা করেননি। এবং যে কারণে এই বর্ষায় বিভিন্ন ওয়ার্ড জলের তলায় চলে যায়। তাই আপনার মাধ্যম দিয়ে মাননীয় মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে নিষ্কাশনী ব্যবস্থার একটা পরিবর্তন ঘটিয়ে যেন এলাকায় নিষ্কাশনী ব্যবস্থা ভাল করা যায়, তার জন্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমি আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

মি. স্পীকার : আপনি একটা জিরো আওয়ারও দিয়েছেন। এইটায় আপনি বললে জিরো আওয়ারটা বলতে পারবেন না। আপনি একই সাবজেক্ট এর উপরে দিয়েছেন, যেটা হোক বলুন।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : দুটো করে বলা যাবে না? এই জিনিস তো ছিল না, আজকে শুনছি; স্যার, আপনি বলতে না দিলে বলব না।

মি. স্পীকার : না একটা বলুন। একটা এ্যালাও করেছি আপনাকে।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : মাননীয় স্পীকার মহোদয়, খুব গভীর দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, পশ্চিমবাংলায় প্রত্যেকদিন খুন সন্ত্রাস বেড়ে চলেছে। বিশেষ করে বামপন্থী কর্মীরা গতকাল উত্তর দিনাজপুরের চোপড়াতে সি পি আই এম নেতা এবং কর্মাধ্যক্ষ নাজির আলিকে গতকাল রাত্রে তৃণমূলের দুষ্কৃতকারীরা তারা বন্দুক থেকে গুলি করে মেরেছে। এই অবস্থা সারা রাজ্য জুড়ে চলছে। একটার পর একটা আমাদের কর্মীরা খুন হচ্ছেন। এই ব্যাপারে আমরা খুব চিন্তিত হয়ে পড়েছি। সরকার এই ব্যাপারে কোন ব্যবস্থা গ্রহণ করছেন না। অন্যদিক থেকে মহিলাদের উপর খুন অত্যাচার বলাৎকার কুরুচিপূর্ণ মন্তব্য বেড়েই চলেছে। সরকারের প্রশাসন উদাসীন। গত পরশু বাড়ী থেকে ডেকে নিয়ে গিয়ে খুন করা হয়েছে সুতী থানার কাশিমনগরের এক প্রতিবন্ধী যুবতীকে। গত পরশু একইভাবে খুন করা হয়েছে ফারাক্কা থানার খোসলা গ্রামের এক বিড়ি শ্রমিক বধুকে। এইভাবে প্রতিদিন খুন করা হচ্ছে। রাজ্যে খুন ধর্ষণের মহড়া চলছে। রাজ্যে আইনশৃঙ্খলা বলে কিছু নেই। শুধু তাই নয়, আপনি জানেন স্যার...

(সময় শেষ হয়ে যাওয়ায় বক্তার মাইকের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

শ্রী বাসুদেব মেটে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই বেহাল স্বাস্থ্য পরিষেবা আমার বিধানসভা এলাকায়। আমার বিধানসভা এলাকায়

২টি ব্লক স্বাস্থ্যকেন্দ্র আছে এবং ১০টি উপ-স্বাস্থ্যকেন্দ্র আছে। তার মধ্যে রামনগর স্বাস্থ্যকেন্দ্র দীর্ঘদিন ধরে বন্ধ রয়েছে। ভাতকুন্ডা ওখানেও আর কি ৬ বেডের একটা ব্যবস্থা ছিল, সেটাও বর্তমানে নেই। এখন সরগ্রামে, বিগত সরকারের আমলে একটি ১০ বেড বিশিষ্ট হাসপাতাল তৈরী করা হয়েছে।

সেখানে এখনো পর্যন্ত কোনো ডাক্তার বা নার্স পাঠানো হয়নি। চারদিকে যেভাবে বোমবাজি, রাহাজানি চলছে, স্বাস্থ্য ব্যবস্থাটা যদি এইরকম থাকে তাহলে মানুষ স্বাস্থ্য পরিষেবা পাবে কোথায়। তাই আমাদের ডাক্তার এবং নার্সের যে অভাব রয়েছে সেগুলো পূরণ করার জন্য আমি অনুরোধ রাখছি।

শ্রী নিরাপদ সর্দার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। গোটা রাজ্যে অসংখ্য স্বনির্ভর দল তৈরি হয়েছিল। বামফ্রন্টের জমানায় লক্ষ লক্ষ মায়েরা এই স্বনির্ভর দলের সঙ্গে যুক্ত ছিল। কিন্তু অদ্ভুতভাবে আমরা দেখতে পাচ্ছি এই দলের জন্য বর্তমান সরকারের কোনো পরিকল্পনা নেই। ফলে দলগুলি দারুণভাবে হতাশাগ্রস্ত হচ্ছে। গ্রামে গ্রামে মায়েরা কাজ হারাচ্ছেন। স্বাভাবিকভাবে আমরা লক্ষ্য করছি, আজকে যেভাবে নারী নির্যাতন হচ্ছে, যেভাবে অত্যাচারিত হচ্ছে মায়েরা, আগামীদিনে এইসব স্বনির্ভর দলের প্রতি যদি কোনো পরিকল্পনা না করা হয় তাহলে আগামীদিনে মায়েদের ওপরে আরো বেশি অত্যাচার নেমে আসবে। সামাজিক দায়বদ্ধতা থেকে আপনারা এই বিষয়টা কেউ এড়িয়ে যেতে পারবেন না। আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করছি এই দলগুলি যাতে মাথা উঁচু করে দাঁড়াতে পারে তার জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করা হোক।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় কৃষি বিপণন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বেথুয়াডহরীতে সরকারী নিয়ন্ত্রিত একটি ভগ্নদশা অবস্থায় ডেইলি বাজার আছে। কয়েক মাস আগে সেটি তিনি নিজেও পরিদর্শনে গিয়েছিলেন। সেই এলাকার যারা ব্যবসায়ী এবং জনসাধারণ আছেন তাদের আবেদন যে অনতিবিলম্বে অত্যাধুনিক একটি বাজার ওই এলাকায় যাতে স্থাপিত হয় তার পরিকল্পনা যেন তৈরি করা হয়। তার একটি কারণ হল যে, ৩৪ নং জাতীয় সড়ক বেথুয়াডহরির বুকের ওপর দিয়ে গিয়েছে এবং সেই ৩৪ নং জাতীয় সড়কটি ফোর লেনে পরিণত হচ্ছে। বিভিন্ন দোকানপাট ভাঙ্গা যাবে। সেই কারণে ওই বাজারটি আধুনিকতম বাজার হিসাবে গড়ে তুললে ওই ক্ষতিগ্রস্ত ব্যবসাদাররা যাতে ওইখানে স্থানান্তরিত হয়ে তাদের পরিবার পরিজন নিয়ে ব্যবসা করতে পারে। এই ব্যাপারে অত্যন্ত দ্রুততার সঙ্গে তদন্ত করে ব্যবস্থা নেওয়ার আবেদন জানাই। ধন্যবাদ।

শ্রী কে পি সিং দেও : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করি যে আমার বিধানসভা পুরুলিয়া শহরে জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে আনপ্ল্যান্ড ওয়েতে বামফ্রন্টের আমলে বাড়ি তৈরি হয়েছে, যার ফলে আজকে সমস্ত নিকাশী ব্যবস্থা ফেল করে গেছে। মাস্টার প্ল্যান না থাকার ফলে শহরটা কোনদিকে বাড়বে, কোনদিকে কমবে বোঝা যাচ্ছে না, শহরটা ধীরে ধীরে সংকীর্ণ হয়ে যাচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় পুরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করি যাতে

একটা সুষ্ঠ মাস্টার প্ল্যান তৈরি করে নিকাশী ব্যবস্থা এবং ময়লা ফেলার ব্যবস্থা দ্রুতভাবে করা যায় যাতে মশা এবং বিভিন্ন রোগ থেকে মানুষ মুক্তি পায়। ধন্যবাদ।

ZERO HOUR

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি। ২৬শে নভেম্বর অর্থ সচিব এইচ কে দ্বিবেদী বলেছেন, নবান্ন চত্বরে যারা গভর্নমেন্ট এমপ্লয়ি আছেন তাদের কোনো দাবি দাওয়া জানানো যাবে না। অর্থাৎ তারা যদি বেতন না পান, তারা যদি ডি. এ. না পান, সংগঠিতভাবে তারা যদি মুখ্যমন্ত্রী বা বিভাগীয় মন্ত্রীদের কাছে জানাতে চান, সেখানে যদি প্রতিবাদ জানায়, তাহলে তাদের সেই অধিকার থাকবে না এই ফর্মান জারি হয়েছে। এটা সমস্ত দপ্তরে সব অফিসে কার্যকরী হবে। স্বাভাবিকভাবেই আমি মনে করি এটা একটা স্বৈরতান্ত্রিক ফর্মান। এই স্বৈরতান্ত্রিক ফর্মান, অগণতান্ত্রিক ফর্মান বন্ধের জন্য আমি দাবি জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী বাসুদেব মেটে : (অনুপস্থিত)

শ্রী নিরাপদ সর্দার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করছি। মা-মাটি-মানুষের সরকার যখন শপথ গ্রহণ করেন তখন এই সভাতে বলেছিলেন যে সুন্দরবনের প্রত্যন্ত এলাকার মানুষ যাতে সুদুর কলকাতার সঙ্গে যোগসূত্র গড়ে তুলতে পারেন তার জন্য বামফ্রন্ট সরকার যে কাজগুলো চালু করেছিলেন সেই কাজগুলো তারা করবেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি এই সময়কালের মধ্যে যে ব্রিজগুলির টেন্ডার দিয়েছিল বামফ্রন্ট সরকার সেই ব্রিজগুলোর কাজও অনির্দিষ্টকালের জন্য বন্ধ হয়ে আছে। সন্দেশখালির কালিনগরে বেতনি নদীতে ব্রিজ হওয়ার কথা ছিল। কিন্তু সেই ব্রিজ আজকে অতল গহ্বরে তলিয়ে গেছে। উল্টোদিকে আমরা দেখছি জেলিয়াখালি এবং দুর্গামন্ডপে ব্রিজ হওয়ার কথা ছিল, টেন্ডার ছিল, কাজটা অনেকটা এগিয়েও ছিল। কিন্তু জানিনা সুন্দরবন দপ্তর সেই কাজটা এখন কেন করতে পারছে না। আমি অনুরোধ করছি এই কাজগুলি যাতে দ্রুত হয় এবং এই কাজগুলো হলে সুন্দরবনের মানুষ সরাসরি কলকাতার সঙ্গে তাদের যোগসূত্র গড়ে তুলবে। ধন্যবাদ স্যার।

মিঃ স্পীকার : এখন বিরতি। আমরা আবার ১-৩০ টার সময় মিলিত হব।

(At this stage the House was adjourned till 1.30 p.m.)

[1.30—1.40 p.m.]

(After Recess)

LEGISLATION

The West Bengal Prohibition of Audio-Video Piracy Bill, 2013

Smt. Chandrima Bhattacharya : Hon'ble Speaker Sir I beg to introduce the West Bengal Prohibition of Audio-Video Piracy Bill,

2013 and place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Statement Under Rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

The West Bengal Prohibition of Audio-Video Piracy Bill, 2013.

(Bill No. 30 of 2013)

1. It is considered necessary and expedient-

(a) to prohibit audio-video piracy of the original work relating to cinematograph film and sound recording over which the copyright of the author subsists and the matters connected therewith and incidental thereto;

(b) to prohibit the mushroom growth of illegal trading, selling or hiring of duplicate copies of cinematograph film and sound recording, in the public interest and to provide an effective penal provision in order to prohibit such illegal activities of audio-video piracy.

2. It has long been under consideration in the State Government to enact strict legislation against such illegal activities of audio as we!! us video piracy, its' illegal trading, selling or hiring of duplicate copies of cinematograph film and sound recording.

3. Since the Legislative Assembly of the State of West Bengal was not in session and it was considered necessary to take immediate action,an Ordinance, namely the West Bengal Prohibition of Audio-Video Piracy Ordinance, 2013 (West Ben. Ord. III of 2013), was promulgated.

(Secretary then read the Title of the Bill)

Smt. Chandrima Bhattacharya : Hon'ble Speaker Sir, I beg to move that the West Bengal Prohibition of Audio-Video Piracy Bill, 2013 be taken into consideration.

শ্রী শেখ আমজাদ হোসেন : স্যার, The West Bengal Prohibition of Audio-Video Piracy Bill, 2013. মাননীয় মন্ত্রী যে বিল এনেছেন তার aim অনেক মহৎ, উদ্দেশ্যও স্যার অনেক মহৎ, অনেক বড়। কিন্তু আমার মনে হচ্ছে, উনি, স্বপ্নের ডানায় ভর করে আকাশে ওড়ার স্বপ্ন নিয়ে এই বিল এনেছেন। যে Audio-Video Piracy, সেখানে স্যার, একটা রাজ্যের ব্যাপার এটা? গোটা দুনিয়া জুড়ে cyber crisis। cyber crisis গোটা দুনিয়া জোড়া crisis।

গোটা পৃথিবীতে এই সংকট। গোটা দুনিয়া, গোটা ভারতবর্ষের, গোটা কলকাতার যারা সাংবাদিক আছে তারা সাক্ষী আছে। Gulf war-এর সময় আমরা দেখেছিলাম যে উপসাগরীয় যুদ্ধ। সেই উপসাগরীয় যুদ্ধ, যে যুদ্ধে আমেরিকান সাম্রাজ্যবাদীরা ইরাককে গিলে খেয়েছিল। গোটা দুনিয়ার যত সংবাদ মাধ্যম,যত তাবড়-তাবড় সাংবাদিক তারা CNN চ্যানেলের কাছে হাঁটু গেড়ে দিয়েছিল। একটা চ্যানেল গোটা দুনিয়াকে খবর বিক্রি করেছিল। আর তাদের কাছ থেকে সেই খবর তারা কিনতে বাধ্য হয়েছিল। তাই cyber crisis, গোটা দুনিয়া জোড়া crisis। আর সেখানে দাঁড়িয়ে উনি এই রাজ্যের এই বিল দিয়ে এই মহৎ উদ্দেশ্য কিভাবে সাধন করবেন তা আমি বুঝতে পারছি না। উদ্দেশ্য মহৎ স্যার, উনি এই Piracyকে আটকাতে চাইছেন। কিন্তু বাস্তবটাও মনে রাখতে হবে। এটা আর সেই অবস্থায় নেই স্যার যে রিল সিনেমা হলে ভিতরে এল, সেই রিল সিনেমা হলে দেখানো হচ্ছে, তখন সেটা রিলিজ হচ্ছে। আজকে দাঁড়িয়ে একটা বাংলা সিনেমা কলকাতায় যেটা তৈরি হয়েছে যার প্রোডিউসার কলকাতার। তিনি স্যার বাংলাদেশে বসে সেটা রিলিজ করতে পারেন, সিঙ্গাপুরে বসে রিলিজ করতে পারেন। On line digital-এ এক সঙ্গে উনি মনে করেন তিন হাজার সিনেমা হলে চলবে, সেটা সেখান থেকে রিলিজ হয়ে যাবে। আর যারা এই প্রাইরেটার তারা অন লাইনে সেটাকে Piracy করে নেবে। কি দিয়ে আটকাবে উনি? পশ্চিমবাংলা তৈরি সিনেমা কলকাতায় প্রডিউসার, সিঙ্গাপুর থেকে এটা রিলিজ হল অন লাইনে ডিজিটালে, সেখান থেকে Piracy হয়ে গেল।

ওনার এই বিল কাফি আছে স্যার, ওনার এই বিল যথেষ্ট, উনি এই পাইরেসীকে রুখে দেবেন? উদ্দেশ্য মহৎ স্যার। কিন্তু বাস্তবতার জায়গায় এই বিল নেই স্যার। আসলে চুরি আটকানোটা উদ্দেশ্য নয় স্যার। এতো সূক্ষ্মচুরি এই সাইবার চুরি, সেটাতো অনেক দুরের ব্যাপার স্যার। চোখের সামনে যে চুরি হয়ে যাচ্ছে স্যার, জ্যান্ত মহিলা, জ্যান্ত বাচ্ছা বাচ্ছা ছেলে-মেয়ে স্যার পাচার হয়ে যাচ্ছে দিনের বেলায় রাতের বেলায়। সেই সব আটকাতে পারছে না প্রশাসন স্যার, সেখানে দাঁড়িয়ে উনি সূক্ষ্ম চুরি আটকানোর ভাবনা ভাবছেন। বরং গোটা পশ্চিমবাংলায়, ২৪-পরগনা নদীয়ার গোটা বাংলায় যে নারী পাচার হচ্ছে, বাচ্ছা বাচ্ছা ছেলে-মেয়েদের পাচার করে দিচ্ছে দিনের বেলায়, রাতের অন্ধকারে জ্যান্ত ছেলে-মেয়ে গুলোকে পাচার করে দিচ্ছে সেই পাচারকে কি করে আটকাবেন সেই বিল আনুন মন্ত্রী, সেই দিকে নজর দিন উনি স্যার। কি বলছেন উনি? গোটা রাজ্য জুড়ে ধর্ষণ নিয়ে মা-বোনেরা ব্যতিব্যস্ত হয়ে আছে স্যার। বাড়ির বড় দাদা তার মেয়েটা তার বোনটা প্রাইভেট পড়তে যায় বা টিউশানি করতে যায় রাত্রি বেলায় ..

মিঃ স্পীকার : আপনি সাবজেক্টের উপর বলুন মি. হোসেন।

শ্রী শেখ আমজাদ হোসেন : আমি সাবজেক্টের উপর বলছি, কি বলছি শুনুন।

মিঃ স্পীকার : না আপনি বিয়ন্ড দি সাবজেক্ট যাচ্ছেন।

শ্রী শেখ আমজাদ হোসেন : এতো সূক্ষ্ম চুরি উনি আটকাতে চাইছেন আর এই স্থূল চুরি গুলো কে দেখবে? সেটাই বলতে চাইছি স্যার। যে সরকার স্থুল চুরি গুলো আটকাতে পারছে না সেই সরকার সূক্ষ্ম চুরি আটকাবে কি? তাহলে এই স্বপ্নের উপর ভর করে আকাশে ওড়ার স্বপ্ন

নিয়ে এই রকম বিল আনবেন। সেই জায়গা থেকে স্যার, গোটা রাজ্য জুড়ে ধর্ষণ, সেই ধর্ষণকে আটকাতে পারছে না এই সরকার তার মন্ত্রী ও তার পুলিশ প্রশাসন। সেখানে দাঁড়িয়ে উনি এই রকম সূক্ষ্ম চুরি রোখার জন্য উনি একটা বিল আনতে চাইছেন স্যার। আসলে বিষয়টা এই জায়গায় নয়, বিষয়টা যে জায়গায় স্যার, গোটা রাজ্য জুড়ে গোটা বাংলার মানুষ সাক্ষী থাকবে স্যার, ইতিহাস ক্ষমা করবে না স্যার, অপোজিশান নামের যে শব্দ সংসদীয় গণতন্ত্রে, বিরোধী দল এবং তার যে ভুমিকা, সেই বিরোধী বা অপোজিশান শব্দটা ওনারা মুছে দিতে চান স্যার ডেমোক্রেসী থেকে। যে এমন একটা ডেমোক্রেসী থাকবে যেখানে অপোজিশান থাকবে না, সবার মুখ বন্ধ করে দাও, তার জন্য দরকার পড়লে হালিশহরের পৌরসভার যারা মেম্বার তাদের বাড়িতে রাত্রি বেলায় আক্রমন করো, তাদের বাড়ি থেকে অপহরণ করে নিয়ে যাও, তাদেরকে মুচলেকা লিখিয়ে নাও, তাদেরকে দলত্যাগ করতে বাধ্য করাও, যাতে পদত্যাগ করে দিয়ে তারা সবাই তৃণমুলে জয়েন করুক। পশ্চিমবাংলা জুড়ে কোন বিরোধী দল থাকবে না,শুধু ওনারাই থাকবেন, একটাই দল থাকবে,এই রকম একটা ডেমোক্রেসি স্যার। অথচ অনেক বড় বড় বুলি আওড়ানো হয়েছিল স্যার যে ৩৪ বছরে নাকি গনতন্ত্র নেই, গণতন্ত্রের নাকি নতুন সূর্য্যোদয় হবে। গোটা বাংলা জুড়ে নাকি গণতন্ত্র প্রতিষ্ঠিত হবে, দলতন্ত্র থাকবে না গণতন্ত্র হবে।

আর এমন গণতন্ত্রের নমুনা ওনারা হাজির করেছেন, আমরা দেখতে পাচ্ছি একটা পঞ্চায়েতের মেম্বার স্যার, পঞ্চায়েতের সদস্য বিরোধী দল থেকে জিতেছে, তার জন্য তাকে খুন করে দিতে হবে স্যার?

মিঃ স্পীকার : আপনি বিলের উপর বলুন, আপনি বিলের উপর প্রস্তুত হয়ে বলুন। আপনি আপনার সাবজেক্টটা বিলের উপর রাখুন। এই ভাবে বললে বাদ দিয়ে দেব। আপনি বিলটা পড়ুন, বিলের উপর বলুন। আপনি বিলের উপর বলুন।

শ্রী শেখ আমজাদ হোসেন : রাজ্যের মুখ্যমন্ত্রী .. আমি বিলের উপরই বলছি স্যার। যারা ওই ঘটনা আটকাতে পারছে না সাইবার পাইরেসী আটকাবে কি করে? যারা ওই ঘটনা আটকাতে পারে না তারা সাইবার চুরি আটকাবে কি করে? (গোলমাল) [***]।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

(গোলমাল)

মিঃ স্পীকার : আপনি আপনার বিলের উপর কনসেনট্রেট করুন।

শ্রী শেখ আমজাদ হোসেন : আমি বিলের উপর বলছি স্যার।

মিঃ স্পীকার : বিলের মধ্যে এই সাবজেক্ট ম্যাটার নেই।

শ্রী শেখ আমজাদ হোসেন : আমি বলছি স্যার ওনারা চুরি আটকাতে পারছে না।

মিঃ স্পীকার : আজকে এটা পাইরেসীর উপর বিল, আপনার বক্তব্যটা বিলের মধ্যে থাকছেনা।

*** অধ্যক্ষের আদেশক্রমে বাতিল করা হইল।

শ্রী শেখ আমজাদ হোসেন : পাইরেসী আটকাতে চাইছেন, কোন পাইরেসী? সাইবার পাইরেসী আটকাতে চাইছেন ওনারা। ওনারা এই পাইরেসী আটকাতে চাইছেন আর যেখানে এতো বড় বড় পাইরেসী সেই পাইরেসী আটকাতে পারছেন না। সেইটা বলছি স্যার। [***]

মিঃ স্পীকার : এইভাবে বক্তব্য রাখা যাবে না, দিস উইল নট গো অন রেকর্ড।

[1.40—1.50 p.m.]

শ্রী শেখ আমজাদ হোসেন : আপনি পুরোটা শুনুন, পুরোটা শুনুন স্যার। আপনি মেলাবেন।

মিঃ স্পীকার : আমি পুরোটাই শুনছি। আপনি বিলটা ভাল করে পড়ে নিন তাহলে ঠিক হবে।

শ্রী শেখ আমজাদ হোসেন : স্যার, ওনারা যা বলছেন, আসলে সবাই একটা দলের প্রতি অনুগত থাকবে। সেই দলের প্রতিই অনুগত থাকতে হবে, তার জন্যই এই বিল। গোটা পশ্চিমবাংলার যারা প্রবীণ ....

মিঃ স্পীকার : আপনি বিলের উপর বলুন।

.... (নয়েজ) ....

শ্রী শেখ আমজাদ হোসেন : আমি বিলের উপর বলছি স্যার। ওনাদের যা নীতি, তাতে ওনাদের প্রতি সবাইকে অনুগত থাকতে হবে। তার জন্যই এই বিল এনেছেন। কলকাতায় যত প্রোডিউসার আছে, তাদেরকে কি করে করায়ত্ত করা যায়, তা নাহলে এই ক্রাইসিস বিল দিয়ে আটকাবেন কি করে? যে ক্রাইসিস গোটা দুনিয়া জোড়া ক্রাইসিস? বাংলায় সিনেমা তৈরী হবে, সিঙ্গাপুরে বসে চুরি হবে, বাংলাদেশে বসে চুরি হবে, আর সেই ক্রাইসিস বাংলার এই বিল দিয়ে উনি কি করে আটকাবেন? আসলে বাংলার যারা প্রোডিউসার আছেন, তাদেরকে রাজনৈতিকউদ্দেশ্য চরিতার্থ করার জন্য, নিজেদের করায়াত্ত করার জন্যই এই বিল।এই বিলের উদ্দেশ্য মহৎ, সে কথা আমি প্রথমেই বলেছি। কিন্তু উদ্দেশ্য শুধু মহৎ হলেই হবে না। এই বিলে উনি যে কথা বলেছেন, তার প্রতি ওনাকে আন্তরিক হতে হবে। উনি বলছেন, যারা হায়ার করবে,যারা এই ক্যাসেট হায়ার করে আনবে, যারা কিনবে, গ্রামে-গঞ্জে অনেক গরীব মানুষ আছে, চায়ের দোকানে ভি. ডি. ও চলে। তারা কোথা থেকে ভাড়া করে এনে সেই চায়ের দোকানে ভি. ডি. ও চালাবে, আর সেখানে দাঁড়িয়ে থানার সাব ইন্সপেক্টর গিয়ে এই গরীব চাওয়ালাকে অ্যারেস্ট করবে, এটা যেন না হয়। আসলে প্রকৃত যারা দোষী, প্রকৃত যারা পাইরেসী করছে, তাদেরকেই চিহ্নিত করে তাদের যেন শাস্তি হয়, এই ব্যবস্থাটা যেন মাননীয়া মন্ত্রী আন্তরিকভাবে করেন, সেটা দেখার জন্য আমি ওনাকে অনুরোধ করব। আর একটা কথা আবার বলি স্যার, এই পাইরেসী আটকানোর ব্যাপারে আপনারা যদি আন্তরিক হন, তাহলে গোটা দুনিয়া জুড়ে সঙ্কট, গোটা ভারতবর্ষ জুড়ে সঙ্কট, গোটা রাজ্য জুড়ে যে সঙ্কট, আসুন যৌথভাবে আমরা সবাই মিলে সর্বদলীয় প্রতিনিধি রূপে কেন্দ্রীয় সরকারের কাছে যাই, কেন্দ্রীয় সরকারের যে বিল আছে, সেই বিল যাতে আরও জোরদার হয়, যাতে করে প্রকৃত অর্থে এই পাইরেসী রোখা যায়।

*** অধ্যক্ষের আদেশ অনুসারে বাতিল করা হল।

ডাঃ শশী পাঁজা : মাননীয় স্পীকারকে আমি ধন্যবাদ জানাই। সত্যি, আমার এক এক সময় মনে হয় স্যার এই পবিত্র বিধানসভায় থেকে এই সূদূরভাবে, উদ্দেশ্যপ্রণোদিতভাবে উত্তেজনার জায়গা একটা তৈরী করার চেষ্টা আমাদের বিরোধী পক্ষের বিধায়ক যারা স্পীকার আছেন, তারা সব সময় করেন। আমি অত্যন্ত একটি গুরুত্বপূর্ণ বিল, সেখানে সব সময় off the beaten track, ট্র্যাকে তারা রইলেন না, মানুষ তাদেরকে ট্র্যাক থেকে সরিয়েও দিয়েছেন এবং বলেও দিয়েছেন - 'না রহেগা বাঁশ, না বাজেগি বাঁশরী'। মাঝে মাঝে এই বাঁশরীটা এত বেসুরো আমাদের শুনতে হয়, খুব কষ্ট হয়। আপনার টপিক নিয়ে কিছুই বললেন না, বিল নিয়ে বললেন না। আজকের এই পবিত্র বিধানসভায় ....

..........(নয়েজ)........

এবার আমাদের বলতে দিন। পড়াশোনা করতে হবে, বুঝতে হবে। The West Bengal Prohibition of Audio-Video Piracy Bill, যেটা উত্থাপন করা হয়েছে, আমরা আবার ধন্যবাদ জানাই আমাদের মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রীকে। তিনি অত্যন্ত তাৎপর্যপূর্ণভাবে এবং সময়পোযোগী এই বিলটাকে উত্থাপন করেছেন। আমাদের মাননীয়া মন্ত্রী শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য আজকে সেটাকে introduce করছেন বিধানসভায়। পশ্চিমবঙ্গ একটা সংস্কৃতির পীঠস্থান। আমরা গর্বিত যে এই জন্মভূমিতে সঙ্গীতের জগতের সঙ্গে যুক্ত থাকা এবং চলচ্চিত্র জগতের সঙ্গে যুক্ত থাকা অনেক রথী মহারথীরা তাদের এবং অন্যান্যদের একটা বিরাট অবদান রয়েছে। এখানে এখনও বহু মানুষ রয়েছেন, যারা এই জগতের সঙ্গে যুক্ত এবং এই ঐতিহ্যকে বহন করার চেষ্টা করছেন। আজকে সেই অডিও ভিডিও মিউজিক এবং ফিল্ম ইন্ডাস্ট্রি বিশাল সমস্যার সম্মুখীন হয়েছে। তারা মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছেও দ্বারস্থ হয়েছেন। কি সমস্যা? যেটা নিয়ে বিল - অডিও, ভিডিও পাইরেসি। আমরা গান শুনতে রুচি রাখি, আমরা গান শুনতে ভালোবাসি, সিনেমা দেখতেও আমাদের একটা ইচ্ছা থাকে, আমরা নিজেদের connoisseurs মনে করি, রস পন্ডিত মনে করি, কিন্তু কোথাও না কোথাও ক্রমশঃ দেখা যাচ্ছে যে নতুন প্রজন্ম আসতে চলেছে, যে নতুন ট্যালেন্ট এবং মেধা, সেটা ক্রমশঃ হারিয়ে যাচ্ছে।

শোনা যাচ্ছে মিউজিক ইন্ডাস্ট্রি তাদের যে আয় হয়, তাদের যে রেভিনিউ হয়, প্রায় ৮০ ভাগ তারা এই নতুন ট্যালেন্টকে চিহ্নিত করা, তাদেরকে ডেভলপ করা, তাদেরকে promote করার জন্য খরচাও করেন। পশ্চিমবঙ্গ সরকার নিজেও এই ধরনের এই অডিও-ভিডিও পাইরেসির জন্যে বড় মাপের আয় যেটা আছে সেটাও সরকার পাচ্ছে না। মিউজিক এবং হোম ভিডিও সংস্থার উন্নতি লাভ তো দূরের কথা, তারা বেঁচে থাকবেন কিনা সেই অবস্থা হয়ে দাঁড়িয়ে রয়েছে। এই প্রেক্ষাপটে আজকের এই বিলটির উপস্থাপনার মধ্য দিয়ে মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী আর একবার প্রমাণ করে দিলেন যে, তিনি মাটির কথা শোনেন এবং তিনি জনদরদী। একটি উদাহরণ দিই স্যার। Music World একটি প্রসিদ্ধ সঙ্গীত বিপনি, chain, একটা সংস্থা। যার সব চেয়ে বৃহত্তম store ছিল Park Street-এ এবং আমরা জানি, first July, 2013 এই audio-video piracy-র জন্য সেটা বন্ধ হয়ে যায়। তার physical sales'CD, VCD ইত্যাদি

যে তলানিতে গিয়ে দাঁড়ায় তাতে তাদের পক্ষে ব্যবসা করা সম্ভব ছিল না এবং সেটা বন্ধ হয়ে যায়। সমস্যাটা কোথায় এবং কি ভাবে তৈরী হয়েছে? এই যে আপনারা বিশ্বের ইতিহাসটা নিয়ে চলে এলেন, Charity begins at home, সেটা একটা জানুন। আমি কি করলাম, What I have done for the country? আমি কোশ্চেন করব - What does the country do for me? আমরা কি চেষ্টা করব সেটা এই Bill-এর মধ্যেই রয়েছে। সমস্যাটা তৈরী হয়েছে স্যার,বহু বছর ধরে। আপনারা সেটা ভাবলেন না। Digitization of music, internet-এর মাধ্যমে music এবং video download করা এই বিষয়টা, কিছু illegal website রয়েছে - স্যার কিছু যেমন, Saavan.com, Gana.com, Dhingana.com ইত্যাদি এই সব illegal website-এর মাধ্যমে যারা গ্রাহকরা আছেন তারা বিনা-পয়সায় মিউজিক download করছেন এবং এমনও দেখা যাচ্ছে যে, official release-গানের অফিসিয়াল রিলিজের আগে বাজারে pirated CD, VCDs ইত্যাদি সমস্ত বেরিয়ে যাচ্ছে। Music duplication software, এটা ভাগ্যক্রমে ইংরাজীতেই পরিভাষাটা বলতে হবে। কারণ, বাংলায় এগুলো এখনও আসেনি। Music duplication software এবং তার পরিকাঠামো খুব সহজেও পাওয়া যাচ্ছে এবং খুব সুলভ মূল্যে পাওয়া যাচ্ছে। ফলে এই piracy industry-টা এই কয়েক বছরে গিয়ে দাঁড়িয়েছে একটা low risk এবং high return. এই অবস্থায় industry দাঁড়িয়ে এবং তার সঙ্গে 3G এবং 4G technology-র আগমনে ব্যাঙ-এর ছাতার মত এই illegal website-গুলি গজিয়ে উঠেছে এবং এগুলো নিয়ন্ত্রণ করার জন্যে কোন পুরাতন গভর্নমেন্ট তো দূরের কথা কোন দিন সেটা নিয়ে ভাবেনওনি তারা। তাই এই বিলটা পাশ করার মধ্য দিয়ে audio-video piracy-কে নিষিদ্ধ করা। যারা এই অপরাধ করবেন তাদেরকে শাস্তি দেওয়ার ব্যবস্থাটা করা হচ্ছে এই বিলের মাধ্যমে। একজন অফিসার ইন-চার্জ, একজন অফিসার যিনি সাব-ইন্সপেক্টার Rank-এ আছেন তার উপরে সেই rank-এ Clause-এ দেওয়া আছে। Clause 3, sub Clause (2)-তে তাকে এই ক্ষমতাটা দেওয়া হয়েছে যে,তিনি যে কোন premises-এ কিংবা যে কোন জায়গাতে তিনি ঢুকবেন, seize করবেন এবং সার্চ করবেন। দেখা যাচ্ছে স্যার, যেগুলি এফ. এম চ্যানেলসগুলি আছে এবং music film industry তাদের মধ্যে যে একটা চুক্তি থাকবে, তাদের মধ্যে এই বিষয় নিয়ে একটা ব্যবস্থা থাকবে - অর্থনৈতিক ইত্যাদি ব্যবস্থা সেটাও কিন্তু অপর্যাপ্ত ভাবে রয়েছে। আমরা ব্লু-টুথ ব্যবহার করি স্যার, সেল-ফোনে। সেল-ফোনের ব্লু-টুথে মিউজিক ডাউনলোড, এটা illegal নয়- ওটা legal। কিন্তু, যারা সেল-ফোন বিক্রি করেন কিংবা যারা নির্মাতা যারা রয়েছেন তারা যখন একটা মানুষ সেল-ফোন কিনতে যাচ্ছেন তখন কিন্তু হাজারও মিউজিক ডাউনলোড অফার করছে। এটা গিয়ে দাঁড়াচ্ছে illegal। এই বিষয়টাকে দেখার জন্য এই বিলটা। কিছু অন্যান্য রাজ্যে আমরা দেখেছি, audio-video piracy-টাকে তারা একটা এ্যাক্টের কাধ্যমে করেছেন এবং সেটা একটা Act-এ ইনকর্পোরেট করেছেন। যেমন,মহারাষ্ট্রতে MPDA হয়েছে, সেটা হচ্ছে Prevention of Dangerous Acticities Act. তার আওতায় এনেছে audio-video piracy-টাকে। কতটা দেখা যাচ্ছে স্যার, একটা রিপোর্ট সেটা বলেছে, Rand report বলে। তার মধ্যে দেখা যাচ্ছে যে, film- audio-video film

piracy তার সঙ্গে organized crimes- সংগঠিত অপরাধ এবং তার সঙ্গে সম্পর্ক, ভয়ঙ্কর সম্পর্ক রয়েছে terrorism-এর সঙ্গে। সুতরাং, এই অবস্থায় গিয়ে দাঁড়িয়েছে audio-video piracy এবং তার তাৎপর্যটা বোঝা দরকার ছিল। আগের সরকারে তারা বোঝেননি। তাৎপর্য এবং উপলব্ধি আমরা করেছি এবং তাই এই বিল। তামিলনাড়ুতে স্যার, কি ভাবে audio-video piracy-টাকে কত গুরুত্ব দিয়ে তারা একটা সাংঘাতিক অপরাধ বলে তারা incorporate করেছেন কিসের সঙ্গে? Prevention of Dangerous Activities of Bootleggers, Drug Offenders, Forest Offenders, Goondas 'Immoral Traffic Offenders, Slum Grabbers Act of 1932 যেটা আছে তার আওতায় এনেছে এই audio-video piracy-টা।

[1.50—2.00 p.m.]

এবং কিছু অন্যান্য রাজ্য, কেরলা, অন্ধ্রপ্রদেশ এটাকে গুন্ডা ক্ষেত্রে বিশ্বে যেখানে আমরা জানি যে ভারতবর্ষ রয়েছে পঞ্চম স্থানে। অ্যাক্টের মধ্যে দিয়ে এনেছে। শুধু এই দেশে নয় বিদেশেও internet piracy-র বিষয়ে এটা রয়েছে। Film এবং music industries তার জন্য ভীষণ ভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। তারা legal site-গুলো পাবলিশ করে দিয়েছে। তারা যেমন বলেছে Amazon.con, Rapsoy.com, youtube.com-এগুলো সমস্ত legal. তাদের কিছু warez group আছে। যারা এই illegal ব্যবসা করে এবং illegal sites-গুলো publish করে। তাদের নিষিদ্ধ করেছে। U.S.A এবং developed country-তে এগুলো হয়েছে। সুতরাং, VDO পাইরেসির এমনও দিন গেছে যে নতুন ছবি রিলিজ হয়েছে camp corder নিয়ে ঢুকে পড়েছে, দর্শকস্থানে বসেছে এবং বসে ফিল্ম-টা রেকর্ড করেছে এবং তার থেকে low quality-র film তৈরী হয়েছে। সেটা বাজারে ছেড়েছে। এখন এমন software পাওয়া যাচ্ছে যা দিয়ে low quality-র film কে নতুন ভালো একটা সুন্দর print করে sophisticated software-র মাধ্যমে বাজারে ছাড়া হয়। আমরা এই বিলের মাধ্যমে যিনি author, যার কাজ, যার original work এবং যারা এই ইন্ডাস্ট্রির সঙ্গে যুক্ত তারা যাতে তাদের ন্যায্য সম্মান পায়, তাদের যে আর্থিক পাওনা সেটা যাতে তারা পায় তার চেষ্টা হয়েছে। আমরা জানি দেশে একটা copy write আছে 1957 এবং তার সঙ্গে বিভিন্ন অ্যামেন্ডমেন্টের মধ্যে দিয়ে 2012-তে তারা বলেছেন মাত্র দু'বছরের punishment. Sir, এই বিলের মাধ্যমে বিষয়টিকে অনেক গুরুত্ব দেওয়া হয়েছে। Clause 4(1)(2) এবং clause 5-এ বলা হচ্ছে, প্রথমবার যখন অপরাধ করবে, অপরাধ করে যদি ধরা পড়ে তাহলে not less than three years but may extend upto 7 years এবং 25 thousand থেকে one lakh পর্যন্ত তার fine. আবার যদি সে ধরা পড়ে এই একই অপরাধ করার জন্য, সেকেন্ড এবং subsequent অপরাধের জন্য, তাহলে not less than 5 years may extend upto 10 years. Imprisonment এবং তার সঙ্গে ১ লক্ষ থেকে ২ লক্ষ টাকা। সুতরাং, এই উপলব্ধি-টা হয়েছে এবং এই object নিয়ে আজকে সরকার শাস্তিমূলক ব্যবস্থা করেছেন এবং তাই পবিত্র এই হাউজের সকল বিধায়করা এটা উপলব্ধি করতে পারেন, উপলব্ধি করার সেই জায়গা-টা রয়েছে, broad mindedness

রয়েছে। তারা যাতে পুরোপুরি সমর্থন করেন বিলটাকে পাশ করানোর জন্য আমি তার জন্য অনুরোধ রাখলাম।

শ্রী চিরঞ্জিত চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে জানাতে চাই, তাঁর এই বিলটি, bill no. 30 of 2013, এটিকে সম্পূর্ণ সমর্থন করি। বিশেষ ভাবে এই জন্য সমর্থন করি কারণ এই বিলটার সঙ্গে আমার সারা জীবনের একটা অঙ্গাঙ্গি যোগাযোগ রয়েছে, আমি ভুক্তভুগী। আমি নিজে ছবিতে অভিনয় যেমন করেছি তার সঙ্গে ডাইরেকশনও দিয়েছি এবং ছবি প্রডিউস করেছি। প্রডাকশনের সময় বুঝতে পেরেছি। 'ভয়' বলে একটা ছবি করেছিলাম, দেবশ্রী এবং আমি ছিলাম তাতে। সেই ছবিটি রিলিজের পরের দিন প্রখ্যাত পরিচালক অঞ্জন চৌধুরী আমাকে ফোন করে বললেন "দীপক, তোর ছবিটা কিন্তু আমাদের এখানে লোক্যাল T.V.-তে দেখাচ্ছে। যোগাযোগ কর পুলিশের সঙ্গে।" পুলিশের সঙ্গে যোগাযোগ করে আমি ট্রাক করতে পারলাম যে কোথা থেকে হয়েছে, কে করেছে, একজন বেশ নামী ব্যক্তি, আজকে তিনি পরিবেশক, প্রডিউসার, তিনি এটাতে জড়িত ছিলেন। তাঁর নাম আমি বলছি না! কিন্তু তারই একটা go down-এ আমি পৌঁছাই। কিন্তু দুর্ভাগ্যের বিষয় যে পুলিশের কাছে কোন রকম আইন ছিলনা যে আমাকে সঙ্গ দেবে এবং তাকে অ্যারেস্ট করবে। বুঝতেই পারছেন কী রকম অসহায় অবস্থা ছিল। সেই অবস্থা এখনও চলছে যেহেতু কোন বিল গত ৩৪ বছরে এনারা পাশ করেননি। বিরোধীবন্ধুকে বলতে চাই, আমার মনে হয় উনি ট্রাক হারিয়ে ফেলেছিলেন। তাই আমার মনে হয় বলা উচিৎ 'আমার হাত ধরে তুমি নিয়ে চলও সখা আমি যে পথ চিনি না'।

আমি নিয়ে যাচ্ছি হাত ধরে, কোন অসুবিধা নেই। আমাকে বললেই নিয়ে যাব। আমি এটা বিশেষ করে বলতে চাইছি, সাবজেক্টটা খুব important, আর যদি বলেন, সারা পৃথিবীজুড়ে সাইবার ক্রাইম হচ্ছে, এধরনের চুরি হচ্ছে তাহলে সেক্ষেত্রে আমি বলবো সেটা হলে যে আইন করতে হবে না, ধরতে হবে না, এর কোন মানে আছে? ধর্ষণ হচ্ছে, খুব হচ্ছে, সবই তো পৃথিবীজুড়ে চলছে। তারজন্য আইন তো আছে। সেটাকে আমরা সাপোর্ট করবো না? আমরা যদি কেরোসিন, আমরা যদি ডিজেল, আমরা যা earth fuel যেগুলোকে আমরা বলি - সেগুলোকে তুলে, কয়লা ইত্যাদি তুলে পোড়াই তার ফলে পলিউশান তৈরি হয়। তাহলে কি পলিউশান ডিপার্টমেন্ট থাকবে না? তো এটা হতেই পারে। This is the catch twenty two situation এদিকে গেলেও বিপদ, ওদিকে গেলেও বিপদ। কিন্তু আমাদের রোগ হয়েছে বলে সারাবো না, ডাক্তার দেখাবো না, ঔষধ খাব না, এ কখনও হতে পারে? ভগবান দিয়েছে রোগ আমার, তাই চলবে এটা তো হতে পারে না। সারা পৃথিবীজুড়ে রোগ হয় তারজন্য মেডিসিন, medical world তৈরি করবো না আমরা? এ কি হয়? এ হতে পারে না। সেই কারণে আমার বক্তব্য এটা অত্যন্ত প্রয়োজনীয় একটা বিল। যে বিলটা দিয়ে ছোট করে আমাদের জায়গা অনুযায়ী আমরা এটা পারি করতে। আমি দুটো এক্সাম্পল দিচ্ছি, এখানকার টেকনিক্যাল প্রবলেমটা কোথায় হচ্ছে। অডিওর ক্ষেত্রটা পরে বলছি আগে আমি ভিডিও, সিনেমাটা বলি, cinematography র কথা বলি। আমরা একটা ছবি তৈরি করলে আগে ১৬টা প্রিন্ট বা ৩২টা প্রিন্ট করে সেটা সাড়ে চারশো পাঁচশো হলে ঘোরাতাম। সেকেন্ড রিলিজ, থার্ড রিলিজ, ফোর্থ রিলিজ করে ঘুরতো। এখন সেটা সম্ভব নয়। যেটা উনি বলেছেন।

সেটা হল এক্ষুনি ছবিটা বেরলে হয়তো ৭ দিনের মধ্যে তার প্রিন্ট পাওয়া যাবে। এই চুরিটা রয়েছে কিন্তু এই চোরগুলোকে ধরার কোন রাস্তা ছিল না। এই বিল সেটা করতে সক্ষম করবে। এখন কি করা হচ্ছে? এটাকে প্রোটেক্ট করার জন্য যে ব্যবস্থাটা করার চেষ্টা করা হচ্ছে সেটা হচ্ছে একই সঙ্গে আমরা দু হাজার প্রিন্ট, সাড়ে তিন হাজার প্রিন্ট হয়তো চেন্নাই এক্সপ্রেসে রিলিজ করে দিচ্ছি। আমার বস ছবিটা রিলিজ হয় কদিন আগে। সেটার ২০১টা প্রিন্ট রিলিজ হয়েছে। তার মানে যে যে জায়গাতে piracy পৌছবে ছবিটা তার আগেই আমি সবাইকে দেখিয়ে দেব। একবারে দেখিয়ে দেব। এই সুবিধেটা আমরা করার চেষ্টা করছি। তার ফলে কি piracy হচ্ছে না - হচ্ছে। কিন্তু মার্ক আছে piracyটার। বেশিরভাগ লোক দেখে নিচ্ছে। তিনটে করে শো রোজ। এটা যদি ৪ সপ্তাহ ৫ সপ্তাহ চলে যায় দ্যাটস্ এনাফ। টাকাটা একবারে তোলা হচ্ছে। কিন্তু আগে অন্য সিস্টেম ছিল। piracy বন্ধ করে একটি ছবি একটা অসাধারণ কাজ করেছিল। সেটার নাম বেদের মেয়ে জোৎস্না। সেটা একটা অদ্ভুত ছবি। যে ছবিটা রিলিজের পরে কোন সিডি কোন ক্যাসেট, পিকচার ক্যাসেট রিলিজ করেন নি। এমনভাবে কন্ট্রোল করেছিল ওরা যে piracy খুব কম হয়েছিল। অনিল কাপুর একবার আমাকে বলেছিলেন I know you, because I have seen Beder Meye Jyotsna. চিরঞ্জিত আমি তোমায় চিনি। তখন আমি বলেছিলাম I am a small actor of Bengal বলল আই know it, ওই piracyটা কতবছর চলেছিল।

এখানে একবছর হিন্দি ছবি ঢোকাটাই বন্ধ করে দিয়েছিল একটা ছবি। মানে হচ্ছে এইটা আটকানোর ফলে যেটা হয়েছিল এই ছবিটির সেকেন্ড রিলিজ করেছে তারা বারো বছর বাদে এবং সেখান থেকে তারা মোর দেন ১১ কোর তারা প্রফিট করে সেকেন্ড রিলিজে। সেখানে আজকের কোন ছবি সেকেন্ড রিলিজের কোন চান্সই পাচ্ছে না। It is very difficult. যদি এই জায়গাগুলো যেখান থেকে Thousand of audio cassette যারা কপি করে, যেটা ইল্লিগেল বললেন আমার সাথী বিধায়ক। যে প্রসেসটাতে এগুলো কপি হয়, যে যে জায়গায় কপি হয়, যেভাবে ওরা কপি করে, একটা দোকান থেকেই কপি দেয়। ইচ্ছে করলে আমরা পারব করতে। সেটা রিপোর্ট করতে পারব পুলিশকে। এখন এই বিলের মাধ্যমে সেটা অত্যন্ত স্ট্রং হয়ে যাবে। ফলে সেখানে আমরা রেট করতে পারি, অ্যারেস্ট করতে পারি। তার তিন থেকে সাত বছর জেল হতে পারে। একটা সাংঘাতিক ঘটনা, একটা কঠিন শাস্তি দেওয়া হবে। তারপরেও যদি সে সেকেন্ড টাইম করে তাহলে মিনিমাম ফাইভ থেকে শুরু হবে এবং তার বিরাট জরিমানা হবে। এরকম কোন ব্যবস্থা ছিল না। ৩৪ বছরে কেন উনারা করেননি আমি বুঝতে পারছি না। যার ফলে এটা spread করেছে, এটা গ্রো করেছে,এটা এতবড় হয়ে গেছে, এটা মহীরুহ হয়েগেছে এই কোরাপশানটা। যদি উনারা করতেন তাহলে হয়তো অনেকটা ছাঁটা যেত আরেকটু, অনেক কমানো যেত। আজকে যে অবস্থায় তৈরি হচ্ছে সেটা একটা বড়, বিশাল একটা গাছকে ছাঁটার চেষ্টা করা হচ্ছে। সেটা হতে সময় লাগবে, পরিশ্রম হবে কিন্তু সেটা ডেফিনেটলি আমারও খুব কাজে লাগবে, আমি একজন ভুক্তভোগী হিসাবে এটা বলছি কাজেই নিশ্চয়ই আপনারা সেটা মানবেন বেশি। আমি আউটসাইডার নই। কাজেই সেক্ষেত্রে আমার মনে হচ্ছে এই বিলটি অত্যন্ত জরুরী। ছোট ছোট জায়গায়, ছোট ছোট কাজে, ছোট ছোট জায়গা থেকে এই কপিগুলো হয়।

[2.00—1.10 pm]

যেটা এম. পি.-তে থেকে পাওয়া যায়, যেগুলো ওখান থেকে চুরি হচ্ছে। আজকে ইউফোডিও, কিউব দিয়ে সারা ভারতবর্ষকে দেখানো যেতে পারে ছবি, পৃথিবীকে দেখানো যায় ছবি। আবার সে রকমই থ্রু সেখান থেকে চুরি হত। কিভাবে চুরি হয়? আমাদের এখানে যেমন আগের প্রসেসটা যেটা ফিল্ম যখন প্রোজেক্ট করতো তখন যেটা করতো, এখনও করে, সেটা হচ্ছে ক্যামেরা - মানে প্রোজেকশানের স্ক্রীনটা সেটা পেছন থেকে চুরি করতো। আমরা বহু চুরির ছবি দেখেছি সেটা হয়তো উল্টে দেখাচ্ছে। মানে যার শাড়ির আঁচলটা এই দিকে ছিল সেটা অন্য দিকে চলে গেছে, এই রকম ধরনের কান্ড হচ্ছে। তো সেই ধরনের ছবির পর্যন্ত পাইরেসী হয়। দেখুন, পৃথিবীতে চোর থাকবে, ডাকাত থাকবে, খুনি থাকবে, ধর্ষক থাকবে, কিন্তু তার মানে সবাই তা নয়। কাজেই এই চোরদের, এই ধর্ষকদের, এদের কন্ট্রোল করার জন্য একটা ব্যবস্থা আমাদের রাখতেই হবে, সব সময় লড়াই চলবে এবং সেই লড়াইটা হচ্ছে, এই চুরি যারা করে এসেছে এতদিন, তাদের এগেনেস্টে আমরা অন্ততঃ কিছু একটা ব্যবস্থা নিতে পারবো। আমি সর্বান্তঃকরণে সমস্ত ইন্ড্রাস্ট্রির জন্য, সমস্ত প্রোডিউসারের জন্য, প্রত্যেকটি কলাকুশলীর জন্য যারা বঞ্চিত হচ্ছে তাদের অর্থ থেকে, সরকার বঞ্চিত হচ্ছে তার ট্যাক্স থেকে তাদের সবার জন্য আমি এটিকে সমর্থন করলাম, ধন্যবাদ।

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই আজকে যে বিলটা এখানে আনা হয়েছে তাকে সাধুবাদ জানাচ্ছি। এই যে অডিও ভিসুয়াল পাইরেসি যেটা গোটা দেশজুড়ে হচ্ছে, গোটা পৃথিবী জুড়ে হচ্ছে এটা খুবই সত্যি কথা এবং সাইবার ক্রাইম যে একটা অত্যন্ত heinous crime এখানে কোথায়ও কারোর কোন সন্দেহ নেই। আজকে ফেসবুক - এর মত যে সোসাল মিডিয়াগুলো এসেছে, ওয়েব সাইটগুলো এসেছে তার মধ্যে দিয়ে এটা ভীষণভাবে হচ্ছে। বিশেষ করে আজকে যে জিনিসটা আমাদের কাছে concern মনে হয় সেটা হল এর মধ্যে দিয়ে অপসংস্কৃতি, অনেক ব্লু ফিল্মও এসে যাচ্ছে, যার শিকার হয়ে যাচ্ছে ছাত্র-যুবরা। ফলে এই যে সাইবার ক্রাইম এটা কেবলমাত্র যেটা চিরঞ্জিতবাবু বললেন এটা সত্যি কথাই যে কলাকুশলীরা যারা এই ধরনের প্রোডাকশান করছেন সে অডিও হোক বা ভিডিওই হোক - যে প্রোডাকসানগুলো তারা করছেন তার মধ্যে দিয়ে তাদের যেমন একটা ইনকামের বিষয় আছে, যারা প্রডিউসার তাদেরও একটা ইনকামের বিষয় আছে, যারা কলাকুশলী তাদেরও একটা ইনকামের বিষয় আছে, আর এই পাইরেসির জন্য তাঁরা যে অ্যাফেকটেড্ হচ্ছেন এটা অত্যন্ত সত্যি কথা, কিন্তু আরো যে জিনিসটা হচ্ছে তা যেটা আমি শুরুতে বললাম, তা যে এর মধ্যে দিয়ে একটা obscene, culture obscenity তার একটা victim করে দেওয়া হচ্ছে দেশের ছাত্র-যুবদের।

আর এইসব কিছুর পিছনে পাইরেসির একটা বিরাট ভূমিকা রয়ে গেছে। ফলে আমার পয়েন্ট হচ্ছে যে, এই অপরাধ যেহেতু আছে এই অপরাধকে বন্ধ করার চেষ্টা নিশ্চয় করা উচিত। এটা না করে উপায় থাকে না, কিন্তু এর সঙ্গে নারী পাচারের সত্যিকারের কোন সম্পর্ক নেই। ফলে নারী পাচার হচ্ছে মানে আমরা এগুলোকে সাপোর্ট করবো এটা কিন্তু এইভাবে লিঙ্ক করাটা কোনভাবেই উচিত নয়। ফলে আমার পয়েন্ট হচ্ছে, আজকে যে বিল আনা হয়েছে সেই বিলের

উদ্দেশ্য মহৎ। গভর্নমেন্ট যে উদ্যোগটা নিয়েছে - আমার শুধু একটা পয়েন্ট সেটা হচ্ছে তারা যাতে strictly বিষয়টা দেখেন এবং অপরাধীদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য তাঁরা যে পদক্ষেপগুলো নিয়েছেন সে পদক্ষেপগুলো তাঁরা দেখুন যাতে তা কার্যকরী হয়। যেমন কলাকুশলীদের স্বার্থের ব্যাপারটা অত্যন্ত জরুরী তার সঙ্গে আমি ঐ যে পয়েন্টটা বললাম, যে obsceinity তার victim হয়ে যাচ্ছে সেটা আরো অত্যন্ত জরুরী। ফলে গোটা বিষয়টা সরকার এনেছে আমি সরকারকে সাধুবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী শুভাশীষ বটব্যাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই পবিত্র সভাতে মাননীয়া মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য মহাশয়া যে "The West Bengal Prohibition of Audio-Video Piracy Bill 2013" এনেছেন তাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি এবং তার পক্ষে দু-একটা বক্তব্য রাখছি।

আমি তিনজনকার বক্তব্য পরপর শুনলাম। ডাঃ শশী পাঁজা, চিরঞ্জিত চক্রবর্তী এবং ডঃ তরুণ কান্তি নস্কর, এই তিনজনকার বক্তব্যের মধ্যে যে পজিটিভ কথাগুলো বলা হয়েছে যে একটা সমাজের মধ্যে যখন কিছু বিষয়বস্তু আসে, যেগুলো সমাজের ক্ষতিকারক, সেই ক্ষতিগুলোকে কিভাবে resist করা যায়, তার জন্য অতি অবশ্যই কিছু সরকারী উদ্যোগ নেওয়ার দরকার আছে। যে দরকারগুলোর মাধ্যমে এই সমস্ত ইললিগাল কর্মগুলোকে বন্ধ করা যায়। আজকে যে বিলটা আনা হয়েছে, এই বিলের উদ্দেশ্য কিন্তু তাই। অডিও, ভিডিওর ব্যাপার - তার মাধ্যমে সরকারীভাবে যেটা স্বীকৃত, প্রতি বছর আমরা তিনশো কোটি টাকা লস করছি। কারণ কি? যখন একটা কোন প্রোডাকশান হচ্ছে, কোন ফিল্ম বা কোন কিছুর প্রোডাকশান হচ্ছে এই লাইনে, সেটা যখন সেনসর বোর্ডে পাঠানো হচ্ছে, তার আগে তার নকল কপিগুলো বেরিয়ে গিয়ে গোটা মার্কেট দখল করছে। যারা প্রকৃতভাবে সেই সমস্ত কপি রাইটটা অর্থের মাধ্যমে ক্রয় করে ব্যবসা করবার জন্য সৎভাবে করবার চেষ্টা করছেন, তারা কিন্তু কমপিটিশানে এঁটে উঠতে পারছেন না। নকল ক্যাসেটের দাম এত কম, যেগুলো কোয়ালিটিফুল ক্যাসেট, সেখানে ব্যবসায়ীরা এঁটে উঠতে পারছেন না। তার ফলে সেই সমস্ত বিজনেসম্যান হঠে যাচ্ছেন। শুধু তাই নয়,তারা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। সরকার অর্থনৈতিক দিক দিয়ে ক্ষতিগ্রস্ত হচ্ছেন, ট্যাক্স পাচ্ছে না। কারণ এই সমস্ত পাইরেসির মাধ্যমে যে সমস্ত ইললিগ্যাল ক্যাসেট থেকে আরম্ভ করে যে সমস্ত কার্যকলাপগুলো সারা এলাকাতে ছড়িয়ে পড়ছে তার উপযোগিতাটা সরকারও পাচ্ছে না, প্রোডিউসাররা পাচ্ছে না, শিল্পীরা পাচ্ছে না অর্থাৎ টোটাল ইন্ড্রাস্ট্রি ক্ষতিগ্রস্ত হওয়ার সঙ্গে সঙ্গে সরকারও ক্ষতিগ্রস্ত হচ্ছে। আর সামাজিক দিক দিয়ে যেটা ডঃ নস্কর বললেন যে সামাজিক দিক দিয়ে ছাত্র যুবরা যেখানে লো কোয়ালিটির জিনিসপত্র ওখানের মধ্যে ঢুকে যাচ্ছে, সেগুলো খুব সহজভাবে সমাজের বিভিন্ন ক্ষেত্রে ছড়িয়ে পড়ছে। সেগুলো খুব সহজভাবে ছাত্র এবং যুবকদের হাতে চলে এসে সামাজিক অবক্ষয়টাকে বাড়িয়ে দিচ্ছে। সুতরাং এগুলো resist করার দরকার আছে। এই সমস্ত কারণে সরকার আজকে যে বিলটি এনেছেন, সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সময়োপযোগী। এই বিলের ব্যাপার নিয়ে কতকগুলি যে প্রিকোশান নেওয়া হয়েছে, সেই প্রিকোশানগুলি অত্যন্ত ভালভাবে করা হয়েছে। যদি কোন পারসন, কোন মানুষ এই সমস্ত ক্রিয়াকলাপের সঙ্গে যুক্ত থাকেন তাহলে তিনি অপরাধী বলে বিবেচিত হবেন

এবং তার তিন বছর জেল হবে। সেটাকে সাত বছর পর্যন্ত এক্সটেন্ড করা যাবে। আর আর্থিক দিক দিয়ে তার পঁচিশ হাজার টাকা জরিমানা হবে এবং সেটা এক লাখ টাকা পর্যন্ত বৃদ্ধি করা যাবে। তারপরও বেরিয়ে এসে সে যদি আবার সেই কাজে যুক্ত হয় তাহলে তার মেয়াদটা পাঁচ বছর হবে এবং সেটা এক্সটেন্ড করে দশ বছর করা যাবে। আর তার টাকার পরিমাণটা পঁচিশ হাজার টাকা থেকে ওটা দু'লক্ষ টাকা পর্যন্ত করা যাবে। এই অবস্থায় এই যে প্রিকোশানগুলো নেওয়া হয়েছে শুধু তাই নয় যদি কোন অরগানাইজেশান এবং সেই অরগানাইজেশানের মধ্যে যারা জড়িত থাকবেন এই টোটাল কাজটার মধ্যে, তারা কিন্তু প্রত্যেকেই ইনভলভমেন্ট থাকবে প্রত্যক্ষভাবে বা পরোক্ষভাবে। তারা প্রত্যেকেই গিলটি হিসাবে প্রমাণিত হলে উপযুক্ত শাস্তি তাদেরও দেওয়া হবে। একবার যদি ধরা পড়ে তাদেরকে ওই তিন বছর, বাড়িয়ে পাঁচ বছর পর্যন্ত এবং পঁচিশ হাজার থেকে একলাখ টাকা পর্যন্ত বাড়ানো যাবে তাদের জরিমানা। আর যদি দু-তিনবারের বেশি ধরা পড়ে তাহলে তাদের ওই একই আইনে তাদেরকে আরও বেশি পরিমাণে অর্থাৎ পাঁচ থেকে দশ বছর এবং দু'লক্ষ টাকা পর্যন্ত জরিমানার ব্যবস্থাগুলো করা আছে। সুতরাং এই যে প্রিকোশানগুলো নেওয়া হয়েছে, এটা ভালভাবে করা হলে আমার মনে হয় অনেকটাই এটা ঠিক করা যাবে।

[2.10—2.20 p.m.]

আজকে এই যে পাইরেসি হওয়ার ফলে সিনেমা হলগুলি বন্ধ হয়ে যাচ্ছে। সিনেমা হলগুলিতে কি দেখছি। দেখছি সেগুলি পটাপট জামার দোকান হয়ে গেছে গার্মেন্টের দোকান হয়ে গেছে। সেখানে যখন কোন শো দেখানো হয় তার আগেই যদি সেইসমস্ত ক্যাসেট চারিদিকে ছড়িয়ে পড়ে, তাহলে যারা সিনেমা জগতের সঙ্গে যুক্ত সংশ্লিষ্ট যে সমস্ত বুদ্ধিজীবী থাকেন, তাদের সেই সিনেমাটার উৎকর্ষটা সম্বন্ধে যদি বিচার করতে হয় সেই বিচারটা ঠিকমত আসে না। সেটা পাবলিকের কাছে চলে যায় এবং পাবলিকের একটা জনমত তৈরী হয়ে যায়। সুতরাং সেখানে এক্সপার্টদের কোন কমেন্ট আমরা সেই বিষয় সম্বন্ধে পাচ্ছি না। এটা একটা লস্ অফ এ সোসাইটি। এটা আমাদের সমাজের কাছে একটা লস্। সুতরাং এই লসের ক্ষেত্রে সামাজিক অবক্ষয়ের যে ব্যাপারগুলো সেগুলো রোধ করতে পারবে এই আইনগুলো। সুতরাং এই আইনগুলো অত্যন্ত জরুরী ছিল। যেটা আমাদের চিরঞ্জীৎ চক্রবর্তী মহাশয় বলছিলেন যে,রোগ হয়েছে তার নিরাময়ের ব্যবস্থা করতে হবে। রোগ হয়েছে কি আর করব? হা ভগবান, হা আল্লা আমাকে বাঁচিয়ে দাও এ বললে হয় না। সুতরাং তার প্রিকশানের ব্যবস্থা নিতে হবে। সেই প্রিকশানের ব্যবস্থাটা সরকার নিয়েছেন। তাই আজকে যে বিল এনেছেন তাকে সমর্থন জানাই,ধন্যবাদ জানাই এবং এটা অত্যন্ত যুক্তিযুক্ত। এই বিলকে আমি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, আমাদের মাননীয়া মন্ত্রী যে বিল এনেছেন সেটা অত্যন্ত মহৎ উদ্দেশ্যে এনেছেন। এই বিল নিয়ে অনেক অ্যাকাডেমিক বিষয়ে আলোচনা হচ্ছে— শুনছি এখানে। এটা ঘটনা যে তথ্য প্রযুক্তির যত বেশি উন্নতি ঘটে তত কোন জিনিসই আর গোপন থাকে না। কারণ মহাভারতের যুগেও আমরা দেখেছি যে, অন্ধ সঞ্জয় সে সমস্ত কিছু দেখতে পাচ্ছে এবং তখন সে সমস্ত কিছু দেখে বলছে। আর এখন কার যুগেও কয়েকদিন আগে স্নোডেনের ঘটনা আমরা

নিশ্চয়ই শুনেছি-তথ্য প্রযুক্তি সংক্রান্ত বিষয়ে এবং তিনি যে এখন কোথায় আছেন সেটাও আমরা কেউ বলতে পারছি না ঠিকভাবে। আমেরিকা তাকে খুঁজে বেড়াচ্ছে। সে রাশিয়ায় আছে, না আমেরিকায় আছে না ইংল্যান্ডে আছে তার কোন নিশ্চয়তা নেই। কারণ কোন বিষয়েই কোন বস্তুই এখন আর বিশেষ করে ইনটেলেকচুয়াল প্রপার্টির মত যেসমস্ত জিনিস, সেগুলো গোপন রাখার কোন জায়গা নেই। নানাভাবে, নানা জায়গাতে পৌঁছে যাচ্ছে। হয়ত আমাদের সরকার পক্ষের বন্ধুদের মনে হচ্ছে যে এই কথাগুলো বললে তাদের কাছে বিরক্তির উদ্রেক হচ্ছে। কিন্তু ঘটনা হচ্ছে এটাই যে এখনকার দিনে, এখনকার যুগে আমি যতই চেষ্টা করি কোন জিনিসকে গোপন রাখার এবং কোন জিনিসকে কারোর কুক্ষিগত করে রাখা—কোন গোপন রাখা এবং কুক্ষিগত করে রাখা বর্তমান বিজ্ঞানের যুগে সেটা কার্যতই অসম্ভব। তবুও চেষ্টা হচ্ছে। আমি আপনার এই চেষ্টাকে অবশ্যই সাধুবাদ জানাচ্ছি এবং সাধুবাদ জানাচ্ছি এই কারণে যে, যারা এতোক্ষণ ধরে আমার কথার শুরুতে কিছু বুঝতে না পেরে এখন আবার খানিকটা বুঝতেপেরে গুড বলছেন,তাদরেকে বলছি যে খানিকটা বোঝার চেষ্টা করুন এইরকমভাবে শুধু চিৎকার - চেঁচামেচি করলে হবে না। আমি মাননীয়া মন্ত্রী মহোদয়ার কাছে জানতে ইচ্ছুক যে, আপনি একটা বিল এনেছেন। এই বিল আনার কিছুদিন আগে আপনি একটা অর্ডিন্যান্স এনেছিলেন ৬ই ফেব্রুয়ারী ২০১৩ তে। সেই অর্ডিন্যান্সটা হচ্ছে ওয়েস্ট বেঙ্গল অর্ডিন্যান্স নাম্বার থ্রি অফ ২০১৩, দি ওয়েস্ট বেঙ্গল প্রহিবিশান অফ অডিও ভিডিও পাইরেসি অর্ডিন্যান্স ২০১৩। এই অর্ডিন্যান্সটা এসেছিল নভেম্বর মাসে। নভেম্বর মাসে এটা আনার পরে আজকে আপনি আবার বিলটা আনছেন। আপনি আইনের ছাত্রী। আমরা আইনের ছাত্র-ছাত্রী নই। সাধারণভাবে সমাজবিজ্ঞানের ছাত্র হিসাবে একটু বুঝতে কষ্ট হল যে একটা অর্ডিন্যান্স যখন আনা হয়েছিল, সেই অর্ডিন্যান্স আনার পরে এই বিলটা কি কারণে আপনি আনছেন এবং আমাদের রাজ্যে যে বিলটা আছে - ইতিমধ্যেই আমাদের দেশে যে বিল আছে তার মধ্যে সিনেমাটোগ্রাফি অ্যাক্ট এবং কপিরাইট অ্যাক্ট।

দুটো আইন আছে এবং দুটো আইনই হচ্ছে যে কোনো পাইরেসি রোখার ক্ষেত্রে যথেষ্ট, যেকোনো কপি রোখার ক্ষেত্রে আইনগত ভাবে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার ক্ষেত্রে যথেষ্ট। যদি আপনি যথেষ্ট বলে মনে না করেন তাহলে আপনি নতুন করে আরো কঠোর অর্ডিন্যান্স আনতে পারতেন। কিন্তু কিছুদিন আগে একটা বিল নিয়ে এসে,যে অর্ডিন্যান্স আপনি নিয়ে এসেছিলেন ৬ নভেম্বর ২০১৩, এই ৬ নভেম্বরের পরে আবার নতুন করে আজকে এটা কেন আনা হল, এটা একটু বুঝতে অসুবিধা হচ্ছে। এটা যদি একটু বুঝিয়ে বলে দেন তাহলে আপনার কাছে কৃতার্থ থাকব। আমি এটা মনে করি আপনি আজকে যে বিলটা নিয়ে আসছেন, এই বিলের উদ্দেশ্য বলে যেটা লিখেছেন বিলের পেছনে শেষ দিকে, তাতে সমস্ত টোকাটুকি বাদ যাবে,নকল বন্ধ করা, আপনি এটা এর মধ্যে দিয়েছেন। টোকাটুকি বন্ধ করা, নকল বন্ধ করার যদি উদ্দেশ্য থেকে থাকে, এখানে দেখা যাচ্ছে আপনি কিছু ফাইনের কথা বলেছেন। যদি প্রথমবার অপরাধ করা হয় তাহলে তার কত ফাইন হবে, কত দিন জেল হবে, মিনিমাম থেকে ম্যাক্সিমাম, দ্বিতীয়বার যদি অপরাধ করা হয় তাহলে কত ফাইন হবে, কত দিন জেল হবে। এবার আমার একটা জিনিস মনে হচ্ছে,যে এই ফাইনটাকে বাড়ানো এবং রেভিনিউ আদায় করা - রেভিনিউটা বেশি করার জন্য কি আইনটা নিয়ে

আসছেন? যদি আপনি রেভিনিউটা আনার জন্য আইনটা নিয়ে আসেন তাহলে খুব ভালো। কিন্তু তাই যদি আনার চেষ্টা করেন তাহলে আপনি এখানে যখন বলছেন যে আরো বেশি করে এই আইনটাকে কড়া ভাবে লাগু করার জন্য, যাতে এই সমস্ত জিনিসগুলো না হয়, সেই জন্য আপনি আইনটাকে নিয়ে আসছেন। আর একদিকে দেখা যাচ্ছে যারা ধরা পড়বে এই সমস্ত কাজের জন্য, তারা যাতে রেভিনিউ-এর জন্য আরো বেশি অর্থ ফাইন দেয়, ভালো জিনিস। এখন এই কাজ যেগুলো হচ্ছে, আমরা যেটা মনে করছি গোটা বিষয়টাকে যদি আপনি অর্ডিন্যান্স নিয়ে আসতেন, তাহলে আরো ভালো হত। অর্ডিন্যান্সের মধ্যে দিয়ে আরো কঠোর ভাবে, যতটুকু যা বুঝতে পেরেছি তাতে এটা মনে হয়েছে যে আরো কঠোর ভাবে এটাকে কার্যকরী করা যেতে পারত। তবে সেই সঙ্গে সঙ্গে আরো যে বিষয়গুলো আসছে সেটা হচ্ছে বর্তমান ওয়েব পাইরেসির যুগে এই আইনের মাধ্যমে বিভিন্ন যে ঘটনাগুলো ঘটছে একের পর এক, সে সিনেমা থেকে বলুন, কবিতা থেকে বলুন, গান থেকে বলুন, লেখা থেকে বলুন, নানা ভাবে যে ঘটনাগুলো একের পর এক ঘটে যাচ্ছে, সেগুলোকে আপনি কিভাবে রুখতে পারবেন? সেগুলোকে রোখা মনে হয় এই ভাবে সম্ভব নয়। সেই সঙ্গে সঙ্গে আমাদের কেন্দ্রীয় সরকারকে বলা উচিত তাদের যে আইন আছে, সেই আইনটাকে আরো বেশি করে কিভাবে কঠোর করা যেতে পারে। এতক্ষণ ধরে অনেক ভালো ভালো বিষয় বলা হল। অনেকে আবার ৩৪ বছর, ৩৫ বছর, ৪০ বছরের হিসেব করছেন। ৩৪ বছর আগে ইনফরমেশান টেকনোলজি, আর আজকের ইনফরমেশান টেকনোলজি, ২০০ বছর আগের ইনফরমেশান টেকনোলজি, আর আজকের ইনফরমেশান টেকনোলজি দুই এর মধ্যে পার্থক্য আছে। শুধু সিনেমা করলে হয় না। তার সঙ্গে সঙ্গে যেটা আছে, তারও ইনফরমেশান টেকনোলজি অনেক পালটে গেছে। সেই পালটে যাওয়ার বিষয়টিকেও দেখা দরকার। এই যে ধরুন কালকে একটা সিনেমা দেখলাম টি ভি তে। কালকে একটা কি সিনেমা দেখলাম? না কার দেখলাম। একটা সিনেমা কাল দেখলাম। [***]

মিঃ স্পীকার : [***] নামটি বাদ যাবে।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : এই সিনেমার মধ্যে অনেক বড় বড় রাঘব বোয়ালকে কোন ইনফরমেশান টেকনোলজির মাধ্যমে - তিনি এটাকে দেখিয়েছেন।

[2.20—2.30 p.m.]

সেটা তো বোঝা গেল না, কিন্তু এটা বোঝা গেল যে, এর মধ্যে অনেক বড় বড় রাঘব বোয়ালের নাম ঢুকে রইল। যে রাঘব বোয়ালরা ঢুকে রইল তাদের মধ্যে আপনাদের সরকারেরও অনেকের নাম আছে, সরকারের বাইরে যারা আছে তাদেরও অনেকের নাম আছে। এখানে কোন টেকনোলজি ব্যবহার করে কে কি করেছে না করেছে সেই সমস্ত বিষয়গুলো আছে। এবারে ধরুন, এই যে টেকনোলজি হয়েছে, সেখানে আপনাদের অনেক লোক আছে যারা এটাকে ব্যবহার করেছে এবং ব্যবহার করে কেউ যদি পাইরেসি করে আপনি সেখানে কি করবেন, সেটা কি ভাবে রুখবেন? সেটা রোখার জন্য আপনি কি করবেন? (নয়েজ ....) শুনতে তো খারাপ লাগবেই। যতক্ষণ পর্যন্ত

***অধ্যক্ষের আদেশক্রমে বাতিল করা হইল।

আপনাদের সঙ্গে বললাম ততক্ষণ শুনতে ভালোই লাগছিল, কিন্তু যখনই অন্য গল্প-গাঁথা চলে আসবে তখন শুনতে তো খারাপ লাগবে। এটার প্রোটেকশনের ব্যাপারে একটু দেখার দরকার রয়েছে বলে আমি মনে করি। এবং, সেই সঙ্গে সঙ্গে এই বিলে সামগ্রিক ভাবে সাজার যে বিষয়গুলো বলা আছে যে বিলটা আপনি নিয়ে এসেছেন, সেই বিলের মধ্যে যে সাজা এবং অন্যান্য বিষয়গুলো রয়েছে আপাত দৃষ্টিতে মনে হচ্ছে যে, একটা ভালো কাজ করার জন্যই আপনি এটা নিয়ে এসেছেন। সেই সঙ্গে সঙ্গে এখানে একজন সাব ইন্সপেকটরের হাতে অনেক ক্ষমতা অর্পণ করেছেন, অসম্ভব রকমের ক্ষমতা সাব ইন্সপেকটরের এর হাতে দেওয়া আছে। এই প্রসঙ্গে আমার বক্তব্য,এই সাব ইন্সপেকটরের হাতে যে ক্ষমতা দিয়েছেন, সেই ক্ষমতার যেন অপব্যবহার না হয় এবং যথার্থ ভাবে এই ক্ষমতাকে তিনি ব্যবহার করেন এবং এই ক্ষেত্রে যারা অন্যায় কাজের সাথে যুক্ত থাকবেন এবং সঠিক ভাবে যারা এইসমস্ত কাজগুলো করবেন সেই ক্ষেত্রে যাতে ব্যবস্থা নিতে পারেন সেটা বলা। কিন্তু সমস্যা হ'ল এখানে। আমাদের ছেলেরা অনেকেই কম্পিউটার ব্যবহার করছে। এই কম্পিউটারের মধ্যে যে সফট্‌ওয়্যার লোড করা থাকছে, অধিকাংশ ক্ষেত্রে আমি খবর নিয়ে দেখেছি বিভিন্ন কম্পিউটারের ক্ষেত্রে - সেখানে কেউ বাংলা লিখছে, কেউ ইংরাজী লিখছে, কেউ উইন্ডোজ সফট্‌ওয়্যার লোড করছে, কেউ নানারকম সফট্‌ওয়্যার লোড করছে তার মধ্যে, এবং এই যে সফট্‌ওয়্যারগুলো, এখানে যারা বসে আছেন, তাদের বাড়িতে তারাও হয়ত জানেন না যে নিজের অজান্তেই এমন সফট্‌ওয়্যার তিনি লোড করেছেন সেই কম্পিউটারের মধ্যে যে সেই সফট্‌ওয়্যার সেই কোম্পানির কাছ থেকে কেনা সফট্‌ওয়্যার নয়। কেমন সফট্‌ওয়্যার তাহলে? সেই সফট্‌ওয়্যার আমি লোড করছি আমার কম্পিউটারের মধ্যে। আমাদের পকেটে যে মোবাইল রয়েছে, তাতে যে সফট্‌ওয়্যার লোড করা হচ্ছে এবং যে সফট্‌ওয়্যার ব্যবহার করে আমরা কাজ করছি - অনেকের ল্যাপটপ থাকতে পারে, অনেকের পামটপ্ থাকতে পারে, অনেকের অনেক কিছুই থাকতে পারে তার মধ্যে যে সফট্‌ওয়্যারগুলো ব্যবহার করছি সেটা কি সফট্‌ওয়্যার ব্যবহার করছি? সেই সফট্‌ওয়্যারের ভ্যালিডিটি কতটা? এই বিষয়টাকে কে দেখবে? আজকে যখন আইনটা আনা হচ্ছে - আমি বলছি 'বজ্র আটুনি ফস্কা গেরো' যে কথাটা একটু আগে আসছিল, বেদের মেয়ে জ্যোৎস্না, আবার বেদের মেয়ে জ্যোৎস্না বললে রেগে যাবেন। একজন মন্ত্রী আবার এক সময় বলেছিলেন বেদের মেয়ে জ্যোৎস্না। রাজ্যের মন্ত্রী। কাকে বলেছিলেন সেটা আপনারা ভালো করে জানেন। মহা মুশকিল বটে। কি যে বলি স্যার, বলতে গেলে অনেক কথাই এসে যায়। এই যে সফট্‌ওয়্যারগুলো ব্যবহার করছি, এইগুলোর অথেন্টিসিটি কতটা? এই সফট্‌ওয়্যারগুলো তার মধ্যে পড়ছে কি পড়ছে না। বিজ্ঞান সম্বন্ধে যখন আলোচনা হচ্ছে, বিজ্ঞানসম্মতভাবে যখন আমি আলোচনা করব তখন গোটা বিষয়টাকেই আমার ভাবার দরকার আছে। শুধু হই হই করে চিৎকার করলাম এবং একটা কথা বলা দরকার, কথাটা ছুড়ে দিয়ে বেরিয়ে গেলাম তা নয়। যদি নিজের বিবেকের প্রশ্ন করি বিজ্ঞানের যুগে যে, আমি যে সমস্ত যন্ত্রপাতি ব্যবহার করছি, সে হার্ডওয়্যার বলুন, হার্ডওয়্যারের মধ্যেও যে সফট্‌ওয়্যার লোড করা থাকছে, সেই সফট্‌ওয়্যার এর মধ্যে কোন জায়গায় কতটা মান্য করছে এই আইনটাকে, সেটা লাগু করা থাকবে আগামী দিনে, সেটা কে দেখবে? এবং হার্ডওয়্যারের সঙ্গে, হার্ডওয়্যারের মধ্যেই যখন ইউস করা হচ্ছে তখনই ঘটছে। এটাকে রক্ষা

করা এবং বিষয়টা দেখার জন্য বলব মাননীয়া মন্ত্রীকে। আইনের ইতিবাচক যে দিকগুলো আছে সেইগুলোকে সমর্থন করে, ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কে পি সিং দেও : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্য ওয়েস্ট বেঙ্গল প্রহিবিশন অব অডিও ভিডিও পাইরেসী বিল ২০১৩ উত্থাপন করেছেন সেটাকে আমি সম্পূর্ণ সমর্থন করে দু চারটি কথা বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবাংলা আজকে নয় পশ্চিমবাংলা সম্বন্ধে আগেকার কথায় বলা হত ইটস এ সীট অব কালচার অ্যান্ড গেটওয়ে অব ইন্ডিয়া ফর এনি কালচারাল অ্যাকটিভিটি। আমরা যখন কলেজে পড়তাম ষাটের দশকে এখানে ভারতবর্ষের সব কালচারাল অ্যাকটিভিটি হত নভেম্বর থেকে ফেব্রুয়ারি মাস তক এবং সেই জায়গায় আজকে প্রত্যেকটা জিনিস বন্ধ হয়ে যাচ্ছে। ভাল ভাল সিনেমা হল যেমন— লাইট হাউস, নিউ এম্পায়ার,গ্লোব বন্ধ হয়ে গেছে। ওরিয়েন্ট বন্ধ হয়ে গেল। ছোটবেলায় আমরা এখানে ফিল্ম রিলিজ হতে দেখেছি। আজকে সেগুলো বন্ধ হয়ে গেছে। তার কারণ এমন একটা ইন্ডাষ্ট্রীতে যত তথ্য প্রযুক্তি বিদ্যা বেড়েছে সাথে সাথে চুরির বিদ্যাটাও বেড়েছে এবং এটাকে বন্ধ করা উচিত বলে সকলেই চিন্তা ভাবনা করছে। আজকে সেই পরিপ্রেক্ষিতে পশ্চিমবাংলায় একটা বিল আনা হচ্ছে। মহারাষ্ট্র সরকার ২০০৯ সালে এনেছে। তামিলনাড়ু সরকার ২০০৫ সালে এনেছে। যেখান থেকে ফিল্ম তৈরী হয় তামিলনাড়ু, মহারাষ্ট্র, ওয়েস্ট বেঙ্গলের টালিগঞ্জ। এই জায়গায় এই ইন্ড্রাষ্ট্রিটা ফ্লারিশ করে এবং বিভিন্ন বড় বড় প্রোডিউসার, ডিরেকটররা বিভিন্ন জায়গায় এই নিয়ে চুরি নিয়ে দরবার করেছেন তার তথ্য আছে। এটাকে বন্ধ করা উচিত। লক্ষ লক্ষ কোটি কোটি টাকা লোকসান হচ্ছে এবং সেই জায়গায় আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী ফিল্ম জগতের সঙ্গে মেশেন কালচারাল অ্যাকটিভিটি করেন। তারা আলাপ-আলোচনা করে দেখেছেন যে এখানে এটা বন্ধ হওয়া উচিত। তার মাধ্যমে আজকে সেই বিল উত্থাপন হয়েছে এবং আমরা এটা সম্পূর্ণভাবে সমর্থন করি যে এটা একান্তভাবেই করা উচিত। আমি জানি না আমার বন্ধুদের কেন আপত্তি। একজন তো বিষয় নিয়ে বললেনই না। তিনি শুধু নারী পাচার নিয়ে বলে গেলেন। হিন্দীতে বলে 'চোরকে মন মে তিনকা পুলিশ'। পুলিশ শব্দটা ভয়াবহ। চুরিটা শেখাল কে? ৩৪ বছরে কোন প্রোগ্রাম নেওয়া হয় নি যে এই জিনিস বন্ধ করা হোক। তার কারণ স্যার, আপনারা জানেন যে, যারা বায়োলজি পড়েছে তারা জানে যে ডডার বলে একটা প্ল্যান্ট আছে। গ্রামীণ বাংলাতে বলে অলকমনি। ফুলগাছের উপরে স্বর্ণ লতার মত লতা থাকে সে লতাটা খুব জ্বল জ্বল করতে থাকে মাদার প্ল্যান্টের উপরে কিন্তু তার কোন শেকড় বাকড় থাকে না। কিন্তু তার উজ্জ্বলতা প্রচন্ডভাবে থাকে। মাদার প্ল্যান্টের গায়ের উপরে থেকে সে বাড়ে কিন্তু মাদার প্ল্যান্ট টা খেয়ে যায়। ঠিক বামফ্রন্ট যে রকম ৪০ হাজার কোটি টাকা নন একসপেনডিচার করে পশ্চিমবাংলার মানুষের জন্য একটা দুর্ভিক্ষ নিয়ে এসেছিল। তার উদাহরণ আমজাদ ভাই দিয়েছে যে চুরিটা কি ভাবে করতে হয় সেটা তাদের জানা ছিল এবং তারা কি ভাবে করেছেন সেটা তিনি মনে করিয়ে দিলেন। আমি আমার মন্ত্রীকে ধন্যবাদ দেব। তারা এটা বুঝেছেন যে পশ্চিমবাংলায় এই জিনিস চলতে দেওয়া যায় না। এটা একটা সূক্ষ্ম চুরি। এখানে মাদার প্ল্যান্ট, মাদার সিনেমাটোগ্রাফি, মাদার স্ক্রিপ্ট কি ভাবে পাইরেসী হয়ে চলে যাচ্ছে, হাইজ্যাক হয়ে চলে যাচ্ছে এবং তাতে ইন্ডাষ্ট্রির লস হচ্ছে।

[2.30—2.40 p.m.]

যারা অরিজিন্যাল রাইটার, যারা লিরিকস, তাদের জিনিস বাইরে বেরিয়ে চলে যাচ্ছে। সস্তায় বিভিন্ন জায়গায় বিক্রি হচ্ছে। আজকে এই জিনিস যদি বন্ধ না করা হয়, তাহলে ইন্ডাস্ট্রি মার খেয়ে যাবে। আমার ভাই চিরঞ্জিত বললেন তারা একটা হেল্পলেস বোধ করছেন এবং সেটা যশ চোপড়ার মত লোক এখানে লিখেছেন সেটা পড়লে দেখতে পাবেন piracy has taken a toll on our industry and if it carries on how can we survive? I am happy with the ordinance to curve it. An ordinance cannot curve piracy. আবার গৌরাঙ্গবাবু বলছিলেন যে অর্ডিন্যান্স কেন করা হল না? An ordinance cannot be a permanent solution. An ordinance is a temporary solution to curve it which will not last afer six months. Again it has to be reintroduced. একটা অর্ডিন্যান্স করে পার্মানেন্ট সলিউশন করা যায় না। তারজন্য সেটাকে রিপিল করে আজকে এই বিধানসভায় নতুন আইন আনা হয়েছে, যে আইনের মাধ্যমে এই যে জিনিস ঘটছে, এটাকে বন্ধ করা যাবে। তারজন্য যথেষ্ট ক্ষমতা দেওয়া হয়েছে। পেনাল্টি মেজার করা হয়েছে। এই জিনিস সরকার খুব সূক্ষ্মভাবে এনেছেন। যেখানে আমরা এই জিনিসটাকে একেবারে হয়ত বন্ধ করতে পারব না, কিন্তু যে প্রচেষ্টা, যেভাবে বিলটা উত্থাপিত হয়েছে, তাকে সবাই সাধুবাদ জানিয়েছেন, আমিও সাধুবাদ জানাচ্ছি এবং এই বিলটা আগামীদিনে পশ্চিমবাংলার সিনেমা ইন্ডাস্ট্রিতে অনেক মানুষের উপকার তো হবেই, আমরা যারা সিনেমা দেখি, আমরা যারা কালচারাল অ্যাকটিভিটিতে যোগাযোগ করি, আমাদের পক্ষে তো উপকার হবেই। স্যার, মহাভারতের কথা বলছিলেন। আমি একটা কথা বলে শেষ করতে চাইব, মহাভারতের কৌরবরা, যখন ধৃতরাষ্ট্রের ছেলেরা মারা যাচ্ছে, একদিন হঠাৎ গান্ধারী যুদ্ধক্ষেত্রে গিয়ে দেখছেন তার ছেলেদের অবস্থাটা কি। তিনি গিয়ে দেখছেন যে, তার সব ছেলে একের পর এক পড়ে আছে। তিনি খুব শোকাহত হলেন। তিনি এত বিস্মৃত হয়েছেন, যে তিনি তাঁর সামনে একটা কুলগাছ আছে, সেই কুল গাছে প্রচুর কুল ধরেছে, তিনি সেই গাছের কুল খাবার জন্য চেষ্টা করছেন। এত খিদে পেয়েছে, তিনি সেই চেষ্টা করছেন। এমন দুরবস্থা স্যার, যে তিনি তাঁর নিজের ছেলেদের শবের উপরে চড়ে ঠিক যখন কুলটা পাড়ছেন,সেই সময় শ্রীকৃষ্ণ চলে এসেছেন। তিনি বললেন, 'গান্ধারী তুমি এ কি করছ? তোমার ছেলেদের শবের উপরে চড়ে কুল পাড়ছ?' তখন গান্ধারী শ্রীকৃষ্ণকে বললেন, 'প্রভু আপনাকে আমি ধন্যবাদ জানাই,আমি ভুলে গিয়েছিলাম। পুত্রশোক মহাশোক। কিন্তু ক্ষুধা আমাকে সেই শোক ভুলিয়ে দিয়েছিল।' বামফ্রন্টের ক্ষুধা স্যার, এখনও মেটেনি। এরা অপোজিশনে বসেছেন, এই ক্ষমতার লোভ এখনও দেখছেন তারা। ক্ষমতা দিয়ে সেই গান্ধারীর মত কুল পাড়তে গেছেন, আমার মন্ত্রী শ্রীকৃষ্ণ হয়ে আটকে দিয়েছেন যে, 'তোমরা ক্ষমতায় নেই। তোমরা বস, আমরা আইন পাশ করছি জনসাধারণের জন্য মা মাটি মানুষের জন্য, এই রকম ইন্ডাস্ট্রির জন্য।' কাজেই এই বিলকে সমর্থন করে আমি আমার কথা শেষ করছি। নমস্কার।

শ্রী পরশ দত্ত : মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে আমাদের মাননীয়া মন্ত্রী যে বিল নাম্বার থার্টি, দ্য ওয়েস্ট বেঙ্গল প্রোহিবিশন অফ অডিও ভিডিও পাইরেসি বিল ২০১৩ এনেছেন, তার

সমর্থনে কয়েকটি কথা বলবার জন্য আপনার অনুমতি পেয়েছি। স্যার, আমি অনেকক্ষণ ধরে শুনছিলাম আমাদের বিরোধীপক্ষে যারা বসে আছেন, আমি তাঁদের সম্পর্কে এরপরে আর কিছুই বলব না, এই একটি কথাই বলব, তাদের বক্তৃতা শুনে আমার মনে হচ্ছিল, পাইরেসি, অডিও ভিডিও, সাইবার ক্রাইম, এই কথাগুলিকে তারা একটার সঙ্গে আর একটাকে গুলিয়ে ফেলেছেন। আগেই একটা কথা বলে রাখি, এখানে অডিও এ্যন্ড ভিডিও পাইরেসি বিলটির ব্যবস্থা নেওয়া। এখানে সফটওয়্যার চুরি করার ব্যাপারে কিছু বলা নেই। তারজন্য আলাদা আইন আছে।

হ্যাঁ, সফটওয়্যার তো চুরি হয়। যেটা অডিও, ভিডিওতে করা যায়না যে, ভিডিও বা অডিও সি. ডি. তে 'নো কপি' অপশন দেওয়া যায় না। কিন্তু সফটওয়্যারে 'নো কপি' অপশন দেওয়া যায় - ওনলি রিড্, নো কপি। তা সত্ত্বেও আজকে চুরি হয়। চুরি হয় মানে! ভারতবর্ষের বুকে মাইক্রোসফটের উইনডোজ্ যত অরিজিনাল কপি ঘুরে বেরাচ্ছে, তার ৩ গুণ পাইরেটেড্ কপি ঘুরে বেরাচ্ছে। আটকাতে পারছে না। কিন্তু তাই বলে কি আইন নেই? মাইক্রোসফ্ট্ যদি একটাকে ধরতে পারে, তাহলে ইউ. এস. আইনে তার যে কি অবস্থা হবে, সেটা যারা কপি করেছেন, তারা অনেকেই জানেন না। এই বিষয়গুলো নিয়ে বলতে গেলে আমি বলব, ঐ আরেক ভদ্রলোক বললেন, গৌরাঙ্গবাবু বললেন - একটু ব্যাপারটা জেনে তারপর বলুন। এমন কিছু কঠিন ব্যাপার নয়। এমন কিছু পন্ডিত হওয়ার দরকার হয়না এর জন্য। কমন সেন্স থাকলেই জানা যায়, একটু জানুন, তারপরে বলুন। এই পাইরেসির ওপরে বলতে গিয়ে রাজনৈতিক বক্তৃতা করে লাভ নেই, কেবল নিজেকেই হাস্যাস্পদ করা - আর কিছু নয়। আর আমি কিছু বলব না আপনাদের ব্যাপারে। আমি এবার এই বিলের ওপরে বলব। স্যার, এখানে দু'রকম - ভিডিও এবং অডিও পাইরেসি। অর্থাৎ অরিজিনাল যেটা বেরোলো, যে এটা তৈরি করেছে, যে অথর, তিনি যে অডিওটা বার করলেন বা তিনি যে ভিডিওটা বার করলেন, সেই ভিডিও-র সঙ্গে তারা রয়্যালটি প্রাইস যুক্ত। তার প্রফিটের প্রাইস যুক্ত। আর সেটাকে যদি কেউ বেআইনিভাবে কপি করে দেয়, তাহলে দু'টো ক্ষতি হবে। প্রথম ক্ষতি, যিনি এর মালিক, তিনি তার ন্যায্য মূল্য থেকে বঞ্চিত হন। প্রমাণ - আজকেও দেখুন কোলকাতার বহু জায়গায় সদ্য প্রয়াত মান্না দে-র মতো গায়কের সি. ডি. ২৫ টাকায় বিক্রি হচ্ছে, সব পাইরেটেড্ সি. ডি.। (ভয়েস : ডঃ অনুপ ঘোষাল : আপনি দামটা একটু বেশিই বললেন, ১০ টাকায় বিক্রি হচ্ছে।) আপনি ঠিকই বলেছেন, ১০ টাকাতে বিক্রি হচ্ছে। ওঁনার সি. ডি. কত পাইরেটেড্ হয়েছে আমি জানিনা, তবে নিশ্চয়ই উনি নিজেও এর ভুক্তভোগী। আর ছবির ক্ষেত্রেও তাই হয়। চিরঞ্জিত একটু আগেই বলল। একটা ফিল্ম রিলিজ করার সময় এক সময় ২০-২২-৩০ কপি করে একটা সার্কিটে ঘোরানো হ'ত। সেই সার্কিটটা শেষ হয়ে গেলে আরেকটা সার্কিটে গেল। এখন তাদের ২৫০, ৩০০, ৫০০, ২০০০ কপি বানাতে হচ্ছে। কেন বানাতে হচ্ছে? ঐ প্রথম এক মাসের মার্কেটটা যাতে পাইরেটেড্ সি. ডি. না নিয়ে নিতে পারে, যাতে অরিজিনাল যে মালিক তার সি. ডি. টাই বাজারে যায় এবং তার ন্যায্য মূল্য যাতে সে পায় এবং প্রথম এক মাস যদি সে ন্যায্য মূল্য পায়, তাহলে তার দাম উঠে আসবে। তা না হলে তার লস্। আবার অডিও সি. ডি. তে অনেকে - আমি অনেক অতীত দিনের ভালো ভালো শিল্পী জানি যাঁদের বয়স হয়েছে, যাঁরা এখন সেই রকমভাবে গান করেন না, সেইরকম ভাবে বাজান না - তারা রয়্যালটি পান না। আমরা

সমাজ থেকে কিছুই করতে পারি না। তাই শিল্পীদের দয়া-দাক্ষিণ্যের ওপর বেঁচে থাকতে হয়, লজ্জা করে আমাদের - যে, যাদের গুরু বলে মানি, যাদের গান শুনে বা বাজনা শুনে অনেক বিনিদ্র রজনীতে ঘুম এনে দেয়, তাদের আমরা বেঁচে থাকার সামর্থ্যটুকু পর্যন্ত সমাজ থেকে দিতে পারিনি। তার কারণ এই পাইরেসি।

[2.40—2.50 p.m.]

বন্ধ করতে হবে না? তার ব্যবস্থা নিতে হবে না? এটা নিয়ে রসিকতা করার ব্যাপার নয়। একটা তো পারছেন না, আর দ্বিতীয় কারণ - এটা একটা টেকনিক্যাল ব্যাপার। এই সাউন্ড, ছবি/পিকচার এটা ওয়েভ লিঙ্কের ওপর নির্ভর করে এবং যখনই অরিজিনাল থেকে কপি করবেন, অল্প হলেও তার রেজিলিউশন লস্ হবেই। হ'তে বাধ্য। তাদের কোয়ালিটি অফ সাউন্ড - আগেকার দিনে কানে শুনলে হয়তো বোঝা যাবে না, আমরা আগে এত কনসার্ন ছিলাম না। কিন্তু এখন গলার স্বর আর মিউজিক, বিভিন্ন টাইপের মিউজিক, পারকাশান মিউজিক অথবা স্ট্রিং মিউজিক এর ব্যালান্স করে। দেখবেন আর্টিস্টরা গান গাইবার আগে ব্যালান্স করে। এই ব্যালান্সটা নষ্ট হয়ে যায়, রেজোলিউশানটা লস্ হয়। তাহলে আমি যে লেভেলে, যে কোয়ালিটিতে প্রোডাকশানটা করেছি আমার অরিজিনাল, সেই প্রোডাকশানটা সেই অরিজিনালিটি থাকলো না, কেন না কেউ আমার অরিজিনালটা চুরি করে, কপি করে তার কোয়ালিটিটাকে নষ্ট করে দিলো তার নিজের ধান্দার জন্য, নিজের চোরামির জন্য। এটা বন্ধ করতে হবে না? ক্রিয়েটিভিটি নষ্ট হচ্ছে। ঠিক এক জিনিস ছবির ক্ষেত্রেও। এটা বন্ধ করতে হবে না? নিশ্চয়ই বন্ধ করতে হবে। কেউ যদি মনে করেন এটা বন্ধ করার দরকার নেই, এটা হতেই থাকবে। না, I am sorry, I disagree with you Sir, যিনি বলবেন। এটা বন্ধ করার জন্য যতটা সম্ভব কড়া আইন এনে সর্বশক্তি দিয়ে সেই আইনের প্রয়োগ দরকার। এবং সেই জন্যই বলা হয়েছে অভিযোগ পেলে একজন সাব-ইন্সপেক্টর লেভেল অবধি গিয়ে এনকয়্যারী করতে পারবেন, প্রয়োজনে সার্চ করতে পারবেন, প্রয়োজনে সীজ্ করতে পারবেন। যেটা চিরঞ্জিতেরটা হয় নি, কেন না আইন ছিল না। মহারাষ্ট্র একটা আইন করেছে, সেই আইনে অন্য সমস্ত সেকশানগুলোর ভিতরে এগুলো ঢুকিয়ে দেওয়া আছে, this crime by itself একটা আইন হয় নি এই ক্রাইমের এগেনস্টে। সেই জন্য মহারাষ্ট্রের আইনটাও আজকে foolproof না, আর সেই কারণে শ্রেয়া ঘোষালের গান আকছাড় কপি হয়ে যাচ্ছে, মহারাষ্ট্রের ভালো ভালো ছবি বোম্বেতে, বলিউডে যেগুলো তৈরী হয় আকছাড় কপি হয়ে যাচ্ছে। কেন না আইনটা যথেষ্ট শক্ত নয়। আমরা এখানে আইনটা এনেছি আমাদের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রীর আগ্রহে মাননীয়া আইনমন্ত্রী এই আইনটা এনেছেন যে এই আইনটাতে কড়া ব্যবস্থা, it is a non-bailable offence Section 4, subsection 2তে দেওয়া আছে এবং সেকশান 4, সাবসেকশান 1 এবং সেকশান 5তে দেওয়া আছে প্রথমবার যদি এই অপরাধের জন্য ধরা পড়ে তার কি শাস্তি এবং দ্বিতীয়বার ধরা পড়লে সেকশান 5 আছে কঠোরতর শাস্তি। আমি মনে করি এটা একটা যুগান্তকারী আইন এবং এই আইনে আর একটি জিনিস আছে অনেক সময় অনেক অফিসারের বিরুদ্ধে অভিযোগ আসে যে উনি আমার বিরুদ্ধে এই ধারা প্রয়োগ করে মামলা করেছেন, আমার সঙ্গে তার কোন ব্যাপারে গন্ডগোল হয়েছে সেই জন্য Vindictive হয়ে। সেখানেও আইনের

ধারায় বলা আছে যে যদি প্রমাণ হয় সেকশান 7 যদি দেখা যায় এই officer in good faith এটা করেছেন তাহলে অফিসারের বিরুদ্ধে চার্জ হবে না, অভিযোগ টিকবে না। এটা এমন একটি Comprehensive আইন, ছোট আইন, কিন্তু খুব Comprehensive। হ্যাঁ, ভবিষ্যতে যদি মনে হয় এই আইন থাকা সত্ত্বেও আমাদের এই আইনের ওই ফাঁক দিয়ে বেরিয়ে যাচ্ছে কিছু লোক, নিশ্চয়ই সেখানে এ্যারেঞ্জমেন্ট আনা হবে। কিন্তু as on now এখন যতটুকু আমরা দেখতে পাচ্ছি পরিষ্কার Gamut of the perspective সেখানে এই আইনটা আমি মনে করছি একদম foolproof আইন হয়েছে। তাই মাননীয়া মুখ্যমন্ত্রী এবং মাননীয়া আইনমন্ত্রীকে এই রকম আইন আনার জন্য আমি ধন্যবাদ জানাবই এবং সেই সঙ্গে সঙ্গে এই সদনের সকলকে বলবো যে এটা রাজনৈতিক বিষয় নয়, কলকাতায় যারা বড় বড় গাইয়ে আছেন, সে রকম গ্রামবাংলাতে যে জারি গান গায়, ভাওয়াইয়া গায়, যে বাউল গায় যার ক্যাসেট বের হয়।

যার সিডি বেরোয় তাকেও প্রোটেকশান দেওয়ার জন্য এই আইনটা তার পাশেও দাঁড়িয়েছে। আমি সকলকে বলব আসুন দলমতের ঊর্দ্ধে এসে নিজের বিবেকের দিকে তাকিয়ে, মানবতার দিকে তাকিয়ে এই আইনকে সর্বান্তঃকরণে সমর্থন করুন। ধন্যবাদ।

শ্রী অনন্ত দেব অধিকারী : অনারেবল চেয়ারম্যান স্যার, মাননীয়া মন্ত্রী যে The West Bengal Prohibition of Audio Video Piracy Bill, 2013 এনেছেন, এই আইনের প্রয়োজনীয়তাকে অস্বীকার করার উপায় নেই। কিন্তু আজকে বর্তমান আধুনিক প্রযুক্তির যুগে ওয়েবসাইট এবং ইন্টারনেটের মাধ্যমে অরিজিনাল জিনিসটা সঙ্গে সঙ্গে piracy হচ্ছে। এটা ঠিকই এবং এটাকে বন্ধ করা অত্যন্ত জরুরী। কিন্তু আমরা লক্ষ্য করছি আজকে বম্বেতে যেটা প্রোডিউস হচ্ছে সেটা আজকে সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গে এসে যাচ্ছে। সুতরাং বম্বে থেকে যেটা প্রোডিউস হচ্ছে সেটা পশ্চিমবঙ্গে এসে যাচ্ছে তাই এটাকে আমরা পশ্চিমবঙ্গের মধ্যে আইন করে, সীমাবদ্ধ করে ঠেকাতে পারব না। কারণ এখানে যে নিয়ে আসছে সে যতখানি দোষী তার চেয়ে বেশি হচ্ছে, যেখানে প্রোডিউস হচ্ছে মানে যেখানে থেকে piracy শুরু হল তিনি হচ্ছেন আসল দোষী। তাই সেই আসল দোষীকে ধরতে গেলে আজকে এই আইনটা ভারতবর্ষের সর্বত্রই প্রয়োজন। সুতরাং সেই দিক থেকে আমাদের রাজ্যে এই আইন হওয়ার সাথে সাথে আমাদের রাজ্যের সমস্ত piracy বন্ধ হয়ে যাবে এমনটা নয়। পাশাপাশি আমরা আজকে দেখছি যে, একসময় কোন এক বইয়ের অথার যিনি, তার অনুমতি সাপেক্ষে সেই বইকে ছাপানো যায়। কিন্তু আজকে এক্ষেত্রে দেখা যাচ্ছে যিনি প্রোডিউস করেন বা অথার তার কাছ থেকে সেই অনুমতি ব্যতিরেকে নেওয়াতে তার রয়্যালটি লস হচ্ছে। এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সরকারের দায়িত্বের মধ্যেই পড়ে। সেটা ঠিক আছে। এটাকে প্রতিরোধ করার জন্য এস. আই-দের উপর ডিপেন্ড করা হচ্ছে। আজকে দেখা যাচ্ছে গ্রামে-গঞ্জে শুধু নয় শহরগুলিতেও অসংখ্য ভিডিও সেন্টার গজিয়ে উঠছে। যার ফলে নামীদামী সিনেমা হলগুলি বন্ধ হয়ে যাচ্ছে এবং সেখানে দেখা যাচ্ছে অপসংস্কৃতি মূলক বই দেখানো হচ্ছে। যার ফলে যুবক-যুবতীরা সিনেমা হল পরিত্যাগ করে ভিডিও হলের দিকে আকৃষ্ট হয়ে ছুটছে। সেখানে দেখা যাচ্ছে প্রশাসনের তরফ থেকে কোন ব্যবস্থা নেওয়া হচ্ছে না। উল্টে আজ পুলিশ প্রশাসন এস. আই বলুন ও. সি বলুন তাদের সঙ্গে একটা সংযোগ স্থাপন করে অর্থাৎ মাসোহারা বা সাপ্তাহিক

চুক্তি করে সেগুলোকে অবাধে চালানোর সুযোগ করে দেওয়া হচ্ছে এবং অবাধে তারা সেটা চালিয়ে যাচ্ছে। যার ফলে প্রকৃতপক্ষে সিনেমা বা সিনেমা হলের গুরুত্বটা আজকে হারিয়ে যাচ্ছে। সুতরাং আইন হল এবং এই আইনটাকে কার্যকর করার জন্য যে পুলিশ প্রশাসন বা অফিসারদের উপর দায়িত্ব দেওয়া হয়েছে এবং যে প্যানিশেবল ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, সেটা ঠিক। পানিশমেন্ট সব ক্ষেত্রেই আছে। আমরা দেখছি ক্রাইম করলে পানিশমেন্ট হয়। তা সত্ত্বেও ক্রাইম কিন্তু ঘটেই চলছে বিভিন্ন জায়গায়। তা সত্ত্বেও ক্রাইম কিন্তু বন্ধ করা যায় নি। তেমনভাবে এই আইন হলে piracy-কে totaly বন্ধ করা যাবে এমনটা ঠিক নয়। এর জন্য কঠোর ভাবে ব্যবস্থা গ্রহণ করা দরকার। বিশেষ করে যারা এই piracy করছে, দু'নম্বরি করছে তাদেরকে ধরার জন্য যাদের উপর দায়িত্ব দেওয়া হয়েছে প্রশাসনিক স্তরে, বিশেষ করে পুলিশ প্রশাসণের উপর কিন্তু আজকে আমরা আস্থা হারিয়ে ফেলছি। কারণ সেই পুলিশ প্রশাসনের মধ্যে কোন রকম নিরপেক্ষতা আজকে আমরা খুঁজে পাচ্ছি না। ন্যায়-অন্যায় বোধ তারা হারিয়ে ফেলছে। পয়সাটাই তাদের কাছে মুখ্য হয়ে উঠছে।

[2.50—3.00 p.m.]

আজকে নয়, আমরা দেখেছি যে, পুলিশ কমিশনার থেকে শুরু করে ওই থানা লেভেল পর্যন্ত তাদের মধ্যে চেন লেভেল - মাসোহারা চুক্তি আছে। সুতরাং সেই পুলিশ প্রশাসনকে যাদের উপর নির্ভর করছে স্ট্রেস এবং আইনি ব্যবস্থা অর্থাৎ জেল থেকে জরিমানা, সে ৫ বছর হোক বা ১০ বছর হোক যত কঠোর শাস্তির ব্যবস্থা করা হয়েছে, যারা এই ব্যবস্থাটা গ্রহণ করবেন তাদের মধ্যে যে দুর্নীতি ঢুকে আছে সেই দুর্নীতিটাকে আগে ঠেকানোর জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। কারণ এই পুলিশ অফিসার সম্পর্কে আজকে প্রত্যেকটা জায়গায় শুধু পশ্চিমবঙ্গ নয়, প্রত্যেকটা জায়গায় তাদের সম্পর্কে আমরা যথেষ্ট সন্দিহান। এইসব অপসংস্কৃতিমূলক যেখানেই ঘটনা হচ্ছে তাদের একটা সংযোগ এবং তাদের সঙ্গে একটা মাসোহারা চুক্তি এটা কিন্তু রয়েই গেছে। এটাকে আজকে অস্বীকার করার উপায় নেই। সুতরাং এই পুলিশ প্রশাসন যদি সজাগ না হয়, তাদের মধ্যে যদি সততা না আসে, তারা যদি সচেতন না হয়, এবং তারা যদি সঠিকভাবে দায়িত্ব পালন না করে, তাহলে এই পাইরেসিটাকে বন্ধ করা আইনের মধ্য দিয়ে বাস্তবে সম্ভব নয়। কারণ আইন তার আইনের জায়গায় থাকবে বাস্তবে সেটা কার্যকরী হবে না। আমি প্রথমে বলছি যে, আইনকে অস্বীকার করার উপায় নেই। এর প্রয়োজনীয়তা আছে। আজকে যেভাবে এই পাইরেসি চলছে এটাকে ঠেকানো দরকার এবং এটা ঠেকানোর জন্য যেমন আইনের প্রয়োজন আছে আবার এই আইনকে যে কার্যকরী করবে একজিকিউশান করবে তার মধ্যেও সেই সততা, তার মধ্যে সেই দায়িত্ববোধ এবং সেই দায়িত্ব সচেতনতা থাকা দরকার। সে যেন আবার সেই সুযোগ করে না দেয় এই ঘটনার। এটা ঠিক যে, এরফলে আজকে যুবক-যুবতীরা অপসংস্কৃতির পথে যাচ্ছে। আজকে নামী দামি সিনেমা হলগুলো বন্ধ হয়ে- সেই ভি ডি ও হলের দিকে তারা ঝুঁকছে। সুতরাং সেইদিক থেকে এই আইনের গুরুত্ব বা প্রয়োজনীয়তা আছে অস্বীকার করিনা। কিন্তু সাথে সাথে এই আইনটাকে বলবৎ করার দায়িত্ব যার উপরে অর্থাৎ এই দুর্নীতি। অর্থাৎ এই অন্যায় কাজ যাতে করতে না পারে। এই যে ভীতি, ভয় - কাকে করবেন? পুলিশ প্রশাসনকে করবে। সেই পুলিশ প্রশাসনের মধ্যে যাতে ঘুণ না ধরে সেই দিকটা আমি মাননীয়া মন্ত্রীকে দৃষ্টি আকর্ষণ করছি সেই দিকটাতে গুরুত্ব দেওয়ার জন্য। কারণ

পুলিশ প্রশাসন সম্পর্কে আমাদের যে ধারণা তাতে এই আইন আইনই থাকবে। বাস্তবে কার্যকরী করা খুব কঠিন হয়ে পড়বে। কাজেই সেই দিকটাকে গুরুত্ব দেওয়ার জন্য—কারণ, মন্ত্রী মহাশয়, তিনি নিজে আইনটা কার্যকরী করবেন না। কার্যকরী করতে গেলে তাকে প্রশাসনের মাধ্যম দিয়ে করতে হবে। সেই প্রশাসন হচ্ছে পুলিশ প্রশাসন। কিন্তু সেই পুলিশ প্রশাসনের মধ্যে যে ঘুণ সেই ঘুণ যদি সরানো না যায়, তাদের যদি সতর্ক করে দেওয়া না যায়, তাদেরকে যদি সচেতন করে দেওয়া না যায় এবং তাদের বিরুদ্ধেও ব্যবস্থা গ্রহণে, যে তারা যদি অন্যায় দেখা সত্ত্বেও সেই অন্যায়কারীকে প্রশ্রয় দেয় তার জন্য তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়ার প্রয়োজনীয়তা আছে। তাহলেই এই আইনটা সফল হবে। এবং এই আইন নিশ্চয়ই সফল হোক, কারণ আজকে যেভাবে অপসংস্কৃতির দিকে ঝুঁকছে বা এই পাইরেসি যেভাবে দিনের পর দিন বৃদ্ধি পাচ্ছে। আজকে সঙ্গে সঙ্গে সমস্ত ঘটনাই, সিনেমা থেকে সমস্তই পাইরেসি হচ্ছে। সুতরাং এটাকে ঠেকানো হোক, হোক। তারজন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হোক। এই বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য : মাননীয় স্পীকার স্যার, যে বিল এই সদনে উপস্থাপিত করা হয়েছে, The West Bengal Prohibition of Audio-Video Piracy Bill, 2013 তার সমর্থনে আমি আমার বক্তব্য এই সদনে রাখবো। প্রথমেই আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে কৃতজ্ঞতা জ্ঞাপন করবো, ধন্যবাদ জানাবো। তিনি এই যুগান্তকারী বিল এই সদনে উপস্থাপিত করার জন্য আমাকে সুযোগ করে দিয়েছেন। স্যার, আমরা যারা বিধানসভায় নির্বাচিত হয়ে আসি, এপারেই থাকি অথবা ওপারে, নদীর এ'কূল আর ও'কূল। দু'কূলেরই বিধায়করা আইনসভার সদস্য এবং আইনের ছাত্র। কেন?

কারণ আইন প্রবহমাণ। সমাজের পরিবর্তন, বিবর্তনের সঙ্গে সঙ্গে আইন তার নিজস্ব পদ্ধতিতে পরিবর্তিত হয়, বিবর্তন লাভ করে। আমরা যারা এই সদনে আসি তারা সবাই আইন পড়েছি অথবা না পড়েছি স্কুলে কলেজে, আমরা বিধায়ক হয়ে সবাই আইনের ছাত্র। ফলে, গৌরাঙ্গবাবু যেটা বললেন যে আমি আইনের ছাত্র, উনি নন, আপনি এই হীনম্মন্যতায় ভুগবেন না, আপনিও আইনেরই ছাত্র। সুতরাং আইনটাকে বুঝতে হবে। আমরা আইন প্রণয়ন করি, আইনের ছাত্র না হলে আইন তো প্রণয়ন করা যায়না। যে আইন আমরা এই সদন থেকে প্রণয়ন করবো, সেই আইনই প্রয়োগ করবে যারা আমলা রয়েছেন এবং আপনি জানেন সংসদীয় গণতন্ত্র, আপনি জানেন পার্লামেন্টারী ডেমোক্রেসি স্ট্রাকচার, আপনি জানেন, গণতন্ত্রের স্তম্ভ হিসাবে, তারপরে জুডিসিয়ারীর কাছে যদি সেটি যায়, সেটি জুডিসিয়ারী তার জুডিসিয়াল রিভিউ করেন। এটাই হল আমাদের ভারতবর্ষের সংবিধান। সেই সংবিধানে অর্ডিন্যান্স, মাননীয় বিধায়ক কে পি সিং দেও বলেছেন, একটি অর্ডিন্যান্স ৬ মাস, তার আইন। এই ৬ মাস যদি অর্ডিন্যান্স হিসাবে থাকে পরে আবার যদি তাকে অর্ডিন্যান্স হিসাবেই রাখতে হয় তাহলে আবার নতুন করে তাকে আইনদান করতে হয়। অর্ডিন্যান্স কেন আসে। অর্ডিন্যান্স আসে যদি কোন বিষয়ে তাকে প্রহিবিট করবার জন্য, অথবা সেই বিষয় সংক্রান্ত আইন, সেই সময়ে অন্ততঃ জরুরীভাবে প্রণয়ন করার প্রয়োজন, যখন হাউস চলেনা। হোয়েন দি হাউস ইজ নট ইন সেশান, তখন অর্ডিন্যান্স আনতে হয়। এই অডিও ভিডিও

পাইরেসির ক্ষেত্রে অর্ডিন্যান্স ক্যাবিনেট সিদ্ধান্ত নেয় ২৭শে সেপ্টেম্বর, ২০১৩। কারণ এই বাংলার মাটিতে এই পাইরেসি দস্যুগিরি বেড়ে যাচ্ছে। ক্যাবিনেটের ডিসিশান এর পরে এই অর্ডিন্যান্স মাননীয় রাজ্যপালের কাছে পাঠাতে হয় এবং আর্টিকেল 213, সংবিধানে ২১৩ ধারা - গৌরাঙ্গবাবু একটু দেখে নেবেন, আপনি আইনেরই ছাত্র, ২১৩ ধারা দেখবেন, সেখানে গভর্নর সেটি প্রমালগেট করেন এবং হাউস যদি চলে, তাহলে হাউসে বিলের আকারে নিয়ে আসতে হয়, ৪২ দিনের মধ্যে। হাউস সামন হবার ৪২ দিনের মধ্যে। এই অর্ডিন্যান্স যদি আমি বিলের আকারে না আনতাম মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে এখানে এটা উপস্থাপিত না হোত, দেন ইট উড হ্যাভ স্পেন্ট ইটস কোর্স, তার আর কোন লাগু করবার জায়গা থাকত না। তাই, আপনাকে আমি বলেছিলাম যে, কেন অর্ডিন্যান্স এনেছি, কেন অর্ডিন্যান্স রেখে করে দেওয়া যাবে না। ঐটা হয়না। ঐটা হয়না। ঐটা একটা হাস্যকর তথ্য। যেটা আইনের ছাত্রর বলা মানায় না। তাই এই সদনে আমরা চাই, এই সদন বুঝুক যে হীনম্মন্যতায় ভোগার কোন জায়গা নেই। আইন প্রণয়নকারী যারা, তারা আইন জানেন না, এটা বলা বোধহয় মানায় না। আমরা কি এনেছি, অডিও ভিডিও পাইরেসি। পাইরেসি, পাইরেট দস্যু। দস্যু, এক সময়, বেশ কয়েক মাস আগে এই আড়াই তিন বছর আগে এই দস্যু নিয়ে অনেক আলোচনা, তর্ক-বিতর্ক হয়েছিল। আপনাদের মনে আছে সদনের সকলেরই, পাইরেট দস্যু, জলদস্যু, আর্মাডা তারপরে হার্মাদ। এই হার্মাদ, তারা নানা রকম ক্ষেত্রে হার্মাদগিরি করেছেন। আর অডিও ভিডিওর ক্ষেত্রে হার্মাদগিরিকে প্রশ্রয় দিয়েছেন, সেই হার্মাদগিরি বন্ধ করবার জন্য আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী এই অর্ডিন্যান্স এনেছিলেন যেটা বিলে পরিণত হয়েছে। আমরা ভারতবর্ষের চলচিত্র ১০০ বছর পার করে এসেছি। গৌরবময় ইতিহাস, ভারতবর্ষের চলচিত্রে।

[3.00—3.10 p.m.]

শুধু ভারতবর্ষ তার কদর করেনি, বিশ্ব তার কদর করেছে। কত অভিনেতা, কত অভিনেত্রী, তাদের একাগ্রতা, তাদের নিষ্ঠা, তাদের অভিনয় আমাদের মুগ্ধ করেছে। আমরা সেই রস আস্বাদন করেছি। কিন্তু তাদের জন্য কিচ্ছু করিনি। ভারতবর্ষের অভিনেতা অভিনেত্রীদের স্বীকৃতি দিয়েছে বিদেশ, বিদেশে তাদের নামে রাস্তাও আছে। তাদের স্বীকৃতি দিয়েছে বিদেশ। অথচ ভারতবর্ষে এই মানুষগুলিকে আমরা যদি দস্যুগিরির হাত থেকে না বাঁচাই তাহলে আমাদের সংস্কৃতির কি থাকবে? কি ট্রাডিশান নিয়ে আমরা পরের প্রজন্মের কাছে গিয়ে দাঁড়াবো? কি হেরিটেজের কথা আমরা বলবো পরের প্রজন্মকে? তাতে আমরা তাদের কাছে আমরা লজ্জা বোধ করবো না? এই অভিনেতা, অভিনেত্রী শুধু নয়, ফিল্ম ইন্ডাস্ট্রি এবং মিউজিক ইন্ডাস্ট্রির সঙ্গে যুক্ত বহু স্তরের মানুষ আছেন। টেকনিসিয়ান থেকে শুরু করে, ফ্লোর ম্যানেজার থেকে শুরু করে নানান মানুষ এই ইন্ডাস্ট্রির সঙ্গে যুক্ত আছেন। আপনারা ৩৪ বছর ধরে এই ইন্ডাস্ট্রি থেকে নিয়েছেন অনেক — নন্দন,নন্দনে আড্ডা, গল্প, নানান কিছু। কিন্তু নান্দনিক কাজ কিছু হয়নি। এই যে মানুষগুলি,তাদের জন্য ভাবা, তাদের পাশে দাঁড়ানো, এই কাজগুলি ৩৪ বছরে হয়নি। এটা তো স্বীকার করতে হবে, অনেক পেয়েছেন, দেননি কিছুই। যখন দেওয়ার সময় এসেছে তখনই বলেছেন — "ঠাঁই নাই, ঠাঁই নাই, ছোটো সে

তরী, তোমারি সোনার ধানে গিয়েছে ভরি।" কিচ্ছু দেননি। তাই আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী এই বিল উপস্থাপনের মধ্য দিয়ে এই ইন্ডাস্ট্রির মানুষের পাশে দাঁড়িয়েছেন। দস্যুবৃত্তি করা, তাকে নিবৃত্ত করার জন্য এই বিল তিনি নিয়ে এসেছেন এই সদনে। এই বিলের মাধ্যমে আমরা কি নিয়ে এসেছি? স্যার, এই বিলের মাধ্যমে আমরা সিনেমাটোগ্রাফ ফিল্ম এবং সাউন্ড রেকর্ডিং, শুধু সিনেমা নয়, গান। যে কথা মাননীয় বিধায়ক পরশ দত্ত বলছিলেন, আমাদের কত সঙ্গীতজ্ঞ তারা বিদেশে ভূষিত হয়েছেন নানান সম্মানে। কিন্তু আমরা বাংলায় তাদের জন্য কিচ্ছু করতে পারিনি। আবৃত্তিকার, কত সুন্দর আবৃত্তির মধ্য দিয়ে তারা আমাদের জীবনে পেনিট্রেট করেছেন। আমাদের কৈশোর পেরিয়েছে তাদের কথা শুনে, যৌবন পেরিয়েছে তাদের কথা শুনে। বার্ধক্যের দোরগোড়ায় এসে এখনো তাদের আবৃত্তি, সঙ্গীতের মধ্য দিয়ে শিহরণ জাগে আমাদের মধ্যে। তাদের জন্য আমরা কিছু করিনি। আজকে এই বিলের মাধ্যমে আমরা তাদের জন্যও করছি। audio-video piracy রুখছি। cinematograph film and sound recording। সেকশান টু, ২ নং ধারায়, এই বিলে, সাব সেকশান সি, audio-video piracy মানে কি— means duplicating the original work without authorization of the author, duplicating the original work without authorization of the author. তাহলে "author"কে? সেটা ডিফাইন করে দেওয়া হয়েছে সেকশান টু, সাব সেকশান এ তে। means in relation to a cinematograph film or sound recording, the producer; প্রস্তুতকারক তিনি না থাকলে, তারা না থাকলে, এই কলাকুশলী, এই অভিনেতা, অভিনেত্রী, টেকনিশিয়ান থেকে শুরু করে সবাই, যারা তাদের প্রতিভার মাধ্যমে আমাদের অনেক মাথা উঁচু করেছেন সেটা দেখানোর সুযোগই তো তাদের হত না। প্রস্তুতকারকদের কাছে বাংলা এসে দাঁড়াবে না? সরকার এসে দাঁড়াবে না? আজকে সেইখানে দাঁড়িয়ে cinematograph film and sound recording এর প্রডিউসার যারা তাদের ডেফিনেশান ক্লজে তাদের 'অথার'। এই 'অথার' শব্দটির মধ্যে তাদের নিয়ে আসা হয়েছে।

"Original work", Sub-section 2(b), means the work over which copyright of the authors subsists. এটা সেন্ট্রাল আইন। কপি রাইট অ্যাক্টে যারা রেজিস্টার্ড হবে, সেই সমস্ত অথরের কাজটাকে অরিজিনাল ওয়ার্ক হিসাবে ধরা আছে। আজকে গর্বের সঙ্গে আমি বলছি, এই ধরনের একটি আইন যা খালি প্রোটেস্ট করছে, অডিও এবং ভিডিও পাইরেসির উপরে। এই ধরনের আইন সারা ভারতবর্ষে প্রথম আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এনেছেন। মহারাস্ট্রের আইন যেটা আছে — সেই আইনটা হল - Maharashtra Prevention of Dangerous Activities Act, MPDA, সবাই জানে। তার মধ্যে এই পাইরেসিটা ঢোকানো আছে। তামিলনাড়ুতে যে আইনটা আছে — Tamil Nadu Prevention of Dangerous Activities of Bootleggers, Drug Offenders,Forest Offenders, Goondas, Immoral Traffic Offenders, Slum Grabbers and Video Pirates অর্থাৎ শুধু অডিও-ভিডিও পাইরেসিকে কেন্দ্র করে

অন্য কোন আইন সারা ভারতবর্ষে নেই। কোন সেন্ট্রাল লেজিসলেশান নেই। এটি প্রথম স্টেট সাবজেক্ট Entry 26 of 7th Schedule. আজকে এই পবিত্র সদনে মাননীয়া মুখ্যমন্ত্রী এই বিল নিয়ে এসেছেন। অডিও-ভিডিও পাইরেসি এটা একটা প্রহিবেটারি আইন,নট এ রেগুলেটারি ল, এটা রেগুলেট করার জন্য নয়, এটা প্রহিবেটারি আইন। অর্থাৎ Audio-video piracy in any form is prohibited and commission of the same shall be an offence and punishable under this Act. মনে রাখবেন যেটা জেনারেল আইন, সেটা জেনারেল নিয়মে চলে। স্পেশাল আইনে যদি সেখানে সেটা অফেন্স হিসাবে চিহ্নিত থাকে তাহলে জেনারেল আইনের অফেন্সের সাথে সাথে স্পেশাল আইনের অফেন্সও সংযুক্ত হয়। সাজা আরও বেশী কঠোর হয়। তাই এটা স্পেশাল আইন হিসাবে আনার প্রয়োজন। এখানে ''সাব-ইন্সপেক্টার যাবে'' এটা কিন্তু আপনারা ভুল interpretation করছেন। An officer not below the rank of sub-inspector অর্থাৎ সাব-ইন্সপেক্টারের নীচের rank-এর কোন অফিসার যেতে পারবেন না। একটা জিনিস যখন পড়তে হবে তখন সার্বিকভাবে জিনিসটার প্রত্যেকটা লাইন পড়তে হবে, তবেই এই জায়গাটা বোঝা যাবে। এরপরে Provisions relating to substance seizure। আগে কোডের ঐ পাওয়ারটা ছিল না। আপনারা বলবেন আছে। ক্রিমিনাল প্রসিডিওর কোডে আছে। হ্যাঁ আছে। সেটা আছে, কিন্তু স্পেশাল আইনে সেটা নেই। এই স্পেশাল আইন ছিল না। আজকে স্পেশাল আইন এনে বলা হয়েছে, যে ক্রিমিনাল প্রসিডিওর কোডে যে আইন আছে, সেটা mutatis mutandis as far as practicable করবে এই আইনের ক্ষেত্রে। এখানে রেইডের পাওয়ার দেওয়া হল, seizure power দেওয়া হল। এরপরে এখানে অনেক সদস্য বলেছেন এবং অত্যন্ত যৌক্তিকতার সঙ্গে বলেছেন, প্রথম দোষ করলে সেটি তিন বছর যদি নিম্ন হিসাবে ধরা হয়, ঊর্ধ্বসীমা হল সাত বছর। এবং cognizable and non-bailable হবে। কিন্তু দ্বিতীয় বার সে যদি অপরাধ করে তাহলে সাজা আরও কঠোর করা হবে। এই ক্ষেত্রে লোয়েষ্ট সাজা হল পাঁচ বছর এবং হায়েস্ট সাজা হচ্ছে দশ বছর। ফাইন মানে রেভিনিউ বাড়ানো নয়। একটা রাজ্য যখন কোন আইন করে তখন রাজ্য কখনো মনে করেনা, যে অপরাধীরা তৈরী হোক। ওটা আপনাদের রাজত্বকালে আপনারা মনে করতেন। আমাদের রাজত্বকালে আমরা সেটা মনে করিনা। রেভিনিউ আদায়ের জন্য এটা নয়, শাস্তি প্রদান করার জন্য এবং অপরাধ আটকাবার জন্য। তারপরে companyর ক্ষেত্রে কি হবে সেটাও সেকশান সিকসে পরিষ্কার করে বলা আছে। আমি বাকি সেকশানগুলিতে গেলাম না। মাত্র দশটি সেকশানের এই আইন। খুবই ছোট আইন, কিন্তু এর গুরুত্ব অপরিসীম।

[3.10—3.18 p.m.]

এটা ভারতবর্ষের প্রথম এই ধরনের আইন, আমি আগেও বলেছি। অনেকে সমর্থন করেছেন, কিন্তু তা সত্ত্বেও কিছু বলতে হবে বলেছে। আমজাদবাবু আমি অবাক হয়ে গেলাম আপনি একটা ছোট ছেলে। হিসাব করে দেখলে দেখবেন আমার ছেলে আর আপনার বয়স একই। পড়তে হবে

তো, পড়তে হবে একটা আইনের ওপর বলতে গেলে যে with all humility বলছি, বিনম্রতার সঙ্গে বলছি, পড়তে হবে। গরুর রচনা করলে এই সদনের মান নষ্ট হয়ে যাবে। আমিও বলতে পারি, আমিও বলতে পারি নারী অত্যাচারের কথা। সেই থ্যালানি বসাক থেকে শুরু করতে পারি, বানতলা থেকে শুরু করতে পারি। গুটিয়া - এক বছর ধরে চালিয়েছেন, শুরু করতে পারি। আমি ধানতলা বলতে পারি, আমি দেবড়া বলতে পারি, আমি বাসন্তি বলতে পারি, আমি ঘোকসাডাঙ্গা বলতে পারি। কোন জেলা বলুন তো? কোন এই ধরনের অত্যাচার ঘটেনি যে আপনি গরুর রচনা আনলেন - সামাজিক পরিবর্তন আনতে হবে। এটা ভাবুন আপনি। সামাজিক স্তরে নিজে চিন্তা-ভাবনা করুন। প্রত্যেকটা গরুর রচনা করলে, আর দোষারোপ করলে সরকারকেও' দিয়ে কোন লাভ হবে না। পরের প্রজন্মের কাছে কোন সাক্ষর রেখে যেতে পারবেন না। আমাদের কাছে অনেক instance আছে। নন্দীগ্রাম, তাপসী মালি - এই সব তো ছেড়েই দিলাম। সারা বিশ্ব কেঁপে উঠেছে। তার পরেও আপনাদের গলা দিয়ে এই ধরনের কথা বেরোয়? Audio - Video Piracy, দস্যুগিরি আটকাতে হবে, হার্মাদগিরি আটকাতে হবে। হার্মাদগিরি করেছেন, আজকে আটকানোর প্রশ্ন এসেছে। আটকাতে আপনারা সম্মিলিতভাবে তাকে সমর্থন করুন। আজকে তাই তাদের কাছে আমি ধন্যবাদ জানাই আপনাদের, যে আপনারা সমর্থন করেছেন। কিন্তু .... (নয়েজ)..... কি কারণে লাগল কেন? দস্যুগিরি যদি না হয়ে থাকেন তাহলে তো হার্মাদগিরি। এই হার্মাদগিরির ওপরে নিষেধাজ্ঞা এই আইন। তাই স্যার, আমি বলব, আমি আপনাদের কাছে আবেদন করব, সমস্ত সদস্যের কাছে এই যুগান্তকারী আইনকে প্রস্তুতকারকদের পাশে দাঁড়িয়ে - আসলে গোটা ইন্ডাস্ট্রি-এর পাশে দাঁড়িয়ে এই আইনকে সমর্থন করার অত্যন্ত প্রয়োজনীয়তা আছে। এই বাংলায়, এই শিল্পকে আমাদের শুধু বাঁচিয়ে রাখতে হবে না, এটা আমাদের পালনের। একটা পালনীয় হিসাবে এই pioneer স্টেট পরিগণিত হোক এটাও মাননীয়া মুখ্যমন্ত্রী চাইছেন। আজকে তাই এই ধরনের আইন আনা হয়েছে বিধানসভায় সদনে এবং এখানে আপনারা জানেন যে মাননীয়া মুখ্যমন্ত্রী ফিল্মসিটি করার কথাও বলছেন। তাই এই ধরনের এই যে ফিল্মসিটিগুলি হবে। সেখানে যারা ফিল্ম করবেন, যারা আসবেন, যারা লগ্নিকার, লগ্নি করবেন। সেই লগ্নিকারক যারা তাদের বাঁচাবার দায়িত্ব তো সরকারের নিশ্চিতভাবে। 91 G of the Constitution ব্যবসা করার তার অধিকার। আপনারা যেমন এখানে যা খুশি বলার অধিকার, তেমনি তাদেরও ব্যবসা করার অধিকার। সেই ব্যবসা করতে যাতে কোন হার্মাদগিরি না — তাতে obstruct করে তার জন্য এই আইন। প্রশাসনের উপরে দোষ দিয়ে লাভ নেই। প্রশাসনকে কোন হাতিয়ার দেননি। প্রশাসন আজকে হাতিয়ার পাচ্ছে। তার নিজস্ব কায়দায় প্রশাসন নিশ্চিত ভাবে সেই হাতিয়ার প্রয়োগের মাধ্যমে এই হার্মাদগিরিকে বন্ধ করবে। তাই আপনাদের কাছে আবারও আমার আবেদন এই বিল যেটি আনা হয়েছে এই সদনে সেই বিল The West Bengal Prohibition of Audio-Video Piracy Bill, 2013 এটি এই সদন সর্বসম্মতভাবে এটি অনুমোদন দিক এবং পাশ হোক, ধন্যবাদ স্যার।

Mr. Speaker : The question before the ouse is that The West Bengal Prohibition of Audio-Video Piracy Bill, 2013 be taken into consideration.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say No.

AYES have it, AYES have it.

Clauses 2 – 10

There is no amendment to Clauses 2 – 10

The question before the House is that Clauses 2 – 10 do stand part of the Bill.

As many as ae of that opimon will please say AYE

As many as are of the contrary opinion will please say No.

AYES have it, AYES have it.

Clause 1, Enacting Formula, Preamble and the Title of the Bill.

There is no amendment to Clause 1, Enacting Formula, Preamble and the Title of the Bill.

The question before the House is that Clause1, Enacting Formula, Preamble and the Title of the Bill do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say No.

AYES have it, AYES have it.

Smt. Chandrima Bhattacharya : Hon'ble Speaker, Sir, I beg to move that the West Bengal Prohibition of Audio-Video Piracy Bill, 2013 as settled in the Assembly, be passed.

আবার উনি 1 কি বলবেন?

Mr. Speaker : বলতে পারেন। As per rule he has right to speak. Hon'ble Minister has right to reply.

শ্রী আনিসুর রহমান : আমরা এর বিরোধিতা করিনি, আমরা এটা সমর্থনই করেছি। আমার একটা প্রশ্ন, আপনি যে ভাবে মাঝখানে উত্থাপন করলেন মনে হলো যে ৩৪ বছর চালাও ব্যবস্থা ছিল পাইরেসি করার।

(এ ভয়েস : উনি এখন কি করে বলতে পারেন, বিল তো পাস হয়ে গেছে)

না না, I have right to speak.

(গোলমাল)

ভাব দেখে মনে হলো ঢালাও ব্যবস্থা ছিল পাইরেসীর। এটা সেন্ট্রাল এ্যাক্ট, আমি এটা ভাল করে জানি। আজকে পশ্চিমবাংলায় কেউ বলতে পারবে আইনের অভাবের জন্য আমি ঠেকাতে পারিনি? আইনের অভাবের জন্য ঠেকাতে পারিনি কেউ বলতে পারবে না। আইনটা আছে এখনও। কি হচ্ছে? ঠেকাবার জন্য আপনারা একটা উদ্যোগ নিয়েছেন আমরা তাকে সাধুবাদ জানাচ্ছি, আমরা তাকে সমর্থন জানাচ্ছি। কিন্তু ভাবটা এমন ভাবে দেখাচ্ছেন যেন আগে কোন বাধাই ছিল না। যা খুসী করা যেত, তাই মনে হচ্ছে এই রকম তো ছিল না, এখনও তো আইন আছে। এখনও তো কপি রাইট আছে, আপনি যা খুসী করতে পারেন না। কিন্তু হচ্ছে এটা। আমাদের মোবাইলে তো গান লাগানো আছে, সবার মোবাইলে গান লাগানো আছে। বিষয়টাকে এমন ভাবে বলার চেষ্টা করা হচ্ছে বামফ্রন্ট কিছু ভাবেনি, আমরাই ভাবলাম। আগে যেন এই আইন ছিল না। এই ভাবে ভাবলেন কেন? যা সত্যি ঘটনা তাই তো বলবেন, আমরা তো সমর্থন করেছি। এই বিলটা ভাল, আমরা সাধুবাদ জানিয়েছি। এর মধ্যে হার্মাদ, আপনি বললেন যে হালিশহর আনলো কেন, আপনি নিজে হার্মাদ নিয়ে চলে এলেন।

মিঃ স্পীকার : মাননীয় সদস্য, কনফাইন করবেন,আপনার বক্তব্যটা বিলের সাপোর্টে বা এগেনেস্টে কনফাইন করবেন ছোট করে।

শ্রী আনিসুর রহমান : আমি বললাম যে আইনটা আগে তো ছিলই, আবার একটা আইন আনা হয়েছে ভাল কথা। আমরা সমর্থন করেছি। আপনি এমন একটা ভাব দেখাচ্ছেন কিছুই ছিল না।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য : স্যার, আমি মার্জনা চাইছি, অন্ধকে অন্ধ খোঁড়াকে খোঁড়া বলা যাবে না। সেটা যদি ভুল হয়ে থাকে আমি মার্জনা চাইছি। গৌরাঙ্গবাবু বললেন না সঞ্জয় তো অন্ধ ছিল। সঞ্জয় তো কোন দিন অন্ধ ছিল না। রামায়ণ পড়বেন না, মহাভারত পড়বেন না, কিছুই পড়বেন না, পরোক্ষভাবে যাকে সাপোর্ট করবেন, পরোক্ষ ভাবে সাপোর্ট করলে সেটা সাপোর্টই হয়। পরোক্ষ ভাবে সাপোর্ট করেছেন সেটা সাপোর্টই হয়। স্যার, এটা সাপোর্ট।

The question before the House is that the West Bengal Prohibition of Audio-Video Piracy Bill, 2013 as settled in the Assembly, be passed. As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say, No. Ayes have it. Ayes have it.

The Bill is passed. The Bill is passed.

Adjournment

The House was then adjourned at 3.18 p.m. till 11.00 a.m. on Friday, the 29th November, 2013 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 29th November, 2013 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 36 Ministers, 06 Ministers of State, 14 Parliamentary Secretary and 189 Members.

[11.00–11.10 a.m.]

Starred Questions
(To which oral answers were given)

বিশুদ্ধ পানীয় জল সরবরাহ সুনিশ্চিতকরণ

* ১০৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬) শ্রী তজমুল হোসেন : জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ সুনিশ্চিত করতে সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছে; এবং

(খ) তা রূপায়ণের ক্ষেত্রে কোন সময়সীমা ধার্য করা হয়েছে কি না?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, এই কোয়েশ্চেনের লিস্ট আমি দেখলাম। আমার কনসার্ন হচ্ছে যে, কালকে একজন বিধায়ক সহ, একজন এম.পি. সহ, অসীম চ্যাটার্জী সহ অনেকে গ্রেপ্তার হলেন।

মিঃ স্পীকার : এটা নিয়ে উল্লেখ করার কিছু নেই।

...(নয়েজ)...

শ্রী তজমুল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে আমি বলছি যে স্যার আপনি জানেন আপনি হয়ত আমার কোয়েশ্চেনগুলো করেছেন।

..................(নয়েজ)..................

মিঃ স্পীকার : আপনি আপনার প্রশ্ন বলুন।

.................(নয়েজ).................

শ্রী তজমুল হোসেন : না স্যার, আমি বলছি স্যার। আমার অনেকগুলো কোয়েশ্চেন ছিল স্বরাষ্ট্র দপ্তরের বিষয়ে। সেই সমস্ত স্বরাষ্ট্র দপ্তরের বিষয় একটাও প্রশ্ন আসেনি। আমি আপনাকে অনেকবার বলেছি স্যার, স্বরাষ্ট্র দপ্তরের বিষয় আমি প্রত্যেকবার প্রশ্ন করি, একটাও প্রশ্ন আসে না। স্বরাষ্ট্র দপ্তর থেকে একটাও প্রশ্ন আসছে না।

মিঃ স্পীকার : আপনি আপনার প্রশ্নটা করুন। আপনি জানেন অনেক সময় মাননীয় মন্ত্রীরা সময় চান।

শ্রী তজমুল হোসেন : স্বরাষ্ট্র দপ্তর থেকে একটাও প্রশ্ন আসছে না। আপনি কি রকম থাকেন স্যার। কালকে বিধাননগরের যে ঘটনা, আপনি নিশ্চয়ই সেটা জানেন, সেই সুজন চক্রবর্তী সহ আরও .... (এই সময় মাইক অফ্ হয়ে যায়।)

মিঃ স্পীকার : নাউ আই কল্ আপন মিনিষ্টার ইন চার্জ অফ্ পাবলিক হেলথ অ্যাণ্ড ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট —শ্রী সুব্রত মুখার্জী।

.... (এই সময় বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা ওয়েলে নেমে বিভিন্ন স্লোগান দিতে থাকেন।)....

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, তজমুল হোসেন বিধানসভার সদস্য যে প্রশ্ন করেছেন, সেই প্রশ্নের ক-এর উত্তরে 'পশ্চিমবঙ্গ জনস্বাস্থ্য কারিগরি দপ্তর' এই কথাটা উনি দেন নি। ওনাদের বললেই ওনারা রাগ করবেন, প্রশ্ন সংশোধন করলে আপত্তি করবেন, কিন্তু প্রশ্ন করলেন — রাজ্যের বিশুদ্ধ পানীয় জল সরবরাহ সুনিশ্চিত করতে সরকার কি কি পদক্ষেপ নিয়েছেন। রাজ্যের প্রশ্ন আমাকে করবেন কেন, আমাকে তো গ্রামীণ প্রশ্ন করবেন। কাজেই আপনারা ভুল প্রশ্ন করবেন, আবার শুধরে দিলে রেগেও যাবেন। তবু আমি উত্তর দিচ্ছি।

পশ্চিমবঙ্গ সরকারের জনস্বাস্থ্য কারিগরি দপ্তর পশ্চিবঙ্গের গ্রামীণ এলাকায় নিরাপদ পানীয় জল সরবরাহের জন্য দায়িত্বপ্রাপ্ত। এই কাজে হস্তচালিত নলকূপ অথবা নলবাহিত জলসরবরাহ প্রকল্প ভূগর্ভস্থ অথবা ভূপৃষ্ঠ জল উৎস হিসাবে ব্যবহার করে। এ পর্যন্ত রাজ্য জুড়ে ৫,৪৪,২০৩ (পাঁচ লক্ষ চুয়াল্লিশ হাজার দুইশত তিন) টি সরকারি নলকূপ চালু আছে যার মধ্যে ৬৯,৩২১ (উনসত্তর হাজার তিনশত একুশ) টি রিগ বোরড নলকূপ অন্তর্ভুক্ত এবং ৯৮,১২০ (আটানব্বই হাজার একশত কুড়ি) টি জনপদ (habitation) এর আওতাভুক্ত। ০১/০৪/২০১৩ অনুসারে নলবাহিত জলসরবরাহ প্রকল্পের মাধ্যমে প্রায় ৪২% পানীয় জল সরবরাহ আওতাভুক্ত করা গেছে।

সম্প্রতি, স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনার সহিত ভিশন ২০২০ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এই পরিকল্পনায় পান করা, রান্না করা এবং অন্যান্য গৃহস্থালীর কাজ করার জন্য প্রত্যেক গ্রামীণ মানুষকে ৭০ এল.পি.সি.ডি. হারে পর্যাপ্ত নিরাপদ জল সরবরাহ করা নিশ্চিত করা হচ্ছে। ভিশন পরিকল্পনা রূপায়ণ করার জন্য ২১,২১৫ কোটি (একুশ হাজার দুইশত পনেরো কোটি) টাকা

অনুমিত মূল্য (estimated cost) ধরা হয়েছে। এই দপ্তরে ভিশন পরিকল্পনা রূপায়ণের জন্য কয়েকটি নিম্নবর্ণিত সুবৃহৎ প্রকল্প ইতিমধ্যেই বাস্তবায়িত করা হচ্ছে।

১। অনগ্রসর এলাকার অনুদান তহবিল (BRGF) এর অধীনে ১০১১.১২ কোটি (এক হাজার এগারো কোটি বারো লক্ষ) টাকা অনুমোদিত মূল্যে ১৪ (চোদ্দ) টি ব্লকের ৩০.১৫ লক্ষ (ত্রিশ লক্ষ পনেরো হাজার) প্রকল্পিত জনসাধারণকে আওতাভুক্ত করার লক্ষ-এ বাঁকুড়া ফিজ ১' নামে একটি সুবৃহৎ জলসরবরাহ প্রকল্প গ্রহণ করা হয়েছে।

২। অনুরূপভাবে, জঙ্গলমহল এলাকায় ১৪১.৭০ কোটি (একশত একচল্লিশ কোটি সত্তর লক্ষ) টাকা অনুমোদিত মূল্যে ৩.১৪ লক্ষ (তিন লক্ষ চোদ্দো হাজার) জনসাধারণকে আওতাভুক্ত করার লক্ষ-এ ৫০ (পঞ্চাশ) টি নলবাহিত জলসরবরাহ প্রকল্প গ্রহণ করা হয়েছে।

৩। বৈদেশিক তহবিল গ্রহণ করার জন্য প্রচেষ্টা করা হয়েছে। জাইকা (JICA), জাপান থেকে তহবিলের মাধ্যমে পুরুলিয়া জেলার ৯ (নয়) টি ব্লকে ১১৭৩.১০ কোটি (এক হাজার এক শত তিয়াত্তর কোটি দশ লক্ষ) টাকা অনুমিত মূল্যে ১৫.৪ লক্ষ (পনেরো লক্ষ চল্লিশ হাজার) প্রকল্পিত জনসাধারণকে আওতাভুক্ত করার লক্ষ-এ একটি সর্বার্থসাধক (Comprehensive) জলসরবরাহ প্রকল্প অনুমোদন করা হয়েছে।

এমন প্রশ্ন করেন, তজমূল সাহেব! গোটা রাজ্যের বলে দিলেন, গোটা রাজ্য তো আমার দায়িত্ব নয়।

৪। দক্ষিণ ২৪ পরগনা জেলায় ১৩৩২.৪১ কোটি টাকা অনুমিত মূল্যে ৯ (নয়) টি ব্লকের ৩২.৮৯ লক্ষ (বত্রিশ লক্ষ উননব্বই হাজার) প্রকল্পিত জনসাধারণকে আওতাভুক্ত করার লক্ষ-এ লোনা প্রভাবিত ও সংযুক্ত এলাকায় একটি সুবৃহৎ ভূপৃষ্ঠস্থ জলভিত্তিক জলসরবরাহ প্রকল্প গ্রহণ করা হয়েছে।

৫। পুনর্নবীকরণ শক্তি ব্যবহারের উপর জোর দেওয়া হয়েছে। এই জন্য সুন্দরবন এলাকায় এবং বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর ও পুরুলিয়া জেলার অনগ্রসর এলাকায় ১১৬.২০ কোটি (একশত ষোলো কোটি কুড়ি লক্ষ) টাকা ব্যয়ে সৌরশক্তি ভিত্তিক প্রকল্প গ্রহণ করা হয়েছে।

৬। ৪২.৮২ কোটি (বিয়াল্লিশ কোটি বিরাশি লক্ষ) টাকা ব্যয়ে দক্ষিণ ২৪ পরগণা, কোচবিহার, মালদহ, মুর্শিদাবাদ, দার্জিলিং, বর্ধমান, নদীয়া এবং উত্তর ২৪ পরগনা জেলায় ৮ (আট) টি পানীয় জলের বটলিং প্ল্যান্ট প্রকল্প গ্রহণ করা হয়েছে। ৩ (তিন) টি প্ল্যান্টে ইতিমধ্যেই চালু আছে এবং 'প্রাণ ধারা' নামে পানীয় জলের বোতল সরবরাহ করছে। পানীয় জলের পাউচ ছাড়াও ইহা বিভিন্ন জনসভা ও সমাবেশে জনপ্রিয়তা অর্জন করছে।

৭। ৩০০০ (তিন হাজার) কোটি টাকার বেশি মূল্যের বিভিন্ন প্রকল্প পরিণতির পথে এবং ভিশন ২০২০ পরিকল্পনা রূপায়ণের জন্য জোরালো পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

প্রশ্ন (খ) হ'ল, তা রূপায়ণের ক্ষেত্রে কোন সময়সীমা ধার্য্য করা হয়েছে কি না?

হ্যাঁ, যে প্রকল্পগুলি রূপায়ণের জন্য দপ্তর কর্তৃক গ্রহণ করা হয়েছে সেগুলো সম্পন্ন করার সময়সীমা ধার্য্য করা হয়েছে ২০১৫ সাল। ভিশন ২০২০ পরিকল্পনা রূপায়ণের সময়সীমা ২০২০ সাল।

মিঃ স্পীকার : এবার আমি বলি, বলতে দিন আমাকে। সূর্য্যবাবু আপনি দেখুন, কোশ্চেন নাম্বার ১০৫, তজমুল হোসেন যে অভিযোগটা করলেন, সম্পূর্ণ ভিত্তিহীন। ওনার প্রথম প্রশ্ন সিরিয়াল নাম্বারে আছে। ওনি সিরিয়াল টপকে প্রথমে যদি প্রশ্ন চান, এটা হয় না। তজমুল হোসেনের এই কোশ্চেনটা আছে বলে আমরা নিয়েছি। আর আপনার দু'টি প্রশ্ন ছিল আমি বলি, একটার change of department হয়েছে, আমাদের কাছে intimation এসছে। আর একটা মাননীয় মন্ত্রী সময় চেয়েছেন। এটা তো পরিষদীয় দলের রীতিনীতির মধ্যেই পড়ে। আপনি next সাপ্লেমেন্টারি করুন। .... (তুমুল গোলমাল).....

[11-10–11.20 a.m.]

..........(গোলমাল)..........

(এই সময় বিরোধী দলের মাননীয় সদস্যদের মাননীয় স্পীকারের আসনের কাছে গিয়ে একযোগে কিছু বলতে দেখা যায়।)

মিঃ স্পীকার : আপনি আপনার নেকস্ট সাপ্লিমেন্টারী করুন। ..... (গোলমাল) .... আমি আপনার যেসব কোশ্চেনের জন্য সরকার পক্ষ সময় চেয়েছে সেই কোশ্চেনগুলো আমরা রাখিনি।....

(গোলমাল).... মাননীয়া মুখ্যমন্ত্রী এসেছিলেন। মুখ্যমন্ত্রী সেদিন এসে, মাননীয়া মুখ্যমন্ত্রী বিধানসভায় আসার পরে বিবৃতি দেন, তাঁর বিবৃতিও বাধাপ্রাপ্ত হচ্ছে। এই রকম করলে তো... (গোলমাল)... আমি বলছি তো, বাধাপ্রাপ্ত হয়েছেন। তজমুল সাহেব সাপ্লিমেন্টারী প্রশ্ন করুন।.... (গোলমাল).... করুন, আপনি সাপ্লিমেন্টারী করুন।..... (গোলমাল).... আমি বই-টা এনে দেখিয়ে দেব। কী কী কোশ্চেন করেছেন আমি দেখিয়ে দেব। তজমুল সাহেব আপনি সাপ্লিমেণ্টারী করুন। নেকস্ট সাপ্লিমেন্টারী করুন। ....(গোলমাল)... সিরিয়াল নম্বর অনুযায়ী সবচেয়ে টপে আছে। ... (গোলমাল) ... আপনারা এরকম করবেন না। সিরিয়াল মেন্টেন করা হয়েছে, কোন ব্যতিক্রম হয়নি। কোশ্চেন করুন। আপনি কোশ্চেন করুন, আপনি... (গোলমাল)... There is no supplementary question to put.

..........(গোলমাল)..........

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন। মা-মাটি-মানুষের সরকার আসবার পর, আগে বামফ্রন্ট সরকারের সময়ে এই জনস্বাস্থ্য কারিগরি বিভাগ বলে কোন একটা বিভাগ আছে সেটাই আমরা জানতাম না। মা-মাটি-মানুষের সরকার আসবার পর আমাদের সরকার পশ্চিমবঙ্গে কত টাকা এই জল সরবরাহের জন্য খরচা করেছেন মাননীয় মন্ত্রীর কাছে তা জানতে চাই।

..........(গোলমাল)..........

শ্রী সুব্রত মুখার্জী : আমাদের সামগ্রিক ভাবে রাজ্যের বিভিন্ন পরিকল্পনায়, বিভিন্ন প্রোজেক্টে, বিভিন্ন ভাবে কাজ হচ্ছে। এমন এলাকা আছে, যেটা তিনটে জেলায়, special BRF এলাকা। সেখানে তিনটি জেলায় আলাদা রকম কাজ হচ্ছে। আবার অনেক জায়গায় আমাদের অন্য প্রকল্প গ্রহণ করতে হয়েছে। সব মিলিয়ে এক্ষুণি আমি অঙ্ক-টা বলতে পারছিনা, তবে আনুমানিক প্রায় ৯ হাজার কোটি টাকার ওপরে আমরা বিভিন্ন প্রকল্পে খরচ করতে চলেছি।

..........(গোলমাল)..........

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, বিগত বামফ্রন্ট সরকারের আমলে জনস্বাস্থ্য ও কারিগরি দপ্তরে যে আর্থিক বরাদ্দ ছিল বর্তমান মা-মাটি-মানুষের সরকারের আপনি মন্ত্রী হওয়ার পরে সেই জনস্বাস্থ্য ও কারিগরি দপ্তরে যে ব্যাপক উন্নয়নমূলক জলপ্রকল্প করা হয়েছে, আমরা বিশ্বস্ত সূত্রে জানতে পেরেছি যে, পশ্চিমবঙ্গ সরকারকে বিশ্ব-ব্যাঙ্ক আহ্বান করেছে তাদের কাজের গুণগত মানের জন্য এবং কাজের সাফল্যের জন্য। বিগতদিনে বামফ্রন্ট সরকার এই রকম কোন আহ্বান পেয়েছিল কিনা এটা হাউজকে জানাবেন?

..........(গোলমাল)..........

শ্রী সুব্রত মুখার্জী : আমরা অনেকগুলোই আন্তর্জাতিক সহযোগিতা পাচ্ছি। তার মধ্যে উল্লেখযোগ্য বাঁকুড়া। বাঁকুড়া, যেটা শুখা এরিয়া বলে পরিচিত সেই এলাকায় world bank-র সহযোগিতায় আমরা দুটি বড় প্রোজেক্ট নিচ্ছি। একটি DVC-র জল নিয়ে অপরটি কংসাবতীর জলে দ্বারকেশ্বর এবং গন্ধেশ্বরীতে চেক ড্যাম তৈরী করে আমরা পুরো জেলাকেই কভার করে দেব। তাতে industrial sector জল পাবে, municipality জল পাবে এবং গ্রামীণ এলাকাতেও কোলকাতার মত নলবাহিত জল, পরিশুদ্ধ জল পাবে। সেটা ফ্লোরাইড মুক্ত, আর্সেনিক মুক্ত এবং strong iron মুক্ত। বিশুদ্ধ পানীয় জল বলতে যা বোঝায় বাঁকুড়াতেও ঠিক সেই ভাবে পাবে। আর, পুরুলিয়াতে আমরা "জাইকা" থেকে অর্থ সাহায্য পেয়েছি এবং সেখানে ২০টি ব্লক, ৯০টি প্রোজেক্ট আমরা গ্রহণ করেছি।

সুতরাং সবমিলিয়ে আমাদের সরকারের নিজস্ব টাকা, (তুমুল গোলমাল) মুখ্যমন্ত্রীর কমিটমেন্ট যেটা ছিল আমরা সেখানে পৌঁছতে পারবো আগামী দু হাজার সতেরো থেকে কুড়ির মধ্যে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় স্পীকার স্যার, প্রথমে বলি আজকে যারা দীর্ঘদিন ধরে গণতন্ত্রের কথায় কেঁদেছেন, গণতন্ত্রের কথা বলে আজকে তারা পরিকল্পিতভাবে এইসভাকে অচল করার চেষ্টা করছেন। আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি - আপনারা সবাই জানেন আজকে আমাদের রাজ্যে আর্সেনিক, ফ্লুরাইড, লেড অক্সাইড সহ বিভিন্ন দূষিত পদার্থ জলের সংগে মিশে রয়েছে এবং জলের স্তর নেমে যাওয়ার জন্য বহু জায়গাতেই মানুষ এর দ্বারা আক্রান্ত। এই আক্রান্ত হওয়ার পর তাদের চিকিৎসার যে ব্যবস্থা সেটা রাজ্যের কলকাতা মেডিক্যাল কলেজ ছাড়া

কোথাও চিকিৎসা হয় না। আমি এই প্রশ্ন করছি না, আমি প্রশ্ন করছি মাননীয় মন্ত্রীর কাছে তিনি যে জল বার করেছেন — আমার কাছেই আছে এটা — 'প্রাণধারা' মন্ত্রী মশাই আপনি দেখবেন আমরা আজকে পশ্চিমবাংলায় যে বিভিন্ন জল বিক্রি হয় সেই জলের দাম অত্যন্ত বেশি। কিন্তু আপনি জল বের করেছেন নতুন করে এবং পাউচ — আমি আপনার কাছে জানতে চাইছি এটাকে যদি আপনি ব্যবসায়িক ভিত্তিতে দেন তাহলে রাজ্য সরকারের আয় হবে এবং মানুষ অনেক কম দামে এই জল পেতে পারবে। সারা রাজ্যজুড়েই এই জল গ্রহণ করতে পারবে। এ ব্যাপারে আপনার কোন পরিকল্পনা আছে কিনা?

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় সরকারী মুখ্যসচেতক শোভনদেব চট্টোপাধ্যায়কে ধন্যবাদ। উনি ঠিকই বলেছেন। (তুমুল গোলমাল) আমরা বেশ কয়েকটি জায়গায় একদিকে যেমন সাধারণ মানুষের অনেক বড় বড় কোন অনুষ্ঠান হলে বা কোন বন্যা, অথবা আয়লা অথবা এই ধরনের কিছু বিপজ্জনক কোন ঘটনা ঘটলে আমরা পাউচ দিয়ে থাকি। অপর দিকে তেমনি আমরা একেবারে ব্যবসায়িক ভিত্তিতে (তুমুল গোলমাল) বিভিন্ন রকমের বোতল আমরা তৈরি করছি। এখনও পর্যন্ত আমরা বাজারে ছাড়িনি, সরকারের মধ্যেই সীমাবদ্ধ আছে। কিন্তু যেহেতু এটা গঙ্গার জল থেকে তৈরি হয় তাই এর গুণগত মানটা আরো বেশি। তাই অতি ভালো প্রযুক্তি ব্যবহার করে এটাতে আমরা আই. এস.আই. স্ট্যাম্প পেয়েছি। আমরা খুব সম্প্রতি বাজারে বাণিজ্যিক ভিত্তিতে—এটা ছোট বোতল, এরপরে বড় বোতল এবং সব রকমের সাইজ পাওয়া যাবে। এই বোতলটি প্রায় ১৪-১৫ টাকায় বিক্রি হয়। আমরা এর চাইতে একটু কম টাকায় বিক্রি করবো। সম্ভবত ১২ টাকা আমরা দাম করবো। তাতে ভাল জল আরো কম দামে সব মানুষের হাতে পৌঁছে যাক এটাই আমাদের উদ্দেশ্য। আমরা এটাকে কোন লাভজনক কারবার করতে চাই না। আমরা চাই বিশুদ্ধ জল স্কুলের ছেলেরা, কর্মচারীরা, সাধারণ মানুষরা তারা এটাকে পান করুক। কারণ এখনও বিভিন্ন বাণিজ্যিক সংস্থা যারা জল তৈরি করে তারা কিন্তু ডিপ-টিউবয়েল করে। আর আমরা পরিশুদ্ধ গঙ্গার জল থেকে এই জল তৈরি করি। সুতরাং আশা করি কিছুদিনের মধ্যে আমরা এই জল বাজারে বিক্রি করবো। (তুমুল গোলমাল)

শ্রী কে. পি. সিং দেও : মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রথমেই মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাই যে সব প্রকল্প নিয়েছেন—আমি বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি মাননীয় মন্ত্রী মহোদয়কে। (তুমুল গোলমাল) আপনি যেমন বাঁকুড়াতে গন্ধেশ্বরী, দ্বারকেশ্বরী জলপ্রকল্প নিয়েছেন আপনার চেক ড্যামের জন্য। তেমনি পুরুলিয়াতে যদি না নেন তাহলে ভবিষ্যতে পুরুলিয়া শহর জলাভাবে এবং জলকষ্টে সাধারণ মানুষ খুব অসুবিধায় পড়বে। আপনার কাছে আমার বিনীত অনুরোধ এটা মুখ্যমন্ত্রীর একটা প্রকল্প ছিল যাতে পুরুলিয়া শহরকে বাঁচানোর জন্য একটা চেক ড্যামের ব্যবস্থার মাধ্যমে পরিকল্পনা নেওয়া হয়।

শ্রী সুব্রত মুখার্জী : মিঃ কে. পি. সিং দেও বিধায়ক উনি নিশ্চয় জানেন যে, সাধারণভাবে গ্রামীণ জল সরবরাহ করা এই দপ্তরের দায়িত্ব কিন্তু কোন কোন জায়গায় জলের খুব অসুবিধা হলে আমরা পৌর এলাকায়, শহর এলাকায় জল সরবরাহ করি। এমনকি পশ্চিমবঙ্গের শিলিগুড়ির মত

বড় শহর যেটা শুধু মিউনিসিপালিটি নয়, কর্পোরেশান সেখানেও আমরা জল সরবরাহ করে থাকি কিন্তু এই পুরুলিয়ার গ্রামীর এলাকায় যে প্রোজেক্ট চলছে তার সঙ্গে সঙ্গে পৌরসভায় একটা সমস্যা তৈরি হয়েছে। আমি জানি প্রায় ৬৫ কোটি টাকা পৌর বিভাগ—আমার সহকর্মী ফিরহাদ হাকিম ঐ এলাকার জল সমস্যা সমাধানের জন্য ৬৫ কোটি টাকা অলরেডি দিয়ে দিয়েছেন কিন্তু ওটাকে এক্সিকিউট করতে সময় লাগবে। আমি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের সঙ্গে কথা বলেছি কারণ জলের সোর্সটা ওখানে নেই। সেইজন্য আমি কাঁসাই নদীতে সাব-মার্সিব পাম্প বসিয়ে যাতে পুরুলিয়ার সদরে অর্থাৎ শহরে যতক্ষণ না এই প্রকল্পটি কমপ্লিট হয় আমরা করে দিতে পারি কিনা আমরা সেই চিন্তাভাবনা করছি এবং নিশ্চয় কিছু একটা ব্যবস্থা হয়ে যাবে।

শ্রী অখিল গিরি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের অতিরিক্ত প্রশ্ন। জনস্বাস্থ্য, কারিগরি দপ্তরের পক্ষ থেকে আপনি গ্রামে বিভিন্নভাবে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে পানীয় জলের সরবরাহ করছেন কিন্তু সমুদ্রের যে নোনা জল এই নোনা জল থেকে বিশুদ্ধ পানীয় জল তৈরি করে গ্রামে সরবরাহ করার কোন পরিকল্পনা আপনার দপ্তর গ্রহণ করেছেন কি না। যদি করে থাকেন সেটা কোথায় করেছেন যদি আপনি এই হাউসকে জানান।

শ্রী সুব্রত মুখার্জী : অখিলবাবুকে ধন্যবাদ। আপনারা জানেন আমরা সামগ্রিকভাবে এই সরকার হওয়ার পর মুখ্যমন্ত্রী প্রথমেই যে জেলাগুলিতে গিয়েছিলেন তারমধ্যে মেদিনীপুরের দুটি জেলা, পুরুলিয়া, বাঁকুড়া এবং ওখানে গিয়ে জলের সমস্যার কথা শুনে কতগুলো পরিকল্পনা ঘোষণা করেছিলেন। আমরা সেই মত কাজ করছি। আমরা সেই কাজ করার পরেও দেখলাম, আমাদের এখানে যেমন প্রচুর আর্সেনিক প্রবলেম আছে, তেমনি ফ্লোরাইডের সমস্যা আছে। তেমনি স্ট্রং আয়রনের সমস্যা আছে এবং নোনা জলের সমস্যা আছে। বিশেষ করে দক্ষিণ এবং উত্তর ২৪ পরগনায় ও মেদিনীপুরের বিস্তীর্ণ অঞ্চল যেখানে সল্ট ওয়াটার থেকে যদি সুইট ওয়াটার আমরা বার করতে না পারি তাহলে জলের সোর্স পাওয়া যাবে না, জল নেই। আমরা সম্প্রতি দেখলাম ভারতবর্ষের অন্ধ্রপ্রদেশ এবং তামিলনাড়ু যেখানে এটা করা সম্ভব হয়েছে। ওদের ওখানে স্ট্রং সল্ট বেশি বলে কম সুইট ওয়াটার পায় কিন্তু আমাদের এক্সপার্টরা এখানে আমরা পাঠিয়েছিলাম কন্টাই, এগরা, রামনগর এই সমস্ত এলাকায়। আমরা ওখানে সমুদ্রে জল টেস্ট করে দেখেছি ৭% মিঠে পানি, মিষ্টি জল বার করা সম্ভব। সেইজন্য দুটো পরিকল্পনা নিয়ে আমাদের চিন্তাভবনা চলছে। একটি কন্টাই দীঘার ওখানে, আর একটি টাকি-বসিরহাট এলাকায় করা হচ্ছে ইছামতির ধারে। আমি আশাকরি, এই দুটি জায়গায় পশ্চিমবঙ্গের প্রথম সল্ট থেকে মিষ্টি জল বার করে মানুষকে দেওয়ার ব্যবস্থা করছি।

স্থাপিত এস.এন.সি.ইউ. ও এস.এন.এস.ইউ.-এর সংখ্যা

* ১০৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৫) **শ্রী নির্মল ঘোষ :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১১ সালের ১লা জুলাই থেকে ২০১৩ সালের ৩০ শে সেপ্টেম্বর পর্যন্ত রাজ্যে মোট কত সংখ্যক এস.এন.সি.ইউ. ও এস.এন.এস.ইউ. স্থাপিত হয়েছে?

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : ২০১১ সালের ১লা জুলাই থেকে ২০১৩ সালের সেপ্টেম্বর পর্যন্ত রাজ্যে ২৯টি এস.এন.সি.ইউ. ও ১৮৪টি এস.এন.এস.ইউ. স্থাপিত হয়েছে। প্রসঙ্গত, এখানে আমরা যখন নভেম্বর মাসের শেষে দাঁড়িয়ে আছি তখন আমরা আপনাকে এই তথ্য দিতে পারি যে এখন এই মুহূর্তে দাঁড়িয়ে ৩৬টি এস.এন.সি.ইউ. এই রাজ্যে চালু হয়ে গেছে।

৫৭টি আমরা স্যাংশান পেয়েছি এবং ৫টি এস.এন.সি.ইউ ডিসেম্বর ২০১৩ এর মধ্যে হবে। ৯টি এস.এন.সি.ইউ. মার্চ ২০১৪- এর মধ্যে হবে এবং ৭টি জুন ২০১৪-এর মধ্যে হবে। এছাড়া সাতটি স্বাস্থ্য জেলার জন্য সাতটি এস.এন.সি.ইউ-এটিও আমাদের প্ল্যানের মধ্যে রয়েছে। যা সম্পূর্ণ হলে এই রাজ্যে ৬৪টি এস.এন.সি.ইউ হবে।

..........(গোলমাল)..........

শ্রী নির্মল ঘোষ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন—স্যার, প্রশ্নে যাওয়ার আগে আমাদের বিরোধী দলনেতা—উনি যখন বলছেন যে ওনার প্রশ্ন আসছে না। কিন্তু যাদের প্রশ্ন আসছে, উনি আমাদের অধিকার খর্ব করছেন। স্যার, এটা আমি রেকর্ড করতে বলছি যে বিরোধী দল হল্লা করে জনগণের দ্বারা প্রত্যাখিত হয়ে আমাদের সদস্যাদের যে কোশ্চেন আছে, তার উত্তরপর্ব চলতে দিচ্ছেন না. ব্যধার সৃষ্টি করছেন। মাননীয় স্পীকার স্যার, আপনি প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চয় করবেন। আমার অতিরিক্ত প্রশ্নে আমি মাননীয়া মন্ত্রীকে বলতে চাই যে আপনি যে এস.এন.সি.ইউ এবং এস.এন.এস.ইউ গুলো — যেটা আপনি বলেছেন যে ৩৬টি এখন এবং ২০১৪ সালের মার্চের মধ্যে প্রায় ৬০টি ছাড়িয়ে যাবে। আমি এই দুটি ক্ষেত্রেই বলি এর উদ্দেশ্য ছিল যে পশ্চিমবাংলায় ৩৪ বছরের বেশি সময় ধরে শিশু মৃত্যু— প্রসবকালীন মায়েদের মৃত্যু হত এবং শিশুদের মৃত্যু হত। এটা একটা অদ্ভুত, মাননীয়া মুখ্যমন্ত্রী উদ্যোগ নিয়েছিলেন যে রাজ্যের শিশুরা মরবে না, শিশুর মা মরবে না। সেই উদ্যোগ আপনি নিয়েছেন। আপনি এস.এন.সি.ইউ এবং এস.এন.এস.ইউ. তৈরি করার পরে কিভাবে রাজ্যে শিশু মৃত্যুর হার কমেছে সেটা বললে ভাল হয়।

..........(গোলমাল)..........

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে আমি জানাই যে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় -- যিনি এই দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী, তাঁর পরিকল্পনায় আমাদের স্বাস্থ্য দপ্তরের প্রায়রিটি সেক্টর হল মায়ের মৃত্যু কমানো এবং শিশুর মৃত্যু কমানো। আপনাকে আমি আশ্বস্ত করে বলতে চাই যে বাম আমলে যে শিশু মৃত্যুর হার ছিল, সেই শিশু মৃত্যুর হার মাননীয়া মুখ্যমন্ত্রীর পরিকল্পনা মাফিক কাজে আজকে অনেক নীচে এসে দাঁড়িয়েছে। আগামী দিনে আপনারা আরও দেখবেন যে আমরা এই শিশু মৃত্যুর হার কমিয়ে দেব। কারণ এই যে এস.এন.সি.ইউ এবং এস.এন.এস.ইউ -- যেগুলি ফাংশানাল হতে শুরু করেছে তার সম্পূর্ণ ফাংশান হলে আপনারা পুরো তথ্যটা পেয়ে যাবেন এবং আমরা এখানে দেব। প্রসঙ্গতঃ উল্লেখ করতে চাই যে এখানে এই রাজ্যে মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে মা-মাটি-মানুষের সরকার আসার আগে অব্দি ৬টি এস.এন.সি.ইউতে ৭২ টি বেড ছিল। আর আজকে দাঁড়িয়ে আমরা গর্বের সঙ্গে বলতে পারি আজকে

এস.এন.সি.ইউতে দু'হাজারটি বেড হয়েছে এবং আগামী দিনে প্ল্যানে আড়াই হাজারটি বেড হবে। এই রাজ্যের মাটিতে যা নিদর্শন, সারা ভারতবর্ষে বিরল।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় স্পীকার স্যার, আমার অতিরিক্ত প্রশ্নের উত্তরে আপনি বলেছেন এবং এটাই রাজ্যের সব থেকে বড়—খাদ্যের পর এটা ছিল সবচেয়ে গুরুত্বপূর্ণ যে মানুষ বাঁচবে কিনা। বর্তমান সরকার মাননীয়া মমতা ব্যানার্জীর নেতৃত্বে আপনার স্বাস্থ্য দপ্তর যে ভূমিকা পালন করছে, আমার মনে হয় যে এখানে বিরোধী দলেরও কোন জায়গা নেই এর প্রশংসা করা ছাড়া। যেখানে শিশুরা বেডই পেত না, যেখানে শিশুদের জন্য বড় বড় হাসপাতাল শুধুমাত্র কোলকাতার কয়েকটি হাসপাতাল ছাড়া রাজ্যের রাজ্য হাসপাতালগুলিতে এস.এন.সি.ইউ এবং এস.এন.এস.ইউতে কোন জায়গাই প্রায় ছিল না। আজকে সেই ক্ষেত্রে বেডের সংখ্যা আপনি আড়াই হাজারে নিয়ে গিয়েছেন সেখানে আমার প্রশ্ন যে এর সঙ্গে একটু বাইরে, যে রাজ্যে এই আর্থিক বছর ২০১৪ সালের মধ্যে ৩৪ বছরে যে বেড ওরা বাড়িয়েছিল ইন জেনারেল — জেনারেল হাসপাতাল এবং কলকাতার হাসপাতাল সব মিলিয়ে তার সংখ্যা কত এবং কত সংখ্যক বেড জেনারেল হিসাবে বৃদ্ধি করতে পেরেছেন, ২০১৪ সালের মধ্যে কতটা হবে যদি বলেন ভাল হয়।

[11-30 a.m.—11.40 a.m.]

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয় বিধায়কের এই প্রশ্নটা অবশ্যই আপনি নিজেও বলেছেন যে মুল প্রশ্নের থেকে একটু বাইরে, তবু আপনাকে আমি বলতে চাই যে, আমরা সরকারে আসার পরে মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে সার্বিকভাবে ১০ হাজারেরও বেশি বেড বাড়িয়েছেন এগুলি এস.এন.সি.ইউ এর বেডকে বাদ দিয়ে বলতে চাই এবং আগামীদিনে আরও বেড বাড়াবার, আপ গ্রেডেশান করাবার, পি.আই.পি তেই সেইসমস্ত নানান স্তরের হাসপাতালেকে সংযুক্ত করে বেড বাড়ানোর জন্য আরও পদক্ষেপ নিচ্ছি। কিন্তু আপনারা জানেন ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার দেনা কাঁধে নিয়ে সরকার এসেছে। আমাদের অর্থনৈতিক সামর্থ্যের মধ্যে বাজেট অ্যালোকেশান বাড়িয়ে স্বাস্থ্যের দিকে সম্পূর্ণভাবে নজর রেখে এবং একটি জাতির মেরুদণ্ড যে স্বাস্থ্য — সে দিকে নজর রেখে মাননীয়া মুখ্যমন্ত্রী স্বাস্থ্যের প্রতি যে দৃষ্টি নিক্ষেপ করেছেন তা সারা ভারতবর্ষে সমাদৃত হচ্ছে।

শ্রী বাচ্চু হাঁসদা : স্যার, আপনার মাধ্যমে আমি একটি অতিরিক্ত প্রশ্ন করতে চাই। 'তপন' ব্লকে একটি মাত্র স্বাস্থ্যকেন্দ্র দীর্ঘদিন আগে স্থাপিত হয়েছিল। সেই স্বাস্থ্যকেন্দ্রের আপগ্রেডেশান করার কোন পরিকল্পনা আছে কিনা এবং সেখানে এস.এন.সি.ইউ-এর কোন ব্যবস্থা হচ্ছে কিনা সেটা মাননীয়া মন্ত্রীর কাছে আমি এই প্রস্তাব রাখছি এবং এই প্রশ্নটা করছি।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের জবাবে আমি বলি যে, শুধু 'তপন' ব্লকের আপগ্রেডেশান কেন, সমস্ত ব্লকেরই আপগ্রেডেশান আমাদের পরিকল্পনার মধ্যে রয়েছে। এস.এন.সি.ইউ নির্ভর করে কত সংখ্যক ডেলিভারী হচ্ছে তার উপরে। একটা স্বাস্থ্যকেন্দ্রে ডেলিভারী যদি ৫ হাজারের অতিরিক্ত হয় তখন এস.এন.সি.ইউ তাকে দেওয়া যায়। অথবা ৩ হাজারের উপরে ডেলিভারী হলে এস.এন.এস.ইউ হয়। প্রসঙ্গত বলি, মাননীয়া মুখ্যমন্ত্রী এই রাজ্যে

স্বাস্থ্য দপ্তরের কর্ণধার হওয়ার আগে অবধি এস.এন.এস.ইউ এই রাজ্যে একটিও ছিল না। আজকে এখানে দাঁড়িয়ে ১৮৪টি এস. এন. সি. ইউ এবং ৩০৭টা এস. এন. সি. ইউ করার পরিকল্পনা আছে। বাকি ১২৩টা আমরা ২০১৪ সালের মার্চ মাসের মধ্যে কমপ্লিট করে দেব এবং তাতে তপন ব্লকের নিশ্চয়ই আপগ্রেডেশান হবে।

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রীর কাছে প্রশ্ন রাখতে চাইছি যে, এস.এন.সি.ইউ বিভাগ আমাদের উত্তর ২৪ পরগনা জেলায় ৩টে হাসপাতালে—বারাসাত জেলা হাসপাতাল, বসিরহাট জেলা হাসপাতাল এবং বনগাঁ মহকুমা হাসপাতালে চালু হয়েছে। আমরা জানি ব্যারাকপুর বি.এন.বোস হাসপাতালেও সেটা স্যাংশান হয়েছে। কিন্তু এটা কতদিনের মধ্যে চালু হবে — এইরকম কোন উত্তর আপনি দিতে পারবেন কিনা ; ধন্যবাদ।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : বি.এন.বোসে এখন এস.এন.এস.ইউ চলছে এবং যত দ্রুত সম্ভব এটা করা যায় সেটা আমরা নজর রাখছি এবং কিছুদিনের মধ্যেই আপনারা জানতে পারবেন এস.এন.সি.ইউ কবে চালু হবে।

শ্রীমতী মঞ্জু বসু : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যম আমাদের মাননীয়া মন্ত্রীর কাছে আজকের সংশ্লিষ্ট প্রশ্নের অতিরিক্ত একটি প্রশ্ন করতে চাই এবং জানতে চাই। যদিও এই প্রশ্নটা আমার আগেই বলা ছিল কিন্তু আগের বিধায়ক প্রশ্নটা বলে দিলেন। সেই সূত্র ধরে বলি আমাদের রাজ্যে যে এস.এন.সি.ইউ চালু হয়েছে এটা অত্যন্ত উল্লেখযোগ্য এবং অভূতপূর্ব প্রকল্প যা আমাদের মাননীয়া স্বাস্থ্যমন্ত্রী এবং সারা বাংলার জননেত্রী মাননীয়া শ্রদ্ধেয়া মুখ্যমন্ত্রী নিয়েছেন এবং তার এই যে উদ্যোগ, তারজন্য আমি তাকে অজস্র ধন্যবাদ জানিয়ে প্রশ্ন করি, আমাদের জেলা উত্তর ২৪ পরগনা। এই জেলায় এস.এন.এস.ইউ এবং এস.এন.সি.ইউ চালু হয়েছে মাত্র তিনটে জায়গায়। তারমধ্যে একটি হতে চলেছে আর দুটি হয়েছে। আমি তাই বলছি আর কোন্ কোন্ জায়গায় হওয়ার উদ্যোগ আছে কিনা এবং তা যদি হয় সেগুলো কোন্ কোন্ জায়গায় হবে অনুগ্রহ করে জানালে উপকৃত হব। ধন্যবাদ।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : আমি আগেই মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলেছি, যে এস এন সি ইউ এবং এস এন এস ইউ দুটি নির্ভর করে কত সংখ্যক প্রসব সেই প্রতিষ্ঠানে হচ্ছে। সুতরাং আমি আজকে সদনে দাঁড়িয়ে সমস্ত বিধায়কদের কাছে অনুরোধ করব প্রাতিষ্ঠানিক প্রসব যাতে আরো বেশি করে হয়, সেদিকে আপনারা দৃষ্টি নিক্ষেপ করুন। প্রাতিষ্ঠানিক প্রসব বেশি হলে এই রাজ্যের মাটিতে আমরা এম এম আর ও কমাতে পারব, আই এম আরও কমাতে পারব। এস এন সি ইউ-র মতন নতুন তথ্যপ্রযুক্তির ব্যবহারে আমরা অসুস্থ শিশুকে চিকিৎসা দিয়ে সূর্যের আলো তাকে আরো বেশি দিন দেখাতে পারব।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : [***] আমার অনেক প্রশ্ন, আজকে কোশ্চেন ডে তে অনেক প্রশ্ন আপনার কাছে। আপনি শুনুন, আমাদের অনেক প্রশ্ন আছে। ৩০ মাস ধরে জবাব পাচ্ছি না।

*** মাননীয় অধ্যক্ষের আদেশক্রমে বাতিল।

মিঃ স্পীকার : আপনি কোশ্চেন করুন। আপনি এই সংক্রান্ত ব্যাপারে কোশ্চেন করুন।

...(গোলমাল)... শ্রী উজ্জ্বল প্রামাণিক বলুন।

শ্রী উজ্জ্বল প্রামাণিক : মাননীয় অধ্যক্ষের মাধ্যেমে আমি বিভাগীয় মন্ত্রীকে প্রশ্ন করতে চাইছি বিগত বামফ্রন্টের আমলে বর্ধমান জেলাতে মাত্র ৭টা শিশুদের চিকিৎসা করার ব্যবস্থা ছিল। সেই সময় আমরা বিরোধী দলে থাকাকালীন দীর্ঘ আন্দোলন করেছিলাম। বারবার আন্দোলন করা সত্ত্বেও সেই সময় শিশুদের কোনো ওয়ার্ড বা শিশুদের সুচিকিৎসা করার কোনো ব্যবস্থা করা হয়নি।

..........(গোলমাল)..........

মিঃ স্পীকার : আপনারা বসুন। প্লিজ টেক ইয়োর সিট। মাননীয় সদস্য প্রশ্ন করছেন। ওনার প্রশ্ন করার অধিকার রয়েছে, ওনাকে প্রশ্ন করতে দিন। Don't disrupt the House. Please. Please. আপনারা বসুন।

শ্রী উজ্জ্বল প্রামাণিক : কিন্তু আমাদের মা-মাটি-মানুষের সরকার আসার পর মাননীয় বিভাগীয় মন্ত্রী মাননীয়া নেত্রী মমতা ব্যানার্জীর নির্দেশে বর্ধমানে ২১০টির মতো এস এন সি ইউ বেড চালু হয়েছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করব বর্ধমান জেলা এবং বর্ধমান সংলগ্ন কিছু কিছু জেলা আছে যেখানে থেকে গরীব খেটে খাওয়া মানুষেরা, বিশেষ করে আদিবাসী সম্প্রদায় এবং সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষেরা বর্ধমান শহর ও বর্ধমান জেলায় চিকিৎসার জন্যে আসে। ২১০টা এস এন সি ইউ বেড ছাড়াও যদি আরো কিছু বেড বাড়ানো যায় তার জন্য আমি এই অনুরোধ মন্ত্রী মহাশয়ার কাছে রাখলাম।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে বলি, আমি আগেই বলেছি সার্বিক ভাবে, আমাদের নিশ্চিত ভাবে মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে স্বাস্থ্য পরিষেবাকে আরো উন্নত করবার পদক্ষেপ নেওয়ার চেষ্টায় কোনো ত্রুটি নেই এই স্বাস্থ্য দপ্তরের। ফলে বর্ধমান জেলায় এস এন সি ইউ আরো বেড বাড়াবার যে কথা বলেছেন, আমরা আগামী দিনে আমাদের পরিকল্পনার মধ্যে সেগুলিকে আবার চিন্তাভাবনা করব এবং যা এখানে শিশু ও মায়ের জন্য ভালো হবে তা মুখ্যমন্ত্রী সব সময় করবেন, এই বিষয়ে আমি আশ্বস্ত করতে পারি আপনাকে।

(এই সময় বামফ্রন্ট সদস্যরা সভা কক্ষ ত্যাগ করেন)

শ্রী অনুপ ঘোষাল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, যদিও এই স্বাস্থ্য সংক্রান্ত বিষয় নয়, তবু আমি বলতে বাধ্য হচ্ছি আমাদের বিরোধী দলনেতা মাঝে মাঝে এমন সমস্ত মন্তব্য করছেন, বিশেষ করে আমরা যাকে শ্রদ্ধা করি, সেই আমাদের মুখ্যমন্ত্রীকে তিনি এই মাত্র বললেন, যে 'শেষ পর্যন্ত এসেছেন'। এ কথা উনি কি করে বলেন? আমি এই কথা আপনাকে বলছি যে এগুলো এক্সপাঞ্জ করা হোক।

মিঃ স্পীকার : These words will be expunged. Don't worry. আপনি কোশ্চেন থাকলে করুন। These words will be expunged.

ডঃ অনুপ ঘোষাল : না, আমার কোনো প্রশ্ন নেই।

মিঃ স্পীকার : [***] যে সমস্ত কথা সূর্য্যবাবু বলেগেছেন—al these words are not related to the question. Therefore, those words should be expunged.

শ্রী অপূর্ব মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদিও একটু সরিয়ে এস এন সি ইউ দুর্গাপুর সাবডিভিশন হস্‌পিটাল পেয়েছে। অনেকগুলো ওষুধের দোকান হয়েছে বিভিন্ন জায়গায়। দুর্গাপুরও তার মধ্যে আছে আমি জানি। দুর্গাপুরে সুলভ মূল্যে ওষুধের দোকান কবে থেকে চালু হবে সাধারণ মানুষের জন্যে মন্ত্রী মহাশয় একটু যদি বলেন?

[11.40 a.m.—11.50 a.m.]

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : আজকের লিস্টে ১০৮ নং প্রশ্নে ওষুধের দোকান সংক্রান্ত প্রশ্ন একটা আছে, সেই প্রশ্নটা যখন আসবে তখন তার উত্তর দেব।

শ্রীমতী মমতা ব্যানার্জী : স্যার, আমাদের রাজ্য মন্ত্রীদের ডিপার্টমেন্টের চার্জ ভাগ করা থাকে। ডিপার্টমেন্টের প্রশ্নের উত্তর দেওয়ার দায়িত্ব দেওয়া আছে চন্দ্রিমা ভট্টাচার্যের উপর। কখনও কখনও আমি থাকি। আমাকে ৮/১০টা ডিপার্টমেন্ট দেখতে হয়। এটা বাধ্যতামূলক নয় যে, I have to reply the question। আমাদের চার্জ ভাগ করা থাকে। যেমন স্বপন দেবনাথকে স্মল স্কেল ভাগ করা আছে উত্তর দেবার জন্য। অপূর্ব মুখার্জী একটা প্রশ্ন করেছেন। আপনারা জানেন আগে স্বাস্থ্য দপ্তরের কি অবস্থা ছিল পশ্চিমবঙ্গে। পশ্চিমবাংলায় স্বাস্থ্য দপ্তরের অবস্থা ছিল জীবন্ত যমালয়ের মত এবং হাসপাতালগুলো। সেই জায়গা থেকে এই প্রথম ভারতবর্ষের মডেল হয়েছে এই Fair price shop. এবং আমরা গর্ব করে বলতে পারি, আমরা বাংলায় যেটা করেছি, আমরা যেটা বলি, What Bengal thinks today, India thinks tomorrow, বাংলার এই ন্যায্য মূল্যের ওষুধের দোকান, সারা ভারতবর্ষ, ভারত সরকার আজকে মডেল হিসাবে সব রাজ্যকে করতে বলেছে। আমাদের এই Fair price shop-এর অনুকরণে আজকে মহারাষ্ট্র গভর্নমেন্ট করেছে, অন্যান্য গভর্নমেন্টও করছে। সঠিক সংখ্যাটা চন্দ্রিমা বলে দেবে। ইতিমধ্যে আমরা বিভিন্ন হাসপাতালে ৩৫টা, ৩৬টা করেছি, খুলেছি, আর এই নভেম্বর ডিসেম্বরে আরও ১৬ এবং ৮, অর্থাৎ আরও ২৪টা হবে। অর্থাৎ আমাদের ৩৬ আর ২৪ মোট ৬০টা মত ন্যায্য মূল্যের ওষুধের দোকান নভেম্বর-ডিসেম্বরে হয়ে যাবে। নভেম্বরে হয়ে গেছে অনেকগুলো, বাকি যেগুলো আছে সেইগুলো ডিসেম্বরে হয়ে যাবে। আমি ডেইলি কাজ করি, সি.পি.এম.-এর মত ফাঁকি দিই না। আর ৩৫ বছর ধরে একটা সরকার ক্ষমতায় থেকেও —স্যার আজকে লজ্জার সাথে বলতে হয়, দুঃখের সাথে বলতে হয়, আমরা ৩ দিন ধরে মালদা, উত্তর দিনাজপুরে, দক্ষিণ দিনাজপুরে স্বাস্থ্য দপ্তরের খোঁজ নিচ্ছিলাম,

*** মাননীয় অধ্যক্ষের আদেশক্রমে বাতিল।

সেখানে এখনও গ্রামে বাচ্চা জন্মায়, উত্তর দিনাজপুরে এবং মুর্শিদাবাদ, মালদায় বেশীরভাগ, কোথাও ৫০-এর বেশী, কোথাও ৬৯, কোথাও ৬১, কোথাও ৮০, আমি ভেবে পাই না, যারা ৩৫ বছর ধরে প্রগতিশীলতার কথা বললেন, তারা গ্রামের মেয়েদের, এমনকি স্বাস্থ্যের জন্য তাদের যে হাসপাতালে চিকিৎসা করা উচিত। সব দাইমা খারাপ একথা আমি বলব না। তারা অনেক ট্রেন্ড, তারা ভালো করে, অভিজ্ঞতার আলোকে তারা করে। আমি বলছি না এটা খারাপ। আমি নিজেও গ্রামে জন্মেছি। কিন্তু স্যার, কতগুলো জিনিস মনে রাখতে হবে। এখনকার দিনে পলিউশান বাড়ছে। আগেকার দিনে hybrid ইউস হোত না, এখন নানান ধরনের hybrid, বিভিন্ন রকম pesticides, বিভিন্ন রকম chemicals ইউস করা হচ্ছে বিভিন্ন জায়গায়। ফলে হয়ত পলিউশানও বাড়ছে। অনেক সময় বাচ্চা জন্মানোর পর anticeptic injection দেওয়া হয় হাসপাতালে, বাচ্চাটা বেঁচে যায়, বাচ্চার মা বেঁচে যায়। এরকম অনেকগুলো system আছে, হাসপাতালে আনলে যেটা হয়, institutional detected treatment করলে যেটা হয়। কিন্তু সেটা না হওয়ার ফলে অনেক সময় আমি শুনেছি — এটা ঠিক কিনা আমি জানিনা, কোন কোন গ্রামে কারো কারো কাছে শুনেছি যে, অনেক সময় বাচ্চা জন্মাবার পর যে নাড়িটা কাটে সেটা অনেক সময় গরম তেল দিয়ে পোড়ানো হয়, ফলে infection হয়ে যায়। এটা একটা সামাজিক সমস্যা। যারা বড় প্রগতিশীলতার কথা বলে, আর এখানে দাঁড়িয়ে বিপ্লব করে, নাটক করে, শুধু টি.ভি.-তে বসে থাকে, টি.ভি.-তে বেঁচে থাকে আর প্রেসে বেঁচে থাকে, আর কিছু করার নেই তাদের। তারা কাজ কিছু করেনি। ৩৫ বছর যদি করত তাহলে এই রাজ্যটার এই সর্বনাশ হোত না। তাই আমি বলি, আমাদের সরকার আসার পর এই ব্যাপারগুলোতে নজর দিয়েছে। যার জন্য আমার 'আশা', যারা আমাদের স্বাস্থ্য দপ্তরে কিছু কাজ করে, তারা এক পয়সাও পেত না, ৬০ হাজার মেয়ে আছে গ্রামে গঞ্জে, আমরাই মাসে ১৩০০ টাকা করে মাইনে দিয়ে শুরু করেছি, আর এখন সেটা ১৫০০ টাকা হয়েছে জানি। আমি যেটা করি সেটা সিরিয়াসলি করি, আমাকে পড়ে বলতে হয় না, কারণ I know the subject। এটা গর্ব করে বলব, ওদের মত নয় যে, নির্মল গ্রামের নাম করে সুব্রত মুখার্জী বলবেন গ্রামে কোন স্যানিটেশনই তৈরী করেনি, টাকা কোথায় গেল? তদন্ত হওয়া উচিত। আমার মনে হয় আপনি দেখবেন এইগুলো। সুতরাং যারা বড় বড় কথা বলে তাদের আমি বলি, এই আশা-র মেয়েদের দিয়ে আমরা বাড়ি বাড়ি campaigning করাচ্ছি, women trafficing-এর বিরুদ্ধে আমরা campaigning করাচ্ছি। আমরা কন্যাশ্রী প্রজেক্ট কেন করলাম? ১৮ বছর বয়সের আগে যাতে মেয়েদের বিয়ে না হয়। সুস্থ বাচ্চা অনেক সময় জন্মায় না, এটা সামাজিক সমস্যা, mal-nutrition হয়। একটা বাচ্চা যখন হাসপাতালে আসে তখন তার minimum weight হওয়া উচিত ২৫০০ গ্রাম। অ্যাট লিস্ট একটা সুস্থ বাচ্চা। কিন্তু যে বাচ্চাগুলো মরো মরো অবস্থায় চলে আসে, তারা জন্মায়ই ৭০০/৮০০ গ্রাম ওজন নিয়ে। আমি নিজে কয়েকটা হাসপাতালে দেখেছিলাম, বিধানচন্দ্র শিশু হাসপাতাল থেকে শুরু করে, বাচ্চাগুলোর এত serious situation, ৫০০/৬০০ গ্রাম করে ওয়েট। মেয়েরা আমাদের ঘরের সম্পদ, এইজন্যই আমরা বারবার বলি, আমরা চাই মেয়েদের স্বাস্থ্যটাকে ভালো রাখতে হবে, তারা যাতে

প্রয়োজনীয় ফুড পায়, pregnant হওয়ার পর যাতে তারা প্রয়োজনীয় ভালোরকম treatment পায়, তারা যাতে চিকিৎসা পায়। এমন কি আমাদের সরকার — মা বলছে আমাকে গাড়ি পাঠাও, হসপিটাল গাড়ি পাঠিয়ে দিচ্ছে। এটাও আমরা চালু করে দিয়েছি। সুতরাং বোঝা উচিত। শুধু জাস্ট একটা ঘর করে দিলাম, চারটে কনক্রীটের জঙ্গল করে ডাক্তার নেই, নার্স নেই। আমাদের সরকার আসার পরে স্যার ডাক্তার পাওয়া যাচ্ছে না, নার্স পাওয়া যাচ্ছে না। যত ট্রেনড, ইভন্ বাইরে পর্যন্ত অ্যাপ্লাই করেছি ডাক্তার জয়েন করুক। অন্য স্টেট থেকে এসে যারা অ্যাভেলেবল আছে। অ্যাভেলেবিলিটি না থাকলে আমি কি করব। আমরা চেষ্টা করেছি আমাদের মত। ওরা একটা হসপিটাল পর্যন্ত ভাল তৈরী করেনি। প্রত্যেকটা হসপিটালকে জীবন্ত যমালয় তৈরী করে দিয়ে গেছে। আজকে একটা ট্রমা সেন্টার পর্যন্ত নেই। প্রতি সাবডিভিশনে আমরা ট্রমা সেন্টার করব ঠিক করেছি। অ্যাকসিডেন্ট হলে হাসপাতালে নিয়ে আসতে আসতে রোগী মরে যায়। আর তার মধ্যে রন্ধ্রে রন্ধ্রে রাজনীতি। পয়সা নেই কড়ি নেই — একটা পয়সা নেই স্যার কাজ করার মত। মাইনে দেওয়ার পয়সা নেই। বলছে ডি এ দাও, ডি এ দাও। আমি তো দিতেই চাই। না থাকলে আমি কোথা থেকে দেব? মাইনে আজকে পাবে কিনা তার ঠিক নেই। আজকে এই কাণ্ড করে আমরা বেঁচে আছি। আমি জানি কিভাবে। আমি চাই, আমার যদি ক্ষমতা থাকত আমি সব জায়গায় করে দিতাম। আমার করবার দিল আছে, আমার হৃদয় আছে, আমাদের ভিশন আছে কিন্তু মনে রাখতে হবে স্মল সেভিংস থেকে পর্যন্ত লোন নিয়ে চলে গেছে। একটা টাকা নেই পশ্চিমবঙ্গ সরকারের। সেই অবস্থায় রোজ কি করে মাইনে দেব প্রতিদিন আমার কথা হয় অমিত মিত্রর সঙ্গে এ মাসের মাইনেটা আছে তো? আমাদের জায়গায় অন্য কেউ হলে পেনশন ফান্ড টান্ড, কেন্দ্রীয় সরকার দিয়ে দিয়েছে বাইরে। একমাত্র পশ্চিমবঙ্গ, ত্রিপুরা ছাড়া আর সব রাজ্য দিয়ে দিয়েছে। আমি এখনও করিনি। তার কারণ হচ্ছে আমি বুঝছি। আমি আমার কর্মচারীদের কথা জানি, আমি ভালবাসি বলে তাই। আমি চাই তারা ভাল করে কাজ করুক রাজনীতি না করে। যা রাজনীতি হয়েছে বাংলায় ৩৫ বছর। বাংলাটাকে সর্বনাশ করে দিয়েছে বামফ্রন্ট সরকার। এর পুনরাবৃত্তি বাংলায় হলে বাংলার জেনারেশন আর বাঁচবে না। তাদের ছেলেমেয়েরা বিদেশে পড়েছে আমাদের ছেলেমেয়েরা বাংলা মিডিয়ামে পড়েছে। একটা ইংরাজী লিখতে পারে না। আমি আমাদের ছেলেমেয়েদের দোষ দিই না। তাদের পড়ানো হয়নি। সুতরাং এই জিনিস চলছে। এই জায়গায় দাঁড়িয়ে আমরা সিদ্ধান্ত নিয়েছি। একটা এস এন এস ইউ ছিল না। আমরা প্রায় পৌনে দুশোরবেশি করেছি। ৩৫ বছরে ৬টা মাত্র ছিল এস এন সি ইউ। আমরা কত করেছি খোঁজ নিন। দুটো মিলিয়ে আমরা প্রায় পৌনে তিনশোর কাছাকাছি চলে গেছি। আমরা ফেয়ার প্রাইস সেন্টার করছি এবং ফেয়ার প্রাইসে যেটা হচ্ছে ৬০ থেকে ৭০% পর্যন্ত অনেক জায়গায় কনসেশন পাচ্ছে। এমন কি ইনসুলিন পর্যন্ত ৯০% প্রায় ডায়াবেটিক এখানে। সেখানে আমরা ইনসুলিনটা ৫৪% কনসেশনে দিচ্ছি এবং এই ভাবে প্রচুর ওষুধ — জেনেরিক মেডিসিন আমরা কনসেশনে দিচ্ছি স্যার। এবং আমরা ঠিক করেছি প্রতি সাবডিভিশনে আস্তে আস্তে — এগুলো ইনফ্রা-স্ট্রাকচার খুঁজতে হয়। সব জায়গায় হয় না। যেখানে আমার ফেসিলিটিস আছে,

ইনফ্রা-স্ট্রাকচার আছে সেখানে খুঁজতে হয়, কাজেই সেখানে আমরা এটা করছি। দুর্গাপুর সহ যেগুলো বাকি আছে, যেগুলো আমাদের কমিটমেন্ট আছে সব কটাই আমরা করে দেব। এছাড়া, আমরা ফেয়ার প্রাইস ডায়গনস্টিক সেন্টার করব বাংলায় ৫০টা। ব্লাড টেস্ট থেকে শুরু করে এম আর আই, স্ক্যান থেকে শুরু করে যেখানে যা অ্যাভেলেবেলিটি হবে সেটাও যাতে লোকে এই ন্যায্য মূল্যের দোকান থেকে ৪০% কোথাও ৫০%, কোথাও ৬০% কনসেশন পাক। এটা একটা যুগান্তকারী বিপ্লব মনে রাখবেন এবং আমরা ৩৫টা মালটি সুপার হসপিটালও তিন চার বছরের মধ্যে বাংলায় তৈরী করব। স্যার, টাকা লাগে। বললেই তো হয় না। ৩৫ বছর টাকা ছিল, টাকা বিকিয়ে দিয়েছেন। কাজ করেনি। সর্বনাশ করে দিয়ে গেছে। আজকে বড় বড় কথা। আর মুখ্যমন্ত্রী কারো কথায় বা কারো --- আমি জানি আমি কোনটা করি, না করি, আমি নিজেকে মুখ্যমন্ত্রী হিসেবে কনসিডার করি না। ওরা কনসিডার করত বলে কাজ করেনি। আমি নিজেকে সাধারণ মানুষ হিসেবে কনসিডার করব। আমি কাজটা করি এবং তাই জেলায় জেলায় আমাদের মাইলের পর মাইল ছুটে যেতে হয়, স্যার। কোনদিন জীবনে হয়নি। কোন সরকার করে না। ভারতবর্ষে কোনদিন হয় নি। পৃথিবীতে হয় না। একমাত্র রাজ্যসরকার -বাংলার গভর্ণমেন্ট জেলায় জেলায় গিয়ে হাসপাতালে কি আছে খোঁজ নেয়। একশো দিনের কাজ কি আছে ব্লকে ব্লকে খোঁজ নেয়। এর জন্য খাটতে হয় আর আমিও অ্যাসেম্বলি যতটা করি ওঁদের মুখ্যমন্ত্রী কেন একজন সাধারণ মন্ত্রীও কোনদিন জীবনে করেনি। আমার সব ঘটনা জানা আছে। ৩৫ বছর আমরা বিরোধীদলে ছিলাম। বড় বড় কথা। শুধু কাগজ না থাকলে, একদিন টিভিতে মুখ না দেখালে গেল। ছিলেন তো তারা স্বাস্থ্যমন্ত্রী, কতদিন ছিলেন চন্দ্রিমার সঙ্গে একবার কমপিট করে দেখুন না। আমার সাথে পরে আসবেন। চন্দ্রিমা হেলথের স্টেট মিনিস্টার সে যতবার ঘুরেছে, ওরা ততবার ঘুরেছে কিনা জিজ্ঞেস করে দেখুন। আমি স্বাস্থ্যমন্ত্রী বলছি আগেকার স্বাস্থ্যমন্ত্রী ঘুরেছেন, দেখেছেন?

[11.50 a.m.–12.00 p.m.]

তাহলে ছটা এস এন সি ইউ হয়? আর এখানে এইডস থেকে শুরু করে কেলেংকারীর পর কেলেংকারী হয় এত? নাকি আজও আমার গ্রামবাংলার মা বোনেরা চিকিৎসা পায় না, এত শিশু মৃত্যু হয়। দিল্লি তো এত এডুকেটেড, দিল্লিতে আমাদের থেকে শিশু মৃত্যু বেশী। তামিলনাড়ুতে বেশী, কেরালাতে বেশী। কেরালায় হানড্রেড পারসেন্ট লিটারেসী। আমরা অনেক কমিয়েছি। এটা সকলের গর্ব করা উচিত। এরা করেনি। এরা করেনি, আমরা করেছি। কৃতিত্ব টোটাল মা-মাটি-মানুষের। এবং আমি মনে করি অপূর্ব মুখার্জী কোয়েশ্চেন করেছেন বলে সুযোগ হল। যেখানে যেখানে কমিটমেন্ট আছে প্রত্যেকটা হবে।

মিঃ স্পীকার : মাননীয়া মুখ্যমন্ত্রীকে আমি ব্যক্তিগতভাবে ধন্যবাদ জানাই যে বারুইপুর হাসপাতালকে উনি সুপার স্পেশালিটি হাসপাতাল হিসাবে করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছেন। শুধু তাই নয়, ক্যানিং হাসপাতালে একটা ফেয়ার প্রাইস মেডিসিন শপ, বারুইপুরে একটা ফেয়ার প্রাইস

মেডিসিন শপ উনি ওখানে খুলেছেন। যার জন্য ওখানকার লক্ষ লক্ষ মানুষের উপকার হচ্ছে। আমি ব্যক্তিগতভাবে ওঁনাকে ধন্যবাদ জানাই।

নতুন বি.পি.এল. তালিকা প্রকাশ

* ১০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯২) ডঃ তরুণকান্তি নস্কর : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, নতুন বি.পি.এল. তালিকা শীঘ্র প্রকাশিত হতে চলেছে ;

(খ) সত্যি হলে, কবে নাগাদ তা প্রকাশিত হবে বলে আশা করা যায় ; এবং

(গ) রাজ্যের মোট জনসংখ্যার কত শতাংশ মানুষকে এই তালিকার অন্তর্ভুক্ত করা হচ্ছে?

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডঃ তরুণকান্তি নস্কর যে প্রশ্ন তুলেছেন যে এটা কি সত্যি নতুন বি পি এল তালিকা শীঘ্র প্রকাশিত হতে চলেছে? যদিও এটা আপনি জানেন যে কেন্দ্রীয় সরকারের সামগ্রিক কাজ, আমরা সহযোগিতা করি। কিন্তু অনেক চেষ্টা করে কেন্দ্রীয় সরকারের এই টিমকে আমরা বাধ্য করেছি যাতে খুব দ্রুত বি পি এলের লিস্ট প্রকাশিত হতে পারে। আমরা আশা করছি এই ডিসেম্বরের মধ্যেই আমরা প্রাথমিক তালিকা সমস্ত কটি জেলাতে প্রকাশিত করে দিতে পারব।

(খ) রাজ্যের আটটি জেলায় এবং আরও তিনটি জেলা প্রসেসের মধ্যে আছে। যেমন, কুচবিহার, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, পুরুলিয়া, বাঁকুড়া, পূর্ব মেদিনীপুর, হুগলী, বীরভূম। এই সমীক্ষা সব কমপ্লিট হয়ে গেছে। এবং সেটা সংশোধনের আবেদন করারও সুযোগ পেয়ে গেছেন। ৪৫ দিন এটা টাঙ্গিয়ে দেওয়া থাকবে। তারপরই চূড়ান্ত তালিকা প্রকাশ করে দিতে পারব। এই জেলাগুলি ছাড়াও বাকী জেলাগুলিতে আমরা খুব দ্রুত চেষ্ট করছি। কিন্তু যে অনুমোদিত ফরম্যাট পাওয়া গেছে, আমাদের তার মধ্যেই কাজ করতে হচ্ছে।

(গ) রাজ্যের মোট জনসংখ্যার কত শতাংশ মানুষকে এই তালিকার অন্তর্ভুক্ত করা হয়েছে। এটা আর্থ সামাজিক সমীক্ষা, জাতিগত সমীক্ষা। কেন্দ্রীয় সরকার করে। কিন্তু আমাদের সাথে এই নিয়ে বিতর্ক আছে। গত কয়েকবছর ধরে যখন আগের সরকার ছিল, তখন এটা মাত্র ২৮-৩০% ছিল। যেখানে আমাদের দাবি কম করে প্রায় ৪৮ থেকে ৪৯% হতে পারে। সেই লড়াই আমরা করছি। সমীক্ষা শেষ হলে, আমরা জানতে পারব।

ডঃ তরুণকান্তি নস্কর : স্যার, মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ, তিনি বিস্তারিতভাবে উত্তর দিয়েছেন। আমার প্রথম অতিরিক্ত প্রশ্ন — দীর্ঘদিনধরে অভিযোগ ছিল বি পি এল তালিকা নিয়ে। এবং গ্রামে কাজ করতে গিয়ে যেটা দেখতাম যে অনেক নিঃস্ব মানুষ তারা বলেছেন যে তাদের বি পি এল তালিকা নেই। অথচ পাশের দু তিন তলা বাড়ীর দিকে তাকিয়ে তারা বলেছেন যে এই বাড়ীতে কিন্তু বি পি এল তালিকাভুক্ত মানুষ আছে। আমার কাছে একটা দু হাজার দশ সালের জুন মাসের হিন্দু পত্রিকার পেপার ক্লিপিং আছে। সেখানে এই রাজ্যের প্রাক্তন অর্থমন্ত্রী বলেছিলেন যে, এই

রাজ্যের ২.৬৪৪ বি পি এল কার্ড ইস্যু করা হয়েছিল। এবং তারমধ্যে অনেক ভুয়ো কার্ড আছে। সেটা তিনি তখন স্বীকার করেছিলেন। আমার প্রশ্ন — বি পি এল তালিকা না থাকলে মানুষ অনেক কিছুই পান না। এবং হীন উদ্দেশ্য নিয়ে এটা করা হয়েছিল বলে মনে হয়েছিল। এখন তো অনেক শুদ্ধকরণের কথা শুনি। নানা দিকে শুদ্ধকরণ হচ্ছে। আপনার কাছে প্রশ্ন — এই বি পি এল তালিকা যে ভিত্তিতে আপনি বললেন যে প্রকাশ হতে যাচ্ছে, সেটা কতটা শুদ্ধকরণ হচ্ছে এই বিষয়টার ব্যাপারে যদি আপনি আমাকে জানান।

মিঃ স্পীকার : মাননীয়া মুখ্যমন্ত্রী এই প্রশ্নের উত্তর দেবেন।

শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় : তরুণবাবুর এই প্রশ্নটা খুব ভ্যালিড প্রশ্ন। এবং এটা খুব জেনুইন প্রশ্ন এবং প্রবলেমটাও খুব জেনুইন। এবং এটা আমরা আমাদের সরকার হওয়ার পর থেকে বারেবারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে ব্যাপারটা টেকআপও করেছি। এবং টেকআপ করার পরে এখনও পর্যন্ত লকই খোলে না। লক কিয়া যায়, ওটা করেছেন। লক খুলা যায়, এটা মনে হয় এখনও পর্যন্ত ঠিকমত হয়নি।

[12.00 noon.–12.10 p.m.]

সুব্রত মুখার্জী এখানে বললেন যে, ১১টা জেলায় সম্ভবত বলেছেন করুন, করুন বলে ফুল না করা পর্যন্ত ক্লিয়ারেন্সটা ওদের থেকে নিতে হয়, কেন্দ্রীয় সরকারের থেকে নিতে হয়। আপনার সাথে আমি এক মত। আমি পরশু দিন রিভিউ করছিলাম। এর আগে আমি জেলায় জেলায় গিয়ে রিভিউ করি বলে কথাগুলো জানতে পারি। স্যার, এটা ফ্যাক্ট। ধরুন একটা বি.পি.এল কার্ড যার আছে — এ.পি.এলের অনেক লোককে বি.পি.এল করে দিয়েছে আর বি.পি.এল কার্ড যাদের তাদের দেয়ইনি। এখানে ডিস্ক্রিমিনেশান টোটালটাই হয়েছে রাজনৈতিক সংকীর্ণতা নিয়ে। টোটাল এই রাজ্যে যে কি হয়েছে আর কি হয়নি জানি না। শুধু জঞ্জাল পরিষ্কার করতে গেলে ৫০ বছর লাগবে। এমনকি লক্ষ লক্ষ রেশন কার্ড বাতিল হয়েছে। কত সংখ্যা? ৮০ লক্ষের উপর রেশন কার্ড বাতিল। ৭৭ লক্ষ ২৫ হাজার কয়েকটা মাস পর্যন্ত। আমি যেটা বললাম এটা এখনও বাতিল হওয়ার তালিকায় গেলে আরও চলবে। চলছে তো চলবে। এই তালিকা দেখুন স্যার, রেশন দোকানের নাম করে চাল গেছে, গরিব লোকের ডাল গেছে, গম গেছে, চিনি গেছে, তেল গেছে। সেগুলো গেল কোথায়? কার অ্যাকাউন্টে গেল? কে পেল? হরিবল সিচুয়েশান। আমি এরকম কোথাও দেখিনি। তারা আবার বড় বড় কথা বলে। এদের ১০ বছর উচিত ছিল মুখে ল্যুকোপ্লাস্ট লাগিয়ে বলবে অন্যায় করেছি, অন্যায় করেছি, মুখ দেখাবো না। পরিষ্কার বলছি স্যার, বি.পি.এল কার্ডে গরীব লোকেদের বঞ্চিত করা হয়েছে। আমি সে দিন জানছিলাম যে, একটা গরীব লোক যখন হাসপাতালে যায় বি.পি.এল কার্ডটা দেখালে সে ফ্রি চিকিৎসাটা পায়। আপনি বলুন তো স্যার, অনেক গরীব লোক আছে- গরীব কি কখন হিন্দু, না মুসলমান, না সিডিউল্ড কাস্ট, না ট্রাইব, না ও.বি.সি এই দেখে হয় নাকি? গরীব-গরীবই। সে হাসপাতালে গেলে চিকিৎসা পর্যন্ত পাবে না তার বি.পি.এল কার্ড নেই। তার কারণ হচ্ছে বি.পি.এল কার্ডে সে ফ্রি পায়। অর্থাৎ যাদের সব আছে তারা সব পাবে আর যাদের কিছু নেই সে কিছু পাবে না। এইটা নাকি হ্যাভস আর হ্যাভস নট -এর থিয়োরি। সেজন্য আমরা স্ট্রেট

ইন্সট্রাকশান দিয়েছি, যারা গরীব, গরীব মানে গরীব সেখানে যতক্ষণ বি.পি.এল কার্ড না হবে ততক্ষণ গরীব মানুষকে চিকিৎসার সুযোগ দেওয়া হবে। এবং আমি গ্রামোন্নয়ন দপ্তরকে বলছি, এই কাজটা ভালো করে করবে গরীব মানুষ যাতে কোন ভাবেই ডিপ্রাইভড না হয়। এটা দেখা আমাদের দায়িত্ব এবং আমরা এটা টেক কেয়ার করব। ধন্যবাদ, এই প্রশ্নটা জিজ্ঞাসা করার জন্য।

শ্রী তরুণকান্তি নস্কর : স্যার, আপনার মধ্য দিয়ে আমার দ্বিতীয় সাপ্লিমেন্টারি, মাননীয় মন্ত্রী সুব্রতবাবু যেটা বললেন, যে প্রায় ৫০% এর কাছাকাছি ৪৮% এই রকম জায়গায় বি.পি.এল তালিকায় নাম থাকতে পারে। কিন্তু কেন্দ্রীয় সরকারের যা স্টিপুলেশান তাতে ২৬.৫%। সেটা কেমন করে করবেন? আর তার সঙ্গে আমার যেটা প্রশ্ন—সেটা হল, এই বি.পি.এল কার্ডের মানে আর্থসামাজিক যে বি.পি.এল কার্ড যেটা আপনার দপ্তরের সাহায্য নিয়ে হচ্ছে সেই বি.পি.এল কার্ড থাকলে একজন মানুষ, গ্রামের গরীব মানুষ কি কি এনটাইটেলমেন্ট মানে কি কি সুযোগ সুবিধা তিনি পেতে পারেন? সে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে বা রাজ্য সরকারের তরফ থেকে। এই জিনিসটা যদি আপনি অনুগ্রহ করে জানান।

শ্রী সুব্রত মুখার্জী : আপনি তো একটু আগেই শুনলেন, মাননীয়া মুখ্যমন্ত্রীও আপনাদের কাছে বললেন সমস্যাটা। সেজন্য আমরা গুরুত্ব দিয়ে এবং চিফ মিনিস্টারের প্রত্যেকটা রিভিউ মিটিংয়েও এই জিনিসটা উল্লেখ করি। আমরা আপনার সাথে সহমত যে, বহু জায়গায় বিত্তবান লোকেদের নাম বি.পি.এল লিস্টে আছে এবং সুযোগ-সুবিধা পেয়ে যায়। আর যারা দরিদ্র থেকে দরিদ্রতম মানুষ তারা পায় না। এই যে ৪৫ দিন — আসুন আমরা সেই কাজটা শোধরাই সবাই মিলে। কেন্দ্রীয় সরকার কতটা করবে আমি জানি না, সে লড়াই চলছে। আমরা, আমাদের যে সমীক্ষা তাতে মনে করি প্রায় ৪৮ থেকে ৫০% বি.পি.এল আওতার মধ্যে হতে পারে। কিন্তু তারা শহরাঞ্চলে সুডাকে দিয়ে মাত্র ১২%-এ দাঁড় করিয়ে রেখেছে এবং গ্রামাঞ্চলে কোন জায়গাতেই ২৫%-এর বেশি উঠছে না। সে লড়াই আমরা করছি। হয়তো কিছু রাজনীতিও করবার চেষ্টা করছেন। আমাদের সেটা চলছে। কিন্তু আমি যেটা আপনাদের কাছ থেকে সহযোগিতা চাইছি, এই যে ৪৫ দিন আমরা টাঙিয়ে দিচ্ছি, যেখানে যেখানে হচ্ছে কেন্দ্রীয় সরকার আমাদের সহযোগিতা নিয়ে লিস্ট টাঙিয়ে দিচ্ছে। আসলে আমরা সবাই প্রত্যেকটা অবজার্ভেশান করি যাতে কোন গাড়িওয়ালা লোক এর মধ্যে না থাকে। আর প্রকৃত বি.পি.এল লোক যারা তাদের যাতে লিস্টে ইনক্লুড করে দিতে পারি। আমরা দপ্তর থেকে নির্দেশ দিয়েছি প্রত্যেকটা বি.ডি.ও -র কাছে যে, একটা নয়, একটা পার্সেন নয়, একটা লোকও যেন ভুল ভাবে ইনক্লুড না হয় আর একটা লোকও যে যোগ্য, বি.পি.এল থেকে বাদ না পড়ে। আমরা এই দৃষ্টিভঙ্গি নিয়ে এগোচ্ছি।

যেভাবে আমরা চাপ তৈরী করছি, মুখ্যমন্ত্রী তিনিও বলবার সময় হয়ত উল্লেখ করেন নাই, দুইবার, এইটা যারা করেন, এই ডেভেলপমেন্ট অ্যান্ড প্ল্যানিং কমিশন, দিল্লিতে এবং পশ্চিমবঙ্গে এই রাজ্যে এটা স্পেশিফিকালি মেনশান করেছেন খুব শক্তভাবে। কাজেই আমাদের রাজ্যের সঙ্গে চলছে, কিন্তু গত ৩৫ বছর তারা এই জোচ্চুরিটা করে যাওয়া এবং কেন্দ্রীয় সরকারের সাথে সমঝোতা করে পারসেন্টেজটাকে লাফিয়ে রেখেছিল বলে আমরা একটু অসুবিধার মধ্যে পড়ে আছি।

ডঃ তরুণকান্তি নস্কর : কি কি এনটাইটেলমেন্ট আছে?

শ্রী সুব্রত মুখার্জী : এতো প্রতিটি ডিপার্টমেন্টে। ফুডে আছে, হেল্থে আছে, রুরাল ডেভলপমেন্টে আছে, নারেগায় আছে, প্রত্যেক ডিপার্টমেন্টেরই ; এবং চাকরির ক্ষেত্রে আছে, বিভিন্ন জায়গায়, এই সুবিধাগুলি বি পি এল লোকেরা পেয়ে থাকবে।

Starred Questions
(To which answers were laid on the Table)

বাজেয়াপ্ত ভুয়া রেশন কার্ডের সংখ্যা

*১০৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৫১) **শ্রী সমীর কুমার জানা :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে কত সংখ্যক ভুয়া রেশন কার্ড বাজেয়াপ্ত করা হয়েছে ; এবং

(খ) দক্ষিণ ২৪ পরগনা জেলায় কত সংখ্যক নতুন রেশন কার্ড প্রদান করা হয়েছে?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১১ সালের জুন মাস থেকে ২০১৩ সালের মার্চ পর্যন্ত ৭৭.২৫ লক্ষ (সাতাত্তর লক্ষ পঁচিশ হাজার) ভুয়ো রেশন কার্ড চিহ্নিত করা হয়েছে এবং বাতিল করা হয়েছে।

১লা এপ্রিল, ২০১৩ থেকে ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ অবধি এই রাজ্যে মোট ৩, ৯৭, ৮২৮ টি ভুয়ো রেশন কার্ড চিহ্নিত করা হয়েছে এবং বাতিল করা হয়েছে।

(খ) ১লা এপ্রিল, ২০১২ থেকে ৩১শে মার্চ, ২০১৩ অবধি দক্ষিণ ২৪ পরগনা জেলায় মোট ৫,০৫,৭১১টি নতুন রেশন কার্ড প্রদান করা হয়েছে।

আর ১লা এপ্রিল, ২০১৩ থেকে ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ অবধি দক্ষিণ ২৪ পরগনা জেলায় মোট ৫৮,৭০৪টি নতুন রেশন কার্ড প্রদান করা হয়েছে।

বর্ধমান জেলায় অনুমোদিত পানীয় জল সরবরাহ প্রকল্প

*১০৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৯) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্ব্বক জানাবেন কি —

(ক) বর্ধমান জেলায় অনুমোদিত জল সরবরাহ প্রকল্পগুলি কি কি ; এবং

(খ) কাঁকসা ও বুদবুদ-মানকর-এ পানীয় জল সরবরাহ প্রকল্পের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্ধমান জেলায় ৮৩ (তিরাশি) টি চালু গ্রামীণ নলবাহিত জলসরবরাহ প্রকল্প এবং ৩৯,

৩৯২ (উনচল্লিশ হাজার তিনশত বিরানব্বই) টি টিউবওয়েল রয়েছে। ৫,২০,৮০৪ (পাঁচ লক্ষ কুড়ি হাজার আটশত চার) জন প্রকল্পিত জনসংখ্যাকে আওতাভুক্ত করতে অক্টোবর ২০১৩-এর হিসাবে আনুমানিক ৭২.৩৬ (বাহাত্তর কোটি ছত্রিশ লক্ষ) কোটি টাকা অনুমিত ব্যয়ে (estimated cost) ৩৮ (আটত্রিশ) টি নির্মীয়মাণ গ্রামীণ নলবাহিত জলসরবরাহ প্রকল্প (RPWSS) রয়েছে। নির্মীয়মাণ গ্রামীণ নলবাহিত জলসরবরাহ প্রকল্পগুলির সংক্ষিপ্ত তথ্য নিম্নে দেওয়া হল :

ক্রমিক সংখ্যা	ব্লক	নির্মীয়মাণ গ্রামীণ নল বাহিত জলসরবরাহ প্রকল্প	অনুমিত মূল্য (লক্ষ টাকায়)	প্রকল্পিত জনসংখ্যা
১	পূর্বস্থলী-২	১	২৭৪.১৮	৭৪৮১
২	পূর্বস্থলী-১	৪	৭০১.১২	১৯৫২০
৩	কালনা-২	২	৩৭১.৮৯	৮৫৪৯
৪	বর্ধমান - ১	৫	১৭৭১.১২	৪৮৬৯৮
৫	রায়না-১	২	৪০৫.১৭	৭৩৭৫
৬	মেমারী-২	১	৫২২.৩৬	১৫৩২৬
৭	ভাতার	৪	১৯১৬.২৮	৫০৮৯৭
৮	আউশগ্রাম-২	১	৬৮.৭৯	২০২৪
৯	কালনা-১	২	১০২২.৭৮	৩৩১৯২
১০	বর্ধমান-২	২	৫৩২.২৪	১২২৮২
১১	জামালপুর	২	৯৩৯.৭০	২২৯০৪
১২	আউশগ্রাম-১	১	৬৮.৯৭	১৯১১
১৩	মন্তেশ্বর	২	৭৬৩.৬৪	১৯৩৯৭
১৪	জামুরিয়া	২	১০৩৮.৮৫	১৪৩৫৪
১৫	রানীগঞ্জ	২	১৪০৮.১৬	৬৪০৭২
১৬	দুর্গাপুর-ফরিদপুর	২	২৬৭০.৯১	৫৬১৫৩
১৭	অণ্ডাল, পাণ্ডবেশ্বর	১	১৯৭২.৯১	৩৪৫০২
১৮	বারাবনি	১	২৯৭.০৩	৮৯৪৭৪
১৯	গলসী-২	১	৪৯০.৫৩	১২৬৯৩
মোট	ব্লক—১৯টি	প্রকল্প —৩৮টি	১৭২৩৬.৬৩	৫২০৮০৪

(খ) : কাঁকসা ব্লকের চারটি গ্রাম পঞ্চায়েত, যেমন - বিদবিহার, বনকাটি, গোপালপুর এবং তিলকচন্দ্রপুর এর ২৭ (সাতাশ) টি মৌজাকে অন্তর্ভুক্ত করতে ৬টি নলবাহিত জলসরবরাহ প্রকল্প রূপায়ণের জন্য গ্রহণ করা হয়েছে। যার মধ্যে বিদবিহার এবং বনকাটি গ্রামপঞ্চায়েতের দুটি নলবাহিত জলসরবরাহ প্রকল্পের বিস্তারিত প্রকল্প প্রতিবেদন (DPR) ইতিমধ্যে ৩৯৬.৭১ (তিন কোটি ছিয়ানব্বই লক্ষ একাত্তর হাজার) লক্ষ টাকা অনুমিত ব্যয়ে প্রস্তুত করা হবে। যার মাধ্যমে ৩২,২০৬ (বত্রিশ হাজার দুইশত ছয়) জন প্রকল্পিত জনসংখ্যাকে আওতাভুক্ত করা হবে। প্রকল্পগুলি অনুমোদনের অপেক্ষায় রয়েছে। বিদবিহার, বনকাটি এবং তিলকচন্দ্রপুর গ্রামপঞ্চায়েতগুলিতে বাকি চারটি জলসরবরাহ প্রকল্পের অনুসন্ধান এবং পরিকল্পনার কাজ গ্রহণ করা হয়েছে।

বুদবুদ গ্রামপঞ্চায়েত এবং মানকর গ্রাম পঞ্চায়েত দুটি গলসী- ১ নং ব্লকের অন্তর্গত। ১৯৮৩-৮৪ সালে ২০,১০২ (কুড়ি হাজার একশত দুই) জন প্রকল্পিত জনসংখ্যাকে অন্তর্ভুক্ত করতে ২৫.৭৯ (পঁচিশ লক্ষ উনআশি হাজার) লক্ষ টাকা অনুমিত ব্যয়ে মানকর গ্রামীণ নলবাহিত জলসরবরাহ প্রকল্প নামে একটি গ্রামীণ নলবাহিত জলসরবরাহ প্রকল্প (RPWSS) চালু করা হয়েছিল। প্রকল্পটি গলসী-১ নং পঞ্চায়েত সমিতিকে দৈনন্দিন চালনা ও রক্ষণাবেক্ষণের জন্য হস্তান্তর করা হয়েছিল। আরও মানকর নলবাহিত জলসরবরাহ প্রকল্পকে সম্প্রসারণ করতে ৬ (ছয়) টি মৌজার ৪০,৬০৯ (চল্লিশ হাজার ছয়শত নয়) জন প্রকল্পিত জনসংখ্যাকে আওতাভুক্ত করার জন্য ৬৪৯.৪৪ (ছয় কোটি উনপঞ্চাশ লক্ষ চুয়াল্লিশ হাজার) লক্ষ টাকা অনুমিত ব্যয় মঞ্জুর করা হয়েছিল। প্রকল্পটির প্রসারের কাজ চলছে এবং ডিসেম্বর ২০১৪ সালে সম্পূর্ণ হওয়ার সম্ভাবনা রয়েছে।

রাজ্যে মোট রেশন কার্ডের সংখ্যা

*১১০। (অনুমোদিত প্রশ্ন নং *২৯০) শ্রী শীলভদ্র দত্ত : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে মোট রেশন কার্ডের সংখ্যা কত ;

(খ) তন্মধ্যে, এ.পি.এল. ও বি.পি.এল. কার্ডের সংখ্যা কত?

(গ) কত সংখ্যক ভুয়ো রেশন কার্ড বাতিল করা হয়েছে ; এবং

(ঘ) রেশন সামগ্রী বণ্টনের স্বচ্ছতা আনতে সরকারের কোন চিন্তা ভাবনা আছে কি না?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে এই রাজ্যে মোট রেশন কার্ডের সংখ্যা ৯,৪৪,৮৫,৪৫১।

(খ) তন্মধ্যে, এই রাজ্যে এ.পি.এল. ও বি.পি.এল. কার্ডের সংখ্যা যথাক্রমে ৬,৭১,৪১,৮৫০ ও ২,০০,২৩,৩৯৫।

(গ) ২০১১ সালের জুন মাস থেকে ২০১৩ সালের মার্চ পর্যন্ত ৭৭.২৫ লক্ষ (সাতাত্তর লক্ষ পঁচিশ হাজার) ভুয়ো রেশন কার্ড চিহ্নিত করা হয়েছে এবং বাতিল করা হয়েছে।

১লা এপ্রিল, ২০১৩ থেকে ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ অবধি এই রাজ্যে মোট ৩,৯৭,৮২৮ টি ভুয়ো রেশন কার্ড চিহ্নিত করা হয়েছে এবং বাতিল করা হয়েছে।

(ঘ) রেশন সামগ্রী বন্টনে স্বচ্ছতাই এই সরকারের অগ্রাধিকার। সেই উদ্দেশ্যে নিম্ন বর্ণিত ব্যবস্থাদি গ্রহণ করা হয়েছে :

(১) রেশন দোকানে রেশন সামগ্রী পৌছানোর পর এস. এম. এস.-এর মাধ্যমে ভিজিলেন্স কমিটির সদস্যদের এলার্ট করা,

(২) এম. আর. ডিস্ট্রিবিউটারদের মাধ্যমে রেশন সামগ্রী রেশন দোকানে পৌছানোর ব্যবস্থা করা যাতে দোকানে পৌছানোর আগেই রেশন সামগ্রী অন্যত্র পাচার না হয় এবং জনগণ তাদের ন্যায্য প্রাপ্য থেকে বঞ্চিত না হয়,

(৩) রেশন সামগ্রী পরিবহনে নির্দিষ্ট রঙ বিশিষ্ট ট্রাকগুলি ব্যবহার করা,

(৪) রেশন সামগ্রী বন্টনে দুর্নীতি রুখতে রাজ্যস্তরে ভিজিলেন্স কমিটি গঠন করা,

(৫) দৈনিক সংবাদপত্রে /লিফলেট-এর মাধ্যমে কি কি সামগ্রী, কত দামে ও পরিমাণে রেশন গ্রহীতারা প্রতি সপ্তাহে পেতে পারেন, তা প্রচারের ব্যবস্থা করা,

(৬) দপ্তরে অভিযোগ জানানোর জন্য টোল-ফ্রি টেলিফোনের ব্যবস্থা করা, ইত্যাদি।

১০০ দিনের কাজে দ্রুত মজুরী প্রদান

*১১১। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৩) **শ্রী শাহাজাহান চৌধুরী** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এম.জি.এন.আর.ই.জি.এ. প্রকল্পে ১০০ দিনের কাজের মজুরী দ্রুত প্রদানের ক্ষেত্রে কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

এম. জি.এন.আর.ই.জি.এ. গাইড লাইন অনুযায়ী ১০০ দিনের কাজের মজুরী দ্রুততার সাথেই প্রদান করা হয়। ইলেকট্রনিক ফান্ড ম্যানেজমেন্ট সিস্টেমে (ই. এফ. এম. এস.) এই প্রকল্পের মজুরী আরো দ্রুততার সাথে প্রদানের উদ্দেশ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণের উদ্যোগ চলছে। ইতিমধ্যে উত্তর ২৪ পরগনা এবং হুগলী জেলায় পাইলট প্রজেক্টের কাজ শুরু হয়ে গেছে। নিকট ভবিষ্যতে এই ব্যবস্থার মাধ্যমেই সারা রাজ্যে অতি দ্রুততার সাথে ১০০ দিনের কাজের মজুরী প্রদান করা হবে।

ন্যায্যমুল্যের ওষুধের দোকান

*১১২। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৯) **শ্রী কল্লোল খাঁ** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ পর্যন্ত রাজ্যে মোট কত সংখ্যক ন্যায্যমূল্যের ওষুধের দোকান খোলা হয়েছে ;

(খ) এর ফলে উপকৃত মানুষের মোট সংখ্যা কত ;

(গ) উক্ত ওষুধের দোকানগুলি থেকে ঐ সময়ে কত পরিমাণ অর্থের ওষুধ বিক্রিত হয়েছে; এবং

(ঘ) বর্তমান অর্থবর্ষে রাজ্যে আরও কতসংখ্যক ন্যায্যমূল্যের ওষুধের দোকান খোলার সিদ্ধান্ত গৃহীত হয়েছে?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া :

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ পর্যন্ত রাজ্যে মোট ৩৬ টি ন্যায্যমূল্যের ওষুধের দোকান খোলা হয়েছে।

(খ) এর ফলে উপকৃত ২৯,২৬,৭০৪ । এঁদের এই সময় আর্থিক সুবিধা হয়েছে ৬৪.০৯ কোটি টাকা।

(গ) ন্যায্যমূল্যের ওষুধের দোকান থেকে বিক্রিত ওষুধের মোট মূল্য (৩০শে সেপ্টেম্বর পর্যন্ত) ১০৫.৬৮ কোটি টাকা।

(ঘ) বর্তমান অর্থবর্ষে রাজ্যে আরও ৫৩টি ন্যায্যমূল্যের ওষুধের দোকান খোলা হবে এবং প্রত্যেকটি মহকুমা হাসপাতালে এইরূপ ন্যায্যমূল্যের ওষুধের দোকান খোলার সিদ্ধান্ত হয়েছে।

বর্তমান মরশুমে ধান ক্রয়ের পরিকল্পনা

*১১৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪৬) **শ্রী অশোক রায় :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্ব্বক জানাবেন কি—

(ক) বর্তমান মরশুমে নির্ধারিত মূল্যে চাষীদের থেকে ধান ক্রয়ের কোন পরিকল্পনা সরকারের আছে কি না ;

(খ) থাকলে, উক্ত পরিকল্পনার রূপরেখা কি ; এবং

(গ) গত মরশুমে কত পরিমাণ ধান সংগ্রহ করা হয়েছিল?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমানে খারিফ মরশুমে (২০১৩-১৪) চাষীদের কাছ থেকে ন্যূনতম সহায়ক মূল্যে (১৩১০ টাকা প্রতি কুইন্টাল) ধান কেনার পরিকল্পনা করা হয়েছে। এই খারিফ মরশুমে মোটামুটি ৩৩ লক্ষ মেট্রিকটন ধান কেনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে রাইস মিল এবং সি.এম.আর এজেন্সিগুলির মাধ্যমে।

(খ) ধান কেনার পরিকল্পনা হিসাবে সি.এম.আর এজেন্সিগুলির সাথে আলোচনা করা হয়েছে এবং তাঁদের মাধ্যমে আনুমানিক ২১ লক্ষ মেট্রিক টন ধান কেনার উদ্যোগ নেওয়া হয়েছে। তাছাড়া রাইসমিলগুলো তাঁদের প্রদেয় ৮ লক্ষ মেট্রিকটন লেভি চাল দেবার জন্য আনুমানিক ১২ লক্ষ মেট্রিকটন ধান সরকার নির্ধারিত মূল্যে খরিদ করবে। অর্থাৎ মোট ৩৩ লক্ষ মেট্রিকটন ধান বর্তমান মরশুমে কেনার উদ্যোগ নেওয়া হয়েছে।

এ ব্যাপারে যথার্থ পরিকল্পনা প্রত্যেক জেলার আধিকারিককে পাঠানো হয়েছে যাতে দ্রুত ধান কেনার উদ্যোগ নিতে পারে।

(গ) গত মরশুমে ৩০.৭৯ লক্ষ মেট্রিকটন ধান সংগ্রহ হয়েছিল।

চুঁচুড়ায় স্টেডিয়াম নির্মাণের পরিকল্পনা

*১১৪। (অনুমোদিত প্রশ্ন *৩৭১) **শ্রী অসিত মজুমদার :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্ব্বক জানাবেন কি —

(ক) হুগলী জেলার চুঁচুড়ায় কোন স্টেডিয়াম নির্মাণের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না ; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

ক্রীড়াবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ চুঁচুড়া সহ হুগলী জেলায় একটি স্টেডিয়াম নির্মাণের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে।

(খ) জেলা সমাহার্তা হুগলীকে প্রয়োজনীয় জমির জন্য বলা হয়েছে। উপযুক্ত জমি পেলে পরিকল্পনাটি বাস্তবায়িত হবে।

'অধিকার' নামক গৃহ নির্মাণ প্রকল্প

*১১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৪) **শ্রী নেপাল মাহাত :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, 'অধিকার' নামক গৃহ নির্মাণ পরিকল্পনা সরকার গ্রহণ করেছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত প্রকল্পের আওতাভুক্তদের তালিকা কীভাবে তৈরী করা হবে?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) হ্যাঁ এটা সত্যি 'অধিকার' নামক গৃহ নির্মাণ পরিকল্পনা সরকার গ্রহণ করেছে।

(খ) এই প্রকল্পটি ১১টি বি. আর. জি. এফ. জেলার কিছু বিধানসভা ক্ষেত্রে রূপায়ণ করা হচ্ছে।

সংশ্লিষ্ট বিধানসভা ক্ষেত্রের বিধায়ক এই প্রকল্পের উপভোক্তা নির্বাচন করবেন। উপভোক্তা নির্বাচনের ক্ষেত্রে ঐ পরিবারটির আর্থিক অবস্থাকে গুরুত্ব দিতে হবে। লক্ষ্য রাখতে হবে যে পরিবারটি ইন্দিরা আবাস যোজনা বা অন্য কোন গৃহ নির্মাণ প্রকল্পের আওতায় সাহায্য পাননি।

বিদ্যালয়ে আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহ

*১১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৭) শ্রী চিরঞ্জিত চক্রবর্তী : জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) আর্সেনিকপ্রবণ এলাকার বিদ্যালয়গুলিতে আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহের কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না ; এবং

(খ) থাকলে, তার রূপরেখা কি?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্য সরকার সমস্ত আর্সেনিক প্রভাবিত অঞ্চলে ভূপৃষ্ঠস্থ জলভিত্তিক নলবাহিত জলসরবরাহ প্রকল্প অথবা ভূগর্ভস্থ জলভিত্তিক নলবাহিত জলসরবরাহ প্রকল্পের মাধ্যমে, প্রয়োজন অনুসারে আর্সেনিক দূরীকরণ যন্ত্র যুক্ত করে, জাতীয় গ্রামীণ পানীয় জল প্রকল্পের (NRDWP) অধীনে একটি মহা পরিকল্পনা রূপায়ণ করছে। এই প্রকল্পগুলির আওতাক্ষেত্রে অনেক গ্রাম রয়েছে। সরকার পরিচালিত স্কুল যেগুলি উক্ত প্রকল্পের কাছাকাছি থাকে এবং বিতরণ প্রণালীর পথের কাছে অবস্থিত সেগুলি সাধারণত এই প্রকল্পের অধীনে নলবাহিত নিরাপদ জলের সুবিধার আওতাভুক্ত।

(খ) উপরিউক্ত ছাড়া, এই বিষয়ে কোন স্বতন্ত্র পরিকল্পনা নেই।

প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় অন্তর্ভুক্ত রাস্তা

*১১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৭) শ্রী অজয় দে : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা প্রকল্পে নদীয়া জেলার শান্তিপুর থানার অন্তর্গত এলাকায় কত সংখ্যক রাস্তা 'কোর নেট ওয়ার্ক'-এর অন্তর্ভুক্ত করা হয়েছে (তালিকা সহ) ; এবং

(খ) উক্ত রাস্তাগুলির নির্মাণের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে রয়েছে?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা প্রকল্পে নদীয়া জেলার শান্তিপুর থানার অন্তর্গত এলাকার ২৪টি রাস্তা কোর নেট ওয়ার্ক-এর অন্তর্ভুক্ত করা হয়েছে। উক্ত রাস্তাগুলোর তালিকা সংযোজিত করা হল।

(খ) শান্তিপুর থানার ২৪ টি রাস্তার নির্মাণের বর্তমান পর্যায় উপরিউক্ত তালিকায় দেওয়া আছে।

PROFORMA-CN-I - Details of Core Network Roads

State : West Bengal

No	Road	Road From	Road To	Length	Population Name	Population	REMARKS
1	2	3	4	5	6	7	8
	T01				MAHISYA PARA	1977	
					BAGDIA DAKSHIN PARA	2000	
					NARASINHA NAGAR	979	
					PALPARA	1205	NK 34
					GHORALIA MADHYA	2333	
		BAGDIA			RATH BAZAR PARA	1259	
		DAKSHIN			GOALPUR	1259	
1	BAGDIA TO GOALPUR	PARA	GOALPUR	7.5	UDAYPUR	1513	
	T02				KULIA	2791	
					NIKUMGA NAGAR	3500	
					BAGDIA MUSLIM PARA	2559	
					BATHANGACHI UTTAR	1400	
					KHALSI	808	ODR
					MATH PARA	1315	
					ARBANDI	1869	Other Deistrict Road
2	SGUNA TO ARBANDHI	SOGUNA	ARBANDI	14	SOGUNA	1100	
	T03				SUKUPUKURIA	1100	
					BOALIA BAGANPARA	2003	
					BELPUKUR PARA	3000	ODR
	ARBANDI TO				NIDKUR	1010	Other District Road
3	SUKPUKURIA	ARBANDI	SUKUPUKURIA	8	CHATAKTALA	3250	
	T04				BRAHMASASAN	1498	
					CHANDKURI	2246	
					CHAKRAGHUNATHPUR	3460	
					BANKDEBIPUR	3352	COMPLETED UNDER
					RAGHUNATHPUR	1400PMGSY	PHASE V 8 VI
					HARIPUR	3143	10.461+7.835)=18.
							296KM
					GOBINDAPUR BAZARPARA	2500	

4	NIDKUR TO NRIRINGHAPUR TEWARIMATH	NIDKUR	NRIRINGHA PUR TEWARIMATH	25	KANAKHOLA	2519	
					MOLLABAR	736	
					ARBALDA	1833	
					NRIRINGHA PUR TEWARIMATH	1002	
5	T05 MANIK NAGAR TO SOGUNA SEN PARA PART 1	NANIK NAGAR	SOGUNA SEN PARA	10	MANIK NAGAR	3074	COMPLETED UNDER PMGSY PHASE VIII 21.96 KM
					CHAK BHOLADANGA	240	
					MEDIA	478	
					SOGUNA SEN PARA	1300	
					BAGDABITALA	2356	
6	T05 BAGDABITALA TO BOALIA PARA 2	BAGDABITALA	BOALIA	18	KARANCHAPALI	953	
					KUTUBPUR	898	
					GOBINDAPUR	1594	
					CHHOTOJIAKUR	982	
					BARAJIAKUR	2476	
					DENUI	1604	
					BOALIA	1120	
7	T06 FULLIAPARA WEST TO NABLA	FULLIA	NABLA	10	FULLIA	883	ONGOING UNDER PMGSY PHASE X 8.5 KM
					PUMLIA	681	
					BELGHARIA	1110	
					NABLA	700	
					NIL NAGAR	451	
					BARADANGA	1881	
8.	T07 SABUJPALLY MORE TO SANTIPUR LAXMITALA PARA	SABUJ PALLY	SANTIPUR LAKSHMI TALA PARA	15	MATH PARA	2300	DPR SUBMITTED UNDER PMGSY UPGRADATION CATEGORY
					SANTIPURLAKSHMITALAPARA	2711	
					DHAKURIA	1108	
					DURGAPUR	4895	
					PRAMODPALLY	3100	
					PARESHNATH PUR	2130	
					KHAPRADANGA	3488	
					BHAWANIPUR	3100	

9	T08 BAHIR NADHYA PARA TO CHANDRA MATH PARA	BAHIR MADHYA PUR	CHANDRA MATH PARA	15	CHANDRA ROY PARA CHANDRA MATH PARA GHOSRA BAHADURPUR BAHIR MADHYA PUR GOBARCHAR	2311 2381 188 831 1021 1325	TENDER INVITED UNDER PMGSY PHASE X 10.32KM
10	T09 METHIADANGA JAMTALA MORE TO BAGANCHARA VIA	METHIADANGA	BAGANCHARA BAZAR PARA	11.5	BAGANCHRA BAZAR PARA HARIND METHIADANGA SAHAB DANGA	2510 2005 1793 3500	DPR SUBMITTEDE UNDER PMGSY UPGRADATION CATEGORY
11	T10 BATHAN GACHHI TO ARPARA	BATHAGACHI UTTAR	ARPARA	10	ALUIPARA DANKHIRA BHAGALPUR ARPARA MALIPOTA	1279 1693 595 1784 1100	NH 34
12	T11 HIJULI GHOSH PARA TO BAGACHRA BAGDEBITALA	HIJULI GHOSH PARA	BAGACHRA BAGDABITALA	10	GAYESPUR MATHURAPUR BAGACHRA BAGDABITALA LAXMINATHPUR BHOLADANGA HIJULI GHOSH PARA TENGRIDANGA	2130 1398 3000 2212 2200 1500 2215	DPR SUBMITTED UNDER PMGSY UPGRADATION CATEGORY
13	L021 ARBANDI TO BLLABHPUR	ARBANDI	BALLABHPUR	1	VIVEKANANDA NAGAR KYAT PARA BALLABHPUR	3000 1061	COMPLETED UNDER PMGSY PHASE VII 3.15KM
14	L022 BUINCHA GHOSH PARTA TO TALTALA	BUINCHA GHOSH PARA	TALTALA PARA	1.75	TALTALA PARA BUINCHA GHOSH PARA	1020 2249	
15	L023 NUTAN BUINCHA TO FULIA HOSPITAL	NATUA BUINCHA	FULLIA	1.5	FULIA HOSPITAL PARA NATUA BUINCHA	5446 1420	COMPLETED UNDER PMGSY PHASE VII 2.37KM

16	L024 PRAFULLA NAGAR TO SABUJ PALLY	PRAFULLA NAGAR	SABUJ PALLY	4	SABUJ PALLY PRAFULLA NAGAR	634 6530	ONGOING UNDER PMGSY PHASE X 8.7KM
17	L025 NABLA THAKUR BARI TO SIMULIA	NABLA THAKUR BARI	SIMULIA		SIMULIA 0.75 NABLA THAKUR BARI	411 605	ONGOING UNDER PMGSY PHASE X 5.69KM
18	L026 NH CONNECTION TO CHAMPATALA	BEHARIA	CHAMPATALA	0.75	BEHARIA CHAMPATLA	511 600	Link Round & Nill be taken upgradation in future under
19	L027 INDIRA HOUSE COLONY TO BABLA BAN	INDIRA HOUSE COLONY	BABLABAN	2	INDIRA HOUSE COLONY NRIRINGHA PUR HALDER PARA NRIRINGHA PUR MADH COLONY NRIRNGHA PUR BAZAR PARA BABLABAN	2761 2650 2001 2589 2076	"Upgradation" Category
20	L028 SOGUNA SEN PARA HIJULI MUSLIM PARA	SOGUNA SEN PARA	HIJULI MUSHLIM PARA	2.25	SOGUNSA MUSHLIM PARA HIJULI MUSLIM PARA	2021 1851	COMPLETED UNDER PMGSY PHASE VII 4.27KM
21	L029 NH CONNECTIO9N TO PANCHPOTA	PANCHPOTA	PANCHPOTA	1	PANCHPOTA PHULIA STATION PARA	3278 18340	Link rounds & Nill be taken upgradation in Category
22	L030 BATHANGACHI TO	BATHANGACHI DAKSHIN	DANKSHIRA	1	DANKSHIRA BATHANGACHI DAKSHIN	1564 1200	-
23	L032 KADAMPUR	MANIKDIHI	KADAMPUR	1.25	KADAMPUR MANIKDIHI	1728 366	-
24	L032 NH CONNECTION TO BATHANA RAILWAY STATION	GHORALIA DAKSHIN BATHNA	BATHNA	2.5	BATHNA GHORALIA DAKSHIN	1764 1213	COMPLETED UNDER PMGSY PHASE VII 2.45KM
			Total			173.75	

আর্সেনিকপ্রবণ এলাকায় বিশুদ্ধ পানীয় জল সরবরাহ

*১১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪১২) শ্রী বাসুদেব খাঁ : জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

২০১১-১২ ও ২০১২-১৩ আর্থিক বর্ষে রাজ্যের আর্সেনিকপ্রবণ এলাকায় বিশুদ্ধ পানীয় জল সরবরাহের জন্য কি কি পরিকল্পনা গৃহীত হয়েছে?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাজ্যে আর্সেনিক প্রভাবিত অঞ্চলে আর্সেনিক দূরীকরণের মহাপরিকল্পনা রূপায়ণ করতে জনস্বাস্থ্য কারিগরী বিভাগ ২০১১-১২ এবং ২০১২-১৩ আর্থিকবর্ষে সমস্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে।

এই বিষয়ে ২০১১-১২ আর্থিকবর্ষে আর্সেনিক প্রভাবিত অঞ্চলে ৩৫ (পঁয়ত্রিশ) টি ভূগর্ভস্থ জলভিত্তিক নলবাহিত জলসরবরাহ প্রকল্প চালু হয়েছে, যার দ্বারা ১.৮৪ লক্ষ (এক লক্ষ চুরাশি হাজার) জনসংখ্যা আওতাভুক্ত। ইহা ছাড়াও বর্ধমান জেলায় ১ (এক) টি ভূপৃষ্ঠ জলভিত্তিক নলবাহিত জলসরবরাহ প্রকল্পের মাধ্যমে ১.১৪ লক্ষ (এক লক্ষ চোদ্দো হাজার) জনসংখ্যা আওতাভুক্ত হয়েছে।

২০১২-১৩ আর্থিকবর্ষে আর্সেনিক প্রভাবিত অঞ্চলে ৮৩ (তিরাশি) টি ভূগর্ভস্থ জলভিত্তিক নলবাহিত জলসরবরাহ প্রকল্প চালু হয়েছে, যার দ্বারা ৭.৮৮ লক্ষ (সাত লক্ষ অষ্টআশি হাজার) জনসংখ্যা আওতাভুক্ত। ইহা ছাড়াও মুর্শিদাবাদ জেলায় ১ (এক) টি ভূপৃষ্ঠস্থ জলভিত্তিক নলবাহিত জলসরবরাহ প্রকল্পের মাধ্যমে ৪.৮২ লক্ষ (চার লক্ষ বিরাশি হাজার) জলসংখ্যা আওতাভুক্ত হয়েছে।

সি.টি.সি.-তে কর্মরত কর্মচারীর সংখ্যা

*১১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৬) শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে ক্যালকাটা ট্রামওয়েজ কোম্পানীতে কর্মরত কর্মচারীর সংখ্যা কত ; এবং

(খ) তন্মধ্যে, (১) কত সংখ্যক স্থায়ী ও

(২) অস্থায়ী কর্মচারী আছেন (আলাদা আলাদা ভাবে)?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় :

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে ক্যালকাটা ট্রামওয়েজ কোম্পানীতে বর্তমান কর্মরত কর্মচারীর সংখ্যা - ৫৯৪১ জন

(খ) তন্মধ্যে

(১) স্থায়ী কর্মচারীর সংখ্যা-৫৬৯৯ জন

(২) অস্থায়ী কর্মচারীর সংখ্যা-২৪২ জন।

প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় অনুমোদিত রাস্তা

*১২০। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৪) শ্রী ঈদ মহম্মদ : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

বর্তমান আর্থিক বর্ষে রাজ্যে কত কিলোমিটার নতুন রাস্তা নির্মাণের প্রস্তাব প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনায় অনুমোদিত হয়েছে (জেলাভিত্তিক হিসাব)?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

বর্তমান আর্থিক বর্ষ অর্থাৎ ২০১৩-২০১৪ সালে প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনায় মোট ২৫৬৬.৬০৭ কি. মি আপগ্রেডেশন নতুন রাস্তা নির্মাণের প্রস্তাব প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনায় অনুমোদিত হয়েছে যার জেলা ভিত্তিক হিসাব নিচে দেওয়া হইল-

(ক) ২০১৩-১৪ সালে অনুমোদিত প্রকল্প, ব্যাচ-১, এডিবি পি. এম. জি. এস. ওয়াই

ক্রমিক সংখ্যা	জেলার নাম	দৈর্ঘ্য (কিমি. তে)
১.	উত্তর ২৪ পরগনা	৪২৮.৮০০
২.	বাঁকুড়া	৩২.১২৪
৩.	বর্ধমান	১১.০৫
৪.	দার্জিলিং	৭৩.১৩
৫.	জলপাইগুড়ি	১২৯.১৭৪
৬.	মালদা	২২.৩৭
৭.	উত্তর দিনাজপুর	৪.১৭১
৮.	পুরুলিয়া	৬.৪৪১
৯.	পূর্ব মেদিনীপুর	৭.৭১৮
১০	পশ্চিম মেদিনীপুর	২১৫.১০৯
	মোট	৯৩০.০৮৭

(খ) ২০১৩ -১৪ সালে অনুমোদিত প্রকল্প, ব্যাচ-১, নিয়মিত পি. এম. জি. এস. ওয়াই (দার্জিলিং, ধাপ-২)

ক্রমিক সংখ্যা	জেলার নাম	দৈর্ঘ্য (কিমি. তে)
১.	দার্জিলিং	৯৭.৩৯
	মোট	৯৭.৩৯

(গ) ২০১৩ -১৪ সালে অনুমোদিত প্রকল্প, ব্যাচ-২, নিয়মিত পি. এম. জি. এস. ওয়াই (আই এ পি জেলা)

ক্রমিক সংখ্যা	জেলার নাম	দৈর্ঘ্য (কিমি. তে)
১.	বাঁকুড়া	৫৪২.৭৭
২.	পুরুলিয়া	৮৩.২৮
৩.	পশ্চিম মেদিনীপুর	৯১৩.০৮
	মোট	১৫৩৯.১৩

জলপথ পরিবহনে গৃহীত পরিকল্পনা

*১২১। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৮) **শ্রী আনিসুর রহমান :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

রাজ্যে জলপথ পরিবহনের সুবিধার্থে সরকারের গৃহীত পরিকল্পনাগুলি কি কি?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাজ্যে জলপথ পরিবহনের সুবিধার্থে পরিবহন দপ্তরের পরিকল্পনা গুলি নিম্নরূপ।

(১) পরিবহন দপ্তরের অর্থানুকুল্যে সেচ দপ্তর কর্তৃক রামকৃষ্ণপুর, শিবপুর এবং চাঁদপালঘাট-২ এই তিনটি জেটির সংস্কার সাধন।

(২) পশ্চিমবঙ্গ পরিবহন পরিকাঠামো উন্নয়ন নিগম কর্তৃক নয়টি জেটি ঘাট যথা— কাশীপুর জেটি, বাগবাজার জেটি, শোভাবাজার জেটি, মেটিয়াবুরুজ জেটি, আর্মেনিয়ান জেটি, হাওড়া জেটি-২, ফেয়ারলি প্লেস জেটি-২, নাজেরগঞ্জ জেটি এবং চাঁদপাল ঘাট জেটি নং-১ সংস্কার সাধন।

(৩) পরিবহন দপ্তরের অর্থানুকুল্যে মুর্শিদাবাদ জেলায় হাজারদুয়ারী এবং নদীয়া জেলায় রামনগরে পন্টুন জেটি সংস্কার। এছাড়া হুগলী জেলায় চুঁচুড়া জেটি ঘাটে যাত্রীছাউনি ও অন্যান্য যাত্রী স্বাচ্ছন্দের ব্যবস্থা।

(৪) পরিবহন দপ্তরের অর্থানুকুল্যে দক্ষিণ ২৪ পরগনা জেলায় ছয়টি নতুন জেটি নির্মাণ যথা অছিপুর ঘাট, রায়পুর ঘাট, বুরুল ঘাট, ফলতা ঘাট, নৈনান ঘাট এবং নুরপুর ঘাট।

(৫) পরিবহন দপ্তরের অর্থানুকুল্যে উত্তর ২৪ পরগনা জেলায় এগারটি জেটি ঘাট সংস্কারসাধন যথা—তিসখালী, সন্দেশখালী, রামপুর বাজার, খুলনা, কাখালী, হালদার ঘেরী, দুয়ারী জঙ্গল, ধামাখালী, ভোলাখালী, তুসখালি (অতিরিক্ত) এবং আতাপুর। এছাড়াও গাজীখালী এবং নাজাত জেটীর সংস্কার।

(৬) পরিবহন দপ্তরের অর্থানুকুল্যে ব্যারাকপুর পুরসভা কর্তৃক দেবীতলা এবং নবাবগঞ্জ ঘাটে নতুন জেটি নির্মাণ।

(৭) পর্যটন দপ্তর/হাওড়া জেলা পরিষদ-এর অর্থানুকূল্যে গাদিয়াড়া জেটির সৌন্দর্যসাধন এবং এলাকা উন্নয়ন।

(৮) পশ্চিমবঙ্গ ভূতল পরিবহন নিগম কর্তৃক পনেরটি পন্টুন জেটি নির্মাণ ও সাতটি জলযান সংস্কার। এছাড়া 'নবান্ন'-এ যাত্রী যোগাযোগের সুবিধার লক্ষে ফেয়ারলি প্লেস থেকে শিবপুর এবং রামকৃষ্ণপুর পর্যন্ত যাতায়াতের জন্য হুগলী নদী জলপথ পরিবহন সমবায় সমিতি কর্তৃক জলযান পরিষেবা চালু করা হয়েছে। দারিদ্রসীমার নীচে বসবাসকারী ব্যক্তিগণকে বিনামূল্যে উক্ত জলপথে যাতায়াতের সুবিধা প্রদান করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

(৯) অতি সম্প্রতি শ্রীরামকৃষ্ণ-সারদা-বিবেকানন্দ সার্কিটে ভূতল পরিবহন নিগম কর্তৃক মিলেনিয়াম পার্ক থেকে আড়িয়াদহ পর্যন্ত (ভায়া হাওড়া, বাগবাজার, কুঠিঘাট, বেলুড়) প্রাত্যহিক ভেসেল চালু করা হয়েছে। ওই পথেই বেসরকারী সংস্থার সহায়তায় অপেক্ষাকৃত দ্রুতগতি যানে পরিষেবা শুরু করা হয়েছে।

(১০) খড়দহ, গাদিয়াড়া, দক্ষিণেশ্বর এবং বাবুঘাটে নতুন জেটি তৈরী করা হচ্ছে। দক্ষিণেশ্বর এবং বাবুঘাটে জেটি দুটির নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার পর কলকাতা-হাওড়া-হুগলীর বিভিন্ন জেটিতে ভেসেল পরিষেবা চালু করার পরিকল্পনা আছে।

(১১) শালিমার ও বি.এন.আর. জেটিতে খুব শীঘ্র ভেসেল পরিষেবা পুনরায় চালু করার পরিকল্পনা আছে।

হরিহরপাড়া ব্লকে আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহ প্রকল্প

*১২২। (অনুমোদিত প্রশ্ন নং *৬০২) **শ্রী ইনসার আলী বিশ্বাস :** বিগত ২২শে মার্চ, ২০১৩ তারিখে প্রদত্ত ১১২ নং (অনুমোদিত প্রশ্ন নং ৯৬৯) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

হরিহরপাড়া ব্লকে আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহ প্রকল্পের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

"মুর্শিদাবাদের আর্সেনিক প্রভাবিত অঞ্চলের জন্য ভূপৃষ্ঠস্থ জলভিত্তিক জলসরবরাহ প্রকল্প (মধ্য অঞ্চল — অংশ ১ ও ২), মুর্শিদাবাদ জেলা" নামক প্রকল্পের অংশ ২ এর অধীনে হরিহরপাড়া ব্লক আওতাভুক্ত।

এই প্রকল্পের অধীনে অংশ ১, ২০১৩ সালের মে মাসে চালু হয়ে গেছে। এর দ্বারা বহরমপুর (অংশ) ব্লক, মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ (অংশ) ব্লক এবং মুর্শিদাবাদ (অংশ) ও জিয়াগঞ্জ-আজিমগঞ্জ (অংশ) পৌরসভার ৪.৮২ লক্ষ (চার লক্ষ বিরাশি হাজার) জনসংখ্যা উপকৃত হচ্ছে।

হরিহরপাড়া ব্লকে কিছু বিতরণ অঞ্চলের মুখ্যকার্য স্থল (Head work site) ও বহরমপুর ব্লকের জলগ্রহণ (intake) ও জলশোধন কেন্দ্রে জমির বিতর্ক থাকায় এই প্রকল্পের অংশ ২ সম্পূর্ণ

করা যায়নি। হরিহরপাড়া ব্লকের ৫ (পাঁচ) টি বিতরণ অঞ্চলের মধ্যে ৩ (তিন) টি অঞ্চল সম্পূর্ণ। লোচনবাটি এবং চোয়া বিতরণ অঞ্চলের মুখ্যকার্য স্থলের জমির বিতর্ক থাকায় কাজ বন্ধ আছে, ফলে বাকী ২ (দুই) টি অঞ্চল আংশিক সম্পূর্ণ। জমি বিতর্ক মিটলে ৬ (ছয়) মাসের মধ্যে ঐ অংশ চালু হয়ে যাবে।

পাম্পহাউসগুলিতে অস্থায়ী কর্মীর সংখ্যা

*১২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৪) শ্রী এস. এম. সাদি : জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যের জনস্বাস্থ্য কারিগরী দপ্তরের অধীনে পাম্পহাউসগুলিতে অস্থায়ী কর্মীর সংখ্যা কত ; এবং

(খ) ঐ সকল কর্মীদের (১) বেতন বৃদ্ধি ও (২) স্থায়ীকরণের কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১৮/১১/২০১৩ অনুযায়ী রাজ্যের জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের অধীনে বহিঃ এজেন্সির মাধ্যমে (outsourcing) বিভিন্ন জল সরবরাহ প্রকল্পের পাম্পহাউসগুলিতে পাম্পিং মেশিনগুলি দৈনন্দিন চালনার জন্য বিভিন্ন এজেন্সির মাধ্যমে ৬০৯২ (ছয় হাজার বিরানব্বই) জন কর্মচারী নিয়োজিত রয়েছে। এই কর্মচারীরা ঐ কাজের জন্য দায়িত্বপ্রাপ্ত ঠিকাদার কর্তৃক চুক্তির ভিত্তিতে নিযুক্ত। ঠিকাদাররা সরকারী নিয়মানুযায়ী দরপত্র আহ্বানের মাধ্যমে নির্বাচিত।

(খ) (১) পাম্প অপারেটরদের দৈনিক মজুরির হার বিশ্লেষিত হয় যখন শ্রম দপ্তরের অনুমোদন অনুসারে দৈনিক মজুরি বর্ধিত হয়। এরূপ হারেই দরপত্র আহ্বান করা হয়। দৈনিক মজুরি বৃদ্ধি করার প্রস্তাব এখন বিবেচনাধীন।

(২) যেহেতু জলসরবরাহ প্রকল্পগুলি চালনার জন্য অর্থদপ্তর অনুমোদনের সময় কোন পদ সৃষ্টি করেনি, তাই প্রকল্পগুলি বহিঃ এজেন্সির মাধ্যমে (outsourcing) চলে। সেই কারণে সরকারের বর্তমান নীতি অনুসারে এই বিষয়ে কোনো পরিকল্পনা নেই।

ক্লাবকে আর্থিক সহযোগিতা

*১২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫৬) শ্রী অপূর্ব সরকার : ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বিগত দুই বছরে রাজ্যের কত সংখ্যক ক্লাবকে সরকার আর্থিক অনুদান দিয়ে সহযোগিতা করেছে (জেলাওয়ারী তথ্য) ; এবং

(খ) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে, মুর্শিদাবাদ জেলার কত সংখ্যক ক্লাব আবেদন করা সত্ত্বেও উক্ত আর্থিক সহযোগিতা পায়নি?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বিগত দুই আর্থিক বছর ২০১১-১২ এবং ২০১২-১৩ তে রাজ্যের যে সকল ক্লাবকে সরকার আর্থিক অনুদান দিয়ে সহযোগিতা করেছে, সেই সংক্রান্ত জেলাওয়ারী তথ্য সংযোজিত আকারে দেওয়া হল।

(খ) সরকারী আর্থিক অনুদানের জন্য মুর্শিদাবাদ জেলা থেকে প্রাপ্ত আবেদনের সংখ্যা অত্যন্ত কম। এর মধ্যে যে সকল ক্লাবের আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় নথিপত্র জমা দিয়েছে তাদের সরকারী অনুদান দেওয়া হয়েছে। অন্যান্য আবেদনকারী ক্লাবগুলি প্রয়োজনীয় নথিপত্র সহযোগে পুনঃরায় আবেদন করলে বিবেচনা করা হবে।

সংযোজন-১

২০১১-১২ আর্থিক বর্ষে আর্থিক অনুদান প্রাপ্ত ক্লাবের সংখ্যা : ১৪৯১টি

এর মধ্যে ৭৮১টি ক্লাব ২ লক্ষ টাকা করে অনুদান পেয়েছে।

জেলাওয়ারী তথ্য : বাঁকুড়া-২৪ ; বর্ধমান-৩৪ ; বীরভূম-০৪; কোচবিহার-১৯ ; দার্জিলিং-১১; পূর্ব মেদিনীপুর-৫৪ ; হুগলী-৮১ ; হাওড়া-৬১ ; জলপাইগুড়ি-১৬ ; কলকাতা-৬৯; মালদা-১৬; নদীয়া-৫৮ ; উত্তর ২৪ পরগনা-১৩১ ; উত্তর দিনাজপুর-০৬ ; পুরুলিয়া-১৭ ; দক্ষিণ ২৪ পরগনা-১৫১ ; দক্ষিণ দিনাজপুর-১০ ; পশ্চিম মেদিনীপুর-১৯।

এবং জঙ্গলমহলের ৭১০টি ক্লাব ২৫ হাজার টাকা করে অনুদান পেয়েছে।

জেলাওয়ারী তথ্য : বাঁকুড়া-১৫৮ ; পুরুলিয়া-২২০ ; পশ্চিম মেদিনীপুর-৩৩২।

সংযোজন-২

২০১২-১৩ আর্থিক বর্ষে আর্থিক অনুদান প্রাপ্ত ক্লাবের সংখ্যা : ৪২৬৫টি

এর মধ্যে ১৬১৪টি ক্লাব ২ লক্ষ টাকা করে অনুদান পেয়েছে।

জেলাওয়ারী তথ্য : বাঁকুড়া-৯২ ; বর্ধমান-৫৩ ; বীরভূম-৭২ ; কোচবিহার-৩০ ; দার্জিলিং-১৬; পূর্ব মেদিনীপুর-১৩৫ ; হুগলী-১৩৭ ; হাওড়া-১৩৮ ; জলপাইগুড়ি-৫৩ ; কলকাতা-৮৬ ; মালদা-৫৭ ; মুর্শিদাবাদ-৫ ; নদীয়া-১০৭ ; উত্তর ২৪ পরগনা-২৯০ ; উত্তর দিনাজপুর-১০ ; পুরুলিয়া-৫৩ ; দক্ষিণ ২৪ পরগনা-১৫৫ ; দক্ষিণ দিনাজপুর-৫০ ; পশ্চিম মেদিনীপুর-৭৫।

এছাড়াও বিগত আর্থিক বর্ষে যে ৭৮১টি ক্লাব ২ লক্ষ টাকা করে পেয়েছিল, এই আর্থিক বর্ষে তারা আবার ১ লক্ষ টাকা করে পেয়েছে।

বীরভূম জেলা সহ জঙ্গলমহলের ৩টি জেলায় ১৫৫৬টি ক্লাব ২৫ হাজার টাকা করে অনুদান পেয়েছে।

জেলাওয়ারী তথ্য : বাঁকুড়া-৩৩০ ; পুরুলিয়া-৫৩৬ ; পশ্চিম মেদিনীপুর-৬৬৩ ; বীরভূম-২৭।

সুন্দরবন কাপ ফুটবল প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ৩১৪টি ক্লাবকে ২৫ হাজার টাকা করে দেওয়া হয়েছে।

জেলাওয়ারী তথ্য : দক্ষিণ ২৪ পরগনা-২৭২ ; উত্তর ২৪ পরগনা- ৮২

Unstarred Questions
(to which written answers were given)

রাষ্ট্রায়ত্ত পরিবহন সংস্থায় বেতন

১। (অনুমোদিত প্রশ্ন নং ৪) **শ্রী তজমুল হোসেন :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাষ্ট্রায়ত্ত পরিবহন সংস্থার কর্মীদের নিয়মিত বেতন প্রদানের ক্ষেত্রে সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছে?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : রাষ্ট্রায়ত্ত পরিবহন সংস্থার কর্মীদের মাহিনার ৭৫% অর্থ রাজ্য সরকারের পরিবহন বিভাগ থেকে ভরতুকি হিসাবে প্রদান করা হয়। প্রতিটি রাষ্ট্রায়ত্ত পরিবহন সংস্থা প্রতি মাসে তাদের কর্মীদের বেতন বাবদ মোট অর্থের ৭৫% অর্থ বরাদ্দ করার জন্য পরিবহন বিভাগে আবেদন করে। প্রাপ্ত আবেদনের যথার্থতা পরীক্ষা করে, প্রাপ্ত অর্থ বরাদ্দ করার জন্য প্রস্তাব অর্থ দপ্তরের কাছে পরিবহন বিভাগের পক্ষ থেকে পেশ করা হয়। অর্থ দপ্তরের চূড়ান্ত সম্মতি পাওয়ার পর প্রস্তাবিত অর্থ সংশ্লিষ্ট পরিবহন নিগমের কর্মচারীদের নির্দিষ্ট দিনে বেতন দেওয়া সম্ভব হয় না এবং কিছু ক্ষেত্রে বেতন প্রদানে বিলম্ব হয়ে থাকে। এ পর্যন্ত সবকটি পরিবহন নিগমকেই অক্টোবর, ২০১৩ পর্যন্ত মাসিক বেতনের ৭৫ % অর্থ বরাদ্দ করা হয়েছে। অক্টোবর মাসে বরাদ্দকৃত অর্থের নির্দেশনামা ১১/১১/২০১৩ তারিখে পরিবহন বিভাগের পক্ষ থেকে প্রকাশ করা হয়েছে।

খেলোয়াড়দের আর্থিক সাহায্য

২। (অনুমোদিত প্রশ্ন নং ৫২) **শ্রী তজমুল হোসেন :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ২০১২-১৩ বিগত আর্থিক বছরে কিছু সংখ্যক খেলোয়াড়দের মাসিক ভাতা প্রদান করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত ভাতার পরিমাণ কত?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, ২০১২-১৩ আর্থিক বছরে অতীতের ১৪ জন খেলোয়াড় বা তাদের পরিবারবর্গকে মাসিত ভাতা প্রদান করা হয়েছে।

(খ) উক্ত ভাতার পরিমাণ প্রত্যেকের জন্য মাসিক ৩০০০/- (তিন হাজার) টাকা।

পরিবেশ দূষণ

৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪) শ্রী তজমুল হোসেন : পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পরিবেশ দূষণ প্রতিরোধে সরকার কি কি ধরনের পদক্ষেপ গ্রহণ করেছে/করছে?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : পশ্চিমবঙ্গ সরকার পরিবেশ দূষণ প্রতিরোধে রাজ্য পরিবেশ দপ্তর ও তার অন্তর্গত পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ-এর মাধ্যম নিম্নলিখিত আইনগুলি প্রয়োগ করে থাকে :

- জল (দূষণ নিবারণ ও নিয়ন্ত্রণ) আইন, ১৯৭৪
- জল (দূষণ নিবারণ ও নিয়ন্ত্রণ) সেস আইন, ১৯৮১
- বায়ু (দূষণ নিবারণ ও নিয়ন্ত্রণ) আইন, ১৯৮১
- পরিবেশ (সুরক্ষা) আইন, ১৯৮৬
- ক্ষতিকর বর্জ্য (ব্যবস্থাপনা, পরিচালন ও সীমানা অতিক্রমণ) নিয়মাবলী, ২০০৮
- ক্ষতিকর রাসায়নিক দ্রব্যের উৎপাদন, মজুতিকরণ এবং আমদানিকরণ নিয়মাবলী, ১৯৮৯
- চিকিৎসাজনিত জৈব বর্জ্য (ব্যবস্থাপনা ও পরিচালন) নিয়মাবলী, ১৯৯৮
- নবীকৃত প্লাস্টিক উৎপাদন ও ব্যবহার নিয়মাবলী, ১৯৯৯
- পৌরবিষয়ক কঠিন বর্জ্য (ব্যবস্থাপনা ও ব্যবহার) নিয়মাবলী, ২০০০
- শব্দদূষণ (প্রনিয়ম ও নিয়ন্ত্রণ) নিয়মাবলী, ২০০০
- গণ দায়বদ্ধতামূলক বীমা আইন, ১৯৯১

পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ দূষণ প্রতিরোধে নানাবিধ পদক্ষেপ গ্রহণ করেছে এবং ভবিষ্যতে আরো বিভিন্ন ধরনের পদক্ষেপ নেওয়ার পরিকল্পনা আছে যা বিস্তারিতভাবে নিম্নে বর্ণনা করা হল—

১. পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ রাজ্যে কোন শিল্প স্থাপনের ক্ষেত্রে দূষণ সম্ভাবনার (pollution potential) বিষয়টির পরিপ্রেক্ষিতে শিল্প সংস্থার (লাল, কমলা বা সবুজ) শিল্পস্থাপনা নীতি (siting policy) অনুসরণ করে থাকে। অতিরিক্ত দূষণ সৃষ্টিকারী শিল্প স্থাপনের ক্ষেত্রে স্থানবিশেষ নিম্নরূপ সুনির্দিষ্ট স্থাপনানীতি পালিত হয়, যেমন—

ক. কলকাতা মেট্রোপলিটন এলাকা,

খ. বর্ধমান জেলার অন্তর্গত অঞ্চলসমূহ ও

গ. কলকাতা চর্মনগরীর অবস্থান সাপেক্ষে বানতলা অভ্যন্তরস্থ এবং চতুঃস্পার্শ্বস্থ অঞ্চল।

২. পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ সর্বপ্রকার অতিরিক্ত দূষণ সৃষ্টিকারী শিল্প সংস্থার ক্ষেত্রে কঠোরতম নজরদারির বিষয়টিতে যথাযোগ্য গুরুত্ব আরোপ করে থাকে। অতিরিক্ত দূষণ সৃষ্টিকারী শিল্পসংস্থাগুলিকে নিম্নোক্তভাবে বিভক্ত করা হয়ে থাকে—

ক. জাতীয় নদী সংরক্ষণ যোজনার অন্তর্গত শিল্পসংস্থাসমূহ,

খ. পরিবেশ মন্ত্রকের দ্বারা নির্ধারিত ১৭টি শ্রেণির অন্তর্ভুক্ত শিল্পসংস্থাসমূহ,

গ. অন্যান্য মুখ্য বায়ুদূষণকারী শিল্পসংস্থাসমূহ,

ঘ. অন্যান্য মুখ্য জলদূষণকারী শিল্পসংস্থাসমূহ ও

ঙ. সমস্যাকারী শিল্পসংস্থাসমূহ।

পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ উপরোক্ত সর্বপ্রকার শিল্পসংস্থাকেই কঠোরভাবে মাসিক/দ্বৈমাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে নজরদারি করে থাকে। ভারী দূষণ সৃষ্টিকারী শিল্পসংস্থা ছাড়াও অন্যান্য যেসব শিল্পসংস্থার বিরুদ্ধে দূষণের জনঅভিযোগ রয়েছে, তাদের ক্ষেত্রেও পর্ষদ কঠোরভাবে নজরদারি করে থাকে। শিল্প দূষণ নিয়ন্ত্রণ করতে অপারগ হলে, সংশ্লিষ্ট সংস্থাকে পর্ষদ প্রযুক্তিগত শুনানীর মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশাদি প্রেরণ করে থাকে, যাতে শিল্পসংস্থাগুলি দূষণ নিয়ন্ত্রণে আনতে প্যারে। কোন কোন ক্ষেত্রে অবশ্য আইনী ব্যবস্থা, যথা—শিল্পসংস্থা বন্ধের নির্দেশ, ব্যাঙ্ক গ্যারান্টি, জরিমানা (pollution cost) গ্রহণ করতে হয়। ০১.০৪.২০১২ থেকে ৩১.০৩.২০১৩ পর্যন্ত পর্ষদের তরফ থেকে নেওয়া আইনী ব্যবস্থার তালিকা নিম্নে দেওয়া হল :

আইনী ব্যবস্থা

বন্ধের নির্দেশ	জরিমানা	ব্যাঙ্ক গ্যারান্টি
৮৩	১০৪	৭১

৩. পশ্চিমবঙ্গ রাজ্যের প্রধান নদী হচ্ছে—হুগলী, বিদ্যাধরী, চূর্ণী, জলঙ্গী, মাথাভাঙা, দামোদর, বরাকর, দারোকা, ময়ুরাক্ষী, দ্বারকেশ্বর, শীলাবতী, কাঁসাই, রূপনারায়ণ, সুবর্ণরেখা, মহানন্দা, তিস্তা, করোলা, কালজানি ইত্যাদি। জল বা নদী দূষণ রোধে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ নিম্নলিখিত পদক্ষেপ নিয়েছে।

• পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ নিয়মিতভাবে উক্ত নদীগুলির জলের গুণমান নিরীক্ষণ করে থাকে National Water Monitoring Program (NWMP)-র অন্তর্গত পর্ষদ উক্ত নদীগুলির জলের গুণমান—হুগলী নদীর ধারে ১১টি স্থানে, দামোদর নদীর ধারে ৪টি স্থানে, রূপনারায়ণ নদীর ধারে ২টি স্থানে, দারোকা নদীর ধারে ২টি স্থানে, বরাকর নদীর ধারে ১টি স্থানে জলের গুণমান নিরীক্ষণ করে থাকে। এছাড়া, পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ নদীর জলের Physico-chemical and bacteriological parameters - pH, Total Suspended Solids (TSS), Biochemical Oxygen Demand (BOD),

Chemical Oxygen Demand (COD), ammonia, nitrate nitrite, Total Kjeldahl Nitrogen (TKN), Total Coliform (TC) bacteria, Fecal Coliform (FC) bacteria ইত্যাদি।

• Toxic heavy metal concentrations যেমন Copper, Arsenic, Zinc, Lead, Cadmium, Mercury ইত্যাদি এবং বিভিন্ন micro pollutants যেমন pesticides-ও বিভিন্ন সময়ে মাপা হয়। এ সকল তথ্য নিয়মিতভাবে পর্ষদের ওয়েবসাইটে দেওয়া হয়। এছাড়া, পর্ষদের তরফ থেকে জেলা আধিকারিকদের করোলা নদী উজ্জীবিত করার জন্য প্রযুক্তিগত সহায়তা প্রদান করা হয়েছে।

• পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ National River Conservation Plan-এর অন্তর্গত ৩১টি কারখানাকে চিহ্নিত করেছে। এই সকল কারখানা থেকে নির্গত দূষিত জলের পরিশোধনের জন্য কারখানাগুলিকে Effluent Treatment Plan (ETP) বসাতে বাধ্য করা হয়েছে। এই সকল কারখানাগুলিকে নিয়মিতভাবে নিরীক্ষণ করে রিপোর্ট কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ (CPCB)-এর কাছে পাঠানো হয়।

• এই ৩১টি কারখানা ছাড়াও, পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ নিয়মিতভাবে অন্যান্য জলদূষণকারী কারখানাগুলিকেও নিরীক্ষণ করে থাকে। সমুদ্র সৈকতের নিকটে অবস্থিত সমস্ত স্থাপন করার সময় দেওয়া ছাড়পত্রতে পর্ষদের তরফ থেকে দূষিত জল শোধন করার নির্দেশ দেওয়া হয়ে থাকে।

• যে সকল কারখানা থেকে নির্গত দূষিত জলের গুণমান মাত্রাতিরিক্ত, যে সকল কারখানার বিরুদ্ধে দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ নিয়মিতভাবে Regulatory Action নিয়ে থাকে, যেমন—বন্ধ করা, ব্যাঙ্ক গ্যারান্টি বা জরিমানা ধার্য্য করা ইত্যাদি। এ সমস্ত সকল তথ্য নিয়মিতভাবে পর্ষদের ওয়েবসাইটে দেওয়া হয়।

• পশ্চিমবঙ্গে Ganga Action Plan-এ প্রথম ও দ্বিতীয় পর্যায়ের অন্তর্গত ২৩টি Sewage Treatment Plants (STP) বিভিন্ন জায়গায় তৈরি হয়েছে। এই রাজ্যে STP সংক্রান্ত সমন্বয়ে National Ganga River Basin Authority (NGRBA), State River Conservation Authority-র মাধ্যমে হয়। এই প্রকল্পগুলি রাজ্য সরকারের Department of Urban Development, Government of West Bengal and KMDA চালনা করে থাকে। MoEF-এর দ্বারা সংশ্লিষ্ট সংস্থা বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়, কল্যাণী, নদীয়া বেশিরভাগ STP দক্ষতা নিরীক্ষণ করে থাকে।

• মূর্তি বিসর্জনের জন্যে নদীতে যে দূষণ হয় তা রোধ করার জন্যে Hon'ble High Court-এর নির্দেশ অনুযায়ী স্থানীয় পুলিশ ও মিউনিসিপ্যালিটির তরফ থেকে পরিষ্কারের কাজ হয়ে থাকে এবং পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ-এর তরফ থেকে নিরীক্ষণ করা হয়।

৪. পশ্চিমবঙ্গে বিভিন্ন স্থানে স্থাপিত আবহমাগুলিক বায়ুমান নিরীক্ষণ ও জলমান নিরীক্ষণ

পরীক্ষাকেন্দ্রের মাধ্যমে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ নিম্নলিখিতভাবে বায়ুমান ও জলমান নিরীক্ষা করে থাকে।

পশ্চিমবঙ্গে আবহমণ্ডলের বায়ুমান নিরীক্ষণ ব্যবস্থা

(ক) পর্ষদ ২৪টি আধা স্বয়ংক্রিয় (manual) আবহমাণ্ডলিক নিরীক্ষাকেন্দ্রের মাধ্যমে গোটা পশ্চিমবঙ্গে বায়ুমান নিরীক্ষণ করে থাকে। এই ২৪টি নিরীক্ষাকেন্দ্রের মধ্যে ৫টি $PM_{2.5}$ নিরীক্ষাকেন্দ্র এবং অবশিষ্টগুলি হল PM_{10} নিরীক্ষাকেন্দ্র। ৫টি $PM_{2.5}$ নিরীক্ষাকেন্দ্রের মধ্যে ৪টিতে ১২ প্রকারের গুণমান ও ১টিতে ৪ প্রকারের গুণমান মাপা হয়।

(খ) উল্লিখিত ১২ প্রকার হল PM_{10}, $PM_{2.5}$, SO_2, NO_2, Ammonia, Ozone, Carbon monoxide, Benzene, Benzo (a) pyrene, Lead, Nickel এবং Arsenic।

(গ) জাতীয় বায়ুমান নিরীক্ষণ নিয়মানুযায়ী উপরোক্ত নিরীক্ষাকেন্দ্রগুলি নিরীক্ষার দিনগুলিতে প্রতিদিন ২৪ ঘণ্টা ধরে সপ্তাহে একনাগাড়ে দু'দিন নিরীক্ষা চালায়। নিরীক্ষাকেন্দ্রগুলি থেকে প্রাপ্ত তথ্যাদি PM_{10} কেন্দ্রগুলির ক্ষেত্রে ৪৮ ঘণ্টার মধ্যে এবং PM_5 কেন্দ্রগুলির ক্ষেত্রে ৭২ ঘণ্টার মধ্যে পর্ষদের ওয়েবসাইটে আপডেট করা হয়।

সাধারণত শীতকালে RPM-র পরিমাণ বেশি থাকলেও, বছরের অন্যান্য সময়ে মাত্রার মধ্যেই থাকে।

(ঘ) এই আধা স্বয়ংক্রিয় (Manual) নিরীক্ষাকেন্দ্রগুলি ছাড়াও, পর্ষদ নিম্নলিখিত ৫টি স্বয়ংক্রিয় বায়ুমান নিরীক্ষণ দ্বারা সারাদিন ধরে বায়ুমান নিরীক্ষা চালিয়ে থাকে। কেন্দ্রগুলি হল :

- ভিক্টোরিয়া মেমোরিয়াল হলের চৌহদ্দিতে স্থাপিত নিরীক্ষাকেন্দ্র।
- রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় অঞ্চলে স্থাপিত নিরীক্ষাকেন্দ্র।
- হলদিয়াতে স্থাপিত নিরীক্ষাকেন্দ্র।
- হাওড়ায় স্থাপিত নিরীক্ষাকেন্দ্র।
- দুর্গাপুরে স্থাপিত নিরীক্ষাকেন্দ্র।

এই স্বয়ংক্রিয় (Manual) নিরীক্ষাকেন্দ্রগুলি বায়ুমানের ক্ষেত্রে RPM, SO_2, NO_2, CO, O_3 ও HC এবং আবহবিজ্ঞানের ক্ষেত্রে হাওয়ার গতি, দিক পরিবর্তন, আপেক্ষিক আর্দ্রতা, তাপমাত্রা ইত্যাদি ধ্রুবকের ক্রমাগত নিরীক্ষা চালিয়ে থাকে।

৫. পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের কর্মীদের সক্রিয় সহযোগিতায় এপ্রিল ২০১২—মার্চ ২০১৩ পর্যন্ত কলকাতা পুলিশের Anti-Pollution Cell-এর কর্মীরা রাত্রে যানবাহনের দূষণ পর্যবেক্ষণের সময় মোট ১১৮৬ সংখ্যক গাড়িকে জরিমানা করেছে। এর মধ্যে, ২২৯ সংখ্যক গাড়ি বায়ুদূষণজনিত অপরাধে এবং ৯৫৭ সংখ্যক গাড়ি বায়ুচালিত হর্ন ব্যবহারের জন্য অপরাধী।

উপরোক্ত বছরে, ১৩ সংখ্যক "যানবাহনজনিত বায়ুদূষণ পরীক্ষাকেন্দ্র" কে বেনিয়মে চালানোর অপরাধে শুনানী করা হয় এবং তাদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হয়। এই সময়ই হাওড়া, উত্তর ২৪-পরগনা, কলকাতা, হুগলী, নদীয়া-তে মোট ১৪৭ সংখ্যক "যানবাহনজনিত বায়ুদূষণ পরীক্ষাকেন্দ্র" কে যথাযথ পর্যবেক্ষণের পর এক বছরের জন্য পুনর্নবীকরণ করা হয় এবং ২৭টি নতুন পরীক্ষাকেন্দ্রকে যানবাহনের বায়ুদূষণ পরীক্ষা করার জন্য অনুমতি দেওয়া হয়।

৬. রাজ্যের ১১টি শিল্পকেন্দ্রে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের অফিস ও এর মধ্যে ৬টি স্থানে আধুনিক পরীক্ষাগার রয়েছে। এই অফিস ও পরীক্ষাগারগুলির মধ্যে যোগাযোগ রক্ষার্থে পর্ষদ তার নেটওয়ার্ক সফ্টওয়্যার ব্যবহার করে। অফিসগুলি শিল্পদূষণ নিয়ন্ত্রণের বিধি-মান্যতা বিষয়ক এবং পরীক্ষাগারগুলি ও বায়ুদূষণ কেন্দ্রগুলি সম্ভাব্য সমস্ত ধরনের দূষণ পরিমাপের কাজ করে। পর্ষদ তার নিজস্ব নেটওয়ার্ক সফ্টওয়্যার মারফত শিল্পদূষণ নিয়ন্ত্রণের বিধি-মান্যতা বিষয়ক তথ্যাদি নিয়মিত পর্ষদের ওয়েবসাইটে প্রকাশ করে থাকে।

৭. শব্দবাজি রুখতে রাজ্য সরকার পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ-এর মাধ্যমে নানান ব্যবস্থা গ্রহণ করেছে। যেমন ০৯-১০-২০১৩ তারিখে ৯০ ডেসিবেল ইমপালস ৫ মিটার দূরত্বের বেশি শব্দ উৎপন্নকারী বাজি নিষিদ্ধ করার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশিকা জারি করা হয়। পরিবেশ দপ্তর, পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ ও কলকাতা পুলিশের যৌথ উদ্যোগে শব্দবাজির বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কলকাতার দেশপ্রিয় পার্ক থেকে হাজরা মোড় পর্যন্ত এক মিছিলের আয়োজন করা হয়। প্রায় সাত হাজার সাধারণ মানুষ, স্কুল-কলেজের ছাত্রবন্ধুদের উপস্থিতিতে এই মিছিল মহামিছিলের রূপ নেয়। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে মাননীয় মন্ত্রী, পরিবেশ দপ্তর, মাননীয় অ্যাডিশনাল চিফ সেক্রেটারি, পরিবেশ দপ্তর, মাননীয় সভাপতি, পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ এবং কলকাতা পুলিশের উচ্চপদস্থ আধিকারিকরা এই মিছিলে অংশ নেন।

পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের সদর দপ্তরে কলকাতা ও তার পার্শ্ববর্তী অঞ্চলের বহুতল আবাসনের প্রতিনিধিদের সঙ্গে নিষিদ্ধ বাজির বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এক সাধারণ সভার আয়োজন করা হয়। প্রায় ১৭০০ বহুতল আবাসনের প্রতিনিধিদের এই সভাতে আমন্ত্রণ করা হয় ও তাঁদের নিষিদ্ধ শব্দবাজির ব্যবহার থেকে বিরত থাকতে অনুরোধ করা হয়।

কলকাতা পুলিশ ও পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ যৌথভাবে বাজি পরীক্ষা করে এবং তার ভিত্তিতে নগরপাল, কলকাতা পুলিশ নিষিদ্ধ বাজির তালিকা প্রকাশ করেন।

বিভিন্ন উৎসবের সময় যেমন—দুর্গাপূজা, কালীপূজা ইত্যাদিতে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের সদর দপ্তরে বিশেষ কন্ট্রোল রুম খোলা হয়। উপরন্তু, পর্ষদের প্রায় ২৬টি পর্যবেক্ষণ দল কলকাতা ও তার পার্শ্ববর্তী অঞ্চলে প্রায় সারা রাত্রিব্যাপী পর্যবেক্ষণ করে। পর্ষদের অন্যান্য আঞ্চলিক কার্যালয়গুলিতেও সারা রাত্রিব্যাপী পর্যবেক্ষণ করা হয়।

৮. পশ্চিমবঙ্গের দুর্গাপুর-আসানসোল শিল্পাঞ্চলে এবং পশ্চিম ও পূর্ব মেদিনীপুরে ৬০ টি স্পঞ্জ আয়রন কারখানা আছে। কারখানাগুলি বর্ধমান (২৯টি), বাঁকুড়া (১১টি), পুরুলিয়া (১৪টি),

পূর্ব মেদিনীপুর (১টি) এবং পশ্চিম মেদিনীপুর (৫টি) জেলায় অবস্থিত। কারখানাগুলির মোট উৎপাদন ক্ষমতা দৈনিক ১২,৪৭৫ মেট্রিক টন। স্পঞ্জ আয়রন কারখানাগুলির দূষণ সমস্যার সমাধানের জন্য পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ ও পরিবেশ দপ্তর সর্বতোভাবে সচেষ্ট। পর্ষদের পক্ষ থেকে নিয়মিতভাবে কারখানাগুলি পরিদর্শিত হয়। দূষণ নিয়ন্ত্রণ বিধি লঙ্ঘনকারী কারখানাগুলিকে শুনানীর জন্য ডাকা হয় এবং যথোপযুক্ত আইনানুগ ব্যবস্থা নেওয়া হয়। অর্থাৎ, একদিকে যেমন কার্যকর দূষণ নিয়ন্ত্রণমূলক সরঞ্জাম ব্যবহারের ক্ষেত্রে সামর্থ্য বৃদ্ধির জন্য কারখানার মালিকদের সঙ্গে আলাপ আলোচনা করা হয়, তেমনি প্রয়োজন অনুসারে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থাও গ্রহণ করা হয়।

পরিবেশ দপ্তরের নির্দেশ অনুযায়ী দৈনিক ২০০ মেট্রিক টন এবং তার বেশী উৎপাদনকারী স্পঞ্জ আয়রন কারখানাগুলির Captive Power Plant নির্মাণ করার কথা যাতে ডোলোচার-এর নিষ্কাশন সমস্যার সমাধান হয়। স্পঞ্জ আয়রন কারখানাগুলির দূষণ সমস্যা প্রতিরোধের লক্ষ্যে পরিবেশ দপ্তর বিভাগীয় সচিবের নেতৃত্বে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করেছে। এই কমিটি বিভিন্ন স্পঞ্জ আয়রন কারখানা পরিদর্শন করে কারখানাগুলির দূষণ নিয়ন্ত্রণের জন্য ১৬টি সুপারিশ করেছে। পর্ষদের পক্ষ থেকে সেই অনুযায়ী সমস্ত কারখানাগুলিকে এই সুপারিশগুলি মানার জন্য ০১.০৬.২০১২ তারিখে একটি আদেশনামা জারি করা হয়েছে। ইতিমধ্যেই অধিকাংশ কারখানা Compliance Report জমা দিয়েছে। দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের পক্ষ থেকে কারখানাগুলিকে পরিদর্শন করে দেখা হচ্ছে। রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ এই সকল কারখানাগুলিকে নিজস্ব জমির এক-তৃতীয়াংশ জায়গায় বৃক্ষরোপণের নির্দেশ দিয়েছে। The Green Rating Project (GRP)-এর প্রতিবেদন অনুসারে ইস্পাত শিল্পগুলির দূষণ নিয়ন্ত্রণ ও প্রতিরোধের জন্য পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদকে সারা দেশের বিভিন্ন রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদগুলির মধ্যে শ্রেষ্ঠত্বের শিরোপা দিয়েছে। উল্লিখিত প্রতিবেদনের সারসংক্ষেপটি Down to Earth -এর June 1-15, 2012 পত্রিকাটিতে প্রকাশিত হয়েছে।

এছাড়া, বিশ্বব্যাঙ্কের সহায়তায় যে প্রকল্প চলছে তার অধীনে একটি সমীক্ষা করা হচ্ছে, যার মাধ্যমে স্পঞ্জ আয়রন কারখানাগুলির পরিবেশ সংক্রান্ত সমস্যা ও সমাধানের জন্য পরিবেশবান্ধব উন্নততর প্রযুক্তির নিরীক্ষা করা হবে।

৯. দুর্গাপুর-আসানসোল শিল্পাঞ্চলে আরও বহুবিধ শিল্প স্থাপিত হয়েছে। যথা : M/s. Durgapur Chemicals, M/s. Durgapur Cements, M/s. Durgapur Projects, M/s. Alloy Steel Plant, M/s. IISCO, Burnpur ইত্যাদি।

M/s. Durgapur Chemicals-এ দূষণ নিয়ন্ত্রণ ক্ষেত্রে পারদভিত্তিক পদ্ধতির পরিবর্তে Membrane ভিত্তি প্রযুক্তি চালু হয়েছে। সিমেন্ট কারখানাগুলিতে Fly Ash-এর মতো উপজাত পদার্থ বহুল পরিমাণে ব্যবহৃত হচ্ছে। আসানসোল অঞ্চলে M/s. IISCO Burnpur-এ আধুনিকীকরণের কাজ চলছে, যাতে ভবিষ্যতে ওই অঞ্চলের দূষণ নিয়ন্ত্রণ হবে। এই সকল অঞ্চলে পর্ষদ নিয়মিতভাবে পরিদর্শন, নমুনা সংগ্রহ এবং তা পরীক্ষা করে থাকে। National

Ambient Air Quality Monitoring (NAAQM) Project-এর অন্তর্গত বায়ুর গুণগত মান (Ambient Air Quality) নির্ণয়ের জন্য ১২ প্রকারের Parameters নিরীক্ষণ করা হয়। এই ১২ প্রকারের Parameters হল Pm_{10}, $PM_{2.5}$, SO_2, NO_2, As, Ni, BAP, C_6H_6, Pb, NH_3, CO, O_3। ২০১১ সালের তুলনায় ২০১২ সালে PM_{10}-এর বাৎসরিক গড় ১৪১ মাইক্রো গ্রাম প্রতি ঘন মিটার থেকে ১১৬ মাইক্রো গ্রাম প্রতি ঘন মিটার হয়েছে, অর্থাৎ ১৮% হ্রাস পেয়েছে।

ভূগর্ভস্থ জল সংরক্ষণ, বৃষ্টির জল সঞ্চয় ও ব্যবহার এবং দামোদর নদীর জলাধারের জল ব্যবহার করতে বহু শিল্পকে বাধ্য করা হয়েছে। এই প্রক্রিয়া ওই অঞ্চলের পরিবেশ রক্ষণে বিশেষভাবে উপযোগী।

আসানসোল শিল্পাঞ্চলে ইতিমধ্যে 'Coal Bed Methane' যাহা একটি দূষণহীন জ্বালানী উৎপাদিত হচ্ছে এবং তা' গাড়ি চালানো ও কারখানায় ব্যবহার শুরু হয়েছে।

১০. পরিবেশ দপ্তর ও পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের হস্তক্ষেপে বানতলা চর্মনগরীতে দূষণ নিয়ন্ত্রণের জন্য অনেক সদর্থক পরিকল্পনা নেওয়া হয়েছে। ইতিমধ্যে, Expert Group Member নিয়মিতভাবে পরিদর্শন করছেন। দূষণ নিয়ন্ত্রণের জন্য শিল্পগুলিকে নিয়মিতভাবে পরামর্শ দেওয়া হচ্ছে। দূষণ নিয়ন্ত্রণের ব্যবস্থাপনা নিয়মিতভাবে চালু আছে এবং দূষণের মাত্রা নিয়ন্ত্রণের মধ্যে আছে।

এছাড়া, বিশ্বব্যাঙ্কের সহায়তায় যে প্রকল্প চলছে তার অধীনে একটি সমীক্ষা করা হচ্ছে, যার মাধ্যমে চর্মশিল্পগুলিতে পরিবেশ সংক্রান্ত সমস্যা ও সমাধানের জন্য পরিবেশবান্ধব উন্নততর প্রযুক্তির নিরীক্ষা করা হবে।

১১. মালদা এবং উত্তর দিনাজপুরে ইতিমধ্যে বেশ কয়েকটি শিল্প স্থাপিত হয়েছে এবং সেখানে আধুনিকতম দূষণ নিয়ন্ত্রণের ব্যবস্থাপনা গ্রহণ করা হয়েছে। উল্লেখযোগ্যভাবে বলা যায় যে ফারাক্কা তাপবিদ্যুৎ কেন্দ্রে দূষণ নিয়ন্ত্রণের জন্য কম ছাইযুক্ত কয়লা ব্যবহার করা হচ্ছে। সেই কয়লা ভারতবর্ষে প্রথম পশ্চিমবঙ্গে জলপথের মাধ্যমে ফারাক্কায় আসছে।

১২. পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ বিশ্বব্যাঙ্কের সাহায্যপুষ্ট CBIPM প্রকল্পের অন্তর্গত হুগলী জেলায় সাতটি বেওয়ারিশ ক্ষতিকর বর্জ্য ফেলার স্থানসমূহের সংস্কারের কাজ হাতে নিয়েছে। হুগলী জেলার উপরোক্ত স্থানসমূহ ক্রোমিয়াম সম্বলিত কোন ক্ষতিকারক বর্জ্যের দ্বারা দূষিত বলে চিহ্নিত হয়েছে। এই স্থানসমূহের সংস্কারের জন্য পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ মেসার্স ই.আর.এম.প্রা. লিমিটেড নামক একটি সংস্থাকে নিযুক্ত করেছে।

১৩. বিশ্বব্যাঙ্কের সাহায্যপুষ্ট CBIPM প্রকল্পের অন্তর্গত পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ কলকাতার ধাপায় পরিত্যক্ত হয়ে পড়া কঠিন বর্জ্য ফেলার স্থানের স্থায়িত্ব বিধান ও সংস্কারের কাজ হাতে নিয়েছে। ধাপার এই পরিত্যক্ত হয়ে পড়া কঠিন বর্জ্য ফেলার স্থানটি ১৯৮০ সাল থেকে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন কঠিন বর্জ্য ফেলার জন্য ব্যবহার করত। উক্ত স্থানটির নীচে

কোনরকম আবরণ বা আচ্ছাদন দেওয়া নেই, ফলত তা 'ইস্ট কলকাতা ওয়েটল্যান্ড'র পক্ষে ক্ষতিকারক হতে পারে বলে মনে করা হচ্ছে। তদুপরি, এই ধরনের স্থানে এইরূপভাবে বর্জ্য ফেলা মিউনিসিপ্যাল সলিড ওয়েস্ট (এম. অ্যান্ড এইচ) রুল, ২০০০-এর পরিপন্থী। এই কাজের জন্য M/s. COWI নামক ডেনমার্কের একটি সংস্থাকে নিযুক্ত করা হয়েছে।

১৪. পশ্চিমবঙ্গে পরিবেশ দপ্তর, পশ্চিমবঙ্গ সরকারের অধীনস্থ সংস্থা পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ, এশিয়ান এনভায়রনমেন্টাল কমপ্লায়েন্স অ্যান্ড এনফোর্সমেন্ট নেটওয়ার্ক (AECEN) সহযোগিতাক্রমে একটি পরিবেশ আইন মান্যতা সহায়ক সংস্থা (ECAC) এ রাজ্যে গড়ে তোলে। সমগ্র ভারতের ক্ষেত্রে এটি ছিল এই ধরনের প্রথম একটি উদ্যোগ। ২০০৯ সালে এর সহায়তা কেন্দ্রটি বাস্তবিকরূপে একটি নিজস্ব ওয়েবসাইট (www.ecacwb.org) সহ আত্মপ্রকাশ করে। ECAC-র মূল উদ্দেশ্য ছিল, শিল্পসংস্থাগুলিকে পরিবেশ রক্ষা বিষয়ক সরকারী নীতি, আইন ও প্রযুক্তিগত পরামর্শ আর্থিক সুযোগ-সুবিধাগুলি প্রসঙ্গে যথাবিহিতভাবে অবহিত করা যাতে শিল্পসংস্থাগুলি স্বেচ্ছামূলকভাবে, কোন আর্থিক প্রতিবন্ধকতার সম্মুখীন না হয়ে পরিবেশ আইনগুলি মান্য করে।

ECAC-র সৃষ্টির সঙ্গে সঙ্গে এ রাজ্যে আধুনিক শিল্পায়নের সঙ্গে সম্পর্কিত দূষণ সৃষ্টিকারী সম্ভাব্য উৎসগুলিকে চিহ্নিতকরণ করা হয়। ECAC প্রথম পর্বে স্পঞ্জ আয়রন শিল্পক্ষেত্রে দূষণ বিষয়ে মনোনিবেশ করে এবং দ্বিতীয় পর্বে ভারী রাসায়নিক, পেট্রো-কেমিক্যাল অনুসারী শিল্প এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্পে দূষণের উৎসগুলি নিয়ন্ত্রণের প্রয়াস গ্রহণ করে। ক্ষুদ্র ও মাঝারি শিল্পের ক্ষেত্রে যে চার ধরনের শিল্পগুলিকে চিহ্নিত করা হয়, সেগুলি হল :

- চর্মশিল্প ও চর্মশিল্পে ব্যবহৃত রাসায়নিক দ্রব্য উৎপাদন সংস্থা,
- লেড-অ্যাসিড স্টোরেজ ব্যাটারি উৎপাদন, সেকেন্ডারি লেড স্মেল্টিং এবং প্রসেসিং সংস্থাসমূহ,
- ডাই-ব্লিচিং এবং সুসংহত বস্ত্র প্রক্রিয়াকরণ সংস্থা এবং
- প্লাস্টিক প্রক্রিয়াকরণ শিল্পসহ রাসায়নিক ও পেট্রো-রাসায়নিক অনুসারী শিল্পসমূহ।

ECAC মাঝেমাঝেই উপরিউক্ত ক্ষেত্রসমূহের অন্তর্গত মুখ্য সংস্থাগুলি অথবা কেন্দ্রীয় সংগঠনগুলির সঙ্গে আলোচনামূলক কর্মশালা বা বিতর্কমূলক আলোচনা সভার সংগঠন করে এবং আলোচ্য ক্ষেত্রগুলির প্রতিটি ক্ষেত্রে যে বিষয়গুলি পরিবেশ আইন মান্যতায় প্রতিবন্ধকতার সৃষ্টি করছে সেগুলি যথাযথভাবে চিহ্নিত করার চেষ্টা করে। আলোচনার পরবর্তীকালে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের আধিকারিকগণ বিভিন্ন রাজ্যে গিয়ে কিভাবে সেই রাজ্যগুলি ওই ধরনের সমস্যাগুলি সমাধানের চেষ্টা করছে তা হাতেকলমে নিরীক্ষা করেন। এই নিরীক্ষার ভিত্তিতেই সমাধানসূত্রগুলিকে যথাযথভাবে গৃহীত করা হয় এবং এ রাজ্যের সমস্যাক্ষেত্রে অংশীগণের সঙ্গে আদান-প্রদান করা হয়।

বর্তমানে, পশ্চিমবঙ্গে পরিবেশ আইন মান্যতা সহায়ক কেন্দ্রটির (ECAC) কার্যকলাপ ও

প্রয়োজনীয় বিকাশের ক্ষেত্রে বিশ্বব্যাঙ্কের প্রকল্প 'ক্যাপাসিটি বিল্ডিং ফর ইন্ডাস্ট্রিয়াল পলিউশন ম্যানেজমেন্ট'র মাধ্যমে প্রকল্প মেয়াদকালীন প্রয়োজনীয় আর্থিক ও অন্যান্য সহায়তা পাচ্ছে যাতে সংস্থাটি স্বাধীনভাবে বিকশিত হতে পারে। এই প্রকল্পের অন্তর্গত কেন্দ্রটির মাধ্যমে বিভিন্ন ছোট বা ক্ষুদ্র শিল্প সংস্থা যেমন—গহনা প্রস্তুতকারক, মুড়ি কারখানা ইত্যাদিতে দূষণ সমস্যা সমাধানের প্রচেষ্টা করা হচ্ছে।

১৫. Water (Prevention & Control of Pollution) Act, 1974-এর অধ্যায় 33A এবং Air (Prevention & Control of Pollution) act,1981-এর অধ্যায় 31A অনুযায়ী রাজ্যের বিভিন্ন এলাকাতে প্লাস্টিক ক্যারিব্যাগের বিক্রয়, ব্যবহার, প্রক্রিয়াকরণ বা তৈরী ১৫.০৯,২০০১ তারিখ থেকে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ-এর পক্ষ থেকে বন্ধ করার নির্দেশ দেওয়া হয়েছে এবং এই এলাকাগুলিকে 'প্লাস্টিক বর্জিত অঞ্চল' হিসাবে ঘোষণা করা হয়েছে। এছাড়া. বিভিন্ন সময়ে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ স্থানীয় বাসিন্দা, পৌরসভার আধিকারিক, স্বেচ্ছাসেবী সংস্থা ও স্কুলের ছাত্রছাত্রীদের সহায়তায় নানারকম প্লাস্টিক ক্যারিব্যাগ সম্বন্ধে সচেতনতামূলক কার্যকলাপ করে থাকে।

১৬. এছাড়াও, কারখানা ও যানবাহন থেকে নির্গত বায়ুদূষণ নিয়ন্ত্রণ করার জন্য শুধুমাত্র কলকাতাতে রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ কিছু নির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ করেছে, যেমন—

• কলকাতা মেট্রোপলিটন এলাকাতে দূষিত কারখানা স্থাপন করার স্থানবিশেষ সীমাবদ্ধতা (Sitting restriction)।

• কলকাতা মেট্রোপলিটন এলাকাতে বয়লার ও সেরামিক কিল্‌নগুলির জন্য কঠোর বায়ুদূষণ নির্গমন পরিমাপ ধার্য করা হয়েছে। এছাড়াও কলকাতা মেট্রোপলিটন এলাকাতে, ছোট বয়লার, সেরামিক কিলন্ ও রোলিং মিলগুলিতে পরিবেশবান্ধব জ্বালানি (যেমন—তেল বা গ্যাস) ব্যবহার করা বাধ্যতামূলক করা হয়েছে।

• মহামান্য কলকাতা হাইকোর্টের নির্দেশানুযায়ী ১৫ বছরের পুরোনো গাড়ি বাতিল করা হয়েছে।

• মহামান্য কলকাতা হাইকোর্টের নির্দেশানুযায়ী পেট্রোলচালিত অটোরিক্সাগুলিতে জ্বালানি হিসেবে এল.পি.জি.র ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে।

• সীসাবিহীন পেট্রোল জ্বালানি হিসেবে কলকাতাতে ব্যবহৃত করা হচ্ছে।

• কমমাত্রাযুক্ত সালফার, পেট্রোল ও ডিজেল কলকাতাতে ব্যবহৃত করা হচ্ছে।

• কমমাত্রাযুক্ত বেনজিন, পেট্রোল কলকাতাতে ব্যবহৃত করা হচ্ছে।

• কলকাতাতে Auto Emission Testing Centre-গুলিকে উন্নততর করা হচ্ছে।

• বহু সংখ্যক উড়ালপুলের নির্মাণ করা হচ্ছে।

১৭. রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ-এর উদ্যোগে রাজ্যের বিভিন্ন এলাকা ও শিল্পাঞ্চলে বিপুলভাবে সবুজায়নের প্রয়াস গ্রহণ করা হয়েছে। এই উদ্যোগের অন্তর্গত বিভিন্ন শিল্পসংস্থা লক্ষবিধ বৃক্ষরোপণ করেছে।

১৮. পরিবেশ উন্নয়নের স্বার্থে রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ নিজ প্রধান কার্যালয়ের সামনে একটি জলছত্র ও একটি বাসস্টপ বানিয়েছে।

১৯. রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ-এর প্রধান কার্যালয়ে এবং সমস্ত আঞ্চলিক কার্যালয়ে ও সার্কেল অফিসগুলিতে দূষণ সংক্রান্ত তথ্য উপলব্ধ করার জন্য 'সহযোগিতা কেন্দ্র" (Help Desk) চালু করা হয়েছে।

২০. রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ-এর উদ্যোগে বিদ্যাসাগর হাসপাতালের মধ্যে অবস্থিত জলাশয়টির পুনরুজ্জীবন ও সৌন্দর্যায়ন করা হয়েছে।

২১. রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ-এর উদ্যোগে রবীন্দ্র সরোবরে পরিবেশ সচেতনা বৃদ্ধির মাধ্যম হিসেবে একটি লেজার চালিত অ্যাকোয়াফিচার স্থাপন করা হয়েছে।

২২. রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ নানাবিধ পরিবেশ সংক্রান্ত বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য সময় সময়ে ছাত্রছাত্রী, সমাজের বিশিষ্ট ব্যক্তি, স্বেচ্ছাসেবী সংস্থা ও বিভিন্ন সরকারী দপ্তরের আধিকারিকদের সঙ্গে নিয়ে পদযাত্রা, আলোচনা সভা ইত্যাদির আয়োজন করে থাকে। পর্ষদ-এর উদ্যোগে রাজ্যের ৩৯২৬টি স্কুল জাতীয় সবুজ বাহিনীর ইকোক্লাব-এর অনুদান (২৫০০ টাকা প্রতি স্কুলবাবদ) পাবার জন্য অন্তর্ভুক্ত করা হয়েছে। রাজ্যের জেলাগুলিকে নিয়ে ৪টি জেলাভিত্তিক শিবির করা হয়েছে, যাতে আনুমানিক ৫০,০০০ ছাত্রছাত্রী ও ৪০০০ শিক্ষক যোগদান করেছেন। রাজ্যে প্রায় ১৩২টি প্লাস্টিক ক্যারিব্যাগ বিরোধী, শব্দবাজি বিরোধী এবং এয়ারহর্ন বিরোধী, পরিবেশ ভিত্তিক কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে। রাজ্যের বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক ও ছাত্রছাত্রী, স্বেচ্ছাসেবী সংস্থা, জনপ্রতিনিধি স্থানীয় ক্লাব এবং সাধারণ নাগরিকদের যুক্ত করে ৪৫টি বড় পদযাত্রা ও ৩৯২৬ টি ছোট পদযাত্রা অনুষ্ঠিত হয়েছে। রাজ্যের বিভিন্ন জায়গায় ৩,৫০,০০০-এর অধিক গাছের চারা বিলি করা হয়েছে বা রোপণ করা হয়েছে। এ বছর পরিবেশ দিবস পুরো বছরকাল ধরেই বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে পালন করা হচ্ছে।

বর্ধমান জেলায় যুবকল্যাণে অর্থ

৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৬) **শ্রী সুনীল কুমার মণ্ডল** : যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৩-২০১৪ আর্থিক বর্ষের ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে বর্ধমান জেলায় যুবকল্যাণ বিভাগে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ; এবং

(খ) উক্ত বরাদ্দকৃত অর্থ খরচের বিষয়ে বিভাগের পরিকল্পনা কি?

যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বরাদ্দকৃত অর্থের পরিমাণ ১০,৯০,০০,০০০ টাকা।

(খ) উক্ত বরাদ্দকৃত অর্থ খরচ নিম্নরূপ :

(১) আসানসোলে একটি যুব আবাস তৈরির জন্য ১৫,২০,৯৬,০০০ টাকা মঞ্জুরীকৃত অর্থের মধ্যে ৫,০০,০০,০০০ টাকা বরাদ্দ করা হয়েছে।

(২) দুর্গাপুরে একটি যুব আবাস তৈরির জন্য ৭,৮৩,৭০,০০০ টাকা মঞ্জুরীকৃত অর্থের মধ্যে ৪,৫০,০০,০০০ টাকা বরাদ্দ করা হয়েছে।

(৩) বর্ধমান জেলায় ১টি মিনি ইনডোর গেমস কমপ্লেক্স নির্মাণের জন্য ১৬,০০,০০০ টাকা মঞ্জুর করা হয়েছে, তার মধ্যে ৮,০০,০০০ টাকা বরাদ্দ করা হয়েছে।

(৪) উক্ত জেলায় মাল্টিজিমের জন্য ৬৬টি ক্লাব/সংস্থাকে ২,০০,০০০ টাকা করে মোট ১,৩২,০০,০০০ টাকা বরাদ্দ করা হয়েছে।

গলসী পানীয় জল প্রকল্প

৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৮) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অপুগ্রহ পূর্বক জানাবেন কি—

বর্ধমান জেলায় বিধানসভা এলাকায় পানীয় জল প্রকল্পের বর্তমান রূপরেখা কি?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমোহদয় : ২৭৪ গলসী (তপ জাতি) বিধানসভা কেন্দ্রের পানীয় জলসরবরাহ প্রকল্পের বর্তমান অবস্থা নিম্নে দেওয়া হল :

গলসী-১ ব্লক :

''মানকর গ্রামীণ নলবাহিত জলসরবরাহ প্রকল্প' নামে ১ (এক) টি বিদ্যমান গ্রামীণ নলবাহিত জলসরবরাহ প্রকল্প ১৯৮৩-৮৪ সালে ২৫.৭৯ লক্ষ (পঁচিশ লক্ষ উনআশি হাজার) টাকা অনুমিত ব্যয়ে চালু করা হয়েছিল। প্রকল্পটিতে ২০,১০২ (কুড়ি হাজার একশত দুই) জন প্রকল্পিত জনসংখ্যা আওতাভুক্ত। প্রকল্পটি গলসী-১ পঞ্চায়েত সমিতিকে হস্তান্তর করা হয়েছে। আরও মানকর নলবাহিত জলসরবরাহ প্রকল্পটিতে ৬৪৯.৪৪ লক্ষ (ছয় কোটি উনপঞ্চাশ লক্ষ চুয়াল্লিশ হাজার) টাকা অনুমিত ব্যয়ে ৬ (ছয়) টি মৌজায় ৪০.৬০৯ (চল্লিশ হাজার ছয়শত নয়) জন প্রকল্পিত জনসংখ্যাকে আওতাভুক্ত করার লক্ষ্যে একটি সম্প্রসারণ প্রকল্প অনুমোদিত হয়েছে। সম্প্রসারণ প্রকল্পের কাজে অগ্রগতি হচ্ছে এবং ২০১৪ সালের ডিসেম্বর মাসে শেষ হবে।

গলসী-২ ব্লক :

'গলসী নলবাহিত জলসরবরাহ প্রকল্প' নামে ১ (এক) টি গ্রামীণ নলবাহিত জলসরবরাহ প্রকল্প ১৯৯৩-৯৪ সালে ৭.৯৯ লক্ষ (সাত লক্ষ নিরানব্বই হাজার) টাকা অনুমিত ব্যয়ে চালু করা হয়েছিল। প্রকল্পটিতে ২৪,৪১৭ (চব্বিশ হাজার চারশত সতেরো) জন প্রকল্পিত জনসংখ্যা উপকৃত।

কাঁকসা ব্লক : ১৯৭.২৬ লক্ষ (এক কোটি সাতানব্বই লক্ষ ছাব্বিশ হাজার) টাকা অনুমোদিত ব্যয়ে কাঁকসা এবং তিলকচন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতের ৪ (চার) টি মৌজায় ৫৯,৩৬৯ (উনষাট হাজার

তিনশত উনসত্তর) জন প্রকল্পিত জনসাধারণকে আওতাভুক্ত করার লক্ষ্যে 'কাঁকসা-ফেজ-২ নলবাহিত জলসরবরাহ প্রকল্প' নামে' ১ (এক) টি চলমান নলবাহিত জলসরবরাহ প্রকল্প ২০১২ সালের ফেব্রুয়ারী মাসে প্রশাসনিক অনুমোদন পেয়েছিল। প্রকল্পটি ২০১৪ সালের মে মাসে চালু হবে বলে আশা করা যায়।

আরও, ২৭৪ গলসী (তপ জাতি) বিধানসভা কেন্দ্রে ২৬ (ছাব্বিশ) টি মৌজা আওতাভুক্ত করার লক্ষ্যে কাঁকসা ব্লকের বিদবিহার, বনকাটি এবং তিলকচন্দ্রপুর এই ৩ (তিন) টি গ্রাম পঞ্চায়েতে ৫ (পাঁচ) টি নলবাহিত জলসরবরাহ প্রকল্প রূপায়ণ করার জন্য গ্রহণ করা হয়েছে। এর মধ্যে বিদবিহার গ্রাম পঞ্চায়েতে কৃষ্ণপুর এবং সংলগ্ন মৌজায় ৩৩৬.২৬ লক্ষ (তিন কোটি ছত্রিশ লক্ষ ছাব্বিশ হাজার) টাকা অনুমিত ব্যয়ে ৯,৮৯৯ (নয় হাজার আটশত নিরানব্বই) জন প্রকল্পিত জনসাধারণকে আওতাভুক্ত করার লক্ষ্যে ১ (এক) টি নলবাহিত জলসরবরাহ প্রকল্পের বিস্তারিত রিপোর্ট (DPR) ইতিমধ্যেই তৈরি করা হয়েছে। প্রকল্পটি অনুমোদনের পথে। উক্ত বিধানসভা কেন্দ্রের মধ্যে বিদবিহার, বনকাটি এবং তিলকচন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতে অবশিষ্ট ৪ (চার) টি নলবাহিত জলসরবরাহ প্রকল্পের অনুসন্ধান এবং পরিকল্পনার কাজ (Investigation and Planning) গ্রহণ করা হয়েছে।

নলবাহিত জলসরবরাহের সুবিধা ছাড়াও, ২৭৪ গলসী (তপ জাতি) বিধানসভা কেন্দ্রে ১,০৫৫ (এক হাজার পঞ্চান্ন) টি পাম্প সমেত চালু টিউবওয়েল রয়েছে।

পশ্চিমাঞ্চল উন্নয়ন বিভাগ কর্তৃক বর্ধমান জেলার উন্নয়ন

৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৯২) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৩-২০১৪ অর্থবর্ষে পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগ বর্ধমান জেলার উন্নয়নে কি কি পরিকল্পনা গ্রহণ করেছেন?

(খ) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে উক্ত পরিকল্পনাগুলি বাস্তবায়িত হওয়ার লক্ষ্যে কি ধরনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে?

পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) (১) পশ্চিমবঙ্গ সরকারের নির্দেশক্রমে অঙ্গনওয়াড়ি কেন্দ্র নির্মাণের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। উক্ত নির্দেশানুযায়ী বর্তমান অর্থবর্ষে পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ থেকে বর্ধমান জেলায় পর্ষদভুক্ত ১০ টি ব্লক/পঞ্চায়েত সমিতি এলাকায় মোট ২০০টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র নির্মাণের লক্ষ্যমাত্রা ধার্য্য করা হয়েছে। অনুমোদিত প্রকল্প ব্যয় হল ১৩,৭৯,২০,০০০ টাকা (তের কোটি উনআশি লক্ষ কুড়ি হাজার টাকা)।

২। চলতি আর্থিক বছরে পশ্চিমাঞ্চল পর্ষদ এলাকা ভুক্ত বর্ধমান জেলার অন্তর্গত ১০টি ব্লক/পঞ্চায়েত সমিতির প্রতিটিকে ৫০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প

রূপায়ণের জন্য। সুতরাং এই খাতে বর্ধমান জেলার জন্য মোট ৫ কোটি কাটা বরাদ্দ করা হয়েছে।

(৩) এছাড়া অর্থনৈতিকভাবে অনগ্রসর মানুষের জন্য গীতাঞ্জলি প্রকল্পে নির্মীয়মাণ মোট ৫২১টি বাসগৃহ তৈরির জন্য প্রাপ্য দ্বিতীয় তথ্য চূড়ান্ত কিস্তির মোট ৪,৩৫,০৩,৫০০ টাকা (চারকোটি পঁয়ত্রিশ লক্ষ তিন হাজার পাঁচশত টাকা) বর্ধমান জেলাকে বরাদ্দ করা হয়েছে।

(খ) (১) অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলি নির্মাণের জন্য পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ ইতিমধ্যে টেন্ডার আহ্বান করেছে। চলতি নভেম্বর মাসের শেষ সপ্তাহে কেন্দ্রগুলি নির্মাণের কাজ শুরু হবে। কেন্দ্রগুলির অবস্থান, জমি সংক্রান্ত বিশদ তথ্য ইতিপূর্বেই জেলাশাসক, বর্ধমান পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক দপ্তরে প্রেরণ করেছেন। আগামী ছয় মাসের মধ্যে কেন্দ্রগুলি নির্মাণের কাজ সম্পূর্ণ হবে।

(২) সংশ্লিষ্ট প্রতিটি ব্লক/পঞ্চায়েত সমিতিকে তাদের নিজস্ব বার্ষিক পরিকল্পনা থেকে বর্তমান আর্থিক বছরে ৫০ লক্ষ টাকায় স্বল্প সংখ্যক সুনির্দিষ্ট প্রকল্প রূপায়ণের জন্য নির্দেশ দেওয়া হয়েছে। জল ও ভূমি সংরক্ষণ, পানীয় জল, যোগাযোগ ব্যবস্থা উন্নতিকরণ, সেচব্যবস্থা সম্প্রসারণ ইত্যাদি প্রকল্পকে গুরুত্ব দিতে বলা হয়েছে। জেলাগুলিকে প্রতি মাসে অগ্রগতি পর্যালোচনার জন্য সভা আহ্বান করতে নির্দেশ দেওয়া হয়েছে। প্রকল্পগুলি সম্পূর্ণ করার জন্য সুনির্দিষ্ট সময়সীমা নির্ধারণ করে দেওয়া হয়েছে এবং তা হল জানুয়ারী, ২০১৪।

(৩) বর্ধমান জেলায় পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদভুক্ত এলাকার মধ্যে পশ্চিমবঙ্গ সরকারের আবাসন দপ্তর প্রণীত গীতাঞ্জলি/আমার বাড়ি প্রকল্পে নির্মীয়মাণ ৫২১ টি বাসগৃহের মধ্যে ইতিমধ্যে ৪৯৪টি বাসগৃহ তৈরি হয়ে গেছে।

পি.এম.জি.এস.ওয়াই.- এ অনুমোদিত রাস্তা

৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৫০) **শ্রী তপন চ্যাটার্জী :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পূর্বস্থলী উত্তর বিধানসভা কেন্দ্র এলাকায় কোন্ কোন্ রাস্তার নির্মাণ পি.এম.জি.এস.ওয়াই. প্রকল্পের অধীনে অনুমোদিত হয়েছে?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : পূর্বস্থলী ১নং ও ২নং ব্লক ও মন্তেশ্বর ব্লকের অধীনে মোট ২৬টি রাস্তা প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার অন্তর্ভুক্ত। এরমধ্যে পূর্বস্থলী ১নং ও ২নং ব্লকের অন্তর্ভুক্ত ১৯টি রাস্তার মধ্যে ১৮টি রাস্তার কাজ সম্পূর্ণ হয়েছে এবং ১টি রাস্তার কাজ চলছে। মন্তেশ্বর ব্লকের ৭টি রাস্তার মধ্যে ৫টির কাজ সম্পূর্ণ হয়েছে এবং ২টি রাস্তার কাজ চলছে। এ বিষয়ে বিশদ তথ্য সঙ্গে দেওয়া হল।

ময়নাগুড়িকে পৌরসভা করার প্রস্তাব

৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬০) **শ্রী অনন্তদেব অধিকারী :** বিগত ২রা এপ্রিল, ২০১২ তারিখে লিখিত উত্তরের জন্য প্রশ্নাবলীর দ্বিতীয় তালিকায় উত্থাপিত প্রশ্ন নং ৩৮ (অনুমোদিত প্রশ্ন

নং ৯৫৬)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ময়নাগুড়িকে পৌরসভা হিসাবে স্বীকৃতি দেওয়ার বিষয়টি বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : পৌর বিষয়ক দপ্তরের প্রাপ্ত তথ্য অনুযায়ী, এই ধরনের কোন প্রস্তাব রাজ্য সরকারের কাছে আসেনি।

ইন্দিরা আবাস যোজনায় ঘর

৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬২৩) **শ্রী আব্দুর রহিম বক্সী :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১১-২০১২ ও ২০১২-২০১৩ আর্থিক বছরে মালতিপুর বিধানসভা কেন্দ্র এলাকার কতজনকে ইন্দিরা আবাস যোজনায় ঘর দেওয়া হয়েছে (আলাদা আলাদা ভাবে) ; এবং

(খ) তন্মধ্যে, (১) সংখ্যালঘু, (২) তপশিলি জাতি ও (৩) তপশিলি উপজাতি পরিবারের সংখ্যা কত?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ইন্দিরা আবাস যোজনায় ২০১১-১২ সালে ৯৬৫ জনকে ঘর এবং ২০১২-১৩ সালে ৪৬০ জনকে ঘর দেওয়া হয়েছে ; এবং

(খ) তন্মধ্যে, ইন্দিরা আবাস গৃহ পাওয়া

(১) সংখ্যালঘু পরিবারের সংখ্যা ২০১১-১২ সালে ৫২৬ জন এবং ২০১২-১৩ সালে ২৬৩ জন ;

(২) তপশিলি জাতি পরিবারের সংখ্যা ২০১১-১২ সালে ১৮৩ জন এবং ২০১২-১৩ সালে ৯৮ জন ;

(৩) তপশিলি উপজাতি পরিবারের সংখ্যা ২০১১-১২ সালে ১৮৫ জন এবং ২০১২-১৩ সালে ৯৪ জন।

জলপাইগুড়ি স্পোর্টস কমপ্লেক্স

১০। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫৩) **শ্রী সুখবিলাস বর্মা :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, জলপাইগুড়ি স্পোর্টস কমপ্লেক্স-এর উন্নয়নের কাজ ইতিমধ্যে শুরু হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত কাজের অগ্রগতি কীরূপ?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, জলপাইগুড়ি স্পোর্টস কমপ্লেক্স-এর উন্নয়নের কাজ ইতিমধ্যে শুরু হয়েছে।

(খ) উক্ত কাজের অগ্রগতি সন্তোষজনক (প্রায় ৭৫% কাজ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে)। আশা করা যায় যে এই কাজ অতি সত্বর সুসম্পন্ন হবে।

"গীতাঞ্জলী" প্রকল্প

১১। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮২) শ্রী উমাপদ বাউড়ি : আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১৩-২০১৪ অর্থবর্ষের ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে পুরুলিয়া জেলার পারা বিধানসভা এলাকায় "গীতাঞ্জলী" প্রকল্পে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : বিধানসভা এলাকাভিত্তিক অর্থ বরাদ্দ করা হয় না। আবাসন দপ্তরের তত্ত্বাবধানে ৬টি দপ্তর যথা—মাইনরিটি অ্যাফেয়ার্স অ্যান্ড মাদ্রাসা এডুকেশন দপ্তর, পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক দপ্তর, সুন্দরবন বিষয়ক দপ্তর, বন দপ্তর, মৎস্য দপ্তর ও অনগ্রসর শ্রেণি উন্নয়ন দপ্তর এই প্রকল্প রূপায়ণ করে। ঐ সকল দপ্তর জেলাভিত্তিক "গীতাঞ্জলী" প্রকল্পের নির্দেশিকা অনুযায়ী উপস্বত্বভোগী (beneficiary) নির্বাচন করে। আবাসন দপ্তর ঐ নির্বাচিত তালিকা নিরীক্ষণ-এর পর অনুমোদন দেয় ও অর্থরাশি বরাদ্দ করে। ৩০.০৯.২০১৩ পর্যন্ত এই সমস্ত দপ্তরের পাঠানো তালিকাতে 'পারা' বিধানসভা এলাকাধীন কোন উপস্বত্বভোগীর নাম ছিল না। তাই কোন অনুমোদন দেওয়া সম্ভব হয় নাই।

কিন্তু পরবর্তী ক্ষেত্রে অক্টোবর মাসে মৎস্য দপ্তরের পাঠানো তালিকাতে পুরুলিয়া জেলার 'পারা' বিধানসভা কেন্দ্রের মধ্যে ১৯ জন উপস্বত্বভোগীর জন্য অনুমোদন দেওয়া হয়েছে এবং আনুপাতিক হারে ৩১,৭৩,০০০ টাকা বরাদ্দ করা হয়েছে।

পারা ব্লকে রাস্তা

১২। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮৬) শ্রী উমাপদ বাউড়ি : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পারা ব্লকের অন্তর্গত আনাড়া আর.পি.এফ. ক্যাম্প থেকে জোড়বেড়িয়া গ্রাম পর্যন্ত রাস্তাটির কাজ প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার অন্তর্ভুক্ত করার কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : পারা ব্লকের অন্তর্গত 'আনাড়া আর.পি.এফ. ক্যাম্প থেকে জোড়বেড়িয়া গ্রাম পর্যন্ত'—এই নামে কোন রাস্তা কোর নেটওয়ার্ক প্ল্যানে নেই। কিন্তু 'শঙ্করা থেকে কুশগড়া' রাস্তাটি কোর নেটওয়ার্ক প্ল্যানে আছে এবং এই রাস্তার দ্বারা জোড়বেড়িয়া বসতিটি সংযুক্ত। এই রাস্তাটিই যদি মাননীয় বিধায়কের প্রস্তাবিত রাস্তা হয় তাহলে জানানো যায় যে, যদি জমি পাওয়া যায় তাহলে উক্ত রাস্তাটির উন্নতিকরণ (upgradation) করার পরিকল্পনা আছে।

LAYING OF REPORTS AND ACCOUNTS

The Annual Accounts along with Audit Reports and Audit Certificates in respect of the Hooghly River Bridge Commissioners for the year 2009-2010 and 2010-2011.

Shri Madan Mitra : Hon'ble Speaker , Sir, I beg to lay the Annual Accounts along with Audit Reports and Audits Certificates in respect of the Hooghly River Bridge Commissioners for the years 2009-2010 and 2010-2011.

MENTION CASES

শ্রী তজমুল হোসেন : (নট প্রেজেন্ট)

শ্রী বাচ্চু হাঁসদা : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমার বিধানসভার অন্তর্গত ফুলবাড়ী হইতে ধাইনগর একটি মাত্র রাস্তা, যে রাস্তা দিয়ে তপন ব্লকের সমস্ত মানুষ মালঞ্চ—একটা রেল স্টেশন আছে—রেল স্টেশনে আসে। সেই রাস্তাটার অবস্থা খুবই ভয়াবহ। সেখানে শুধুমাত্র অটো চলে। সেই রাস্তা দিয়ে এখন অটোও চলতে পারছে না। সেই রাস্তাটার দ্রুত সম্প্রসারণ এবং দ্রুত মেরামত করা বিশেষ প্রয়োজন। আমি সেই রাস্তাটা সম্প্রসারণ ও মেরামত করার জন্য আপনার মাধ্যমে পূর্ত দপ্তর ও পঞ্চায়েত দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী মমতাজ বেগম : অনারেবল স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার অঞ্চলে আক্রা ব্রিক ফিল্ড, দীর্ঘ ১৭ বছর ধরে চলছে। প্রায় ৫০ হাজারের বেশী মানুষ, যাদের রুটিরুজির রোজগার বিভিন্নভাবে এর উপর নির্ভর করে। আজকে আমি শুনছি এই ব্রীক ফিল্ডটা বন্ধ করবার চেষ্টা হচ্ছে এবং পাশাপাশি বলি, আমাদের গভর্নমেন্ট রেভিনিউ পায় প্রত্যেক বছর ২ কোটি টাকা ; আরো বেশী করে পেতে পারে। তাই মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ আপনি এই দুঃখী মানুষের পাশে দাঁড়িয়ে—এই যে ২১টা নম্বর চলছে, যে ভাটাগুলো চলছে, ইটভাটা—তাদের আপনি সহযোগিতা করেন তাতে গভর্নমেন্টের রেভিনিউ বাড়বে এবং যারা দুঃখী মানুষ তাদের কাজ বাড়বে এবং তাদের সংসার সুষ্টুভাবে চালাতে পারবে। Therefore, I request Hon'ble Minister-in-Charge of Housing to consider the mater sympathetically. So that the bread earning and so many attached people may be protected.

(At this stage the House was adjourned till 1.30 p.m.)

[1.30 p.m.—1.40 p.m.] (After Recess)

LEGISLATION

The West Bengal Land Reforms (Amendment) Bill, 2013

Shri Swapan Debnath : Sir, I beg to introduce the West Bengal Land Reforms (Amendment) Bill, 2013.

(Secretary then read the Title of the Bill)

Shri Swapan Debnath : Sir, I beg to move that The West Bengal Land Reforms (Amendment) Bill, 2013 be taken into consideration.

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় ভূমি রাজস্ব দপ্তরের মন্ত্রী আজকে এই পবিত্র সদনে যে দ্য ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৩ প্রস্তাব এনেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে অত্যন্ত সংক্ষেপে ২-৪ টি কথা বলতে চাই। আজকে এই সদনে বামপন্থী বিধায়করা নেই, দীর্ঘদিন বামফ্রন্টের ৩৫ বছরের শাসন ব্যবস্থায় তারা গরীবের কথা বলে এই জমিকে নিয়ে নানা ধরনের কেলেঙ্কারী করেছেন এবং পশ্চিমবাংলার মানুষ তা দেখেছেন। মানুষ পরিবর্তনের ডাকে জমি কেলেঙ্কারির জন্য উপযুক্ত শাস্তি তাদের বিগত বিধানসভায় দিয়েছে বলেই আজকে মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠা লাভ করেছে। অত্যন্ত গুরুত্বপূর্ণ সময়ে বাংলায় গরীব মানুষের স্বার্থে যে এ্যামেন্ডমেন্ট আজকে এই সদনে আনা হয়েছে তাকে সমর্থন জানাই। তার একটাই কারণ, আর্বান এলাকায় যে জমি সিলিংয়ের কথা বলা হয়েছে, বামফ্রন্ট সরকার ৩৫ বছরের শাসন ব্যবস্থায় সাধারণ মানুষের কথা, গরীব মানুষের কথা চিন্তা করেনি বলেই আজকে নতুন এই আইনে শহর এলাকায় সিলিংয়ের ভেতরে কর্মসংস্থানের জন্য ডেয়ারি এবং পোলট্রির যে পরিকল্পনা, বেকারত্বের জ্বালাকে মেটানোর জন্য পশ্চিমবাংলায় আজকে গঠনমূলক ঐতিহাসিক যে অ্যামেন্ডমেন্ট, এর ফলে বেকারত্বের জ্বালাও যেমন মিটবে, পাশাপাশি বিগত দিনে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সরকার বিভিন্ন ক্ষেত্রে জমি আটকে রেখে পরিকল্পনাবিহীন অবস্থায় ফেলে রেখে বড়লোকেদের দালালি করেছে। বর্তমান পশ্চিমবঙ্গে মা-মাটি-মানুষের সরকার বাংলার গরীব মানুষদের কথা ভেবে আর্বান এলাকায় যারা গরীব মানুষ, বিপিএল তালিকার মানুষ, নিম্ন মধ্যবিত্ত মানুষ, তাদের সুযোগ-সুবিধার জন্য এই সিলিংপ্রাপ্ত জমির ভেতরে ডেয়ারি, পোলট্রি এবং বিভিন্ন রকম কর্মসূচী অনুমোদন করবে। তাই এই ঐতিহাসিক বিলকে পূর্ন সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার, ধন্যবাদ।

শ্রী বনমালী হাজরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে সামনে রেখে 'The West Bengal Land Reforms (Amendment) Bill, 2013' মাননীয়া মুখ্যমন্ত্রী যে বিলটি পেশ করেছেন তাকে সমস্ত দিক থেকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। আজকে যারা থাকলে খুব ভালো হত, তারা কিন্তু হাউসে কেউ নেই, অর্থাৎ 'য পলায়তি, সঃ জীবতিঃ'। তারা দেখেছে আজকে এই অ্যামেন্ডমেন্ট বিল যেটা এসেছে, তাতে সব দিক থেকে তারা অ্যাটাক হবে, এটা বুঝতে পেরেই তারা আজকে চলে গেছেন। এই ল্যান্ড নিয়ে তারা ছিনিমিনি খেলেছেন, যারা পশ্চিমবঙ্গে নিজেদেরকে জুজুতে পরিণত করে বাংলার মানুষকে বিভিন্নভাবে শাস্তি দিয়ে, তাদের কাছ থেকে ল্যান্ড কেড়ে নিয়েছে। যারা তাদের বশংবদ তাদের মধ্যে সেই ল্যান্ড তারা বিলি করেছেন। দেখা গেছে যারা পাট্টা পাবার উপযুক্ত নয়, তারা পাট্টা পেয়েছেন। আবার এমনও দেখা গেছে, রামের বদলে শ্যামকে জমি রেজিস্ট্রি করে দিচ্ছে এবং সেই টাকা তারা নিয়ে নিচ্ছে। এমনই একটা জুজুর ভয় তারা তৈরী করেছিল। তখন গ্রামবাংলার মানুষ ওদের বিরুদ্ধে কিছু বলতে পারেনি। এইভাবে নির্যাতন তারা দীর্ঘ চৌত্রিশটা বছর বাংলার বুকে চালিয়েছে। সব

থেকে বড় আশ্চর্যের কথা এই চৌত্রিশ বছরে বামফ্রন্ট শাসনে ল্যান্ড রিফর্মস অ্যামেন্ডমেন্ট অ্যাক্ট নাইনটিন সেভেন্টি নাইন, যেটা তৈরী হয়েছিল, তার ব্যবহারিক প্রয়োগ কিন্তু আমরা কখনো দেখতে পাইনি। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যিনি বাংলার মানুষের জন্য জেলায় জেলায় ঘুরে বেড়াচ্ছেন, এটা কিন্তু ওরা ভালো চোখে দেখছেন না। ওরা বলছে এতে নাকি সরকারী অর্থের অপচয় হচ্ছে। ওদের তো সেই বিবেক বোধ নেই, মানুষর কি প্রয়োজন সেটা যদি জেলায় জেলায় গিয়ে জানতে না পারা যায়, কি করলে বেকার সমস্যার সমাধান হবে, কোনভাবে এগিয়ে গেলে উন্নয়নের ধারাকে অব্যাহত রাখা যাবে — সে শিক্ষা ক্ষেত্রেই বলুন, স্বাস্থ্যের ক্ষেত্রেই বলুন বা বেকার যুবকদের স্বার্থেই বলুন — এটা যদি নিজের চোখে দেখা না যায়, তাহলে তারা সমাধান করবেন কি করে। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী সর্বত্র ঘুরে বেড়িয়ে অনেক চিন্তা-ভাবনা করে ডেভেলপমেন্টের জন্য এই অ্যামেন্ডমেন্টটা নিয়ে এসেছেন। এই অ্যামেন্ডমেন্টটা খুব সময়োপযোগী, যুগ উপযোগী এবং এক কথায় বলা যায় এটা যুগান্তকারী একটা চিন্তা-ভাবনা। আজকে মানুষের ক্রমবর্ধমান চাহিদার দিকে তাকিয়ে পোলট্রি এবং ডেয়ারীর জন্য যে অ্যামেন্ডমেন্ট বিল তিনি নিয়ে এসেছেন, সেটাকে আমরা সমর্থন না জানিয়ে পারছি না। কারণ মানুষের চাহিদা পূরণের পাশাপাশি, আজকে দুধ বলুন, ডিম বলুন, মাংস বলুন, চাহিদা ভীষণভাবে বেড়ে গেছে। এই উদ্যোগী মানুষদের যদি কোন সুযোগ না দেওয়া হয়, তাহলে তারা এগিয়ে আসবে না। এর ফলে বেকার সমস্যার সমাধান হবে, মানুষের চাহিদা মিটবে এবং সেদিকে লক্ষ্য রেখেই তিনি এই অ্যামেন্ডমেন্টটা নিয়ে এসেছেন। আমরা তো কুমির ছানা এবং শিয়ালের গল্পটা জানি। একটা বাদে সব কটা কুমির ছানা শিয়াল খেয়ে ফেলেছিল। আর একটা কুমির ছানাকেই সে বারে বারে দেখাত। এরাও ঠিক সেইভাবে, ল্যান্ডকে সামনে রেখে বাংলার মানুষকে অজ্ঞ, মূর্খ ভেবে বারে বারে আইন তৈরী করেছেন, কিন্তু সেটাকে কার্যকরী করেননি। তারা শুধু কাগজ তৈরী করেছেন। তারা গ্রামে-গঞ্জে জমির দালালি করে পার্টির প্রাসাদোপম বাড়ি তৈরী করেছে। ওদের দলের কর্মী থেকে নেতা সবাই জমিদার হয়ে গেছে। এটাই হচ্ছে বামফ্রন্ট জমানার ভূমি সংস্কারের একটা দিক। সেইজন্যই আজকে মানুষ তাদের প্রত্যাখ্যান করেছে। আমি শুধু একটা কথাই বলতে চাই, ব্রিটেনে একটা কথা আছে King can do no wrong, আর বিগত আড়াই বছরের মধ্যে বাংলার মানুষের মনের মধ্যে এটা তৈরী হয়েছে যে Mamata Banerjee can do no wrong. তিনি যে কাজই করেন তা মানুষের জন্যই করেন, জনগণের জন্য করেন। আজকে আমাদের বিরোধী বন্ধুরা যেখানেই থাকুন না কেন তারা মনে মনে এই অ্যামেন্ডমেন্টকে সমর্থন করবেন। এই সভায় যারা উপস্থিত আছেন তাদের প্রত্যেককেই অনুরোধ করব এই বিলকে সমর্থন জানান। বিগত সরকার যে ভুলটা করে গেছেন আসুন আমরা তার প্রায়শ্চিত্ত করি। এই বিলকে আমরা সর্বতোভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[1.40 p.m.—1.50 p.m.]

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজ পবিত্র সদনে মাননীয় স্বপন দেবনাথবাবু 'দি ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৩ যেটা উপস্থাপন করেছেন তাকে পূর্ণাঙ্গ সমর্থন করে আমরা বলতে চাই, যে বিগত আমলগুলিতে জমি সংস্কারের নাম করে বামফ্রন্টের যারা দায়িত্বে ছিলেন, তারা সঠিক দায়িত্ব না পালন করে অতিরিক্ত জায়গাকে কি ভাবে

ধরে রাখা যায় এবং যে ম্যাল প্রাকটিসের মধ্যে দিয়ে তারা যাওয়ার চেষ্টা করেছিলেন। এক্ষেত্রে আর্বান এলাকার ক্ষেত্রে যে অ্যামেন্ডমেন্ট বিলটিকে আনা হয়েছে সেক্ষেত্রে দেখা যাচ্ছে যে পোলট্রি ফার্মিং এবং ডেয়ারি—এই দুটোকে আপরা সাবটিউট হিসাবে রাখা হয়েছে বিলে। এখানে টাউনশিপ ডেভলপমেন্ট থেকে এটাকে বাতিল করে দিই। গরীব মানুষদের মধ্যে যাদের বেকারত্বের জ্বালা রয়েছে তাদেরকে সংকুলান করার জন্য, তাদেরকে বিশেষ ভাবে এমফ্যাসাইস করবার জন্য আমরা এই বিলের যে অধ্যায়টা সূচনা করা হয়েছে। অর্থাৎ পোলট্রি ফার্মিং এবং ডেয়ারি এটা এই জায়গায় কার্যকরী করবার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং টাউনশিপটা এখানে থেকে অমিট করা হয়েছে। আমরা জানি ইতিমধ্যে বর্তমান মা-মাটি-মানুষের সরকার ল্যান্ড রিফর্মস-এর মধ্যে দিয়ে বিভিন্ন ভাবে প্রাণী সম্পদ বিকাশের জন্য যে গুরুত্বপূর্ণ অধ্যায়ের সূচনা করেছেন—যেভাবে আমরা দেখতে পাচ্ছি যে আজকে পুরস্কার বিতরণের মধ্যে দিয়ে সরকারী বিপণন কেন্দ্র এর মধ্যে দিয়ে উৎপাদিত দ্রব্য বিক্রির মধ্যে দিয়ে এবং গ্রামাঞ্চলে যাতে দুধের উৎপাদন বাড়ানো যায় তার জন্য 'বোকনা' থেকে আরম্ভ করে কৃত্রিম প্রজনন করে বা খাদ্যশস্য—এইগুলোকে যাতে বেশি পরিমাণে সরবরাহ করা যায় তার জন্য চেষ্টা করে প্রাণী সম্পদ যে বিকাশ করা হয়েছে সেই কারণের জন্য ডেয়ারি এবং পোলিট্রি—এ দুটো বিশেষভাবে উপকৃত হবে এবং দ্বিতীয় অ্যামেন্ডমেন্ট আর একটি যেটা বলা হয়েছে সেটাকে অথেনটিকেটেড করবার জন্য বি.এল.আর. অফিস বা অন্যান্য যে সমস্ত ভূমি দপ্তরগুলো থেকে গেছে, সেই জায়গায় যে ম্যানুয়ালি সাক্ষর করা হত বা চলছে এখনও পর্যন্ত তার মধ্যে কোন ত্রুটি থাকতে পারে। কিন্তু যেহেতু এখন কমপিউটারইজড পর্চা বা অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সেখানে যদি আমরা ডিজিটাল সিগনেচার-এর ব্যবস্থা যেটা করা হয়েছে এই বিলের মধ্যে যেটা উপস্থাপন করা হয়েছে। এটার ফলে যে ত্রুটিগুলি ছিল বা যে ধরনের অসুবিধার সম্মুখীন হতে হত—এই ডিজিটাল সিগনেচারের মধ্যে দিয়ে কাজের অগ্রগতি যেমন হবে সেই সঙ্গে সঙ্গে যে বিভ্রান্তি তৈরি হত বা ভুল-ভ্রান্তি হত সেটাকে আমরা সংশোধন করতে পারব। এই বিলের মধ্যে সেইটিকে সংযোজন করার জন্য আমরা মনে করি যে যুগান্তকারি যে বিলটা সদনে উপস্থাপিত হয়েছে এটা একটা সুন্দর পর্যায়ে যাবে। এলাকার সমস্ত মানুষের কাছে এই পর্চাগুলো পাওয়ার ক্ষেত্রে গ্রামে অনেকবেশি সময় বাঁচবে এবং এটা অনেক বেশি অথেনটিক হবে। এই কারণের জন্য 'দি ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৩'—এই বিলকে পূর্ণাঙ্গ সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম, ধন্যবাদ নমস্কার।

মিঃ স্পীকার : আমি পরবর্তী বক্তার নাম ঘোষণা করার আগে বি.এ. কমিটির রিপোর্ট প্রেজেন্ট করছি।

I beg to present the 40th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the Revised Programme of Business for the 2 December, 2013 and Programme of Business for the 9th December, 2013 as follows :

2.12.2013, Monday : Government Resolution under rule 169 regarding linking of Aadhar Card forgetting subsidy of LPG Gas Cylinders (Notice given by Shri Partha Chatterjee)—$1^1/_2$ hours—

9.12.2013, Monday : The Kolkata Municipal Corporation

(Amendment) Bill, 2013 (Introduction, Consideration and (Passing)—2 hours.

N.B. :

(i) There will be no sitting of the House on 3rd December, 2013.

(ii) Special Session of the House will be held on 4th, 5th & 6th December, 2013 on the occasion of Valedictory Ceremony of the Platinum Jubilee Celebration of West Bengal Legislative Assembly.

Mr. Speaker : Now, the Minister-in-Charge of Parliamentary Affairs may please move the motion for acceptance.

Shri Partha Chatterjee : Sir, I beg to move that the 40th Report of the Business Advisory Committee as presented to the House today be agreed to by the House.

Mr. Speaker : I think the motion is adopted.

(Pause)

The motion is adopted.

শ্রী শঙ্কর দোলই : মাননীয় অধ্যক্ষ মহাশয়, The West Bengal Land Reforms (Amendment) Bill, 2013, বিল নম্বর ২৮ এই মহতি সদনে যা উত্থাপন করা হয়েছে, আমাদের মাননীয় মন্ত্রী স্বপন দেবনাথ, তাকে আমি পূর্ণ সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে দু-একটা কথা বলতে চাই। আমরা জানি, আমাদের এই বাংলার সব চেয়ে বড় সম্পদ হচ্ছে মানব সম্পদ এবং সবচেয়ে বড় সম্পদ হচ্ছে প্রাকৃতিক সম্পদ, আমাদের ভূমি। এই ভূমির যদি আমরা ঠিক মত সদব্যবহার করতে না পারি তাহলে আমাদের এই যে সামাজিক ব্যবস্থা তা কখনই এগিয়ে যাবে না। তাই আমি মনে করি আজকে এই মহতি সদনে মাননীয় মন্ত্রী যে ২৮ নম্বর বিল এনেছেন তার গুরুত্ব অপরিসীম। এই যে ফটিন জেড, আমি মনে করি এই ফটিন জেড এটা আজকের আইন নয়। এই আইন প্রয়োগ হয়েছিল ১৯৭৯ সালে। তাতে কি ছিল? তাতে ছিল, সিলিং বহির্ভূত যদি কোন ব্যক্তি তিনি ডেয়ারী করেন, পোলট্রি ফার্ম করেন তাহলে সরকারের অনুমোদন সাপেক্ষে তিনি সেটা লিজ নিতে পারেন। তার সঙ্গে টাউনশিপ ছিল। কিন্তু আমরা দেখেছি যে অভিশাপে আজকে ডান দিকে বসে তাঁদের একজন মাননীয় মন্ত্রী, সেই টাউনশিপের যে অভিশাপে রাজারহাটে, সেই অভিশাপের ফলে তিনি সেখান থেকে জিতে আসতে পারেননি। টাউনশিপ ব্যবহার করার ফলে এক দিকে প্রোমোটারী, একদিকে দালালি এই ধরনের ব্যবসা চলতো। তাই এ ক্ষেত্রে এই যে ফটিন

জেড সেকশান (২) এখানে টাউনশিপকে মাইনাস করা হয়েছে। এটা আমি মনে করি একটা মহৎ উদ্দেশ্য। কারণ টাউনশিপের নাম করে প্রোমোটারী ব্যবস্থা কায়েম হত। তার পরবর্তী সময়ে আমাদের, ফিফটি (২) সেকশানে যে কথা বলা হয়েছে। আমরা জানি বামপন্থীরা সব কিছুই অনেক শেষে নেয়, যেমন ইংরাজী তুলে দিয়েছিল, চালু করতে অনেক দেরী করেছে। গোটা দেশ যখন কমপিউটারের কথা বলছে তখন আমাদের এই রাজ্য ২০০০ সালে কমপিউটার চালু করেছিল। সেই কমপিউটারের মাধ্যমে আমরা দেখেছি যে জমির যে ব্যবস্থা মৌজা ভিত্তিক কমপিউটারে যুক্ত করেছে এবং বিভিন্ন আধিকারিকদের মাধ্যমে অ্যাটেসট্রেট করে তাকে সংযুক্ত করেছে। কিন্তু কখনই সিগনেচারকে তার মধ্যে আনেনি। তাই এই বিলে সিগনেচারকে তার মধ্যে এনে মহৎ উদ্দেশ্য সাধিত হয়েছে। তাতে জমি কেলেংকারী বন্ধ হবে। ভূমির যদি সুসংহত ব্যবস্থা করতে না পারি তাহলে আগামী দিনে—আমাদের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী জমির উপর দাঁড়িয়ে ২৬ দিন তিনি যে বাংলায় ইতিহাস তৈরী করেছিলেন তার প্রতিশ্রুতি রক্ষা করার জন্য, আমি মনে করি এই সংশোধনী বিল। তাই এই সংশোধনী বিলকে পুনরায় সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার, ধন্যবাদ।

ডঃ তরুণকান্তি নস্কর : অনারেবেল স্পীকার স্যার West Bengal Land Reforms অ্যাক্ট 1955-এর এই যে Amendment আজ আনা হয়েছে, যার মধ্যে দিয়ে ceiling বহির্ভূত জমি যেটা টাউনশিপ ডেভলপমেন্টের জন্য এত দিন রাখা যেত সেই অংশটাকে এখন থেকে উইথড্র করা হচ্ছে। তাই সরকারের উদ্দেশ্যকে সাধুবাদ জানাতেই হবে।

[1.50 p.m.—2.04 p.m.]

কারণ এত দিন ধরে এই রকম জমি রাখার ফলে যে প্রোমোটিং ব্যবসা হত এবং যেটা বিগত সরকারের সময় দীর্ঘদিন ধরেই হয়ে এসেছে, সেটা বন্ধ হওয়া দরকার। এখনও যদি তা চলতে থাকত তবে সেটা নিশ্চয়ই কোনভাবেই এক্সপেক্টেড ছিল না। তাই তা যদি বন্ধ হয় সেই অর্থে এই বিলের উদ্দেশ্যটা সত্যি ভাল। কিন্তু এখানে যে যে কারণে সিলিং বহির্ভূত জমি এখনও পর্যন্ত রাখা যেতে পারে বলে মনে হচ্ছে, অর্থাৎ টি গার্ডেন, মিল, ফ্যাক্টরী, ওয়ার্কশপ ইত্যাদির জন্য সেগুলো রাখা যেতে পারে বলে এখানে বলা হয়েছে। এর মধ্যে দিয়েও কিন্তু চাষের জমি রক্ষা হবে না। চাষের জমি রক্ষার যে উদ্দেশ্য, সেই উদ্দেশ্য এখানে থাকছে না। আমি কিছু উদাহরণ দিয়ে আপনাদের সামনে রাখতে চাইছি, সেই বিষয়টাও সরকারের তরফ থেকে দেখা দরকার। যেমন—চা বাগান, সেই চা বাগানে এই সিলিং বহির্ভূত জমি রাখার একটা Provision এর মধ্যে দিয়ে থাকছে। কিন্তু উত্তরবঙ্গে আমরা দেখেছি এবং এখনও দেখছি যে বিভিন্ন জায়গায় চা বাগানের জমি যে ভাবে নেওয়া হচ্ছে, যেমন আদিবাসীদের কাছ থেকে জমি কিনে নেওয়া হচ্ছে চাকরীর লোভ দেখিয়ে, তা কেনা হচ্ছে, তাতেও কিন্তু চাষের জমি বিনষ্ট হচ্ছে। আবার তিস্তা ক্যানেল কমান্ড যেটা আছে, সেই তিস্তা ক্যানেল কমান্ডের যে জমি, তাও চা বাগানের জন্য ব্যবহার হচ্ছে। এটা চা বাগানের জন্য একবারেই ব্যবহার হতে পারে না। এখানে বোরো চাষ অত্যন্ত ভাল হয়। তাতে খাদ্যদ্রব্যের যে উৎপাদন, সেটা বাড়তে পারে। এই ঘটনাগুলো ঘটছে জলপাইগুড়ি, রায়গঞ্জ,

ফাঁসিদেওয়ায়। ফলে আমি মাননীয় মন্ত্রীকে এবং সরকারকে অনুরোধ করব এই বিষয়গুলো দেখার জন্য, যাতে চাষের জমি এই ভাবে বিনষ্ট না হয় এবং সিলিং বহির্ভূত জমি রাখার যে Provision রাখা হয়েছে, সেই বিষয়টা কিন্তু ভাবা দরকার। নতুবা যে উদ্দেশ্য নিয়ে বিল আনা হচ্ছে, সেই উদ্দেশ্য সম্পূর্ণভাবে সফল হবে না বলে আমার মনে হয়েছে। আমি এই কয়েকটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

ড: রমেন্দ্রনাথ বিশ্বাস : The West Bengal Land Reforms (Amendment) Bill, 2013, আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়ের কাছে বলতে চাই যে বিল আজকে মন্ত্রী শ্রী স্বপন দেবনাথের মাধ্যমে এই সভায় উপস্থাপিত করা হয়েছে, আমি সেই বিল পরিপূর্ণভাবে সমর্থন করি। নির্বাচনের আগেই আমাদের নেত্রী বর্তমান মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা ব্যানার্জী প্রতিশ্রুতি দিয়ে বলেছিলেন ইস্তাহারে—'আমি আজ সিঙ্গুর, নন্দীগ্রামের দৃষ্টান্ত অনুষ্ঠিত হতে দেব না পশ্চিমবঙ্গে। কৃষকদের স্বার্থে সমস্ত দায়িত্ব আমাদের পালন করতে হবে এবং সেই ব্যাপারে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।' সেই প্রতিশ্রুতি কার্যকর করতে গিয়ে আজকে কৃষকদের স্বার্থে এই বিল আনা হয়েছে। এই বিল আনা হয়েছে শিল্পের স্বার্থে, এই বিল আনা হয়েছে গরীব মানুষদের স্বার্থে, এই বিল আনা হয়েছে ক্ষুদ্র ক্ষুদ্র চাষীদের স্বার্থে। শ্রীমতী মমতা ব্যানার্জী এই দু', আড়াই বছরের মধ্যে যে সকল কার্যাবলী প্রদর্শন করেছেন, তার মধ্যে দিয়ে তিনি এই কথা সকলের কাছে জানিয়ে দিতে চান, যে আমরা গরীবদের স্বার্থে কাজ করব, আমরা পশ্চিমবাংলার স্বার্থে কাজ করব। সি.পি.এম-এর আমলে, বামের আমলে একথা বলা হত "কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ।" কিন্তু আমরা দেখেছি কৃষির প্রতি তারা তেমনভাবে দৃষ্টি দেয়নি। বরং ওই সিঙ্গুর, নন্দীগ্রামে যে হত্যাকান্ড, যে লীলা তারা প্রদর্শন করেছে, তার কখনও তুলনা হয় না।

মমতা ব্যানার্জী তাই এই বিলের মাধ্যমে তিনি এই জিনিসটা প্রমাণ করে দিতে চেষ্টা করেছেন এবং বিল এনে সেটা প্রতিষ্ঠিত করতে চেষ্টা করেছেন যার মধ্য দিয়ে আমরা দেখেছি, টাউনশিপ বাদ দিয়ে যদি পোলট্রি অ্যান্ড ফার্মিং এই সমস্ত দিকে নজর দেওয়া যায় তাহলে সেই স্বার্থ রক্ষিত হবে। কারণ, টাউনশিপ, এই নামটাই এমন একটা প্রোমোটিংকে উৎসাহিত করে, ধনী মানুষদের উৎসাহিত করে, শিল্পপতিদের উৎসাহিত করে, যার মাধ্যমে অনেকে গ্রামে জমি কিনে সেখানে শিল্প প্রতিষ্ঠা করবার জন্য অনেক দিন ধরে ফেলে রাখে এবং সেই অবস্থা হয়েছে এই পশ্চিমবঙ্গের বুকে। কৃষির উন্নতি একদিকে হচ্ছে না। কারণ যেখানে তিন-ফসলি জমি সেই সকল তিন-ফসলি জমির উপরে শিল্প স্থাপনের নামে এক রকম কৃষকের উপরে বলাৎকার। অনিচ্ছা সত্ত্বেও তাদের জমি অধিগ্রহণ করবার যে প্রচেষ্টা তার বিরুদ্ধে জেহাদ ঘোষণা করে মমতা ব্যানার্জী আজকে অনিচ্ছুক চাষীদের জমি ফিরিয়ে দেওয়ার জন্য বদ্ধপরিকর এবং কেউ যাতে তার অনিচ্ছাকৃত ভাবে জমি না দিতে হয় তার জন্য এই বিল তিনি এনেছেন এবং এর মধ্য দিয়ে দেখা গেছে, 14Z-এর মধ্যে, ঐ টাউনশিপের কথা ছিল সেটা তিনি বাদ দিয়েছেন এই বিলের মধ্য দিয়ে। এতে করে যদি কেউ শিল্প স্থাপনের নামে জমি নিতে চায় তাহলে গভর্নমেন্ট-এর পার্মিশান নিতে হবে। সেই রেওয়াজ তিনি রেখেছেন এবং সিলিং যেটা আছে সেই সিলিং তিনি নষ্ট করেননি। বরং কি করে সমস্ত গতি অব্যাহত রেখে ঐ কৃষকের স্বার্থে, গরিবের স্বার্থে, ক্ষুদ্র চাষীদের স্বার্থে কাজ করা সম্ভব হয় এই

বিলে তার প্রতিশ্রুতি আছে। তাই আমি আন্তরিকভাবে এই বিলকে সমর্থন করি এবং বলতে চাই মমতা ব্যানার্জী যে দিকে আলোকপাত করেছেন সেই দিকই আজকে আলোকিত, পুলোকিত, উদ্বেলিত হয়ে উঠেছে। ধন্যবাদ।

শ্রী স্বপন দেবনাথ : অনারেবল স্পীকার, আমি প্রথমেই কৃতজ্ঞতা জানাই বাংলার মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে যে, এই ধরনের একটি বিল এনেছেন এবং এটা ঐতিহাসিক বিল। অ্যামেন্ডমেন্ট, তিনি নির্দেশ দিয়েছেন, তা আনা হয়েছে। সম্মানীয় বিধায়কদেরও আমি অভিনন্দন জানাই যে, প্রত্যেকে এই বিলের সমর্থন করেছেন। শুধু তরুণবাবুর কথার উত্তর একটু পরে দিচ্ছি। 14Y-তে আমাদের সরকার ২০১২ সালে এই বিল এনেছেন। চৌত্রিশ বছরে জমি হাঙ্গররা ও বিল আনেননি। আমাদের স্লোগান ছিল, বাংলার মানুষ গ্রামে স্লোগান তুলে বলত, বাম-রাজ মানে প্রোমোটারি রাজ। আমাদের সরকার এই প্রোমোটারি রাজকে শেষ করার জন্যে এবং শুধু টাউনশিপটাকে বাদ দেওয়া হচ্ছে, টাউনশিপ ডেভলপমেন্ট 14Z-এ। এর ফলে কি হবে? গ্রামের মানুষই পোলট্রি চাষ করে। গ্রামের মানুষই ডেয়ারি চাষের সঙ্গে যুক্ত। চা বাগানের চা শ্রমিকরা কাজ করেন। ওয়ার্কশপ, কলকারখানা এবং যেটা লাইভ স্টক ব্রীডিং সে গ্রামীণ এলাকাতেই হয়ে থাকে। তারা সুযোগ পাবে কর্ম সংস্থানের। কিন্তু টাউনশিপের নামে সিলিং-এর বহির্ভূত জমি যারা রাখার চেষ্টা করতেন, সরকার অনুমোদন দিতেন, এটা একেবারেই অমিট করে দেওয়া হ'ল। অতএব, সিলিং-এর মধ্যেই টাউনশিপ তৈরী হবে। কিন্তু, সুবিধা হবে গ্রামের মানুষের। পোলট্রির ক্ষেত্রে, ডেয়ারির ক্ষেত্রে, ওয়ার্কশপের ক্ষেত্রে, চা-টি গার্ডেনের ক্ষেত্রে সেটা হবে। অতএব, এটা একটা ঐতিহাসিক সিদ্ধান্ত। আমরা গ্রামের যারা বিধায়ক আছি তারা জানেন। যে ডিজিটাল রাইটস অফ রেকর্ডস করা হয়েছে। এর ফলে যে সুবিধে এবং ভারতবর্ষে আমাদের এই রেকর্ডস এবং রাইটস-এর ক্ষেত্রে অ্যাডমিনিস্ট্রেশনে আমাদের পশ্চিমবঙ্গ অনেক এগিয়ে যাবে এই কারণে যে, 1,2,3,4 যে Rank আছে আমরা এটা করার ফলেতে আমরা থ্রি-তে পৌঁছে যাবো যা তার চারে পৌঁছাতে আর কিছু দিন সময় লাগবে। তার কারণ গ্রামের মানুষ জমি, রেকর্ড-এর ক্ষেত্রে, সার্টিফাই রেকর্ড-এর ক্ষেত্রে এতদিন ধরে ম্যানুয়াল সই চালু ছিল, সেটা থাকবে। এখন ঘরে বসেই গোটা ভারতবর্ষে ইন্ডিয়া জুড়ে জমির রেকর্ড, জমির ম্যাপ, তার প্ল্যান—সব কিছু জানা যাবে এবং আরো authenticated করার জন্য digital signature চালু করা হল section 52 sub-section (2)—এতে এবং আমাদের যে information technology act 2003 সেটা প্রয়োগ করা হল। এর ফলে আর ঐ জমির পরচা আনতে গিয়ে গ্রামের BLRO Office-এ হত্যে দিয়ে পড়ে থাকতে হবে না। এক কেউ হয়তো একটা bank-র ঋণ নেবে, একটা করে দিল, manual সই, হয়তো পরচা দিয়ে দিল, সই-টা তাতে, তাতে কিন্তু authentication থাকছে না। তাই authentication সুনিশ্চিত করার জন্য এই ব্যবস্থা করা হয়েছে। একদিকে জমির অপব্যবহার রোধ, অন্যদিকে প্রোমোটারি-রাজকে শেষ করা এর উদ্দেশ্য। একদিকে পরচা কিম্বা দলিলের ক্ষেত্রে records of rights, তার ডিজিটাল চালু করা, ডিজিটাল সিগনেচার, এটা করবার জন্য এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে আজকের এই অ্যামেন্ডমেন্ট বিল ২০১৩-তে। আমি ধন্যবাদ জানাই যে আপনারা সকলে সমর্থন করেছেন।

আর, মাননীয় সদস্য তরুণবাবু একটা কথা বলেছেন। তরুণবাবুর জ্ঞাতার্থে জানাই, তিস্তার ঐ জমিতে এবছর পশ্চিমবঙ্গে highest বোরো চাষ হয়েছে। অতীতে বাম-জমানায় কোনদিন এত চাষ হয়নি, highest জমি চাষ হয়েছে। আগামীদিনে সেই বোরো চাষ বাড়বে। এটা আপনার উদ্দেশ্যে আমি জানালাম। অতএব জমির সঠিক ব্যবহার, জমির অপব্যবহার বন্ধের জন্য এবং জমির records of rights, digital এবং digital signature চালু করা মানুষের সুবিধার্থে, বাম-জমানায়, ৩৪ বছর ওঁরা করেননি মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়ের মুখ্যমন্ত্রিত্বে এই সংশোধনী বিল আনা হয়েছে। তাই এই বিল অনুমোদন করবার জন্য আমি আপনাদের সকলের কাছে আবেদন রাখছি। নমস্কার। ধন্যবাদ।

Mr. Speaker : The question before the House is that the Bill be taken into consideration.

As many as are of that opinion will please say AYE.

As many as are of that opinion will please NO.

AYES have it, AYES have it.

Clauses 2 & 3

Mr. Speaker : There is no amendment to Clauses 2 & 3. So I put to Clauses 2 & 3 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE.

As many as are of that opinion will please NO.

AYES have it, AYES have it.

Clause 1, Enacting Formula, Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, Enacting Formula, Preamble and the Title of the Bill. So, I put to vote Clause, 1, Enacting Formula, Preamble and the Title of the Bill do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE.

As many as are of that opinion will please NO.

AYES have it, AYES have it.

Shri Swapan Debnath : Sir, I beg to move that The West Bengal Land Reforms (Amendment) Bill, 2013 as settled in the Assembly, be passed.

Mr. Speaker : So I put to vote that The West Bengal Land Reform (Amendment) Bill, 2013 as settled in the Assembly be passed.

As many as are of that opinion will please say AYE.

As many as are of that opinion will please NO.

AYES have it, AYES have it.

Adjournment

The House was then adjourned at 2.04 p.m. till 11 a.m. on Monday, the 2nd December, 2013.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 2nd December, 2013 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 26 Ministers 05 Ministers of State, 11 Parliamentary Secretary and 185 Members.

[11.00–11.10 a.m.]

OBITUARY REFERENCE

Mr. Speaker : Hon'ble Members, before taking up the business of the day I rise to perform a melancholy duty to refer to the sad demise of **Smt Purabi Dutta**, a Nazrul Geeti Exponent who passed away on the 1st December, 2013. She was 80.

Born in 1933, Smt. Dutta took her first lesson in music from her father. Very soon she earned reputation as distinguished singer captivating the music lovers of Bengal through her lilting melody. In her long musical career she sang numerous songs most of which have been very popular.

Smt. Dutta was honoured with many awards for her outstanding contribution to music.

At the demise of Smt. Dutta the State has lost a talent in the arena of Bengali music.

Now I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(At this stage Hon'ble Members stood in silence for two minutes)

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family.

Mr. Speaker : Hon'ble Members, to-day nearly 55 participants from 23 foreign countries namely Afghanistan, Argentina, Armenia, Azerbaijan, Bangladesh, Bhutan, Botswana, Brazil, Burundi, Cambodia, Czech Republic, Ghana, Guyana, Indonesia, Kenya, Liberia, Malawi, Maldives, Samoa, Seychelles, Sierra Leone, Srilanka and Zimbabwe who have come to the Lok Sabha Secretariat for attending the 29th Parliamentary Internship Programme at the Bureau of Parliamentary Studies and Training are witnessing the proceedings of the House from the Gallaries. They are accompanied by two very senior officers of Lok Sabha Secretariat.

আজ আমি সমস্ত সদস্যদের কাছে আবেদন করবো যে, আমাদের হাউসটা যেন রীতিনীতি মেনে চলে।

Starred Questions
(To which oral answers were given)

শিক্ষক-শিক্ষিকা নিয়োগ

*১২৫।(অনুমোদিত প্রশ্ন নং*২০) **শ্রী তজমুল হোসেন :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১৩-১৪ আর্থিক বছরে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়গুলিতে কত সংখ্যক শিক্ষক-শিক্ষিকা নিযুক্ত করা হয়েছে/হবে?

শ্রী ব্রাত্য বসু : ২০১৩ -১৪ আর্থিক বছরে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়গুলিতে ২৭, ২৬০ সংখ্যক শিক্ষক-শিক্ষিকা নিযুক্ত করার প্রক্রিয়া ইতিমধ্যে সম্পন্ন হয়েছে।

শ্রী তজমুল হোসেন : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন। উনি বললেন ২৭,২৬০ জন শিক্ষকশিক্ষিকা নিয়োগের প্রক্রিয়া শুরু হয়েছে কিন্তু আমরা দেখছি কাউন্সিলিং হওয়া সত্ত্বেও এখন পর্যন্ত শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করা হয় নি।এখন ২৭,২৬০ সংখ্যক পূরণ করেছেন। জেলাওয়াড়ি, বিভিন্ন জেলায় কোথায় কোথায় হয়েছে দয়া করে যদি জানান। এখনও পর্যন্ত শিক্ষক-শিক্ষিকা কাউন্সিলিং হওয়া সত্ত্বেও যে নিয়োগ হয় নি তার কারণটা কি?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় সদস্যের অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাচ্ছি যে, দ্বিতীয় পর্যায়ের কাউন্সিলিং সমাপ্ত হয়ে গেছে এবং ইতিমধ্যে বেশ কিছু টিচার অ্যাপয়েন্টমেন্ট পেয়েও গেছেন। আপনি জেলাওয়াড়ি তথ্য জানতে চেয়েছেন, কোন কোন জেলায় কত কত টিচার ইতিমধ্যে অ্যাপয়েন্টমেন্ট পেয়েছেন সেটা আমি জানিয়ে দেবো। পাশাপাশি আপনাকে জানাই, তৃতীয় কাউন্সিলিংয়ের কাজও শুরু হয়ে গেছে। এই সম্পূর্ণ টিচার কাউন্সিলিং শেষ হওয়ার পর সমস্ত

যে ভ্যাকান্সি এবং তার সঙ্গে নিযুক্ত পোস্ট তার একটা সম্পূর্ণ হিসাব আপনাকে দেবো। তার আগে এখনও অবধি আপনি যেটা জানতে চেয়েছেন অর্থাৎ কোন কোন জেলায় কত কত শিক্ষক ইতিমধ্যে নিযুক্ত হয়েছেন তার জেলা ধরে আজকে আপনাকে উত্তর দিয়ে দেওয়ার আমি চেষ্টা করছি।

শ্রী তজমুল হোসেন : স্যার, যাই হোক, উনি একটু পরে উত্তর দিয়ে দিচ্ছেন। স্যার, আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন, বর্তমানে শূন্য পদের সংখ্যা এখন কত এবং কবে নাগাদ এই সংখ্যাটা পূরণ হতে পারে। আর একটা আপনি জানেন স্যার, কিছুদিন আগে একটা আর্থিক কেলেঙ্কারি হয়েছিল। ৪৭ হাজার টাকার একটা মোবাইল কিনেছে তার বিরুদ্ধে আপনি কি অ্যাকশান নিয়েছেন যদি আপনি হাউসকে জানান।

শ্রী ব্রাত্য বসু : আপনার দ্বিতীয় প্রশ্নের উত্তর আগে দিই, এটা আমিও গণমাধ্যমে দেখেছিলাম। আমি ওনাকে ডেকে জিজ্ঞাসা করেছিলাম। এবার ওনাকে আমি যেটা বলেছি সেটা হচ্ছে এটা পুরোটা নিয়মের প্রশ্ন। প্রশ্নটা ৪৭ হাজার টাকা বা ৪ হাজার টাকা বা ৬০ হাজার টাকার নয়। যদি নিয়মে থাকে, যদি মোবাইল ফোন কিনতে পারেন, মোবাইল ফোন যদি অফিস দেয় তাহলে উনি কিনতে পারেন আর যদি নিয়মে না থাকে এবং তার মধ্যেও যদি উনি কিনে থাকেন তাকে আমি বলেছি যে টাকা কমিশন খরচ করছে সেটা কমিশনকে ফেরত দিতে হবে। পুরোটা নির্ভর করছে নিয়মের উপর। সেটা নিয়ে আমি যতদূর জানি আজকে তার একটা ফিনান্সিয়াল কমিটির মিটিং আছে তারপর তারা আমাকে জানাবেন বলেছেন। আর আপনার প্রথম প্রশ্নের উত্তরে জানাই, এই মুহূর্তে কতগুলি পোস্ট আছে সেটা আপনাকে বলি। সেটা হল, মোট মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক স্কুলের সংখ্যা এবং আপনি ভ্যাকান্সি এবং পোস্ট জানতে চেয়েছেন। আগে সংখ্যাটা বলে নিই, মাধ্যমিক স্কুলের সংখ্যা হচ্ছে-৫৭০৮, উচ্চমাধ্যমিক হচ্ছে—৩৩৯৪। টিচিং পোস্টের সংখ্যা হচ্ছে— ২লক্ষ ২৪ হাজার ৩৭৫। কত পোস্টর ভর্তি হচ্ছে আপনি জানতে চেয়েছেন। শিক্ষক আছে ১ লক্ষ ৫১ হাজার ৫৮৮, অতিরিক্ত ১৮ হাজার ৪২৩। পার্ট টাইম আছেন ১২৮০ জন। জি-এডেড স্কুলের শিক্ষক আছেন ৬৯৭ জন। অশিক্ষক কর্মচারী আছেন ২৬ হাজার ২১১ জন, গেস্ট টিচার আছেন ২৩২০ জন। ভ্যাকান্সি তার মানে হচ্ছে এটা বাদ দিয়ে টোটাল ছিল ৫২ হাজার ৪৬৭ জন। আমি বললাম, ইতিমধ্যে আমাদের নিযুক্ত হয়ে গেছে ২৭,২৬০ জন।

[11.10—11.20 a.m.]

শ্রী ব্রাত্য বসু : তাহলে ৫২ হাজার ৪৬৭ থেকে যদি এই সংখ্যাটা বাদ দেন সেইটা হচ্ছে ভ্যাকেন্সি। আর আমি বললাম পাশাপাশি থার্ড কাউন্সেলিং আমাদের শুরু হয়ে গেছে। থার্ড কাউন্সেলিং শুরু হয়ে গেলে এই সংখ্যাটা এবং সেই অনুযায়ী অ্যাপয়েন্টমেন্ট হয়ে গেলে এই সংখ্যাটা আরও কমে যাবে।

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহোদয়কে আমার অতিরিক্ত প্রশ্ন-আমাদের বিরোধী দলের বন্ধুরা অনেক কথা তুলছেন। ৩৪ বছর নাকে তেল দিয়ে ঘুমাচ্ছিলেন। এখন হিসাব নিচ্ছেন যে কত শিক্ষক কবে নিয়োগ হবে। এইগুলো তো ওনারাই সৃষ্টি

করে গেছেন। মন্ত্রীর কাছে আমার প্রশ্ন যে এই যে নিয়োগ প্রক্রিয়া -এটা কত সাল থেকে এই সমস্ত পোস্টে ফাঁকা ছিল?

শ্রী ব্রাত্য বসু : যে ৫২ হাজার পোস্টের কথা বলছি, তার অধিকাংশই ২০০৯ সাল থেকে বাকি আছে। আবার কিছু কিছু খুঁজলে তার আগের থেকেও বাকি আছে। এমনও হতে পারে যে কখনও কোন টিচার কাজ করতে করতে হয়তো মারা গেছে, সেটা পূরণ হয়নি। এইভাবে সঠিকভাবে আমি আপনাকে ৫২ হাজার ২৬৭ যে সংখ্যাটি বলছি সেটা ঠিক কবে কবে থেকে ফাঁকা হয়ে পড়ে আছে, সেটা আপনাকে আমি নির্দিষ্ট দিনক্ষণ ধরে বলতে পারব না। তবে এইটুকু বলতে পারি যে আমাদের সরকারের সময়েই এই ২৭ হাজার পূর্তি ইতিমধ্যেই হয়ে গেছে, পূরণ হয়ে গেছে। বাকিটাও আমরা আশা করছি যে আগামী এক থেকে দু'বছরের মধ্যে সম্পূর্ণ করতে পারব অর্থাৎ কবে থেকে ফাঁকা হয়ে পড়ে আছে, সেটার থেকেও বড় কথা হচ্ছে কত তাড়াতাড়ি আমরা এটাকে পূরণ করতে পারছি। এটা আমাদের মনে হয় যে সরকারের দিক থেকে লক্ষ্য থাকা উচিত এবং আমরা সেই লক্ষ্যমাত্রা পূরণের জন্য বদ্ধপরিকর।

শ্রী এস. এম. সাদি : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন -উনি উত্তর দিয়েছেন ২৭ হাজার ২৬০ সংখ্যক শিক্ষক-শিক্ষিকা নিযুক্ত করার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। স্যার, আমার প্রশ্ন হচ্ছে এর মধ্যে কত সংখ্যক সংখ্যালঘু মুসলিম সম্প্রদায়ের শিক্ষক শিক্ষিকা নিয়োগ হয়েছে? আর একটি বিষয়—সেটা হচ্ছে বর্তমানে যিনি স্কুল কাউন্সিলের মানে এস.এস.সির চেয়ারম্যান, তিনি কি কোন পৌরসভাতে বিশেষ করে তৃণমূল কংগ্রেসের নির্বাচিত প্রতিনিধি কিনা এবং এর বিরুদ্ধে কোন আর্থিক অভিযোগ আছে কিনা?

শ্রী ব্রাত্য বসু : আপনার প্রথম প্রশ্নের উত্তরে জানাই- আমার মনে হয় আপনি একটা নির্দিষ্ট সংখ্যা জানতে চেয়েছেন। আমি আপনাকে সংখ্যালঘুর তালিকা দিতে পারব। সংখ্যালঘু মুসলিম আপনি যেটা জানতে চেয়েছেন সেটার থেকেও আরও গুরুত্বপূর্ণ হল সংখ্যালঘু মানুষ কতজন চাকরি পেলেন। যেহেতু দ্বিতীয় পর্যায়ের কাউন্সেলিংয়ের কাজ চলছে। থার্ড কাউন্সেলিং শুরু হতে যাচ্ছে। এই সংখ্যাটা ধরে আমি আপনাকে শেষ হওয়ার পর দিয়ে দেব। দ্বিতীয়তঃ আমার মনে হয় যে কোন স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যান তিনি পৌরসংস্থায় ছিলেন কিনা, কোন কাউন্সিলর বোধ হয় জানতে চাইলেন, আছেন কিনা বা আগে কোন ভি.সি-ভাইস চ্যান্সেলার কোন রাজনৈতিক দলের প্রার্থী ছিলেন কিনা বা কোন স্কুল কমিশনের বা মাধ্যমিক বোর্ডের কোন চেয়ারম্যান বিগত জমানায় কোন নির্বাচিত প্রতিনিধি ছিলেন কিনা? এটা পুরোটা মিলিয়েই তাহলে আপনাকে উত্তর দিতে হয়। আপনার প্রশ্নের মধ্যে যে ব্যঞ্জনা আছে, যে এক তিনি ছিলেন কিনা, না তিনি হতে পারেন কিনা? নিয়ম অনুযায়ী দেখা যাচ্ছে তিনি হতে পারেন। আর অতিরিক্ত সত্যি তার বিরুদ্ধে কোন আর্থিক অভিযোগ আছে কিনা। সেটা আমার জানা নেই। আপনারা যদি বলেন—এখন কথা হচ্ছে যে এগুলো বিগত জমানাতে দেখা গেছে। আমি বলছি সেই নিয়েই অর্থাৎ কোন রাজনৈতিক দলের মানুষ, তিনি কোন সরকারী পদাধিকারে হবেন কিনা, এটা নিয়ে একটা স্বভাবতঃই যে প্রশ্ন চলে আসে, সেটা হচ্ছে দলতন্ত্র।

দলতন্ত্রকে আমার মনে হয় ভুল ব্যাখ্যা করা হচ্ছে। মাথায় রাখতে হবে একজন অধ্যাপক তিনি শুধু স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যান নন, মাথায় রাখতে হবে তিনি কেবলমাত্র একটি পুরসভার নির্বাচিত জনপ্রতিনিধি নন, তিনি একটি কলেজের অধ্যাপক। এখন সেই পুরনো প্রশ্ন — কলেজের অধ্যাপক, শিক্ষক তিনি রাজনীতি করবেন কিনা, তিনি করলে কতটা করবেন। সমাজের সর্বস্তরের মানুষ যদি রাজনীতি করতে পারেন তাহলে অধ্যাপক বা শিক্ষকই করবেন না কেন? বা তারজন্য যদি তিনি করেন তিনি কোন সরকারী পদাধিকার পাচ্ছেন কিনা? দেখতে হবে তিনি সেই জায়গায় বহাল হয়ে রাজনীতিকরণ করছেন কিনা। এখনও অবধি আমাদের কাছে এস.এস.সি-র যে নিয়োগ প্রক্রিয়া হয়েছে, তা সম্পূর্ণভাবে স্বচ্ছ এবং স্পষ্টও। ফলে আমার মনে হয় আপনি যে প্রশ্ন করেছেন তার উত্তরে এটুকুই বলা যেতে পারে যে, হ্যাঁ তিনি জনপ্রতিনিধি, বাকিটা আমি জানি না।

শ্রী তোয়াব আলি : আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে অতিরিক্ত প্রশ্ন করতে চাই, এবারকার এস.এস.সি-র শেষ ফাইনাল যে তালিকা তৈরী করেছেন-কম্বাইন্ড লিস্ট ৩০৩৭৫ সম্ভবতঃ। এখন পর্যন্ত যা বললেন ২৭২৬০ জন এ্যাপয়েনমেন্ট হয়েছে। আমার কোয়েশ্চেন হচ্ছে টোটাল মেরিট লিস্ট অনুযায়ী যে তালিকা তৈরী হয়েছিল ৩০৩৭৫ এর মত। আপনি বললেন তৃতীয় কাউন্সেলিং শুরু হচ্ছে। আমার মূল প্রশ্ন হচ্ছে, এই যে টোটাল তালিকা তৈরী হয়েছে—কম্বাইন্ড লিস্ট, তার মধ্যে দুটো পর্যায়ে হয়েছে। টোটাল কম্বাইন্ড যা হয়েছে তাদেরকে টোটাল ভ্যাকান্সি অনুযায়ী এদের টোটাল এ্যাপয়েনমেন্ট হবে, না এখান থেকেও বাদ যাবে? অথবা নেক্সট যেহেতু ভ্যাকান্সি অনেকগুলো আছে, তাই যে তালিকা তৈরী হয়েছে, প্যানেল তৈরী হয়েছে, তার থেকে টোটাল অ্যাপয়েনমেন্ট হবে কিনা, না এখান থেকেও বাদ যাবে।

শ্রী ব্রাত্য বসু : মাননীয় সদস্যকে জানাতে চাই, এটা খুব সুন্দর প্রশ্ন হয়েছে। আপনারা দেখবেন আমি যে তালিকা দিয়েছি, তাতে উদ্বৃত্ত যে সংখ্যা অর্থাৎ মোট কত শূন্য পদ আছে এবং কত পূরণ হতে যাচ্ছে। তারপরেও দেখবেন অতিরিক্ত কিছু অংশ বাকি রয়ে যাচ্ছে। অর্থাৎ এটা নিশ্চিতভাবে বলা যায় যে, কাউন্সেলিংয়ের পর যদি না কেউ নিজে থেকে অপ্ট আউট করেন-কোন শিক্ষক, তিনি অবশ্যই চাকরী পাবেন। অর্থাৎ এখান থেকে যদি নিজে থেকে কেউ স্বেচ্ছায় সরে না যান তাহলে তার চাকরী পাওয়াটা নিশ্চিত -টোটালটাই।

শ্রী সুভাষ নস্কর - (নট প্রেজেন্ট)

শ্রী রামেশ্বর দোলই : স্যার ধন্যবাদ আপনাকে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, সংবাদ মাধ্যম আমরাও দেখি, উনিও দেখেন। সংবাদ মাধ্যম থেকে কিছু খবর আমরা জানতে পারি। আমার প্রশ্ন হল যে, শিক্ষা ক্ষেত্রে প্রাথমিক থেকে শুরু করে উঁচু স্তর পর্যন্ত-বিশ্ববিদ্যালয়- হায়ার স্কুল এডুকেশানে একটা অস্থিরতা চলছে। স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যানকে ঘন ঘন পদত্যাগ করানো হচ্ছে বা অপসারণ করা হচ্ছে। আমার প্রশ্ন হল, শিক্ষক নিয়োগের ব্যাপারে কি রাজনৈতিক সিদ্ধান্তে শিক্ষক নিয়োগ হয়, না মেধার ভিত্তিতে শিক্ষক নিয়োগ করা হয়—এই সব বিষয়গুলো নিয়ে যদি আমাদের একটু বলেন তাহলে ভাল হয়।

Mr. Speaker : I think that this question has been answered. This question has been answered by the Hon'ble Minister. This question was put by another member and that was duly replied by the Hon'ble Minister. You need not reply to this.

[11.20—11.30 a.m]

শ্রী সুভাষ নস্কর : মাননীয় মন্ত্রী মহোদয়কে ধন্যবাদ। শিক্ষক নিয়োগের প্রশ্নে আপনি নিয়োগ কর্তার মোবাইল কেনার প্রশ্নটারও সদুত্তর দিয়েছেন। কিন্তু সেই সদুত্তরের মধ্যে একটা ইঙ্গিত আছে যে যদি নিয়ম পারমিট করে তাহলে উনি ওই ৪৭ হাজার টাকার মোবাইল কিনতে পারেন। এখানে আমার প্রশ্ন হল যদি নাকি তাই নিয়ম হয়, এখানে আপনি আর্থিক ভাবে অসঙ্গতি, শিক্ষকের বেতন বা শিক্ষক এবং অশিক্ষকদের সুবিধা অসুবিধাগুলো দিতে আপনি যেখানে অক্ষম, সেখানে একজন নিয়োগকর্তা, তিনি আবার শিক্ষাবিদ, শিক্ষা অনুরাগী, তার মগজে কি করে এল ৭ হাজার টাকায় যথেষ্ট, ৪ হাজার ৭০০ টাকায় যথেষ্ট, ৪৭ হাজার টাকায়-এটা আপনি বলবেন কি তার বিবেকে বাধল না?

শ্রী ব্রাত্য বসু : এখন তার বিবেকের মধ্যে তো আমি ডুবুরি নামিয়ে দেখতে পারব না। ...(গোলমাল)... এটা আমি জানতাম না। এটা তো যার যার নিজের সাবজেকটিভ ব্যাপার, কে কত টাকার মোবাইল কিনবে, কি না কিনবেন। এখন আর্থিক অসঙ্গতি আছে। কিন্তু আপনারা দেখবেন যে মাননীয়া মুখ্যমন্ত্রী অতীতের তুলনায় সমস্ত বিধায়কদের মাইনে বাড়িয়েছেন এই আর্থিক অসঙ্গতির মধ্যেও, এই টানাটানির মধ্যেও। এখন সেই অতিরিক্ত অর্থ তুলতেও পারে, নাও তুলতে পারে। পুরোটা তার বিবেকের উপর নির্ভর করছে আপনার কথায় আমি বলি।

শ্রী সুভাষ নস্কর : এটা তো সরকারি টাকা।

শ্রী ব্রাত্য বসু : ওটাও তো সরকারি টাকা, ওটাও তো সরকারি টাকা।

......(গন্ডগোল)......

আপনি বিবেকের প্রশ্ন তুললেন .....(গন্ডগোল)....আমি তো গোড়াতেই বললাম এটা তো একটা সাবজেকটিভ ব্যাপার।

Mr. Speaker : আপনি specifically reply দিন।

...... (এই সময় মাননীয় সদস্য শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা কিছু বলতে উঠে দাঁড়ান)......

.......(গন্ডগোল)....

Mr. Mollah, please take your seat. Hon-ble Minister is giving the reply.

শ্রী ব্রাত্য বসু : নিশ্চয়ই, আমি তো অস্বীকার করছি না। আমি তো আপনার কথা বলছি না। সমস্ত বিধায়কের কথা বলেছি। আপনি আমার বাক্য মিস করেছেন। তার মধ্যে আমিও পড়ি।

...(এই সময় সরকার পক্ষের মাননীয় চিফ হুইপ একটা চিরকুট মাননীয় মন্ত্রীকে দেন)...

মাননীয় চিফ হুইপ একটা তথ্য দিলেন যে প্রত্যেক বিধায়ক ৬০ হাজার টাকা পেয়েছেন ল্যাপটপ কেনার জন্য। আমি কিন্তু এখনও কিনিনি। .....(গন্ডগোল).....মাননীয় সদস্য যেটা বলেছেন, এটা একটা বিবেকের প্রশ্ন, সাবজেকটিভ ব্যাপার। আমর উত্তর ছিল যদি রুল পারমিট করে তাহলে কে ৪৭ হাজার টাকার কিনবে, কে ৪ হাজার ৭০০ টাকার কিনবে, সেটা তার উপর ছেড়ে দেওয়া ভালো। আমি হলে ৪ হাজার ৭০০ টাকার কিনতাম। .

Mr. Speaker : I think that this question has been answered. This question has been answered by the Hon'ble Minister. This question was put by another member and that was duly replied by the Hon'ble Minister. You need not reply to this.

বি.টি.রোড সংস্কার ও সম্প্রসারণ

*১২৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৩) **শ্রী নির্মল ঘোষ :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর ২৪ পরগনা জেলার সোদপুর থেকে ব্যারাকপুর পর্যন্ত বি.টি.রোডের সংস্কার ও সম্প্রসারণের কাজ কোন্ পর্যায়ে আছে ; এবং

(খ) এর জন্য মোট বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

ডাঃ সুদর্শন ঘোষ দোস্তিদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই যে আমাদের সোদপুর থেকে ব্যারাকপুর বি টি রোডের এই অংশটির প্রশস্তিকরণের কাজ, এটা আর.ভি.এন.এল দ্বারা সম্পন্ন হবে। তারা ইতিমধ্যে কাজ শুরু করেছে এবং তার সঙ্গে দৃঢ়করণের একটা পরিকল্পনা ওদের ছাড়া আমরা পি.ডব্লিউ.ডি থেকে নিয়েছি। আর.ভি.এন.এল এটা করছে। আপনি জানেন যে দক্ষিণেশ্বর থেকে ব্যারাকপুর মেট্রো রেলের যে প্রোজেক্ট আছে, সেই প্রোজেক্টে সেন্ট্রাল মিডিয়াম যে পার্কটা, সেটা ওরা ভায়াডাক্ট হিসাবে ব্যবহার করবে। এবং তার পরে ওরা এটাতে একটা সারভিস রোড তৈরী করবে—ফোর লেন কি সিক্স লেন করবে। এছাড়াও পি.ডব্লুউ.ডি পুরোটাতেই একটা দৃঢ়করণ এবং প্রশস্তিকরণের পরিকল্পনা নিয়েছে টোটাল ৪৫ কোটি টাকার। সে কাজটিও শুরু হবে। মোট যে বরাদ্দ বললাম আমাদের ৪৫ কোটি টাকার, তার মধ্যে সোদপুর টু ব্যারাকপুর—এই অঞ্চলের জন্য আমাদের খরচা হবে ১৪.৩৭ কোটি টাকা।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন। সত্যি কথা বলতে কি ৩০ বছর সময় লেগেছে টালা ব্রিজ থেকে সোদপুর পর্যন্ত যেতে। আমার এখন প্রশ্ন হচ্ছে সোদপুর থেকে ব্যারাকপুর যেতে মাননীয় মন্ত্রী আপনি উদ্যোগ নিয়েছেন ঠিকই। কিন্তু আপনি যে কথাটা বলেছেন আর ভি এন এল—ওটা সত্যি কথা বলতে কি, যেটা আমাদের মেট্রো রেল, মেট্রো রেল তারা ফিকস করেছিল আর ভি এন এলকে দিয়ে করাতে, আমাদের পশ্চিমবাংলার

দুর্ভাগ্য যে বর্তমানে মেট্রো রেলের কাজ কেন্দ্রীয় সরকার প্রায় বন্ধ করে দিয়েছে। দমদম টু বারাসাত এবং দমদম থেকে ব্যারাকপুর প্রায় বন্ধ। এখন আমাদের মুশকিল হয়েছে কি ১৭০০ গাছ কাটা হয়েছে। প্রত্যেকটি জায়গা প্রস্তুত করা হয়েছে যাতে মেট্রো রেলের কাজ শুরু হতে পারে। এখন চারিদিকে সমস্ত মালপত্র পড়ে আছে। যেহেতু টালা থেকে ব্যারাকপুর এবং ব্যারাকপুর থেকে কাঁচড়াপাড়া আপনি জানেন যে ডেনসি পপুলেটেড, দু দিকে লক্ষ লক্ষ মানুষের বাস এবং ১১টা পৌরসভা। আমার প্রশ্ন হচ্ছে স্যার যে আপনি অন্তত সাময়িকভাবে দুটো রিলিফ যদি আপনি দেন। একটা হচ্ছে যে দেখুন দমদম রোড আর দমদম রোডকে ক্রস করলে বিটি রোড থেকে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়। হাজার হাজার ছেলেমেয়ে ওখান দিয়ে যাচ্ছে এবং সেখানে ক্রসিং এর মেন পয়েন্ট হচ্ছে সিঁথির মোড়। সিঁথির মোড়ে যেহেতু মেট্রো রেলের কাজ অনিশ্চয়তার মধ্যে রয়েছে, আপনি একটা পেডেস্টাল যদি দেন, একটা মডার্ন পেডেস্টাল যদি দেন। সিঁথির মোড়ে সমস্ত গাড়ি দাঁড়িয়ে পড়ে। আমার স্পেসিফিক কোশ্চেন হল মাননীয় মন্ত্রী সিঁথির মোড়ে পেডেস্টাল করে দিতে পারবেন কিনা? এইরকম কোন পরিকল্পনা আপনার আছে কিনা?

ডাঃ সুদর্শন ঘোষ দস্তিদার : মাননীয় বিধায়ক আপনি যেটা বললেন এতো ঠিক কথা। দুর্ভাগ্যর বিষয় ওই অঞ্চলে যে কাজ—মেট্রো রেলের যে কাজ দক্ষিণেশ্বর থেকে, সে কাজ কবে হবে সেটা আমি জানি না। এর জন্য যে মানুষের দুঃখ কষ্ট হচ্ছে সেটা আমরা সত্যিই অনুধাবন করতে পারছি। আমি আপনাকে যেটা বললাম যে আমরা কিন্তু পি.ডব্লু.ডি থেকে, আমাদের থেকে পুরো রাস্তাটাই আমরা উন্নতি করার জন্য কাজ নিয়েছি। সেটা আমরা করছি। এর মধ্যে আপনি যেটা রবীন্দ্র ভারতী এবং সিঁথির মোড়ে সাবওয়ে করার কথা বলছেন ...

শ্রী নির্মল ঘোষ : সাবওয়ে তো হবে না। দেরী হবে একটা পেডেস্টাল যদি দেন।

ডাঃ সুদর্শন ঘোষ দস্তিদার : ওপর থেকে কোন ওভার ব্রিজ বা কোন কিছু করতে পারি সেটা, আপনি যেটা বললেন একটা ভাল প্রস্তাব। আমার মনে হয় যে আমরা আমাদের যে সীমিত বাজেট আছে তার মধ্যে, আমি আপনাকে কথা দিচ্ছি যে প্রশ্ন আপনি বলেছেন সেটা আমি আমার দপ্তরের ইঞ্জিনীয়ারদের সঙ্গে আলোচনা করব। এখানে দাঁড়িয়ে যেটা বলতে পারছি সেটা আমরা করে দিতে পারব। ঠিক সময় না বললেও আপনার এই প্রস্তাব আমি গ্রহণ করছি। মানুষের স্বার্থে আমরা এটা করে দেব।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় মন্ত্রীকে অশেষ ধন্যবাদ। ওখানে হাজার হাজার মানুষ এপার ওপার করে থাকে। আমার প্রশ্ন হচ্ছে যে ব্যারাকপুর থেকে বাঘের মোড় পর্যন্ত কাঁচড়াপাড়াতে ওই রাস্তাটার আরও করুণ অবস্থা। আপনি হাত দিয়েছেন আপনাকে ধন্যবাদ। প্রত্যেকটি কাজে আপনি হাত দিয়েছেন এবং এই জেলার যেগুলো প্রবেশ দ্বার এবং বেরিয়ে আসার সমস্ত রাস্তা গুলোতে আপনি হাত দিয়েছেন। আমার প্রশ্ন হল এই ব্যারাকপুর থেকে ঘোষপাড়া রোড হয়ে ঋষি বঙ্কিম হয়ে বাঘের মোড় পর্যন্ত প্রশস্ত এবং একে দৃঢ়করণের কোন পরিকল্পনা আপনি ইতিমধ্যে গ্রহণ করেছেন কিনা? করে থাকলে কত টাকা ব্যয় হবে?

ডাঃ সুদর্শন ঘোষ দস্তিদার : মাননীয় বিধায়ক তৃতীয় যে পার্টটা বললেন এটা আমাদের

কনসিডারেশনের মধ্যে আছে। রাস্তার অবস্থা খারাপ ছিল। তবে বিগত বর্ষার সময়ে যে বর্ষাটা গেল সেই সময়ে আপনি জানেন যে আমাদের বিভিন্ন কাজ ভীষণ ক্ষতিগ্রস্ত হয়েছে। অনেক সময় লেগেছে। এত লম্বা বর্ষাকাল আমরা এর আগে দেখিনি। বিভিন্ন রাস্তা—যশোর রোডে কাজ করতে গিয়ে আমাদের কাজ বন্ধ করতে হয়েছে বৃষ্টির জন্য। তবে আপনার এই প্রস্তাবটা আমাদের কনসিডারেশনের মধ্যে আছে। একটা বাজেটের প্রশ্ন আছে। আমি দেখে নিচ্ছি এটা কি করে, করে দেওয়া যায়।

[11.30—11.40 a.m.]

তবে আমি দেখে নিচ্ছি। কিভাবে এটা তাড়াতাড়ি করে দেওয়া যায়। তবে পুরো রাস্তাটার রিপেয়ারিং-এর যে কাজ রয়েছে, সেই কাজটা চলছে এবং এই রিপেয়ারিং-এর কাজটা আমরা খুব তাড়াতাড়ি করে ফেলব। এটা হয়ে যাবে।

ডঃ তরুণ কান্তি নস্কর : স্যার, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন—বর্ষার সময়ে রাস্তাগুলি ভেঙে পট হোলসে ভরে যায়। এই রাস্তাগুলি যদি একবার পট হোলসে ভরে যায়, তাহলে এই রাস্তাগুলি ক্রমাগত ভাঙতে থাকে। সাধারণতঃ সরকারী ইঞ্জিনিয়াররা রাস্তা সারানোর কাজ শুরু করেন বর্ষা শুরু হওয়ার পরে, যখন এই কাজ একেবারেই ভালো করে করা যায় না এবং যেকোন এক্সপার্টরাই একে বলবে যে বর্ষার আগেই কাজটা শুরু করা উচিত, ভাঙার সম্ভাবনা আছে কিনা দেখে নিয়ে। এতে সরকারী টাকা প্রচুর খরচ হয়। কিন্তু জনসাধারণের সমস্যা লাঘব হয় না। আমার মনে হয় ইঞ্জিনিয়াররা ডেলিবারেটলি এটা করেন না। এটা বন্ধ করা এবং এদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়ার আপনার পরিকল্পনা আছে কি?

ডাঃ সুদর্শন ঘোষ দস্তিদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানাই যে, আপনি যে প্রশ্নটা করেছেন এটা বিবেচনাসাপেক্ষ। কিন্তু আমাদের পি ডবলু ডি দপ্তর বর্তমানে পশ্চিমবঙ্গে প্রত্যেকটা রাস্তাঘাট এবং তার রিপেয়ার, যেগুলি প্রস্তুতিকরণের কাজ, সেগুলি অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করে কাজ করছে। এবং কাজগুলি মোটামুটি ঠিক সময়েই হয়। তবে যেখানেই আমাদের কাজের সঙ্গে এন এইচ এ আইয়ের সম্পর্ক আছে, সেখানকার ব্যাপারে আমি একটা উদাহরণ আপনাকে দিতে পারি। আমারও খুব খারাপ লেগেছে একটা ব্যাপারে যে এই যশোর রোড ধরুন, এয়ারপোর্ট থেকে বারাসত পর্যন্ত এই রাস্তাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ রাস্তা। বহুদিন ধরে আমি প্রায় গত দেড় দু বছর ধরে রেগুলারলি এই রাস্তাটির ব্যাপারে এন এইচ এ আইয়ের অথরিটির সঙ্গে মিটিং করেছি। ওদের বলেছি যে আপনারা টাকাটা যদি আগে না দেন, সময়মত না দেন, তাহলে বর্ষা এসে গেলে কাজ করা যাবে না। এটা ওঁনারা আমাদের দিয়ে দিতে চাইছিলেন। এটা ওঁনাদের রিপেয়ার করে আমাদের দেওয়ার কথা। ডিফেক্ট লায়াবিলিটির পিরিয়ড ছিল, ওঁনারা দেন নি। যখন দিলেন, তখন হয়ত বৃষ্টি শুরু হয়েছে। ওই অঞ্চলের মানুষের এই কারণে বহুদিন কষ্ট হয়েছে। আমরা প্রায় দু আড়াই মাস, লোক যন্ত্রপাতি জিনিসপত্র যা যা দরকার সব রেডি, কনট্রাকটাররা দাঁড়িয়েছিলেন, তবু তারা কাজ করতে পারছিলেন না। আপনি লক্ষ্য করবেন, যখনই বৃষ্টি শেষ হয়েছে, অত্যন্ত দ্রুত গতিতে আমাদের দপ্তরের ইঞ্জিনিয়াররা তাদের আমি ধন্যবাদ জানাচ্ছি, তারা

কিন্তু সঙ্গে সঙ্গে গত কয়েকদিন আগে রাস্তাটিকে ঠিক করেছে এবং এরপরে আমাদের যে দাবিটা বহুদিন ধরে আমরা জানাচ্ছিল্যাম, ডি জি এবং আমাদের এন এইচ এ আই দপ্তর মেনে নিয়েছেন এবং তারা আমাদের ফান্ডটা রিলিজ করতে বাধ্য হয়েছেন এবং আগামী ডিসেম্বর বা জানুয়ারীর মধ্যে সেই কাজটা শুরু হয়ে যাবে। সুতরাং ওই অঞ্চলে আর কষ্ট থাকবে না। এটা আমি বললাম যে শুধু আমাদের ইঞ্জিনিয়ারা ইচ্ছা করে বৃষ্টির মধ্যে কাজ করেন এই কথাটা ঠিক কথা নয়। বিভিন্ন সময়ে বিভিন্ন কার্যকারণ থাকে যার জন্য কাজ হয় না। আমি আপনাকে একটা কথা বলি আমাদের এইবারে বর্তমান মা মাটি মানুষের সরকারের যে নীতি, আমাদের আড়াই বছর সময় কালে আমরা যে ই টেন্ডারিং করেছি প্রত্যেকটা কাজে, কাজটাকে স্বচ্ছতার সঙ্গে করার জন্য। আপনি শুনলে খুশি হবেন যে, আমাদের বি আর জি এফের যে ১৪০০ কোটি টাকার কাজ, তার ই টেন্ডারিং তার মনিটরিং তার কাজ স্বচ্ছতার সঙ্গে করার জন্য, চেষ্টা করছি এবং আমি নিজে স্যার, প্র্যাকটিকালি প্রত্যেকদিন মনিটরিং করেছি। তার ফলে আমরা ১০১ কোটি টাকা বাঁচাতে পেরেছি সেই ১০১ কোটি টাকা থেকে আবার অনেকগুলি দশ-বারোটি নতুন রাস্তার কাজ করতে পারছি। অতএব মানুষের টাকা জনগণের টাকা সেটাকে ঠিকভাবে খরচ করা হচ্ছে। আপনাকে আমি দায়িত্ব নিয়ে বলছি। পি ডবলু ডি দপ্তর কিন্তু পরিষ্কারভাবে প্রত্যেকটি জায়গা স্বচ্ছতার সঙ্গে নিয়ম মেনে যাতে কাজ করে সেটা দেখছে। আপনি বাঁকুড়া পুরুলিয়া দক্ষিণ দিনাজপুর যেখানেই যান, সেখানে দেখবেন যে যে রাস্তাগুলি হয়েছে, জঙ্গলমহলে প্রত্যেকটা কাজ পি ডব্লু ডি সময়মত করছে এবং সময়ে শেষ করছে এইজন্য শুধু কাউকে আলাদা করে দোষ দেওয়া নয়, কারণ অনেক সময় কেন্দ্রীয় সরকারের যে নীতিগুলি আছে উত্তরবঙ্গে এটা হয়েছে, এন এইচ থার্টি ওয়ান নিয়ে একই ব্যাপার হয়েছে। তারা যখন অনেক আলোচনা করে টাকা দিতে যাচ্ছেন, তখন বর্ষাকাল চলে আসছে। তখন আপনি কাজ করাতে যাচ্ছেন। তখন কাজ না করলেও বিরাট বিরাট গর্ত। যেমন আমাদের যশোর রোডের ক্ষেত্রে হয়েছিল। কাজ করলেই সেখানে কয়েকদিন পরে খারাপ হয়ে যাবে। কিন্তু মানুষের স্বার্থে সেখানে কাজ করতে আমরা বাধ্য হই। এটাই ঘটনা। কিন্তু আপনাকে আমরা নিশ্চিত করছি এটা নিশচয় আমাদের খেয়াল থাকবে। আমাদের রাজ্যের প্রতিটি রাস্তায় এখন যে কাজগুলি হচ্ছে সেই কাজগুলি স্বচ্ছতার সঙ্গে হচ্ছে। যেখানে কোন কমপ্লেন আসছে, সেখানে আমরা সঙ্গে সঙ্গে ব্যবস্থা নিচ্ছি। হস্তক্ষেপ করছি এবং সেখানে যে ব্যবস্থা নেওয়ার সেটা নেওয়া হচ্ছে।

শ্রী অশোক সাউ : স্যার, হুগলী জেলার বহুলাংশে দিল্লি রোড এবং জি টি রোডের বহুলাংশ ভেঙে গেছে। এগুলি কবে বা কখন মেরামত হবে জানাবেন কি?

ডাঃ সুদর্শন ঘোষ দস্তিদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক অশোকবাবুর আনা অতিরিক্ত প্রশ্নের উত্তরে বলি, হুগলী জেলায় বা যেসব জায়গায় যে যে কাজগুলি আছে —যেগুলি রিপেয়ারিং এর কাজ আছে, তার কাজ কিন্তু অত্যন্ত দ্রুতগতিতে চলছে। আগামী এক থেকে দেড় মাসের মধ্যে সমস্ত কাজ শেষ হয়ে যাবে, কমপ্লিট হয়ে যাবে। আমাদের যেখানে যতগুলো প্রোজেক্ট আছে, প্রত্যেকটা প্রোজেক্ট একদম টাইমে চলছে এবং আপনাকে আমি আশ্বস্ত করতে পারি, এই কাজটা কিন্তু সময়ে শেষ হয়ে যাবে। আমার মনে হয় এক দেড় মাসের মধ্যেই সমস্ত কাজ শেষ হয়ে যাবে।

শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাই যে, ২০১৩-১৪ আর্থিক বছরে পুরুলিয়া জেলায় কত পাকা রাস্তা মঞ্জুর হয়েছে, কোন কোন ব্লকে তা মঞ্জুর হয়েছে এবং ঐ মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ কত—এগুলো জানালে ভালো হয়, ধন্যবাদ স্যার।

ডাঃ সুদর্শন ঘোষ দস্তিদার : আপনি যে প্রশ্নটা করলেন পুরুলিয়া সম্বন্ধে, সেই সম্বন্ধে ডিটেইলস্ আপনাকে আমি দিতে পারবো, একটু পরেই দিয়ে দিতে পারবো। আপনি যদি আমাকে লিখিতভাবে দেন যে, কোন কোন রাস্তার ব্যাপারে জানতে চাইছেন, আপনাকে আমি আজকের মধ্যেই জানিয়ে দিতে পারবো। এই উত্তর আমার কাছে রয়েছে।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ্ : স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, মন্তেশ্বর থানার বামুনপাড়া গ্রাম পঞ্চায়েতের সমেজপুরের ব্রীজ, খড়ি নদীর ওপরে যে ব্রীজ, সেই ব্রীজ ২০১০-১১ সালে শেষ হয়েছে বহু কোটি টাকা খরচা করে। ব্রীজ শেষ হওয়ার পরেও নির্বাচনের জন্য ব্রীজ উদ্বোধন করা যায়নি। আড়াই বছর-তিন বছর হয়ে চলল, আজও পর্যন্ত সেই ব্রীজকে কেন খোলা হচ্ছে না, কেন উদ্বোধন করা হচ্ছে না, সেই ব্যাপারে মন্ত্রী মহোদয় যদি উত্তর দেন, তাহলে খুশি হবো।

ডাঃ সুদর্শন ঘোষ দস্তিদার : আপনি তো এটা বুঝতেই পারছেন যে, আপনি যদি স্পেশিফিক্যালি এটা লিখে জানান, তাহলে আমি নিশ্চয়ই জানাবো। কিন্তু পি. ডাব্লু.ডি. প্রায় ১৬ হাজার কিলোমিটার রাস্তা বা এতগুলো ব্রীজ সারা রাজ্যে দেখে। তার একটা প্রশ্ন আপনি স্পেশিফিক্যালি বলছেন, সেটা আমাকে একটু খবর নিয়ে বলতে হবে। আপনি এটা আমাকে লিখিতভাবে দিলে আমি আজকেই এটা আপনাকে দিতে পারবো।

শ্রী তপন চ্যাটার্জী : মাননীয় স্পিকারকে ধন্যবাদ, মাননীয় মন্ত্রীর কাছে মাননীয় স্পিকারের মাধ্যমে আমার প্রশ্ন, হেদায়ায়েতুল্লাহ্ সাহেব বললেন, কিন্তু উনি ঠিকমতো বলতে পারলেন না। আমার বিধানসভার অন্তর্গত বামুনপাড়া পঞ্চায়েত, এদিকে মুসলিমপাড়া পঞ্চায়েত। একদিকে বর্ধমান, একদিকে পূর্বস্থলী, মাঝখানে মন্তেশ্বর। এই যে ব্রীজটা আছে খড়ি নদীর ওপরে—নীলাচলের ব্রীজ। ম্যাকিনটোসবার্ন দু'বছর আগে কাজ শেষ করেছে। কিন্তু ব্রীজের অ্যাপ্রোচ্ রোডটা তৈরি হয়নি এখনো। আপনি কি বলতে পারবেন যে, কবে নাগাদ অ্যাপ্রোচ্ রোড্ তৈরি হবে?

ডাঃ সুদর্শন ঘোষ দস্তিদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে একটা কথা বলি যে, যে প্রশ্নটা এই সদনে আজকে এলো এবং আমরা সরকারে আসার পরে দেখেছি যে, অনেক জায়গায় আরো কয়েকটি ব্রীজ আছে, যেগুলো বিগত সরকারের সময় হয়তো কাজ শুরু হয়েছে, অ্যাপ্রোচ্ রোডের অধিগ্রহণ না করেই কাজ শুরু হ'ত এবং তার ফলে অনেক সময় জনগণের টাকায় হয়তো ব্রীজ তৈরি হয়েছিল, কিন্তু কাজে লাগতো না। সেইজন্য আমাদের সরকার থেকে একটা নীতি নেওয়া হয়েছে যে, কোনো ব্রীজ যখন করা হবে, তার আগে কিন্তু অ্যাপ্রোচ্ রোডের অধিগ্রহণ যদি সম্পন্ন না হয়, তাহলে ব্রীজের কাজকর্ম করা যাবে না। আপনি যেটা বললেন যে, ক'দিনে

শুরু করা যাবে, আমি জানি যে এটা হয়তো হয়নি। কিন্তু আপনি আমাকে যে প্রশ্ন করেছেন, এটা আমি আপনাকে লিখিতভাবে জানিয়ে দেবো যে, এটা আমরা কবে শুরু করতে পারবো।

[11.40—11.50 a.m.]

শ্রীমতী মমতা রায় : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়কে বলি আমার ধূপগুড়ি ব্লকের ধূপগুড়ি কলেজ রোড থেকে ফালাকাটা পর্যন্ত বেহাল অবস্থায় দীর্ঘদিন ধরে রাস্তাটি পড়ে রয়েছে। এবং ধূপগুড়ি স্ট্র্যান্ড রোড থেকে সোনাখুড়ি ফরেস্ট পর্যন্ত যে রাস্তাটি সেটাও বেহাল অবস্থায় পড়ে রয়েছে। এই রাস্তার কাজ কবে নাগাদ হবে এবং কবে শেষ হবে আপনি যদি বলেন ভালো হয়?

ডাঃ সুদর্শন ঘোষ দস্তিদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জানাই যে, এই প্রত্যেকটি কাজের পরিকল্পনা নেওয়া হয়েছে। প্রত্যেকটা পরিকল্পনা একেবারে ফাইনাল স্তরে আছে। এবং কাজগুলি খুব তাড়াতাড়ি শুরু হয়েছে এবং হবে এবং কোন কাজই পিছিয়ে এখন নেই। প্রত্যেকটি অঞ্চলে এবং আপনার ধূপগুড়ি ফালাকাটার কাজও ঠিক সময়ে শুরু হবে। আপনি যদি একদম স্পেসিফিক্যালী জানতে চান যে কবে থেকে কবে কাজটা শেষ হবে, আপনি নোটিশ দিলে আপনাকে আমি এক-দু দিনের মধ্যে সেটা জানিয়ে দিতে পারি।

[11.40—11.50 a.m.]

বিশ্ববিদ্যালয়ে শিক্ষকপদ সৃষ্টি

*১২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯৯) **ডঃ তরুণ কান্তি নস্কর :** উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সাম্প্রতিককালে স্থাপিত বিশ্ববিদ্যালয়গুলির কোন্‌টিতে কত সংখ্যক শিক্ষকপদ সৃষ্টি করা হয়েছে ; এবং

(খ) তার মধ্যে কতগুলি পদে শিক্ষক নিয়োগ করা হয়েছে?

শ্রী ব্রাত্য বসু : স্যার, মাননীয় সদস্য প্রশ্ন করেছিলেন সাম্প্রতিককালে স্থাপিত বিশ্ববিদ্যালয়গুলির কোনটিতে কত সংখ্যক শিক্ষক সৃষ্টি করা হয়েছে? স্যার, উত্তরে আমি জানাচ্ছি যে, এই সাম্প্রতিককালে যে বিশ্ববিদ্যালয়গুলির হয়েছে তার মধ্যে প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে ৩১৮টি, সিধো-কানহো-বীরসা বিশ্ববিদ্যালয়ে ৮৬টি, গৌরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে ৯৬টি, আর ওয়েস্ট বেঙ্গল স্টেট বিশ্ববিদ্যালয়ে ১৬১টি শিক্ষক পদ সৃষ্টি করা হয়েছে। তার সাথে আর একটি প্রশ্ন ছিল যে, তার মধ্যে কতগুলি পদে শিক্ষক নিয়োগ হয়েছে? স্যার, এই প্রশ্নের উত্তরে জানাই যে প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে সৃষ্ট ৩১৮টি পদের মধ্যে এখনও পর্যন্ত ১৫৯টি, সিধো-কানহো-বীরসা বিশ্ববিদ্যালয়ে সৃষ্ট ৮৬টির মধ্যে ৬৪টি, গৌরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে সৃষ্ট ৯৬টি শিক্ষক পদের মধ্যে ৫৭টি এবং আর ওয়েস্ট বেঙ্গল স্টেট বিশ্ববিদ্যালয়ে ১৬১টি শিক্ষক পদের মধ্যে ৯২টি পদে এ পর্যন্ত শিক্ষক নিয়োগ করা হয়েছে।

ডঃ তরুণ কান্তি নস্কর : স্যার, মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ উনি ডিটেলসে তথ্য দিয়েছেন। স্যার, মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন, কোচবিহার পঞ্চানন বর্মা এবং ডায়মন্ডহারবার মহিলা বিশ্ববিদ্যালয়ের নাম তিনি উল্লেখ করেন নি। হয়তো এখানে এখন পর্যন্ত শিক্ষক পদ সৃষ্টি হয় নি। আমার যে বিষয়ে ইন্টারেস্ট সেটা হলো ইউ.জি.সি. আইনে 12B ধারায় যদি কোন বিশ্ববিদ্যালয় স্বীকৃতি পায়, তাহলে তারা বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন থেকে নানা রকম রিসার্চ গ্র্যান্ট এবং নানা রকম গ্র্যান্ট তারা পেতে পারে। এই ধারায় স্বীকৃতি পেতে গেলে যে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক পদ তৈরী করার কথা সেগুলো কিন্তু আমি প্রেসিডেন্সিটা জানি না, কিন্তু গৌরবঙ্গ এবং ওয়েস্ট বেঙ্গল স্টেট বিশ্ববিদ্যালয় যেটা বিগত সরকারের সময়ে তৈরী হয়েছে তখনও পায় নি, এবং এখনও পর্যন্ত যা অবস্থা আমি যতটুকু জানি তাতে এখনও পর্যন্ত এই বিশ্ববিদ্যালয়গুলো ১২বি ধারায় কিন্তু স্বীকৃতি পায় নি। ফলে তার জন্য প্রয়োজনীয় শিক্ষক পদ তৈরী নিশ্চয়ই হয় নি। এবং এটা সাফিসিয়েন্ট নয়। এই ব্যাপারে মাননীয় মন্ত্রী যদি উত্তর দেন যে, কি ব্যবস্থা নিচ্ছেন বিশ্ববিদ্যালয়গুলোর ১২বি ধারায় স্বীকৃতি পাওয়ার জন্য?

শ্রী ব্রাত্য বসু : স্যার, মাননীয় সদস্যকে জানাচ্ছি যে আপনার মনে আছে আপনি ১২বি ধারার কথা এর আগে ইউ. জি. সি. আমাদের একটি বিশ্ববিদ্যালয়ের যখন একটি বিল পাশ হচ্ছিল তখন সেই সময় আপনি তুলেছিলেন। ইউ. জি. সি. ১২বি ধারা আপনি জানেন যে, শুধুমাত্র শিক্ষক পদ নয়, তার সঙ্গে আরও অনেক ক্রাইটেরিয়া জড়িয়ে আছে। অনেকগুলো যেমন ল্যাবরেটরী থেকে শুরু করে, পরিকাঠামো থেকে শুরু করে, এমনকি উচ্চতর গবেষণার জন্য কি কি অনুকূল ক্ষেত্র আছে সেটাও ১২বি ধারার সঙ্গে জড়িয়ে আছে। এগুলোর প্রত্যেকটার জন্য একটা বড় অর্থের সংস্থান প্রয়োজন। আমরা প্রথমে চেয়েছিলাম যে, শিক্ষক পদগুলো সৃষ্টি করবো এবং তার পরে নিয়োগ করবো। প্রসঙ্গত জানাই পঞ্চানন বর্মা এবং ডায়মন্ড হারবার বিশ্ববিদ্যালয়ের কথা বলেছেন, তার সঙ্গে আসানসোল বিশ্ববিদ্যালয়, এরও শিক্ষক পদ নিয়োগ হয়েছে। যেহেতু পোস্টগুলোতে নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ হয় নি, আমি তাই সংখ্যা জানাই নি। আপনি চাইলে তার সংখ্যা দিয়ে দেব। কিন্তু ১২বি নিয়ে আপনি যেটা বললেন সেই প্রসঙ্গে আমরা কাউন্সিলের সঙ্গে ইতিমধ্যেই আলাপ চালিয়েছি।

আমরা চেয়েছিলাম যে, দিল্লী থেকে অতিরিক্ত কেন্দ্রীয় টাকা যদি বিশ্ববিদ্যালয়গুলির জন্য নিয়ে আসা যায় তাহলে অন্তত এই প্রভিশানটা আমাদের রাজ্যের থেকে আমরা দিতে পারি কিনা যে, এরা প্রত্যেকেই 12(B) ধারার অন্তর্গত। এই রকম মর্মে যদি একটা আন্ডারটেকিং কেন্দ্রীয় সরকারকে দিতে পারি, অবস্থা বুঝে ব্যবস্থা যখন Laboratory যে যে গাইড লাইন ইউ. জি. সি দিচ্ছে সেই গাইড লাইন অনুযায়ী আমরা পরবর্তী ক্ষেত্রে পূরণ করব। সেখানে শুধু আপনার শিক্ষক পদের নিয়োগ থাকে না, সমস্ত প্যারামিটারের ক্ষেত্রেই আমাদের এই রকম একটা আন্ডারটেকিং দিতে হবে। আমি এই বিষয় মাননীয় অর্থমন্ত্রীর সঙ্গে একদফা বৈঠক ইতিমধ্যে করেছি। যে 12(B) গাইড লাইন যদি আমরা নিয়ে আসতে পারি এবং খুব অতিরিক্ত অর্থ যদি রাজ্যের উপর না চাপে, সেটাও আমরা মাননীয় অর্থমন্ত্রীর সঙ্গে একটি অধিবেশন করে, মিটিং করে, আমরা একটা রূপরেখা তৈরী করেছি। যাতে সাপও মরে লাঠিও না ভাঙে। এই রকম নিউজটাই দিয়েছি।

সেটা আমার ধারণা তার একটা ফ্রেমিং তৈরী হচ্ছে। ইতিমধ্যেই আপনাকে আমরা সেটা জানাতে বা এই পবিত্র সভায় আমি জানতে পারব, সাংবাদিক বৈঠক করে জানাতে পারব যে, 12(B) যে ধারা ইউ. জি. সি দিয়েছে তার আওতার মধ্যে সম্ভবত আমরা সমস্ত বিশ্ববিদ্যালয়কে নিয়ে আসতে পারব। তখন সেক্ষেত্রে শুধু আপনার ঐ শিক্ষক নিয়োগের পয়েন্ট খালি থাকবে না বাকি পুরোটাই সেই আওতার মধ্যে নিয়ে আসতে পারব বলেই আমরা আশা রাখছি। ধন্যবাদ।

ডঃ তরুণকান্তি নস্কর : স্যার, আপনার মধ্য দিয়ে আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন। মাননীয় মন্ত্রী মহাশয় জানেন এবং আমি তার সঙ্গে কথাও বলেছিলাম যে, বারাসাত স্টেট ইউনিভার্সিটিতে রিলেটেড যে সাবজেক্টগুলো সেই সাবজেক্টগুলো যদি ক্লাব করে ডিপার্টমেন্টের সঙ্গে দেখানো হয়, একটা-দুটো ডিপার্টমেন্ট ক্লাব করে তাহালে তাদের শিক্ষক পদ সেভাবে দেখানো যায় এবং তাতে ইউ. জি. সি.-র 12(B) ধারায় স্বীকৃতি পেতে সুবিধা হয়। এটা ঐ বিদ্যালয়ের উপাচার্য করছেন না। কিন্তু আমি সম্প্রতি দেখছি যে, তিনি সেখানকার একজন রেজিস্ট্রারকে সম্পূর্ণ বেআইনভাবে, আমি জানি না বেআইনি কিনা কিন্তু যেভাবে তাকে বরখাস্ত করবার চেষ্টা করেছেন সেটা অন্তত কোন রেজিস্ট্রারকে বিশ্ববিদ্যালয় থেকে এইভাবে বরখাস্ত করা যায় না। এটা কি তিনি আইনত করলেন কিনা, যদি আইনত না করেন তাহলে সরকারের তরফ থেকে আমি জানি না কারণ এটা একটা অটোনমাস বডি, সরকারের তরফ থেকে কোন বার্তা দেওয়া হয়েছে কিনা? এই বিষয়টা যদি একটু অনুগ্রহ করে জানান।

শ্রী ব্রাত্য বসু : মাননীয় সদস্যাকে বলি, প্রথম কথা হচ্ছে যে, 12(B)-র কম্বাইন সাবজেক্ট করে আপনি যেটা বলছেন সেটা শুধু বারাসাতের ক্ষেত্রে নয়। একই সঙ্গে তাহলে সবকটা বিশ্ববিদ্যালয়ে প্রয়োগ করতে হয়। কিন্তু আপনি জানেন যে, ইউ. জি. সি-র সাবজেক্ট গাইড লাইনের ক্ষেত্রে কিছু স্ট্রিকচার আছে। অন্তত আপনার কাছে যেটা মনে হচ্ছে যে খুব সহজে করে দেওয়া যাবে কথার কথা বলছেন, environment একটা আছে আবার environmental science একটা আছে। সেগুলোকে ক্লাব করে একটা সাবজেক্ট করলাম এবং আমার এত শিক্ষক আছে। পুরোটা দেখালাম বা সায়েন্সের পুরো স্ট্রিমটাকে এক করে দিলাম। কিন্তু ইউ. জি. সি ওখানে পরিষ্কার বলছে যে, সাবজেক্টের ক্ষেত্রে যে যে সাবজেক্ট আমরা রেকমেণ্ড করেছি সেই সাবজেক্ট অনুযায়ী আপনাকে টিচার দেখাতে হবে। অর্থাৎ আপনি দুটো সাবজেক্ট-এক ক্লাব করে তার সঙ্গে আপনি শিক্ষক বাড়িয়ে নিলেন আমার মনে হয় এই বিকল্প পদ্ধতিটা ঠিক হবে না, এটা ভুয়ো পদ্ধতি। তার থেকে আমরা যেটা করব যে, এত সংখ্যক শিক্ষকের পদ অন্তত আমরা সৃষ্টি করেছি এবং এই অনুযায়ী আমরা শিক্ষক নিয়োগ করব। যে পন্থায় আমরা মাননীয় অর্থমন্ত্রীর সঙ্গে অধিবেশন করেছি সেটা করলে অনেক বৈজ্ঞানিক হবে। দ্বিতীয়ত, আপনি রেজিস্ট্রারকে যে বহিষ্কারের কথা বলেছেন, সেটা আপনি পড়েছেন আমার ধারণা। তার পরের দিনই মাননীয় উপাচার্যের কাছে আমাদের সরকারি দপ্তর থেকে একটি চিঠি গেছে। প্রথম কথা হচ্ছে, আপনি নিশ্চয়ই মানবেন একজন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক হিসাবেও যে, একজন উপাচার্য রেজিস্ট্রারকে রাখবেন না বরখাস্ত করবেন, এটা প্রথম কথা। আপনি বারবার এই পবিত্র আইন সভায় বারবার আপনি তুলেছেন এই একই প্রশ্ন যে, বিশ্ববিদ্যালয়ের স্বশাসন-বিশ্ববিদ্যালয়ের স্বশাসন-বিশ্ববিদ্যালয়ের স্বশাসন- autonomy

for university সরকার তার মধ্যে ঢুকে পড়বে নাতো? আবার সেই আপনিই বলছেন যে, যখন উপাচার্য রেজিষ্ট্রারকে বরখাস্ত করল তখন আপনি কেন সরকার হিসাবে তার মধ্যে ঢুকলেন না। তখন আপনি বলছেন না যে, এটা বিশ্ববিদ্যালয়ের স্বশাসন। এটা আমার জানতে ইচ্ছে করছে যে, তাহলে স্বশাসনের সংজ্ঞা কি? যেখানে আপনার সুবিধা অনুযায়ী থাকবে তখন সেটা স্বশাসন যখন আপনার সুবিধা অনুযায়ী থাকবে না তখন সরকার ঢুকবে। এটা আমার জানতে ইচ্ছে করে, এক। দুই, ঐ রেজিষ্ট্রারকে বহিষ্কার করার পরের দিন, প্রথম কথা জানাই যে উনি একজন অস্থায়ী রেজিষ্ট্রার।

[11.50—12 noon]

স্থায়ী Registrar নয়। দ্বিতীয়ত, তারপরেই আমাদের দপ্তর থেকে একটি চিঠি গেছে। সেখানে জানতে চাওয়া হয়েছে, এক আপনি কাউন্সিল মিটিং করে এই সিদ্ধান্ত নিয়েছেন কি না? দুই, তাঁকে কোনো show-cause আপনি করেছিলেন কিনা? তিন, এইটা করার আগে আপনি সরকারকে জানিয়েছিলেন কিনা? কোনোভাবে inform করেছিলেন কি না? এই মর্মে একটা show-cause কিন্তু উপাচার্যের কাছেও গেছে। আমরা আশা করছি, মাননীয় উপাচার্য এই বিষয়ে আমাদের তাঁর সদুত্তর দেবেন। যদি Council তার adjudication না থাকে, যদি তাঁকে, সেই Registrarকে Show-Cause করা না হয়, এবং তিনি বিভাগীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে যদি যোগাযোগ এ' বিষয়ে কোনোরকম অবহিত করা না হয়ে থাকে, তাহলে আমি আপনাকে বলছি যে, আমরা অন্তত আমাদের দপ্তর থেকে এই direction দেব যে, Registrar-কে পুনর্বহাল করা হোক। ধন্যবাদ।

শ্রী বাসুদেব খাঁ : স্যার, আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে আমার একটি অতিরিক্ত প্রশ্ন যে, শিক্ষা ক্ষেত্রে দলতন্ত্র নয়, গণতন্ত্রের কথা বলেছেন। কিন্তু প্রায় দেখা যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয় থেকে উপাচার্যরা বিভিন্ন সময়ে পদত্যাগ করছেন। এ'কথাটা ঠিক যে, যাদবপুর এবং গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের প্রচ্ছন্ন মদতের ফলে পদত্যাগ করতে ফলে বাধ্য করা হয়েছে এবং নিজেদের মনোনীত ব্যক্তিদের উপাচার্য পদে বসানো হয়েছে। উত্তর দেবেন?

শ্রী ব্রাত্য বসু : ধন্যবাদ। মাননীয় সদস্য আপনাকে জানাই, প্রথম কথা যাদবপুরের ক্ষেত্রে বলি, যাদবপুরে যখন উপাচার্য নিযুক্ত হয়েছিলেন, যে উপাচার্যের পদত্যাগের কথা আপনি বলছেন, তিনি একটি কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় থেকে আসেন, এক। দুই, তিনি যখন আসেন, তখন কোনো অবস্থাতেই সার্চ কমিটির ক্ষেত্রে কোনো সরকারি নমিনি ছিল না। লক্ষ্য করে দেখবেন যে, তিনি যখন পদত্যাগ করলেন, তিনি কিন্তু বার বার তার আগে আপনাদের একাধিক আমি চিঠির কথা বলতে পারি, তার গণমাধ্যমে সাক্ষাৎকারের কথা দেখাতে পারি যে, তিনি জয়েন্ট করার পর জানতে পারেন যে, কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় এবং রাজ্য বিশ্ববিদ্যালয়ের একটা বেতনহারের বৈষম্য আছে। এখন কথা হচ্ছে যে, সেটা তিনি হয়তো ওয়াকিবহাল ছিলেন না। যদিও আমরা মনে করি যে, যখন কোনো কেন্দ্রীয় স্তর থেকে রাজ্য স্তরে এই যে বেতনহারের যে বৈষম্য সেটা জেনেই কিন্তু উপাচার্য বা

অন্যান্য কোনো পদ নেওয়া উচিত। যেমন, দেখুন প্রেসিডেন্সী ইউনির্ভাসিটিতে মাঝখানে বেশ কয়েকজন পদত্যাগ করেন। পরবর্তী ক্ষেত্রে তারা গণমাধ্যমকে জানান যে, তারা ভেবেছিলেন যে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের হারেই বেতন দেওয়া হবে। এইটা একটা অদ্ভুত ব্যাপার। এখন বেতনের দাবী থাকতে পারে, তার নায্যতা থাকতে পারে। কিন্তু আপনি জানেন, শিক্ষা যুগ্ম তালিকা। তার কেন্দ্রীয় স্তরে একরকম বেতন রাজ্যস্তরে আর একরকম বেতন। ওই সেই পুরোনো। মাননীয় সুভাষবাবু নেই, উনি যেটা বলেছিলেন যে, আমি তাহলে কতদূর যাবো। এখন কারোর যদি মনে হয় যে, আমার রাজ্যের হারটা ঠিক পোষাচ্ছে না তার ব্যাপার পোষাচ্ছে না সেই মাইনে। তার যদি মনে হয় যে, আমি একটি অতিরিক্ত কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে যাবো, যাবেন। সেটাও তার ব্যাপার। এখানে কোনো চাপের ব্যাপার নেই, এক। দুই, আপনি নিজস্ব মনোনীত সদস্যের কথা বললেন, আশ্চর্যের ব্যাপার হচ্ছে যে, আপনি যদি দেখেন যে, গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে যে উপাচার্য ছিলেন, আপনি যদি তার আমি জানি না, আপনি অধ্যাপক বা তরুণবাবু আছেন, উনি ইউনিভার্সিটিতে বিভিন্ন অধ্যাপক সংগঠনে আছেন, হয়তো আপনি তাতে যুক্ত আছেন—আমি জানি না। আরো অনেকে আছেন কেউ কেউ এখানে। আপনি খোঁজ নিয়ে দেখুন যে, ওই অধ্যাপক, আপনি রাজনৈতিক পরিচিতির কথা তুলেছেন বলেই আমি এই কথা বলছি, নিশ্চিতভাবেই আপনাদের দলবিরোধী কোনো অধ্যাপক সংগঠনের সঙ্গে যুক্ত ছিলেন। তার, এমনকি গত সরকারের জমানাতেও, আপনাদের সরকারের জমানাতেও। তারপর তিনি ওখানে গেছেন administratorহিসাবে। গৌড়বঙ্গের ক্ষেত্রেও আপনি লক্ষ্য করবেন যে, এটা একটি অস্থায়ী বিশ্ববিদ্যালয় এবং এদের ক্ষেত্রে according to statute তার নিয়ম হচ্ছে যে, আপনাকে অস্থায়ী উপাচার্য তৈরি করতে হবে। তার টার্ম ফুরিয়ে যায়। তার টার্ম ফুরিয়ে যায়, পরবর্তীক্ষেত্রে তিনি তখন পদত্যাগ করেন। এবং তখন আর একজনকে ঐ ৬ মাসের জন্য কিন্তু , ঐ ৬ মাসের জন্যই কিন্তু আর একজনকে উপাচার্য্য করে পাঠান হয়েছে। এক্ষেত্রেও কোন চাপের কোন বিষয় নেই এবং আপনি যেটা বললেন যে, রাজনৈতিক পরিচিতি, রাজনৈতিক পরিচিতি আপনি খোঁজ নিয়ে দেখুন, তার ক্ষেত্রে অন্যই ছিল। ধন্যবাদ।

শ্রী নগেন্দ্র নাথ রায় : ধন্যবাদ স্যার। কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ে বর্তমান বৎসরে কত ছাত্র-ছাত্রী ভর্তি হয়েছে? যদি বলেন একটু।

শ্রী ব্রাত্য বসু : এই প্রশ্নের উত্তর জেনে আমি আপনাকে জানিয়ে দেব। এটা জানিনা, কত ছাত্র-ছাত্রী কোন কোন সাবজেক্টে ভর্তি হয়েছে কোন কোন স্ট্রীমে, এটা আমার সত্যিই জানা নেই, তবে এক মিনিট লাগবে আমার সংগ্রহ করতে, এখানে জেনে আমি জানিয়ে দিচ্ছি।

শ্রী রঞ্জিত কুমার মণ্ডল : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, মাননীয় মন্ত্রী মহাশয়, এ্যাসেম্বলীতে খুব সুন্দরভাবে বলছেন, খুব ভাল লাগছে। কিন্তু আমি মূল প্রশ্নে যাওয়ার আগে একটু বলতে চাই যে, আপনি যেটা বললেন যে, যারা পদত্যাগ করছে বা ইস্তফা দিচ্ছেন, আমার জানতে ইচ্ছা হচ্ছে, মুক্তিনাথ চট্টোপাধ্যায় হায়ার সেকেন্ডারী কাউন্সিল আর চৈতালী দত্ত ছিলেন মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি, চিত্তরঞ্জন মন্ডল এস এস সি. র চেয়ারম্যান,

সুগত মার্জিত থেকে প্রেসিডেন্সি হয়ে উত্তরবঙ্গ পর্যন্ত বলেছেন, এরা সবাই কি স্বেচ্ছায় চলে গেল? প্রচ্ছন্ন একটা চাপ কি ছিল না? এক। দুই, আমি মূল প্রশ্নে যেটা আসতে চাইছি, এটা বলে, যে ইউনিভার্সিটির কাউন্সিল নির্বাচন, সব ইউনিভার্সিটির কাউন্সিল নির্বাচন কি সম্পূর্ণ হয়েছে? হলে একটু জানাবেন?

শ্রী ব্রাত্য বসু : প্রথম কথা হচ্ছে, আপনাকে বলি যে, চাপের কোন বিষয় ছিল না। তবে হ্যাঁ, আপনাকে আমি একটা উদাহরণ দিই। আপনি কাউন্সিল, প্রেসিডেন্সির সুগত মার্জিত এর কথা বলেছেন। তিনি কিন্তু যখন পদত্যাগ করেন, আমার পাশে বসেই পদত্যাগ করেন। তিনি বলেন, তাঁর একটা অন্য জগত আছে, সঙ্গীতের জগত আছে, সেটা ব্যাহত হচ্ছে। এবং এখনও কিন্তু আমরা তাঁর কাউন্সিলে পরামর্শ পেয়ে থাকি। দ্বিতীয়ত: কোন এ্যাডমিনিস্ট্রেটার সফল হবে, কোন এ্যাডমিনিস্ট্রেটার পারবেন না, সেটা কিন্তু সরকারের বিবেচনার মধ্যে থাকে।

সরকার যদি মনে করেন যে অমুক এ্যাডমিনিস্ট্রেটার হিসাবে ততটা সফল নন, সরকার তাকে সরিয়ে দিতেই পারেন, এটা অতীতে বহুবার হয়েছে, মনে করছেন যে, ততটা গুড এ্যাডমিনিস্ট্রেটার নন। ততটা দক্ষতার সঙ্গে চালাতে পারছেন না। এখন, সেরকমও কারো কারো ক্ষেত্রে হয়েছে। আবার এটাও হয়েছে যে, স্বেচ্ছায় সরে গেছে। এখানে রাজনৈতিক বা চাপ কোথায় আপনি দেখলেন আমি জানি না। হয়ত যা দেখেছেন আগে, তার ভিত্তিতেই আপনি বলছেন। আমার মনে হয় যে, আমাদের কাছে মূল ব্যাপারটা হচ্ছে যে রাজনীতি নয়, এ্যাডমিনিস্ট্রেটার কেমন। সময়মত এস এস সি, ৫ বছর ধরে ফেলে রাখছে না তো, দেখছি আমরা। ৬ বছর ধরে প্রাইমারী নিয়োগ, ফেলে রাখছে না তো, আগের জমানার মতো, দেখছি আমরা। আমরা দেখছি যে—ইউনিভার্সিটির-বিশ্ববিদ্যালয়গুলোর নিয়োগ প্রক্রিয়া ঠিক মতন হচ্ছে তো, ফেলে রাখছে না তো, দেখছি আমরা। মাধ্যমিক পরীক্ষা বা উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রশ্ন লিক হয়ে যাচ্ছে না তো, আমি নজর রাখছি। অর্থাৎ আপনি যেটা বলছেন এ্যাডমিনিস্ট্রেটার পলিটিকস নয়, এ্যাডমিনিস্ট্রেশান। এ্যাডমিনিস্ট্রেশানটা ঠিক মত চালাচ্ছেন কিনা, এটা এক। দুই, ইউনিভার্সিটি কাউন্সিল ইলেকশান বলতে আপনি কি বোঝেন, আমি বুঝলাম না। কাউন্সিল তো, ধরুন আমি একটা উদাহরণ দিচ্ছি, ধরুন গৌড়বঙ্গ বা বারাসাত যার কথা মাননীয় সদস্য বলেছেন, এগুলো তো সব নমিনেটেড কাউন্সিল। এগুলোতে ইলেকশান হবে কি করে! আপনি যদি স্পেশিফিক করতেন প্রশ্নটা, আমার পক্ষে বলতে সুবিধা হোত।

শ্রীমতী মঞ্জু বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি, মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে সংশ্লিষ্ট প্রশ্নের একটি অতিরিক্ত প্রশ্ন জানতে চাই যে, আমাদের কোলকাতা বিশ্ববিদ্যালয় থেকে বেরিয়ে এসে নতুন বিশ্ববিদ্যালয় হয়েছে, বারাসাত বিশ্ববিদ্যালয়। এই বারাসাত বিশ্ববিদ্যালয়ের আন্ডারে কতকগুলো কলেজ আছে এবং কি কি কলেজ আছে?

শ্রী ব্রাত্য বসু : বারাসাতের ব্যাপারে আমি আপনাকে এই মুহূর্তে যেটা জানাতে পারব সেটা হচ্ছে এই যেহেতু প্রশ্ন ইউনিভার্সিটি সংক্রান্ত ছিল, তাই এই মুহূর্তে কত পদ আছে, আর কত পদে নিয়োগ হয়েছে।

এখন তার এ্যাফিলিয়েটিং কলেজ কটা, এবং সেই কলেজগুলির কিছু কিছু তালিকা চান, আমি একটু পরে আপনাকে দিয়ে দিচ্ছি। ধন্যবাদ।

Started Question
(To which answers wer laid on the Table)

কৃষি সরঞ্জাম ও সেচের যন্ত্রাদি বিতরণ

*১২৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৯) শ্রী শীলভদ্র দত্ত : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা এপ্রিল, ২০১৩ থেকে ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ পর্যন্ত কতজন কৃষকের মধ্যে কৃষি সরঞ্জাম ও সেচের যন্ত্রাদি বিতরণ করা হয়েছে?

ফিনানসিয়াল সাপোর্ট স্কীম ফর ফার্ম মেকানাইজেশন (এফ্ এস. এস. এম.)-এই প্রকল্পে ১ লা এপ্রিল ২০১৩ থেকে ৩০ শে সেপ্টেম্বর ২০১৩ পর্যন্ত নিম্নলিখিত কৃষি সরঞ্জাম ও সেচের যন্ত্রাদি বিভিন্ন জেলার কৃষকদের মধ্যে ভরতুকি; কীমূল্যে বিতরণ করা হয়েছে।

১। ট্রাক্টর—	৩৯৩ জন কৃষককে।
২। পাওয়ার টিলার—	৪,৫১৫ জন কৃষককে।
৩। পাওয়ার রীপার—	৩১০ জন কৃষককে।
৪। জিরো টিল সীড ড্রিল—	৮ জন কৃষককে।
৫। পাম্পসেট (ডিজেল/ইলেকট্রিক)—	৩০,৭২০ জন কৃষককে।
মোট উপকৃত কৃষকের সংখ্যা—	৩৫,৯৪৬ জন।

শিক্ষা প্রতিষ্ঠানে র‍্যাগিং

*১২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮) শ্রী অসিত মিত্র : উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিভিন্ন কলেজ/বিশ্ববিদ্যালয়ে এবং অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে র‍্যাগিং রোধে রাজ্য সরকার নতুন ব্যবস্থা গ্রহণ করতে চলছে; এবং

(খ) সত্যি হলে, পদক্ষেপগুলি কি কি?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় :
এটা সত্যি।

বিভিন্ন কলেজ/বিশ্ব-বিদ্যালয়ে এবং অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে র‍্যাগিং রোধে রাজ্য সরকার

ওয়েস্ট বেঙ্গল প্রহিবিসন অফ র‍্যাগিং ইন এডুকেশনাল ইনস্টিটিউশন আইন, ২০০০ এর অধীনে ধারা ১০ এর ক্ষমতাবলে ওয়েস্ট বেঙ্গল প্রহিবিসন অফ র‍্যাগিং ইন এডুকেশনাল ইনস্টিটিউশন নিয়মাবলী, ২০০১, তৈরি করেছিল যাহার অধীনে ২০০৩ সালে একটি কমিটি গঠন করা হয়েছিল। ঐ কমিটিকে ওয়েস্ট বেঙ্গল প্রহিবিসন অফ র‍্যাগিং ইন এডুকেশনাল ইনস্টিটিউশন আইন, ২০০০ অধীনে ৭ এবং ৮ নং ধারা অনুযায়ী কাজগুলি রূপায়ণ করতে দায়িত্ব দেওয়া হয়েছিল। ২০০৬ সালে এবং ২০০৮ সালে ঐ কমিটি পুনর্গঠিত হয়।

উপরোক্ত কমিটি ঢেলে সাজাবার জন্য ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে যাতে ঐ কমিটি সক্রিয়ভাবে র‍্যাগিং প্রতিরোধে কার্যকরী ভূমিকা নিতে পারে।

চালু প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা

* ১৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৬) **শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে দক্ষিণ ২৪ পরগনায় চালু প্রাথমিক বিদ্যালয়ে মোট কত সংখ্যক ছাত্র পড়াশুনা করছে; এবং

(খ) ছাত্র পিছু শিক্ষকের সংখ্যা কত?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় :

(ক) ৩০ শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে দক্ষিণ ২৪-পরগনায় চালু প্রাথমিক বিদ্যালয়ে মোট ৫৪০১৫৯ সংখ্যক ছাত্র পড়াশুনা করছে।

(খ) শিক্ষকের সংখ্যা ১১২০৮ অর্থাৎ ছাত্র পিছু শিক্ষকের সংখ্যার অনুপাত প্রায় ১.৪৮।

পানাগড় বাইপাস

*১৩১। (অনুমোদিত প্রশ্ন নং *২০৩) **শ্রী সুনীল কুমার মন্ডল :** বিগত ২রা জুলাই, ২০১২ তারিখে বিধানসভার উত্থাপিত তারকিত প্রশ্ন নং ৩০১(অনুমোদিত প্রশ্ন নং *৭৬৫)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্ধমান জেলার পানাগড় বাইপাসের কাজ বিভিন্ন কারণে শুরু করা সম্ভব হচ্ছে না ; এবং

(খ) সত্যি হলে, এই বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছে/করছে?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় :

(ক) পানাগড় পানগড় বাইপাসের কাজ এই দপ্তরের অধীনে নয়।

(খ) কাজটি এন. এইচ. এ. আই, এর অর্ন্তভুক্ত।

ব্যান্ডেল স্টেশনে উড়ালপুল

*১৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৮) শ্রী অসিত মজুমদার ঃ পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা সত্যি যে, ব্যান্ডেল স্টেশন-এ একটি উড়ালপুল তৈরীর পরিকল্পনা গ্রহন করা হয়েছে, এবং (খ) সত্যি হলে, কবে নাগাদ এই কাজ শুরু হবে বলে আশা করা যায়?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় :

(ক) ব্যান্ডেল-বাঁশবেড়িয়া রেললাইনের উপর এল সি গেট নম্বর ১-এর উপর উড়ালপুল তৈরীর পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

(খ) উড়ালপুলের নকশা সংক্রান্ত কিছু পরিমার্জনে কাজ চলছে, এটি সম্পূর্ণ হলে রেল দপ্তর এই কাজ শুরু করবে।

যানবাহন চলাচলের উপযোগী পাকা রাস্তা

*১৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৬) শ্রী শাহাজাহান চৌধুরী : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে যানবাহন চলাচলের উপযোগী পাকা রাস্তার পরিমাণ কত;

(খ) তন্মধ্যে, বর্তমানে যানবাহন চলাচলের অনুপযুক্ত রাস্তার পরিমাণ কত; এবং

(গ) অনুপযুক্ত রাস্তাগুলির সংস্কারের কোন পরিকল্পনা সরকারের আছে কি?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় :

(ক) পূর্ত দপ্তরে অধীনে পাকা রাস্তার পরিমাণ ১৬,৭৮১ কি. মি।

(খ) পূর্ত দপ্তরের সমস্ত রাস্তাই যানবাহন চলাচলের উপযুক্ত।

(গ) প্রশ্ন ওঠে না।

কৃষকদের প্রশিক্ষণ

*১৩৪। (অনুমোদিত প্রশ্ন *৭০১) শ্রী কল্লোল খাঁ : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমানে রাজ্যে কৃষকদের প্রশিক্ষিত করতে প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা নেওয়া হয়েছে; এবং

(খ) সত্যি হলে, কোন্ কোন্ জেলায় উক্ত প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলা হবে?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় :

(ক) বর্তমান রাজ্যে কৃষকদের প্রশিক্ষিত করতে কৃষি বিভাগের অধীনে আট (৮) টি কৃষি

প্রশিক্ষণ কেন্দ্র রাজ্যের সাত (৭) টি জেলায় চালু আছে - (১) কোচবিহারে, (২) দক্ষিণ দিনাজপুরের বালুরঘাটে, (৩) মালদায়, (৪) বর্ধমানে, (৫) হুগলীর চুঁচুড়ায়, (৬) নদীয়ার ফুলিয়া ও কল্যাণীতে এবং (৭) দক্ষিণ ২৪ পরগনা জেলার নরেন্দ্রপুরে।

চলতি বছরে ৮টি কৃষি যন্ত্রপাতি প্রশিক্ষণ, পরীক্ষণ ও প্রদর্শন কেন্দ্র (Farm Machinery Training, Testing and Democstration Centre) প্রতিস্থাপনের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে ৭০.৯৭ কোটি টাকার প্রস্তাব পাঠানো হইয়াছে। এখন পর্যন্ত কোন অনুমোদন পাওয়া যায় নি।

(খ) (১) জলপাইগুড়ি, (২) মালদা, (৩) নাকাশিপাড়া (নদীয়া), (৪) হাবড়া (উত্তর ২৪ পরগনা), (৫) আসানসোল (বর্ধমান জেলায়) (৬) সিঙ্গুর (হুগলী), (৭) মেদিনীপুর (পশ্চিম মেদিনীপুর), (৮) রামপুরহাট (বীরভূম)।

উপাচার্যর ইস্তফা

*১৩৫। (অনুমোদিত প্রশ্ন *৩৩৫) **শ্রী রণজিৎ কুমার মণ্ডল :** উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ পূর্বক জানাবেন কি—

(ক) ১লা জানুয়ারী, ২০১৩ থেকে ৩১শে অক্টোবর, ২০১৩ পর্যন্ত রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে কতজন উপাচার্য ইস্তফা দিয়েছেন ; এবং

(খ) বিকল্প নিয়োগের ক্ষেত্রে কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে/হচ্ছে?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২ (দুই) ১ লা জানুয়ারী ২০১৩ থেকে ৩১ শে অক্টোবর, ২০১৩ পর্যন্ত রাজ্যের ২ (দুই) টি বিশ্ববিদ্যালয় যথা, গৌরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ২ (দুই) জন উপাচার্য ইস্তফা দিয়েছেন।

(খ) মাননীয় রাজ্যপাল রবীন্দ্রভারতী বিশ্ব-বিদ্যালয়ের সংস্কৃত বিভাগের অধ্যাপক ড : গোপাল চন্দ্র মিশ্র মহাশয়কে ৬ (ছয়) মাসের জন্য অথবা তার ৬৫ বছর বয়স না হওয়া পর্যন্ত অথবা পরবর্তী আদেশ না জারি হওয়া পর্যন্ত এর মধ্যে যেটি আগে হবে সেই সময় পর্যন্ত গৌরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য হিসাবে নিয়োগ করেছেন।

মাননীয় রাজ্যপাল বেঙ্গল ইঞ্জিনিয়ারিং এ্যান্ড সায়েন্স বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক তথা ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল এবং হায়ার এডুকেশন এর সহ-সভাপতি ডঃ অভিজিৎ চক্রবর্তী মহাশয়কে ৬ (ছয়) মাসের জন্য অথবা তার ৬৫ বছর বয়স না হওয়া পর্যন্ত অথবা নিয়মিত উপাচার্য নিয়োগ না হওয়া পর্যন্ত এর মধ্যে যেটি আগে হবে সেই সময় পর্যন্ত যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ করেছেন।

এ.আই./এস.আই. শূন্যপদ

*১৩৬।(অনুমোদিত প্রশ্ন নং *৩৯৮) শ্রী নেপাল মাহাত : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে এ.আই./এস.আই.-এর কতগুলি পদ শূন্য আছে; এবং

(খ) এই শূন্য পদগুলি পূরণের কোন পরিকল্পনা আছে কি?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) রাজ্যে ৪৭০ টি এ আই পদ এবং ১৯০ টি এস আই এর পদ বর্তমানে শূন্য আছে।

(খ) এস আই পদ থেকে শূন্য এ আই পদে উন্নীত করণের উদ্যোগ নেওয়া হয়েছে এবং এস আই পদগুলি পূরণের জন্য পাবলিক সার্ভিস কমিশনকে জানানো হচ্ছে।

অন্তর্বর্তীকালীন উপাচার্য

*১৩৭।(অনুমোদিত প্রশ্ন নং *৪৪২) শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলিতে কি কোন অন্তর্বর্তীকালীন মাননীয় উপাচার্য অধিষ্ঠিত আছেন; এবং

(খ) যদি থেকে থাকেন, কোন্ কোন্ বিশ্ববিদ্যালয়ে এই ধরনের মাননীয় উপাচার্যগণ কাজ চালাচ্ছেন?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় :

হ্যাঁ। বর্তমানে দুইটি বিশ্ববিদ্যালয়ে অধিষ্ঠিত আছেন।

১। যাদবপুর বিশ্ববিদ্যালয়।

উপাচার্যের নাম—অধ্যাপক অভিজিৎ চক্রবর্তী।

২। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়।

উপাচার্যের নাম—অধ্যাপক সমীর কুমার দাস।

ক্ষতিগ্রস্ত রাস্তা মেরামত

*১৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৮) শ্রী প্রবোধ চন্দ্র সিন্হা : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১২-১৩ অর্থবর্ষে রাজ্যে ক্ষতিগ্রস্ত রাস্তাগুলি মেরামতের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল ; এবং

(খ) উক্ত কাজের জন্য কত অর্থ বরাদ্দ করা হয়েছিল (জেলাওয়ারি হিসাবসহ)?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় :

(ক) ক্ষতিগ্রস্ত রাস্তাগুলি মেরামতির জন্য অতি দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়েছিল।

(খ) উক্ত কাজের জন্য মোট ১২৬ কোটি ৫৪ লক্ষ টাকা বরাদ্দ হয়েছিল।

জেলাওয়ারী হিসাব সংযোজিত হল।

২০১২-২০১৩ অর্থবর্ষে রাজ্যের (জেলাওয়ারী) ক্ষতিগ্রস্ত রাস্তাগুলি মেরামতের জন্য বরাদ্দ অর্থের হিসাব :

জেলার নাম	বরাদ্দ অর্থের পরিমাণ (টা: হিসাব লক্ষে)
কলকাতা	২৭৪.০০
উ:২৪ পরগনা	১১২৬.৯৩
দ. ২৪ পরগনা	৮৩৭.০৫
হাওড়া	৪৩২.০০
হুগলী	৮০৩.৯৭
নদীয়া	৭০৬.০৫
মুর্শিদাবাদ	৯৯৩.০০
বীরভূম	৫৮৭.৩০
দার্জিলিং	৫১৬.০০
জলপাইগুড়ি	৬৮৯.০০
কোচবিহার	৫০২.০০
বর্ধমান	১৩৮১.০০
পুরুলিয়া	৩৭০.০০
পশ্চিম মেদিনীপুর	১০২৯.০০
পূর্ব মেদিনীপুর	৫৮৫.০০
বাঁকুড়া	৬১৫.০০
উত্তর দিনাজপুর	৫০২.০০
দক্ষিণ দিনাজপুর	২৯৮.০০
মালদা	২০৭.০০
মোট	১২৬৫৪.৩০

স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যান

*১৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪৭) শ্রী এস.এম.সাদি : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে সম্প্রতি 'স্কুল সার্ভিস কমিশনের' নতুন চেয়ারম্যান নিযুক্ত হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, নিয়োগ প্রক্রিয়াটি কিরূপ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) হ্যাঁ। শ্রী প্রদীপ কুমার শূর নতুন চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হয়েছে।

(খ) পূর্বতন চেয়ারম্যান তাঁর ইস্তফা পত্র প্রদান করার পর তো গৃহীত হয় এবং WBSSC Act, 2005 এর 4(1)(a) ধারা অনুযায়ী সরকার নতুন Chairman-কে মনোনীত করেছেন।

WBSSC ACT, 1997

(d) four shall be the persons having teaching experience, either as a Teacher of a University or as a Principal of a College for a period of not less than ten years, or as a Teacher, other than Pricnipal of a college or as a Headmaster or Headmistress for a period of not less than fifteen years :

Provided that at least one of such members must be a women[13]

(5) The Regional Commission consist of seven members of whom—

(a) one shall be the chairman;

(b) one shall be a person who, not being an educationist, occupies or has occupied in the opinion of the State Government, a position of eminence in public life or in judicial or administrative service;

(c) one shall be a person belonging to Minority of West Bengal;

(d) Four shall be the persons having teaching experience, either as a Teacher of University or Principal of a College for a period of not less than ten years, or as a Teacher, other than Principal of a College or as a Headmaster or Headmistress for a period of not less than fifteen years :

Provided that at least one of such members must be a woman[14]

(a) The Chairman and other members shall be appointed by the State Government.

Provided that from amongst such Chairman of the Regional Commissions so appointed one shall be appointed *ex-officio* member of the Central Commission by the State Government on rotational basis.[15]

(b) The Chairman and other members shall hold office for a term of four years but in the case of the *ex-officio* member such term shall be one year.[16]

Provided that a person who has held office as Chairman or other member shall, on the expiration of the term of his office, be eligible for further appointment as Chairman or other member.

(1A) Not with standing anything contained in sub-section (1) or elsewhere in this Act., if the State Government is of opinion that is necessary so to do in the exigencies of the public service it may, by order, extend the term of appointment of any person holding the office of the Chairman or other member who has attained the age of sixty-two years, for such period, not exceeding one year, as may be specified in the order.[7]

শিমগাছে অজানা রোগের প্রাদুর্ভাব

*১৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৫) **শ্রীমতী মমতা রায় :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ধূপগুড়ি ব্লকের শিমগাছগুলিতে এক অজানা রোগের প্রার্দুভাব দেখা দিয়েছে ; এবং

(খ) সত্যি হলে, তা প্রতিরোধে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে/হচ্ছে?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

১। না, এটি অজানা রোগ নয়, এটি একটি ভাইরাস ঘটিত রোগ, এটি সত্যি যে ধুপগুড়ি ব্লকের ৮টি গ্রাম পঞ্চায়েতের সিম গাছ গুলিতে "বিন মোজাইক ভাইরাস" রোগ অক্টোবর, ২০১৩ তে দেখা গিয়েছিল।

২। কৃষিদপ্তরের আধিকারিক ও সম্প্রসারণ কর্মীরা প্রতিকার ও প্রতিরোধের যথাযথ ব্যবস্থা গ্রহণ করেছেন এবং রোগটির প্রাদুর্ভাব যাতে না ঘটে সেই ব্যাপারে চাষিদেরকে সতর্ক করা হয়েছে।

''নবান্ন'' সাজাতে খরচ

*১৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৭১০) শ্রী রামেশ্বর দোলই : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের অস্থায়ী সচিবালয় ''নবান্ন'' সাজাতে কত অর্থ ব্যয় হয়েছে?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) এখনো কিছু কাজ অবশিষ্ট আছে। চূড়ান্ত মূল্যায়নের কাজ জারি আছে। সিভিল শাখায় আনুমানিক ৪ (চার) কোটি ৮৫ (পঁচাশি) লক্ষ টাকা এবং বিদ্যুৎ শাখায় আনুমানিক ৩ কোটি ৪৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

পুরুলিয়া জেলায় পাকা রাস্তা

*১৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৮৮) শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৩-২০১৪ আর্থিক বৎসরে পুরুলিয়া জেলায় কত পরিমাণ পাকা রাস্তা মঞ্জুর করা হয়েছে;

(খ) কোন্ কোন্ ব্লকে তা মঞ্জুর করা হয়েছে; এবং

(গ) ঐ মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ কত?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) ২০১৩ -১৪ আর্থিক বছরে পুরুলিয়া জেলায় ৫টি পাকা রাস্তার প্রশস্তিকরণ ও দৃঢ়করণের কাজ মঞ্জুর করা হয়েছে। যার দৈর্ঘ্য ৬০ কি. মি.

(খ) রাস্তাগুলি বান্দোয়ান, ঝালদা ১ নং, ঝালদা, ২ নং, পুনচা, জয়পুর, পুরুলিয়া ১নং, পুরুলিয়া ২নং, পারা, নিতুরিয়া, সাঁতুরি, রঘুনাথপুর ব্লকে অবস্থিত।

(গ) মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ ৪৪ কোটি ৭৭ লক্ষ টাকা।

(Question hour over)

[12.00—12:10 p.m]

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received four (4) notices of Calling Attention on the following subjects, namely :

Subject	Name
(i) Urge for repairing bus roads and roads built Under pradhan Mantri Gram Sarak Yojana in Mongalkot Assembly Constituencey area	Shri Sahajahan Choudhury
(ii) Urge for improvement of road from Kushol to Tulsihata under Harischandrapur Assembly Constituency	Shri Tajmul Hossain
(iii) Deplorable condition of river embankment from Satkahania to Mangalpur in Bankati Gram panchayat area under Galsi Assembly Constituence	Shri Sunil Kumar Mondal
(iv) Urge for rehabilitation and compensation to the owners of land acquisitioned for Andal Airport	Sri Gouranga Chatterjee

I have selected the notice of Shri Sunil Kumar Mondal on the subject of deplorable condition of river embankment from Satkahania to Mangalpur in Bankati Gram Panchayet area under Galsi Assembly constituency.

The Minister-in-Charge may please make a statement to-day, if possible or give a date.

শ্রী মণীশ গুপ্ত : অধিবেশন শেষ হওয়ার আগেই Minister-in-Charge of Irrigation Department উত্তর দিয়ে দেবেন।

Motion for Extension of time for presentation of report of the Select Committee on the Seacom Skills University Bill, 2013

Shri Bratya Basu : Sir, I beg to move that the time for presentation of the report by the Select Committee on the Seacom Skills University Bill, 2013 due to expire by the end of the current session be extended till the end of the next session of the House.

Mr. Speaker : The question before the House is that the time for presentation of the report by the Select Committee on the Seacom Skills University Bill, 2013 be extended till the end of the next session of the House. As many as are of that opinion will please say Aye and

as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

The motion is adopted.

Now, the Minister-in-Charge of the Fire and Emergency Services Department will please make a statement on the subject of construction of a Fire Station at Jaynagar in South 24 Parganas District. (Attention called by Dr. Tarun Kanti Naskar on the 25th November, 2013)

CALLING ATTENTION (Statement)

Shri Javed Ahmed Khan : The proposal for construction of a new fire Station at Joynagar under South 24 Parganas district is under active consideration of this deptt. at present.

In response to the proposal given by the Joynagar-Mozilpur Municipality for awarding a plot of land for construction of a new fire Station on dag on, 691, 2994(P), Khatian No. 3052, 3059, J.L No. 19 at Mouza-Mazilpur, the deptt. has requested the Municipality to transfer the land on basis of long term lease to this deptt. Immediately after transfer of the said plot of land, the deptt. would take all necessary steps towards construction of a new fire station under Joynagar Municipality.

ডঃ তরুণ কান্তি নস্কর : ম্যাডাম আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়কে আমি ধন্যবাদ জানাচ্ছি এই কলিং অ্যাটেনশানের উত্তর দেওয়ার জন্য। আমার যতদূর জানা ল্যান্ড ট্রান্সফারের ব্যাপারে আমি আপনার সঙ্গে দেখা করেছিলাম। ওরা চিঠিপত্র দিয়েছিলেন। ল্যান্ড ট্রান্সফারের ব্যাপারটাতো হয়ে যাওয়ার কথা সেটাই আমার জানা ছিল। এটা কি কমপ্লিট হয়নি? আমি জানি যে ল্যান্ডটা দেখে আসার জন্য বারুইপুর থেকে গিয়ে অলরেডি ভিজিট করে এসেছে। ল্যান্ড ট্রান্সফারের ব্যাপারটা তো কমপ্লিট হয়ে যাওয়ার কথা। ব্যাপারটা কোথায় আটকে আছে এটা যদি কাইন্ডলি জানান।

শ্রী জাভেদ আহমেদ খান : এটা এল. আর ডিপার্টমেন্টের আন্ডারে আছে। ওনারা যত তাড়াতাড়ি ট্রান্সফার করবেন তত ভালো। তারপরে পজিশান নিয়ে লিস্ট আমরা করে দেব।

MENTION CASES

শ্রী শাহাজাহান চৌধুরী : ডেপুটি স্পীকার মহোদয়া,

ম্যাডাম ডেপুটি স্পীকার : মিঃ চৌধুরী, এক মিনিট, আপনাদের সবাইকে আমি রিকোয়েস্ট করছি, আপনারা সকলেই জানেন তেইশটা দেশের পঞ্চান্ন জন ফরেন ডেলিগেটস এসেছেন, আজকে

আমাদের হাউসে। আপনারা ইন ব্রিফ না বলে, আপনাদের যেটা বলার সেটা যদি পয়েন্টওয়াইজ বলেন তাহলে ভালো হয়।

শ্রী শাহাজাহান চৌধুরী : এখন ওনারা নেই, চলে গেছেন।

ম্যাডাম ডেপুটি স্পীকার : ওনারা আছেন, এখন সি. সি. তে গেছেন।

শ্রী শাহাজাহান চৌধুরী : ডেপুটি স্পীকার মহোদয়া, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাণিকতলায় রাজ্যের সবচেয়ে বড় সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্ক আছে। এখান থেকে কুড়ি হাজার ইউনিট রক্ত উধাও হয়ে গেছে। ক্যাগ রিপোর্ট থেকে এটা বেরিয়ে এসেছে। ৩১শে অক্টোবর পর্যন্ত যে রিপোর্ট, এই বছরের সেপ্টেম্বর মাস পর্যন্ত সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্কে স্টক থাকার কথা ছিল, ২৩,৬০৪ ইউনিট রক্ত। কিন্তু বাস্তবে রয়েছে ৩,৯৩৭ ইউনিট রক্ত। বাকি ১৯, ৬৬৭ ইউনিট রক্ত উধাও হয়ে গেল। এই ব্লাড ব্যাঙ্কে কালোবাজারী চলছে। এই রক্ত উদ্ধারের জন্য আমি মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী আনিসুর রহমান : ম্যাডাম ডেপুটি স্পীকার, আপনার মাধ্যমে একটা বিশেষ বিষয় এই সভায় উল্লেখ করতে চাই। এই সরকার বলে থাকে আমরা আইনের শাসন চাই এবং যারা অপরাধী তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে আমাদের হাত কাঁপবে না। কিন্তু আমরা অবাক হয়ে গেলাম, শিলিগুড়িতে একজন আসামী - সে যে পদেই থাক না কেন-গ্রেপ্তার হল। একজন পুলিশ অফিসার এত ভালো কাজ করল, আর তার পুরস্কার হল তাকে ট্রান্সফার করে দেওয়া। এখন অজুহাত দেখানো হচ্ছে, গ্রেপ্তার করার জন্য সরকারের পারমিশান দরকার ছিল। একজন এম. পি-কে ধরতে পারমিশান লাগে না, কিন্তু একজন উচ্চ স্তরের অফিসারকে ধরতে পারমিশান লাগে। যে অফিসার কোটি কোটি টাকা তছরুপ করেছে, তাকে যে ধরল তাকে তো পুরস্কার দেওয়া উচিত। কিন্তু তাকে তিরস্কার করা হল, তাকে শাস্তি দেওয়া হল। এই সরকারের নীতি হল চোরেদেরকে প্রশ্রয় দেওয়া ও চোরেদেরকে রক্ষা করা, আর ভালো অফিসারদের শাস্তি দেওয়া। এই কাজের মধ্যে দিয়ে এটাই হচ্ছে বড় প্রমাণ। আমি আপনার মাধ্যমে এই বিষয়টা উল্লেখ করতে চাই।

শ্রী নগেন্দ্র নাথ রায় : মাননীয়া অধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে সেচ এবং জলপথ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কোচবিহার উত্তর বিধানসভা কেন্দ্রের চকচকা গ্রাম পঞ্চায়েতের ৩১ নম্বর জাতীয় সড়কের ডানদিকে বাইশগুড়িতে কয়েক বিঘা জমি নদী গর্ভে চলে গেছে। অবিলম্বে যদি সেখানে নদী বাঁধ নির্মাণ না কর হয় তাহলে সেখানে দুটি মন্দির, একটি প্রাইমারি স্কুল, একটি সরকারী হায়ার সেকেন্ডারি স্কুল এবং বেশ কিছু বাড়ীঘর নদীগর্ভে তলিয়ে যাবে। অবিলম্বে মরাতোর্ষা নদী বাঁধ নির্মাণের জন্য সেচ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী তজমুল হোসেন : মাননীয়া অধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র হরিশচন্দ্রপুর, সেখানকার রাস্তাঘাট খুবই নিম্নমানের। সবচাইতে বড় কথা হল, ২০১০-১১ সালে প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় কয়েকটি রাস্তা স্যাংশানড হওয়া সত্ত্বেও, এখনো পর্যন্ত সেই সমস্ত রাস্তার কাজ আরম্ভ হল না। ওখানকার জেলা পরিষদ অফিস থেকে জানা গেছে, যে ওটার রি-টেন্ডার হবে। বার বার টেন্ডার হওয়া সত্ত্বেও সেখানে কেউ কাজ করছে না। রাস্তাগুলো হল— (১) তালগাছি থেকে ভালুকা হয়ে মহন্তপুর

পর্যন্ত একটি রাস্তা, এটি প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা রাস্তা ; (২) খোকামোড় থেকে ইমামনগর পর্যন্ত এবং (৩) তুলসীহাটা মস্তান রোড থেকে মুবারকপুর পর্যন্ত।

[12.10—12.17 p.m]

এই তিনটে প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার রাস্তা স্যাংশান হওয়া সত্ত্বেও কোন কনট্রাক্টররা কাজ নিতে চাইছে না। ওরা বলছে অতিরিক্ত বরাদ্দ না হওয়া পর্যন্ত এই রাস্তাগুলো করা যাবে না।... (এই সময় মাইক অফ্ হয়ে যায়)।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : ম্যাডাম, আপনার মাধ্যমে কয়েকটা গুরুত্বপূর্ণ কথা উল্লেখ করতে চাইছি। আমরা বিভিন্ন পত্র-পত্রিকায় দেখছি, আই. পি. এস. অফিসার নপরাজিত মুখোপাধ্যায়কে রাজ্য মানবাধিকার কমিশনে নেবার জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছে। জাতীয় অথবা রাজ্য মানবাধিকার কমিশনে যত অভিযোগ জমা পড়ে তার অধিকাংশই পুলিশের বিরুদ্ধে এবং পুলিশি অত্যাচারের বিরুদ্ধে। পুলিশ হচ্ছে বৃহত্তম মানবাধিকার লঙ্ঘনকারী সংগঠন। আমরা এখনো দেখছি, গতকালের কাগজ খুললেও দেখা যাবে বিভিন্ন থানাতে যে মহিলা কনস্টেবল আছে পুলিশ অফিসাররা তাদের শ্লীলতাহানি করছে। এই সব আমরা দেখতে পাচ্ছি। সুতরাং এই জায়গায় দাঁড়িয়ে আমার বক্তব্য হচ্ছে এইটাই, যে মানবাধিকার কমিশনে কোন পুলিশের লোক নিয়োগ না করাই উচিত। কেননা তারাই মানবাধিকার কমিশনকে সবচেয়ে ভায়োলেট করে। আমারা দেখছি, অম্বিকেশ মহাপাত্র কিম্বা শিলাদিত্য চৌধুরী, ... (এই সময় মাইক অফ্ হয়ে যায়।),..

শ্রী সুনীল কুমার মণ্ডল : (নট রেসপন্ডেড)

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : ম্যাডাম, এর আগে আমি উল্লেখ করেছিলাম, আজও আবার উল্লেখ করছি। সেটা হচ্ছে ২০১১-র ৫ জুলাই নির্গুণ দুবে আসানসোল এলাকায় খুন হয়। ২০১২-র ১০ মে অর্পণ মুখার্জী আমাদের বিধানসভার প্রাক্তন বর্ষীয়াণ সদস্য বামাপদ মুখার্জীর ছেলে, তিনি খুন হন। ২০১৩-র ৯ জুন আমাদের বিধানসভার প্রাক্তন সদস্য দিলীপ সরকার খুন হন। এখনো পর্যন্ত একটা খুনেরও কোন কিনারা হয়নি এবং দেখা যাচ্ছে নির্গুণ দুবের বাড়ির সামনে দাঁড়িয়ে থেকে নির্গুণ দুবের যারা খুনী তারা তার বাড়ির লোকদের হুমকি দিচ্ছে। সেই সঙ্গে সঙ্গে বলি, বামাপদ মুখার্জীর ছেলে অর্পণ মুখার্জী, দিলীপ সরকার দেরও খুনের কোন কিনারা হল না এবং আসানসোল দুর্গাপুর পুলিশ কমিশনারেট হওয়ার পরে ঐ এলাকাতে প্রায় ৪০ জন মতো মানুষ খুন হয়েছেন। এই বিষয়টাকে দেখার জন্য আমি অনুরোধ করছি। সেই সঙ্গে সঙ্গে আমি এটাও বলছি, যে আমার বিধানসভা এলাকায় আরতি গ্রামের কাছে বেঙ্গল এরোট্রোপোলিশ, (এই সময় মাইক অফ্ হয়ে যায়)...

শ্রী নিরাপদ সর্দার : মাননীয় ডেপুটি স্পিকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত দফতরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা যেদিন প্রথম বিধানসভায় এসেছিলাম সেইদিন মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছিলেন আমাদের রাজ্যের আদিবাসীরা যাতে কাজ পায় তার ব্যবস্থা করতে হবে। আমি অদ্ভুতভাবে দেখতে পাচ্ছি, আমাদের রাজ্যে এন. আর. ই. জি. এ.-এর কাজ হচ্ছে

কিন্তু আদিবাসীরা কাজ হারাচ্ছে। এন. আর. ই. জি. এ.-রে কার্ড থাকা সত্ত্বেও আমাদের জেলায় বিশেষ করে মিনাখা, হাড়োয়া, সন্দেশখালি এক ও দুই, হিঙ্গলগঞ্জ, হাসনাবাদ এবং হাবড়া এই সমস্ত এলাকার আদিবাসীরা এন. আর. ই. জি. এ.-এর কাজ থেকে বঞ্চিত হচ্ছে। এরা যাতে এন. আর. ই. জি. এ.-এর কাজ পেতে পারে তার দাবী জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়া, আপনার মধ্যে দিয়ে আমি মাননীয় বিদ্যালয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই রাজ্যে অনেকগুলো স্কুল আছে ১০-১২ হাজার আংশিক সময়ের শিক্ষক আছেন। তাদের বেতন খুবই কম। দশ পনেরো বছর ধরে তারা কাজ করছে এবং তারা একেবারে ঐ স্কুলের ম্যানেজিং কমিটির দয়ার ওপরে নির্ভর করে থাকে। তাদের প্রায় একজন পূর্ণ সময়ের শিক্ষকের মতোই কাজ করতে হয়। ফলে কলেজগুলোতে যেমন পার্ট টাইম শিক্ষকদের দায়িত্ব গভর্নমেন্ট নিয়েছে তেমন করে তাদের কথা যদি ভাবেন তাহলে এই ১০-১২ হাজার শিক্ষকের অন্তত ভবিষ্যত একটু উজ্জ্বল হয়। এই ব্যাপারে আমি আপনার মধ্যে দিয়ে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করলাম।

শ্রীমতী মমতাজ বেগম : অনারেবল ডেপুটি স্পিকার ম্যাডাম, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, আমার বিধানসভার ৪ টে স্কুলকে মাধ্যমিক থেকে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করেছেন। সেইজন্যে তাকে আমি সাধুবাদ জানাই এবং ধন্যবাদ জানাই। ঐ স্কুলগুলোতে এখনো পর্যন্ত টিচার রিক্রুট না করাতে স্কুলের পড়াশুনো ভালভাবে হচ্ছে না। এর জন্যে আপনার দৃষ্টি আকর্ষণ করছি যত শীঘ্র সম্ভব আপনি এই স্কুলগুলোর উন্নতির জন্য টিচার রিক্রুট করবেন। এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ। নমস্কার।

ZERO HOUR

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, আপনার মাধ্যমে আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, হাওড়া জেলায় বাউরিয়া থানার গেটে এবং দেওয়ালে যে ন্যাশানাল ফ্ল্যাগ আছে, অশোকস্তম্ভের সঙ্গে 'সত্যমেব জয়তে' এটা উধাও। ছবি যদি দেখতে চান সেও দেখাতে পারি এবং তার সঙ্গে সঙ্গে শাসক দল তৃণমূল কংগ্রেসের অফিসেও এই অশোকচক্র অবহেলায় এই ধরনের ছবি সম্প্রতি ধরা পড়েছে। এই বিষয়টি হাওড়ার এস.পি.র নজরে এলেও এ নিয়ে কোন হেলদোল নেই। তাই বিষয়টি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, ধন্যবাদ।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : (অনুপস্থিত)।

শ্রী নিরাপদ সর্দার : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে একটি বিষয় মাননীয় পরিবহণ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, সুন্দরবন এলাকায় অনেক নদী-নালা। মানুষকে নৌকা পেরিয়ে পেরিয়ে এপার থেকে ওপারে যেতে হয়। তা আমরা অনেকদিন ধরে চেষ্টা করছিলাম। সুযোগ একটা আছে সেটাকে যদি কাজে লাগানো যায় হিঙ্গলগঞ্জ এবং হাসনাবাদে। হাসনাবাদে একটা ভেসেলের ব্যবস্থা আছে অনেক দিন থেকেই। হিঙ্গলগঞ্জে একটা শুরু করা হয়েছিল, আপাতত বন্ধ আছে। সন্দেশখালি, ধামাখালিতে চারটি নদী। অসংখ্য লোক পেরিয়ে

কলকাতা অভিমুখে আসে। পারাপারে খুবই অসুবিধা এবং এপার থেকে ওপারে যেতে গেলে যানবাহনও পার করা যায় না। এইখানটাতে যদি ভেসেলের ব্যবস্থা করা যায়, তাহলে বড় যানবাহনের পার করার সুযোগ হবে। এই দাবি জানাচ্ছি।

(এই সময় সভার কাজ বেলা ২.০০ পর্যন্ত মুলতুবি থাকবে।)

[2.00—2.10 p.m.]

After Adjournment

GOVERNMENT BUSINESS
RESOLUTION UNDER RULE 169

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সভার কার্যবিবরণীর ১৬৯ ধারা অনুযায়ী এই সভা প্রস্তাব নিচ্ছে যে,

যেহেতু ইতিমধ্যে সাধারণ গৃহস্থের জীবন দুর্বিষহ হয়ে উঠেছে এল.পি.জি (রান্নার গ্যাস) থেকে ভরতুকি তুলে নেওয়ার জন্য যা এখন থেকে প্রত্যেক গ্যাস গ্রাহক বছরে ৯টি সিলিন্ডার পাবে, এ ধরনের কেন্দ্রীয় সিদ্ধান্তে রাজ্যবাসী আহত।

এই সভা মনে করে যে কেন্দ্রীয় সরকার যেহেতু আধার কার্ড সিলিন্ডার ভরতুকির জন্য প্রযোজ্য মনে করছেন;

যেহেতু মাত্র ১৫% রাজ্যবাসী আধার কার্ড হাতে পেয়েছেন, ফলত বাকি রাজ্যবাসী (গ্রাহক) আধার কার্ড না থাকলে রান্নার গ্যাসে ভরতুকি সিলিন্ডারে পাবে না তা অবাস্তব — তাতে সাধারণ মানুষ রান্নার গ্যাসের সিলিন্ডারে ভরতুকি থেকে বঞ্চিত হবে;

এই সভা তীব্র ভাবে কেন্দ্রীয় পেট্রোলিয়াম দপ্তরের একতরফা ভাবে সিদ্ধান্তের বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছে; এবং

এই সভা অবিলম্বে রান্নার গ্যাসের সিলিন্ডারে (৯টি) ভরতুকী প্রাপ্তির জন্য আধার কার্ড আবশ্যক — এই কেন্দ্রীয় জনস্বার্থ বিরোধী সিদ্ধান্ত প্রত্যাহার করার দাবী জানাচ্ছে।

Mr. Speaker : There are two amendments to the Resolutions. So far the amendment no. 1 of Dr. Surjya Kanta Mishra is concerned, I hold the same is out of order. I reject it.

Amendment no. 2, I call upon Dr. Surjya Kanta Mishra to move his amendment.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মিঃ স্পীকার স্যার, আমি এ্যামেন্ডমেন্টটা মুভ করছি। After line 6, the following words be inserted.

"যেহেতু আধারকার্ড নিয়েই বহু প্রশ্ন, সংশয় ও বিতর্কের নিষ্পত্তি হয় নি";

এই কথাটা আমি যোগ করতে চাইছি ওখানে।

শ্রী আনন্দময় মন্ডল : মাননীয় স্পীকার স্যার, আধার কার্ড সংক্রান্ত প্রস্তাব যেটা এই সভায় মাননীয় পরিষদীয় মন্ত্রী পেশ করেছেন সেটা নিয়ে বিরোধিতা নেই। কিন্তু বিষয়টা হচ্ছে যে, এই আধার কার্ড নিয়ে নানা প্রশ্ন আছে নানা বিতর্ক আছে। কারণ যে ভাবে এই আধার কার্ড হচ্ছে এবং ব্যক্তিগত তথ্য সংগৃহীত হচ্ছে, এই তথ্য চোখের রেটিনা থেকে শুরু করে আঙুলের ছাপ, এটাকে রক্ষা করা এবং এটা রেকর্ডের জন্য কোন আইন পাশ করা হয়েছে কিনা জানা নেই। ফলে এটা নিয়ে যেমন আপত্তি আছে সেই সাথে এটা ঠিক শুধু আমাদের রাজ্যে নয়। অন্য রাজ্যেও আধার কার্ড বেশী পরিমাণে হয় নি। ফলে যাদের আধার কার্ড হয়নি, তারা এই ভরতুকি থেকে বঞ্চিত হবে। আমি মনে করি যে, কোন সরকারী সুবিধা পাওয়ার ক্ষেত্রে আধার কার্ড বাধ্যতামূলক হওয়া উচিত নয়। সুতরাং এই প্রস্তাবের পক্ষে যেমন আমার সমর্থন আছে, সেই সাথে আমি মনে করি এই লাইনটা যুক্ত হওয়া দরকার, যেহেতু আধার কার্ড নিয়ে বহু প্রশ্ন, সংশয় ও বিতর্কের নিষ্পত্তি হয় নি। আধার কার্ড করার ব্যাপারে কেন্দ্রীয় সরকার যেমন বলছেন, কিন্তু এর পরিকাঠামো বিষয়ক ব্যবস্থা এখনও হয় নি। ফলে এটা জনস্বার্থ বিরোধী নিঃসন্দেহে। বহু মানুষ এই সুবিধা থেকে বঞ্চিত হবেন। কিন্তু এই লাইনটা যুক্ত করা হোক। রান্নার গ্যাসের মূল্যবৃদ্ধি, এটা যেমন জনজীবনে একটা বড় ধরনের আঘাত আনছে, সেই সাথে অন্যান নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের অস্বাভাবিক দাম বাড়ছে, তাতে গৃহস্থদের জীবন দুর্বিষহ হয়ে উঠছে, ফলে টোটাল যে পলিশি কেন্দ্রীয় সরকারের, সেটা নিয়ে আপত্তি আমাদের আছে। আমরা মনে করি রান্নার গ্যাস ভরতুকিতে পাওয়ার ক্ষেত্রে আধার কার্ড বাধ্যতামূলক না করা হোক। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী পার্থ চ্যাটার্জী যে সরকারী প্রস্তাব এখানে এনেছেন, সেই প্রস্তাব in the main সমর্থন করে আমি দু-একটি কথা বলতে চাইছি। রান্নার গ্যাসের উপরে কেন্দ্রীয় সরকার যে ভাবে ভরতুকির পরিমাণ কমিয়ে মূল্যবৃদ্ধি ঘটানোর রাস্তা করেছে, তার ফলে মধ্যবিত্ত নিম্নবিত্ত মানুষের উপর প্রচন্ড আর্থিক চাপ পড়বে এবং আন্তর্জাতিক বাজারে নামা-ওঠার সঙ্গে যে ভাবে petroleum product -এর দাম আমাদের দেশে link করা হয়েছে, সেটা কোন welfare state -এর দায়িত্ব হতে পারে না। ফলে কেন্দ্রীয় সরকারের এই সিদ্ধান্তের আমরা তীব্র বিরোধিতা করি। এখানে যে পেট্রোলিয়াম কোম্পানীগুলো, সেটা সরকারী বা বেসরকারী, তাদের ক্ষতি হচ্ছে বলে যে কথাটা বলা হয়, সেই কথার মধ্যে কোন যৌক্তিকতা আমরা পায় নি। আধার কার্ড সম্পর্কে যে কথা এখানে বলা হয়েছে, যে ভাবে বিরোধিতা করা হয়েছে, সেটা যেমন সত্যি, তার সঙ্গে আরও অনেকগুলো বিষয় যুক্ত হয়ে আছে যেটা উল্লেখযোগ্য বলে আমার মনে হয়েছে, এখানে যে কথাটা আমি বলতে চাইছি যে prints of all ten fingers, retina scan (iris) and photograph of face এগুলোকে নেওয়া হয় এবং তার মধ্যে দিয়ে একটা Unique number দেওয়ার চেষ্টা করা হচ্ছে, এখানে যে কথাটা বলব এটা কখনওই ইউনিক হতে পারে না। বিশেষ করে যারা লেবারার, তাদের হাত এমন ভাবে Deformed হয়ে থাকে কাজের চাপে, সেখানে ওই রকম ভাবে ভাল ছবি পাওয়া যেতে

পারে না। স্ট্যান্ডিং কমিটি পার্লামেন্টে যেটা আমরা শুনেছি, পার্লামেন্টের স্ট্যান্ডিং কমিটি যেহেতু সরকারী কোন আইন এখনও তৈরী হয় নি, ফলে এটাকে unethical and violation of Parliamentary prerogatives এইভাবেই সেখানে বলা হয়েছে। বলা হয়েছে in the absence of a constitutional provision or legal framework, all the actions of the UIDAI অর্থাৎ যাদের উপর দায়িত্ব পড়েছে আধার কার্ড তৈরী করার They are technically unconstitutional and illegal। Already আমরা জানি অন্ধ্রপ্রদেশ হাইকোর্ট গত ২১ শে নভেম্বর এর বিরুদ্ধে রায় দিয়েছে এবং পাঞ্জাব, হরিয়ানা হাইকোর্ট মার্চ মাসে এর বিরুদ্ধে রায় দিয়েছে। সুপ্রীম কোর্ট সম্প্রতি যেটা বলেছে, যে কেন্দ্রীয় সরকারের এটাকে তারা মান্যতা দেয় নি এবং না দিয়ে বলেছে list this matter for further hearing on 10 December, 2013। ফলে এটাকে একেবারেই মেনে নেওয়া যাচ্ছে না So far as Court orders are concerned এবং বহু Expert যেটা বলেছেন this is a project where there is still no feasibility study, there is no cost: benefit analysis এবং আমাদের দেশের পক্ষে যেটা অত্যন্ত সত্য, সেটা হচ্ছে যে Ulterior motive এ অনেক সময় spying করা হয় political opponents-দের। subversion of basic human rights, সেটা আমাদের দেশের পক্ষে অত্যন্ত সত্য, harasssing activists of democratic mass movements, crushing democratic mass movements by resorting to various coercive methods including persecution of their core leaders and organizers in a planned way এই যে এখানে ঘটনাগুলো ঘটে, তখন এই রকমভাবে সমস্ত মানুষের তথ্যগুলো যদি সরকারের কাছে যায়, ...

[2.10—2.20 p.m.]

আমাদের কাছে যেটা খবর, এই সমস্ত তথ্যগুলি যেটা মানুষের কাছ থেকে নেওয়া হচ্ছে — তাদের আঙ্গুলের ছবি ইত্যাদি ইত্যাদি করে, সেগুলিকে outsourcing করা হচ্ছে এবং অনেক প্রাইভেট কোম্পানিকে সেটা দেওয়া হচ্ছে এবং অনেক ক্ষেত্রে সেগুলো বিদেশেও ট্রান্সফার করা হচ্ছে। ফলে এর মধ্য দিয়ে মানুষের বেসিক যে রাইট সেই রাইট এবং তার পার্সোনাল যে রাইট সেই রাইট কিন্তু ভীষণ ভাবে খর্ব করা হচ্ছে। ফলে এই দিক দিয়েও আমার মনে হয়েছে যে, এই দিক দিয়েও এই গোটা বিষয়টাকে আমাদের অপোজ করা দরকার এবং আমার মনে হয়েছে যে, আমাদেরই এই দেশে— While the Bourgeois Government does not have various methods to track the movements of political opponents, with Aadhaar in place and most of the transactions starting from booking of rail tickets, withdrawal of cash from ATM etc. to bank credit of proposed food subsidy যেটা সেন্ট্রাল গভর্নমেন্ট করেছে, যার সঙ্গে লিঙ্ক করা হচ্ছে। Such surveillance system might be eased if run based on Aadhar. ফলে মানুষের বেসিক যে ডেমোক্রেটিক রাইটস সেই ডেমোক্রেটিক রাইটস খর্ব করার একটা ব্যবস্থা কিন্তু এর মধ্য দিয়ে করা হয়েছে। ফলে রাজ্য সরকার এবং মাননীয় পার্থবাবু যে ভাবে বিরোধিতা করেছেন

এই বিরোধিতা যেমন থাকছে, কিন্তু অনেক বেসিক জায়গা থেকে এই আধার কার্ডের সিস্টেমের বিরোধিতা করা উচিত বলে আমার মনে হয়েছে। স্পীকারকে ধন্যবাদ।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় পরিষদীয় মন্ত্রী রাজ্য সরকারের পক্ষ থেকে resolution, Rule under 169 আধার কার্ডের মাধ্যমে যে ভরতুকি গ্যাস তার বিরুদ্ধে একটা প্রস্তাব মুভ করেছেন। এই প্রস্তাবের বিরোধিতা করার কোনও জায়গা নেই। ইতিমধ্যে জিনিস-পত্রের দাম যে ভাবে বাড়ছে, কেন্দ্রীয় সরকার যে ভাবে পেট্রোলিয়াম গ্যাস তার যে দাম দফায় দফায় বাড়িয়েছেন, যার ফলে মানুষের দৈনন্দিন জীবন নাভিঃশ্বাস হয়ে উঠছে। আধার কার্ডের মাধ্যমে তারা ভর্তুকি, সিলিন্ডার পিছু ভরতুকি সেই ভরতুকি দেওয়ার ক্ষেত্রে তারা বলছে। এই বিষয়ের উপর সংশয় আছে, বিতর্ক আছে। কোনও স্থির সিদ্ধান্ত গৃহীত হয়নি। যার ফলে আধারকার্ড আমাদের রাজ্যে এখনও পর্যন্ত ১৫ শতাংশের বেশী লোকের তৈরীও হয়নি। আমাদের আধারকার্ডের কি প্রয়োজনীয়তা আছে? এর কোনও প্রয়োজনীয়তা আছে বলে আমরা মনে করি না। আমাদের ভোটার আইডেন্টিটি কার্ড আছে, প্যান-কার্ড আছে, ব্যাঙ্ক-এ্যাকাউন্ট আছে, রেশন-কার্ড আছে। অতএব, এই সবের মাধ্যমে ব্যাঙ্কে ভরতুকি দেওয়ার ক্ষেত্রে কোনও অসুবিধা নেই, দেওয়া যেতে পারে। কিন্তু কেন্দ্রীয় সরকার সেই ব্যাপারে না করে, অগ্রসর না হয়ে আধারকার্ডের উপর তারা গুরুত্ব দিচ্ছেন। বিশ্বব্যাঙ্কের চাপে আমাদের দেশের সরকার — কেন্দ্রীয় সরকার আধারকার্ড করার জন্য আমাদের মত দেশে প্রায় এক লক্ষ পঞ্চাশ হাজার কোটি টাকা খরচ করার যে প্রস্তাব তার দায়ভার আমাদের ঘাড়ে চাপবে। ইতিমধ্যে বিদেশী সংস্থাকে তার প্রায় ষাট হাজার কোটি টাকা তারা অগ্রিম দিয়ে দিয়েছে এবং যে বিদেশী সংস্থা এই কাজ করছে তা আমাদের ব্যক্তিগত জীবনের যা তথ্য সেই তথ্য তা বাইরে যাওয়ার সম্ভাবনা আছে। আমেরিকার চাপে পড়ে সেই কাজ কেন্দ্রীয় সরকার করছে। আমাদের পার্লামেন্টে যে পার্লামেন্টারি কমিটি আছে — স্ট্যান্ডিং কমিটি সেই স্ট্যান্ডিং কমিটি এই প্রস্তাব বাতিল করে দিয়েছে। আমরা আধারকার্ডের বিরুদ্ধে আমাদের ব্যক্তিগত জীবনের বা আমাদের পার্সোনাল photograph of citizens, finger print, photograph of eye balls — এই জাতীয় জীবনের প্রায় একুশটি personal data তার মধ্যে সংযোজিত করে তা চলে যাচ্ছে কার্ডে, তার নাম্বারের ভিত্তিতে একটা নাম্বার টিপলেই তার সমস্ত ডাটা বেরিয়ে আসবে। আমাদের ব্যক্তিগত জীবনের যে গোপনীয়তা সেই গোপনীয়তা থাকবে না। এক সময় সাউথ আফ্রিকাতে কালা আদমির বিরুদ্ধে আইডেন্টিটি কার্ড করতে চেয়েছিল সেই সরকার। আমাদের জাতির জনক মহাত্মা গান্ধী তার বিরুদ্ধে আন্দোলন করেছিলেন, লড়াই-সংগ্রাম করেছিলেন; করতে দেননি। আমেরিকাতে এই ধরনের একটা পার্সোনাল আইডেন্টিটি কার্ড সেখানকার সরকার করার চেষ্টা করেছিল কিন্তু জনগণের চাপে করতে পারেনি। গ্রেট ব্রিটেনও করতে পারেনি। হিটলার এক সময় চেয়েছিলেন তাঁর দেশের ইহুদীদের এই ধরনের একটা আইডেন্টিফিকেশন করতে। তিনিও করতে পারেননি। তাই আমরা মনে করি 'আধার কার্ড'র কোন প্রয়োজনীয়তা নেই। আধার কার্ডের কোন দরকার নেই। আমাদের দেশের এত টাকা খরচ করে এটা করার কোন প্রয়োজনীয়তা আছে বলে আমরা মনে করিনা।

মাননীয় মন্ত্রী যে প্রস্তাব নিয়ে এসেছেন, আমাদের দেশে জিনিস-পত্রের দাম যে ভাবে বাড়ছে, শুধু পেট্রোলিয়াম-জাত জিনিসের দাম নয়, সমস্ত জিনিস যাতে সরকারী ভরতুকি, জিনিসপত্রের

দাম কন্ট্রোল করার এক্তিয়ার কেন্দ্রীয় সরকারের মধ্যে পড়ে কিন্তু তারা তা কন্ট্রোল করতে পারছে না। আমাদের সাংসারিক জীবনে একটা পরিবারে ৯টা সিলিন্ডার যথেষ্ট নয়। আরো বেশী সিলিন্ডারের প্রয়োজন হতে পারে। জিনিসের দাম বেড়েছে তার মধ্যে আবার ঐ ৯টা সিলিন্ডার কিনতে যে ভরতুকিতা আধার কার্ড না হলে দিচ্ছে না। যার ফলে আমাদের দেশের সাধারণ মানুষের মধ্যে বিক্ষোভ পুঞ্জীভূত হচ্ছে। তাই এই প্রস্তাবের মাধ্যমে, আধার কার্ডকে বাতিল করে ব্যাঙ্কের মাধ্যমে যে ভাবে আমাদের আইডেন্টিফিকেশন কার্ড, আমাদের যে ব্যাঙ্কে অ্যাকাউন্ট আছে, রেশন কার্ড আছে, ভোটার আইডেন্টিটি আছে, প্যান কার্ড আছে তার মাধ্যমে দেওয়া হোক। সাধারণ গরীব, খেটে-খাওয়া মানুষ, কৃষক তাদের আধার কার্ডের কোন প্রয়োজন নেই। আমাদের আধার কার্ডের কোন প্রয়োজনীয়তা নেই।

(এই সময় বক্তার মাইকের বিদ্যুৎ সংযোগ ছিন্ন হয়ে যায়।)

শ্রী বিশ্বনাথ কারক : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পরিষদীয় মন্ত্রী আধার কার্ডের বিষয়ে যে প্রস্তাব এনেছেন সে সম্পর্কে কয়েকটি গুরুত্বপূর্ণ আলোচনা আমি সংক্ষেপে করছি।

কেন্দ্রীয় পেট্রোলিয়াম মন্ত্রক ২৮৯টি জেলাকে বাছাই করে গ্যাস সিলিন্ডারে ভরতুকি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। তারা এই প্রকল্পের মাধ্যমে সারা দেশে ২৮৯টি জেলায় আধার কার্ডের মাধ্যমে ভরতুকি দিয়ে ৯টি করে গ্যাস সিলিন্ডার ডিস্ট্রিবিউট করবে, সাপ্লাই করবে। এই গ্যাস সিলিন্ডার সম্পর্কে বলতে গেলে এখানে বলতে হয়, তার আলোচনা তো সুপ্রিম কোর্ট-ই করে দিয়েছে। আপনারা অনেকেই জানেন যে, এ ব্যাপারে সুপ্রিম কোর্টে একটা কেস হয়েছিল এবং আগামী ১০-ই ডিসেম্বর তার শুনানি আছে। মধ্যবর্তীকালীন শুনানিতে সুপ্রিম কোর্ট বলেই দিয়েছে যে 'আধার কার্ডের আমাদের আর কোন প্রয়োজন নেই'। আধার কার্ডের প্রয়োজনীয়তা আছে বলে কোন তাৎপর্য সুপ্রিম কোর্ট খুঁজে পায়নি। আগেই বলে দিয়েছে। তাই আবার নতুন করে ১০-ই ডিসেম্বর সুপ্রিম কোর্টে তার শুনানি আছে। ফলে এবিষয়ে আমাদের আর নতুন করে আলোচনা করার দরকার নেই। আমি বলতে চাই যে, এই আধার কার্ডের বিষয়ে একটা চক্র আছে। এই চক্রে কিছু ব্যবসাদার, কিছু দালাল বা বড় একটা সংস্থা কোম্পানীর সঙ্গে যুক্ত হয়েছে, এই পেট্রোলিয়াম মন্ত্রকের সঙ্গে যুক্ত হয়েছে। একেবারে কেন্দ্র থেকে শুরু হয়ে রাজ্যে পর্যন্ত দেখা যাবে অনেকের সঙ্গে চক্র জড়িয়ে রয়েছে। তারা বিপথে পরিচালিত করার জন্য এই রাস্তা ব্যবহার করছে। কিন্তু আমার বক্তব্য যেটা সেটা হচ্ছে, এই রাজ্য সরকার, পরিষদীয় মন্ত্রী যে প্রস্তাব এনেছেন, এই প্রস্তাবকে প্রতিফলিত তিনি কী ভাবে করবেন কিছু বোঝা যাচ্ছে না। এ ব্যাপারে সুপ্রিম কোর্ট রায় দিয়েছে। তিনিও বলছেন। কিন্তু আমাদের সংবিধানে কিছু নিয়ম আছে, আমাদের প্রিভিলেজের পক্ষে কিছু নিয়ম আছে। এই রাজ্যের ক্ষেত্রে এই গ্যাস অন্যায় ভাবে ব্যবহার করা হচ্ছে। রান্নার গ্যাস গাড়ীতে ব্যবহার করা হচ্ছে। রান্নার গ্যাস কারখানায় ব্যবহার করা হচ্ছে। রান্নার গ্যাস তারা বাড়ীতে নিয়ে গিয়ে বেশী দামে বিক্রি করছে। ১১০০, ১২০০ টাকা পর্যন্ত একটা গ্যাস সিলিন্ডার বিক্রি হয়েছে, করছে। এ ব্যাপারে বারে বারে কিন্তু বিভিন্ন জায়গায়, থানায় ডাইরী করা হয়েছে। S D O -কে বলা হয়েছে। সেব্যাপারে রাজ্য সরকার কোন পদক্ষেপ নেয়নি।

[2.20–2.30 p.m.]

কিন্তু আজকে আধার কার্ড নিয়ে যে অধারই রয়ে গেল, আধার কার্ড নিয়ে এখন যে আঁধারই চলবে, এটা নিঃসন্দেহে আমরা এক বাক্যে বলতে পারি। সেইজন্য আবার নতুন করে যে পদক্ষেপ আজকে কেন্দ্রীয় পেট্রোলিয়াম মন্ত্রক আজকে নিচ্ছে — ব্যাঙ্কের মাধ্যমে — এই ব্যাঙ্কের মাধ্যমে যদি আমরা তার নাম্বার নিতে না পারি তাহলে কিন্তু চড়া দামেই গ্যাস সিলিন্ডার কিনতে হবে। আবার নতুন করে ইন্টারনেটের মাধ্যমে যদি আমরা তার নাম্বার সংগ্রহ করি তাহলে ২০ থেকে ২২ দিন সময় লাগে। কিন্তু দেখা যাচ্ছে সেখানে আমাদের এক মাসের বেশি সময় লেগে যাচ্ছে। তাই আধার কার্ড আঁধারেই রয়ে যাচ্ছে। আবার নতুন করে তারা সিদ্ধান্ত নিচ্ছেন আমাদের পশ্চিমবাংলার কোচবিহার, হাওড়া, কলকাতার বিভিন্ন জায়গায় তারা আধার কার্ডের মাধ্যমে তারা ছবি সংগ্রহ করবেন। এই ছবি সংগ্রহ করার ক্ষেত্রেও কিন্তু আধার আছে। এই আধারকে কাজে লাগিয়ে কিন্তু আমারা আধারকে কাটাতে পারব না। সেইজন্য একটা প্রস্তাব আমার আছে। এই মুহূর্তে আধারের যে বিকল্প ব্যবস্থা — এটা কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার — আমি হলফ করে বলতে পারি এটা পাঁচ বছরেও এর সমাধান করতে পারবে না, কারণ এর মধ্যে যা আধার আছে। সেজন্য একটা সহজ উপায় আছে। আমার ছোট যুক্তিতে, ছোট মতে আমি বলতে পারি রাজ্য সরার কেন্দ্রের কাছে একটা প্রস্তাব দিক। এই ব্যাপারকে কেন্দ্র করে দীর্ঘ আলোচনা হোক, সমস্ত রাজনৈতিক দলগুলিকে নিয়ে আলোচনা হোক এবং একটু সময় নেওয়া হোক। সময় সাপেক্ষে এই আধার কার্ডের সম্পর্কে বিস্তর আলোচনার প্রয়োজন আছে। সময় নিয়ে তার ছবি তোলা ইত্যাদি — এটা যদি পিছোতে পারে আমাদের রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে বলে, চিঠি করে তাহলে মনে হয় খানিকটা ফল লাভ আমরা করতে পারবো। এই ক্ষুদ্র বক্তব্য বলে শেষ করছি, ধন্যবাদ।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় স্পীকার স্যার, ১৬৯ ধারার নিয়ম অনুযায়ী আজকে যে প্রস্তাব পরিষদীয় মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় এনেছেন আমি তার সমর্থনে দু-একটি কথা বলতে চাই। স্যার, যে কারণের জন্য আজকে এই প্রস্তাব আনতে হয়েছে — প্রথমেই বলে রাখা ভাল কেন্দ্রীয় সরকার বিগত কয়েক বছর ধরে লাগাতার একের পর এক এমন সিদ্ধান্ত গ্রহণ করছেন যেগুলি জনবিরোধী, জনস্বার্থবিরোধী। একের পর এক তারা যে সিদ্ধান্ত নিচ্ছেন — পেট্রোপণ্যের মূল্যবৃদ্ধি করেছেন। বিভিন্ন সমস্যাগুলিকে — বিদেশীদের কাছে তার শেয়ার বিক্রি করে দিচ্ছেন, ফরেন ডাইরেক্ট ইনভেস্টমেন্ট হচ্ছে — এমন কি স্যার, রান্নার গ্যাস — যেটা একেবারেই essential সমস্ত মানুষের জন্য, সেই রান্নার গ্যাস তার যে সিলিন্ডার, সেই সিলিন্ডারের সংখ্যা তারা প্রথমে কমিয়ে ৬-এ নামিয়ে দিয়েছিলেন। তীব্র প্রতিবাদ হয় সারা দেশজুড়ে। পশ্চিমবঙ্গে তার প্রতিবাদ হয়। পরবর্তীকালে কেন্দ্রীয় সরকার ভরতুকিযুক্ত ৯টি সিলিন্ডারের ব্যবস্থা করার কথা ঘোষণা করেন। কিন্তু তার সংগে সংগে তারা যে সিদ্ধান্ত নিয়েছেন এই যে আধার কার্ড — স্যার, আপনি জানেন এবং আমরা সবাই জানি, বিরোধীরাও সমর্থন করছেন এই বিষয়টায়। আধার কার্ডটাকে essential কেন করা হল? আধার কার্ড কি একটা perfect document? আধার কার্ড তৈরি করার সময় কারো কাছ থেকে ভোটার আইডেনটিটি কার্ড চাওয়া হয়নি। আধার কার্ডের জন্য কোথাও প্যান

কার্ড চাওয়া হয়নি। আধার কার্ড তৈরির সময় কেবল রেশন কার্ড দেখতে চাওয়া হয়েছে। স্যার, রেশন কার্ড — আপনারা জানেন যে, আমাদের খাদ্য মন্ত্রী বলেছেন লক্ষ লক্ষ ভুয়ো রেশন কার্ড পাওয়া গেছে। প্রায় ৭০ -৮০ লক্ষ ভুয়ো রেশন কার্ড পাওয়া গেছে। তাহলে Adhar card is not the perfect document যেটা দিয়ে একটা মানুষের সঠিক পরিচয় জানা যাবে কি জানা যাবে না এটা ঠিক না। এ সত্ত্বেও আধার কার্ড না হলে একজন ভরতুকি পাবে না। অর্থাৎ আগে তাকে পরিপূর্ণ দাম দিতে হবে। সেই দাম দেওয়ার পরে আধার কার্ডের নাম্বার অনুযায়ী ব্যাঙ্ক অ্যাকাউন্টে তার টাকাটা যেটা সে ভরতুকি পাবে সেই টাকাটা চলে যাবে। আমার বোধগম্য হচ্ছে না, কেন্দ্রীয় সরকার এই ধরনের একটা স্কীম কি কারণে নিয়ে এলেন। কি কারণে একটা অত্যন্ত উপরি কাজের বোঝা তারা তাদের কাঁধে তুলে নিলেন, কোন প্রয়োজন নেই। দ্বিতীয়তঃ একজন গরীব মানুষ যে গ্যাস ব্যবহার করেন তার পক্ষে ৯০০-১০০০ টাকা একসঙ্গে দেওয়ার থেকেও, এখন যেটা ৪১২ টাকা দাম আছে সেই টাকাটা তার পক্ষে জোগাড় করা সম্ভব কিন্তু একটা গরীব লোকের পক্ষে ৯০০ - ১০০০ টাকা এক সঙ্গে দেওয়া প্রায় অসম্ভব বললেই চলে। একে তারা গ্যাসের সংখ্যা কমিয়ে দিচ্ছেন। আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী এই নিয়ে তীব্র প্রতিবাদ করেছিলেন আপনারা জানেন। তার দাবী ছিল, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেছিলেন, মিনিমাম ভরতুকিযুক্ত সিলিন্ডার দিতে হবে মাসে দুটো করে অর্থাৎ বছরে চব্বিশটা সিলিন্ডার তিনি দাবী করেছিলেন এবং কেন্দ্রীয় সরকারের বিভিন্ন জনবিরোধী নীতি থাকার জন্য তিনি এবং তার দল, অর্থাৎ আমাদের দল একসঙ্গে সরকার থেকে বেরিয়ে চলে আসতে বাধ্য হয়েছিলেন। আমি মনে করি, এই যে সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকার নিয়েছেন আধার কার্ড না হলে একটা মানুষ তার ভরতুকির টাকা পাবে না, তাকে ব্যাংকে অ্যাকাউন্ট খুলতে হবে ইন্টারনেটের মাধ্যমে। বহু মানুষ আছে গ্রামে তাদের হয়তো ব্যাংকে অ্যাকাউন্টই নেই তাহলে সে ভরতুকির টাকাটা কিভাবে পাবে? একটা অবাস্তব সিদ্ধান্ত নিয়ে কেন্দ্রীয় সরকার মানুষের উপর জোর করে চাপিয়ে দেওয়ার চেষ্টা করছেন এবং এর মূল উদ্দেশ্য হচ্ছে, যাতে করে মানুষ আর রান্নার গ্যাস না নিতে পারে, সিলিন্ডার না নিতে পারে তার একটা ব্যবস্থা করা। যারা অন্যায়ভাবে বিভিন্ন এজেন্সী থেকে নিয়ে ব্যবসা করছেন তাদের ব্যবসার জন্য রেস্টুরেন্টে লাগাচ্ছেন সিলিন্ডার সেখানে আপনারা ব্যবস্থা করুন আমাদের আপত্তি নেই। যারা অন্যভাবে গ্যাস সিলিন্ডার ব্যবহার করছেন সেখানে ব্যবস্থা গ্রহণ করা হোক। সেখানে আমরা নিশ্চয় সমর্থণ করতে চাই কিন্তু সাধারণ মানুষ, সাধারন নাগরিক যারা গ্যাসের উপর বেঁচে আছেন তাদের জীবন এবং জীবিকা নির্বাহ করে সেখানে দাঁড়িয়ে সরকারের এই সিদ্ধান্তের তীব্র বিরোধিতা করছি এবং আমি আশা করছি, একটু আগে ....

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মিস্টার স্পীকার স্যার, যে সরকারী প্রস্তাবটি আনা হয়েছে ১৬৯ রুলের — আমি অবশ্য বলেছিলাম স্যার, আপনার খেয়াল থাকবে আমরা এই সরকারী প্রস্তাব না করে এটা ১৮৫-এ যদি আমরা নন-অফিসিয়ালি রেজুলিউশান করতাম তাহলে এটা কেবল সরকার নয় একটা অল পার্টি রেজুলিউশান তার ভিত্তি হতে পারতো। যাই হোক না কেন, সেখানে যেভাবে প্রস্তাবটা আনা হয়েছে ঠিকই আমাদের এটাতে বিরোধিতা করার কিছু নেই কিন্তু আমি যে একটা

সংশোধনী দিয়েছি সেটা এই কারণে দিয়েছি যে, আধার কার্ড নিয়ে বহু প্রশ্ন আছে, সংশয় আছে, বিতর্ক আছে সেটা নিষ্পত্তি হয় নি। নিষ্পত্তি হওয়ার একটা পদ্ধতি আছে। পদ্ধতিটা এই যে, স্যার সবাই জানেন যে, আমাদের যে সিটিজেনশিপ অ্যাক্ট ১৯৫৫ আছে, তদনুযায়ী সিটিজেনশিপ রুলস ২০০৩ আছে আমাদের দেশে। পার্লামেন্ট যা করেছে সেখানে বলা আছে যেটা করতে হবে যে বাধ্যতামূলক বিভক্তিকরণ। ম্যান্ডেটারি রেজিস্ট্রেশন অফ সিটিজেন্স বাট নট বায়োমেট্রিক এনরোলমেন্ট। এতে বায়োমেট্রিক এনরোলমেন্টের কথা বলা নেই। সেইজন্য যখন এই রকম একটা আইন থাকা সত্ত্বেও সেই আইনি ব্যবস্থা নেই, তাকে লঙ্ঘন করে যখন এই রকম আধার কার্ড — একটা বায়োমেট্রিক কার্ড এটা চালু করার সিদ্ধান্ত নেওয়া হল সেটা বিশেষ করে যখন পার্লামেন্টে এই নিয়ে একটা বিল — এখনও সেটা নিয়ে কোন নিষ্পত্তি হয় নি এবং সেটা স্ট্যান্ডিং কমিটিতে গিয়েছিল, রাজ্যসভায় সেটা গৃহীত হয় নি, বিতর্ক থেকেই গেছে।

[2.30—2.44 p.m.]

নতুন করে আবার বিল আনবার চেষ্টা, সেই সব — যাইহোক, এখন পর্যন্ত কোন বিল — এটাকে সংশোধন করে করবার জন্য — সেটার কোন বিল নেই। তার পরিপ্রেক্ষিতে যেটা করা হচ্ছে, এটা আইনসিদ্ধ না। আধার কার্ড করা — এটা আইনসিদ্ধ না। বর্তমান আইনে যা ব্যবস্থা আছে তাতে এটা করা যায় না। আর প্রশ্ন যেগুলো আছে, বিতর্ক যেগুলো আছে, সেগুলোর মধ্যে তিনটে কথা কেবল বলছি। এক — যেহেতু পার্লামেন্টে সেই আইন সংশোধিত হয়নি বা নতুন আইন হয়নি, এজন্য সেটা করা যায় না, বেআইনী। দুই — এই পর্যন্ত অভিজ্ঞতায় যা আমরা দেখেছি, অন্য যে সমস্ত প্রশ্ন রয়েছে, বিতর্ক রয়েছে, যেটা এখানে আংশিকভাবে উল্লিখিত হয়েছে যে এই যে বায়োমেট্রিক আইডেনটিফিকেশান যেটা করা হচ্ছে, দশটা আঙুলের ছাপ, আইরিশ, তার চোখের আইরিশের রঙ কি হবে, তার ফটোগ্রাফ ইত্যাদির ভিত্তিতে একজনকে চিহ্নিত করা হবে — এটা বিজ্ঞানসম্মত না। দেখা গেছে যে যারা ম্যানুয়াল ওয়ার্কার, যারা হাতে বেশি কাজ করে তাদের এই যে আইডেনটিফিকেশান মার্ক, এটার পরিবর্তন হয় এবং এতে ২০% এরর হওয়ার সম্ভাবনা, মানে মার্জিন অফ এরর ইজ অ্যাজ হাই অ্যাজ ২০%। ফলে একটা আইডেনটিটি আমাকে দিলেন, কালকে আমার সঙ্গে মিলল না। একটা বিপর্যয়কারী অবস্থা তৈরি হবে। শুধু তাই না, খালি আধার কার্ড হয়েছে তো ২৭ কোটি লোকের, এটা কেন্দ্রীয় সরকার যা পার্লামেন্টে জবাব দিয়েছেন, মন্ত্রী যা জবাব দিয়েছেন তাতে ১২০ কোটির বেশি লোকের মধ্যে ২৭ কোটি লোকের, ২০% বা তার একটু বেশি লোকের হয়েছে এবং বছর বছর বরাদ্দ হিসাবও আমার কাছে আছে। আমি তার মধ্যে যাচ্ছি না যে বাজেটে কত বরাদ্দ হয়েছে এবং কত খরচ হয়েছে। কিছু এগোয়নি। আমাদের রাজ্যের কথা আমরা জানি। আমাদের মোট ২৭ কোটি কার্ডের মধ্যে পশ্চিমবঙ্গে এক কোটি পনেরো লক্ষ বারো হাজার — এটা হয়েছে যা মন্ত্রীর জবাব, তার থেকে বোঝা যাচ্ছে। সুতরাং এটা আমাদের জনসংখ্যার প্রায় ১০% মত হবে। সারা দেশে ২০% হয়েছে। আমাদের জনসংখ্যার ১০% কাছাকাছি — এই রকম হয়েছে। কিন্তু তার সঙ্গে যেটা বিপজ্জনক ব্যাপার, সেটা হচ্ছে যে সরকার সিদ্ধান্ত নিয়েছে, এটা চালিয়ে যাচ্ছেন ওরা আইন ছাড়াই। কিন্তু সেখানে থেমে নেই। সরকার সিদ্ধান্ত নিয়েছে মোট

সাতটা মন্ত্রকের — সেভেন মিনিস্ট্রির ২৫ টা সোসাল সিকিউরিটি স্কীম, সামাজিক প্রকল্পর, সেখানে নগদে অর্থ দেওয়ার — এই পরিকল্পনা হয়েছে যাকে ক্যাশ ট্রান্সফার স্কীম বলা হচ্ছে, তাতে দেখা যাচ্ছে যে এই রকম প্রকল্পগুলোতে প্রায় ৬৪ কোটি টাকা দেওয়া হয়েছে এ পর্যন্ত। বিভিন্ন রাজ্যের সব মিলিয়ে আমি বলছি। এটা দেখা যাচ্ছে যা লক্ষ্যমাত্রা তার এক শতাংশও হচ্ছে না। অর্থাৎ যাদের টাকা পাওয়ার কথা তারা পাচ্ছেন না। এটা চালিয়ে যাচ্ছেন ওরা। সুতরাং এক হচ্ছে আইন ছাড়া এই কার্ড করার প্রক্রিয়া চালু রাখা। দুই — এই কার্ডের বিজ্ঞানসম্মত ভিত্তি নেই। বহু দেশে তা প্রমাণিত হয়েছে এবং আইন ছাড়াই এই প্রকল্প — এই যে ক্যাশ ট্রান্সফার স্কীম যেটা চালু করা হচ্ছে — এই সবটা নিয়ে যে অভিজ্ঞতা, তার প্রেক্ষাপটে দাঁড়িয়ে বলি সেটা ব্যর্থতায় পর্যবসিত হয়েছে সব নিয়ে। আর একটা যেটা আছে, সেটা হচ্ছে যে এটা আন্তর্জাতিক অভিজ্ঞতার মধ্যে পড়ে এবং আমাদের দেশে, সারা দুনিয়াতে এই নিয়ে বিতর্ক হয়েছে যে এই যে ডাটা ইত্যাদি এগুলো ব্যবহার করতে পারে দেশের শত্রুরা। তারা এটা ব্যবহার করতে পারে, অন্য কেউ কোন উদ্দেশ্যে ব্যবহার করতে পারে এবং তারজন্য যে সেফগার্ড, রক্ষাকবচ তা আইনে থাকা দরকার। আইন যেহেতু নেই, সেহেতু রক্ষাকবচের কোন প্রশ্ন নেই। সেইজন্য সামগ্রিকভাবে আমরা আধার কার্ডের বিরোধী। আমি খালি এটা বলতে চাইছি যে, আমি আর একটা অ্যামেন্ডমেন্ট দিয়েছিলাম স্যার যেটা আপনি অ্যালাও করেননি। আমি আপনার সেই রুলিং মেনে নিচ্ছি। কিন্তু বলার কথা হচ্ছে এইজন্য যে, এটা খালি একটা তো রান্নার গ্যাস সিলিন্ডারের ব্যাপার না, এতোগুলো স্কিম এমএনরেগাতে ওয়েজ পেমেন্ট হবে। তারা ম্যানুয়াল ওয়ার্কার। তাদের কাজের ধরন এমন যে তাদের আঙ্গুলের ছাপের সাথে মিলবে না এতো ছাপ — এই যে সমস্যা হবে, আর তারপরে ক্যাশ ট্রান্সফার স্কিম যেসব হবে ধরুন ফুড সিকিউরিটির জন্য যে আনা হয়েছে, সেখানে ক্যাশ ট্রান্সফারের কথা বলা হচ্ছে। বাজারে যাই দাম হোক না কেন ওরা একটা ক্যাশ দিয়ে সেটাকে ছেড়ে দিলেন। আমরা নির্দিষ্ট দামে দেওয়ার সরকারের যে দায়িত্ব আছে সেটা না করে টাকা দিয়ে ছেড়ে দিলেন বাজারে দাম যাই হোক না কেন। এগুলো কখনও মেনে নেওয়া যায় না। সামগ্রিকতার প্রেক্ষাপটে আমি এই কথাগুলো লিখেছিলাম। কিন্তু আমি সামগ্রিকতার প্রেক্ষাপটেই বলছি যে, এই আধার কার্ডটারই বিরোধিতা করা উচিত। এটা কেবলমাত্র গ্যাস সিলিন্ডার পাওয়ার ব্যাপার না। ভাল হত যদি একটা সর্বদলীয় প্রস্তাব নিয়ে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে যেতে পারতাম বা পাঠাতে পারতাম। তা সত্ত্বেও যে মোশান আনা হয়েছে আমি তাকে সমর্থন করছি I place all this amendment কারণ এটা খুব ইমপর্টেন্ট পয়েন্ট যে এই বিতর্কটা সর্বোচ্চ স্তরে যেহেতু এখনও — আমি পার্লামেন্টের কথা বলছি, জুডিশিয়াল ম্যাটারে যাচ্ছি না, সাব জুডিস ম্যাটার নিয়ে আমি এখানে বলতে চাই না। কিন্তু পার্লামেন্টে যেখানে আইন করার যাদের ক্ষমতা, সেখানেই যেহেতু এটা গৃহীত হয়নি, সেখানে যেহেতু এটা নিষ্পত্তি হয় নি তাই এই বিষয়টা এখানে থাকা অবশ্যই জরুরী। ধন্যবাদ স্যার।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আধার কার্ড সংক্রান্ত বিষয়ে বিধানসভার কার্যবিবরণীর ১৬৯ ধারায় যে আলোচনা এবং প্রস্তাব — আমি এই মহতী সভায় সকলকে তার সমর্থন করবার জন্য অনুরোধ জানিয়েছিলাম। আমার যখন প্রস্তাব পেশ করি তারপর থেকে আনন্দময় মন্ডল, ড. তরুণ কান্তি নস্কর, ঈদ মহম্মদ, বিশ্বনাথ কারক, শোভনদেব চট্টোপাধ্যায়

এবং সর্বশেষ বিরোধী দলনেতা সূর্য্যকান্ত মিশ্র তার বক্তব্য জানিয়েছেন। বিষয়টা শুধু বিরোধী দল বা সরকারী দলের না, বিষয়টি হচ্ছে সমগ্র রাজ্যবাসীর। আমি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে ধন্যবাদ জানাই যে, তিনি এই বিষয়ে ইতিমধ্যেই কেন্দ্রীয় সরকারের কাছে তীব্র প্রতিবাদ জানিয়েছেন। তিনি শুধু তা জানাননি, তাঁর ফেসবুকে তিনি এই কথা উল্লেখ করেছেন, যার অনেকটাই আজকে আমাদের শোভনদেব চট্টোপাধ্যায় কিংবা এই সভার অন্যান্য সদস্যদের মুখ থেকেও প্রতিধ্বনিত হয়েছে। আমরা কেন এটা চাইছি? আমাদের লক্ষ্যটা কি? আপনি বাড়ি থেকে বেরোন, যেকোন একটা গ্যাসের দোকানে দাঁড়ান, দেখবেন সে বৃদ্ধ থেকে শুরু করে যারা চাকরী করেন, যারা কোন কাজে ব্যস্ত থাকেন, তারা তাদের অভিভাবকদের পাঠান। দেখা গেছে অনেক বৃদ্ধ, বৃদ্ধা তারা দাঁড়িয়ে আছে। আমার কাছে একজন অধ্যাপক ফোন করে বললেন — পার্থবাবু এটা কি হচ্ছে বলতো? এখন আমাকে গিয়ে দাঁড়াতে হবে আমার নামে আছে বলে। এই অভিজ্ঞতা আপনাদেরও আছে এবং আমরা অবাক হয়ে ভাবি যে, এইরকম একটা নিত্যপ্রয়োজনীয় জিনিস — গ্যাস, রান্নার গ্যাস ছাড়া কিছুই হবেনা। সেখান থেকে বলে দেওয়া হল যে, আমরা ৯টার বেশি পাব না। তাও প্রথমে ৯টা নয় — শোভনদেব চট্টোপাধ্যায়কে বলি — প্রথমে আরও কম ছিল তার পরে ৯টা করা হয়েছে। ৬টার থেকে ৯টা হয়েছে। কিন্তু আমরা চেয়েছিলাম ২৪টা। মাসে দুটো করে গ্যাস গৃহস্থের পরিবারের জন্য থাকা উচিত। এর মানে এই নয় যে আমরা কালোবাজারীকে সমর্থন করব। এর মানে এই নয় যে, আমাদের রান্নার গ্যাস নিয়ে গিয়ে কেউ গ্যাস ক্যাটারিংয়ের কাজ করছেন তাকে সমর্থন করব। এর মানে এই নয় যে বাজারে একটা অস্থিরতা তৈরী করে গ্যাসকে বেশি দামে বিক্রি করবার সুযোগ পাবে এর সঙ্গে যুক্ত ব্যক্তিরা। আমরা চেয়েছিলাম রান্নার গ্যাসের ওপর থেকে এই একতরফা ভাবে পেট্রোলিয়াম দপ্তরের কেন্দ্রীয় সিদ্ধান্ত প্রত্যাহার করা হোক। প্রত্যাহার তো দূরের কথা, সেটা অ্যাটেজড করে দেওয়া হচ্ছে আধার কার্ডের সাথে। সেই কারণে আমরা মনে করেছি, আমাদের প্রতিবাদের ভাষা, যখন বিধানসভা বসেছে, তখন বিধানসভার মধ্যে দিয়ে কেন্দ্রীয় সরকারকে এই বার্তা আমরা পৌছে দিতে চাই, যে আমরা রাজ্যবাসীরা এই সিদ্ধান্তে অত্যন্ত শকড, আহত, বেদনাহত। এবং এই বিধানসভার মধ্যে দিয়ে আমরা কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছি, দাবী জানাচ্ছি, যে অবিলম্বে এই ধরনের সিদ্ধান্ত প্রত্যাহার করা হোক। সেই প্রস্তাবই এখানে রেখেছি এবং ইতিমধ্যেই সেই প্রস্তাবের একটা সংশোধনীও বিরোধী দলনেতা দিয়েছেন। "যেহেতু আধার কার্ড নিয়ে বহু প্রশ্ন, সংশয় ও বিতর্কের নিষ্পত্তি হয়নি" — এই কথাটা যুক্ত করতে বলেছেন। আমরা নিজেরাও মনে করি যে আধার কার্ড-এর তাড়াহুড়ো করে কেন্দ্রীয় সরকার এই ধরণের সিদ্ধান্ত, এটা অবিবেচকের কাজ হচ্ছে। এটা ঠিক হচ্ছে না। এবং এই নিয়ে তো সংশয় আছেই, যেটা মাননীয় বিধায়ক ডঃ তরুণকান্তি নস্কর, তিনিও কিছুটা লোকসভার দস্তাবেজ-এর স্মরণাপন্ন হয়ে কিছু বলেছেন। ঠিকই বলেছেন। আমরা তাই মনে করি যে এই বিষয়ে কোনো দ্বন্দ্ব থাকা উচিত নয়, এই বিষয়ে কোনো ভাগাভাগি থাকা উচিত নয়। আজকে আমরা যে প্রস্তাব এনেছি ,সেই প্রস্তাব এই সদনে, মহতিসভায় গ্রহণ হোক। আমি যে প্রস্তাব এনেছি সেই প্রস্তাবের সঙ্গে 'যেহেতু আধার কার্ড নিয়ে বহু প্রশ্ন, সংশয় ও বিতর্কের নিষ্পত্তি হয়নি' — এই কথাটি যুক্ত করব।

Mr. Speaker : Now I put the amendment moved by Dr. Surjya

Kanta Mishra to vote. As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say, No. Ayes have it. Ayes have it.

The amendment is carried because Hon'ble Minister has accepted this amendment.

Now I put the resolution as amended moved by Shri Partha Chatterjee to vote. As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say, No. Ayes have it. Ayes have it.

The resolution as amended is carried.

Hon'ble Members, there would be a Special Session of the Assembly on the occasion of the closing ceremony of the platinum jubilee celebration of West Bengal Legislative Assembly on 4th, 5th and 6th December, 2013. The programme for the session has been published in Bulletin Part II dated 28th November, 2013. Invitation letters have also been served upon to the party offices. Members are requested to collect the same from their respective party offices. Members are requested to be present in the Special Session on all the three days to make the function a grand success.

Adjournment

The House was then adjourned at 2.44 p.m. till 11.00 on Monday, the 9th December, 2013 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 9th December, 2013 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 25 Ministers, 05 Ministers of State, 7 Parliamentary Secretary and 182 Members.

[11.00–11.10 a.m.]

OBITUARY REFERENCE

Mr. Speaker : Hon'ble Members, I rise to perform a melancholy duty to refer to the sad demise of former President of South Africa and an anti-apartheid icon **Nelson Mandela** who passed away at his residence in Johannesburg, South Africa on 5th December, 2013 after a prolonged illness. He was 95.

Born on the 18th July, 1918 near Umata, in the eastern part of Cape Province of South Africa, Nelson Mandela started his professional Career as an article clerk at a law firm in Johannesburg. He along with Oliver Tambo started the first legal firm led by black lawyers in Johannesburg in 1952. Thereafter he helped the formation of African National Congress and led the movement of non-violent resistance to apartheid. In 1953 he was elected President of the Transvaal Branch of the African National Congress. In 1956 he was sent to prison for charges with high treason. He was made the leader of the African National Congress in 1960 and was again sent to prison for inciting strikes in 1962. Two years later he was sent to life imprisonment on charges of conspiracy to overthrow the regime. He was released from prison in 1990.

Nelson Mandela was elected the President of South Africa in July, 1999 and after his first term of office he declined a second term and cheerfully handed over power to an elected successor.

A man of international repute, Nelson Mandela was recipient of numerous awards including U.S. Presidential Medal of Freedom, the Order of Canada, Soviet Union's Lenin Peace Prize , Al-Gaddafi International Prize for Human Rights, Nishan-e-Pakistan, Bailiff Grand Cross of the Order of St. John and the Order of Merit. He awarded the 'Bharat Ratna' from the Government of India in 1990. He received jointly the Nobel Peace Prize in 1993 .

With the demise of Nelson Mandela, the whole humanity has lost a colossus who has scripted one of the most extraordinary saga of struggle against injustice and racial indiscrimination.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(At this stage, the Hon'ble Members rose in their Seats for two minutes as a mark of respect to the deceased)

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the Members of the bereaved family.

....(এই সময় বিরোধী দলের মাননীয় সদস্যগণ একযোগে কিছু বলতে উঠে দাঁড়ান।)....

.... (গোলমাল) .....

মিঃ স্পীকার : এটা রেকর্ডে যাবে না। This will not go on record.

....(গোলমাল)...

আমি একটা এ্যাডজোর্নমেন্ট মোসান পেয়েছি on this score. আমি, আমার রুলিং তখন দিয়ে দেব। ওটাকে নিয়ে আর মেনশান আমি এ্যালাউ করব না। একটা এ্যাডজোর্নমেন্ট মোসান দিয়েছেন on this point, আমি দেখেছি। I have seen that.

Storred Questions
(to Which oral answers were given)

সরকারী কৃষি বীজ খামারের সংখ্যা

*১৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৯) শ্রী তজমুল হোসেন : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে সরকারী কৃষি বীজ খামারের সংখ্যা কত ;

(খ) বীজ খামারগুলির বর্তমান অবস্থা কিরূপ ; এবং

(গ) ৩১শে অক্টোবর, ২০১৩ সাপেক্ষে রাজ্যের কৃষি বীজ খামারগুলিতে শ্রমিকের সংখ্যা কত?

[11.10–11.20 a.m.]

শ্রী মলয় ঘটক : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্য শ্রী তজমুল হোসেনের আনিত প্রশ্নের জবাবে জানাই,

(ক) ১৯৫টি।

(খ) বিগত সরকারের সময় বীজ খামারগুলির অবস্থা সন্তোষজনক ছিল না। মূলত কারণ কর্মীর অপ্রতুলতা, সরকারের উদাসীনতা এবং সেচের জন্য প্রয়োজনীয় জলের অব্যবস্থা। মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে আমরা ১৭৭ টি বীজ খামারকে আবার পুনরুজ্জীবিত করার প্রচেষ্টা করছি এবং শুরু করেছি।

(গ) মোট ২,৭৮৮ জন কৃষি শ্রমিক ৩১শে অক্টোবর ২০১৩ সাপেক্ষে কর্মরত ছিলেন।

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন। আপনি উত্তর দিয়েছেন যে, বিগত সরকারের সময় এগুলি ছিল না কিন্তু বর্তমানে ২০১১ সালের পর থেকে রাজ্যের উন্নত মানের হাইব্রীড সীড প্রোডাকশান সেন্টার কতগুলো জায়গায় করেছেন এবং কোথায় কোথায় করেছেন দয়া করে যদি একটু জানান।

শ্রী মলয় ঘটক : আমরা এ বছরে মোট ১৭৭টি ফার্ম পুনরুজ্জীবনের কাছে হাত দিয়েছি। ইতিমধ্যেই সরকার ৯ কোটি ৪৬ লক্ষ টাকা অনুমোদন দিয়েছেন। জীব উৎপাদন ২০১০-১১ তে ছিল ১৮৮৫ মেট্রিক টন, যা ২০১১-১২ তে ২৯৭৩ মেট্রিক টন হয়েছে। আগামী বছরে আমরা এই বীজ উৎপাদন আরও বৃদ্ধি করার পরিকল্পনা নিয়েছি। খামারগুলি বলতে, তার লিস্ট অনেক বড়। ১৭৭টি খামারে আমরা এই বীজ উৎপাদন করছি।

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন। আপনি জানেন বিশেষ করে আমাদের গ্রামীণ এলাকায় খামারগুলি থাকে। এই গ্রামীণ খামারগুলোকে উন্নত করার জন্য আমরা প্রত্যেকটা খামারে গিয়ে দেখতে পাচ্ছি এবং বুঝতে পাচ্ছি শ্রমিকের খুবই অভাব। খামারগুলোতে এই অভাব পূরণের জন্য আপনি কি কি নতুন পদক্ষেপ গ্রহণ করেছেন? এবং কবে নাগাদ এই সমস্ত বাস্তবায়িত হবে এবং এই শূন্যপদগুলি পূরণ করার জন্য আপনি কি চিন্তাভাবনা করেছেন দয়া করে জানাবেন।

শ্রী মলয় ঘটক : দেখুন, আমাদের যে ১৯৫ টি কৃষি খামার আছে তা মূলত পশ্চিমবাংলার প্রায় সমস্ত জেলায় ছড়িয়ে আছে। নির্দিষ্টভাবে আপনি প্রশ্ন করলে আমি জবাব দিতে পারি। তবে আপনি যেহেতু মালদার সদস্য তাই জানাই যে, মালদা জেলায় আমাদের মোট ১০টি খামার আছে। ১০টি খামারের টোটাল area হচ্ছে ২৭২.৫৮ একর। এখানে supervisory sanction

strength হচ্ছে ১২ জনের, বর্তমানে আছেন ৭ জন। কৃষি শ্রমিকের sanction strength হচ্ছে ২৬২ , বর্তমানে আছেন ১২৭ জন এবং এই খামারগুলি চালু করার জন্য আমরা পরিকল্পনা নিয়েছি এবং সেক্ষেত্রে যদি শ্রমিক নিয়োগের প্রয়োজন হয়, আমরা সেখানে শ্রমিক নিয়োগ করবো।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে ইচ্ছা করছে, উনি জানেন কি যে, কৃষি খামারগুলো ছোটো করে সেখানে বিল্ডিং তৈরি করা হচ্ছে, গোডাউন তৈরি করা হচ্ছে এগুলো মাননীয় মন্ত্রীর জানা আছে?

শ্রী মলয় ঘটক : বামফ্রন্ট সরকারের সময়ে অধিকাংশ কৃষি খামার প্রায় বন্ধ হয়েই গিয়েছিল। যদিও কাগজে কলমে হয়নি, সেখানে চাষ হত না। কিন্তু সরকারের পরিবর্তনের পরে আমরা কৃষি খামারগুলি পুনরুজ্জীবনের জন্য কাজ শুরু করেছি এবং সেই খামারে আমাদের যে agricultural market তৈরি হচ্ছে সেটা কৃষি সংক্রান্ত-কৃষক বাজার। আমরা ৫৫টি খামারে কৃষক বাজার তৈরির অনুমতি দিয়েছি। কারণ তাতে কৃষকদেরই সুবিধা হবে। সেই খামারে তৈরি বীজ ছাড়াও সেই এলাকার সেই ব্লকের যে সমস্ত কৃষক ভাইয়েরা তাদের কৃষিপণ্য উৎপাদন করবেন তারা যাতে ন্যায্য দাম পান। সেই কারণেই এই কৃষি বাজারগুলি তৈরি করা হচ্ছে এবং আমরা এই জন্য ৫৫টি জায়গায় ইতিমধ্যে 55 Locations আমরা allotment করেছি সেখানে কৃষি বাজার তৈরি করার জন্য। আপনি যদি জানতে চান কোথায় কোথায়, সেটাও আমি বলে দিতে পারি।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি যে, এই সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরে পরেই কিছু গম বীজ দেওয়া হয়েছিল বিভিন্ন জায়গাতে এবং সেই গম বীজ হচ্ছে — সেগুলো বীজ ছিল না। খাবার গমকে বীজ হিসাবে দেওয়া হয়েছিল। বিধানসভাতে আমরা কলিং অ্যাটেনশান এনেছিলাম। তখন রবীন্দ্রনাথবাবু কৃষি মন্ত্রী ছিলেন। তিনি বলেছিলেন, এই বীজের দুর্নীতির সঙ্গে যারা যুক্ত তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে এবং এই সরকারের আমলেই এটা হয়েছিল। বিভিন্ন সময়ে চেষ্টা করেও আমি জানতে পারিনি। আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আপনার মাধ্যমে জানতে চাইছি যে, বীজ দুর্নীতি যেটা হয়েছিল সেই নিয়ে এখনও পর্যন্ত যারা যারা এই দুর্নীতির সঙ্গে যুক্ত ছিলেন, তাদের ব্যাপারে এই দপ্তরের পক্ষ থেকে কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

শ্রী মলয় ঘটক : স্যার, এই ধরনের দুর্নীতির কোনো কথা আমার জানা নেই। তবে বামফ্রন্ট সরকারের সময়ে আলু কেলেঙ্কারি হয়েছিল ৪০০ কোটি টাকার, ৪০০ কোটি টাকার আলু কেলেঙ্কারি হয়েছিল তার তদন্ত চলছে এবং তার তদন্ত এখনও শেষ হয়নি।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, এটা ছিল স্যার। এটা নিয়ে মন্ত্রী মহোদয় বলেছিলেন স্যার, আমি বলছি, এই সভাতে বলেছিলেন।

মিঃ স্পীকার : একটা answer দিয়েছেন উনি। আপনি দেখে নেবেন। ওনার answer-টা কি ছিল আপনি দেখে নেবেন। আপনি রবীন্দ্রনাথ বাবুর reply-টা দেখে নেবেন মাননীয় মন্ত্রী।

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমার মন্ত্রী মহোদয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন, গত বামফ্রন্ট সরকারের টাইমে হুগলী জেলায় কত আলু কেলেঙ্কারি হয়েছিল এবং তারজন্যে বামফ্রন্টের কতজন গ্রেপ্তার হয়েছিলেন।

শ্রী মলয় ঘটক : আমি এর আগে প্রশ্নের উত্তরে আপনাকে জানিয়েছি যে বামফ্রন্ট সরকারের সময়ে ৪০০ কোটি টাকার একটা আলু কেলেঙ্কারি হয়েছে। তার তদন্ত চলছে। যেহেতু তদন্ত এখনও চলছে তাই আপনি লিখিত প্রশ্ন করলে সেই তদন্ত কতটা এগিয়েছে আমরা জেনে আপনাকে জানাতে পারবো।

শ্রী সুনীল কুমার মণ্ডল: মাননীয় মন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে স্যার, অতিরিক্ত প্রশ্ন, আপনি জানেন যে আমার বামনগ্রামে, বনকাটি পঞ্চায়েত অঞ্চলে, কাঁকসা ব্লকে, বামনগ্রাম ফার্ম সেটা কর্মীর অভাবে, লেবারের অভাবে, প্রায় বন্ধ হওয়ার মুখে। এই ফার্মটাকে পুনরুজ্জীবিত করার জন্য বলব কারণ, এখানে প্রচুর পরিমাণে ধানের বীজ থেকে আরম্ভ করে অনেক বীজ তৈরি হোত, বর্তমান অবস্থা খুব সঙ্গীন। এই ফার্মের বিষয়ে আপনার কোন চিন্তাভাবনা আছে কিনা, ডেভলপমেণ্ট করার বা নতুন করে ফার্মটাকে পুনরুজ্জীবিত করা।

শ্রী মলয় ঘটক : স্যার, আমি আপনার মাধ্যমে জানাই, উনি যে ফার্মের কথাটি বলছেন, সেই ফার্মে আমরা ইতিমধ্যেই আলু বীজ তৈরীর পরিকল্পনা নিয়েছি। ইতিমধ্যে ধানের বীজ সেখানে তৈরী হয়েছে। কিছুটা অংশে ধান এবং কিছুটা অংশে আলুবীজ তৈরী করা, এই ব্যাপারে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী নির্দেশ দিয়েছিলেন কৃষি দপ্তরকে যে নায্য দামে আলুর বীজ কৃষকদের কাছে পৌঁছে দেওয়ার জন্য। এ বছরেই আমরা চারটি জেলাতে কাউন্টার করে ১৮ টাকা সরকারি দরে কৃষকদের কাছে আলু বীজ পৌঁছে দিচ্ছি এবং আগামী বছর যাতে আমরা আরো বেশী সংখ্যায় দিতে পারি, আরো বেশী দিতে পারি, তার জন্য আমরা এবারে একটা ব্যাপকভাবে পরিকল্পনা নিয়েছি আলু বীজ তৈরীর, যার মধ্যে আপনার ঐ খামারটি আছে।

শ্রী তপন চ্যাটার্জী : স্যার, মাননীয় অধ্যক্ষ মহোদয়কে ধন্যবাদ জানিয়ে আমি মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন করছি, আমি দেখলাম, রাজ্যে কৃষিবীজ খামারের সংখ্যা হচ্ছে ১৯৫ টি। বর্তমানে ১৭৭টিতে কাজ আরম্ভ হয়েছে। ২৭৮৮ জন কাজ করছেন। আমার ব্লকে একটি কৃষি খামার রয়েছে, সেই ব্লকে কৃষি খামারে যে সমস্ত ক্ষেতমজুর কাজ করেন, তারা বার্ধক্যজনিত রোগে ভুগছেন, তাদের কত বয়স হয়েছে, কত বছর বয়সে তারা চাকরিতে ঢুকেছিল বাম জমানায়, আপনার কাছে আমার প্রশ্ন, যে তাদের কারোর ৭৫ বছর, কারোর ৮০ বছর বয়স হয়ে গিয়েছে, তারা কবে রিটায়ার্ড হবে, এটা আমরা জানতে পারছি না, ইতিমধ্যে তারা কেউ আসেও না। এই ব্যাপারে আমাকে যদি একটু বলেন মাননীয় মন্ত্রী।

শ্রী মলয় ঘটক : একটা সময়ে রাজনৈতিক কারণে আগেকার যে সরকার তারা কৃষি শ্রমিকদের যখন পার্মানেন্ট করেছিলেন তখন তাদের বয়সের কোন প্রমাণপত্র সেখানে নেননি এবং যে কারণে রিটায়ারমেন্ট এজ পেরিয়ে যাওয়া সত্ত্বেও তারা যে বয়স লিখিয়ে দিয়েছিলেন, সেই বয়স অনুযায়ী আমাদেরকে তাদের রিটায়ারমেন্ট করতে হচ্ছে। এই ব্যবস্থায়, যেভাবে তাদের বয়স

লেখা আছে, সেইভাবেই তাদের রিটায়ারমেন্ট হচ্ছে। যার জন্য অনেক খামারে আছে বার্ধক্যজনিত কারণে তারা ভুগছেন। কিন্তু কাগজে কলমে তাদের বয়স এখনও রিটায়ারমেন্টের এজ পেরোয়নি।

শ্রী মনোরঞ্জন পাত্র : স্যার, আমি আপনার মাধ্যমে, মাননীয় মন্ত্রীর কাছে একটা অতিরিক্ত প্রশ্ন করতে চাই, উনি আমাদের রাজ্যে যে সমস্ত ফার্মগুলো আছে, তার উন্নয়নের জন্য একটা উদ্যোগ নিয়েছেন ঠিক। আমি যেটা বলতে চাইছি যে, বাঁকুড়া জেলার খাতনাতে একটা এন জি ও কে দিয়ে পিঁয়াজ বীজ উৎপাদন করবার জন্য দায়িত্ব দেওয়া হয়েছিল, কাগজে বেরিয়েছে, পিঁয়াজ উৎপাদন হয়নি, বীজ তৈরী হয়নি, লক্ষ লক্ষ টাকার দুর্নীতি হয়েছে, বিষয়টি কি মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি?

শ্রী মলয় ঘটক : দেখুন, পিঁয়াজ আমাদের কৃষি দপ্তরের আওতায় পড়ে না, এটা হর্টিকালচার দপ্তরের আওতায় পড়ে। সুতরাং আপনি যদি হর্টিকালচার মন্ত্রীকে প্রশ্ন করেন তিনি নিশ্চয় আপনাকে উত্তরটা দেবেন।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জিজ্ঞাস্য যে বিগত বামফ্রন্ট সরকারের আমলে যে বীজ খামারগুলি ছিল, সেখানে কত পরিমাণ বীজ তৈরী হোত? বর্তমানে আপনাকে অভিনন্দন জানাই যে ১২৭/১২৮টি বীজ খামারকে আধুনিকিকরণ করে চাষীদের স্বার্থে, বাংলার মানুষের স্বার্থে আপনি পরিকল্পনা গ্রহণ করেছেন, কোন্ কোন্ জেলায় ক'টি খামার তৈরীর প্রস্তাব রয়েছে এবং কত পরিমাণ বীজ বিগত দিনে তৈরী হোত, বর্তমানে কত বীজ তৈরী হচ্ছে, এটা যদি আপনি জানান তাহলে ভাল হয়।

মিঃ স্পীকার : আপনি নোটিশ দেবেন, উত্তর দিয়ে দেবেন। এটা অনেক বড় প্রশ্ন লেনদি অ্যানসার হবে, আপনি একটা নোটিশ দেবেন, আপনি রিটিন রিপ্লাই দিয়ে দেবেন ওনাকে। এটা অনেক লেনদি রিপ্লাই হবে।

সমবায় সমিতির সদস্য সংখ্যা

*১৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৮) **শ্রী শীলভদ্র দত্ত :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে প্রাথমিক কৃষি সমবায় সমিতির মোট সদস্য সংখ্যা কত ;

(খ) তন্মধ্যে, ঋণ গ্রহণকারী সদস্যের সংখ্যা কত এবং

(গ) ঋণের আর্থিক পরিমাণ কত?

[11.20–11.30 a.m.]

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রথম প্রশ্নের উত্তরে জানাই, ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে প্রাথমিক কৃষি সমবায় সমিতির মোট সদস্য সংখ্যা ৩৮,৯৭,১৭৬। দ্বিতীয় প্রশ্নের উত্তরে জানাই, তন্মোধ্যে ঋণগ্রহণকারী সদস্যের সংখ্যা

১৭,৭৯,৫৫৮। তৃতীয় প্রশ্নের উত্তরে জানাই, ঋণের আর্থিক পরিমাণ চোদ্দশো কোটি পাঁচ লক্ষ বাইশ হাজার টাকা।

শ্রী শীলভদ্র দত্ত : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, শর্ট টার্ম বা লং টার্ম কোনো লোনের ব্যবস্থা কি এই সমবায়গুলোর মধ্যে কৃষকদের দেওয়ার ব্যবস্থা আছে?

শ্রী শঙ্কর চক্রবর্তী : প্রাথমিক যে সমবায় কৃষি উন্নয়ন সমিতিগুলি আছে তাদের সদস্য পদ যাতে তারা বাড়াতে পারে সেইজন্য এখানে যারা মেম্বার হবেন তাদের শেয়ার কিনতে হয়। অর্থের অভাবে অনেকে সেটা কিনতে পারেন না। সেইজন্য প্রাথমিক কৃষি সমবায় সমিতিগুলিকে আরো শক্তিশালী করার জন্য এর আগে পরিবার পিছু ৫০ টাকা করে অনুদান দেওয়া হত। বর্তমানে আমাদের মা-মাটি-মানুষের সরকার আসার পর সেই অনুদানটাকে বাড়িয়ে ২৫০ টাকা করা হয়েছে। আপনি যে প্রশ্ন করেছেন তাতে এই ২৫০ টাকার মাধ্যমে সমিতির সদস্য হয়ে সমিতি থেকে ঋণ গ্রহণের সুযোগ নিতে পারবেন। এছাড়া শর্ট টার্মের জন্য কৃষি সমবায় সমিতির মাধ্যমে —এই প্রশ্নের উত্তর আগেই আপনাকে আমি দিয়েছি — চোদ্দশো কোটি লক্ষ বাইশ হাজার টাকা দেওয়া হয়েছে। লং টার্মের মাধ্যমে ২৩৬ কোটি টাকা এ আর ডি বি-র মাধ্যমে দেওয়া হয়েছে।

শ্রী শীলভদ্র দত্ত : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন, এর আগের সরকারের আমলে কত টাকা ঋণ দেওয়া হয়েছিল বা নতুন সরকার আসার পরে তার পরিমাণটা কত হয়েছে, একটু বলতে পারবেন কি?

শ্রী শঙ্কর চক্রবর্তী : সেই হিসেবটা আমার কাছে ঠিক এই মুহূর্তে নেই। তবে এই মা-মাটি-মানুষের সরকার আসার পর বিভিন্ন সমবায় সমিতিগুলি যে দুর্বল অবস্থায় ছিল, বিশেষ করে কৃষি ক্ষেত্রে , সেগুলিকে আরো স্ট্রেইনদেন করে, সচল করে এবং বিভিন্ন উৎসাহ দানের মাধ্যমে বিভিন্নভাবে তাদেরকে আমরা সাহায্য করার চেষ্টা করছি। আমরা তাদেরকে যেভাবে সাহায্য করার পরিকল্পনাগুলি নিয়েছি তাতে আমাদের বিশ্বাস যে তারা আবার পূর্বাবস্থায়, স্ট্রেইনদেনিং অবস্থায় আসতে পারবে। আপনি যে পরিসংখ্যানটা চেয়েছেন আমি আপনাকে সেটা জানিয়ে দেবো।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়কে অতিরিক্ত প্রশ্ন। আপনি বললেন যে চোদ্দশো কোটি পাঁচ লক্ষ বাইশ হাজার, এটা ঋণদান করা হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে, মহিলাদের জন্য কতগুলি উওমেন ক্রেডিট কো-অপারেটিভ সোসাইটি লোন দেওয়া হয়েছে এবং লোনের পরিমাণ কত?

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় সদস্যের এই প্রশ্নের উত্তরে জানাই যে আমাদের রাজ্যে রেজিস্টার্ড কো-অপারেটিভ সোসাইটির সংখ্যা ২৫,৬০৭। আজকে যে প্রশ্নটা সেটা কৃষি সমবায় সমিতি সম্পর্কিত। আপনি যদি দয়া করে কৃষি সমবায় সম্পর্কিত কোনো প্রশ্ন করেন তাহলে সেটা করতে পারেন। মহিলাদের সম্পর্কে আপনি যেটা জিজ্ঞেস করেছেন, আপনাকে এক কথায় শুধু বলতে পারি যে আমাদের বর্তমানে মহিলা সমবায় সমিতির সংখ্যা ৬০।

শ্রী রামেশ্বর দোলই : স্যার আপনাকে ধন্যবাদ। মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে

মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। কৃষি সমবায় নিয়েই বলছি। আমরা যখন জেলা স্তরে ব্যাঙ্কার্স কমিটির মিটিংগুলোতে থাকি তখন তাতে দেখি যে কৃষিতে ঋণ দেওয়ার পরিমাণটা অস্বাভাবিকভাবে কমছে। আমি আপনার কাছে নির্দিষ্টভাবে জানতে চাইছি, বক্সী কমিটি কেন্দ্রীয় সরকার করেছেন। বক্সী কমিটির সুপারিশ নিয়ে আমরা ভিন্ন মত। এটা যুক্তরাষ্ট্রীয় কাঠামোর পরিপন্থী। এই ব্যাপারে মন্ত্রী মহোদয় আপনি কি মনে করেন এবং রাজ্যে মোট কৃষক পরিবারের সংখ্যা কত? কতজন সমবায় সমিতিগুলির সদস্য হয়েছেন এবং শতকরা হার যদি আপনি অনুগ্রহ করে বলেন তাহলে ভালো হয়।

শ্রী শঙ্কর চক্রবর্তী : মোট সদস্যের সংখ্যা একটু আগেই আমি জানিয়েছি, ১৭ লক্ষ ৭৯ হাজার ৫৫৮, এটা হচ্ছে সদস্যের সংখ্যা। আর পরিবারের পরিসংখ্যান এই মুহূর্তে আমার কাছে নেই, এটা আপনি জানতে চাইলে, আপনাকে পরে জানিয়ে দেব।

(নয়েজ)

মিঃ স্পীকার : ঠিক আছে আপনি উত্তর দিন, বলুন। মাননীয় মন্ত্রিমহাশয়, আপনার কাছে যদি উত্তর থাকে, আপনি উত্তর দিন।

(নয়েজ)

মিঃ স্পীকার : বসুন, বসুন। প্লীজ আপনারা বসুন, মাননীয় মন্ত্রিমহাশয় আপনি রিপ্লাই দিন। মাননীয় মন্ত্রিমহাশয় রিপ্লাই দিচ্ছেন আপনারা বসুন। অনারেবেল মিনিস্টার আপনি রিপ্লাই দিন। উনি যে প্রশ্নটা করেছেন, আপনি তার রিপ্লাই দিন। বসুন, বসুন।

শ্রী শঙ্কর চক্রবর্তী : অলাভজনক সমিতিগুলিকে লাভজনক করবার জন্য সেগুলিকে চিহ্নিতকরণ করে, সেই সমিতিগুলিকে স্ট্রেইনদেনিং অফ প্যাকস স্কীমের আওতাভুক্ত করা হয়েছে। ৭৬১ টি সমিতি স্ট্রেইনদেনিং অফ প্যাকস স্কীমের আওতাভুক্ত হয়েছে।

শ্রী এস. এম. সাদী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রিমহাশয় ঠিকই বলেছেন, গ্রামীণ সমবায় সমিতিগুলোকে স্ট্রেইনদেনিং করার ব্যাপারে সকলেরই গুরুত্ব দেওয়ার দরকার। আর সমবায় তো একটা আন্দোলন, এটা শুধু মা-মাটি-মানুষের বিষয় নয়। আমার যেটা প্রশ্ন বক্সী কমিটির রিপোর্টের মধ্যে দিয়ে প্যাকসগুলোর অধিকার চলে যাচ্ছে, এরা শীর্ষ ব্যাঙ্কের এজেন্সি হিসাবে কাজ করবে। এটা জাতীয় নীতি, সেই নীতি, সেই নীতির ক্ষেত্রে আমাদের দলের একটা নির্দিষ্ট অবস্থান আছে। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইছি এই বিষয় আপনারা কি অবস্থান গ্রহণ করছেন এক। দুই হচ্ছে, বামফ্রন্টের সময়কালে গ্রামীণ প্যাকসগুলো মহিলাদের সামাজিক কারণে, তাদের অর্থনৈতিক অবস্থার উন্নতিকরণ করার জন্য, যে বিভিন্ন ধরনের সেল্ফ হেল্প গ্রুপ গ্রামীণ সমবায় সমিতিগুলো করত। শীর্ষ ব্যাঙ্ক এবং গ্রামীণ সমবায় থেকে এদের ঋণ দেওয়া হত। সেল্ফ হেল্প গ্রুপ তৈরী করা হত এবং তার সঙ্গে ব্যাঙ্কের লিঙ্ক করা হত। আমার জানার বিষয় হচ্ছে, এই সময়কালের মধ্যে এই সেল্ফ হেল্প গ্রুপের মহিলাদের কি পরিমাণ টাকা এই প্যাকসগুলোর মধ্যে দিয়ে ঋণ হিসাবে দেওয়া হয়েছে।

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় সদস্যের এই প্রশ্নের উত্তরে জানাই, মূল প্রশ্নটা ছিল কৃষি ভিত্তিক সমবায় সমিতিগুলোর ব্যাপারে। সেল্ফ হেল্প গ্রুপটা মূল প্রশ্নের মধ্যে ছিল না। যাই হোক, আপনি যে প্রথম প্রশ্নটা করেছেন তার উত্তরে জানাই, বৈদ্যনাথন কমিটি যে সুপারিশগুলো করেছেন, সেই সুপারিশ অনুযায়ী প্রাথমিক সমবায় সমিতিগুলোর জন্য ৭২ কোটি ১০ লক্ষ টাকা এবং পনেরোটি ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভের জন্য মোট ৯৭ কোটি ৯৮ লক্ষ টাকা পাওনা বাকি আছে। অর্থাৎ মোট ১৭০ কোটি ৮ লক্ষ টাকা এখনও সেন্ট্রাল গভর্নমেন্টের কাছ থেকে পাওয়া যায়নি।

[11-30–11.40 a.m.]

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : অনারেবল স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন পশ্চিমবাংলায় যে প্রাথমিক কৃষি সমবায় সমিতিগুলো আছে সেই সমিতিগুলো দীর্ঘ বামফ্রন্ট সরকারের আমলে দুর্নীতির আখড়াতে পরিণত হয়েছিল এবং সেই প্রেক্ষাপটে দাঁড়িয়ে মাননীয় মন্ত্রিমহোদয় কি জানাবেন যে কতগুলো প্রাথমিক কৃষি সমবায় সমিতির দুনীতির অভিযোগে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং কতগুলো সমবায় সমিতিতে তাদের কমিটিকে ডিজলভ্ করে অ্যাডমিনিস্ট্রেটার নিয়োগ করা হয়েছে, দয়া করে এটা যদি জানান বাধিত হবো।

শ্রী শঙ্কর চক্রবর্তী : এই মুহূর্তে আপনি যে সংখ্যাটা জানতে চেয়েছেন সেটা আমার কাছে নেই। আমি আপনাকে সংখ্যাটা পরে জানিয়ে দেবো। তবে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই যে পূর্ববর্তী সরকারের আমলে যে সমস্ত সমবায় সমিতিগুলোতে পরিচালন ব্যবস্থার ত্রুটি এবং একটা বাণিজ্যিক সংস্থাকে যেভাবে চালানো উচিত আজকের এই প্রতিযোগিতামূলক বাজারে সেইভাবে না চালিয়ে স্বজন পোষণ করে আয়ের চেয়ে ব্যয়ের মাত্রা বাড়িয়ে দিয়ে এবং বিভিন্ন ভাবে লোন দিয়ে, সেই লোনের ক্ষেত্রে এমনও দেখা যাচ্ছে যে লোন নেওয়ার কোন কাগজপত্র সেই ব্যাংকে নেই, সমিতিতে নেই বা যার নামে লোন দেখানো হচ্ছে সেই সমস্ত ব্যক্তির অস্তিত্বও খুঁজে পাওয়া যাচ্ছে না। তাদেরকে চিহ্নিতকরণ করে সেইগুলো সম্বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ আমাদের বিভাগ থেকে নেওয়া হচ্ছে।

শ্রী পরশ দত্ত : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে প্রাথমিক কৃষি সমবায় সমিতি বা জেলার এ. আর. ডি. বি. তে অনেক লোন দিয়ে সেই লোন ফেরত পাওয়া যায়নি এবং সেই লোনের সংখ্যা খুব বেশি। তার ভেতরে খোঁজ করে দেখা গেছে কয়েকটি জেলায় এমন এমন মানুষ সেই এ. আর ডি.বি বা শীর্ষ ব্যাংকের উচ্চ পদস্থ মানুষ যারা লোন নিয়েছেন জাল কাগজপত্র জমা দিয়ে। এদের বিরুদ্ধে আপনার ডিপার্টমেন্ট কি ব্যবস্থা নিচ্ছে এবং কতদূর ব্যবস্থা নেওয়া হয়েছে?

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, ইতিমধ্যেই কয়েকটা ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং আপনি যে অভিযোগগুলো জানালেন সেই অভিযোগগুলো যে সমস্ত ব্যাংক সম্বন্ধে বা সমবায় সমিতি সম্বন্ধে পাওয়া যাচ্ছে সেগুলো সম্বন্ধে পূর্ণাঙ্গ তদন্ত করা হচ্ছে এবং তদন্তের পরে প্রয়োজনীয় পদক্ষেপ নিশ্চয় নেওয়া হবে।

শ্রী গোকুল রায় : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য উত্তর দিনাজপুরে আই. সি. ডি. পি. চালু হয়েছিল। কিন্তু কেন বন্ধ হল সেই কারণটা আমি জানতে চাইছি।

শ্রী শঙ্কর চক্রবর্তী : আপনি যে প্রোজেক্টটার কথা বলছেন, সেই প্রোজেক্টটা প্রথম দিকে, ওটা আপনাদের সময়ে চালু করা হয়েছিল। পরবর্তীকালে তার কিছু ত্রুটি আমাদের নজরে আসে এবং সেই অনুযায়ী সেই ত্রুটিগুলোর পরীক্ষানিরীক্ষা করা হচ্ছে এবং তার পরে সেই সম্বন্ধে প্রয়োজনীয় সিদ্ধান্ত নেওয়া হবে।

কলেজে শিক্ষক নিয়োগ

*১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪) **ডঃ তরুণকান্তি নস্কর :** উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমানে কলেজ সার্ভিসে কমিশনের মাধ্যমে কিছু শিক্ষক নিয়োগ করা হচ্ছে ;

(খ) সত্যি হলে, তন্মধ্যে কতজন নতুন শিক্ষক ও কতজন কলেজে চাকুরিরত শিক্ষক ; এবং

(গ) ৩০শে অক্টোবর, ২০১৩ সাপেক্ষে (১) রাজ্যে কলেজগুলিতে মোট শিক্ষক পদ কত ও (২) তার মধ্যে কতগুলি পদ শূন্য আছে?

শ্রী ব্রাত্য বসু : (ক) হ্যাঁ, এটা সত্যি।

(খ) বর্তমানে এই শিক্ষক নিয়োগ প্রক্রিয়া চলছে। এ বিষয়ে চূড়ান্ত সফল প্রার্থীদের তালিকা এখনও প্রকাশিত হয়নি। শীঘ্রই এই তালিকা প্রকাশিত হবে বলে আশা করা যায়। কলেজগুলোতে ২০৫০টা শূন্যপদের জন্য আবেদনকারী প্রার্থীদের সংখ্যা ১৩২৭৮ জন।

(গ) ৩০শে অক্টোবর, ২০১৩ সাপেক্ষে—

(১) রাজ্যে সরকারী ও সরকারী সাহায্যপ্রাপ্ত কলেজগুলোতে মোট শিক্ষক পদের সংখ্যা ১৩১৯৬।

(২) এর মধ্যে শূন্য শিক্ষকপদের সংখ্যা ২৮৯৩। এই শূন্যপদগুলোর মধ্যে সরকারী সাহায্যপ্রাপ্ত কলেজে শূন্য শিক্ষকপদ ২০৫০ এবং সরকারী কলেজে শূন্যপদের সংখ্যা ৮৪৩।

ডঃ তরুণকান্তি নস্কর : স্যার, আপনার মধ্যে দিয়ে মাননীয় মন্ত্রীর কাছে প্রথম অতিরিক্ত প্রশ্ন যে, বাস্তবে কলেজ-শিক্ষকের পদ অনেক বেশি শূন্য। আমরা জানি না যে কলেজের governing body-গুলি কি রিপোর্ট পাঠিয়েছেন? বাস্তবে আমি অভিজ্ঞতা থেকে বলছি। এখন এই governing body-র সম্পর্কে আমার একটি প্রশ্ন যে, সম্প্রতি দেখেছি যে সুরেন্দ্রনাথ কলেজের তিনটি বিভাগের সভাপতি পদ থেকে এবং গিরিশচন্দ্র কলেজের অনুরূপ একটা পদ থেকে প্রথমে একজন বিধায়ককে অপসারণ করা হয়েছে এবং গিরিশচন্দ্র কলেজে সেই একই বিধায়ক ইস্তাফা দিয়েছেন। অর্থাৎ একজন বিধায়ক তিনটি কলেজের সভাপতি পদে ছিলেন। এর থেকে

বোঝা যাচ্ছে যে এই উচ্চ শিক্ষা দলতন্ত্র মুক্ত কেন হয়েছে, আমি এই ব্যাপারে কোন মন্তব্য করব না। ..... (নয়েজ)... কিন্তু goverming body নিয়ে প্রশ্ন করছি স্যার। এই governing body ভেঙে যে ভাবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ administrator নিয়ে পড়েছে সেটা আমার মনে হয়েছে statute সম্মত নয়। কারণ GB-র তিন জন সদস্য পদত্যাগ করলে GB-র quorum হারায় না এবং তার ১৩-১৪ জন মোট সদস্য এবং সেখানে শিক্ষকদের বেতন বন্ধ হয় না এবং Casual vacancy-তে সেখানে re-election করে ....(নয়েজ).... এটা আপনার কাছে প্রশ্ন যে, বিশ্ববিদ্যালয় statute violate করেছে কি না? এই ব্যাপারে আপনার মত জানতে চাইছি।

শ্রী ব্রাত্য বসু : স্যার, প্রথম কথা হচ্ছে যে কেবলমাত্র quorum-এ তিনজন governing body সদস্য নয়, university nominee তারা ওই GB -র ছেড়ে দেয়, ফলে quorum-এর একটা অসুবিধা হয়। বিশ্ববিদ্যালয় থেকে আমরা যখন জানতে চাই যে, আপনি যখন এটা করেছেন তখন এটা statute সম্মত কি না? সেটা বিশ্ববিদ্যালয় খুব জোরের সঙ্গে জানায় Inspector of College এবং উপাচার্য তারা খুব জোড়ের সঙ্গে জানায় এটা statute সম্মত। তা সত্ত্বেও আপনি যদি statute-র প্রশ্ন তোলেন এবং statute-র লিখিত clarification চান, আমি statute থেকে মতামত সম্বিলিত উত্তর দিতে পারি। দ্বিতীয়ত, আপনি যে কথাটা বললেন শূন্য পদ সংক্রান্ত এই তালিকা শুধুমাত্র DPI বা Governing body সংক্রান্ত বিভিন্ন বিষয় দেখেন সেখানে আধিকারিক নয়, এটা Backward Class Department এটাকে দিয়ে দীর্ঘ, নয় মাস ধরে একটি শিবির চালিয়ে, Authenticate করিয়ে তারপরে এই লিস্ট তৈরি করা হয়েছে। তাতে college এর governing body যে তালিকা দিচ্ছে সেটা অসম্পূর্ণ নয়, তারপরে আপনার যদি মনে হয় যে, কোথায় কোন কলেজে একটি বা দুটি পদ শূন্যস্থান রয়েছে। সেটার ব্যাপারে আপনি আমাকে সহযোগিতা করতে পারেন। আমরা চাই, একটাই আমাদের লক্ষ্য সেটা হচ্ছে যে পশ্চিমবঙ্গে যত aided college আছে, তার যত শূন্যপদ আছে, সেই শূন্যপদ আমরা College Service Commission-এর মাধ্যমে এই আয়োগের মাধ্যমে আমরা সম্পূর্ণ করব এবং সেই জন্য কিন্তু আমরা এই workshop চালিয়ে, শিবির চালিয়ে তালিকা তৈরি করেছি। এরপরে যদি কিছু থাকে আপনি জানাবেন আমরা সেটা পূরণ করব।

ডঃ তরুণকান্তি নস্কর : স্যার, আমার দ্বিতীয় প্রশ্ন যে statute-র কথা বলছি, সেই statute বিগত সরকারের সময় তৈরি এবং Supreme Court সম্প্রতি রায় দিয়ে বলেছে যে, খেলোয়াড়দের যে Body-গুলো, sports body-গুলো—সেখানে খেলোয়াড়দের থাকা উচিত। আমার প্রশ্ন হচ্ছে যে, College -এর GB তে যে দুই জন বিশ্ববিদ্যালয়ে মনোনীত থাকেন এবং সরকারে দুইজন মনোনীত থাকেন। সেখানে college বা বিশ্ববিদ্যালয় শিক্ষক বা সম-যোগ্যতা সম্পন্ন ব্যক্তি থাকতেই হবে— এই provision কিন্তু ওখানে পরিষ্কার ভাবে নেই। ফলে আমার প্রশ্ন হচ্ছে যে এই Statute-র সংশোধন করে এই রকম শিক্ষা যোগ্যতাসম্পন্ন ব্যক্তি অথবা এই college বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হবেন—এমনটা করা যায় কিনা। কারণ, যেমন ইটাহার কলেজ নিয়ে প্রশ্ন উঠেছে তার একজন মনোনীত সদস্য তার শিক্ষাগত যোগ্যতার মান নিয়ে প্রশ্ন উঠেছে।

ফলে আমার প্রশ্ন হচ্ছে যে, এই রকমভাবে statute-র সংশোধন করে উপযুক্ত মানের ব্যক্তি সেখানে আনার কোন পরিকল্পনা সরকার ভাবছেন কিনা?

শ্রী ব্রাত্য বসু : স্যার, আগের দিন মাননীয় সদস্যের উত্তরে জানিয়েছিলাম যে আগেকার statute-গুলোকে ঠিক করার জন্য আমরা একটা Law Officer নিয়োগ করেছি এবং তার কাজ হবে ইত্যাদি ordinance, regulation, statute, staute-গুলো আমরা ঠিক করব। দ্বিতীয়ত, আপনি জানেন নিশ্চয় যে আগের দিন আমাকে প্রশ্ন করেছিলেন যে বাকি statute -গুলোর কি অবস্থা ? যেখানে এখনও জমা পড়েনি। আপনাকে জানাই যে একই সঙ্গে আমরা যেমন পুরানো university-গুলো statute ...(নয়েজ)... না, না, সেটা তো University-র উপরে নির্ভর করছে। সেই statute তো regulations আসবে University থেকে।

[11·40–11·50 a.m.]

এবার জি. বি.-র ক্ষেত্রে আপনি যেটা বলছেন শিক্ষাগত যোগ্যতা, এটা নিয়ে আগে বহুবার এখানে প্রশ্ন উঠেছে। আপনি সম্প্রতি এই ইটাহার কলেজের কথা তুললেন। ইটাহার কলেজ নিয়ে যেমন এটা বলতেই হচ্ছে যে, যেমন ধরুন ইটাহার কলেজ, এটা প্রতিষ্ঠিত হয়েছিল ২০০০ সালে। ভেবে দেখুন এই কলেজ ২০০০ সালে প্রতিষ্ঠিত কলেজ, যা সরকারের পলিশি হচ্ছে যে নতুন কোন কলেজ তৈরী হলে তার গভর্নিং বডি তৈরী করতে হবে ২ বছরের মধ্যে। ২০০০ সাল থেকে ২০১০ সাল এই কলেজের কোন গভর্নিং বডি তৈরী হয়নি। গভর্নিং একটা কাউন্সিল দ্বারা চলছিল। (২) গভর্নিং কাউন্সিল, কারা তার সদস্য ছিলেন? আপনি শিক্ষাগত যোগ্যতার কথা তুলেছেন। এখানে দেখা যাচ্ছে যে সেখানে সদস্য ছিলেন ডঃ শ্রীকুমার মুখার্জী, রাজনৈতিক তাঁর পরিচয় আপনি জানেন, মন্ত্রী ছিলেন। তপেস লাহিড়ি, সদস্য সি.পি.আই. মনসুর আলি, সি. পি.আই সদস্য। মইনুল হক, শিক্ষাবিদ সি.পি.আই সদস্য, মাধ্যমিক পাশ। মাধ্যমিক পাশ শিক্ষাবিদ ! এই রকম ১০ জন আমরা বার করেছি যে ২০০০ থেকে ২০১০ পর্যন্ত ইটাহার কলেজে ১০ জন মেম্বার, গভর্নিং বডি কাউন্সিলের মেম্বার, গভর্নিং বডি তৈরী করা হয়নি। জানিয়ে রাখি, এই কলেজের যিনি প্রিন্সিপ্যাল ডঃ স্বপ্না মুখার্জী তিনি কিন্তু কলেজ সার্ভিস কমিশন নিয়োজিত অধ্যক্ষা নন, কলেজ সার্ভিস কমিশন নিয়োজিত অধ্যক্ষ ছিলেন ডঃ ক্ষেত্রমোহন সরকার। ক্ষেত্রমোহন সরকারকে ওই কলেজের প্রিন্সিপ্যাল হিসাবে যোগ দিতে দেওয়া হয়নি। আপনারা জানেন এবং এখানে হয়ত অনেকেই জানেন, আপনি যে শিক্ষাবিদের কথা বলছেন, ডঃ স্বপ্না মুখার্জী, তিনি একজন গণিতের প্রফেসার এবং ওই কলেজে আর সমস্ত অনার্স আছে, গণিত নেই। এটা খুব অদ্ভুত কথা। এক-একটা কলেজের গভর্নিং বডি আপনি যে ফর্ম করবেন, আপনার প্রশ্নের উত্তরে আপনাকে বলি, এটা ওই কলেজের প্রিন্সিপ্যালের উপর নির্ভর করে, আপনার কথায় কোট আন কোট, শিক্ষা বা শিক্ষাবিদের উপর নির্ভর করে। এই শিক্ষা এবং শিক্ষাবিদ দ্বারা নিযুক্ত ওই গভর্নিং বডি ইটাহার কলেজে, আপনার দেওয়া উদাহরণ ১০ বছর ধরে এই রকম একটা গভর্নিং বডি চালিয়েছে। আমরা চেষ্টা করছি, এই কাউন্সিল ভেঙে নতুন করে গভর্নিং বডি তৈরি করে সেখানে সরকার মনোনীত সদস্য, ইউনিভার্সিটি মনোনীত সদস্য পাঠিয়ে এটাকে একটা সেপ দেওয়ার জন্য। ঠিকই পশ্চিমবাংলায় এই রকম বহু

কলেজ আছে সেখানে এই গভর্নিং বডির সেফটা বহু বহু বছর এই রকম অদ্ভুত হয়ে আছে। সেখানে আপনারা দেখেছেন যে গভর্নিং বডি সংক্রান্ত কিন্তু আমরা একটা রেজিলিউশান তৈরী করেছি। ওই সংক্রান্ত আপনারা এটা জানেন যে ইউনিভার্সিটিগুলোর এখনও কোন কোন জায়গায় অস্থায়ী ভি. সি. আছেন, অধিকাংশ ক্ষেত্রে আমরা স্থায়ী ভি.সি. নিয়োগ করে ফেলেছি। আশা করা যায় এই সংক্রান্ত যে গোলযোগ আছে, সেই গোলোযোগ আমরা অচিরেই তা নির্মূল করে আমরা এই সঠিক গভর্নিং বডি প্রতিটি জায়গায় আমরা করতে পারবো। ধন্যবাদ।

শ্রী ইনসার আলি বিশ্বাস : স্যার, আপনার মাধ্যমে মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আপনি বললেন যে কলেজ সারভিস্ কমিশনের যে পরীক্ষা হয়েছে, কলেজগুলোতে আপনি শিক্ষক পাঠাবেন। যে সমস্ত কলেজে শিক্ষক এখনও পর্যন্ত একজনও নেই আপনি কি তাদের ক্ষেত্রে অগ্রাধিকার দেবেন। অনুগ্রহ করে জানাবেন।

শ্রী ব্রাত্য বসু : স্যার , মাননীয় সদস্যকে বলি, এই যে কলেজে একজনও শিক্ষক নেই বলছেন উনি, এই রকম বেশ কিছু কলেজ আছে, দীর্ঘ দিন ধরেই আছে। আমরা কলেজ সার্ভিস কমিশনকে বলেছিলাম, যে যে জায়গায় ফাঁক আছে, সেটা শুধু সাধারণ ডিগ্রী কলেজ নয় সেটা বি. এড. কলেজ, শারীর শিক্ষণ কলেজ — সেই তালিকা আমি আপনাকে দিয়ে দিতে পারি আপনি যদি চান। আমাদের পশ্চিমবাংলার বিষয় নিয়ে আমি আপনাকে বললাম যে আমরা একটা ওয়ার্কসপ করেছিলাম যে কোন কোন কলেজে কত কত পোস্ট ফাঁকা আছে। শুধু একজন শিক্ষক আছেন বা একজনও শিক্ষক নেই সেটাই আমাদের লক্ষ্যবস্তু নয়, আমি একটু আগে মাননীয় সদস্যের উত্তরে জানিয়েছি পশ্চিমবঙ্গে যত কলেজে যত শূন্যপদ আছে সমস্ত পদ পূরণ করাই আমাদের লক্ষ্য। ফলে অটোমেটিক্যালি যেখানে একজন শিক্ষক আছেন বা অধ্যাপক আছেন সেই পদও পূর্ণ হবে।

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে একটা অতিরিক্ত প্রশ্ন করছি। আপনি নিশ্চয়ই জানেন যে মালদা জেলায় অনেকগুলো কলেজ হয়েছে। তার মধ্যে হরিশ্চন্দ্রপুর বিধানসভার অন্তর্গত ২০০৮ সালে একটা কলেজ স্থাপন হয়েছে। সেই কলেজে একজন শিক্ষক নেই। বিল্ডিং পর্যন্ত নেই। শিক্ষকদের নিয়োগ করার ব্যাপারে মাননীয় সদস্য ইনসার আলির প্রশ্নের উত্তরে বলেছেন, আমি চেষ্টা করছি। কিন্তু আপনি যে চেষ্টা করবেন সেটা কত দিনের মধ্যে বাস্তবায়িত হবে? এর ফলে সেখানকার ছেলেমেয়েদের লেখাপড়া করতে অসুবিধা হচ্ছে। বিশেষ করে মাননীয় মন্ত্রী মহাশয় মালদা জেলার রেজিস্ট্রারের সঙ্গে কথা বলে দেখুন। এখনও পর্যন্ত একজন শিক্ষকও নেই।

শ্রী ব্রাত্য বসু : আমি বুঝতে পারলাম না যে কেন হঠাৎ রেজিস্ট্রারের সঙ্গে কথা বলব। একটা কলেজে শিক্ষক নেই, সেটা ইউনিভার্সিটির রেজিস্ট্রারের সঙ্গে কথা বলে কি হবে, আমি আপনার একথা বুঝতে পারলাম না। যাই হোক, আপনি বলেছেন। এটা নিয়ে ইন্সপেক্টর অফ্ দি কলেজের সঙ্গে কথা বলা যায়, ভি. সি-র সঙ্গে কথা বলা যায়। কিন্তু রেজিস্ট্রারের সঙ্গে কেন কথা বলতে বলছেন বুঝতে পারছি না। আমি আশা করব আপনি নিশ্চয়ই এটা শুনেছেন, আমি এর আগেও বলেছি, এর প্রশ্নের উত্তরেও আছে, কলেজ সার্ভিস কমিশনের নিয়োগ দীর্ঘদিন পর হচ্ছে।

আমরা এও বলেছি প্রতিটি কলেজে যেখানে অধ্যাপক পদ শূন্য আছে, সেটা পূরণ হয়ে যাবে। আপনি নিজেই বলেছেন , একজন দায়িত্বশীল সদস্য হিসাবে আপনার কাছে আমার জানতে ইচ্ছা করছে এই যে ২০০৮ সাল থেকে অধ্যাপক নেই, আপনি বিধায়ক ছিলেন, ২০০৮-১১-র মধ্যে আশা করা যায় আপনার বিধানসভায় লেখানো ছিল যে এই কলেজে একজন অধ্যাপকও নেই। দীর্ঘদিন ধরে আমাদের এই রাজ্যে কলেজ সার্ভিস কমিশনের নিয়োগ বন্ধ আছে। আমি এইটুকুই বলতে পারি যে আমাদের এই প্রক্রিয়া শুরু হয়ে গেছে। আমি বলেছি মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে, আগের দিনেও প্রশ্নের উত্তরে বলেছি, চূড়ান্ত তালিকা ফেব্রুয়ারী মাসের মধ্যে প্রকাশ করব। আশা করছি, সামনের বছরের মধ্যে যত তাড়াতাড়ি সম্ভব, প্রায় সমস্ত কলেজে নতুন অধ্যাপক অধ্যাপিকা দিতে সমর্থ হব।

শ্রী ঈদ মহম্মদ : স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি অতিরিক্ত প্রশ্ন করছি। আমাদের রাজ্যে বহু কলেজের বহু পদ ফাঁকা আছে। আপনি চেষ্টা করছেন পূরণ করবেন বলে। বহু কলেজে পার্ট টাইমার, কনট্রাক্টচুয়াল শিক্ষক দিয়ে তাদের ক্লাস চালানো হচ্ছে। এমন কি বহু কলেজে সাম্মানিক/ অনার্স বিভাগে পার্ট টাইমার টিচারকে ইনচার্জ করে চালানো হচ্ছে। আমাদের রাজ্যে 'স্লেট' পরীক্ষা হয়। তাতে খুব কম কোয়ালিফায়েড করছে। ৫-৭% পাশ করছে। যার ফলে একটা অসুবিধা থেকেই যাচ্ছে। যারা কনট্রাক্টচুয়াল বা পার্ট টাইমার টিচার, যারা কলেজটা চালাচ্ছেন,তাদের সম্পর্কে আপনার ভাবনা-চিন্তা কি আছে, তাদেরকে ফুল টাইমার শিক্ষক হিসাবে নিয়োগ করা যাবে কিনা?

মিঃ স্পীকার : আগের দিনেই উনি রিপ্লাই দিয়েছেন। আপনি দেখে নেবেন। আগের দিন উনি এই ব্যাপারে বিস্তারিতভাবে উত্তর দিয়েছেন।

শ্রী বিশ্বনাথ কারক : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে একটি অতিরিক্ত প্রশ্ন করছি। আমরা দেখেছি কলেজ নেতাজী মুক্ত বিদ্যালয়, ইন্দিরা গান্ধী মুক্ত বিদ্যালয় স্থাপন করা হয়েছে। সেখানে পড়াশোনা হচ্ছে, মাস্টার ডিগ্রী পর্যন্ত। কিন্তু সেই কলেজগুলোতে যা পড়াশোনা হয় বা অধ্যাপনা হয়, সেখানে কিন্তু শিক্ষক একই। দ্বিতীয় কোন পরিবর্তন কিছু নেই। যারা কলেজে পড়াশোনা করে, যারা যে কলেজে যান, ওনারাই পার্ট টাইমার হিসাবে পড়াশোনা করায় মুক্ত বিদ্যালয়ে। কিন্তু সেখানে সমস্যা হচ্ছে যে, সেখানে পড়াশোনা করার জন্য ছাত্ররা ভর্তি হয়, সেই ছাত্রদের ভর্তির ক্ষেত্রে দেখা যাচ্ছে অনেকের নাম কলেজে রেকর্ডভুক্ত হয়নি। তাহলে যাদের নাম রেকর্ডভুক্ত হয়নি, তারা কিভাবে এখানে পড়াশোনার সুযোগ পায়? আমি একটা কলেজের উদাহরণ দিচ্ছি। আরামবাগে অবস্থিত নেতাজী মুক্ত বিদ্যালয়। এটা কি করা যায়। আপনি বলুন।

[11.50 a.m. – 12.00 noon]

শ্রী ব্রাত্য বসু : প্রথম কথা বলি, আপনার প্রশ্নে ইগনুর কথা বলেছেন, ইগনু কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়। যদিও ইগনুর ডিরেক্টরের সঙ্গে মাঝখানে মিট করেছি এবং ইগনুর ডিরেক্টরকে আমি বলেছি যে, আমাদের নেতাজী ওপেন যে মহাবিদ্যালয় আছে, ইউনিভার্সিটি আছে, বিশ্ববিদ্যালয় আছে তাদের সঙ্গে একটা মিটিং আমি চেয়েছি যাতে আমাদের এখানকার যে ছাত্ররা ভর্তি হচ্ছে

তাদের সঙ্গে যাতে ইগনুর কোয়ার্ডিনেশন থাকে। পরবর্তী ক্ষেত্রে যাতে প্লেসমেন্ট হোক বা অন্যান্য কেন্দ্র তালিকায় হোক যাতে তারা যেতে পারে। সেটা ইগনু সঙ্গে নেতাজী ওপেনের যদি চুক্তি হয় বা কোনও সমঝোতা হয় সেটা অন্য প্রশ্ন। কিন্তু, এই যে নেতাজী মহাবিদ্যালয় আরামবাগে যেটা বললেন যে, এটা ছাত্রদের কোনও রেকর্ড নেই, এটা আমার জানা নেই। এটার প্রথম কথা হচ্ছে যে, একজন প্রিন্সিপাল নিশ্চয় আছেন, একজন টি. আই. সি আছেন, টিচার আছেন, সেখানে আধিকারিক আছেন তারা কি রেকর্ড রাখেন না যারা ছাত্র ভর্তি হন? এবার তার একটা বিশ্ববিদ্যালয় আছে। আপনি যদি লিখিত ভাবে নির্দিষ্ট কলেজ সংক্রান্ত একটা অভিযোগ দেন তথ্য প্রমাণ সহ আমি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে কথা বলে ব্যবস্থা নেব।

Mr. Speaker : Hon'ble Members, the Hon'ble speaker of Jammu & Kashmir Mr. Mubarak Gul is here to watch the proceedings of the House.

শ্রী আলি ইমরান রামজ : অনারেবল স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমি জানতে চাই, ফাস্ট সেপ্টেম্বর, ২০১৩ একটা পেপারে বেরলো, উত্তরবঙ্গে আমরা দেখলাম, ৭টি কলেজ নতুন কলেজ সরকার করছে। তার মধ্যে আমার ব্লক Goalpokhar - 2, Chakulia বিধানসভারও নাম ছিল। সেই কলেজগুলি আমরা কত দিনে অনুমোদন পাব সেটা আপনার কাছ থেকে জানতে চাই।

শ্রী ব্রাত্য বসু : এটার প্রথম কথা হচ্ছে যে, আপনি যেটা দেখেছেন ঠিকই দেখেছেন, আপনার কলেজটা সরকারি কলেজ না, সরকারি এডেড্ কলেজ। তাহলে সরকারি এডেড্ কলেজ করতে গেলে একটা ট্রাস্ট দরকার হবে, একটা রেজিস্ট্রেশন দরকার হবে, জমির পরিমাণ তৈরী করতে হবে, তারপর একটা টাকা সেখানে ডেপোজিট রাখতে হবে। এটা ডি. এম-কে প্রায় প্রত্যেকটি কলেজের ক্ষেত্রেই বলেছি ট্রাস্ট তৈরীর ক্ষেত্রে উদ্যোগ নিতে। যেগুলো সরাসরি সরকারি কলেজ সেখানে সরকার ডাইরেক্ট ইন্টারভেন করছে। এখন আমি জানি না আপনাদের কলেজে ট্রাস্ট আদৌ তৈরী হয়েছে কিনা। জমির পরিমাণ, সীমানা নির্ধারণ হয়েছে কিনা সেগুলি যদি হয়ে থাকে আমি আপনাকে বলছি, ২০১৫-১৬ সালের অর্থ বছরে আমাদের যে পরিকল্পনা আছে সমস্ত কলেজে ক্লাস শুরু করব। তার মধ্যে ন্যাচারালি এটাও পড়বে।

নতুন ফায়ার স্টেশন নির্মাণ

*১৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৪) **শ্রী কল্লোল খাঁ :** অগ্নি নির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জুন, ২০১১ থেকে ৩০শে অক্টোবর, ২০১৩ পর্যন্ত মোট কতগুলি নতুন ফায়ার স্টেশন নির্মাণ করা হয়েছে ;

(খ) কতগুলি নির্মাণের কাজ চলছে ; এবং

(গ) কতগুলি নির্মাণ করার পরিকল্পনা গৃহীত হয়েছে?

শ্রী জাভেদ খান : স্যার, আপনার মাধ্যমে মাননীয় শ্রী কল্লোল খাঁনের প্রশ্নের উত্তরে জানাই, (ক) তে-৭টি, (খ) তে-১০টি, (গ) তে-২৯টি।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মাননীয় মন্ত্রীর কাছে সাপ্লেমেন্টারি প্রশ্ন, যে ৭টির কথা উনি প্রশ্ন (ক) তে বলেছেন, সেই ৭টি পরিষেবার জন্য চালু করা হয়েছে কিনা এবং হয়ে থাকলে কবে তার উদ্বোধনের দিন ছিল?

শ্রী জাভেদ খান : উনি যেটা জানতে চেয়েছেন স্যার, ৭ খানা ২০১১ পয়লা জুন থেকে ৩০শে অক্টোবর পর্যন্ত আমরা ৭টি ফায়ার স্টেশন নির্মাণ করেছি। তার মধ্যে কিছুটা আমরা চালু করতে পেরেছি। বাকিটা যেটা আছে সেটা আমি তথ্য সংগ্রহ করে ওনাকে জানাব, কোন্ কোন্ ফায়ার স্টেশন এখন চালু করা যায়নি। ময়নাগুড়ি করা গেছে, ফল্যাকাটা করা গেছে এবং তার সঙ্গে অন্য অন্য তথ্য জোগাড় করে আমি বলব।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, ১০টির নির্মাণকার্য চলছে, এই ১০টি নির্মাণকার্যে আপনার ফায়ার স্টেশন দফতর থেকে কত অর্থ বরাদ্দ করেছেন, জানাবেন কি?

শ্রী জাভেদ খান : স্যার, আপনার মাধ্যমে প্রথমে বলি, যেটা ১০টি ফায়ার স্টেশন হচ্ছে। একটা রামনগর, পূর্ব মেদিনীপুরে হচ্ছে। Total administrative approval হয়েছে ১ কোটি ৭২ লক্ষ ৭৮ হাজার ৫৫৬ টাকা। তার মধ্যে ৪০ লক্ষ টাকা first installment রিলিজ হয়েছে। ঝালদা, পুরুলিয়া ১ কোটি ১৮ লক্ষ ৫০ হাজার টাকা, তার মধ্যে approved হয়েছে administrative approval হিসাবে ৫০ লক্ষ টাকা রিলিজ হয়েছে।

খাতরা, বাঁকুড়ায় ১ কোটি ৭০ লক্ষ ৬৪ হাজার ৬০০ টাকার administrative approval হয়েছে। তার মধ্যে ১ কোটি টাকা রিলিজ হয়েছে। হরিশ্চন্দ্রপুর, মালদায় ৯৮ লক্ষ ১৮ হাজারের মধ্যে ৭৮ লক্ষ ১৮ হাজার টাকা রিলিজ হয়েছে। হলদিবাড়ী কোচবিহারে ৬৮ লক্ষ ৭৭ হাজার ৩৮২ টাকার মধ্যে ৬৮ লক্ষ ৭৭ হাজার ৩৮২ টাকাই রিলিজ হয়েছে। বড়বিশা, জলপাইগুড়িতে, ৯৮ লক্ষ ৪ হাজার ৪৬৭ টাকা তার মধ্যে ৬২ লক্ষ ৫৮ হাজার ৮২৯ টাকা রিলিজ হয়েছে। রামপুরহাট, বীরভূমে ১ কোটি ৫৪ লক্ষ ৪৫ হাজার ৮৮২ টাকার administrative approval হয়েছে। তার মধ্যে ৮৪ লক্ষ ৬৫ হাজার ৭৬৪ টাকা রিলিজ হয়েছে। মাথাভাঙ্গা, কোচবিহারে, ১ কোটি ৩৫ লক্ষ ৩৭ হাজার ১৪৪ টাকার administrative approval হয়েছে। তার মধ্যে ১ কোটি ৩ লক্ষ ১২ হাজার ১৪৪ টাকা রিলিজ হয়েছে। রানীগঞ্জ, বর্ধমানে ১ কোটি ৯০ লক্ষ ২৪ হাজার ১১৮ টাকার administrative approval হয়েছে। তার মধ্যে ১ কোটি ১০ লক্ষ ৯৫ হাজার ২০০ টাকা রিলিজ হয়েছে। এগ্রা, পূর্ব-মেদিনীপুরে ৮৪ লক্ষ ২৬ হাজার ৭৭৯ টাকার administrative approval হয়েছে। তার মধ্যে ৫২ লক্ষ ২৪ হাজার ৪৩৬ টাকা রিলিজ হয়েছে।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আমার শেষ সাপ্লিমেন্টারী। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে

মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, আপনাকে এই আড়াই বছরের ভেতরে, আপনি যে ফায়ার ষ্টেশনগুলো সিদ্ধান্ত নিয়ে করছেন তার ভেতরে ২৯টি পুনরায় সিদ্ধান্ত নিয়েছেন। সেই ২৯টির ভেতরে নদীয়া জেলায় কোথাও করার সিদ্ধান্ত নিয়েছেন কিনা এবং ২৯টির জন্য কত আর্থিক বরাদ্দ আপনি করেছেন?

শ্রী জাভেদ খান : স্যার, আপনার মাধ্যমে জানাই, আমরা ২৯টির মধ্যে নদীয়ায় বেথুয়াডহরিতে একটা নতুন ফায়ার স্টেশনের কনস্ট্রাকশনের সিদ্ধান্ত already নিয়েছি, ঐখানে হবে। শুধু ল্যান্ড ট্রান্সফারের জন্য পেন্ডিং আছে। ওটা হয়ে গেলে আমরা কাজ আরম্ভ করব। টাকা ধরা আছে। তার সঙ্গে চাকদায় ল্যান্ড আইডেন্টিফাইড হয়ে গেছে। ওটা আমরা দেখছি। এই দুটোর ব্যাপারে এখন আমার কাছে তথ্য আছে। বাকি অন্যান্য জেলায় আছে।

শ্রী সুভাষ নস্কর : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়কে ধন্যবাদ, কিছু নির্মাণ-টির্মাণ করছেন। কিন্তু আমার প্রশ্ন হল, এই যে, সংখ্যাগুলো আপনি বললেন, ২০১১ সালের জুন মাস থেকে অক্টোবরের ১৩। এর আগের সরকার স্যাংশন করেছে, মঞ্জুর করেছে, অর্থ-বরাদ্দ করেছে। আমি বেশী জটিলে যাচ্ছি না, বাসন্তী ব্লকের একটা আছে। সেইটাতে কোন অর্থ আপনি বরাদ্দ করলেন না বা ক্যান্সেল করে দিলেন কিনা আমার জানা নেই। বাসন্তী ব্লকে ঐ রকম কোন অগ্নি-নির্বাপণ কেন্দ্রের নির্মাণ-কার্য হচ্ছে কিনা অথবা, ওটা বাতিল করে অন্য কোথাও পাঠিয়েছেন কিনা জানাবেন?

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার আপনার মাধ্যমে জানাই, উনি যে স্পেসিফিক প্রশ্ন করেছেন সেব্যাপারে তথ্য সংগ্রহ করে ওনার কাছে পাঠিয়ে দেব। তবে বাতিল হয়েছে কিনা সে ব্যাপারে আমার কাছে এখনও কোন তথ্য নেই।

শ্রী আনিসুর রহমান : স্যার আমি আপনার মাধ্যমে একেবারে ছোট্ট একটা প্রশ্ন রাখছি। আপনি গতবার আমাকে একটা উত্তর দিয়েছিলেন যে, মুর্শিদাবাদ জেলার ডোমকলে একটা ফায়ার স্টেশনের কাজ শুরু হবে। লিখিত পাঠিয়েছিলেন। এক বছর হয়ে গেল কিন্তু কোন কাজ শুরু হল না। এটা হবে কিনা দয়া করে জানাবেন।

শ্রী জাভেদ আহমেদ খান : আমাদের কন্সিডারেশনে আছে। আপনাকে আগেও বলেছি। কাজটা নিশ্চয় হবে। আমরা আপনাদের মত ভিন্ডিকটিভ অ্যাটিচিউড নিইনা। সবার কাজ করি। ধন্যবাদ।

শ্রীমতী জাহানারা খান : ধন্যবাদ স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি একটা প্রশ্ন করতে চাই। ওনাকে এর আগেও দু'বার আমি চিঠি দিয়েছিলাম যে, আমার বর্ধমান জেলার জামুরিয়া বিধানসভায় কোন অগ্নি-নির্বাপণ কেন্দ্র নেই। আরো বলেছিলাম, ওখানে উনি যদি একটা তৈরী করেন তাহলে জমির সমস্যা হবে না। ওনাকে চিঠি দিয়েছিলাম কিন্তু আজ পর্যন্ত এব্যাপারে কিছুই জানতে পারলাম না। উনি ২৯টি নির্মাণের কথা বললেন। তার মধ্যে জামুরিয়া আছে কিনা আমি জানতে চাইছি। ধন্যবাদ।

[12.00 noon–12.11 p.m.]

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, আপনার মাধ্যমে জানাই, বিগত ৩৪ বছরে মাত্র ১০৬টা ফায়ার স্টেশন নির্মাণ হয়েছে এবং ২৯৪টি কনস্টিটিশনের মধ্যে ১০৪টা। যদি ৩৪২টি ব্লক দেখা হয় তার মধ্যেও। আমরা এ বছর ২৬ থেকে ২৭ খানা ফায়ার স্টেশন তৈরি করছি এবং আশা করছি সামনের বছর যারা প্রস্তাব দিয়েছেন ফিজিবিলিটি রিপোর্ট এসে গেলে আমরা সার্ভে করে দেখব। প্রয়োজনীয়তা দেখে, প্রায়োরিটি ফিক্সড করে আমরা নিশ্চয়ই কনসিডার করবো। আমরা কোন ডান দিক, বাঁ দিক দেখব না। যেখানে যেখানে প্রয়োজন আছে, সেখানে করবো। আপনারা যেটা ডান দিক বাঁ দিক দেখতেন আমরা সেটা করবো না। ধন্যবাদ।

Mr. Speaker : Question Hour is over.

Starred Questions
(to which answers were laid on the Table)

শিল্পজনিত রোধে ব্যবস্থা

*১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং * ১৪৩) **শ্রী অসিত মিত্র :** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্তমানে শিল্পজনিত দূষণ রোধে কি কি ব্যবস্থা গ্রহণ করেছে?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ শিল্পজনিত দূষণ প্রতিরোধে নানাবিধ পদক্ষেপ গ্রহণ করেছে এবং ভবিষ্যতে আরো বিভিন্ন ধরনের পদক্ষেপ নেওয়ার পরিকল্পনা আছে যা বিস্তারিতভাবে নিম্নে বর্ণনা করা হল—

১। পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ রাজ্যে কোন শিল্প স্থাপনের ক্ষেত্রে দূষণ সম্ভাবনার (pollution potential) বিষয়টির পরিপ্রেক্ষিতে শিল্প সংস্থার (লাল, কমলা বা সবুজ) শিল্পস্থাপনা নীতি (siting policy) অনুসরণ করে থাকে। অতিরিক্ত দূষণ সৃষ্টিকারী শিল্প স্থাপনের ক্ষেত্রে স্থানবিশেষ নিম্নরূপ সুনির্দিষ্ট স্থাপনানীতি পালিত হয়, যেমন—

ক. কলকাতা মেট্রোপলিটান এলাকা,

খ. বর্ধমান জেলার অন্তর্গত অঞ্চল সমূহ ও

গ. কলকাতা চর্মনগরীর অবস্থান সাপেক্ষে বানতলার অভ্যন্তরস্থ এবং চর্তুপার্শ্বস্থ অঞ্চল।

২। পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ দূষণের মাত্রা পরিপ্রেক্ষিতে বেশী দূষণ সৃষ্টিকারী শিল্পগুলিকে 'লাল' হিসাবে চিহ্নিত করে। আজ অবধি, পর্ষদের কাছে এই ধরনের নিবন্ধভুক্ত শিল্পসংখ্যা হল ৭৭৫৯। উপরিউক্ত বেশী দূষণ সৃষ্টির সম্ভাব্য 'লাল' (RED) হিসেবে চিহ্নিত শিল্পগুলির তালিকা "অতিরিক্ত বিষয় ক" হিসেবে সংযোজিত করা হল।

পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ সর্বপ্রকার অতিরিক্ত দূষণ সৃষ্টিকারী শিল্প সংস্থার ক্ষেত্রে নজরদারির বিষয়টিতে যথাযোগ্য গুরুত্ব আরোপ করে থাকে। অতিরিক্ত দূষণ সৃষ্টিকারী শিল্পসংস্থাগুলিকে নিম্নোক্তভাবে বিভক্ত করা হয়ে থাকে —

ক. জাতীয় নদী সংরক্ষণ যোজনার অন্তর্গত শিল্পসংস্থা সমূহ,

খ. পরিবেশমন্ত্রকের দ্বারা নির্ধারিত ১৭টি শ্রেণীর অন্তর্ভুক্ত শিল্পসংস্থা সমূহ,

গ. অন্যান্য মুখ্য বায়ুদূষণকারী শিল্পসংস্থা সমূহ,

ঘ. অন্যান্য মুখ্য জলদূষণকারী শিল্পসংস্থা সমূহ ও

ঙ. সমস্যাকারী শিল্পসংস্থা সমূহ।

পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ National River Conservation Plan-এর অন্তর্গত ৩১টি কারখানাকে চিহ্নিত করেছে। এই সকল কারখানা থেকে নির্গত দূষিত জলের পরিশোধনের জন্য কারখানাগুলিকে Effluent Treatment Plant (ETP) বসাতে বাধ্য করা হয়েছে। এই সকল কারখানাগুলিকে নিয়মিতভাবে নিরীক্ষণ করে রিপোর্ট কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ (CPCB) -এর কাছে পাঠানো হয়।

৩। পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ উপরোক্ত সর্বপ্রকার শিল্পসংস্থাকেই কঠোরভাবে মাসিক/ দ্বৈমাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে নজরদারি করে থাকে। ভারী দূষণ সৃষ্টিকারী শিল্পসংস্থা ছাড়াও, যেসব শিল্পসংস্থার বিরুদ্ধে দূষণের জনঅভিযোগ রয়েছে বা অন্যান্য জল ও বায়ু দূষণকারী কারখানাগুলিকেও পর্ষদ নিয়মিতভাবে নিরীক্ষণ এবং নজরদারি করে থাকে।

যে সকল কারখানা থেকে নির্গত দূষিত জলের গুণমান মাত্রাতিরিক্ত অথবা শিল্প দূষণ নিয়ন্ত্রণ করতে অপারগ সংশ্লিষ্ট সংস্থাকে পর্ষদ প্রযুক্তিগত শুনানীর মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশাদি প্রেরণ করে থাকে, যাতে শিল্পসংস্থাগুলি দূষণ নিয়ন্ত্রণে আনতে পারে। কোন কোন ক্ষেত্রে অবশ্য আইনী ব্যবস্থা, যথা—শিল্পসংস্থা বন্ধের নির্দেশ, ব্যাঙ্ক গ্যারান্টি, জরিমানা (pollution cost) গ্রহণ করতে হয়। ০১.০৪.২০১২ থেকে ৩১.০৩.২০১৩ পর্যন্ত পর্ষদের তরফ থেকে নেওয়া আইনী ব্যবস্থার তালিকা নিম্নে দেওয়া হল। এই সমস্ত তথ্য নিয়মিতভাবে পর্ষদের ওয়েবসাইটে দেওয়া হয়।

আইনী ব্যবস্থা		
বন্ধের নির্দেশ	জরিমানা	ব্যাঙ্ক গ্যারান্টী
৮৩	১০৪	৭১

৪। পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের কর্মকাণ্ড কলকাতার প্রধান কার্যালয় বাদে ১১টি আঞ্চলিক কার্যালয় এবং ৬টি আঞ্চলিক পরীক্ষাকেন্দ্রের মাধ্যমে পরিচালিত হয়। এই অফিসগুলি মূলত শিল্প অধ্যুষিত অঞ্চলে অবস্থিত। এই অফিস ও পরীক্ষাগারগুলির মধ্যে যোগাযোগ রক্ষার্থে পর্ষদ তার নেটওয়ার্ক সফ্‌টওয়্যার ব্যবহার করে। অফিসগুলি শিল্পদূষণ নিয়ন্ত্রণের বিধি-মান্যতা

বিষয়ক এবং পরীক্ষাগারগুলি ও বায়ুদূষণ কেন্দ্রগুলি সম্ভাব্য সমস্ত ধরনের দূষণ পরিমাপের কাজ করে। পর্ষদ তার নিজস্ব নেটওয়ার্ক সফ্টওয়্যার মারফত শিল্পদূষণ নিয়ন্ত্রণের বিধি-মান্যতা বিষয়ক তথ্যাদি নিয়মিত পর্ষদের ওয়েবসাইটে প্রকাশ করে থাকে।

৫। পশ্চিমবঙ্গের দুর্গাপুর -আসানসোল শিল্পাঞ্চলে এবং পশ্চিম ও পূর্ব মেদিনীপুরে ৬০টি স্পঞ্জ আয়রন কারখানা আছে। এরমধ্যে ৫০টি কারখানা চালু আছে। কারখানাগুলির মোট উৎপাদন ক্ষমতা দৈনিক ১২,৪৭৫ মেট্রিক টন। স্পঞ্জ আয়রন কারখানাগুলির দূষণ সমস্যার সমাধানের জন্য পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ ও পরিবেশ দপ্তর সর্বতোভাবে সচেষ্ট। পর্ষদের পক্ষ থেকে নিয়মিতভাবে কারখানাগুলি পরিদর্শিত হয়। দূষণ নিয়ন্ত্রণ বিধি লঙ্ঘনকারী কারখানাগুলিকে শুনানীর জন্য ডাকা হয় এবং যথোপযুক্ত আইনানুগ ব্যবস্থা নেওয়া হয়। অর্থাৎ, একদিকে যেমন কার্যকর দূষণ নিয়ন্ত্রণমূলক সরঞ্জাম ব্যবহারের ক্ষেত্রে সামর্থ বৃদ্ধির জন্য উপযুক্ত নির্দেশ দেওয়া হয়, তেমনি প্রয়োজন অনুসারে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থাও গ্রহণ করা হয়।

পরিবেশ দপ্তরের নির্দেশ অনুযায়ী দৈনিক ২০০ মেট্রিক টন এবং তার বেশী উৎপাদনকারী স্পঞ্জ আয়রন কারখানাগুলির Captive Power Plant নির্মাণ করার কথা যাতে ডোলোচার-এর নিষ্কাশন সমস্যার সমাধান হয়। স্পঞ্জ আয়রন কারখানাগুলির দূষণ সমস্যা প্রতিরোধের লক্ষ্যে পরিবেশ দপ্তর বিভাগীয় সচিবের নেতৃত্বে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করা হয়। এই কমিটি বিভিন্ন স্পঞ্জ আয়রন কারখানা পরিদর্শন করে কারখানাগুলির দূষণ নিয়ন্ত্রণের জন্য ১৬টি সুপারিশ করেছে। পর্ষদের পক্ষ থেকে সেই অনুযায়ী সমস্ত কারখানাগুলিকে এই সুপারিশগুলি মানার জন্য ০১.০৬.২০১২ তারিখে একটি আদেশনামা জারি করা হয়েছে। ইতিমধ্যেই অধিকাংশ কারখানা Compliance Report জমা দিয়েছে। দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের পক্ষ থেকে কারখানাগুলিকে পরিদর্শন করে দেখা হচ্ছে। রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্যদ এই সকল কারখানাগুলিকে নিজস্ব জমির এক তৃতীয়াংশ জায়গায় বৃক্ষরোপণের নির্দেশ দিয়েছে। The Green Rating Project (GRP) এর প্রতিবেদন অনুসারে ইস্পাত শিল্পগুলির দূষণ নিয়ন্ত্রণ ও প্রতিরোধের জন্য পশ্চিমবঙ্গ দূষণনিয়ন্ত্রণ পর্ষদকে সারা দেশের বিভিন্ন রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদগুলির মধ্যে শ্রেষ্ঠত্বের শিরোপা দিয়েছে। উল্লেখিত প্রতিবেদনের সারসংক্ষেপটি Down to Earth -এর June 1.15.2012 পত্রিকাটিতে প্রকাশিত হয়েছে।

এছাড়া, বিশ্বব্যাঙ্কের সহায়তায় যে 'ক্যাপাসিটি বিল্ডিং ফর ইন্ডাস্ট্রিয়াল পলিউশন ম্যানেজমেন্টে'র প্রকল্প চলছে তার অধীনে একটি সমীক্ষা করা হচ্ছে, যার মাধ্যমে স্পঞ্জ আয়রন কারখানাগুলির পরিবেশ সংক্রান্ত সমস্যা ও সমাধানের জন্য পরিবেশবান্ধব উন্নততর প্রযুক্তির নিরীক্ষা করা হবে।

৬। দুর্গাপুর -আসানসোল শিল্পাঞ্চলে আরো বহুবিধ শিল্প স্থাপিত হয়েছে। যথা ঃ M/s. Durgapur Chemicals, M/s. Durgapur Cements, M/s. Durgapur Projects, M/s. Alloy Steel Plant, M/s. IISCO Burnpur ইত্যাদি।

M/s. Durgapur Chemicals -এ দূষণ নিয়ন্ত্রণ ক্ষেত্রে পারদভিত্তিক পদ্ধতির

পরিবর্তে Membrane ভিত্তি প্রযুক্তি চালু হয়েছে। সিমেন্ট কারখানাগুলিতে Fly Ash-এর মতো উপজাত পদার্থ বহুল পরিমাণে ব্যবহৃত হচ্ছে। আসানসোল অঞ্চলে M/s. IISCO Burnpur-এ অধুনিকীকরণের কাজ চলছে, যাতে ভবিষ্যতে ওই অঞ্চলের দূষণ নিয়ন্ত্রণ হবে।

ভূগর্ভস্থ জল সংরক্ষণ, বৃষ্টির জল সঞ্চয় ও ব্যবহার এবং দামোদর নদীর জলাধারের জল ব্যবহার করতে বহু শিল্পকে বাধ্য করা হয়েছে। এই প্রক্রিয়া ওই অঞ্চলের পরিবেশ রক্ষণে বিশেষভাবে উপযোগী।

৭। পরিবেশ দপ্তর ও পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের হস্তক্ষেপে বানতলা চর্মনগরীতে দূষণ নিয়ন্ত্রণের জন্য অনেক সদর্থক পরিকল্পনা নেওয়া হয়েছে। ইতিমধ্যে, Expert Group Member নিয়মিতভাবে পরিদর্শন করছেন। দূষণ নিয়ন্ত্রণের জন্য শিল্পগুলিকে নিয়মিতভাবে পরামর্শ দেওয়া হচ্ছে। দূষণ নিয়ন্ত্রণের ব্যবস্থাপনা নিয়মিতভাবে চালু আছে এবং দূষণের মাত্রা নিয়ন্ত্রণের মধ্যে আছে।

এছাড়া, বিশ্বব্যাঙ্কের সহায়তায় যে 'ক্যাপাসিটি বিল্ডিং ফর ইন্ডাস্ট্রিয়াল পলিউশন ম্যানেজমেন্টে'র যে প্রকল্প চলছে তার অধীনে একটি সমীক্ষা করা হচ্ছে, যার মাধ্যমে চর্মশিল্পগুলিতে পরিবেশ সংক্রান্ত সমস্যা ও সমাধানের জন্য পরিবেশবান্ধব উন্নততর প্রযুক্তির নিরীক্ষা করা হবে।

৮। মালদা এবং উত্তর দিনাজপুরে ইতিমধ্যে বেশ কয়েকটি শিল্প স্থাপিত হয়েছে এবং সেখানে আধুনিকতম দূষণ নিয়ন্ত্রণের ব্যবস্থাপনা গ্রহণ করা হয়েছে। উল্লেখযোগ্যভাবে বলা যায় যে ফরাক্কা তাপবিদ্যুৎ কেন্দ্রে দূষণ নিয়ন্ত্রণের জন্য কম ছাইযুক্ত কয়লা ব্যবহার করা হচ্ছে। সেই কয়লা ভারতবর্ষে প্রথম পশ্চিমবঙ্গে জলপথের মাধ্যমে ফরাক্কায় আসছে। এইভাবে তথাকথিত carbon footprint কমানো সম্ভব হবে।

৯। কলকাতা মেট্রোপলিটান এলাকাতে বয়লার ও সেরামিক কিল্‌নগুলির জন্য কঠোর বায়ুদূষণ নির্গমণ পরিমাপ ধার্য করা হয়েছে। এছাড়াও, কলকাতা মেট্রোপলিটান এলাকাতে ছোট বয়লার, সেরামিক কিল্‌ন ও বোলিং মিলগলিতে পরিবেশবান্ধব জ্বালানী (যেমন—তেল বা গ্যাস) ব্যবহার করা বাধ্যতামূলক করা হয়েছে।

১০। পশ্চিমবঙ্গে পরিবেশ দপ্তর, পশ্চিমবঙ্গ সরকারের অধীনস্থ সংস্থা পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ, এশিয়ান এনভায়রনমেন্টাল কমপ্লায়েন্স এন্ড এনফোর্সমেন্ট নেটওয়ার্ক (AECEN) সহযোগিতাক্রমে একটি পরিবেশ আইন মান্যতা সহায়ককেন্দ্র (ECAC) এ রাজ্যে গড়ে তোলে। সমগ্র ভারতের ক্ষেত্রে এটি ছিল এই ধরনের প্রথম একটি উদ্যোগ। ২০০৯ সালে এর সহায়তায় কেন্দ্রটি বাস্তবিকরূপে একটি নিজস্ব ওয়েবসাইট (www.ecacwb.org) সহ আত্মপ্রকাশ করে। ECAC-এর মূল উদ্দেশ্য হচ্ছে, শিল্পসংস্থাগুলিকে পরিবেশ রক্ষা বিষয়ক সরকারী নীতি, আইন ও প্রযুক্তিগত পরামর্শ আর্থিক সুযোগ সুবিধাগুলি প্রসঙ্গে যথাবিহিতভাবে অবহিত করা যাতে শিল্পসংস্থাগুলি স্বেচ্ছামূলকভাবে, কোন আর্থিক প্রতিবন্ধকতার সম্মুখীন না হয়ে পরিবেশ আইনগুলি মান্য করে।

বর্তমানে, পশ্চিমবঙ্গে পরিবেশ আইন মান্যতা সহায়ক কেন্দ্রটির কার্যকলাপ ও প্রয়োজনীয় বিকাশের জন্য বিশ্ব ব্যাঙ্কের প্রকল্প 'ক্যাপাসিটি বিল্ডিং ফর ইন্ডাস্ট্রিয়াল পলিউশন ম্যানেজমেন্ট'র মাধ্যমে প্রকল্প মেয়াদকালীন প্রয়োজনীয় আর্থিক ও অন্যান্য সহায়তা প্রদান করা হচ্ছে যাতে সংস্থাটি স্বাধীনভাবে বিকশিত হতে পারে। এই প্রকল্পের অন্তর্গত কেন্দ্রটির মাধ্যমে বিভিন্ন ছোট বা ক্ষুদ্র শিল্প সংস্থান যেমন—গহনা প্রস্তুতকারক কারখানা, মুড়ি কারখানা ইত্যাদিতে দূষণ সমস্যা সমাধানের প্রচেষ্টা করা হচ্ছে।

"অতিরিক্ত বিষয় ক"

Categorization of Industries

RED Category Industry

1. Airports and Commercial Air Strips
2. Aluminium smelter
3. Asbestos and asbestos based industries
4. Automobiles Manufacturing (Integrated facilities)
5. Basic Chemicals and electro chemicals and its derivatives including manufacture of acids
6. Ceramic, Refractories
7. Cement
8. Chlor Alkali
9. Chlorates, perchlorates and peroxides
10. Chlorine, fluorine, bromine, iodine and their compounds
11. Coal Washeries
12. Copper smelter
13. Coke making, liquefaction, colar tar distillation or fuel gas making
14. Common Treatment and disposal facilities (CETP, TSDF, E-Waste recycling, CBMWTF, Effluent conveyance project, incinerators, solvent/Acid recovery plant, MSW sanitary landfill sites, STP)
15. Distillery including Fermentation industry
16. Dyes and Dye-Intermediates
17. Dry coal processing/mineral processing, industries involving ore sintering, palletisation, grinding pulvarization
18. Emulsion of oil & water
19. Fementation industry including manufacture of yeast, beer, distillation of alcohol(ENA)

20. Fertilizer (basic) (excluding formulation)
21. Ferrous and Non-ferrous metal extraction involving different furnaces through melting refining reprocessing casting and alloy making
22. Fibre glass production and processing (Excluding moulding)
23. Fire crackers manufacturing and bulk storage facilities
24. Flakes from rejected PET bottle
25. Fly ash export, transport and disposal facilities
26. Health care establishment (As defined in BWN Rules)
27. Heavy engineering including Ship Building (With investment on Plant & Machineries more than Rs. 10 crores)
28. Hot mix plants
29. Hotels (3 Star & above) and Hotels having 100 rooms and above
30. Hydrocyanic acid and its derivatives
31. Industrial carbon including electrodes and graphite blocks, activated carbon, carbon black
32. Industrial estates/parks/complexes/areas/export processing zones/SEZs/Biotech parks/leather complex
33. Industrial inorganic gases namely : -
    (a) Chemical gases : Acetylene, hydrogen, chlorine, fluorine, ammonia, sulphur dioxide, ethyene, hydrogen sulphide, phosphine
    (b) Hydrocarbon gases : Methane, ethane, propane
34. Industries engaged in recycling/reprocessing/ recovery/reuse of Hazardous Waste under schedule IV of Hazardous Waste (M. H&TBM) Rules, 2008 and its amendments
35. Industry or process involving foundry operations
36. Industry or process involving metal surface treatment or process such as pickling/plating/electroplating/paint stripping/heat treatment/phosphating or finishing and anodising/ enamelling/ galvanising
37. Iron and Steel (involving processing from ore/integrated steel plants and or Sponge Iron Units
38. Isolated storage of hazardous chemicals (as per schedule of Manufacture, Storage & Import of Hazardous chemicals Rules, 1989 as amended)

39. Lead acid battery manufacturing (excluding assembling & charging of acid lead battery in micro scale [< Rs. 25 lakhs]
40. Lime manufacturing (Using Lime Kiln)
41. Manufacturing of Explosives, detonators, fuses including management and handling activities
42. Manufacturing of Glass
43. Manufacturing of Glue and gelating
44. Manufacturing of Lubricating oils, greases or petroleum based products
45. Manufacturing of Paints, Varnishes, pigments and intermediate (excluding blending/mixing)
46. Manufacturing of Starch/Saggo
47. Milk processing and dairy products (integrated project)
48. Mineral stack yards/Railway sidings
49. Mining and ore benification
50. New Highway construction projects
51. Non alcoholic beverage (soft drink) & bottling of alcoholic/ non-alcoholic products (capital investment on plant & machinery >Rs. 1 crore)
52. Nuclear Power Plants
53. Oil & Gas extraction including CBM (offshore & onshore extraction through drilling wells)
54. Oil and gas transportation pipeline
55. Oil Refinery (Mineral Oil or Petro Refineries)
56. Organic chemicals manufacturing
57. Parboiled rice mills (more than 10 TPD)
58. Pesticides (Technical) (excluding formulation)
59. Petrochemicals (Manufacture of and not merely use of as raw material)
60. Pharmaceuticals (excluding formulation)
61. Pulp and Paper (paper manufacturing with or without pulping)
62. Phosphate rock processing plant
63. Phosphorous and its compounds
64. Photographic filsm and its chemicals

65. Ports & Harbours, Jetties and Dredging Operations
66. Powr Generation Plants (Except Wind, Solar and Mini Hydel Powr plants of capacity <25 MW) and DG set of capacity>5 MVA)
67. Processes involving chlorinated hydrocarbons
68. Railway Locomotive workshops/Integrated Road transport workshop/Authorised service centres
69. Reprocessing of used oils and waste oils
70. Ship breaking activities
71. Slaughter houses (As per the notification S.O.270) (E) dated 26.03.2001) and meat processing industries. bone mill, processing of animal horns, hoofs and other body parts
72. Steel and steel products using various furnaces like blast furnaces/open hearth furnace/induction furnace/arc furnace/ submerged are furnace/basic oxygen furnace/hot rolling using reheating furnace
73. Stone crushers
74. Sugar (excluding Khandsari)
75. Surgical and medical products involving prophylactics and latex
76. Synthetic detergents and soaps (excluding formulation)
77. Synthetic fibres including rayon, tyre cord, polyester filament yarn
78. Synthetic resins
79. Synthetic rubber excluding molding
80. Tanneries
81. Thermal Power Plants
82. Tobacco products including cigarettes and tobacco/opium processing
83. Vegetable oils including solvent extraction and refinery/ hydrogenated oils
84. Yarn/textile processing involving any effluent/emission-generating process, bleaching, dyeing, printing and scouring.
85. Zinc Smelter

Note : Any industry/industrial activity which is not covered in the above list having coal fired boiler with steam generation capacity more than 5 T/hr will be covered under Red Category.

প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত কৃষকদের সাহায্য

*১৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *২০৬) শ্রী সুনীল কুমার মণ্ডল : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সাম্প্রতিক বন্যা ও প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত কৃষকদের সাহায্যার্থে সরকার একটি পরিকল্পনা গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হলে, তার রূপরেখা কিরূপ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

হ্যাঁ, প্রাকৃতিক দুর্যোগ ও বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের সাহায্যার্থে সরকার একটি পরিকল্পনা গ্রহণ করেছে।

সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের সাহায্যার্থে বিভিন্ন ফসলের বীজ মিনিকিট ও সার-মিনিকিট বিতরণ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বন্যাকবলিত জেলার ক্ষতিগ্রস্ত কৃষকদের মধ্যে বীজ মিনিকট ও সার-মিনিকিট বিতরণ করা হয়েছে এবং হচ্ছে। ক্ষতিগ্রস্ত জেলায় যে সব বীজ মিনিকিট ও সার মিনিকিট বিতরণ করার পরিকল্পনা নিম্নরূপ :

মিনিকিটের সংখ্যা

জেলার নাম	ধান বীজ মিনিকিট (৬ কেজি প্রতি প্যাকেট (১)	সরিষা বীজ মিনিকিট (১ কেজি প্রতি প্যাকেট (২)	মসুর বীজ মিনিকিট (৪ কেজি প্রতি প্যাকেট) (৩)	মুগ বীজ মিনিকিট (৪ কেজি প্রতি প্যাকেট) (৪)
পূর্ব মেদিনীপুর	১,৮৫,০০০	০	০	০
পশ্চিম মেদিনীপুর	৪৬,৮৪৭	৬৯,৮৭৫	৫,০০০	৮,০০০
হাওড়া	০	২০,০০০	০	৪,০০০
হুগলী	৬,০০০	২৮,৫২০	০	২,৫০০
বাঁকুড়া	০	১৪,০০০	০	০
মোট মিনিকিটের সংখ্যা	২,৩৭,৮৪৭	১,৩২,৩৯৫	৫,০০০	১৪,৫০০
৩.২	২.২	২.২	২.২	২.২

মিনিকিটের সংখ্যা

জেলার নাম	চীনা বাদাম বীজ মিনিকিট (১৫ কেজি প্রতি প্যাকেট (৫)	তীল বীজ মিনিকিট (১ কেজি প্রতি প্যাকেট (৬)	হাইব্রীড ভুট্টার বীজ মিনিকিট (৩ কেজি প্রতি প্যাকেট) (৭)	সার এন.পি.কে ১০:২৬:২৬ (১০ কেজি প্রতি প্যাকেট) (৮)
পূর্ব মেদিনীপুর	০	০	০	১,৮৫,০০০
পশ্চিম মেদিনীপুর	১১,০০০	২১,৪৫৪	১৪,০০০	১,৭৬,১৭৬
হাওড়া	৩,০০০	২৬,৮০০	৩,২৮৪	৫৭,০৮৪
হুগলী	২,৫০০	১৬,০৩২	১,৭১৬	৫৬,২৬৮
বাঁকুড়া	০	২০,০০০	৩,০০০	৩৭,০০০
মোট মিনিকিটের সংখ্যা	১৬,৫০০	৮৪,২৪৬	২২,০০০	৫,১১,৫২৮
৩.২	২.২	২.২	২.২	২.২

বন্যায় ক্ষয়ক্ষতির পরিমাণ

*১৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৯) **শ্রী শাহাজাহান চৌধুরী :** বিপর্যয় ব্যবস্থাপন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সাম্প্রতিককালে রাজ্যে কতগুলি জেলা বন্যা কবলিত হয়েছে ;

(খ) ক্ষতিগ্রস্ত জেলাগুলিতে আর্থিক ক্ষতির পরিমাণ কত ; এবং

(গ) কেন্দ্রীয় সরকারের কাছে এ বিষয়ে আর্থিক সাহায্য চাওয়া হয়েছে?

বিপর্যয় ব্যবস্থাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সাম্প্রতিক কালে (১৩.১০.১৩-২৭.১০.১৩) রাজ্যে ৯টি (নয়টি) জেলা বন্যা কবলিত হয়েছে/জেলাগুলি হল : হাওড়া, হুগলী, বর্ধমান, বীরভূম, বাকুড়া, পুরুলিয়া পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, এবং মালদা।

(খ) ক্ষতিগ্রস্ত জেলাগুলিতে আর্থিক ক্ষতির পরিমাণ হল : ৫৪৩৯২.৫৫ লক্ষ টাকা।

(গ) কেন্দ্রীয় সরকারের কাছে এবিষয়ে আর্থিক সাহায্য চাওয়ার ব্যাপারে প্রস্তাব তৈরী করা হচ্ছে।

প্রাথমিক স্কুলে শিক্ষক

*১৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৫) **শ্রী নেপাল মাহাত :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩০শে অক্টোবর, ২০১৩ সাপেক্ষে পুরুলিয়া জেলাতে মোট কতগুলি প্রাথমিক স্কুলে—

(১) একজন করে শিক্ষক আছে ;

(২) দুইজন করে শিক্ষক আছে ;

(৩) তিনজন করে শিক্ষক আছে ; এবং

(৪) তিনের বেশি শিক্ষক আছে?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩০শে অক্টোবর, ২০১৩ সাপেক্ষে পুরুলিয়া জেলাতে মোট প্রাথমিক শিক্ষক আছে—

(১) একজন করে ৩৭১টি স্কুলে।

(২) দুইজন করে ১৫২৩ টি স্কুলে।

(৩) তিনজন করে ৬৭৪ টি স্কুলে। এবং

(৪) তিনের বেশী ৪২৪ টি স্কুলে।

আমন্ত্রিত অধ্যাপক ও অধ্যাপিকার সংখ্যা

*১৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৩) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী ঃ** উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত ২০১১-১২ ও ২০১২-১৩ অর্থবর্ষে প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে আমন্ত্রিত অধ্যাপক ও অধ্যাপিকাদের সংখ্যা কত ছিল ; এবং

(খ) ঐ আমন্ত্রিত অধ্যাপক এবং অধ্যাপিকারা কোন্ কোন্ বিষয়ে অধ্যাপনার জন্য আমন্ত্রিত হয়েছিলেন?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

গত ২০১১-১২ ও ২০১২-১৩ অর্থবর্ষে প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে আমন্ত্রিত অধ্যাপক ও অধ্যাপিকাদের সংখ্যা ছিল —২০১১-১২ তে ১৮১ ও ২০১২-১৩ তে ১২৯।

আমন্ত্রিত অধ্যাপক ও অধ্যাপিকারা যে যে বিষয়ে অধ্যাপনার জন্য আমন্ত্রিত হয়েছিলেন সেইগুলি নিচে দেওয়া হল—

	বিষয়	আমন্ত্রিত অধ্যাপক ও অধ্যাপিকার সংখ্যা ২০১২-১৩	২০১১-১২
১	বাংলা	১৯	৮
২	ই-এস-এম	০	২২
৩	বায়ো-টেকনোলোজি	৪	৬
৪	উদ্ভিদবিদ্যা	১০	৩
৫	রসায়ন	০	১৬
৬	অর্থনীতি	৯	৩
৭	ইংরাজি	২	৩৮
৮	ভূগোল	২	১
৯	ভূতত্ত্ব	১৮	১২
১০	হিন্দী	২	০
১১	ইতিহাস	৭	১৫
১২	গণিত	১৩	৪
১৩	প্রাণীবিদ্যা, মলিকিউলার বায়োলজি	৪	৭
১৪	দর্শন	১৫	৮
১৫	ভৌতবিজ্ঞান	৭	১৯
১৬	ফিসিওলজি	০	৯
১৭	রাষ্ট্রবিজ্ঞান	৬	১
১৮	সমাজবিজ্ঞান	৮	৩
১৯	রাশিবিজ্ঞান	৩	৬
মোট		১২৯	১৮১

গভর্নমেন্ট এডেড মাধ্যমিক বিদ্যালয়

*১৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৫) শ্রী ইনসার আলী বিশ্বাস : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গভর্নমেন্ট এডেড মাধ্যমিক বিদ্যালয়গুলিকে গভর্নমেন্ট স্পনসর্ড বিদ্যালয়ে অন্তর্ভুক্ত করা হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, তার সুবিধা কি কি?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) গভর্নমেন্ট এডেড মাধ্যমিক বিদ্যালয়গুলিকে গভর্নমেন্ট স্পনসর্ড বিদ্যালয়ে অন্তর্ভুক্ত করার জন্য বিদ্যালয় শিক্ষা বিভাগ বিগত ১লা এপ্রিল, ২০১৩ তারিখে বিজ্ঞপ্তি নং -৪৯১ এস এল তাং ২০/৩/২০১৩ জারি করেছিল। এখন বিদ্যালয়গুলির ইচ্ছাপত্র অনুসারে এডেড বিদ্যালয়গুলিকে গভর্নমেন্ট স্পনসর্ড করা হচ্ছে।

(খ) রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযান — ২০০৯ (কেন্দ্রীয় সরকার দ্বারা পরিচালিত)-এর সুবিধা পাবার জন্য বিদ্যালয় শিক্ষা বিভাগ এই পদক্ষেপ নিয়েছে।

কৃষি পেনশন

*১৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭৯০) শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো ঃ কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ২০১২—২০১৩ ও ২০১৩—২০১৪ আর্থিক বৎসরে রাজ্যে কতজন কৃষকের কৃষি পেনশন মঞ্জুর করা হয়েছে এবং

(খ) ঐ সময়ে পুরুলিয়া জেলাতে কতজন কৃষক কৃষি পেনশন পেয়েছে/পাচ্ছে?

২০১২-১৩ আর্থিক বছরে পশ্চিমবঙ্গে মোট কৃষি পেনশন পেয়েছে ৬৬,০৪২ জন এবং ২০১৩-১৪ আর্থিক বছরে পশ্চিমবঙ্গে মোট কৃষি পেনশন পেয়েছে ৬৬,৬৪৬ জন।

২০১২-১৩ আর্থিক বছরে শুধু পুরুলিয়া জেলায় কৃষি পেনশন পেয়েছে ৪,১২৫ জন এবং ২০১৩-১৪ সালে কৃষি পেনশন পেয়েছে ৪,১০৭ জন।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received one notice of Adjournment Motion from Shri Tajmul Hossain, Shri Paresh Chandra Adhikary, Shri Anisur Rahaman, Shri Basudev Mete, Shri Choudhury Md. Hedayatullah, Shri Anandamay Mandal, Shri Ramsankar Halder and Shri Gouranga Chatterjee on the subject of alleged attack on Ex-Minister, Ex-MLA and others at Dhaniakhali, Hooghly yesterday.

The subject matter of the motion relates to general law and order situation in the State and is not such that may call for the adjournment of the business of the House. Members may invite attentin of the concerned Ministers through Calling Attention, Mention, Question etc.

I, therefore, withhold my consent to the Motion.

One Member of the party may, however, read the text of the Motion as amended.

শ্রী তজমুল হোসেন : স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ, জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছে। বিষয়টি হল—গতকাল হুগলী জেলার ধনেখালিতে রাজনৈতিক সভায় উপস্থিত ছিলেন প্রাক্তন মন্ত্রী ও প্রাক্তন বিধায়ক। সভা চলাকালীন কিছু দুষ্কৃতী আক্রমণ চালায়। আক্রমণের ফলে প্রাক্তন মন্ত্রী ও প্রাক্তন বিধায়ক সহ বেশ কয়েকজন আহত হন। পুলিশ এখনও পর্যন্ত কাউকে গ্রেফতার করতে পারেনি।

(এই সময় মাইক অফ হয়ে যায়)

(......তুমুল গোলমাল.......)

(এই সময় মাননীয় বিরোধী সদস্যগণ দাঁড়িয়ে কিছু বলতে চেষ্টা করেন।)

(......তুমুল গোলমাল.....)

মিঃ স্পীকার : বসুন, বসুন। প্লিজ, আপনারা বসুন। (.....তুমুল গোলমাল).....প্লিজ আপনারা বসুন। (......তুমুল গোলমাল.....)I am on my leg. Please take your seat. Please take your seat. I am on my leg. Please take your seat. গৌরাঙ্গবাবু সবাইকে বুঝিয়ে বসতে বলুন।

(At this stage Hon-ble Parliamentary Secretary, Smt. Asima Patra rose to speak)

I named you, Hon-ble Parliamentary Secretary. I named you. আমি বলছি আপনারা বসুন দয়া করে। প্লিজ বসুন। (......তুমুল গোলমাল......) Please take your sit, I name you, প্লিজ, আপনারা বসুন।

CALLING ATTENTION (NOTICE)

Mr. Speaker : Today, I have received two (2) notices of Calling Attention on the following subjects, namely :

Subject		Name
(i) Steps taken by the State Govenment for implementation of plan of a deep water reservoir in the Western side of the Damodar Barrage.	:	Shri Sunil Kumar Mondal
(ii) Alleged resignation of C.P.I. (M) Councillor at Arambag Municipality.	:	Shri Sahajahan Choudhury

I have selected the notice of Shri Sunil Kumar Mondal on the Subject of the Steps taken by the State Government for Implementation of plan of a deep water reservoir in the Western side of the Damodar Barrage.

CALLING ATTENTION (STATEMENT)

The Minister-in-Charge is here. Have you gone through the subject ? Please make a statement today, if possible or give a date.

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় সদস্যের দৃষ্টি আকর্ষণের উত্তরে বলি, উনি যে প্রশ্নটা রেখেছেন ডিপ রির্জভারের ব্যাপারে এটা অলরেডি আমাদের জরিপ চলছে এবং এটা আমরা অতি দ্রুত উদ্যোগ নিয়েছি এবং অলরেডি পুনাতে গিয়েছে রিসার্চ ইন্সটিটিউটে সার্ভে হতে এবং খুব শীঘ্রই আমরা এটা টেকআপ করেছি।

Now I call upon the Minister-in-Charge of the Irrigation and Waterways Department to make a statement on the subject of deplorable condition of river embankment from Satkahania to Mangalopur in Bankati Gram Panchayat area under Galsi Assembly Constituency.

(Attention called by Shri Sunil Kumar Mondal on the 2nd December, 2013)

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়ক সুনীল কুমার মণ্ডলের দৃষ্টি আকর্ষণীর উত্তরে বলি—একথা সত্য যে বিগত বাম আমলে বেশ কয়েকবার, শেষবার ২০০০ সালে, সাতকাহানিয়া থেকে মঙ্গলপুর ঘাট পর্যন্ত অজয় নদীর ডান পাড়ে প্রায় ১২কি.মি. দৈর্ঘ্যে বাঁধের ভাঙ্গনের ঘটনা ঘটেছিল। মাননীয় বিধায়ক নিশ্চয়ই অবগত আছেন যে বিগত দিনে বাঁধের মজবুতিকরণের কাজ হয়েছে। এলাকাটি বিভাগীয় আধিকারিক ও কর্মীরা নিয়মিত নজরদারী করেন ও বর্ষাজনিত কারণে ক্ষয়ক্ষতি—যাকে আমরা রেইনকাট বলি—নিয়মিত মেরামতি করা হয়। উক্ত এলাকায় বাঁধের সামগ্রিক অবস্থা খুব খারাপ, একথা বলা যাবে না। মাঠে জরীপ থেকে উঠে আসা তথ্য অনুযায়ী ১২ কি.মি. দৈর্ঘ্যের মধ্যে অজয়ের উপরে ইলামবাজার ব্রীজ সংলগ্ন কমবেশি ০.৮ কি.মি. এলাকায় নদীর খাতে থেকে বাঁধ পর্যন্ত বিস্তৃত চরভূমির প্রস্থ দাঁড়িয়েছে সর্বনিম্ন ১৭ মিটার, বাকি ১১.২ কি.মি জায়গায় ওই প্রস্থ ৪০ মিটার থেকে ৫০ মিটার। মাননীয় বিধায়কের প্রশ্নে উল্লেখিত এলাকায় নদীবাঁধ ও ভাঙ্গনপ্রবণ অংশ পর্যবেক্ষণের আওতায় আছে এবং আশু বিপদের কোন সম্ভাবনা নেই। প্রয়োজনে জরুরীভিত্তিতে মেরামতির কাজ হবে।

LAYING OF REPORT AND ACCOUNTS

The 28th Annual Report and Accounts together with Audit Report thereon, of the West Bengal Power Development Corporation Limited For the year 2012-2013

Shri Manish Gupta : Sir, I beg to lay the 28th Annual Report and Accounts togetherwith Audit Report thereon, of the West Bengal Power Development Corporation Limited for the year 2012-2013.

LAYING OF BUDGET

The Annual Budget of Damodar Valley Corporation for the Year 2013-2014

Shri Rajib Banerjee : Sir, I beg to lay the Annual Budget of Damodar Valley Corporation for the year 2013 -2014.

MENTION CASES

শ্রী ইনসার আলি বিশ্বাস : (নট প্রেজেন্ট)

ডঃ তরুণকান্তি নস্কর : স্যার, আপনার মধ্যে দিয়ে আমি পৌর দপ্তরের মন্ত্রী এবং শিক্ষা দপ্তরের মন্ত্রীকে এক সঙ্গে দৃষ্টি আকর্ষণ করতে চাইছি যে, আজ থেকে ৮ বছর আগে তারকেশ্বর গেস্ট হাউসে একটা কেন্দ্রীয় বিদ্যালয় গড়ে উঠেছিল।

সেটার এক ক্লাস এক ক্লাস করে এখন ক্লাস এইটে পৌছেছে। কিন্তু এখনও পর্যন্ত তার উপযুক্ত স্কুল ভবন তৈরি হয়নি। কিন্তু স্কুলটা যেহেতু গেস্ট হাউসে এবং তারকেশ্বরের মত জায়গায় ফলে সেখানে নানা রকম লোকজন যাতায়াত করে, যাদের উপস্থিতি স্কুলের পরিবেশের পক্ষে একেবারেই উপযুক্ত নয়। তারকেশ্বর পৌরসভার সহায়তায় এই স্কুলটি চলে। ফলে আমার অনুরোধ যে এই গেস্ট হাউস থেকে স্কুলটা স্থানান্তরিত করে অন্য কোথাও যেটা স্কুলের পরিপূরক একটা অ্যাটমোসফিয়ার, সেখানে যদি করা যায় তাহলে ভাল হয়। এই বিষয়টি দেখার জন্য আমি দুই মন্ত্রীকে অনুরোধ করছি।

শ্রী শাহাজাহান চৌধুরী : (অ্যাবসেন্ট)।

শ্রী সুনীল কুমার মণ্ডল : (অ্যাবসেন্ট)।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : (অ্যাবসেন্ট)।

শ্রী বাসুদেব মেটে : (অ্যাবসেন্ট)।

শ্রী আনিসুর রহমান : (অ্যাবসেন্ট)।

শ্রী চৌধুরী মহঃ হেয়ায়েতউল্লাহ : (অ্যাবসেন্ট)।

শ্রী তজমুল হোসেন : (অ্যাবসেন্ট)।

শ্রী রামশংকর হালদার : (অ্যাবসেন্ট)।

শ্রী বিশ্বনাথ কারক : (অ্যাবসেন্ট)।

শ্রী এস. এম. সাদি : (অ্যাবসেন্ট)।

ZERO HOUR

শ্রী শাহাজাহান চৌধুরী : (নট রেসপন্ডিং)।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : (অ্যাবসেন্ট)।

ম্যাডাম ডেপুটি স্পীকার : এখন বিরতি। আমরা আবার বেলা একটার সময় মিলিত হব।

(After Recess)

[1.00 p.m.–1-10 p.m.]

LEGISLATION

The Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2013

Shri Firhad Hakim : Madam Deputy Speaker , I beg to introduce the Kolkata Municipal Corportaion (Amendment) Bill,

(Secretary then read the Title of the Bill)

Shri Firhad Hakim : Madam Deputy Speaker, I beg to move that the Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2013 be taken into consideration.

শ্রী শাহ্যজাহান চৌধুরী : অ্যাবসেন্ট।

শ্রী স্বর্ণকমল সাহা : মাননীয় উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে আজকে মাননীয় মন্ত্রী শ্রী ফিরহাদ হাকিম যে অ্যামেন্ডমেন্ট বিল — দি কলকাতা মিউনিসিপাল কর্পোরেশান (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৩ এনেছেন, সেই পরিপ্রেক্ষিতে আমি কয়েকটি কথা বলতে চাই। বরো কমিটির উপরেই সেকশান ১১। বরো কমিটির সাবসেকশান আছে ৮টি — ১ থেকে ৮। যেটার পরিবর্তনে অর্থাৎ অ্যামেন্ডমেন্ট যেটা আনবেন সেটা হল সাবসেকশান ৪ এবং সাবসেকশান ৫ — চেয়ারম্যান নির্বাচন নিয়ে। আমরা জানি কোলকাতা মিউনিসিপাল কর্পোরেশানে ১৫টি বরো আছে। প্রত্যেকটি বরোতে একজন করে চেয়ারম্যান থাকে। প্রত্যেকটি বরোতে যে ক'জন কাউন্সিলার মেম্বার হিসাবে আছেন, তাদের ভোটে নির্বাচিত হন এক-একটা বরোর চেয়ারম্যান। আইন অনুযায়ী বরোর চেয়ারম্যান একবার যদি নির্বাচিত হয়, সেই বরোর চেয়ারম্যানের কার্যকাল থাকে এক বছর এবং সেই এক বছর তিনি তার চেয়ারম্যানশিপ চালিয়ে যাবেন।

এর আগে যেটা ছিল The members of each Borough Committee shall elect from amongst themselves one member to be its Chaiman who shall not be a member of the Mayor-in-Council or the Chairman of the Corporation. অর্থাৎ একটা রেসট্রিকশান ছিল। যে বোরো কমিটির চেয়ারম্যান নির্বাচিত হবে, সেই বোরো কমিটিতে কোনো মেম্বার অর্থাৎ কাউন্সিলার যদি Mayor-in-Council থাকে

কিংবা Chairman of the Calcutta Municipal Corporation থাকে, তিনি ওই বোরো কমিটির চেয়ারম্যান হিসাবে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না। অ্যামেন্ডমেন্ট যেটা এসেছে সেটা হল Section 11 Sub-section (4) (A)-এ Member of the Borough Committee, অর্থাৎ বোরো কমিটি সেকসান 4 (A) নির্বাচনে MIC এবং Chairman of the Municipal Corporation-এ তারা কনটেস্ট করতে পারবে না, সেটা উইথড্র হল। অর্থাৎ সমস্ত সদস্যরা, একটা বোরো কমিটিতে যে কজন কাউনসিলার আছে, সে চেয়ারম্যানই থাকুক কিংবা মেয়র-ইন কাউন্সিলের সদস্যই থাকুন, তাদের এই কমিটিতে চেয়ারম্যান হিসাবে প্রতিদ্বন্দ্বিতা করার অবকাশ থাকল। এই যে অ্যামেন্ডমেন্টটা এসেছে, আমি মনে করি এটা সঠিক অ্যামেন্ডমেন্ট। এই অ্যামেন্ডমেন্টটা আসা উচিত ছিল। আর একটা জিনিস একবার যদি চেয়ারম্যান নির্বাচিত হয় একটা বোরো কমিটির, পুরো বছরে তাঁর বিরুদ্ধে রিমুভালের কোনো অপসান আইনে ছিল না। শুধুমাত্র যেটা দেখা যাচ্ছে সেকসান 5-এ। The Chairman may at any time resign his office by giving notice in writing to the Mayor and the resignation shall take effect from the date of its acceptance by the Mayor. এই টুকুই আমাদের সাবসেকশান ৫-এ ছিল। সেখানে কোথাও বোরো কমিটির চেয়ারম্যানের বিরুদ্ধে, যদি সেই বোরো কমিটির সদস্য, মেম্বাররা, অর্থাৎ কাউন্সিলাররা তার উপর যদি কোনো কাজে বিরক্ত হন কিংবা তাঁর প্রতি অনাস্থা জ্ঞাপন করার কথা ভাবেন, এই প্রভিশনটা এই আইনে ছিল না। এবার সেটা এনেছেন। এবার সেটা এনে যেটা বলছেন, প্রথম কথা হল একবার যদি ভ্যাকেন্সি ক্রিয়েট হয়, চেয়ারম্যানের যদি ভ্যাকেন্সি ক্রিয়েট হয় The chairman shall cease to hold office as such if he ceases to be councillor. তার কাউন্সিলারসিপ যদি না থাকে সে ক্ষেত্রে কি হবে? এটা পরিষ্কার ছিল না। এক্ষেত্রে এটা পরিষ্কার করে দিয়েছে যে আমাদের কাউন্সিলারের কাউন্সিলারসিপ চলে গেলে সেই জায়গায় চেয়ারম্যানসিপটাও চলে যাবে। এটা পরিষ্কার করে দেওয়া হয়েছে। যেটা একদমই পরিষ্কার করা ছিল না। এই প্রভিশনটা এনেছেন বাই অ্যামেন্ডমেন্ট। আর একটা হল The Chairman may at any time resign his office by giving. যেটা বললাম, চেয়ারম্যানকে রিমুভালের যে প্রশ্নটা, সেই রিমুভালের প্রশ্নটা এখানে দাঁড়াচ্ছে অ্যামেন্ডমেন্ট যেটা এসেছে ৫ (B)-তে The Chairman may be removed from office by a resolution carried by a majority of the total number of elected members of the Borough Committee holding office for the time being, present and voting by them, at a special meeting to be called for his purpose in the manner as may be determined by the Corporation by regulation. এখানে চেয়ারম্যানের বিরুদ্ধে যদি অনাস্থা জ্ঞাপন করে একটা বোরো কমিটিতে যতজন সদস্য আছে, মিনিমাম ওয়ান থার্ড মেম্বার তার বিরুদ্ধে অনাস্থার জন্য প্রস্তাব আনতে পারে।

[1.10–1.20 p.m.]

সেই প্রস্তাব আনা অনুযায়ী যে স্পেশাল মিটিং হবে, সেই স্পেশাল মিটিঙে যদি দেখা যায়, চেয়ারম্যানের বিরুদ্ধে যে অনাস্থা এসেছে, তার পক্ষে, অর্থাৎ চেয়ারম্যানের রিমুভালের পক্ষে যদি

মেজরিটি মেম্বাররা ভোট দেন, তাহলে তার চেয়ারম্যানশিপ চলে যাবে। আবার যদি এমন হয়, অনাস্থা প্রস্তাব আনা হ'ল, অথচ মেজরিটি ভোটার চেয়ারম্যানের পক্ষেই রইলেন, অর্থাৎ রিমুভালের জন্য যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাব গৃহীত হ'ল না, মেজরিটি ভোট তার পক্ষে না যাওয়াতে। এখান আর একটা কন্ডিশন করে দেওয়া হয়েছে, চেয়ারম্যান একবার ইলেকটেড হওয়ার ৬ মাসের মধ্যে তার বিরুদ্ধে কোন অনাস্থা আনা যাবে না। এই যে রেস্ট্রিকশনটা দিয়েছে, আমি মনে করে এটাও সঠিক। কারণ একজন চেয়ারম্যান, চেয়ারম্যানশিপ পাওয়ার পরে বরো কমিটি চালাতে হলে অন্তত ৬ মাস সুযোগ দেওয়ার পরই তার বিরুদ্ধে অনাস্থা আনার সুযোগটা রেখেছে। তাকে ৬ মাস প্রোটেকশান দেওয়া হচ্ছে। তাকে কাজ করার সুযোগ করে দেওয়া হচ্ছে। এই ৬ মাসের মধ্যে তার বিরুদ্ধে অনাস্থা আনা যাবে না এবং ৬ মাস পরে যদি তার বিরুদ্ধে অনাস্থা আনা হয় এবং সেই অনাস্থা যদি ফেইল করে, অর্থাৎ অনাস্থা যারা আনছেন, তারা যদি মেজরিটি ভোট না নিতে পারেন, চেয়ারম্যানের বিরুদ্ধে তাহলে সেটা খারিজ হয়ে যাবে এবং পরবর্তীকালে ৬ মাসের মধ্যে সেই চেয়ারম্যানের বিরুদ্ধে আর অনাস্থা আনা যাবে না। এই দুটো সাব সেকশন ৪ এবং ৫-এর মধ্যে ইনসার্টেড হয়েছে। আমি মনে করি এটা সঠিক ইনসার্সান হয়েছে এবং এটা ১৯৮০ অ্যাক্টের যে রুলটা দিয়ে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে প্রথম নির্বাচন হয়েছিল ১৯৮৫ সালে, সেই থেকে এখন পর্যন্ত এর প্রয়োজনীয়তা উপলব্ধি হওয়া সত্ত্বেও আগে এই আমেন্ডমেন্টটা আসেনি। মাননীয় মন্ত্রী ফিরহাদ হাকিম, যিনি দীর্ঘদিন ধরে কলকাতা কর্পোরেশনের কাউন্সিলর ছিলেন, তিনি বুঝেছেন যে, একজন চেয়ারম্যানের বিরুদ্ধে যদি মেম্বাররা অনাস্থা জ্ঞাপন করে, তার কোন স্কোপ নেই এই আইনে, সেই স্কোপটা তিনি এনে দিয়েছেন। আমি মনে করি এটা সঠিক সিদ্ধান্ত, এর প্রয়োজন ছিল। স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যাণ্ড রিজনসে বলা হয়েছে, Procedure for removal of the chairman, if necessary — যদি প্রয়োজন হয় রিমুভালের, এই সুযোগটা এনে দেওয়া হয়েছে। There is no financial implication involved in giving effect. সুতরাং এখানে কোন আর্থিক ইনভলভমেন্ট হচ্ছে না। সুতরাং এক্ষেত্রে আমি মনে করি এটা সঠিক সিদ্ধান্ত, যেটা মাননীয় মন্ত্রী এনেছেন। এই পরিবর্তনটা একান্ত জরুরী। এই যে The Kolkata Municipal Corporation (Amendment) Bill 2013, তাকে আমি সর্বতোভাবে সমর্থন জানিয়ে আমার কথা শেষ করছি।

শ্রী আলি ইমরান রামজ : (নট রেস্পন্ডেড)

শ্রীমতী স্মিতা বক্সী : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, আজকে 'The Kolkata Municipal Corporation (Amendment) Bill 2013', যেটা মাননীয় মন্ত্রী এনেছেন, তাকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। সেকসন ১১-এর সাব সেকসন ৪-এ যেটা আগে ছিল, কর্পোরেশনের মেয়র ইন কাউন্সিল অথবা তারা কর্পোরেশনের কোন বরো কমিটির চেয়ারম্যান হতে পারবেন না, কিন্তু এই সংশোধনী বিলে সেই বাধাটা তুলে দিয়ে যেটা আনা হয়েছে আমি মনে করি সেটার খুব প্রয়োজন ছিল। রেজুলেশনের মাধ্যমে ইলেকশনের প্রক্রিয়াকে ক্ষমতা দেওয়া হ'ল এবং নতুন সাব সেকশন ৪-এ তে সেকসন ১১ এর পরে ইনসার্ট করা হ'ল যে, কোন বরো কমিটির চেয়ারম্যানের ডেথ্, বা রিমুভাল, অথবা রেজুলেশন, অথবা, কোন কারণে যদি চেয়ারম্যানের

পদ খালি হয় তাহলে এই বরো কমিটির মধ্যে যে কজন সদস্য থাকবেন তাদের মধ্যে থেকেই ইলেকশনের মাধ্যমে আবার নতুন করে বরো চেয়ারম্যানকে নিয়ে আসা হবে এবং আমরা দেখেছি যে ওয়ান থার্ড মেজরিটি যদি থাকে তাহলে ইলেকশনের মাধ্যমে বরো চেয়ারম্যান করা যায় এবং বরো চেয়ারম্যানের কাজে যে সময়টা থাকে এক বছর একবার, একটা বরো কমিটির চেয়ারম্যান যখন সিলেক্ট হয় তার মেয়াদ থাকে এক বছর, এই মেয়াদে নেওয়া হয়েছে যে বরো কমিটির চেয়ারম্যানের কাজে যদি কেউ অসন্তুষ্ট হয় বা তার কাজে বিরক্ত হয় তাহলে কমিটির ওয়ান থার্ড যতক্ষণ না ৬ মাস কাল তার যাবে, ৬ মাসের আগে তার উপর কোন রকম অনাস্থা আনা যাবে না। অনাস্থা আনার পরেও দেখা যায় যে যদি ওয়ান থার্ড মেজরিটি না পায় তাহলে সেই অনাস্থার কোনরকম ভ্যালু থাকে না এবং একবার যদি চেয়ারম্যানশিপ খালি হয় তাহলে আবার ইলেকশনের মাধ্যমে এই চেয়ারম্যান পদ আবার হতে পারে। আমরা সবথেকে যেটা উপলব্ধি করি, আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় অনেকদিন ধরেই কলকাতা করপোরেশনের সঙ্গে যুক্ত এবং তিনি ওখানে কাউন্সিলার এবং উনি এম এম আই সিও ছিলেন। উনি যেটা উপলব্ধি করেছেন, আগে আমাদের ছিল যে বরো কমিটির চেয়ারম্যান হতে গেলে কোন এম আই সির পদে থাকলে বা করপোরেশনের চেয়ারম্যান পদে থাকলে সে বরো কমিটির চেয়ারম্যান হতে পারে না। কিন্তু আমরা দেখেছি যে বরো কমিটির চেয়ারম্যান হতে গেলে বরো কমিটির অনেক অভিজ্ঞতা দরকার। এমনও অনেক সময়ে আসে যে বরো কমিটির চেয়ারম্যানের প্রয়োজন আছে সেখানে অনেক নতুন নতুন সদস্য আছে। কিন্তু কোন অভিজ্ঞতা নেই। সেখানে কিন্তু বরো চেয়ারম্যান করতে গেলে কলকাতা করপোরেশনের চেয়ারম্যান বা এম আই সি যে আছেন, তাকেই সেই পদে নিয়ে আসার প্রয়োজন হয়ে পড়ে। এই জন্য আমি এই বিলটাকে সমর্থন করছি এবং আমি জানি যে ফাইভ বিতে যেটা দেওয়া আছে রিমুভাল সিলেকশনের মাধ্যমে হয় এবং একবার যদি অনাস্থা আনা যায় সেই অনাস্থা যদি ফেল করে তাহলে দ্বিতীয়বার সেই অনাস্থা আনা যাবে না এখনকার আইনে। আগের সেকশন ইলেভেন, সাব সেকশন ফাইভ এই ভাবে ফাইভ-এ করে ভাগ করে দেওয়া হয়েছে। আর ফাইভ-বি রিমুভাল চেয়ারম্যানের প্রভিশন আগে ছিল না। এখন এটাও দেওয়া হয়েছে যে ৬ মাস পরে অনাস্থায় আনতে পারবে কিন্তু এই অনাস্থায় যদি ওয়ান থার্ড না হয় তাহলে একবার ফেল করলে দ্বিতীয়বার আসবে না। এই জন্য আমি এই বিলটাকে সমর্থন করছি। আমি নিজে কলকাতা করপোরেশনে দীর্ঘদিন ধরে আছি। আমি একজন বরো চেয়ারম্যান পদে আছি। আমি জানি যে বরো চেয়ারম্যানের কাজ অনেক। শুধু একজন বরো চেয়ারম্যান হয়ে গেলাম বা একজন কাউন্সিলার রইলাম তা নয়। বরোতে অনেক রকম দায়িত্ব আছে। এখন সরকার থেকে অনেক রকম যেমন, আগামী কয়েকদিনের মধ্যে স্বামী বিবেকানন্দের যুব চেতনা উৎসব হচ্ছে। সেটা বরো কিমিটির মাধ্যমেই হবে? বরো কমিটি থেকে বরো এলাকায় যত স্কুল আছে, যত ক্লাব আছে দায়িত্ব নিয়ে সেগুলো করার কথা সব কাউন্সিলাররা আছে তার মধ্যে চেয়ারম্যানের যা দায়িত্ব থাকে সেটা অভিজ্ঞতা ছাড়া হয় না এবং দীর্ঘদিন ধরেই এই বিলের প্রয়োজন ছিল। সংশোধনী বিল আনার দরকার ছিল। কেন সেটা হয় নি আমরা জানি না কিন্তু আমাদের মাননীয় মন্ত্রী এটা উপলব্ধি করতে পেরে এই সংশোধনী বিল নিয়ে এসেছেন। তার জন্য ওনাকে আমি ধন্যবাদ জানাই এবং আমি নিজে যেমন এই বিলটাকে সমর্থন করছি অনুরোধ

করব আমাদের সকল সদস্য যেন এই বিল সমর্থন করেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করিছ। ধন্যবাদ।

শ্রী ঈদ মহম্মদ : (নট প্রেজেন্ট)

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, আজকে কলকাতা মিউনিসিপ্যাল অ্যাক্ট ১৯৮০ দুটি ধারা পরিবর্তনের জন্য এখানে আমাদের অনারেবল মিনিস্টার ফিরহাদ হাকিম একটি অ্যামেন্ডমেন্ট বিল এনেছেন।

[1.20–1.30 p.m.]

আপনি জানেন ম্যাডাম যে আইন হোক বা সংবিধান হোক, কোনটাই এক জায়গায় দাঁড়িয়ে থাকে না, মানুষের প্রয়োজনে সংবিধানেরও পরিবর্তন হয়,অ্যাক্টেরও পরিবর্তন হয়। কয়েকদিন আগে আলোচনাতে উঠে এসেছিল যে আমাদের দেশের সংবিধান যখন তৈরী হয়েছিল, তখন সাধারণ মানুষের ধারণা ছিল যে, এটা অপরিবর্তনীয়।

ম্যাডাম ডেপুটি স্পীকার : মিঃ চট্টোপাধ্যায় ওয়ান মিনিট, লবিতে একটি মোবাইল ফোন পাওয়া গেছে, যার হারিয়েছে তিনি প্রমাণসাপেক্ষে মোবাইল ফোনটা আমাদের ডেস্ক থেকে নিয়ে যাবেন। প্লিজ ক্যারি অন।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : পরিবর্তন সবসময় হতে থাকে। ৯৮ বার দেশের সংবিধান সংশোধিত হয়েছে। বিধানসভায় বিধানসভার বিভিন্ন বিল যেগুলি আগে আইনে পরিণত হয়েছিল, তার অ্যামেন্ডমেন্ট হয়েছে। এবং আমাদের এই বিধানসভাতেও গত আড়াই বছরে অনেকগুলি বিল এসেছে, যে বিলগুলি বিভিন্ন আইনের পরিবর্তন করেছে। এটা হল ১৯৮০ অ্যাক্ট। যে অ্যাক্টের চার নাম্বার এবং পাঁচ নাম্বার, এগারো নাম্বার সেকশানের চার এবং পাঁচ যে দুটি উপধারা তার পরিবর্তন আনা হয়েছে। আমি মনে করি এটা সময়ের সাথে সাথে একটু আগে আমাদের বোরোর চেয়ারম্যান বললেন, যে সময়ের সাথে সাথে কাজ করতে করতে যেখানে প্রতিবন্ধকতা আসে, তখনই আইন পরিবর্তনের একটা মানসিকতা তৈরী হয়। কাজ করতে করতে বোরো কমিটি ১৯৮০ আইন তৈরী হয়েছিল। কিন্তু তারপরে কাজ করতে করতে দীর্ঘ সময় পেরিয়ে গেছে। কিন্তু সেটা পরিবর্তন করা হয়নি। এখানে সেকশন ফোরে লেখা ছিল The members of each Borough Committee shall elect from amongst themselves one members to be its Chairman who shall not be a member of the Mayor-in-Council or the Chairman of the Corporation. এটা কাজের ক্ষেত্রে মনে হয়েছে যেটা একটু আগে চেয়ারম্যান বলছিলেন যে, এটা আমার মনে হয় যে, আরও অগ্রগতির পথেযেতে গেলে আরও ভালো করে বোরোগুলিকে অ্যাক্টিভ করতে গেলে, এখন বোরো কমিটির দায়িত্ব অনেক বেশী বেড়ে গেছে— আগে বোরো কমিটি বলতে যা বোঝাত তা নয়, অ্যাকচুয়ালি পাওয়ার টু দ্য গ্রাউন্ড লেভেল যেটা বলা যায়, সেটা অ্যাকচুয়ালি বোরো কমিটি। মেনলি তারাই কাজটা করেন কর্পোরেশনে। সেখানে যদি এই রকম একটা অবস্থা থাকে যে মেয়র ইন কাউন্সিল অথবা চেয়ারম্যান তার মেম্বার হতে পারবেন না, অনেকক্ষেত্রে দেখা যায় যে যোগ্য মানুষ হয়ত

বোরো কমিটির চেয়ারম্যান হতে পারলেন না। সেখানে মেয়র ইন কাউন্সিলের পরিবর্তে চেয়ারম্যান যদি আসেন, তাহলে সেই বোরো মোর এফেক্টিভ হবে। আরও জনমুখী হবে। জনগণের কাজ আরও বেশী করে করতে পারবে। তারজন্য সেটাকে সাবস্টিটিউট করা হচ্ছে। "The members of each borough Committee shall elect, in accordance with such procedure as may be determined by regulations, যে রেগুলেশন ফর্ম হবে, elect one of its members to be the Chairman of the Borough Committee. এটা একটা। আর একটা হচ্ছে Sub-section 4A, আর একটা নতুন সাব সেকশন সংযোজিত হল। যেটা পুরানো চার নাম্বার সাব সেকশনে ছিল না। সেটা এখানে সংযোজিত হল। In case of any casual vacancy in the office of the Chairman caused by death, resignation, removal or otherwise, এটা পড়েই বোঝা যাচ্ছে যে আগের যে সেকশনটা It was not complete-এর মধ্য দিয়ে যে বহিঃ প্রকাশ হওয়ার যে আইডিয়াটা সেটা ছিল না। এখানে সেটাকে অ্যাড করে দেওয়া হল। হয়ত ভবিষ্যতে কাজ করতে করতে আরও নতুন করে সংবিধান সংশোধনের প্রয়োজন হতে পারে। কিন্তু এই মুহূর্ত পর্যন্ত যেটা মনে হচ্ছে যে, In case of any casual vacancy in the office of the Chairman caused by death, resignation, removal or otherwise, the members shall, in accordance with such procedure as may be determined by regulations, elect one of the Councillors to fill up the Vacancy. " এখানে আমার মনে হচ্ছে যে, ওয়ান অফ দ্য কাউন্সিলারস বলে যেটা বলে দেওয়া হল টাব সঙ্গে যেন আমি বলব মন্ত্রী মহাশয়কে ভালো করে ক্লিয়ার করে দিতে। আগে বলা হল যে চেয়ারম্যান অথবা এম আই সি. রা হতে পারবেন, কিন্তু পরে যেটা বলা হল সেখানে যেন মনে হচ্ছে যে জিনিসটা আর একটু পরিষ্কার হলে ভালো হত, আমার ভুলও হতে পারে, কিন্তু এখানে বলা হচ্ছে যে, যদি কারোর ডেথ হয়, যদি কারোর রেজিগনেশন হয়, যদি কারোর রিমুভাল হয়, or otherwise তাহলে সেটাকে কাউন্সিলারকে করতে হবে I Elect one of the councilors to fill up the vacancy আমার মনে হচ্ছে বলা হয়েছে। যাইহোক in any way ওই জায়গায় মনে হয় একটুখানি ক্লিয়ার হলে ভালো হত। © after sub-section (5) , the following sub-section shall be substituted. এখানেও সাবসেকশন ফাইভটা খুব একটা কমপ্লিট সাবসেকশন নয়। ...(5A) The Chairman may at any time resign his office by giving notice in writing to the Mayor and the resignation shall take effect from the date of its acceptance by Mayor.

কিন্তু এর পরে আমাদের মন্ত্রী মহাশয় নতুন করে কতগুলো —এটা আমার মনে হয়েছে যে, এটা মোর ডেমোক্রেটিক, মোর পাওয়ার টু দ্যা কাউন্সিলার্স এবং আরো স্বচ্ছতা আসে এখানে The Chairman shall cease to hold office as such if he ceases to be a Councilor of the concerned ward forming part of the Borough Committee' এটা নতুন করে সংযোজিত হ'ল। আবার যেটা সাবসেক্শন ৫ এরই ডি-তে আসছে, "The following sub-section shall be inserted" অর্থাৎ "The

Chairman may be removed from office by a resolution carried by a majority of the total number of elected members of the Borough Committee holding office for the time being, present and voting by them, at a special meeting to be called for this purpose in the manner as may be determined by the Corporation by regulation upon a requisition" এখানে যেটা বলা হচ্ছে যে রিমুভ করার ক্ষেত্রে ওয়ান-থার্ড মেম্বারের মিনিমাম্ সাপোর্ট চাই, মেজরিটি মেম্বারের সাপোর্ট চাই এবং সেই রিমুভালটা অ্যাকসেপ্টেড্ হবে upon a requisition made in writing, অর্থাৎ যারা রিমুভাল চাইবেন,তাদের একটা রিকুইজিশন্ করতে হবে মিটিঙের জন্য। এগুলো ডেমোক্র্যাটিক্ সিস্টেম, এগুলো লেখা ছিল না। আমাদের সরকার সেটা — ফিরহাদ হাকিম সেটাকে স্পেশিফিক লিখে আইনটাকে আরো সুসংবদ্ধ করার চেষ্টা করছেন। এটাই তো নিয়ম যে, মেজরিটি মেম্বার যদি না চান, তাহলে একজন মেম্বার হঠাৎ রিজাইন্ করতে যাবেন কেন? সেখানে মেজরিটি মেম্বারদের চাইতে হবে। But not less than one-third of the total number of the elected members of the Borough Committee, and the procedure for the conduct of business—আরেকটা বোধহয় বিশেষ ব্যাপার রয়েছে, সেটা হচ্ছে, আমরা প্রতি বছর যে ইলেকশনটা করি, এক্ষেত্রে কেবলমাত্র প্রতি বছর ইলেকশন করার প্রয়োজন পড়বে না, যদি না কোনো রিকুইজিশন মিটিং করে সেই চেয়ারম্যানকে সরিয়ে দেওয়ার ব্যাপারে কোনো মুভ্ হয় বোরো কমিটিতে, তাহলে ৫ বছর একজন বোরো কমিটির চেয়ারম্যান থাকতে পারবেন, তখনই তাকে সরাবার প্রশ্ন ওঠে যখন মেজরিটি তাকে সরাতে চাইবেন, কিন্তু সেটা যদি না হয়, তাহলে আগামী ৬ মাসের মধ্যে আর নতুন করে কোনো মুভ্ করা যাবে না, মিটিং কল্ করা যাবে না, স্পেশাল মিটিং কল্ করা যাবে না। এটাই মূলত এর মধ্যে বক্তব্য আছে। সিমপ্লি যেটা বলা হয়েছে, "The term of the Chairman of the Borough Committee." সেটা ঠিক করে দেওয়া হ'ল কখন তাকে রিমুভাল করা যাবে সেটাও ঠিক করে দেওয়া হ'ল " The procedure for removal of the Chairman, if necessary." আর " The procedure for filling up of any vacancy in the post of Chairman by the members" এবং সেটাকে আরো একটু ব্রড্ স্পেকট্রাম্ করে দেওয়া হ'ল যে, যদি প্রয়োজন হয় তাহলে Chairman of the Corporation or Mayor-in-Council of the Corporation may be a Borough Chairman — এই জায়গাটা পরিষ্কার করে দেওয়া হ'ল। আমি এটাকে সম্পূর্ণভাবে সমর্থন করছি এবং এটা করার জন্য যেহেতু কোনো আর্থিক লায়াবিলিটি সরকারের ওপর নেই, তাই এটাকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী প্রবোধ চন্দ্র সিন্‌হা : .... (নট রেসপন্ডিং)।

শ্রী ফিরহাদ হাকিম : ম্যাডাম, যারা কোলকাতা কর্পোরেশন সম্বন্ধে খবর রাখেন, তারা উপলব্ধি করতে পারবেন যে, বোরো কমিটি প্রত্যেক কর্পোরেশনে একটা অত্যন্ত এফেকটিভ্ জায়গা, যেখানে থেকে মানুষ ডাইরেক্টলি তাদের পরিষেবা পায়। নিশ্চিতভাবে বোরো কর্পোরেশনের ক্ষেত্রে কর্পোরেশন মাথার ওপরে থাকে, কিন্তু তৃণমূল স্তরে মানুষকে পরিষেবা দেয় কাউন্সিলাররা বোরো

কমিটির রেজিলিউশনের মধ্যে দিয়ে, বোরো কমিটির স্যাংশনের মধ্যে দিয়ে। আমিও একটা পুরো পাঁচ বছরের টার্ম বোরো কমিটির চেয়ারম্যান ছিলাম। তাই আমি উপলব্ধি করতে পেরেছি যে, চেয়ারম্যানের ফাংশানের ক্ষেত্রে, আইনের কতগুলো অ্যামেন্ডমেন্ট না করলে চেয়ারম্যানের স্যাংশনের ক্ষেত্রে খুব অসুবিধা হয়।

[1.30–1.40 p.m.]

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় যেটা বললেন আমরা এম. আই. সি. হই, চেয়ারম্যান হই, মেয়র হই, যাই হই, সেই পদগুলো আমাদের দেওয়া হয় বা আমরা সেই পদগুলো পাই, আমরা প্রথমে কাউন্সিলার হই। তাই কাউন্সিলার না হলে কলকাতা কর্পোরেশনের যে পদগুলোর কথা বললাম সেই পদগুলোয় কিন্তু যাওয়া যায় না। সুতরাং আমরা যে রকম এখানে স্পীকার হই, ডেপুটি স্পীকার হই বা মন্ত্রী হই বা অন্য অন্য যেসব পদে যাঁরা আছেন প্রথমে আমরা কিন্তু এম. এল. এ.। সেই হিসাবে এখানে দেওয়া আছে যে, MIC বা চেয়ারম্যানের ক্ষেত্রে যাই হোক না কেন Borough Member হতে হবে। কারণ কাউন্সিলাররাই Borough Member হয়। বেসিক্যালি তারা সেই বরোর মেম্বার হবে, তার মানে সেই বরোর অধীনে কাউন্সিলার হতে হবে। এই বিলটাতে বেশী বক্তব্যর কিছু নেই, এই বিলটা simply। যে ভাবে Kolkata Corporation-এর মেয়র ইলেকটেড হয় সেই ভাবেই যদি বরোর লেভেলে ভাবেন সেই ভাবেই আমি রেখেছি যে, এখানে সেই ভাবেই বরোর চেয়ারম্যান ইলেকটেড হবে। বরোর চেয়ারম্যান তাদের মধ্যে দিয়ে হবে, মেয়র যেমন House of Councils-দের মধ্যে দিয়ে হয়, সেই রকমই ঐ বরোর মেম্বারদের মধ্যে দিয়ে বরোর চেয়ারম্যান ইলেকটেড হবে। বরোর চেয়ারম্যানের বিষয়ে আগে Corporation notification-এ আইন ছিল না। তাই প্রত্যেক বছরে, প্রত্যেক ফাইন্যানশিয়াল ইয়ারের জন্য চেয়ারম্যান করা হোত। এটাতে আমি দেখেছি যে বরোর কাজে খুব অসুবিধা হতো। কারণ কলকাতা শহরে ১৫টা বরো, এই ১৫টা বরোর ইলেকশান হতো প্রায় দু-মাস ধরে। তার মানে দু-মাস ধরে চেয়ারম্যান ছাড়া বরোর কাজকর্ম বন্ধ হয়ে যেত। ইলেকশান হতো, তার পরে নোটিফিকেশান হতো। সেই জন্য আমি এখানে প্রস্তাব রেখেছি যে ৫ বছর অন্তর অন্তর যদি মেয়র ইলেকশান হতে পারে, ডেপুটি মেয়র ইলেকশান হতে পারে, তাহলে কেন বরো চেয়ারম্যানের ইলেকশান প্রত্যেক বছর হবে, কেন ৫ বছর অন্তর হবে না? তাই ৫ বছরের মেয়াদ বরোর চেয়ারম্যানকে দেওয়া হয়েছে। স্যার, এই বছর অন্তর বরোর চেয়ারম্যান ইলেকটেড হবেন। কিন্তু যদি কোন চেয়ারম্যান স্বেচ্ছাচারিতা করেন, কোন চেয়ারম্যান যদি মনে করেন যে, না, ৫ বছরের জন্য হয়ে গেছি, তাই জন্য ঠিক যে ভাবে কর্পোরেশনের মেয়রের ক্ষেত্রে আছে no confidence আনা, এটাও টাইপ অফ্ no confidence। যদি 1/3rd of the Member-র তারা যদি resolution move করে একটা petition move করে corporation-এর সামনে যে, এই বরো চেয়ারম্যানের প্রতি আমাদের আস্থা নেই, তাহলে special meeting কর্পোরেশন যে কোন সময় ডাকতে পারে ওই বরোতে এবং majority of the Member যদি তারা সেই চেয়ারম্যানকে সমর্থন না করেন, তাহলে সেই চেয়ারম্যানকে remove করার শর্ত আছে। এছাড়াও চেয়ারম্যানের যদি মৃত্যু হয় তাহলে তিনি সরবেন অথবা তিনি যদি resignation করেন কোন কারণে তাহলেও সরে যাবেন।

যখন সরে যাবেন তখন ঠিক সেই ভাবেই আবার বরোর মেম্বারদের মধ্যে দিয়ে ইলেকেটেড হয়ে যিনি মেজরিটি ভোট পাবেন তিনি আবার চেয়ারম্যান হবেন। এছাড়াও যদি দেখা যায় যে majority of the Member যেটা চাইছেন সেটা রোজ রোজ চাইছেন, বা কোন একটা চেয়ারম্যানের সাথে মতানৈক্য হল 1/3rd of the Member নিয়ে গিয়ে একটা নোটিশ দিয়ে দিলো। এই জন্য এই provision টাও রাখা হয়েছে যে একটা ইলেকশানের ৬ মাসের মধ্যে সে resolution মুভ করতে পারবে না removal of the Chairman। আবার removal of the Chairman-এর একটা resolution হওয়ার পরে আবার ৬ মাসের মধ্যে করতে পারবেন না, যেটা democratic order-এ কিন্তু সব হাউসেরই সেই নিয়মটা রয়েছে। এবং সেই democratic order-এর নিয়মেই সব হাউস চলছে। তাই আমার মনে হয় এটা করে যেহেতু কলকাতা কর্পোরেশন বাংলার সব থেকে বড় কর্পোরেশন এবং অত্যন্ত দক্ষতার সাথে চালাচ্ছে, এটাতে আরও দক্ষতা বাড়ানোর জন্য বরো কমিটিতে আরও পাওয়ার দেওয়া উচিত এবং বরোর চেয়ারম্যানদের সেই কাজটা অত্যন্ত দক্ষতার সাথে সুন্দর ভাবে চালানোর জন্য তাদের এই ক্ষমতা দেওয়া হয়েছে। এছাড়াও আমি এই হাউসের মাধ্যমে বলবো যে resolution করে কলকাতা কর্পোরেশন এবার যখন নোটিফিকেশান করবে তখন আরও বেশী ক্ষমতা যাতে বরো চেয়ারম্যানের হাতে দেওয়া যায়, কারণ যত decentralize করা যায় তত মানুষ directly তার উপকারটা পাবেন। একদম তৃণমূল স্তরে, নীচের স্তরে মানুষকে উপকার দিতে গেলে কিন্তু এই সিস্টেমটাই অত্যন্ত সঠিক ভাবে কাজ করে। যেরকম সব জায়গাতেই রয়েছে, যেরকম আমাদের পঞ্চায়েত রাজ সিস্টেমে আছে, যেরকম জেলা পরিষদ আছে, পঞ্চায়েত সমিতি আছে তারপরে গ্রামসভা আছে ঠিক সেই ভাবেই এটাও বোরো সিস্টেমের মধ্যে, কর্পোরেশান সিস্টেমের মধ্যে যেগুলো বড় কর্পোরেশান সেখানেও ঠিক এই সিস্টেম। আমাদের প্রথমে কর্পোরেশান রয়েছে। যেটা মেয়র হেড করেন, চেয়ারম্যান সেই সভা চালান। তারপরে বোরো রয়েছে, নীচে কাউন্সিলার রয়েছে এবং সেখানেও ওয়ার্ড কমিটির প্রভিশান আছে। তাই এটাও ঠিক ত্রিস্তর ভাবেই চলে এবং এটা অত্যন্ত এফেক্টিভ বলে আমি মনে করি। তাই আমি, আপনাদের কাছে অনুরোধ জানাই যে, আগের যারা ছিলেন কিন্তু আজকে হাউসে নেই, থাকলে ভালো হত কারণ মানুষের তো আস্তে আস্তে বুদ্ধি বাড়ে, আস্তে আস্তে শিক্ষা নেয়। তারা যে ভুলগুলো অর্ধেক করে গেছে '80 অ্যাক্টে সেগুলো আমরা যেমন সম্পূর্ণ করছি, তার থেকে তাদের যে ভুলগুলো সেগুলো শিখতে পারত। শিক্ষার কোন বয়স হয় না। ওরা হয়তো ভাবতে পারে যে, শেখার কোন শেষ নেই তাই শিখে কোন লাভ নেই কিন্তু আমাদের মত হল, শেখার কোন বয়স হয় না সারা জীবন আমাদের শিখতে হয়। তাই তারা যদি এখানে বসে এগুলো শিখতেন আরও বেটার হত বলে আমার মনে হয়। যাই হোক, আপনারা যারা রয়েছেন সবাইকে আমি অনুরোধ জানাচ্ছি যে, এটা সমর্থন করে কলকাতা কর্পোরেশান এবং তার বোরোগুলোকে আরও এফেক্টিভ ভাবে চালাতে সাহায্য করবেন। এটুকু বলে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Hon'ble Members , now question before the

House is that the Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2013 be taken into consideration.

As many as are of that opinion will please say 'AYE', as many as are of the contrary opinion will please say 'NO', Ayes have it, Ayes have it.

There are three amendments being Nos. 1, 2 and 3 to Clause 2 by Shri Sahajahan Choudhury and Shri Anisur Rahaman respectively. First I call upon Shri Sahajahan Choudhury to move his amendment.

The Member is absent. The amendment is not moved. Next I call upon Shri Anisur Rahaman to move his amendment. The member is absent and the amendments are not moved.

Now, I put Clause 2 do stand part of the Bill. As many as are of that opinion please say 'Aye', as many as are of the contrary opinion please say 'No'. Ayes have it, Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the title of the Bill

Mr. Speaker : The question before the House is that clause 1, Enacting Formula, Preamble and Title of the Bill do stand part of the Bill.

As many as are of that opinion will please say 'Aye', as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Now I call upon the Hon'ble Minister-in-charge of the Municipal Affairs and Urban Development Department to move the Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2013.

Shri Firhad Hakim : Sir, I beg to move that the Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2013, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that the Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2013, as settled in the Assembly, be passed.

As many as are of that opinion please say 'Aye', as many as are of the contrary opinion please say 'No'. Ayes have it, Ayes have it.

The Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2013 as amended is passed.

Report of Business Advisory Committee

Hon'ble Members, I beg to present the 41th Report of the Business Advisory Committee. The Committee met in my chamber today and recommended the programme of business from the 10th December, 2013 to 12th December, 2013 as follows :

10.12.2013- Tuesday	Government resolution under rule 169 regarding the decision of the Union Government to decrease the use of jute bags (notice given by Shri Partha Chatterjee)	$1^1/_2$ hours
11.12.2013- Wednesday	The West Bengal State Council of Technical and Vocational Education of Skill Development Bill, 2013 (Introduction, Consideration & Passing)	1hour
12.12.2013- Thursday	Resolution for Withdrawal of the West Bengal Protection of Interest of Depositors in Financial Establishments Bill 2013 as passed by the West Bengal Legislative Assembly on 30th April, 2013 (Notice given by Dr. Amit Mitra) (ii) The West Bengal Protection of Interest of Depositors in Financial Establishment Bill, 2013 (Introduction, Consideration & Passing) Total	- 2 hours.

N. B. — The House will sit at 12 noon on Thursday, the 12th December, 2013 and There will be no question for oral answer and Mention Cases on that day.

Mr. Speaker : Now, Government Chief Whip may please move the motion for acceptance.

Shri Sobhanded Chattopadhyay : Sir, I beg to move that the

41th Report of the Business Advisory Committee presented today be agreed to by the House.

Mr. Speaker : I think the motion is adopted.

(p a u s e)

The motion is adopted.

Adjournment

The House was then adjourned at, 1.42 p.m. today till 11 a. m. on Tuesday, the 10th December, 2013 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 10th December, 2013 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 28 Ministers, 05 Ministers of State, 10 Parliamentary Secretary and 167 Members.

[11.00–11.10 a.m.]

Starred Questions
(To Which oral answers were given)

সরকারী খামারে উৎপাদিত পশুখাদ্য

* ১৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫০) শ্রী তজমুল হোসেন : প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান আর্থিক বছরে ৩০ শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে সরকারী খামারগুলিতে উৎপাদিত পশুখাদ্যের পরিমাণ ও তার আর্থিক মূল্য কত ; এবং

(খ) রাজ্যে পশুখাদ্যের বাৎসরিক চাহিদা কত?

(গোলমাল)

শ্রী সুভাষ নস্কর : স্যার, আমার একটা পয়েন্ট অফ ইনফর্মেশান আছে।

মিঃ স্পীকার : এটা রেকর্ডে নেবেন না। কি বলছেন আমি শুনে নিই। ডোন্ট টেক ইট অন রেকর্ডস।

(গোলমাল)

আপনি শুনুন। এগুলি আজকে সংবাদপত্রে বেরিয়েছে। কালকে এটা নিয়ে আপনারা এ্যাডজোর্নমেন্ট মোশান দিয়েছিলেন, আমি আপনাদের এডিটেড পোরশান পড়তে দিয়েছি, এখন আপনারা বসুন।

(গোলমাল)

শ্রী নুরে আলম চৌধুরী : (ক) ৩০ শে সেপ্টেম্বর ২০১৩ সাপেক্ষে এ রাজ্যের সরকারী

খামারগুলিতে মোট ৫৬৩৯.১৯৩ মেট্রিক টন পশুখাদ্য উৎপাদন হয়েছে যার আর্থিক মূল্য ৪৮,৯৮.৬৬৬ টাকা।

(খ) এ রাজ্যে পশুখাদ্যের অনুমিত বাৎসরিক চাহিদা ৪৬০.৫৩ লক্ষ মেট্রিক টন।

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন। আপনি উত্তর দিয়েছেন যে, ৫৬৩৯.১৯৩ মেট্রিক টন পশুখাদ্য উৎপাদন হয়েছে আর ব্যয়িত হয়েছে ৪৬০.৫৩ লক্ষ মেট্রিক টন। যাইহোক, আমার প্রশ্নটা হচ্ছে যে, আপনি জানেন সারা রাজ্যে বন্যা হয়, এই বন্যাদুর্গত এলাকায় সেখানে পশুখাদ্য সময়মত পৌছায়না। এমন কি যেটুকু পৌছায়, তা চাহিদার তুলনায় অনেক কম। এই সমস্ত পশুদের খাদ্যের জন্য পশুখাদ্য পৌছে দেওয়ার লক্ষ্যে এবং তাদের চাহিদামত সমস্ত জিনিস পৌছে দেওয়া, পশুখাদ্যর জন্য, আপনি কি ধরনের ব্যবস্থা গ্রহণ করেছেন। বিশেষ করে, আমাদের বন্যার্ত এলাকার পশুখাদ্যের জন্য অনেক পশু মারা যায়, তার জন্য আপনি ইমিডিয়েট ব্যবস্থা কি করেছেন, একটু দয়া করে যদি জানান।

শ্রী নুরে আলম চৌধুরী : স্যার, এই রাজ্যে আমাদের যে ফার্মগুলি রয়েছে এবং তাতে যে এ্যানিমাল রয়েছে, সেই এ্যানিমালদের প্রয়োজন অনুযায়ী আমরা কিন্তু পশুখাদ্য তৈরী করি, আমরা সেল্ফ সাফিসিয়েন্ট ; আমাদের যেখানে যেখানে খামারে এ্যানিমাল রয়েছে তাদের জন্য। অনেক এ্যানিমাল রয়েছে বিভিন্ন খামারে। আর যেগুলো একসেস হয়, সেগুলো আমরা কিন্তু লোকজনকে মানে সাধারণ পাবলিককে দিয়ে দিই। তার সঙ্গে সঙ্গে যেটা করি আমরা, সীড-ফ্রী অফ কস্ট, আমরা ডিস্ট্রিবিউট করি। তার সঙ্গে সঙ্গে যেটা দাড়িয়ে থাকে, এই রাজ্যে যেটা প্রাইভেট পিপিলদের কথা মাননীয় সদস্য বলছেন, তারা সম্পূর্ণ ডিপেন্ড করে আপনার বিচালী বা খড় বা ন্যাচারাল গ্রাসের উপরে, তার উপরে চরবার সমস্ত জিনিস তাদের থাকে।

(গোলমাল)

এছাড়াও উনি প্রিজার্ভেশানের যে কথাগুলো বলছেন, কিছু কিছু জায়গায় আমাদের প্রিজার্ভ করার ব্যাপার রয়েছে। সেটা কিন্তু প্রাকৃতিক বিপর্যয়ের সময় গবাদি প্রাণীকে রক্ষার জন্য এল ডব্লুই জেলাগুলিতে সবুজ প্রাণী খাদ্যের সংগ্রহশালা বা গ্রাস ল্যান্ড রিজার্ভ প্রকল্প গ্রহণ করা হয়েছে।

শ্রী তজমুল হোসেন : স্যার আমার অতিরিক্ত প্রশ্ন, এই রাজ্যের ২০১৩ সালের বন্যায় ধ্বংসপ্রাপ্ত গবাদি পশু যেমন হাঁস, মুরগী,গরু, তার সংখ্যাটা যদি একটু দয়া করে জানান। তার আর্থিক মূল্য কত এবং এই সমস্ত পরিবারগুলোকে আপনি কি রকম ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা গ্রহণ করেছেন? যে সমস্ত পরিবারগুলো এই গবাদি পশু, এই পশু পালনের ওপর নির্ভরশীল সেই সমস্ত পরিবারকে উৎসাহিত করার জন্য আপনি বা আপনার সরকার কি ধরনের পদক্ষেপ গ্রহণ করেছেন সেটা যদি দয়া করে এই হাউসকে জানান।

শ্রী নুরে আলম চৌধুরী : উনি যে কোয়েশ্চেনটা করলেন সেটা অনেকগুলো বড় কোয়েশ্চেন নিয়ে। আমি ভাগ ভাগ করে নেওয়ার চেষ্টা করছি। গবাদি খাদ্য মানে ক্যাটেল ফিড, ফডার। ওটা এক ধরনের। পোলট্রি ফিড কিন্তু আর এক ধরনের। ইভেন তার সঙ্গে সঙ্গে হাঁসের

খাবারও আলাদা। ছাগল, ভেড়ার খাবার সেটাও আলাদা। তারসঙ্গে পিগের কথা বললাম না। আমি ওনার গবাদি নিয়ে প্রশ্নটার কথাই ধরে নিচ্ছি। যদি উনি আরো অন্য কিছু জানতে চান, পোলট্রি, সেটা তাহলে আমার কাছে ওনাকে আলাদা প্রশ্ন করতে হবে। আজকে উনি পশুর ওপর প্রশ্নটা করেছেন, আমি চেষ্টা করছি পশু সম্বন্ধে বলার জন্য। রাজ্য সরকার গবাদি প্রাণীর সবুজ প্রাণী খাদ্য উৎপাদন বৃদ্ধির জন্য নিম্নলিখিত প্রকল্প গ্রহণ করেছেন।

অ্যাজোলা বা সবুজ শ্যাওলা চাষ প্রকল্প।

খড় বা বিচালীর পুষ্টিগুণ বাড়ানোর প্রকল্প ইউরিয়া ও চিটে গুড় মিশিয়ে।

খামারে অতিরিক্ত সবুজ খাদ্য ও বীজ রাজ্যের প্রাণী পালকদের মধ্যে চাহিদা অনুযায়ী সরবরাহ করা হয়ে থাকে।

বিভিন্ন প্রকার সবুজ প্রাণী খাদ্যের বীজ ও বীচন বিনা মূল্যে বিতরণ করা হয়।

রাজ্যের প্রাণী পালকদের খামারে উৎপাদিত খড় ও বিচালীর সঠিক ব্যবহারের জন্য প্রাণী খাদ্য কাটার যন্ত্র, যাকে চাপ কাটার বলা হয়, বিতরণ করার প্রকল্প গ্রহণ করা হয়েছে।

প্রাকৃতিক বিপর্যয়ের সময় গবাদি প্রাণীকে রক্ষা করার জন্য যেটা আমি একটু আগে উত্তর দিলাম -এল ডবু ই জেলাতে বা অন্যান্য জেলাতে সেই রকম প্রকল্প আমাদের রয়েছে।

শ্রী শুভাশীষ বটব্যাল : মাননীয় অধ্যক্ষ মহোদয়,আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন-পোলট্রি শিল্পে ভুট্টার চাহিদা প্রতি মাসে এক লক্ষ কুড়ি হাজার মেট্রিক টন। মাত্র ৫% আমরা উৎপাদন করি। বাকিটা আমাদের বিভিন্ন রাজ্য থেকে আনতে হয়। ক্রমান্বয়ে আমাদের পোলট্রি শিল্প বাড়ছে। তার সঙ্গে সঙ্গে চাহিদা বাড়ছে। ভুট্টা উৎপাদন বাড়ানোর ব্যাপারে আমাদের পশু পালন মন্ত্রী কি কোনো ব্যবস্থা নিচ্ছেন? এটা এক নম্বর।

দুই নম্বর হচ্ছে, গ্রীন যে সমস্ত প্রোডাক্ট তৈরি করা হচ্ছে সেই ব্যাপারে পতিত জমি বা সরকারী ভেস্টেড যে সমস্ত ল্যান্ড পড়ে রয়েছে, অথবা, ফরেস্ট ডিপার্টমেন্টের যে সমস্ত জায়গাগুলো পড়ে রয়েছে, সেই জায়গায় সাথী ফসল হিসাবে সেই সমস্ত প্রোডাক্ট চাষ করা যায় কিনা সেই ব্যাপারে কি কোনো ব্যবস্থা গ্রহণ করছেন বা সেই ব্যাপারে কি কোনো চিন্তা ভাবনা সরকারের আছে?

শ্রী নুরে আলম চৌধুরী : স্যার, সেই একই প্রশ্ন চলে আসছে। ওনারা বোধহয় গুলিয়ে ফেলছেন, পশুখাদ্য আর পোলট্রি, মানে মুরগী বা হাঁসের খাবারটা আলাদা। এটা এক ধরনের তৈরি হয়। ওটা আর এক ধরনের তৈরি হয়। বটব্যাল সাহেবের কোয়েশ্চেন ছিল কিন্তু ভুট্টা এই জাতীয় নিয়ে। আমি যতদূর জানি, সেটা সাধারণত পোলট্রিতে ব্যবহার করা হয়। দয়া করে পোলট্রির উত্তর যদি উনি চান, একটু স্পেসিফিক রিটন্ দিলে আমরা সেটা ভালোমত বলতে পারবো।

ড: তরুণ কান্তি নস্কর : স্যার আপনার মধ্য দিয়ে আমার মাননীয় মন্ত্রীকে একটি অতিরিক্ত প্রশ্ন, পশু খাদ্য বা পশু খামারের সঙ্গে অ্যানিম্যাল এ্যান্ড ফিশারি সায়েন্স ইউনিভার্সিটির একটা সম্পর্ক

থাকে। আমি একটা তথ্য দিচ্ছি যে মহারাষ্ট্রে মোট জনসংখ্যার রুরাল পপুলেশান হচ্ছে ৫৪%, যেখানে পাঁচটা বিশ্ববিদ্যালয় আছে।

[11.10–11.20 a.m.]

অন্ধ্রপ্রদেশে রুরাল পপুলেশান ৬৬% সেখানে চারটি বিশ্ববিদ্যালয় আছে। এই রকমভাবে তামিলনাড়ু, কর্ণাটক, গুজরাট — সেখানে রুরাল পপুলেশান ৫১%, ৬১% এবং ৬৭% সেখানে চারটি করে বিশ্ববিদ্যালয় আছে। অথচ আমাদের রাজ্যে মোট জনসংখ্যার রুরাল পপুলেশান হচ্ছে ৬৮%, অথচ এখানে মাত্র একটি বিশ্ববিদ্যালয় আছে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি, পার্সেন্টেজের হিসাবে প্রয়োজনীয় সংখ্যক বিশ্ববিদ্যালয় তৈরী করার কোন পরিকল্পনা ওনার আছে কিনা।

শ্রী নূরে আলম চৌধুরী : এক কথায় উত্তর না। আর মাননীয় সদস্য যদি এই বিষয়ে কিছু আলোচনা করতে চান, তার ডিটেইলস আমার কাছে আছে, আমি বুঝিয়ে বলব। এর আগেও উনি দুবার প্রশ্ন করেছেন এই ইউনিভার্সিটির উপরে। মাননীয় সদস্য সেই সময়ে পশু হাসপাতাল সম্পর্কে প্রশ্ন করেছিলেন এবং আমি তার উত্তরও দিয়েছিলাম। আমাদের কিন্তু এই ব্যাপারে এখনই কোন প্রকল্প নেই। আমাদের রাজ্যে একটাই ইউনিভার্সিটি আছে।

শ্রী পার্থ সারথি চ্যাটার্জী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, এখন সরকারী যে খামারগুলি আছে, তার বাইরে নতুন কোন খামার তৈরীর পরিকল্পনা আপনি নিয়েছেন কি?

শ্রী নূরে আলম চৌধুরী : স্যার, নতুন খামারের পরিকল্পনা কিভাবে নেব সেই ব্যাপারটা ওনাকে বোধ হয় একটু বোঝানো দরকার। এইজন্য আমি একটু সময় দিচ্ছি। আমাদের সময় বাদ দিয়ে আড়াই বছর আগে, এই ARD ডিপার্টমেন্টের যে জমিগুলো ছিল সেই জমিগুলো কিন্তু অনেক বছর ধরেই ডিস্ট্রিবিউট করা হয়েছে। আমার কাছে অনেক উদাহরণ আছে, আমি তার থেকে মাত্র তিনটি উদাহরণ দেব। যেমন শালবনীতে ARD ডিপার্টমেন্টের ৪ হাজার ৪৮ একর জমি প্রাইভেট বা কোন একটা কোম্পানিকে দিয়ে দেওয়া হয়েছে। নামটা আমি বলতে পারি, কিন্তু এখানে আমি নামটা এ্যানাউন্স করছি না। কল্যাণী-যেটা কলকাতার অনেক কাছে, সেখানে ২ হাজার ৭২৮ একর জমি বিভিন্ন লোক চেয়েছে, তাদের জমি দিয়ে দেওয়া হয়েছে। হরিণঘাটাতে ৩ হাজার ১৭৮ একর জমি চাওয়া হয়েছিল, যা চেয়েছিল সবটাই তাদের দিয়ে দেওয়া হয়েছে। কোন প্রকল্পের জন্য জমি দরকার হলেই- সে যে ধরনের প্রকল্পই হোক- এই ARD ডিপার্টমেন্ট হাঁস, মুরগির ডিপার্টমেন্টতো, ওদের জমির কোন প্রয়োজন হয় না, তাই ওদের জমিগুলোর জন্যই সবাই ঝাঁপিয়ে পড়ে। আমাদের জমি থাকলে তো নতুন প্রকল্পের ব্যাপার আসবে।

শ্রী চৌধুরী মহঃ হিদায়েতউল্লাহ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, সরকারী যে খামারগুলি আছে তার থেকে কত পরিমাণ

খাদ্য উৎপাদন হয় এবং যে খাদ্য সরবরাহ করা হয়. সরকার সেই পশু খাদ্যে কত টাকা কুইন্টাল প্রতি ভর্তুকি দিয়ে থাকে, এটা নির্দিষ্ট করে বলবেন কি?

শ্রী নূরে আলম চৌধুরী : আমাদের রাজ্যে যে খামারগুলো আছে, সেই খামারগুলোর নাম আপনাকে বলতে পারি, সেখানে মাসিক খাদ্য উৎপাদন হয় ৯৯৬ মেট্রিক টন এবং বাৎসরিক খাদ্য উৎপাদন হয় ১১ হাজার ৯৫২ মেট্রিক টন। আর টাকা পয়সার হিসাবটা একটু আগে তজমুল সাহেবের প্রথম প্রশ্নের উত্তরের সময়েই আমি বলেছিলাম। আর ভর্তুকি খুব একটা এখানে লাগে বলে মনে হয় না। কারণ এখানে সেন্ট্রাল ফান্ড এবং স্টেট ফাণ্ড দুটো মিলিয়ে যথেষ্ট পরিমাণ টাকা আছে বলেই আমার মনে হয়। তবু আমি জেনে পরে আপনাকে বলব, ভর্তুকি যদি কিছু থেকে থাকে। তবু আমি বলছি, ভর্তুকি এখানে লাগে না।

শ্রীমতী বীণা মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, গত ৩৪ বছরে সি. পি. এম সরকার ক্ষমতায় থাকাকালীন কতগুলো পশু খামার আমাদের রাজ্যে ছিল এবং বর্তমানে আমাদের সরকার ক্ষমতায় আসার পরে কতগুলো পশু খামার আমাদের রাজ্যে তৈরী হয়েছে। এই ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয় যদি অবহিত করেন তাহলে ভালো হয়।

মিঃ স্পীকার : আপনি বোধহয় এটার রিপ্লাই দিয়েছেন।

শ্রী নূরে আলম চৌধুরী : আমি বলতে চাইছি আগে যখন প্রশ্ন এসেছিল তখনই তো আমি ফিগার দিয়ে বললাম যে কি ছিল আর বর্তমানে কি অবস্থায় আছে।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাইছি, উনি পশু খাদ্যের বাৎসরিক চাহিদা কত এটা বলেছেন। এটার ভিত্তিটা কি? দ্বিতীয় যেটা এর সাথেই যুক্ত সেটা হচ্ছে যে বামফ্রন্ট সরকারের সময়ে দুর্গাপুর, কল্যাণী, শালবনি এবং আরও একটা জায়গায়, চারটে পশু খাদ্যের প্ল্যান্ট ছিল এবং উনি এরপর নতুন কটা পশু খাদ্যের প্ল্যান্ট তৈরী করেছেন?

মিঃ স্পীকার : এর রিপ্লাই উনি দিয়েছেন, এই কোয়েশ্চেনের তো রিপ্লাই হয়ে গেছে। আপনি ফার্স্ট পার্টের উত্তরটা দেবেন।

শ্রী নূরে আলম চৌধুরী : আমার যতদূর রেকর্ড আছে, পশু খাদ্যের যে খামারগুলো আমাদের রয়েছে সেটা হরিণঘাটা ফার্মে রয়েছে, কল্যাণীতে রয়েছে, শালবনিতে রয়েছে, জটিয়াখালি, কোতলপুর, বেলডাঙায়। এখানে আমাদের প্ল্যান্টগুলো রয়েছে, এগুলো এখন করা হয়েছে।

শ্রী পরশ দত্ত : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, প্রথমত, পশু খাদ্য আমাদের রাজ্যে একসেস। এই একসেস যেটা হয়েছে সেটা কি উৎপাদন বেশী হয়েছে বলে না গবাদি পশু কমে গেছে বলে? কেননা আমার কাছে একটা হিসেব আছে যে গত ৫০ বছরে ১ হাজার হিউম্যান হেডসের এগেনস্টে ক্যাটল প্রচন্ডভাবে কমেছে. ৮০০ থেকে কমে সেটা ১৫০ কাছাকাছি এসেছে অল ইন্ডিয়া ফিগার এবং তার ভেতরে-এর পরিপ্রেক্ষিতে জিজ্ঞেস করছি কোনটা?

শ্রী নূরে আলম চৌধুরী : আমি কোয়েশ্চেনটা পুরোপুরি না বুঝলেও যা বুঝেছি সেইভাবে উত্তরটা দেওয়ার চেষ্টা করছি। উনি ক্যাটেলের সংখ্যাটা বললেন। কত? আমাদের পশ্চিমবঙ্গে ক্যাটেলের সংখ্যা ১ কোটি ৯৯ লক্ষ। এটা কিন্তু এ বছর যে সুমারী চলছে সেটা না। এর আগের যে সুমারীটা হয়েছে এইট্রিন সেনসাশের ২০০৭-এ, যেটা আমাদের কাছে রেকর্ড আছে। সেটার বেসিসেই বলছি। এ বছরে কিন্তু এখনো আমাদের ফাইনালাইজ হয়নি। আমি ২০০৭ এর ওপর বেসিস করে বলছি যে আমাদের কাছে গরু বা মোষ রয়েছে ১কোটি ৯৯ লক্ষ। আর উনি হয়তো আমার আগের প্রশ্নটা মিস করে গেছেন। আমি আমাদের খামারের কথা বলেছি, আমরা যে প্রোডাকশানটা করি সেটা সেল্ফ সাফিসিয়েন্ট আমাদের খামারের পশুদের জন্য এবং তার একসেসটা নিশ্চয় আমরা বাইরে দিয়ে দিই। উনি বলেছেন যে সারা রাজ্যে একসেস। আমার মনে হয় না যে সারা রাজ্যে একসেস বা এখানে শর্ট রয়েছে।

* প্রশ্ন ১৫৫।

মিঃ স্পীকার : আজকে মাননীয় মন্ত্রী শ্রী অমিত মিত্র আসতে পারেন নি। তাঁর স্ত্রী অত্যন্ত গুরুতর অসুস্থ। তিনি আমাকে কালকে একটা চিঠি পাঠিয়েছেন। তিনি এইমসে গেছেন ওনার ওয়াইফের ট্রিটমেন্টের জন্য। আমি প্রত্যাশা করি ওনার স্ত্রী নিশ্চয় সুস্থ হবেন। উনি হয়তো আগামীকাল আসতে পারেন, যদি স্ত্রীর ঠিকমতো চিকিৎসাটা হয়, উনি সুস্থ হন। সেইজন্য আমি এই প্রশ্নটা হেল্ডওভার করলাম।

* প্রশ্ন ১৫৬।

শ্রী অসিত মিত্র : (অনুপস্থিত)

* প্রশ্ন ১৫৭।

মিঃ স্পীকার : এটাও ডঃ অমিত মিত্রের প্রশ্ন। এটাও হেল্ড ওভার হয়ে গেল।

ক্রেতা সুরক্ষা আইনে অভিযোগের সংখ্যা

* ১৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৫) **শ্রী বাসুদেব খাঁ :** ক্রেতা সুরক্ষা বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

চলতি বছরের ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে ক্রেতা সুরক্ষা আইনে কতজন অসাধু ব্যবসায়ীর বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে?

শ্রী সাধন পাণ্ডে : চলতি বছরের ৩০-শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে ক্রেতা সুরক্ষা আইনে প্রাপ্ত অভিযোগের সংখ্যা নিম্নরূপ :

(ক) রাজ্য ও জেলা ক্রেতা সুরক্ষা আদালতে	১৩৪৮ টি
(খ) দফতর ও জেলার মধ্যস্থতা কেন্দ্রে	৪৫৭১টি
(গ) বৈধ পরিমাপ বিষয়ে	২৭ টি
মোট	৫৯৪৬ টি।

[11.20–11.30 a.m.]

শ্রী বাসুদেব খাঁ : স্যার, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন যে, পেঁয়াজ-এর বাজার যখন অগ্নিমূল্য সরকার ঘোষণা করেছিলেন যে সরকারের নির্ধারিত মূল্যে ৩৬ টাকা দামে নাগরিকদের কাছে পেঁয়াজ বিক্রি করার সিদ্ধান্ত নেয়। কিন্তু দেখা যায় যে নির্ধারিত মূল্যের পেঁয়াজ কিছু অসাধু ব্যবসায়ীরা ক্রেতা সেজে কিনে নিয়ে আবার চড়া দামে বাজারে বিক্রি করে। সরকার টাস্ক ফোর্স গঠন করেছেন, এই সব অসাধু ক্রেতা-ব্যবসায়ীদের চিহ্নিত্ করে তাদের বিরুদ্ধে আইনানুগ কি ব্যবস্থা নিয়েছেন জানাবেন কি?

শ্রী সাধন পাণ্ডে: স্যার, এই প্রশ্নটি আমার দপ্তরের মধ্যে পরে না। কেন'না দাম নির্ধারণ ওটা খাদ্য দপ্তরের ব্যাপার।

শ্রী বাসুদেব খাঁ : আমার দ্বিতীয় প্রশ্ন, আলুর মূল্যবৃদ্ধির ফলে রাজ্যের আলু রাজ্যে বিক্রি করতে হবে এই সিদ্ধান্ত পুলিশের মাধ্যমে রাজ্যের বিভিন্ন এলাকায় প্রচারের জন্য বলেন। যারা এই নির্দেশ মানবেন না তাদের আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। কিন্তু দেখা যাচ্ছে যে, চোরা পথে কত আলু পুলিশের সহযোগিতায় বাইরে গেছে এবং তাদের চিহ্নিতকরণ করে,তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে কি?

শ্রী সাধন পাণ্ডে : স্যার, উনি যে প্রশ্নগুলো করছেন সেই প্রশ্নটা আমার দপ্তরে পরে না. এই কারণে যে এক, বাজারের মূল্য -এটা খাদ্য দপ্তর দেখে, আর মুখ্যমন্ত্রী দেখছেন এবং এটা আমার দপ্তরে পড়ছে না।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি এই পর্যন্ত অসাধু যারা ব্যবসায়ী তাদের বিরুদ্ধে, কত জনের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছেন? এবং কি ব্যবস্থা নিয়েছেন?

শ্রী সাধন পাণ্ডে : আমি তো উত্তর দিলাম যে, এত জনের বিরুদ্ধে বিভিন্ন ব্যবস্থা নেওয়া হয়েছে। এখন ফোরামে এগুলো বিচার চলছে এবং সেই বিচারে যে রায় হবে তা আমরা জানাতে পারব, আপনি যদি একটা প্রেসিফিক কোশ্চেন করেন যে বিচারের ব্যাপারে ফোরামের রায় কতদূর হয়েছে।

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হবার পর আমাদের ক্রেতা সুরক্ষা আইন মানুষের মধ্যে আরও বেশি সচেতন করার জন্যে - কারণ, বিগত সরকার এটাই একদমই নজর দেয়নি। আমাদের সরকার মানুষের মধ্যে এই ক্রেতা সুরক্ষা আইন যত বেশি সংখ্যক পৌছানো যায় তার জন্য কত ক্যাম্প তিনি তৈরি করেছেন?

শ্রী সাধন পাণ্ডে : আমাদের সরকার মানুষের চেতনা বাড়াবার জন্য আমরা বিভিন্ন রকম প্রচার করছি, ক্রেতা সুরক্ষার প্রচার। যেটা আগের সরকার করতে পারেনি এবং আমরা চেষ্টা করছি মানুষকে বোঝানো যে আপনাদের অধিকার সম্পর্কে আপনারা সচেতন হন এবং আমাদের কাছে

কমপ্লেন করুন। বিভিন্ন ব্যাপারে কমপ্লেন আসছে। শুধু সবজি-টবজির ব্যাপার নয়, hospital negligence থেকে ফ্ল্যাট বিক্রি করে সেখানে অসাধু ব্যবসাদাররা মানুষকে ঠকাচ্ছে এবং অনেক রকম কমপ্লেন আমাদের কাছে আসছে। আমরা সেগুলো বিচার করবার চেষ্টা করছি।

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, যদিও এই রকম একটা দপ্তর আগে কোন দিন ছিল কিনা আমাদের মনে নেই, মাননীয় মন্ত্রী হবার পরেই আমরা আজকে এই দপ্তরটার গুরুত্ব বুঝতে পারছি। মানুষ আজকে বেশী করে এই ক্রেতা সুরক্ষা আইনের মধ্যে নিজেদের জড়িয়ে নিতে চাইছেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার বিনীত প্রশ্ন, যে জেলা স্তরে ক্রেতা সুরক্ষা আদালত তৈরী হয়েছে, এটা মহকুমা স্তরে বা তার নিচে দিকে নামানোর ইচ্ছা মাননীয় মন্ত্রীর আছে?

শ্রী সাধন পান্ডে : মাননীয় সদস্যের উত্তর মাননীয় স্পীকারের মাধ্যমে দিচ্ছি। প্রতিটি জেলায় আমাদের ক্রেতা সুরক্ষা আদালত রয়েছে। আমরা প্রস্তাব করেছি রাজ্য সরকারের কাছে আরো কিছু ক্রেতা সুরক্ষা আদালত করবার জন্য। কিন্তু ফিনান্স মিনিস্টারের ক্লিয়ারেন্স ছাড়া আমি তো করতে পারবো না, ফিনান্স মিনিস্টার এখনও পর্যন্ত ক্লিয়ারেন্স দেন নি।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। রাজ্যে কতগুলো আর্থিক প্রবঞ্চক সংস্থা আছে এবং রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়া , 'সেবি' এবং ক্রেতা সুরক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে কোন অভিযান হয়েছে কিনা?

শ্রী সাধন পান্ডে : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যের প্রশ্নের উত্তর আমি দিচ্ছি। আমি রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়ার সঙ্গে কথা বলেছি, 'সেভি-র সঙ্গে কথা বলেছি এবং আর.ও.সি-র সঙ্গে কথা বলেছি। কথা বলে বুঝেছি অসাধু ব্যবসাদার কিছু আছে। কিন্তু গোটা ব্যাপারটা যেহেতু মুখ্যমন্ত্রীর লেভেল থেকে দেখা হচ্ছে এবং অমিত মিত্রর লেভেল থেকে দেখা হচ্ছে, তাই আমার দপ্তর এই ব্যাপারে এখনও পর্যন্ত কিছু করছে না। কিন্তু যতগুলো চিঠি পাচ্ছি আমরা পাঠিয়ে দিচ্ছি।

শ্রী শংকর দলুই : মাননীয় অধ্যক্ষ, আপনার মাধ্যমে সম্মানীয় ক্রেতা সুরক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। ২০১০ এবং ২০১১ আর্থিক বছরে ক্রেতা সুরক্ষা আইনে কত জন অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছিল সংখ্যাটা যদি বলেন বাধিত হব।

শ্রী সাধন পান্ডে : আপনি একটা নোটিশ দেবেন আমাকে আমি আপনাকে উত্তর দেব। কেননা আজকের এই প্রশ্নের মধ্যে এটা পড়ে না।

শ্রী চিরঞ্জিত চক্রবর্তী : আমার একটা বিশেষ প্রশ্ন, এটা একটা বার্নিং কোশচেন আসলে। আমাকে বহু লোক জিজ্ঞাসা করছে তাই আমি মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করছি আপনার মাধ্যমে।

সেটা হলো আধার কার্ড আর গ্যাস, এটা নিয়ে একটা অদ্ভুত কনফিউশান তৈরী হয়েছে। আমার সিকিউরিটি যে, সে আধার কার্ড এবং ব্যাংকের নাম্বার ডিলারের কাছে দিয়ে তাকে দিতে হয়েছে ৯৮৪ টাকা সিলিন্ডারের জন্য। আর ওর ব্যাংকে জমা পড়েছে ৪৩৫ টাকা। তাহলে গ্যাস সিলিন্ডারটার দাম দাঁড়ালো ৫৪৯ টাকা। আবার কাগজে দেখলাম ১০২৭ টাকা দিতে হবে ৬৩৩ টাকা ফেরত দেবে গভর্নমেন্ট, সেই ক্ষেত্রে দাম দাঁড়াবে ৪১৩ টাকা। আর ডিরেক্ট নিলে ৪১২ টাকা। এই যে কি ব্যাপারটা আম বুঝতে পারছি না। আমার প্রশ্ন একটাই যে কোথাও এটা ক্লিয়ার হচ্ছে না। সেই জন্য মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন, আমাদের রাজ্যের কাছে কোন কি নথি আছে যা থেকে এটা ক্লিয়ার করা যেতে পারে?

শ্রী সাধন পান্ডে : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যর উত্তর দিচ্ছি। আধার কার্ড নিয়ে আমাদের এ্যাসেম্বলীতে একটা সর্ব্বদলীয় রেজলিউশান হয়েছে। আমি সেই রেজলিউশানের বাইরে নয়। তা সত্ত্বেও আমি আগামী ১২ তারিখে পেট্রোলিয়াম সেকটারের সবাইকে ডেকেছি তাদের সঙ্গে আলোচনা করব।

[11.30–11.40 a.m.]

এবং আমিও বুঝতে চাই। আপনার যে প্রশ্নটা আছে, আমি সেটাও রাখব তাদের কাছে এবং বুঝতে চাই যে আধার কার্ড নিয়ে এত কনফিউশান কেন হচ্ছে। তারপর কেন্দ্রীয় মন্ত্রীকে জানাব এবং মুখ্যমন্ত্রীকেও জানাব।

শ্রী জটু লাহিড়ী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমি একটি অতিরিক্ত প্রশ্ন করছি। মানুষের আবাসন সমস্যার সুযোগ নিয়ে প্রোমোটার চক্র বিভিন্ন জায়গায় নানা রকম বিল্ডিং করছে এবং এই খপ্পরে পড়ে বহু মানুষ আবাসনের জন্য তাদের কাছে বহু টাকাও জমা দিচ্ছেন। দেখা যাচ্ছে অনেক ক্ষেত্রেই বহু মানুষ প্রতারিত হচ্ছেন। তারা তাদের আবাসন তো পাচ্ছেনই না, উপরন্তু যে টাকা তারা দিয়েছেন, সেগুলো কোন ভাবেই উদ্ধার হচ্ছে না। এই ক্ষেত্রে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন—ক্রেতা সুরক্ষা আইনে এই আবাসন গ্রহণের ক্ষেত্রে কত ক্রেতা প্রতারিত হওয়ার জন্য আপনার কাছে আবেদন করেছেন এবং কত ক্রেতাকে আপনি সুরক্ষা দিতে পেরেছেন?

শ্রী সাধন পাণ্ডে : মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে উত্তর দিচ্ছি। এই ধরনের আবেদন এবং নালিশ আমার কাছে বহু এসেছে এবং তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে। আমরা চেষ্টা করছি প্রথমে আলোচনার মাধ্যমে এটাকে সেটেল করার, যদি তা না হয় তাহলে ক্রেতা সুরক্ষা আদালতে আমরা তার বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছি। আমাদের ক্রেতা সুরক্ষা নিয়ম অনুযায়ী, স্ট্যাটিউট অনুযায়ী আমরা লোককে কিন্তু হাজতে পাঠাতে পারি। আমরা সেই রকম করেছি। আমাদের ক্রেতা সুরক্ষা আদালত কিছু লোককে জেলে পাঠিয়েছে এবং যত রকম শাস্তি দেওয়ার ব্যাপার, আমরা সেই আদালতে করতে পারি এই অধিকার আমাদের দিয়েছে।

শ্রী বিশ্বনাথ কারক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে আমি একটি প্রশ্ন রাখছি। এই প্রশ্নটা খুবই গুরুত্বপূর্ণ। আমি আপনার মাধ্যমে প্রশ্নটা উত্থাপন করতে চাই, আশা করি উত্তর পাব। আমার নিজের নামেও কানেকশান আছে। আমরা দেখছি, কনজিউমার নাম্বারে যখন আমরা বুক করছি সিলিন্ডার নেওয়ার জন্য, কিন্তু তার আগে দেখছি — বর্তমানে এটা গভর্নমেন্ট চালু করেছে কিনা —শাসক দলের নেতৃত্বে কিছু লোক গোডাউন থেকে এই সমস্ত সিলিন্ডার এনে ব্যবসা করছে। সেটা কি নতুন ভাবে এই সরকার তাদের অনুমতি দিয়েছেন, লাইসেন্স দিয়েছেন, যার জন্য গ্যাস পাওয়া যাচ্ছে না - এটা যদি বলেন।

মিঃ স্পীকার : আপনার কাছে এই রকম কোন তথ্য আছে? আপনি তথ্য দিয়ে বলবেন। If you want to put a question in support of that তাহলে আপনি একটা তথ্য দেবেন। আপনার কাছে যদি থাকে, আপনি বলুন।

শ্রী সাধন পান্ডে: মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলতে চাই বিরোধী দলের কিছু লোক গোডাউনে রেখেছে কিনা আমি জানি না। তবে শাসক দলের কেউ রাখে নি। আপনার এই কোয়েশ্চেনটা অবান্তর।

শ্রী অনুপ ঘোষাল : স্যার, আমি আপনার মাধ্যমে আমার মাননীয় মন্ত্রীর কাছে শুধু এইটুকু বলব ক্রেতা সুরক্ষা ব্যাপার নিয়ে আমরা বিভিন্ন প্রচার মাধ্যমে থেকেও দেখতে পাই "গ্রাহক জাগো, গ্রাহক জাগো"। এখন গ্রাহক যে জাগবে, সেই বিষয়গুলো কোন কোন বিষয়ের মধ্যে পড়ে? ক্রেতা সুরক্ষা আইনের মধ্যে সাধারণতঃ আমরা দেখেছি কনজিউমার গুডস নিয়েই আলোচনাটা বেশি হয়। এখানে প্রোমোটারের ব্যাপার নিয়ে উনি বললেন। গ্যাসের সিলিন্ডার ইত্যাদি তো আছে। আমি ওনার কাছ থেকে জানতে চাই যে স্পেশিফিক্যালি কোন্ কোন্ বিষয়গুলো নিয়ে এই ব্যাপারে মুভ করা যায়।

শ্রী সাধন পান্ডে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে উত্তর দিচ্ছি। ক্রেতা সুরক্ষা দপ্তরের পরিধিটা বিরাট। যে কোন জিনিসে আমরা ৯৫%ক্রেতা, আর বিক্রেতা হল ৫%। আমরা যখন বাজারে যাই, জিনিস কিনি, কোন না কোন বিষয়ে আমরা যখন টাকা খরচ করি, তখন আমরা ক্রেতা। তখন আপনার একটা অধিকার জন্মে যায়। আপনি গ্যাস কিনতে গিয়ে আপনাকে যদি কেউ ঠকায়, আপনাকে নিশ্চয়ই ক্রেতা সুরক্ষা দপ্তর প্রোটেকশান দেবে। অতএব পরিধিটা বিরাট। আপনি চিন্তা করুন যে, এই জিনিসটা ক্রেতা সুরক্ষা দপ্তরে পড়ে কিনা। আপনি নিশ্চয়ই দেখবেন, কনক্লুড করবেন যে এটা ক্রেতা সুরক্ষা দপ্তরে পড়ছে।

মিঃ স্পীকার : ক্রেতা সুরক্ষা দফতরের আরও অনেক বেশী বিস্তৃতি রয়েছে। যেমন, সার্ভিসেস-হাসপাতালে যদি কেউ সার্ভিস দেয় সেই সার্ভিসের যদি কোন ডেফিসিয়েন্সি হয় তাহলে ক্রেতা সুরক্ষা আদালতে আসে। অফকোর্স, এটা আমার বলা উচিত নয়, যেহেতু একটাই আছে তাই বললাম।

*159 Not Called

দ্রব্যমূল্য বৃদ্ধি রোধে সরকারী পরিকল্পনা

* ১৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮৯) **শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দ্রব্যমূল্য বৃদ্ধি রোধে কোন সুনির্দিষ্ট পরিকল্পনা সরকার গ্রহণ করেছে কিনা ; এবং

(খ) করে থাকলে, উক্ত পরিকল্পনা কীরূপ?

(ক) কেন্দ্রীয় সরকারের ভ্রান্ত নীতির ফলে পেট্রোল, ডিজেল ও রাসায়নিক সারের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির ফল স্বরূপ সারা দেশে কৃষিজ পণ্যের যে মূল্যবৃদ্ধি ঘটেছে, তার প্রভাব থেকে পশ্চিমবঙ্গও মুক্ত নয়। দ্রব্যমূল্য বৃদ্ধি রোধে সরকার কয়েকটি সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করেছেন।

(খ) পদক্ষেপগুলির বিবরণ নিম্নে দেওয়া হল ঃ

(১) সংশ্লিষ্ট সমস্ত বিভাগীয় সচিব, অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকবৃন্দ এবং বিভিন্ন কৃষক ও ব্যবসায়ী প্রতিনিধিদের নিয়ে একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন টাস্ক ফোর্স গঠিত হয়েছে। প্রতি মাসে ২ বার ঐ টাস্ক ফোর্সের মিটিং-এ বিভিন্ন কৃষিজ পণ্যের দামের পর্য্যালোচনা করা হয় এবং প্রয়োজনে দ্রুত উপযুক্ত ব্যবস্থা নেওয়া হয়।

(২) সম্প্রতি বাজারে আলুর দাম বেড়ে যাওয়ার পরিপ্রেক্ষিতে সরকার দ্রুত হস্তক্ষেপ করে এবং আলুর পাইকারী এবং খুচরা মূল্য যথাক্রমে ১১০০/- টাকা প্রতি কুইন্ট্যাল এবং ১৩০০/- টাকা প্রতি কুইন্টাল ধার্য্য করেন।

(৩) পশ্চিমবঙ্গ সরকারের কৃষিজ বিপণন বিভাগ এবং কলকাতা পুরসভার যৌথ ব্যবস্থাপনায় পুরসভার নিয়ন্ত্রণে থাকা বাজারগুলিতে ব্যবসায়ীদের ১১০০/- টাকা প্রতি কুইন্টাল দরে নিয়মিত আলু সরবরাহের বন্দোবস্ত করা হয়; যাতে সাধারণ মানুষ প্রতি কেজি ১৩/- টাকা দরে আলু কিনতে পারেন।

(৪) সাধারণ মানুষের সুবিধার্থে কৃষিজ বিপণন বিভাগ কলকাতা শহরের বিভিন্ন জায়গায় চলমান যানের মাধ্যমে প্রতি কেজি ১৩/- টাকা দরে আলু বিক্রির ব্যবস্থা করেছে।

(৫) সাম্প্রতিক অতীতে পেঁয়াজের মূল্যবৃদ্ধির সময়ও টাস্ক ফোর্সের সিদ্ধান্ত অনুযায়ী উদ্যান পালন দপ্তর একইভাবে চলমান যানের মাধ্যমে কলকাতা শহরের ও রাজ্যের বিভিন্ন জায়গায় ন্যায্য দামে সাধারণ মানুষের জন্য পেঁয়াজ বিক্রির বন্দোবস্ত করেছে। বর্তমানে, পেঁয়াজের যোগান বাড়ায় দাম কমেছে।

(৬) বিভিন্ন সব্জীর ঊর্ধ্বমুখী দামের পরিপ্রেক্ষিতে উদ্যান পালন দপ্তর ও কলকাতা পুরসভার যৌথ ব্যবস্থাপনায় পুরসভার নিয়ন্ত্রণে থাকা কয়েকটি বাজারে কৃষক গোষ্ঠীর বন্ধুদের পণ্য বিক্রির জায়গা বরাদ্দ করা হয়েছে। এর ফলে সাধারণ মানুষ মধ্যস্বত্বভোগীদের এড়িয়ে সরাসরি কৃষকদের থেকে বিভিন্ন সব্জী অপেক্ষাকৃত কম দামে কিনতে পারছেন। ফলতঃ জোগান বাড়ায় দাম কমতে শুরু করেছে।

(৭) প্রসঙ্গত উল্লেখযোগ্য যে বর্তমানে আলু, পেঁয়াজ সহ বিভিন্ন সজ্জীর জোগান বেড়েছে এবং রাজ্যের বাজারগুলিতে দাম কমতে শুরু করেছে।

(৮) যে সকল কৃষি পণ্য উৎপাদনে আমাদের রাজ্য স্বনির্ভর নয়, যেমন ডাল, তৈলবীজ, কাঁচালঙ্কা ও পিঁয়াজ ইত্যাদি কৃষিপণ্যগুলির উৎপাদন বৃদ্ধির জন্য সরকার কৃষি ও উদ্যানপালন দপ্তরের মাধ্যমে সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করেছেন।

[11.40–11.50 a.m.]

শ্রী চৌধুরি মহঃ হেদায়েতউল্লাহ : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন। আপনি প্রথমে যেটা বলেছেন, "কেন্দ্রীয় সরকারের ভ্রান্ত-নীতি"—এ নিয়ে বিতর্কের কোন জায়গা নেই। পেট্রোল ডিজেলের দাম হু হু করে বাড়ছে কেন্দ্রীয় সরকারের নীতির জন্য।

কিন্তু আমার নির্দিষ্ট প্রশ্ন, দাম বাড়ানোর ফলে পেট্রোল-ডিজেলের থেকে একটা ভালো কর রাজ্য সরকারের ঘরে জমা পড়ছে। রাজ্য সরকার সেই কর থেকে ভর্তুকি দেবার, পেট্রোল-ডিজেলের ওপর ভর্তুকি দেবার কী কোন ব্যবস্থা করেছে অতীতে বামফ্রন্ট সরকার যেমন করেছিল কৃষকদের এবং motor vehicle-দের জন্য? আপনার কী ভর্তুকি দেওয়ার সেই ধরনের কোন চিন্তা-ভাবনা আছে?

শ্রী অরূপ রায় : মূল প্রশ্নের সঙ্গে এর কোন সম্পর্ক নেই।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : আপনি প্রথমে উত্তর দিয়েছেন, আবার সেই উত্তরকে নাকচ করে দিচ্ছেন। এটা যথার্থ নয়।

স্যার আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন। এই যে টাস্ক ফোর্স গঠন হয়েছে তার মাসে দুটো করে মিটিং করে বলছেন এবং একথাও বলছেন, মধ্যস্বত্বভোগীরা যাতে ভোগ করতে না পারে, অতিরিক্ত টাকা আদায় করতে না পারে তাই চাষীদের কাছ থেকে কিনছেন। অভিজ্ঞতা কী সেই কথাই বলছে? আমার যে জায়গায় বাড়ী, পূর্বস্থলী, আপনি যান, ৮ টাকা, ১০ টাকায় বেগুন বিক্রি হচ্ছে। চাষীরা সেই বেগুন বিক্রি করছে। অন্যান্য সজিও সে কম পয়সায় বিক্রি করছে। আবার বাজারে যখন আসছে তখন আপনাকে ২৫-৩০ টাকা দরে বেগুন কিনতে হচ্ছে, সজি কিনতে হচ্ছে। মধ্যস্বত্বভোগীর কথা যেটা বললেন, টাস্ক ফোর্স তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছে বলছেন কিন্তু আমরা এখনও পর্যন্ত ব্যবস্থা নিতে দেখতে পাচ্ছি না। এর উত্তর দেবেন কী? কী ব্যবস্থা নিয়েছেন?

শ্রী অরূপ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে আমি মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে বলি যে, আমাদের এটা দীর্ঘদিন ধরে, আপনাদের ৩৪ বছরের আমলে একথা কখনও ভাবেননি, কোনদিন ভাবেননি এই মধ্যস্বত্বভোগী, ফঁড়েদের বিরুদ্ধে কী ভাবে ব্যবস্থা নেওয়া যায়। এই কারণে মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর সুদূরপ্রসারী ভাবনা নিয়ে প্রতিটি ব্লকে 'কৃষি-বাজার' করার পরিকল্পনা গ্রহণ করেছেন যাতে এই ফঁড়েদের দৌরাত্ম্য থেকে সাধারণ মানুষ এবং চাষীরা রক্ষা পায়। যাতে ক্রেতা এবং চাষীদের মধ্যে দূরত্ব-টা কমে গিয়ে সরাসরি সম্পর্ক তৈরী হয়। সেই

জন্য 'কৃষক-বাজার' তৈরী হচ্ছে। আমাদের আড়াই বছর হয়েছে। আপনারা ৩৪ বছরে কিছু করেননি। আমাদের আড়াই বছর মাত্র হয়েছে। আমরা উদ্যোগ নিয়েছি। সফল হব। পরে এই সফলতা দেখতে পাবেন।

শ্রী উদয়ন গুহ : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আপনি দ্রব্য-মূল্য বৃদ্ধি রোধের ক্ষেত্রে টাস্ক ফোর্সের ভূমিকার কথা বলেছেন। আমি আপনার কাছে জানতে চাই, আমাদের এই রাজ্যের ১৯টি জেলায় সরকার, পৌরসভা এবং পঞ্চায়েত সমিতি নিয়ন্ত্রিত মোট বাজারের সংখ্যা কত এবং সেই মোট সংখ্যার কত শতাংশ বাজারে টাস্ক ফোর্স উপস্থিত হয়ে এই দ্রব্য-মূল্য বৃদ্ধি রোধের ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ করতে পেরেছে?

শ্রী অরূপ রায় : মাননীয় মুখ্যমন্ত্রীর নির্দেশে প্রতিটি জেলায় ডি.এমের নেতৃত্বে একটা করে টাস্ক ফোর্স তৈরী হয়েছে। ডি.এম. পুলিশকে সঙ্গে নিয়ে, এনফোর্সমেন্টকে সঙ্গে নিয়ে রাজ্যের প্রতিটি বাজারে এব্যাপারে নজরদারি করেছেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন।

শ্রী বিশ্বজিৎ কুণ্ডু : মাননীয় স্পীকারের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন। পশ্চিমবঙ্গের বাইরে সারা ভারতবর্ষে আলুর দাম ভীষণ ঊর্ধ্বমুখী ছিল, প্রায় ৫০ থেকে ১০০ টাকা কে.জি. দরে বিক্রি হয়েছে। সেখানে আমাদের পশ্চিমবঙ্গে ১৩ টাকা কে.জি. দরে আলু বিক্রি করার জন্য ধন্যবাদ জানাচ্ছি এবং তার সাথে একটা প্রশ্ন করছি, যে নতুন আলু উৎপাদন হবে, সেই নতুন আলু চাষীরা কী দামে বিক্রি করবে তার কোন নির্দিষ্ট দাম নির্ধারণ করেছেন কি? যদি করেন তাহলে আমরা উপকৃত হব। নমস্কার।

শ্রী অরূপ রায় : স্যার, মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে আপনার মাধ্যমে আমি জানাতে চাই, এই আলুর সারা ভারতবর্ষে যখন মূল্যবৃদ্ধি হয়েছে তখন আমাদের রাজ্যে নিয়ন্ত্রণ করার জন্য, ১৩ টাকা দরে আলু যাতে মানুষকে খাওয়ানো যায় তার ব্যবস্থা করা হয়েছে। এক্ষেত্রে আমরা সাফল্য পেয়েছি। কারণ অতীতে আমরা দেখেছি, ২০০৯ সালে পূর্ববর্তী সরকারের আমলে ২৪ টাকা, ২৬ টাকা কিলো দরে আলু আমাদের খেতে হয়েছে। এটা আমাদের জানা আছে। ইতিমধ্যে যে নতুন আলু বাজারে এসেছে, সে ব্যাপারে কোন মূল্য নির্ধারণ করা হয়নি। এখন বাজারের প্রয়োজনে পরবর্তীকালে এ বিষয়ে চিন্তা-ভাবনা করা যাবে।

শ্রী রথীন ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য যে দ্রব্যমূল্য বৃদ্ধির বিষয়ে তিনি যে সমস্ত সরকারী পর্যায়ে ব্যবস্থাগুলো হয়েছে, সেক্ষেত্রে ন্যায্যমূল্যের দোকান যেগুলো তিনি করেছেন সেই ন্যায্য মূল্যের দোকানগুলি পার্মানেন্টলি কন্টিনিউ করবে?

শ্রী অরূপ রায় : মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাতে চাই যে এখানে হর্টিকালচার এবং কলকাতা পুরসভার মাধ্যমে যে কয়েকটি বাজারে কৃষক গোষ্ঠীর বন্ধুদের পণ্য বিক্রির ব্যবস্থা করা হয়েছে। যদি প্রয়োজন হয় পরবর্তীকালে এটা অবশ্যই কন্টিনিউ করবে। চারটি হিমায়িত-যানের মাধ্যমে খুচরো বিক্রয় কেন্দ্র

একটি দমদম স্টেশন, শ্যামবাজার, এন্টালি এবং কালীঘাট থানা— এই চারটি জায়গায় ভ্যানের মাধ্যমে বিক্রি করা হচ্ছে। সেটা প্রয়োজনে কন্টিনিউ হবে।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য, বিগত বামফ্রন্ট সরকারের আমলে আলু কেলেঙ্কারির কথা এই হাউসে আলোচিত হয়েছিল। সেই আমলে কত আর্থিক কেলেঙ্কারি হয়েছে এবং কারা কারা যুক্ত ছিল এই হাউসে জানাবেন কি?

শ্রী অরূপ রায় : যদিও এই প্রশ্নের সংগে এর কোন সম্পর্ক নেই, তাও আমি উত্তর দিতে চাই। ২০১০ সালে তৎকালীন সরকার ৪০০ কোটি টাকার আলু কেনার পরিকল্পনা করেছিলেন। তার মধ্যে ১৮০ কোটি টাকা বামপন্থী ইঁদুরে খেয়ে গেছে। আমরা আসার পর এটি নিয়ে সুব্রত গুপ্ত আই.এ.এস. অফিসার একটা এনকোয়ারি করেছিলেন। এনকোয়ারির রিপোর্ট হয়। সেটাকে আমরা সি.আই.ডি.র কাছে তদন্ত করতে পাঠাই। সি.আই.ডি. একটা তদন্ত করে রিপোর্ট দিয়েছে ১৩ জনের বিরুদ্ধে স্পেশিফিক এলিগেশান দিয়ে। তাদের বিরুদ্ধে এফ.আই.আর. হয়েছে। সি.আই.ডি. এফ.আই.আর. করেছে, কেস করেছে এবং সেটার তদন্ত চলছে।

শ্রী আনিসুর রহমান : কালকে মাননীয় মন্ত্রী উত্তরে বলেছিলেন যে এটা বিচারাধীন আছে, আমি কিছু বলব না। আজকে আর এক মন্ত্রী উত্তর দিয়ে দিচ্ছেন। আমি তো কিছুই বুঝতে পারছি না।

[11.50–12.00 noon]

স্যার, আমার প্রশ্ন হচ্ছে আমরা সবাই জানি যে আলু উৎপাদনে আমরা ভারতবর্ষে দ্বিতীয় স্থানে আছি এবং আলু আমাদের সারপ্লাস। সেই পরিমাণ কোল্ড স্টোরেজও আছে সেখানে রাখা যায়। এই মধ্যিখানে যে ঘটনা ঘটল, অস্বাভাবিক দাম বেড়ে গেল এটা অ্যাবনর্মাল ঘটনা।এটা মানুষের তৈরি করা ঘটনা কৃত্রিমভাবে। এই ঘটনা কারা ঘটালো, আলুর অভাব ছিল না, আলু আমাদের ছিল কিন্তু এই ঘটনা কারা ঘটালো তাদের বিরুদ্ধে কিছু তদন্ত হয়েছে কিনা এবং তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হয়েছে কিনা এটা আমরা জানতে চাই।

শ্রী অরূপ রায় : স্যার, এটা নিয়ে তদন্ত চলছে, তদন্ত হয়ে রিপোর্ট আসার পরে নিশ্চয় ব্যবস্থা নেওয়া হবে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে অতিরিক্ত প্রশ্ন। দ্রব্যমূল্য বৃদ্ধি রোধে সরকার নিশ্চিতভাবে ব্যবস্থা গ্রহণ করেছেন এবং এরমধ্যে যারা মধ্যস্বত্ব যারা রয়েছেন 'ফড়িয়া' বলতে যাদের বোঝায় তাদের রমরমা নিশ্চিতভাবে বিগত সরকারের আমলে হয়েছে। কারণ তারা প্রত্যেকে ছিলেন পার্টির প্রমোটার অর্থাৎ পার্টিকে প্রমোট করতেন, পার্টিকে আর্থিক সাহায্য করতেন। সেই কারণের জন্য মধ্যস্বত্বভোগী যারা এই সময় তাদের রমরমা বাজার হয়েছিল। .... (গোলমাল) .... আলু কেলেঙ্কারীতে কারো কারো জেলও হয়েছিল এটা আমরা জানি কারণ নিশ্চিতভাবে আমরা জানি আমাদের দলের পক্ষে কেউ নয়। আগে এই দিকে বসতেন, এখন ঐ দিকে বসছেন, তাদের কারোর কারোর জেলও হয়েছে সেটাও আমরা জানি। আমি আপনার

কাছে স্পেসিফিক প্রশ্ন করছি সেটা এই যে, আমরা কোনো মুখ্যমন্ত্রীকে দেখিনি রাস্তায় নেমে, বাজারে নেমে এই অসাধু ব্যবসায়ীদের শায়েস্তা করার জন্য সরাসরি নিজে পদক্ষেপ গ্রহণ করা এবং দ্রব্যমূল্য রোধ করার জন্য চেষ্টা করা এটা অতীতে কখনও আমরা এই পশ্চিমবঙ্গের ইতিহাসে দেখিনি। এরপরেও কিছু ব্যবসায়ী আছেন যারা বাজারে গেলে বলছেন ভালো আলু নিতে গেলে বেশি দাম দিতে হবে আর খারাপ আলু নিলে সরকারী দামে দেবো। আমি মন্ত্রীকে সেটাই প্রশ্ন করছি যে, এই যে খারাপ আলু এবং ভালো আলু ভাগ করা হচ্ছে। প্রশ্ন করলে বলছে, আমি যে বস্তা আনছি তারমধ্যে খারাপ-ভালো থাকছে। অতএব ভালো আলুর দাম আলাদা, খারাপ আলুর দাম আলাদা। এই যে একটা ফাঁক দিয়ে বেরিয়ে যাওয়ার জন্য — মানুষকে ঠকানো হচ্ছে। খারাপ আলুগুলোকে সরকারী দামে আর বস্তা থেকে বাছাই করে ভাল আলুগুলোকে বেশি দামে বিক্রি করছে — এই যে চক্রান্ত এটা রোধ করার জন্য আপনি কি ব্যবস্থা নিচ্ছেন?

শ্রী অরূপ রায় : মাননীয় সরকারী মুখ্য সচেতক শোভনদেব চট্টোপাধ্যায়ের প্রশ্নের উত্তরে আপনার মাধ্যমে আমরা জানাতে চাই যে, আমাদের মধ্যস্বত্বভোগী যারা তারা দীর্ঘদিন ধরে পূর্ববর্তী সরকারের আমলে — এক একটা জেলায় তারা এইভাবে করে থাকতেন। প্রতিটি জেলায় জেলায় একজন করে দায়িত্বে থাকতেন। চাষীরা দাম পেত না। আর সাধারণ মানুষের অগ্নিমূল্যে কিনতে হত — ২৪ টাকায় আলু খেতে হয়েছে আমাদের। আমি মাননীয় সিনিয়র বিধায়ক, চিফ হুইপ তার প্রশ্নের উত্তরে জানাই, স্পেশিফিক কোন অ্যালিগেশান এই ধরনের আমাদের কাছে এলে আমরা নিশ্চয় সেই ক্ষেত্রে আইনগত যে ব্যবস্থা সেই ব্যবস্থা আমরা নেবো, পরবর্তীকালেও আমরা এই ব্যবস্থা নেবো।

শ্রী রামেশ্বর দোলই : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। এটা ঠিকই যে কেন্দ্রীয় সরকারের নীতির জন্য জিনিসপত্রের দাম বাড়ে। এটাও ঠিক রাজ্য সরকারের নীতি এর জন্যও দায়ী। প্রবেশকর, অন্যান্য কর কাঠামো ইত্যাদি। কৃষকের লাভজনক ফসলের মূল্যের দাম দিতে আমরা বলি। কৃষকের ফসলের লাভজনক মূল্য — কোন সময়? যখন চাষীর কাছ থেকে ওঠে। যে প্রবেশ কর — এন্ট্রি ট্যাক্স, আর বাকি অন্যান্য সব বিষয়গুলো আছে। চার রাজ্যে সদ্য নির্বাচন — মূল্য বৃদ্ধির জন্য মানুষ সরকারের বিরুদ্ধে রায় দিয়েছেন। এই সরকারকে আমি সতর্ক করছি। দ্রব্যমূল্য বৃদ্ধি রোধে সমন্বয় করে পদক্ষেপ গ্রহণ করুন। নিত্য ব্যবহার্য্য জিনিসের দাম বাড়ছে। পুলিশ এবং ভিজিল্যান্সের মধ্যে সমন্বয় নেই। আর বাজারে টাস্ক ফোর্সের যে ভূমিকা, সেই ভূমিকা সঠিক না। আমি মাননীয় মন্ত্রীর কাছে বলব যে কৃষিজ পণ্য — এই মধ্যসস্বত্বভোগী, তারা যাতে বেশি দামে নিতে না পারে, তারজন্য যে পদক্ষেপ, সেই পদক্ষেপ গ্রহণ করা, আর কৃষক যখন উৎপাদন করছে, কৃষিজাত পণ্যের যাতে সঠিক মূল্য পায়, সরকার যেমন ইনপুটগুলো বা অন্যান্য দিয়ে সাহায্য করেন, এই ব্যাপারে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কি পদক্ষেপ গ্রহণ করেছেন যদি বলেন ভাল হয়। ধন্যবাদ।

শ্রী অরূপ রায় : মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে আমি জানাতে চাই যে, আপনাদের দীর্ঘদিনের শাসন, এই মধ্যস্বত্বভোগীরা এমনই শেকড় গেড়ে

বসেছে, ওদের তুলে ফেলতে সময় লাগবে। একটু সময় দিন, আমরা মধ্যস্বত্বভোগীদের হাত থেকে কৃষক এবং সাধারণ মানুষকে বাঁচানোর যে উদ্যোগ নিয়েছি, সেই উদ্যোগ পরবর্তীকালে সফল হবে। ধন্যবাদ।

শ্রী তপন চ্যাটার্জী : মাননীয় স্পীকারের মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমি প্রশ্ন করছি যে ৩৪ বছরের বাম জমানায় রেগুলেটিং মার্কেট আমরা দেখেছি। সেই রেগুলেটিং মার্কেটে কারা থাকতেন, কিভাবে চলত, কেমন করে চলত, বর্তমানে কি অবস্থা, রেগুলেটিং মার্কেট আছে কি ভেঙে গিয়েছে, সেটা যদি একটু বলেন।

শ্রী অরূপ রায় : যদিও এই যে প্রশ্ন আপনি করেছেন। এই প্রশ্নের সঙ্গে কোনো সম্পর্ক নেই। আপনি পরবর্তীকালে স্পেসিফিক কোশ্চেন নিয়ে আসবেন, আমি নিশ্চয় আপনার প্রশ্নের উত্তর দেব।

শ্রী নির্মল ঘোষ : স্যার, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন — স্যার, এই চার রাজ্যের নির্বাচনের কথা উঠেছে। আমরা তাতে কনটেস্ট করিনি। কিন্তু বামফ্রন্ট করেছিল ৫২ টির বেশি সিটে, একেবারে ধুয়ে-মুছে গেছে। স্যার, একেবারে ধুয়ে-মুছে গেছে। স্যার, আমার প্রশ্ন হচ্ছে এই দেখুন একটা শোরগোল ছিল যে সারা ভারতবর্ষেই আলুর দাম, জিনিসপত্রের দাম বেড়েছিল, কোনো সন্দেহ নেই। কিন্তু আমাদের সরকার যে ভাবে — টাস্ক ফোর্স গঠন শুধু নয়, এই রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী নিজে বাজারে গিয়েছেন। আপনি আমাকে বলুন এই যে আমরা এক নম্বরে যেতে চাই আলুর উৎপাদনে, আমরা দু'নম্বরে আছি, এক নম্বরে যেতে চাই। এই এক নম্বরে যেতে গিয়ে — আলু উৎপাদন হলে সেটা তো গোডাউনে রাখতে হবে। তাকে তো কোল্ড স্টোরেজে রাখতে হবে। আপনি আগামী দিনের কথা চিন্তা করে — আমরা যেমন আলুর ক্ষেত্রে এক নম্বরে যাব। কিন্তু আমাদের রাখার — এই গোডাউন জাত করা, তাকে ঠান্ডা ঘরে রাখা, মজুত করে হিমঘরে রাখার যে ব্যবস্থা, তারজন্য কি কি ব্যবস্থা আপনি করেছেন? যদিও এই প্রশ্নের একটু বাইরে, যদি দয়া করে মাননীয় মন্ত্রী উত্তর দেন।

শ্রী অরূপ রায় : যদিও আপনার স্পেসিফিক কোশ্চেন, যেটা আপনারা করেছেন, আমি মাননীয় স্পীকারের মাধ্যমে মাননীয় সিনিয়ার এম.এল.এ. শ্রী নির্মল ঘোষের প্রশ্নের উত্তরে বলতে চাই যে — আমি এতটা ডিটেলসে আপনাকে বলতে পারব না। কিন্তু আমরা এই আড়াই বছরে, আমরা আসার পরে আমি দেখলাম যে এখানে কোল্ড স্টোরেজের লাইসেন্সের ক্ষেত্রে অনেক রকম দুর্নীতি হত। আমরা এটাকে খুব ইজি করে দিয়ে — এর ফলে একটা রেকর্ড কোল্ড স্টোরেজে — আড়াই বছরে কোল্ড স্টোরেজে নতুন করে পটেটো কোল্ড স্টোরেজের লাইসেন্স আমরা দিয়েছি। সেই সঙ্গে মাল্টিপারপাস কোল্ড স্টোরেজের লাইসেন্সও আমরা দিয়েছি এবং রিনুয়্যাল ছিল না, বেশির ভাগ ক্ষেত্রে রিনুয়াল হত না। সেই রিনুয়্যাল ক্ষেত্রেও — কৃষি বিপণনের ইতিহাসে এত রিনুয়্যালএকসঙ্গে কখনও হয়নি। সুতরাং এগুলো আমরা করেছি। পরবর্তীকালে আপনি ডিটেলস প্রশ্ন করলে আমি ডিটেলসে দিয়ে দেব যে বর্তমানে আমরা কতগুলো লাইসেন্স দিয়েছি আমাদের সরকার আসার পর এবং কতগুলো রিন্যুয়াল হয়েছে। ধন্যবাদ।

Starred Questions
(to which answers were laid on the Table)

গভীর নলকূপ স্থাপন

*১৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২) **শ্রী অসিত মিত্র** : জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, কৃষির জন্য গভীর নলকূপ বসানোর পরিকল্পনা বাতিলের সিদ্ধান্ত নেওয়া হয়েছে; এবং

(খ) সত্যি হলে, তার বিকল্প ব্যবস্থা কি?

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

নতুন পলিটেকনিক স্থাপনে সরকারী নীতি

*১৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫০) **শ্রী এস. এম. সাদি** : কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) নতুন পলিটেকনিক কলেজ নির্মাণ করার ক্ষেত্রে সরকারী নীতি কীরূপ; এবং

(খ) নদীয়া জেলার পলাশীপাড়াতে পলিটেকনিক স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি?

কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সরকারি নীতি অনুসারে রাজ্যের সমস্ত 'আন-সার্ভড' মহকুমায় নতুন সরকারি পলিটেকনিক কলেজ স্থাপনের পরিকল্পনা আছে।

(খ) প্রতিটি মহকুমায় একটি করে পলিটেকনিক কলেজ স্থাপনের যে কর্মসূচী নেওয়া হয়েছে তাতে তেহট্ট মহকুমার বেতাইতে একটি পলিটেকনিক কলেজ স্থাপনের পরিকল্পনা নেওয়া হয়েছে। প্রসঙ্গতঃ 'পলাশীপাড়া' তেহট্ট মহকুমার অন্তর্গত।

Unstarred Questions
(to which answers were laid on the Table)

অতিরিক্ত দূষণ সৃষ্টিকারী কারখানার সংখ্যা

১৩। (অনুমোদিত প্রশ্ন নং ১) **শ্রী তজমুল হোসেন** : পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

৩১শে অক্টোবর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে অতিরিক্ত দূষণ সৃষ্টিকারী কারখানার সংখ্যা কত?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ দূষণের মাত্রার পরিপ্রেক্ষিতে বেশী দূষণ সৃষ্টিকারী শিল্পগুলিকে 'লাল' হিসেবে চিহ্নিত করে। আজ অবধি, পর্ষদের কাছে এই ধরনের নিবন্ধভুক্ত শিল্পসংখ্যা হল ৭৭৫৯।

উপরিউক্ত 'লাল' (RED) হিসেবে চিহ্নিত শিল্পগুলির মধ্যে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ অতিরিক্ত দূষণ সৃষ্টিকারী শিল্পসংস্থাগুলিকে নিম্নোক্তভাবে বিভক্ত করেছে :

(ক) জাতীয় নদী সংরক্ষণ যোজনার অন্তর্গত শিল্পসংস্থা সমূহ,

(খ) কেন্দ্রীয় পরিবেশমন্ত্রকের দ্বারা নির্ধারিত অতিরিক্ত দূষণ সৃষ্টিকারী ১৭টি শ্রেণীর অন্তর্ভুক্ত শিল্পসংস্থা সমূহ,

(গ) অন্যান্য মুখ্য বায়ুদূষণকারী শিল্পসংস্থা সমূহ,

(ঘ) অন্যান্য মুখ্য জলদূষণকারী শিল্পসংস্থা সমূহ, ও

(ঙ) সমস্যাকারী শিল্পসংস্থা সমূহ।

৩১শে অক্টোবর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে অতিরিক্ত দূষণ সৃষ্টিকারী কারখানার সংখ্যা ৪৬৮। এই সর্বপ্রকার অতিরিক্ত দূষণ সৃষ্টিকারী শিল্প সংস্থার ক্ষেত্রে নজরদারির বিষয়টিতে পর্ষদ যথাযোগ্য গুরুত্ব আরোপ করে থাকে এবং এই সকল শিল্পসংস্থাকেই মাসিক/দ্বৈমাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে পর্ষদের তরফ থেকে পর্যবেক্ষণ করা হয়।

ক্লাবকে আর্থিক সহযোগিতা

১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১২) **শ্রী তজমুল হোসেন :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্তমান আর্থিক বছরে রাজ্যের মোট কত সংখ্যক ক্লাবকে আর্থিকভাবে সহযোগিতা করা হয়েছে; এবং

(খ) উক্ত ক্লাবগুলিকে কোন্ প্রেক্ষিতে যোগ্যতা যাচাই করা হয়েছে?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বর্তমান আর্থিক বছরে রাজ্যের মোট ৪৩৯৫টি ক্লাবকে আর্থিকভাবে সহযোগিতা করা হয়েছে।

(খ) সারা বর্ষব্যাপী পশ্চিমবঙ্গ রাজ্য ক্রীড়া পর্ষদ, সমষ্টি উন্নয়ন আধিকারিক, মহকুমা উন্নয়ন আধিকারিক, বিভিন্ন পর্যায়ের নির্বাচিত জনপ্রতিনিধি, বেঙ্গল অলিম্পিক অ্যাসোসিয়েশন, বিভিন্ন জেলা ক্রীড়া অ্যাসোসিয়েশন ও ক্রীড়া ফেডারেশন প্রভৃতির দ্বারা পর্যবেক্ষণ ও অনুমোদনের প্রেক্ষিতে যোগ্যতা যাচাই করে ক্লাবগুলিকে আর্থিক সাহায্য দেওয়া হয়েছে। এছাড়াও ক্রীড়া দপ্তরে সরাসরি আবেদনের প্রেক্ষিতে যাচাই করা হয়।

কৃষি স্বাস্থ্যকেন্দ্র

১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮) শ্রী তজমুল হোসেন : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যে কৃষি স্বাস্থ্য কেন্দ্র আছে কি না; এবং

(খ) কথাকলে, উক্ত কেন্দ্রের সংখ্যা কত (জেলাওয়ারী হিসাব সহ)?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) রাজ্যে কৃষিজ বিপণন বিভাগে পরিচালিত একটি মাত্র কৃষি স্বাস্থ্য কেন্দ্র আছে যা দিনহাটা নিয়ন্ত্রিত বাজার সমিতির মুখ্য বাজার চত্বরে অবস্থিত।

মালদা জেলায় হিমঘর

১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮৬) শ্রী তজমুল হোসেন : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

মালদা জেলার নতুন হিমঘর নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি? (ব্লকওয়ারি তথ্য সহ)

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : মালদা জেলার সরকারী উদ্যোগ তিনটি হিমঘর নির্মাণের কাজ সমাপ্তির পথে।

(১) সামসী মুখ্যবাজার চত্বরে (রতুয়া-১ নম্বর ব্লক)

(২) সামসী মার্কেট কমিটির উপবাজার চত্বরে (হরিশচন্দ্রপুর ব্লক-২)

(৩) ইংলিশবাজার মার্কেট কমিটির মুখ্যবাজার চত্বরে (ইংলিশবাজার ব্লক)।

অনুমোদিত পানীয় জল প্রকল্পের সংখ্যা

১৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৯০) শ্রী সুনীল কুমার মণ্ডল : জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ২০১৩-১৪ অর্থবর্ষে ৩১শে অক্টোবর, ২০১৪ সাপেক্ষে রাজ্যে কতসংখ্যক পানীয় জল প্রকল্প অনুমোদন করা হয়েছে (জেলাভিত্তিক তথ্য); এবং

(খ) উক্ত প্রকল্পগুলির কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ক্রমিক সংখ্যা	জেলার নাম	৩১/১০/২০১৩ পর্যন্ত ২০১৩-১৪ সালে প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত প্রকল্প সংখ্যা
১.	দক্ষিণ ২৪ পরগনা	৪
২.	জলপাইগুড়ি	৩
৩.	হুগলি	৯
৪.	দক্ষিণ দিনাজপুর	৪
৫.	কোচবিহার	১
৬.	বর্ধমান	৯
৭.	হাওড়া	৬
৮.	উত্তর দিনাজপুর	৪
৯.	মালদা	৫
১০.	পূর্ব মেদিনীপুর	১
১১.	মুর্শিদাবাদ	২
১২.	বীরভূম	১
১৩.	পুরুলিয়া	১
১৪.	উত্তর ২৪ পরগনা	১
	মোট	৫১

(খ) উপরিউক্ত প্রকল্পগুলি রূপায়ণের বিভিন্ন পর্যায়ে আছে। ৫১ (একান্ন)টি প্রকল্পের মধ্যে ৫০ (পঞ্চাশ)টি প্রকল্প ৩১.১২.২০১৫-এর মধ্যে চালু হবে বলে আশা করা যায়। অবশিষ্ট ১ (এক)টি প্রকল্প যথা পুরুলিয়া জেলায় পশ্চিমবঙ্গ নলবাহিত জলসরবরাহ প্রকল্প (পুরুলিয়া) ২০১৭ সালের ফেব্রুয়ারী মাস নাগাদ শেষ হবে বলে আশা করা যায়।

বর্ধমান জেলায় ধান সংগ্রহের পরিকল্পনা

১৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৬) শ্রী সুনীল কুমার মণ্ডল : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্ধমান জেলায় ধান সংগ্রহকরণের জন্য সরকার কি কোন পরিকল্পনা ইতিমধ্যে গ্রহণ করেছে; এবং

(খ) করে থাকলে, বর্তমানে তা কোন্ পর্যায়ে আছে?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, বর্ধমান জেলায় ধান সংগ্রহকরণের জন্য পশ্চিমবঙ্গ সরকার ইতিমধ্যে বেশ কয়েকটি পরিকল্পনা গ্রহণ করেছেন।

(খ) কৃষকদের কাছ থেকে সরকারী নির্ধারিত মূল্যে (কুইন্টাল প্রতি ১৩১০ টাকা) ধান কেনার জন্য পশ্চিমবঙ্গ সরকার বেনফেড, ই সি এস সি, নাফেড, এন সি সি এফ ও নাকোফ — এই পাঁচটি এজেন্সীকে নির্দেশ দিয়েছে। এছাড়া, রাইস মিলগুলোও ধান কেনা শুরু করেছে।

বর্ধমান জেলায় পি.এম.জি.এস. যোজনায় রাস্তা

১৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৪) শ্রী সুনীল কুমার মণ্ডল : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

বর্তমান আর্থিকবর্ষে বর্ধমান জেলায় কত সংখ্যক রাস্তাকে প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় অন্তর্ভুক্ত করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে (ব্লক ভিত্তিক বিবরণ)?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ২০১৩-১৪ আর্থিক বছরে বর্ধমান জেলায় মোট ষোলোটি রাস্তাকে এ.ডি.বি.-র সহায়তায় প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। ব্লকভিত্তিক রাস্তার নাম ও দৈর্ঘ্য আলাদা নথিতে পেশ করা হল।

ক্রমিক সংখ্যা	ব্লক	রাস্তার নাম	দৈর্ঘ্য (কি.মি.)
১.	কেতুগ্রাম-II	মৌগ্রাম থেকে নৈহাটী	৯.২২৫
২.	মেমারি-II	রাধাকান্তপুর মোড় থেকে শাহজাদপুর	৫.২৫০
৩.	পুর্বস্থলী-II	চাটনী থেকে কাশীপুর	১২.২৫৫
৪.	রানীগঞ্জ	চেলদ থেকে চন্দ	৭.৪৪৫
৫.	গলসী-II	উরা থেকে দাদপুর	৮.৬৫০
৬.	গলসী-II	গলসী থেকে দক্ষিণ ভাসাপুর	৭.৯০০
৭.	পুর্বস্থলী--I	বামুনকারিয়া থেকে হারিপুর	৫.৯২৫
৮.	আউসগ্রাম-II	চরা থেকে বিষ্ণুপুর	৫.৫৫০
৯.	আউসগ্রাম-II	দিগ্‌নগর থেকে শিবদা	৬.৯০০
১০.	আউসগ্রাম-I	ভোটা থেকে করনজি	১৩.৬৫০
১১.	আউসগ্রাম-II	গোপাল মাঠ থেকে সোনাই	৬.১৫০
১২.	পাণ্ডবেশ্বর	দেশলোপা থেকে শঙ্করপুর	১৩.৭৫০
১৩.	অণ্ডাল	হরিষপুর জে. কে. রোপওয়েস থেকে সিধুলী	১০.০০০
১৪.	কাকসা	দেবিপুর (NH2) থেকে পানাগড় (NH2)	১২.২০০
১৫.	দুর্গাপুর-ফরিদপুর	গুটুলিয়া থেকে মাধাইগঞ্জ	৭.৭৫০
১৬.	রানীগঞ্জ	রানীগঞ্জ (O.D.R) থেকে বক্তারনগর গ্রাম	৪.৫০০
		মোট	১৩৭.৭৭০

রাজ্যে পর্যটন কেন্দ্র নির্মাণে ধার্য অর্থ

২০। (অনুমোদিত প্রশ্ন নং ৩১৮) শ্রী সুনীল কুমার মণ্ডল : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

২০১৩-১৪ আর্থিক বছরে রাজ্যের বিভিন্ন স্থানে পর্যটন কেন্দ্র গড়ে তোলার জন্য কত অর্থ ধার্য করা হয়েছে (জেলাওয়ারি তথ্য সহ)?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ২০১৩-১৪ আর্থিক বছরে রাজ্যের বিভিন্ন স্থানে পর্যটন কেন্দ্র গড়ে তোলার জন্য জেলাওয়ারি যে অর্থ ধার্য করা হয়েছে তা নিম্নরূপ :

ক্রমিক সংখ্যা	জেলা	প্রকল্পের বিবরণ (টাকায়)	একক প্রকল্প অনুযায়ী ব্যয় বরাদ্দ (টাকায়)	মোট আনুমানিক ব্যয় বরাদ্দ (টাকায়)
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	কলকাতা	(ক) রামকৃষ্ণ সমাধি প্রাঙ্গণে আলোকসজ্জা ও কাশীপুর মহাশ্মশানের ধ্যান ভবনের আলোকসজ্জা।	৩৯,০৫,০০০.০০	৩,৬৩,৯২,৩৪০
		(খ) আণ্ডারপাস নির্মাণ	৩৯,৮৭,৩৪০.০০	
		(গ) মহাকরণের সামনে ফোয়ারার সৌন্দর্যায়ন ও উন্নয়ন	২,০০,০০,০০০.০০	
		(ঘ) কার্জন পার্ক, গ্র্যান্ড হোটেলের উল্টোদিকে শহীদ মিনারে,	৪০,০০,০০০.০০	
		প্রেস ক্লাবে, বাবুঘাটে, নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে, গণশৌচালয় আধুনিকীকরণ/পুনর্নবীকরণ	৪৫,০০,০০০.০০	
২।	দার্জিলিং	(ক) চৌরাস্তা, মল রোড ও টাইগার হিল উন্নয়ন ও সৌন্দর্যায়ন	৫,০০,০০,০০০.০০	৫,০০,০০,০০০
৩।	কোচবিহার	(ক) কোচবিহার দেবোত্তর ট্রাস্টের অধীনে আনন্দময়ী	৭৯,০০,০০০.০০	১,৭৯,০০,০০০
		ধর্মশালার পুনর্নবীকরণ	১,০০,০০,০০০.০০	
		(খ) রাজকন্যা গায়ত্রী দেবী পার্ক		

ক্রমিক সংখ্যা	জেলা	প্রকল্পের বিবরণ (টাকায়)	একক প্রকল্প অনুযায়ী ব্যয় বরাদ্দ (টাকায়)	মোট আনুমানিক ব্যয় বরাদ্দ (টাকায়)
(১)	(২)	(৩)	(৪)	(৫)
৪।	জলপাইগুড়ি	(ক) আলিপুরদুয়ার ১নং ব্লকে জলদাপাড়া অরণ্যের কাছে ১০০ একর জমিতে পর্যটন কার্যকলাপ (থাকার বন্দোবস্ত ইত্যাদি)	৫০,০০,০০০.০০	৫০,০০,০০০
৫।	প.মেদিনীপুর	(ক) রাণী শিরোমণি পর্যটক আবাসের পুনর্নবীকরণ	৫৬,০০,০০০.০০	৪,২০,০০,০০০
		(খ) পিংলা ও মায়াতে গ্রামীণ পর্যটন প্রকল্পর উন্নয়ন·	২,০৫,০০,০০০.০০	
		(গ) ষড়শম্ভের উন্নয়ন	৮৯,০০,০০০.০০	
		(ঘ) মোগলমারির উন্নয়ন	৫০,০০,০০০.০০	
		(ঙ) গোপগড়, শৌচালয়, শিশু উদ্যান বেড়া দেওয়া ইত্যাদি	২০,০০,০০০.০০	
৬।	নদীয়া	(ক) মায়াপুর	৫০,০০,০০০.০০	২,৫৫,০০,০০০
		(খ) পলাশীতে আলো ও গাছ	৩৫,০০,০০০.০০	
		(গ) কৃষ্ণনগর শহর সৌন্দর্যায়ন (১ম ধাপ)	১.৬০,০০,০০০.০০	
		(ঘ) ঘূর্ণিতে শিল্প ও কারুকলা জাদুঘর	১০,০০,০০০.০০	
৭।	উত্তর দিনাজপুর	(ক) কুলিক অরণ্যের উন্নয়ন	১,০০,০০,০০০.০০	১.০০,০০,০০০
৮।	দক্ষিণ দিনাজপুর	(ক) আটলদীঘির উন্নয়ন	৯৭,০০,০০০.০০ ১,৯০,০০,০০০	
		(খ) শমীবৃক্ষের উন্নয়ন	৪৩,০০,০০০.০০	
		(গ) তপনদীঘিতে জলক্রীড়ার উন্নয়ন	৫০.০০,০০০.০০	
৯।	মালদা	(ক) পর্যটন তথ্যকেন্দ্র	৭০,০০,০০০.০০	২.০০,০০,০০০

ক্রমিক সংখ্যা	জেলা	প্রকল্পের বিবরণ (টাকায়)	একক প্রকল্প অনুযায়ী ব্যয় বরাদ্দ (টাকায়)	মোট আনুমানিক ব্যয় বরাদ্দ (টাকায়)
(১)	(২)	(৩)	(৪)	(৫)
		(খ) গৌড় ও মহাদিপুরে প্রবেশ তোরণ	৮০,০০,০০০.০০	
		(গ) আদিনা মসজিদে পর্যটকদের জন্য সুযোগসুবিধা	৩০,০০,০০০.০০	
		(ঘ) জহুরাতলা মন্দির আলোকায়ন	২০,০০,০০০.০০	
১০।	মুর্শিদাবাদ	জনসাধারণের জন্য সুযোগ-সুবিধা নির্মাণ		২,৬০,০০,০০০
		(ক) উত্তরচর জামদিয়া-রানিনগর২	৩৫,০০,০০০.০০	
		(খ) ভাগীরথী নদীর বামপার্শ্ব-লালবাগ (ফক্সকোটি থেকে দক্ষিণ দরওয়াজা)	৩৫,০০,০০০.০০	
		(গ) চরকি বিল	৩৫,০০,০০০.০০	
		(ঘ) চালদিয়া বিল	৩৫,০০,০০০.০০	
		(ঙ) ভান্ডারদিঘী বিল	৩৫,০০,০০০.০০	
		(চ) নিমকহারাম দেউড়ি, লালবাগ	২৫,০০,০০০.০০	
		(ছ) মুর্শিদাবাদ জাদুঘর, লালবাগ	৩০,০০,০০০.০০	
		(জ) কিরীটেশ্বর মন্দিরে যাতায়াতের রাস্তা	৩০,০০,০০০.০০	
১১।	বীরভূম	(ক) বোলপুর শান্তিনিকেতন ব্লকে অমর কুটি ও পরিবেশ-বান্ধব উদ্যানে ১টি কুটির নির্মাণ	৮০,০০,০০০.০০	১,৮০,০০,০০০
		(খ) বক্রেশ্বরে ১০টি কুটির স্থাপন ও উন্নয়ন	১,০০,০০,০০০.০০	

ক্রমিক সংখ্যা	জেলা	প্রকল্পের বিবরণ (টাকায়)	একক প্রকল্প অনুযায়ী ব্যয় বরাদ্দ (টাকায়)	মোট আনুমানিক ব্যয় বরাদ্দ (টাকায়)
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১২।	বর্ধমান	(ক) সমুদ্রগড়ে গ্রামীণ পর্যটন প্রকল্প	১,২৩,০০,০০০.০০	৪,৫৫,০০,০০০
		(খ) প্রতিটি ৩০ লক্ষ টাকা হিসাবে ৫টি মন্দির ও জনসাধারণের জন্য সুযোগ সুবিধা	১,৫০,০০,০০০.০০	
		(গ) সর্বমঙ্গলা মন্দিরের পুনর্নবীকরণ	১,৩৭,০০,০০০.০০	
		(ঘ) চুপিচরে পরিবেশ-বান্ধব উদ্যান	৪৫,০০,০০০.০০	
১৩।	বাঁকুড়া	(ক) বিস্তারিত প্রকল্প প্রতিবেদন	৫,০০,০০,০০০.০০	৫,০০,০০,০০০
১৪।	পূর্ব মেদিনীপুর	(ক) মন্দারমণি সৈকতে আলোকসজ্জা	৫০,০০,০০০.০০	৯১,১০,০০০
		(খ) দীঘায় তোরণ নির্মাণে পর্যটন বিভাগের প্রদেয় পরিত্রাণ	৪০,০০,০০০.০০ ৫০,০০০.০০	
		(গ) মন্দারমণিতে দিশাফলক	৬০,০০০.০০	
		(ঘ) ওয়াটার বাইক পরিবহন		
১৫।	পুরুলিয়া	(ক) বিদ্যমান পর্যটক আবাসগুলির পুনর্নবীকরণ	১,৫০,০০,০০০.০০	২,২২,৪০,০০০
		(খ) দেউলঘাটা থেকে অযোধ্যা পর্যন্ত পর্যটন উন্নয়ন	২৫,০০,০০০.০০	
		(গ) মাথা গ্রামপঞ্চায়েতের অধীনে বাঘমুন্ডি ব্লকে লোয়াকি	৪৭,৪০,০০০.০০	
১৬।	হুগলী	(ক) চন্দননগরে গঙ্গার পাড় উন্নয়ন	১,৭৮,০০,০০০.০০	২,৩৮,০০,০০০
		(খ) আর্ডপুরে বিদ্যমান আর টি পির জন্য বাড়তি খরচ	৪০,০০,০০০.০০	

ক্রমিক সংখ্যা	জেলা	প্রকল্পের বিবরণ (টাকায়)	একক প্রকল্প অনুযায়ী ব্যয় বরাদ্দ (টাকায়)	মোট আনুমানিক ব্যয় বরাদ্দ (টাকায়)
(১)	(২)	(৩)	(৪)	(৫)
		(গ) চুঁচুড়া মগড়া ব্লকে দিমুই গ্রামপঞ্চায়েতে জনসাধারণের জন্য সুযোগসুবিধা	২০,০০,০০০.০০	
১৭।	হাওড়া	(ক) বটানিক্যাল গার্ডেনে ব্লকবাগ বিল্ডিং পুনর্নবীকরণ	১,৫০,০০,০০০.০০	২,৩৯,০০,০০০
		(খ) গাদিয়ারা বাসস্ট্যান্ড থেকে পর্যটক আবাস পর্যন্ত যাতায়াতের রাস্তা	২৫,০০,০০০.০০	
		(গ) গড়চুমুকে জনসাধারণের জন্য সুযোগসুবিধা	২৮,০০,০০০.০০	
		(ঘ) গড়চুমুকে আরণ্যক আবাসের সম্প্রসারণ	৩৬,০০,০০০.০০	
১৮।	দ.চব্বিশ পরগনা	(ক) গঙ্গাসাগর, সুইম টেন্ট, রান্নাঘর	৫০,০০,০০০.০০	২,৯০,০০,০০০
		(খ) জম্বু দ্বীপে কুটির	১,০০,০০,০০০.০০	
		(গ) লট নং ৮ ও গঙ্গাসাগরে তোরণ	১,২০,০০,০০০.০০	
		(ঘ) গঙ্গাসাগরে যাতায়াতের রাস্তা	২০,০০,০০০.০০	
১৯।	উ: চব্বিশ পরগনা	(ক) হাড়োয়া পি ডব্লু ডি রোড থেকে চন্দ্রকেতুগড়	২৫,০০,০০০.০০	১,৯৭,০০,০০০
		(খ) চন্দ্রকেতুগড়ে জনসাধারণের জন্য সুযোগসুবিধা	৩৫,০০,০০০.০০	
		(গ) ইচ্ছামতি চড়ুইভাতি উদ্যান বসিরহাট	২৭,০০,০০০.০০	
		(ঘ) পারমাদনে ডে শেল্টার ও জনসাধারণের জন্য সুযোগসুবিধা	৫০,০০,০০০	
		(ঙ) ধামা খালীতে ডে শেল্টার ও জণসাধারণের জন্য সুযোগসুবিধা	৬০,০০,০০০.০০	
২০।	মালদা (অতিরিক্ত)	(ক) রাজাদীঘি অরণ্য থেকে গাজোল পর্যন্ত রাস্তা	২,৪০,০০,০০০.০০	৩,২০,০০,০০০
		(খ) কাজলদীঘি থেকে কানদারণ সাপুরিয়া পাগ পর্যন্ত রাস্তা	৮০,০০,০০০.০০	

পি.এম.জি.এস.ওয়াই-এ বরাদ্দকৃত অর্থ

২১। (অনুমোদিত প্রশ্ন নং ৩২২) শ্রী সুনীল কুমার মণ্ডল : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ২০১৩-১৪ আর্থিক বছরে পি.এম.জি.এস.ওয়াই প্রকল্পে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত; এবং

(খ) তন্মধ্যে, বর্ধমান জেলায় উক্ত বরাদ্দের পরিমাণ কত?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ২০১৩-১৪ আর্থিক বছরে পি.এম.জি.এস.ওয়াই প্রকল্পে মোট ৫৯৭ (পাঁচশত সাতানব্বই)টি রাস্তা অনুমোদিত হয়েছে। উক্ত রাস্তাগুলির জন্য মোট ১৩৪৫.২৫ (এক হাজার তিন শত পঁয়তাল্লিশ দশমিক দুই পাঁচ) কোটি টাকা বরাদ্দ হয়েছে। নীচে বিশদে দেওয়া হল —

	রাস্তার (সংখ্যা)	দৈর্ঘ্য (কি.মি.)	বরাদ্দকৃত অর্থ (কোটি)
১। ব্যাচ-I,এ.ডি.বি. সহায়ক পি.এম. জি.এস. ওয়াই	১৩০ (একশত তিরিশ)	৯৩০.০৮৭ (নয়শত তিরিশ দশমিক শূন্য আট সাত)	৪৯৩.৪৫ (চারশত তিরানব্বই দশমিক চার পাঁচ)
২। ব্যাচ-I, পি.এম.জি.এস.ওয়াই দার্জিলিং stage II	২০ (কুড়ি)	৯৭.৩৯ (সাতানব্বই দশমিক তিন নয়)	৩০.১৫ (ত্রিশ দশমিক এক পাঁচ)
৩। ব্যাচ-II, পি.এম.জি.এস.ওয়াই (আই.এ.পি.জেলা) কেবলমাত্র	৪৪৭ (চারশত সাতচল্লিশ)	১৫৩৯.১৩ (এক হাজার পাঁচশত উনচল্লিশ দশমিক এক তিন)	৮২.১৬৫ (আট হাজার একুশ দশমিক ছয় পাঁচ)
মোট	৫৯৭ (পাঁচ শত (সাতানব্বই)টি	২৫৬৬.৬০ (দুই হাজার পাঁচশত ছেষট্টি দশমিক ছয় শূন্য) কি.মি.	১৩৪৫.২৫ (এক হাজার তিনশত পঁয়তাল্লিশ দশমিক দুই পাঁচ)

২০১৩-১৪ আর্থিক বছরে এ.ডি.বি. সহায়ক পি.এম.জি.এস.ওয়াই. প্রকল্পে ২টি রাস্তার মধ্যে মোট ৬.১৪ (ছয় দশমিক এক চার) কোটি টাকা বরাদ্দ হয়েছে। উক্ত রাস্তা দুটির মোট দৈর্ঘ্য ১১.০৫ (এগারো দশমিক শূন্য পাঁচ) কি.মি.

উত্তরবঙ্গে নতুন পর্যটন কেন্দ্র নির্মাণের প্রস্তাব

২২। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬১) **শ্রী অনন্তদেব অধিকারী** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) প্রাচীন গেটওয়ে অফ ডুয়ার্স ময়নাগুড়িতে প্রাচীন প্রত্নতাত্ত্বিক নিদর্শনকে কেন্দ্র করে পর্যটন কেন্দ্র গড়ে তোলার কোনো পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) রামশাইতে জলঢাকা নদী, গরুমারা ফরেষ্ট ও চা বাগানকে কেন্দ্র করে পর্যটন কেন্দ্র গড়ে তোলার কোনো পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(গ) উত্তরবঙ্গের প্রাচীনতম জল্পেশ মন্দির এবং রামশাই এলাকাকে কেন্দ্র করে পর্যটন কেন্দ্র গড়ে তোলার জন্য কেন্দ্রীয় সরকার কোনো অর্থ বরাদ্দ করেছে কি?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) এখনও পর্যন্ত কোনো পরিকল্পনা নেই।

(খ) হ্যাঁ, আছে। কেন্দ্রীয় আর্থিক সহায়তায় রামশাইতে গরুমারা অরণ্যে এবং গরুমারা জাতীয় উদ্যানে যথাক্রমে ২০৫.০৬ লক্ষ টাকা এবং ৪৯.০৪ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে এবং পর্যটন কেন্দ্র গড়ে তোলার কাজ চলছে।

(গ) হ্যাঁ, করেছে। জল্পেশ মন্দির এবং রামশাই এলাকাকে কেন্দ্র করে পর্যটন কেন্দ্র গড়ে তোলার উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকার যথাক্রমে ২৪৫ লক্ষ টাকা এবং ২০৫.০৬ লক্ষ টাকা মঞ্জুর করেছে এবং উদ্দিষ্ট লক্ষ্য পূরণে কাজ চলছে।

ময়নাগুড়িতে পলিটেকনিক ও আই.টি.আই. শিক্ষাকেন্দ্র স্থাপন

২৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬৪) **শ্রী অনন্তদেব অধিকারী** : কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, ময়নাগুড়িতে প্রস্তাবিত পলিটেকনিক কলেজ স্থাপনের লক্ষ্যে টেন্ডার হওয়া সত্ত্বেও অদ্যাবধি কাজ শুরু হয়নি;

(খ) সতি হলে, কবে নাগাদ কাজ শুরু হতে পারে বলে আশা করা যায়; এবং

(গ) ময়নাগুড়িতে আই.টি.আই. শিক্ষাকেন্দ্র স্থাপনের কোন পরিকল্পনা আছে কি?

কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) না, এটা সত্য নয়। ময়নাগুড়িতে প্রস্তাবিত পলিটেকনিক কলেজ স্থাপনের কাজ শুরু হয়েছে।

(খ) প্রযোজ্য নয়।

(গ) হ্যাঁ, ময়নাগুড়িতে নতুন আই.টি.আই. শিক্ষাকেন্দ্র স্থাপনের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে, কাজও শুরু করা হয়েছে।

টিস্যু কালচার উন্নয়ন ও গবেষণা

২৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫২৭) শ্রী আনিসুর রহমান : খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

২০১১-১২ ও ২০১২-১৩ অর্থবর্ষে বিভিন্ন গ্রাম পঞ্চায়েত স্তরে টিস্যু কালচার সংক্রান্ত বিষয়ে উন্নয়ন এবং গবেষণার ক্ষেত্রে রাজ্য সরকারের গৃহীত পদক্ষেপগুলি কি কি?

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (১) ২০১১-১২ অর্থবর্ষে ন্যাশনাল হর্টিকালচার মিশন (NHM)-এর অধীনে ১৪৩ হেক্টর জমিতে ৪৪.৫৭ লক্ষ টাকার টিস্যু কালচার কলার চারা লাগানো হয় এবং একইভাবে ২০১২-১৩-তে ৫১৬ হেক্টর জমিতে ১৬১.২৮ লক্ষ টাকার চারা লাগানো হয় বিভিন্ন গ্রাম পঞ্চায়েত স্তরে। রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা (RKVY)-এর অধীনে ২০১১-১২ সালে ৩১.৩১ লক্ষ টাকায় ১০০ হেক্টর এবং ২০১২-১৩ সালে ৫০.১৬ লক্ষ টাকায় ১২৯ হেক্টর জমিতে টিস্যু কালচার কলার চারা লাগানো হয়েছে।

(২) হুগলী জেলা উদ্যানপালন অফিসে যে টিস্যু কালচার ল্যাবরেটরি অসম্পূর্ণ অবস্থায় পড়ে ছিল, ২০১১-১২ সালে নতুন সরকার আসার পর তার আধুনিকীকরণ ও বৈজ্ঞানিক যন্ত্রপাতি কেনার জন্য আরো ৯.২০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়। এই গবেষণাগার শীঘ্রই চালু করবার ব্যবস্থা নেওয়া হচ্ছে।

(৩) নদীয়ার আয়েসপুরের টিস্যু কালচার ল্যাবরেটরির পরিকাঠামো উন্নয়নের পর্ব সমাপ্ত হয়েছে। ASIDE-র অধীনের এই প্রকল্পটির জন্য ৪১৭.৫৫ লক্ষ টাকা ধার্য করা হয়েছে। পরীক্ষামূলক উৎপাদন শুরু হয়েছে। প্রকল্পটির আনুষ্ঠানিক উদ্বোধন শীঘ্রই করা হবে।

Scheme: Rastriya Krishi Vikash Jajona

Year	District	Physical (ha)	Financial (lakh)	No. of Beneficiary
1.2011-12 2.	Uttar Dinajpur Paschim Medinipur	57 43	17.816 13.50	507 453
	Total	**100**	**31.316**	**960**

Year	District	Physical (ha)	Financial (lakh)	No. of Beneficiary
1.2012-13	Dakshin Dinajpur	129	50.15	985

Scheme : National Horticulture Mission

Year	District	Physical (ha)	Financial (lakh ₹)	No. of Beneficiary
1. 2011-12	North 24 Parganas	42	13.0238	349
2.	Nadia	47	14.56917	363
3.	Murshidabad	26	8.2542	206
4.	Jalpaiguri	4	1.20636	35
5.	Cooch Behar	4	1.26563	29
6.	Birbhum	20	6.25362	164
	Total	**143**	**44.57278**	**1146**

Year	District	Physical (ha)	Financial (lakh)	No. of Beneficiary
1. 2012-13	North 24 Parganas	123	38.329	938
2.	South 24 Parganas	109	34.231	914
3.	Murshidabad	132	41.051	1110
4.	Jalpaiguri	40	12.378	306
5.	Birbhum	29	9.058	219
6.	Cooch Behar	35	10.9502	263
7.	Nadia	48	15.2828	381
	Total	**516**	**161.28**	**4131**

আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহ

২৫। (অনুমোদিত প্রশ্ন নং ৬০৮) **শ্রী সমরেন্দ্র নাথ ঘোষ :** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) নদীয়া জেলার আর্সেনিকপ্রবণ এলাকার মানুষদের জন্য বিশুদ্ধ পানীয় জল সরবরাহের বিশেষ কোনো পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি না; এবং

(খ) হয়ে থাকলে, উক্ত পরিকল্পনার জন্য কত পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

পশ্চিমবঙ্গে আর্সেনিক প্রভাবিত ব্লকগুলিতে নিরাপদ জল সরবরাহের উদ্দেশ্যে একটি মহা পরিকল্পনা তৈরী করা হয়েছিল। এই পরিকল্পনা অনুযায়ী ১ (এক)টি ভূপৃষ্ঠস্থ জলভিত্তিক জলসরবরাহ প্রকল্প যেমন নদীয়া (উত্তর অঞ্চল) চালু করা হয়েছে। এই প্রকল্পে কালিগঞ্জ, নাকাশিপাড়া, কৃষ্ণনগর-২ (অংশ) এবং নবদ্বীপ (অংশ) ব্লকের ১২,০৪,৪৭২ (বারো লক্ষ চার হাজার চারশত বাহাত্তর) জন প্রকল্পিত জনসাধারণ উপকৃত হচ্ছে।

এছাড়াও, ২ (দুই)টি ভূপৃষ্ঠস্থ জলভিত্তিক জলসরবরাহ প্রকল্প যেমন চাকদহ এবং হরিণঘাটা রূপায়ণের জন্য গ্রহণ করা হয়েছে। চাকদহের ভূপৃষ্ঠস্থ জলভিত্তিক জলসরবরাহ প্রকল্প চাকদহ ব্লকের ৪,৮৬,৯০৪ (চার লক্ষ ছিয়াশি হাজার নয়শত চার) জন প্রকল্পিত জনসাধারণকে আওতাভুক্ত করে চালু করা হয়েছে। হরিণঘাটার ভূপৃষ্ঠস্থ জলভিত্তিক জলসরবরাহ প্রকল্প হরিণঘাটা ও চাকদহ (অংশ) ব্লকের ৫,১৫,৯৯৯ (পাঁচ লক্ষ পনেরো হাজার নয়শত নিরানব্বই) জন প্রকল্পিত জনসাধারণকে আওতাভুক্ত করে ২০১৪ সালের মার্চ মাসে চালু হবে বলে আশা করা যায়। আরও, হাঁসখালি, করিমপুর-১ ও ২, রাণাঘাট-১ ও ২, কৃষ্ণনগর-১, চাপড়া, শান্তিপুর, তেহট্ট-১ ও ২, কৃষ্ণগঞ্জ এবং নবদ্বীপ ব্লকের ৫৬৩ (পাঁচশত তেষট্টি)টি মৌজা আওতাভুক্ত করার লক্ষ্যে ১০৬ (একশত ছয়)টি ভূগর্ভস্থ জলভিত্তিক জলসরবরাহ প্রকল্প রূপায়ণের জন্য গ্রহণ করা হয়েছে। প্রকল্পগুলি নদীয়া জেলার আর্সেনিক প্রভাবিত এলাকার ২৩,৩২,৫৬৫ (তেইশ লক্ষ বত্রিশ হাজার পাঁচশত পঁয়ষট্টি) জন প্রকল্পিত জনসাধারণকে উপকৃত করবে। ১০৬ (একশত ছয়)টি প্রকল্পের মধ্যে ১৩ (তেরো)টি প্রকল্প ১,৯২,৩৯১ (এক লক্ষ বিরানব্বই হাজার তিনশত একানব্বই) জন প্রকল্পিত জনসাধারণকে আওতাভুক্ত করে চালু হয়ে গেছে। বাকি ৪০ (চল্লিশ)টি এবং ৫৩ (তিপ্পান্ন)টি প্রকল্প যথাক্রমে ২০১৪ সালের মার্চ মাসে এবং অক্টোবর মাসে চালু হবে বলে আশা করা যায়।

(খ) নদীয়া জেলার ৩ (তিন)টি ভূপৃষ্ঠস্থ জলভিত্তিক জলসরবরাহ প্রকল্পের মোট অনুমোদিত মূল্য ৪৬৬.৯০ কোটি (চারশত ছেষট্টি কোটি নব্বই লক্ষ) টাকা। আরও, নদীয়া জেলার ১০৬ (একশত ছয়)টি ভূগর্ভস্থ জলভিত্তিক জলসরবরাহ প্রকল্পের মোট অনুমোদিত মূল্য ৩২৭.৯২ কোটি (তিনশত সাতাশ কোটি বিরানব্বই লক্ষ) টাকা।

বার্ধক্যভাতা প্রাপকের সংখ্যা বৃদ্ধির পরিকল্পনা

২৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬১৪) শ্রী নিরাপদ সরদার : অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) আদিবাসী সম্প্রদায়ভুক্তদের বার্ধক্য ভাতা প্রাপকের সংখ্যা বাড়ানোর কোনো পরিকল্পনা আছে কি; এবং

(খ) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে উক্ত ভাতা প্রাপকের সংখ্যা কত?

অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) প্রাপকের সংখ্যা বৃদ্ধির পরিকল্পনা সরকারের বিবেচনাধীন।

(খ) ৩১শে অক্টোবর, ২০১৩ সাপেক্ষে মোট ১,৩০,৪৬৩ জন পেনশন পেয়ে থাকেন।

পি.এম.জি.এস.ওয়াই.-তে রাস্তার কাজ

২৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬৪) ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় সবং ও পিংলা ব্লকে কয়টি রাস্তার কাজ শুরু হয়েছে এবং কয়টি রাস্তার কাজ এখনও শুরু করা সম্ভব হয়নি; এবং

(খ) শুরু না হওয়া রাস্তার কাজ দ্রুত শুরু করতে সরকার কী কী ব্যবস্থা নিয়েছে/নিচ্ছে?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় সবং ব্লকে মোট তিনটি রাস্তার কাজ শুরু হয়েছে। পিংলা ব্লকে এখনও কোনো রাস্তার কাজ শুরু হয়নি। সবং ব্লকের অনুমোদিত আটটি রাস্তার কাজ এবং পিংলা ব্লকের অনুমোদিত তেরোটি রাস্তার কাজ এখনও শুরু করা যায়নি।mল

(খ) পিংলা ব্লকের ১৩টি শুরু না হওয়া রাস্তার মধ্যে ২টি এডিবি (PMGSY)-তে প্রথমবার দরপত্র আহ্বানের পর কোনও নির্মাণকারী সংস্থা না পাওয়ার জন্য দ্বিতীয়বার দরপত্র আহ্বান করা হচ্ছে। বাকী ১১টির মধ্যে ১২-১৩, batch-I-এ অনুমোদিত হওয়া দুটি রাস্তার তিনবার দরপত্র আহ্বান করেও কোনও নির্মাণকারী সংস্থা পাওয়া যায়নি। এই সাপেক্ষে এই ২টি রাস্তা এবং ১৩-১৪ batch-II-এ নতুন অনুমোদিত ৯টি রাস্তার নির্মাণের ভার কেন্দ্রীয় সরকারের অনুমোদন সাপেক্ষে এন.পি.সি.সি.-কে বরাদ্দ করার কথা ভাবা হচ্ছে।

সবং ব্লকের অবশিষ্ট আটটি রাস্তার কাজ কেন্দ্রীয় সরকারের অনুমোদন সাপেক্ষে এন.পি.সি.সি.-কে বরাদ্দ করার কথা ভাবছে।

সবং ব্লকে আই.টি.আই. স্থাপন

২৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬৫) ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

পশ্চিম মেদিনীপুর জেলার সবং ব্লকে আই.টি.আই. বা পলিটেকনিক কলেজ স্থাপনের কাজ বর্তমানে কোনও পর্যায়ে আছে?

কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : এখনও পর্যন্ত পশ্চিম মেদিনীপুর জেলার সবং ব্লকে পলিটেকনিক কলেজ স্থাপনের পরিকল্পনা নেই।

সবং ব্লকে নতুন আই.টি.আই. স্থাপনের জন্য লক্ষ্যা মৌজার ৪.৩১ একর পরিমাপের একটি জমি যার জে.এল. নং ১২১, প্লট নং ১৬৭, ১৬৭/৭৭৭, ১৬৭/৭৯৮ উপযুক্ত বলে চিহ্নিত হয়েছে এবং জমিটি হস্তান্তরের জন্য এল.আর.সি দপ্তরে পাঠানো হয়েছে।

সবং ব্লকে মডেল স্কুল

২৯। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬৭) ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, পশ্চিম মেদিনীপুর জেলার সবং ব্লকে একটি মডেল স্কুল তৈরীর পরিকল্পনা আছে; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ তা চালু করা যাবে বলে আশা করা যায়?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) সবং ব্লক কেন্দ্রীয় সরকার অনুমোদিত ইকনমিক্যালি ব্যাকওয়ার্ড ব্লকের তালিকায় নেই। সেজন্য সেখানে মডেল স্কুল তৈরীর পরিকল্পনা করা যায়নি।

(খ) পূর্বোক্ত উত্তর দ্রষ্টব্য।

পুরুলিয়ার পাড়া ব্লকে কারিগরী প্রতিষ্ঠান স্থাপন

৩০। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮৪) শ্রী উমাপদ বাউড়ি : কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

চলতি অর্থবর্ষে পুরুলিয়া জেলার পাড়া ব্লকে নতুন আই.টি.আই. বা পলিটেকনিক কলেজ স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি?

কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : এখনও পর্যন্ত চলতি অর্থবর্ষে পুরুলিয়া জেলার পাড়া ব্লকে নতুন আই.টি.আই. বা পলিটেকনিক কলেজ স্থাপনের কোন পরিকল্পনা নেই।

চলতি অর্থবর্ষে পশ্চিমাঞ্চল উন্নয়নের অর্থে গৃহীত প্রকল্প

৩১। (অনুমোদিত প্রশ্ন নং ৮২৩) শ্রী দিবাকর হাঁসদা : পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) চলতি আর্থিক বছরের ৩০ শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে পশ্চিমাঞ্চল এলাকায় গৃহীত প্রকল্পগুলি কি কি?

(খ) উক্ত সময়ের মধ্যে বরাদ্দকৃত অর্থের মধ্যে কত পরিমাণ প্রকল্পগুলিতে ব্যয়িত হয়েছে (ব্লকওয়ারী তথ্যসহ)?

পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) চলতি আর্থিক বছরে ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত মোট ৩৫টি প্রকল্পের জন্য ১০২,২৬,৫২,৩৩৮/- (একশ দুই কোটি ছাব্বিশ লক্ষ বাহান্ন হাজার তিন শত আটত্রিশ) টাকা বরাদ্দ করা হয়েছে।

এর মধ্যে পশ্চিমাঞ্চলে প্রতিটি ব্লককে (৭৪) এককালীন ৫০ লক্ষ টাকা করে বরাদ্দ করা হয়েছে।

হাউসিং ডিপার্টমেন্ট থেকে প্রাপ্ত ৩১,৯৩,০৪,০০০/- (একত্রিশ কোটি তিরানব্বই লক্ষ চার হাজার) টাকা পশ্চিমাঞ্চলে চারটি (পুরুলিয়া, বাঁকুড়া, বর্ধমান ও বীরভূম) জেলায় ৩৮২৪টি গীতাঞ্জলী আবাসন প্রকল্পে বরাদ্দ করা হয়েছে।

অঙ্গনওয়ারির প্রকল্পে ৬০২টি ইউনিটের জন্য চারটি জেলায় (পুরুলিয়া, বাঁকুড়া, বর্ধমান ও বীরভূম) মোট ৪০,০৭,১৮,০৫০- (চল্লিশ কোটি সাত লক্ষ আঠারো হাজার পঞ্চাশ) টাকা বরাদ্দ করা হয়েছে।

এছাড়া আর.আই.ডি.এফ. প্রকল্প থেকে প্রাপ্ত ২০ কোটি টাকা ঐ অঞ্চলের উন্নয়নের জন্য রাখা হয়েছে এবং তা থেকে প্রায় ১০ কোটি টাকা বরাদ্দ করার জন্য অর্থ দপ্তর এবং নাবার্ডকে অনুরোধ করা হয়েছে।

(খ) উক্ত সময়ের মধ্যে বরাদ্দকৃত অর্থের ১২% টাকা বিভিন্ন প্রকল্পে ব্যয়িত হয়েছে এবং বাকী টাকার কাজ চলছে।

গীতাঞ্জলি প্রকল্পে ৯১.০২% টাকা ব্যয়িত হয়েছে।

ভাঙলা সেতু নির্মাণ

৩২। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩১) শ্রী অসিত কুমার মাল : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বীরভূম জেলার রামপুরহাট ২ নং ব্লকে দুনিগ্রাম গ্রাম পঞ্চায়েতের অধীন ব্রাহ্মণী নদীর উপর ভাঙলা সেতু নির্মাণের জন্য মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ কত; এবং

(খ) কবে নাগাদ উক্ত সেতুর নির্মাণের কাজ সম্পূর্ণ হবে বলে আশা করা যায়?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ ১১২৩.১২ (এগারো কোটি তেইশ লক্ষ বারো হাজার) টাকা।

(খ) উক্ত প্রকল্পটি আর.আই.ডি.এফ-এর অধীনে মঞ্জুর হয়েছে। কাজটির জন্য দপ্তর থেকে দরপত্র (টেন্ডার) আহ্বান করার নির্দেশ বীরভূম জেলা পরিষদকে দেওয়া হয়েছে। দরপত্র গৃহীত হলে জেলা পরিষদ থেকে কাজ করার আদেশনামা (ওয়ার্ক অর্ডার) জারি করা হবে এবং তারপর কাজটি শুরু হবে। ফলে এই মুহূর্তে কাজটি সম্পূর্ণ হওয়ার সঠিক তারিখ বলা সম্ভব হচ্ছে না।

[12.00 noon–12.10 p.m.]

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received seven notices of Calling Attention on the following subjects; namely;

	Subject	Name
(i)	Deplorable condition of the road from Harischandrapur High School to Fatehpur Via Talbangrua in Harischandrapur Assembly Constituency area	: Shri Tajmul Hossain
(ii)	Alleged attack on ex-Minister: and ex-MLA At Dhaniakhali in Hooghly District	Shri Sahajahan Choudhury, Shri Basudev Mete, Shri Chowdhury Md. Hedayatullah, Shri Basudev Khan, Shri Gouranga Chatterjee & Shri Nabin Chandra Bag

(iii) Urge for upgradation of Pursha the Primary Health Centre in Galsi-I Block : Shri Sunil Kumar Mondal

(iv) Urge for construction of a bridge over Babla River in Natungram in Ketugram Assembly Constituency area. : Shri Sekh Sahonawez

(v) Steps taken by the State Government to Maintain the quality of the Fish Hatcharies in West Bengal : Shri Partha Sarathi Chatterjee

(vi) Steps taken by the State Government to increase the production of potato seeds in West Bengal : Shri Kallol Khan

(vii) Steps taken by the State Government to promote tourism in Sagar, Bakkhali and Frazergunj area : Shri Samir Kumar Jana

I have selected the notice of Shri Samir Kumar Jana on the subject of "Steps taken by the State Government to promote tourism in Sagar, Bakkhali and Ferazergunj area".

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date ....(pause) .... Hon'ble Parliamentary Affairs Minister will make the statement.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক সমীর কুমার জানা মহাশয়কে জানাচ্ছি যে, পর্যটন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী — তাঁকে অনুরোধ করব যে, এই সভা চলাকালীন তিনি যদি উত্তর দেন ভাল, তা যদি না হয় তাহলে সংশ্লিষ্ট বিধায়ককে উত্তর পাঠিয়ে দেওয়ার জন্য।

MENTION

শ্রী তোয়াব আলি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌর মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধুলিয়ান পৌরসভা ১০০ বছরের পৌরসভা। ঐ এলাকায় জলে প্রচন্ড আয়রন ও আর্সেনিক রয়েছে। এটাকে মুক্ত করার জন্য ২০০৯ সালে গঙ্গা থেকে জল তুলে একটি জল

প্রকল্প হাতে নেওয়া হয়েছিল। কাজটি শুরু হয়েছিল। লক্ষ্য ছিল ২০১১ সালের মধ্যে এই কাজটি কমপ্লিট হয়ে ধুলিয়ানের ১ লক্ষ মানুষের প্রত্যেকটি বাড়িতে জল পৌঁছে যাবে। ২২ কোটি টাকার প্রকল্প ছিল ২০০৯ সালে। কিন্তু দুর্ভাগ্য হচ্ছে ২০১৩ সাল অতিক্রান্ত হতে চলেছে। ২০১০ সালের পরে ২০১১ সালে কংগ্রেস — এখন আবার একজনও তৃণমূলের কোন প্রার্থী জেতেনি, ভোট পায়নি, মাত্র ৫% ভোট পেয়েছিল। কিন্তু ধুলিয়ান পৌরসভা এখন তৃণমূলের দখলে। ৫% ভোট পেয়ে ধুলিয়ান পৌরসভা এখন তৃণমূলের দখলে। এক বছর চলছে এই পৌরসভা। দল ভাঙানোর খেলা তো। স্যার, আমার আবেদন এই জল প্রকল্প ৯০% কাজ কমপ্লিট হয়ে আছে ২০১০ সাল থেকে, মাত্র ১০ শতাংশ কাজ বাকি আছে। তাই মন্ত্রী মহাশয়ের কাছে আমার আবেদন যেহেতু প্রকল্পটি রূপায়ণ করছে এই এম.এ.ডি, তাই এই দপ্তরের কাছে আবেদন করছি অতি দ্রুত এই জল প্রকল্পের কাজ কমপ্লিট করার জন্য।

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রী তথা রাজ্যসরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন যে, প্রাথমিক শিক্ষক নিয়োগের যে পরীক্ষা হল তাতে ১৮ হাজার পরীক্ষার্থী দিয়ে ১% পাস করল। মাননীয় শাসক দলের একজন সাংসদ বলেছেন, এই পরীক্ষার বিষয়ে অনেক দুর্নীতি হয়েছে এবং তিনি দাবি করেছেন এই দুর্নীতির বিরুদ্ধে সি.বি.আই তদন্তের। আমরা যে কথা বলছিলাম, এই বেকার যুবক-যুবতীদের নিয়ে যে খেলা চলছে এবং তাদের পরীক্ষার নামে শাসক দল যেভাবে তাদের নিজেদের ছেলেদেরকে ঢোকানোর চেষ্টা করেছে। তাই আমরা চাই এর বিরুদ্ধে সি.বি.আই তদন্ত হোক এবং এই পরীক্ষায় পরীক্ষার্থীরা সাফল্য লাভ করুক। ধন্যবাদ।

শ্রী তজমুল হোসেন : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত রবিবার আপনি জানেন যে, হুগলী জেলার ধনেখালিতে আমাদের প্রাক্তন মন্ত্রী নরেন দে এবং প্রাক্তন বিধায়ক অজিত পাত্রকে যে বেধড়ক মারধোর করা হয়েছে, তার জন্য আমরা কালকে বিধানসভায় ওয়াকআউট করেছি। এবং আমাদের বাম পরিষদীয় দল কালকে চুঁচুড়া সদর হাসপাতালে গিয়ে — নরেন দে এবং অজিত পাত্রের উপর যে বেধড়ক মারধর হয়েছে, এখনও পর্যন্ত কোনো আসামীকে গ্রেফতার করা হয়নি। এই যে ৮০ বছরের একজন প্রাক্তন মন্ত্রীকে যে ভয়ঙ্করভাবে মারধর করা হয়েছে, এর জন্য আমরা নিন্দা জানাচ্ছি, ধিক্কার জানাচ্ছি। (এই সময় মাইক অফ হয়ে যায়)

ম্যাডাম ডেপুটি স্পীকার : এখন শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী, বলুন।

(গোলমাল)

.... (এই সময় বিরোধী দলের মাননীয় সদস্যগণ কিছু বলার জন্য উঠে দাঁড়ান)....

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : নট রেসপনডেড।

(গোলমাল)

ম্যাডাম ডেপুটি স্পীকার : কালকে এই নিয়ে অ্যাডজর্নমেন্ট মোশান হয়েছে।

..(বিরোধী দলের মাননীয় সদস্য শ্রী তজমুল হোসেনের প্রতি দিক নির্দেশ করে).. আপনি বসুন। আপনার লিডার অফ দি অপজিশান দাঁড়িয়েছে। আপনি নিয়ম জানেন না। লিডার অফ দা অপজিশান দাঁড়ালে বসতে হয়। লিডার অফ দা অপজিশান দাঁড়ালে বসতে হয়। (গোলমাল) লিডার অফ দা অপজিশান দাঁড়ালে বসতে হয়। You do not know the rules. লিডার অফ দা অপজিশান দাঁড়ালে বসতে হয়। আপনি পুরনো মেম্বার, জানেন না লিডার অফ দা অপজিশান দাঁড়ালে বসতে হয়? (গোলমাল) ডাঃ মিশ্র, আপনি কালকে ছিলেন না। এই নিয়ে কালকে ওরা অ্যাডজর্নমেন্ট মোশান দিয়েছে, ওয়াক আউটও করেছে।

(গোলমাল)

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনি জানেন ভালো করে যে মেনশান আওয়ারে যা বক্তব্য থাকে তা গুরুত্বপূর্ণ বিষয়ে। হাউস যখন চলছে সেই সময় আমাদের বিধায়করা একটা হীন আক্রমণ, তাঁরা সশরীরে গিয়ে দেখেছেন, কথা বলেছেন। আমি নিজেও কথা বলেছি। তার পরেও উনি বলেছেন, কালকে ছিল অ্যাডজর্নমেন্ট। আমরা যত মেনশান করি একটারও লিখিত জবাব পাই না। একটারও লিখিত জবাব পাই না।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আপনি বসুন আমি বলছি। প্লিজ টেক ইয়োর সিট। ডাঃ মিশ্র প্লিজ টেক ইয়োর সিট। আপনি সিনিয়ার মেম্বার অফ দিস হাউস, প্রাক্তন মন্ত্রী ছিলেন, বসুন আমি বলছি। আপনি বসুন আমি বলছি, লেট মি টক। (গোলমাল) ডাঃ মিশ্র, গতকাল এই নিয়ে অ্যাডজর্নমেন্ট মোশান হয়েছে, ওয়াক আউট হয়েছে। আজকে আপনার মাননীয় সদস্য তজমুল হোসেন এই নিয়ে উল্লেখ করেছেন। তিনি যদি গুছিয়ে বলতে না পারেন সেটা তাঁর দোষ। তিনি বলেছেন নরেন বাবু এবং অজিত বাবু আহত হয়েছেন। তাঁরা হাসপাতালে দেখতে গিয়েছিলেন। দোষীরা কেউ ধরা পড়েনি। এটাই তো মূল বিষয়? .. (এই সময় বিরোধী দলের মাননীয় বিরোধী দলের নেতা কিছু বলার জন্য উঠে দাঁড়ান) .. (গোলমাল) না না আমি শুনেছি তো। ওরা সেটাই বলছেন এখনও দোষীরা ধরা পড়েনি। এটাই তো মূল বিষয়। এটাই তো মূল বিষয়। আমি সেটা শুনেছি তো। এবার আপনার মাননীয় এম.এল.এ তিনি যদি বিষয়টি গুছিয়ে না বলতে পারেন, সেটা তো আমার দোষ নয়। .. (এই সময় বিরোধী দলের মাননীয় সদস্যগণ কিছু বলার জন্য উঠে দাঁড়ান) .. (গন্ডগোল) আমি তাহলে কি করে শুনলাম যে নরেন বাবু এবং অজিত বাবু দুজনে আহত হয়েছেন। নরেন বাবু এবং অজিত বাবু দুজনেই আঘাতপ্রাপ্ত হয়েছেন। ওরা দেখতে গিয়েছিলেন। (গন্ডগোল) না, উনি তো স্বরাষ্ট্র মন্ত্রীর কথা উল্লেখ করেছেন। স্বরাষ্ট্র মন্ত্রী তো এখানে নেই। .. (এই সময় বিরোধী দলের মাননীয় সদস্যগণ কিছু বলার জন্য উঠে দাঁড়ান) .. আপনারা বসুন। প্লিজ টেক ইয়োর সিট। (গন্ডগোল) ডাঃ মিশ্র, প্লিজ বসুন। কালকে এই নিয়ে হয়েছে, আপনি ছিলেন না। এখন শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী বলুন।

(গোলমাল)

উনি স্বরাষ্ট্র মন্ত্রীর কথা উল্লেখ করেছেন, স্বরাষ্ট্র মন্ত্রী ইজ নট ইন দি হাউস।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : নট রেসপনডেড।

(গোলমাল)

ম্যাডাম ডেপুটি স্পীকার : এখন শ্রী বাসুদেব খাঁ বলুন।

(গোলমাল)

শ্রী বাসুদেব খাঁ : নট রেসপনডেড।

[12.10–12.20 p.m.]

.... (এই সময় বিরোধী দলনেতা ডঃ সূর্য্যকান্ত মিশ্র ডেপুটি স্পীকার ম্যাডামের চেয়ারের সামনে গিয়ে কিছু বলতে থাকেন।) ....

(গোলমাল)

ম্যাডাম ডেপুটি স্পীকার : আমি ওনার কথা শুনেছি। উনি বলেছেন অজিত বাবু এবং নরেন বাবু আহত হয়েছেন, কোন অপরাধী ধরা পড়েনি। আমি পুরোটাই শুনেছি। তিনি যদি গুছিয়ে বলতে না পারেন সেই অপরাধ আমার নয়।

... (এই সময় মিঃ স্পীকার সভাকক্ষে প্রবেশ করেন এবং তাঁর আসন গ্রহণ করেন এবং বিরোধী দলনেতা ওঁনাকে কিছু বলতে থাকেন)। ...

মিঃ স্পীকার : প্লিজ, আপনি বসুন আপনার আসনে। আমি আমার ঘরে বসে শুনছিলাম। সূর্য বাবু, আপনি গতকাল ছিলেন না। গতকাল আপনারা একটা অ্যাডজর্নমেন্ট মোশান এনেছিলেন এই বিষয়ের উপরে। অ্যাডজর্নমেন্ট মোশানটার এডিটেড পোরশানটা পড়তে বলেছিলাম এবং সেটার ফার্স্ট সিগনেটরি ছিলেন শ্রী তজমুল হোসেন এবং তিনি সেটা পড়েছেন এবং সেইসময় হাউসে যারা ছিলেন তারা সেই বক্তব্য শুনেছেন। আজকে একটু আগে মেনশন কেসে তজমুল হোসেন হাউসে এই সাবজেক্ট নিয়ে বলছিলেন, সেটাও আমি ঘরে বসে শুনেছি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : তার আগে কলিং অ্যাটেনশন হয়েছিল।

মিঃ স্পীকার : এই সেসনে তজমুল হোসেনের কম করে তিনটে কলিং অ্যাটেনশন আমি অ্যাডমিট করেছি। আপনি দেখবেন রেকর্ড খুলে। At least three. আমি তো একজনেরই কলিং অ্যাটেনশন সবসময় অ্যাডমিট করব না। আমাকে ঘুরিয়ে ফিরিয়ে করতে হয়। আমার মনে হয় এই সেসনে সবচেয়ে বেশী কলিং অ্যাটেনশন অ্যাডমিট করা হয়েছে তজমুল হোসেনের। Dr. Mishra, আপনি পরিষদীয় রীতি-নীতি জানেন, আপনাকে নতুন করে কিছু বলার নেই। আপনি যদি অ্যাডজর্নমেন্ট মোশান দেন, আমরা যদি উইথড্র করি, withdraw my consent. You are allowed to read that edited portion, that I allowed. On the last date this portion was read by the Hon'ble Member who was the first signatory to that Adjournment Motion. That's all right. Today also he has mentioned. Just now Shri Tajmul Hossain has mentioned about the incident. So, what has been required, whatever you wanted to

put on record that has already been done. So, why ? What is the point of dragging the matter further ? Now, Shri Sahajahan Chowdhury.

Shri Sahajahan Chowdhury : (not responded)

(গোলমাল)

মিঃ স্পীকার : Shri Gouranga Chatterjee বলুন।

Shri Gouranga Chatterjee : (not responded).

(এই সময় বিরোধী দলনেতা ডাঃ সূর্য্যকান্ত মিশ্র কিছু বলতে উঠে দাঁড়ান)

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, ওটা আমি জানি যে, কালকে অ্যাডজর্নমেন্ট মোশান কি হয়েছে, ওয়াকআউট, এসব আমি জানি। কিন্তু তারপরে হাউস যখন সেশনে আছে, এখানে আমাদের বিধায়করা, বামফ্রন্টের সব দলের বিধায়করা তারা গেছেন নরেন বাবুর সঙ্গে দেখা করেছেন, আর সমস্ত কাগজে আজকে বেরিয়েছে। This is something you know what has happened. আমি বলছি এখানে এই হাউসের চিরাচরিত প্রথা, মেনশন আওয়ারে যা হয়, তার লিখিত জবাব দিতে হয়। দেননি। গুরুত্বপূর্ণ ব্যাপার হলেও ওরা ট্রেজারি বেঞ্চ থেকে বলেন। আর আমি পার্থবাবুকে বলেছিলাম যে, এটা আমরা বলব, হয়েছে কি হয়নি, ঠিক বেঠিক, যা হোক একটা বলবেন আপনি। আমি অনুরোধ করেছিলাম। আমি অনুরোধ করেছিলাম যে আপনি বলবেন। উনি তখন সম্মত হয়েছিলেন। বাইরের কথা আমি জোর করে বলতে পারি না। কিন্তু আমি বলছি এরকম একটা ব্যাপারে কিছু বলবেন না এরা? উনি কেন বলবেন না? দাঁড়িয়ে তো বলবেন কিছু। খবর নিয়ে দেখুন কথা বলেছেন। বলবেন না কেন? কেন বলবেন না? বলুন আপনি।

মিঃ স্পীকার : দেখুন আপনার সঙ্গে পার্থবাবুর কি আলাদা কথা হয়েছে এই ব্যাপারে আমাদের কারোর নলেজ নেই। প্লিজ আমি বলছি অনারেবল মিনিস্টারের সাথে আপনি কি বলেছেন এটা আমরা কেউ জানি না। আপনাদের ব্যক্তিগত রিলেশনশিপে আপনারা কথা বলতেই পারেন। অনেক সময়ে আপনিও আমার সাথে কথা বলেন সেটা হাউসের ব্যাপার নয়। আর একটা কথা আমি আপনাকে বলছি আপনি পয়েন্ট অব অর্ডারটা রেইজ করেছেন। দি হাউজ ইজ অ্যাবসোলিউটলি ইন অর্ডার সো ফার। দি পয়েন্ট অব অর্ডার দ্যাট হ্যাজ বিন রেইজড বাই ইউ, ইট হ্যাজ গট নো রেলিভ্যান্স। দেয়ারফোর আই রিজেক্ট্ ইট। নাউ শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : (নট রেসপন্ডিং)

.... তুমুল গোলমাল ....

মিঃ স্পীকার : নো নো নো। দিস ইজ নট দি ওয়ে। দিস ইজ নট দি ওয়ে ডঃ মিশ্র। আই রিকোয়েস্ট ইউ, ইট ইজ নট দি কনভেনশন অব দি অনারেবল মেম্বারস। দি বিজনেস অব দি হাউস মাস্ট গো অন। গৌরাঙ্গ বাবু আপনি এদিক ওদিক দেখছেন কেন? আপনাকে তো নাম ধরে ডেকেছি। আপনি বলুন না। গৌরাঙ্গ চ্যাটার্জি আপনি প্লিজ বলুন। শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী আমি আপনার নাম

ডেকেছি আপনি সামনে কি দেখছেন? তজমুল হোসেন আপনি তো অলরেডি বলেছেন। আপনি তো একবার বলেছেন। হাউ মেনি টাইমস্ ইউ উইল রিপিট?

মিঃ স্পীকার : গৌরাঙ্গ চ্যাটার্জী, আমি অধ্যক্ষ আমি আপনাকে বলছি। আপনি বলুন। গৌরাঙ্গ চ্যাটার্জি আমি আপনার নাম ধরে ডাকছি। কানট্ ইউ হিয়ার মি? গৌরাঙ্গ বাবু আমি আপনার নাম ধরে রিপিটেডলি ডাকছি। গৌরাঙ্গ চ্যাটার্জি মাইকটা নিন।

.... (Noise) ....

মিঃ স্পীকার : গৌরাঙ্গ চ্যাটার্জী নট রেসপন্ডিং।

শ্রী বাসুদেব খাঁ : স্যার, আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি গতকালের ঘটনার পরিপ্রেক্ষিতে।

মিঃ স্পীকার : আপনি বিষয়টা দিয়েছেন রেজিগনেশন অব কাউন্সিলারস। ইউ কানট গো বিয়ন্ড দ্যাট।

.... তুমুল গোলমাল ....

[12.20–12.32 p.m.]

মিঃ স্পীকার : মিঃ বাসুদেব খাঁ, আপনি যে সাবজেকটের উপরে দিয়েছেন তার উপরে বলবেন। তার বাইরে বলবেন না। কারণ আই উইল নট অ্যালাউ ইউ। (গোলমাল)

শ্রী বাসুদেব খাঁ : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যে গতকাল প্রাক্তন মন্ত্রী শ্রী নরেন দে ... (এই সময় মাইক অফ হয়ে যায়)

মিঃ স্পীকার : Dr. Mishra, উনি যা সাবজেক্ট দিয়েছেন তার বাইরে বলেছেন। আপনারা পরিষদীয় রীতিনীতি মানবেন না এটা তো হতে পারে না। উনি যে সাবজেক্ট দিয়েছেন, তার বাইরে কেন উনি বলবেন! আই উইল নট অ্যালাউ হিম। এর আগে তজমুল হোসেন বলেছেন। মাননীয়া উপাধ্যক্ষা তাঁকে অ্যালাউ করেছেন। উনি এই সাবজেক্ট দিয়েছেন, উনি বলেছেন। (গোলমাল)

শ্রী পরশ দত্ত : স্যার, এই হাউসে ইতিপূর্বে আমরা যখন বিরোধী আসনে ছিলাম, তখন আমি নিজে মার খেয়েছি এদের হাতে। (গোলমাল) পার্থ চ্যাটার্জীকে আজকে যিনি মন্ত্রী তাঁকে আটকে রেখে দেওয়া হয়েছে।

(গোলমাল)

মিঃ স্পীকার : আপনি আপনার সাবজেকটের উপরে বলুন। সাবজেকটের বাইরে বলবেন না।

শ্রী পরশ দত্ত : ইয়েস স্যার, আমি অ্যাম কামিং টু দ্য সাবজেকট। স্যার, আমি সাবজেকটেই আসছি। আমরা তার উপরে মেনশন করেছি একাধিকবার। একটা মেনশনের জবাব দেয় নি। আজকে এরা এখানে হাউসটাকে ডিসটার্ব করছে। পার্লামেন্টারী প্রসিডিওর জেনেশুনে ওরা এখানে ডিসটার্ব করছে। স্যার, এদের চরিত্র প্রকাশ হচ্ছে। ... (এই সময় মাইক অফ হয়ে যায়)

(গোলমাল)

শ্রী বাসুদেব খাঁ : নট রেসপন্ডিং।

শ্রী শেখ শাহনাওয়াজ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে কেতুগ্রাম বিধানসভার গঙ্গাটুকরী ব্লক থেকে মৌগ্রাম পর্যন্ত বিস্তীর্ণ রাস্তা দীর্ঘ ৩৫ বছর যাবৎ এই বামফ্রন্ট সরকারের আমলে মেরামত করা হয় নি। সেখানে রাস্তাগুলিতে প্রায় এক কোমর খানাখন্দে ভরে গেছে। এরা দুর্নীতি করে সমস্ত টাকাপয়সা লুঠে নিয়ে এবং চিৎকার করে সভাকে পন্ড করার চেষ্টা করছে। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে দীর্ঘদিন ধরে ভাগীরথী এবং অজয় নদীর তীরে রাস্তাগুলি মেরামত করা হয় নি। মাননীয় পূর্তমন্ত্রীর মাধ্যমে এই রাস্তাগুলি যেন অতিসত্বর মেরামত করে মানুষের চলচলের উপযুক্ত করে তোলা হয়।

শ্রী শাহাজাহান চৌধুরী : নট রেসপন্ডিং।

(গোলমাল)

শ্রী আনিসুর রহমান : স্যার, আমরা দেখতে পাচ্ছি যে আমাদের রাজ্যে পঞ্চায়েত এবং পুরসভার যে ভোট হয়েছে, যেভাবেই ভোট হোক না কেন বেশীরভাগই পঞ্চায়েত এবং পৌরসভা তারা দখল করেছে। মাত্র সামান্য কিছু জায়গাতে বিরোধীরা আছে। আমরা অবাক হয়ে যাচ্ছি যে, সেখান থেকেও তাড়াবার ব্যবস্থা করা হচ্ছে। এই যে কটা পৌরসভা আছে আমরা কয়েকদিন আগে হালিশহরে গিয়ে দেখলাম, আর কালকে আরামবাগে গিয়ে দেখলাম যে সেখানে চেষ্টা হয়েছে বিরোধী মেম্বারদের ভয় দেখাতে হবে, তাকে লোভ দেখাতে হবে, তাকে মারতে হবে। এরা সেই ব্যবস্থা করে যাচ্ছে। এটা গণতন্ত্রের পক্ষে একটা মারাত্মক। আমি অবাক হয়ে গেলাম যে কালকে যখন চুঁচুড়াতে গিয়েছিলাম তখন যা দেখলাম, সেটা ভাবাই যায় না, যে এইসব করতে পারে। আমরা এই ব্যাপারে বারেবারে বলছি। এখানে কয়েকদিন আগে আমাদের এই হলে গণতন্ত্রের চর্চা হয়ে গেল। পার্লামেন্টের ডেমোক্র্যাসির সামনে চ্যালেঞ্জ বলে এই চর্চা হল। যদিও আমি খবরের কাগজ থেকে জানতে পারলাম যে, মন্ত্রী ও এম এল এ-রা ঘুমাচ্ছিলেন। এটা একটা ভালো চর্চা হয়েছে। আমরা আশা করেছিলাম যে, এত ভালো চর্চা যখন হয়েছে, তাহলে গণতন্ত্রের একটা অভ্যুত্থান হয়েছে। কিন্তু এটা অদ্ভুত ঘটনা একজন প্রাক্তন মন্ত্রী আহত হবেন, আহত হয়ে হাসপাতালে যাবেন, ... (এই সময় মাইক অফ হয়ে যায়)

(গোলমাল)

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ্ : মিঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে বলতে চাইছি, আজকে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এখানে উপস্থিত নেই। (এইসময় মাইক অফ হয়ে যায়।)

মিঃ স্পীকার : .... (গোলমাল) .... আমাকে একটু বলতে দিন। সূর্য্যবাবু এক মিনিট দাঁড়ান। আমি আনিসুর রহমানকে অ্যালাও করেছি, উনি বলেছেন। Please, Please .... (গোলমাল) .... আনিসুর রহমানকে বলতে অ্যালাও করেছি, উনি বলেছেন। .... (গোলমাল) .... আপনি শুনুন, আমি বলি — যেটা চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ্ দিলেন, "Profitable

price of food grains for the farmers in the state." আর উনি বলছেন অন্য সাবজেক্ট্। আপনিই বলুন, এটা তো আমি অ্যালাও করতে পারিনা। আপনারা পরিষদীয় গণতন্ত্র — অনেক কিছু বলছেন, কিন্তু সাবজেক্টের বাইরে গিয়ে বললে আমি অ্যালাও করবো — না, না I cannot force any minister to make any statement. .... (গোলমাল) .... আমি কোনো মিনিষ্টারকে ফোর্স করতে পারিনা to make statement. ....(গোলমাল) .... মিঃ হেদায়েতুল্লাহ্ আপনি আপনার সাবজেক্টের ওপর বলুন, I am giving you another opportunity.

শ্রী বাসুদেব মেটে : মাননীয় স্পীকার স্যার, আমি আপনারে মাধ্যমে — গতকাল প্রাক্তন মন্ত্রী .... (মাইক অফ্)

শ্রী সুনীল কুমার মণ্ডল : (নট রেসপণ্ডিং)

মিঃ স্পীকার : ....(গোলমাল) .... এটা ঠিক হচ্ছে না, আপনারা একটা সাবজেক্টের ওপর দেবেন, আর বলবেন অন্য সাবজেক্টের ওপর, that cannot be allowed, it is not the procedure. I cannot force any minister to make any statement. আপনি জানেন, I cannot force. আপনি বাইরে গিয়ে ওঁনার সঙ্গে কথা বলুন, that's different matter, inside the house, I cannot force any minister, sorry.

শ্রী রামেশ্বর দলুই বলুন। আপনার সাবজেক্ট নবান্ন নিয়ে বলবেন।

শ্রী রামেশ্বর দোলই : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনাকে ধন্যবাদ আমার নাম ডাকার জন্য। আমি গতকাল ২০জন এম.এল.এ.-র টিমের সাথে গিয়েছিলাম। .... (গোলমাল) ...... এক্ষেত্রে মন্ত্রীর বিবৃতি দাবী করছি। কালকের ঘটনা .... (মাইক অফ্)।

মিঃ স্পীকার : শ্রী দিবাকর হাঁসদা বলুন। আপনি যে সাবজেক্ট দিয়েছেন — বীনপুরের রাস্তার ব্যাপারে — সেটাই বলবেন, এর বাইরে বলবেন না, আমি অ্যালাও করবো না।

শ্রী দিবাকর হাঁসদা : ....(গোলমাল) .... মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় পরিষদীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল .... (মাইক অফ্)।

শ্রী কে.পি.সিং দেও : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যে যে কটি রিভার লিফ্ট্ ইরিগেশন আছে — আমার বিধানসভা ছাড়াও রাজ্যে যে কটি ব্লক আছে, মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, যারা রিভার লিফ্ট্ ইরিগেশনের জন্য নিয়োগ করেছিলেন, তারা আজকে অধিকাংশ লোক মেকানিকাল ডিভিশন থেকে নিয়োগ হয়েছিল এবং তারা ফিল্ডে কাজ না করে ব্লকে ব্লকে কাজ করছেন। ফলে যে উদ্দেশ্যে তাদের নিয়োগ করা হয়েছিল যে, গ্রামের মানুষ, কৃষিজীবী মানুষ ইরিগেশন পাবে, জল পাবে, সেটা সম্পূর্ণ ব্যাহত হচ্ছে এবং আমার ব্লক সহ সারা রাজ্যে যাতে এই মেকানিকাল ডিভিশনের যারা কর্মকর্তা আছেন, ইরিগেশনের মাধ্যমে, তারা যাতে ব্লক অফিসে না থেকে ফিল্ডে গিয়ে কাজ করেন এবং মাইনর

ইরিগেশনের যেসব কাজ দেখবেন — পাম্প হোক, ড্যাম্ হোক — যেসব জায়গায় মেকানিকাল কাজ থাকে, সেই জায়গায় তারা যাতে কাজ করে, যাতে ইরিগেশনটা গ্রামের মানুষ সম্পূর্ণভাবে পায়, তার ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, ধন্যবাদ।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় জনস্বাস্থ্য কারিগরী দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই অত্যন্ত জরুরি বিষয় — নদীয়া জেলায় বিভিন্ন ব্লকে ঘন বসতিপূর্ণ যে গঞ্জগুলো আছে, সেই গঞ্জে সার্কেস ওয়াটার, পানীয় জলের ব্যবস্থা — তার বাড়ি বাড়ি কানেকশনের ব্যবস্থা পূর্ত দপ্তর থেকে করলে ঐসব গঞ্জে মানুষ ভীষণভাবে উপকৃত হবে। তাই মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে সরকারের পরিকল্পনা মাফিক যদি বাড়ি বাড়ি ঐ জল প্রকল্পের থেকে কানেকশনের ব্যবস্থা করার উদ্যোগ নেওয়া হয়, তাহলে ভালো হয়, ধন্যবাদ।

শ্রীমতী মমতাজ বেগম : অনারেবল্ স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি ট্রান্সপোর্ট মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের মানুষ হাওড়া স্টেশন এবং ধর্মতলায় তাঁদের কাজের জন্য যাতায়াত করেন। রাত ৯টার পরে কোন বাস না থাকায় তাদের 407, ম্যাটাডোর এবং বাই রোড অন্য যানের মাধ্যমে ফিরে আসতে হয়। গত ৬ তারিখে দুর্ঘটনা ঘটেছে। সেই দুর্ঘটনায় আহত ও মৃত্যুর সংখ্যা সব মিলিয়ে ১৫ জন। সেই জন্য আমি ট্রান্সপোর্ট মিনিস্টারের কাছে আবেদন করছি রাত্রি সাড়ে ১০টায় হাওড়া স্টেশন এবং ধর্মতলা থেকে যাতে লাস্ট বাস দেওয়া হয় তার জন্য অনুরোধ করছি।

(তুমুল হট্টগোল)

(ZERO HOUR)

Mr. Speaker : : Now Zero Hour. First, Shri Sahajahan Choudhury on the subject of primary education.

শ্রী শাহাজাহান চৌধুরী : (নট রেস্পন্ডিং)।

Mr. Speaker : Now Shri Chowdhury Md. Hedayatullah regarding sale of land.

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ্ : (নট রেস্পন্ডিং)।

Mr. Speaker : Now Shri Rameswar Doloi on the subject of SC, ST, OBC.

শ্রী রামেশ্বর দোলই : স্যার, আমাদের অধিকার আপনি কেড়ে নিচ্ছেন, ...(এই সময় মাইক অফ্ হয়ে যায়।)

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় স্পিকার মহাশয়, আজকে এই বিধানসভায় বিরোধী দলের নেতা যে ভূমিকা পালন করছেন তাঁকে আমি স্মরণ করিয়ে দিতে চাই যে, তিনি এক সময়

সরকার পক্ষের মন্ত্রী ছিলেন, এবং দীর্ঘ দিন এই সভায় উপস্থিত থেকেছেন। আজকের যিনি মাননীয়া মুখ্যমন্ত্রী, অতীতে তিনি বার বার আক্রান্ত হয়েছেন সি.পি.এমের গুণ্ডাবাহিনীর হাতে। আমরা সেই কথা যখন এই বিধানসভায় উল্লেখ করার চেষ্টা করেছি, সেদিন এই প্রশ্নের কোনো উত্তর সেই সময় সরকার দেন নি। শুধু তাই নয় ....(এই সময় মাইক অফ্ হয়ে যায়।)

Mr. Speaker : - Zero Hour is over.

(At this stage the House was adjourned till 1-15 P.M.)

After Recess

[1.15–1.25 p.m.]

RESOLUTION UNDER RULE 169

Government Resolution under Rule 169 regarding decision of the Union Government to decrease the use of jute bags.

মিঃ স্পীকার : Shri Partha Chatterjee, please move the resolution.

শ্রী পার্থ চ্যাটার্জী : - মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিধানসভার নিয়মাবলীর ১৬৯ ধারা অনুযায়ী আমি এই মহতী সভায় সদস্যদের কাছে যে প্রস্তাব রাখছি তাকে সবাই মিলে গ্রহণ করবার আবেদন জানাচ্ছি, এই রাজ্যের পাট চাষীদের স্বার্থে, এই রাজ্যের শ্রমজীবী যারা পাটের সঙ্গে যুক্ত তারা এবং তাদের পরিবারের স্বার্থে এবং সর্বোপরি এই পাট শিল্পকে বাঁচাবার লক্ষ্যে। আমি প্রস্তাব পেশ করছি যে, যেহেতু সম্প্রতি কেন্দ্রীয় সরকার পাট-বস্তা ব্যবহার কমিয়ে দেবার সিদ্ধান্ত গ্রহণ করেছেন; যেহেতু পাট-বস্তা ব্যবহার ১০০% থেকে হ্রাস করবার ফলে পশ্চিমবঙ্গের ৪০ লক্ষ পাট চাষী চরম বিপর্যয়ে পড়বে; যেহেতু কেন্দ্রীয় সিদ্ধান্তের ফলে জুট মিলগুলি উৎপাদন হ্রাস করবে ও তা বন্ধ হয়ে যাওয়ার আশঙ্কা দেখা দেবে; এবং যেহেতু রাজ্যে জুট মিলে কর্মরত কয়েক লক্ষ শ্রমজীবী মানুষের উপার্জনে হাত পড়বে, সেইহেতু এই সভা পাট-বস্তা ব্যবহার হ্রাসের কেন্দ্রীয় সিদ্ধান্তের অবিলম্বে প্রত্যাহার এবং ১০০% পাট-বস্তা ব্যবহারের দাবি জানাচ্ছে।

মিঃ স্পীকার : There are two amendments to the Resolution. These amendments are out of order and I have rejected those in terms of Rule 170 Sub-rule (i) and (ii) of the Rules of Procedure of the West Bengal Legislative Assembly. Rule 170 reads as follows :

'In order that a Resolution may be admissible, it shall satisfy the following conditions, namely : —

(i) it shall be clearly and precisely expressed;

(ii) it shall raise substantially one definite issue;'

Here, multiple issues you have inserted.

......(গোলমাল).....

(এই সময় বিরোধী দলের সদস্যরা কিছু বলতে ওঠেন।)

না, না উনি যে subject টার উপর দিয়েছেন আপনি multifarious subject -এর মধ্যে include করে দিয়েছেন। One definite, এটা আমি দেখেছি that is why আমি এটা বলেছি, this is out of order. আপনারা rule -টা দেখলে পরে ঠিক বুঝতে পারতেন। আপনি, আপনার বক্তব্যে এটা বলবেন।

আপনি দেখে নেবেন। ঠিক আছে, আমাদের যা rule 1 সেই অনুযায়ী যেটা admissible সেটা আমি admit করতাম। But it is out of order, because the rule does not permit.

শ্রী পরেশ চন্দ্র অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের সংবিধানের ১৬৯ ধারা অনুযায়ী যে প্রস্তাব এখানে আনা হয়েছে, আমি মনে করি যে এই প্রস্তাব রাজ্যের পাট চাষী ও তাদের পরিবার এবং পাটকল শ্রমিক প্রায় ৩ লক্ষ ৭০ হাজারের মতো এদের স্বার্থের কথা চিন্তা করে সকলেই এই ব্যাপারে একমত হবেন। এই জুটের ব্যাপারে বলতে গেলেই। আমরা জানি, আমরা জুট নিয়ে প্রথম থেকেই আমরা আন্দোলন করছি। আমরা জুট নিয়ে বহু দিন ধরেই আন্দোলন করছি। আমাদের প্রয়াত নেতা কমরেড কমল গুহ তিনি যখন মন্ত্রী ছিলেন, কেন্দ্রীয় সরকার একবার এই সুতি বস্ত্র, শিল্প মন্ত্রী তার এই মন্ত্রক তারা উর্ধ্বসীমা বেঁধে দিলেন পাটের। আমরা দেখলাম যে, পাটের উর্ধ্বসীমা বেঁধে দেওয়া হল। আমাদের গোটা জনস্বার্থে, কৃষকস্বার্থ বিরোধী নীতি। আমরা সেদিন এই বিধানসভা শুধু নয়, রাজ্যের থেকে আমরা দল নিয়ে আমরা সেদিন সিন্থেটিক পোড়াও পাট বাঁচাও এই আন্দোলন নিয়ে গ্রামবাংলা বনধ্ আমরা সেই সময়ে ডেকেছিলাম। আজকে যে বিষয়ে, যে বিষয়ে এখানে প্রস্তাব নিয়ে এসেছেন আমরা দেখেছি গোটা রাজ্যেরই আজকে যে অবস্থা পাটের এবং আমাদের এই পাটচাষীর যা দুরবস্থা, গতবছর আমরা কৃষি মন্ত্রী যিনি ছিলেন, সেইসময় কৃষিমন্ত্রী রবিনবাবু ছিলেন। আমরা পরিষদীয় টিম আমরা ওনার কাছে গিয়েছিলাম। যে JCI মাঠে নামছে না। কি অবস্থা পাটের। পাট নিয়ে গেলে বাজারে বিক্রি হচ্ছে না। মানুষের সাংঘাতিক অবস্থা, পাটে আগুন লাগিয়ে দিচ্ছে। এই অবস্থার মধ্যে আমরা সেই সময় আমাদের প্রাক্তন কৃষি মন্ত্রী তার কাছে আমরা গিয়ে বললাম, অন্তত চলুন, দিল্লি চলুন। আপনারা প্রস্তাব নিন, যান। উনি আমাদের আশ্বাস দিয়েছিলেন যে, আমরা JCI-কে মাঠে নামানোর ব্যবস্থা করবো। আজকে কি অবস্থা। কেন্দ্রীয় সরকার একের পর এক যেখানে আমরা, একথা আমরা সকলেই জানি, একথা আমরা সকলেই জানি, যে এই জুট নিয়ে Jute Packaging Material Act তৈরি হয়েছেল ১৯৮৭-এ। যখন Act হল, আমরা দেখলাম যে, গোটা রাজ্যে ১০০% জুট ব্যাগ ব্যবহারের জন্য আইন তৈরি হয়ে গেল। কিন্তু তার পরবর্তীতে আমরা দেখলাম যে, ক্রমে ক্রমে এই আইনকে শিথিল করা হচ্ছে। আমরা বারে বারে দেখছি, এবারও কেন্দ্রীয় -পার্লামেন্টের কোনো আলোচনা ছাড়াই, আমরা কি দেখছি যে, পার্লামেন্টের কোনো আলোচনা নেই। এ বিষয়ে শুধু একটা ক্যাবিনেট সিদ্ধান্ত, Cabinet Committee of Economics Affairs তারা সংক্ষেপে যেটাকে বলে CCEA,

Government of India, 28th November, 2013 তারা একটা Press information দিলেন।

[1·25–1·35p.m.]

কি দিলেন, যে mandatory use of jute in packaging material for the year 2013-2014, কি বলা হল, foodgrain এর ক্ষেত্রে নাইন্টি পারসেন্ট এবং sugar - এর ক্ষেত্রে বলা হল টোয়েন্টি পারসেন্ট, এই কথা বলা হল। কিন্তু তারপরেই কি বলা হল, সেখানে বলে দেওয়া হল যে, In case of any shortage or disruption in supply of jute packaging and the other contingency materials or exigency, Ministry of Textile in consultation with the user ministry concerned relaxed in provision further up to maximum of 30% of the production of food grains over and above the provision mentioned above. পরিষ্কার করে RELAXATION দিয়ে দেওয়া হল। প্রথমে বলা হল 90%, তারপরে RELAXATION দেওয়া হল 30%, মানে আমরা polythene কে সেখানে ঢুকিয়ে দেওয়ার ব্যবস্থা করছি। ক্রমে ক্রমে আমরা দেখছি যে, এই যে পলিথিনের যে লবি তারা এত শক্ত এবং এত শক্তিশালী, আমরা গোটা ভারতবর্ষে নয়, গোটা দেশে, বিভিন্ন দেশে আমরা যখন দেখছি যে পলিথিন যারা প্রথম গ্রহণ করেছিল, তারা পলিথিনকে প্রত্যাহার করছে। তারা দূষণের স্বার্থে তাদের দেশ থেকে পলিথিনকে তারা তাড়াচ্ছে। কিন্তু আমরা লক্ষ্য করছি যে এই পলিথিন যখন তারা নিজের দেশ থেকে পলিথিনকে তারা ছাঁটাই করে তারা পাটজাত দ্রব্যের দিকে যত এগোচ্ছে, আমরা লক্ষ্য করছি যে, ঠিক সেই সময়ে আমাদের দেশে এই পাটজাত দ্রব্যের ব্যবহারকে কমিয়ে দিয়ে পলিথিনের ব্যবহারকে তারা আনবার জন্য চেষ্টা করছে। আমরা বারবার এই ঘটনা দেখছি যে আজকে পলিথিন যে ভাবে ব্যবহৃত হচ্ছে এবং আমরা এও লক্ষ্য করছি যে দেশগুলোতে আমাদের রাজ্যের পাশেই যে পাকিস্থান সেখানে এক ছটাক পাট উৎপন্ন হয় না। কিন্তু আমরা দেখছি যে তারা পাট আমদানী করে তারা আধুনিক পাটকল বসিয়ে যেভাবে পাটজাত দ্রব্য তৈরী করে বিদেশের মার্কেট যেভাবে তারা ধরছেন কিন্তু আমরা সেইভাবে তার কোনো ব্যবস্থাই অমাদের এই দেশে আমরা করতে পারছি না। এই অবস্থায় দাঁড়িয়ে দুষণকে ঠেকাতে আমরা যদি সকলেই একমত সহমত যদি না হই, আমরা সর্বোপরি, আমি এই কথা বলতে চাই যে আমরা আজকে এখানে যে প্রস্তাব আপনি এনেছেন এই প্রস্তাব শুধু নয়, সর্বদলীয় একটা টিম অবিলম্বে দিল্লিতে যাওয়া হোক এবং দিল্লিতে গিয়ে এই সুতীবস্ত্র শিল্প মন্ত্রকের কাছে গিয়ে এই বিষয়ে প্রত্যাহার শুধু নয়, যেভাবে কমল গুহর নেতৃত্বে, সেই সময় যে ভাবে আন্দোলন সংগঠিত হয়েছিল, শুধু আমাদের এই পশ্চিমবঙ্গেই নয়, দিল্লিতে গিয়ে যন্তর মন্তর শুধু নয়, সেখানে যেভাবে স্তব্ধ করে দেওয়া হয়েছিল, প্রধানমন্ত্রী বাধ্য হয়েছিলেন যে সেই সময়ে তাদের উর্ধ্বসীমাকে তারা শিথিল করে দিয়ে আবার আগের জায়গায় ফিরে যেতে, এই ব্যবস্থা করতে হবে। সর্বদলীয় টিম যাওয়ার জন্য আমি প্রস্তাব রাখছি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি এবং সর্বশেষে আমি আবারও বলছি যে অবিলম্বে নরেন দের ব্যাপার নিয়ে .....

(এই সময়, সময় শেষ হয়ে যাওয়ায় বক্তার মাইকের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়।)

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভার কার্যপ্রণালী ও পরিচালন নিয়ম অনুযায়ী ১৬৯ নিয়ম অনুযায়ী যে প্রস্তাব পার্থ চট্টোপাধ্যায় নিয়ে এসেছেন, আমি তার সমর্থনে দু-একটি কথা বলতে চাই। প্রথমেই বলি যে, আমাদের পরেশ বাবু এটাকে সংবিধানে বলেছেন ধারা অনুযায়ী, তা নয় কিন্তু। এটা বিধানসভার নিয়ম অনুযায়ী হচ্ছে, এই প্রস্তাব এসেছে। স্যার, আমি প্রথমেই বলি যে, যে সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকার ক্যাবিনেটে নিয়েছেন, ঠিকই বলেছেন যে এটা পার্লামেন্টে আলোচনা হয়নি। ক্যাবিনেটে ২৮.১১.২০১৩ তে যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে, যে ফুডগ্রেনস এর ক্ষেত্রে নাইন্টি পারসেন্ট জুট ব্যাগ ব্যবহার হবে এবং চিনির ক্ষেত্রে মাত্র টোয়েন্টি পারসেন্ট জুট ব্যাগ ব্যবহার হবে। স্যার, ১৯৮৭ সালে যে আইন তৈরী হয়েছিল, সেই আইনে নাইন্টিন এইট্টি সেভেনে এই জুট প্যাকেজিং ম্যান্ডেটারি এ্যাক্ট তৈরী হয়। তখন ১০০ভাগ ফুডগ্রেনস এবং ১০০ভাগ চিনি জুটের ব্যাগে ক্যারি করতে হবে বা জুট ব্যাগ ব্যবহার করতে হবে, এটা ম্যান্ডেটারি ছিল।

এই 'ম্যান্ডেটারি' কথাটাই আজকে ডাইলিউটেড হয়ে যাচ্ছে স্যার, কেন্দ্রীয় সরকারের এই সিদ্ধান্তের জন্য। কেন্দ্রীয় সরকার এরপরেই যখন জুট ব্যাগ, ফুড গ্রেইনসের ক্ষেত্রে ১০০% , চিনির ক্ষেত্রে ৬০% করে—আপনার মনে আছে যে সেই সময় আমাদের আজকের যিনি মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, আমার মনে আছে আমরা সেদিন তার সঙ্গে দিল্লি গিয়েছিলাম। তিনি দিল্লি গিয়ে এই বিষয়ে ব্যাপকভাবে চাপ সৃষ্টি করেছিলেন কেন্দ্রীয় সরকারের ওপরে, তারা আরো জুট ব্যাগের ব্যবহার কমিয়ে দেওয়ার চেষ্টা করছিল—শেষ পর্যন্ত একশো ভাগ ফুড গ্রেইনসের ক্ষেত্রে থাকবে, ষাট ভাগ চিনির ক্ষেত্রে থাকবে সিদ্ধান্তহয়েছিল। তারপর থেকেই লাগাতার চক্রান্ত চলছে। পশ্চিমবাংলার প্রায় চল্লিশ লক্ষ মানুষ আছেন যারা পাট উৎপাদনের সঙ্গে জড়িত। চার লক্ষ শ্রমিক আছেন যারা এই পাট শিল্পের সঙ্গে জড়িত। আজকে এই সিদ্ধান্ত হওয়ার জন্য, এই সিদ্ধান্ত হতে গিয়ে কেন্দ্রীয় সরকার যে সমস্ত যুক্তিগুলো খাড়া করেছে সেটা হচ্ছে, আমাদের রাজ্যে নাকি যে সমস্ত প্রোডাক্ট তৈরি হচ্ছে সেই প্রোডাক্ট অত্যন্ত কম। অর্থাৎ যা প্রয়োজন, যা রিকোয়্যারমেন্ট সেই অনুযায়ী নাকি আমাদের রাজ্যে পাট উৎপাদন হচ্ছে না। এটা একেবারেই অবাস্তব কথা। আমাদের রাজ্যে এই মুহূর্তে প্রায় ১২.১৮ লক্ষ মেট্রিক টন জুট ব্যাগ তৈরি করার মত ক্ষমতা আছে। আমাদের আরো ক্ষমতা আছে সেটা যদি বাড়াতে পারি তাহলে পূর্ণ utilization of machinery হয়। তাহলে ১৪ লক্ষ মেট্রিক টন বেল পর্যন্ত বস্তা তৈরি করতে পারি। কেন্দ্রীয় সরকার এই জুট ব্যাগের যা দাম সেই দাম নির্ধারণ না করার জন্য আজকে এই প্রবলেম তৈরি হচ্ছে। জুট ব্যাগের দাম কেন্দ্রীয় সরকার নির্ধারণ করে দিলে এই জুট ব্যাগের প্রোডাক্টের উৎপাদন আমাদের রাজ্যে বেড়ে গিয়ে দাঁড়াবে ১৭.৫ লক্ষ মেট্রিক টন পর্যন্ত। কিন্তু কেন্দ্রীয় সরকার একদিকে পরিকল্পনামাফিক চক্রান্ত করছেন যাতে দাম নির্ধারণ না হয়, আর একদিকে সিদ্ধান্ত করে কমিয়ে দিচ্ছেন জুট ব্যাগের ব্যবহার। তার ফলে আজকে জুটের কারখানাগুলো থেকে যা আমাদের উৎপাদন হয় তাতে করে আমাদের রাজ্যের প্রধান শিল্প বলা যায় -অন্যান্য শিল্পগুলো প্র্যাকটিক্যালি বন্ধ হয়ে গেছে—সেখানে পাটই হচ্ছে আমাদের রাজ্যের প্রধান শিল্প। এই সভায় আমি দাবি করছি পাটকে আমাদের রাজ্যে শিল্পের স্বীকৃতি দেওয়া হোক। এখনো পর্যন্ত পাটকে প্রকৃতপক্ষে শিল্পের স্বীকৃতি দেওয়া হয়নি। যেটা কিনা

সবথেকে বেশি মানুষকে এনগেজ করে চাকরিতে, সব থেকে বেশি বিদেশি মুদ্রা আয় করে, সেক্ষেত্রে এই পাট শিল্পকে কিন্তু শিল্পের স্বীকৃতি দেওয়া হয়নি। দ্বিতীয়ত, আর একটা কারণ দেখানো হচ্ছে, diversification, তারা বলছে জুটের diversification হচ্ছে। স্যার Only 10% of the total product, আমাদের যা জুটের উৎপাদন, জুট শিল্প থেকে যা আউটকাম বেরিয়ে আসছে, অনেকগুলো জিনিস তৈরি হয়, কিন্তু তারা বলছে এর থেকে যে diversification হচ্ছে, তার জন্য আমরা সিন্থেটিকের দিকে চলে যাচ্ছি। আসলে এই প্রচেষ্টা দীর্ঘদিন চলছে। মহারাষ্ট্র লবি এর জন্য সক্রিয় আছে, তারা চাপ সৃষ্টি করছে যাতে এই কাজটা সিন্থেটিক থেকে যায়, যার জন্য আজ ২০% এবং ৯০% নির্ধারিত হয়েছে। যে diversification হচ্ছে, সেই diversification -এর জন্য আমাদের কোনো প্রবলেম নেই। পাট শিল্পের সঙ্গে যাঁরা জড়িত আছেন তাঁরা জানেন যে আমাদের উৎপাদন করার ক্ষমতা আছে। মধ্যিখানে একটা সিস্টেম তৈরি হয়েছিল যে চিনির ব্যাগের ক্ষেত্রে কিছু পাটের বা জুটের ব্যাগের প্রবলেম হচ্ছিল। তার জন্য একটা হালকা ল্যাকার দিয়ে আমাদের রাজ্যেই তৈরি হচ্ছে — যেহেতু সব থেকে বেশি জুটের কারখানা আমাদের রাজ্যে, সবথেকে বেশি মানুষ এই কারখানার সঙ্গে জড়িত আছেন, সব থেকে বেশি মানুষ পাট উৎপাদনের সঙ্গে জড়িত আছেন, সেই জন্য কেন্দ্রীয় সরকার পরিকল্পনামাফিক, এটা আজকে নয়, দীর্ঘদিনের পরিকল্পিত চক্রান্ত, আমাদের রাজ্য যাতে এই শিল্প মার খায় এবং আমাদের রাজ্যের অর্থনীতি ভেঙে পড়ে তার চেষ্টা করছেন। কেন্দ্রীয় সরকার এবং যারা শিল্পপতি আছেন এবং যা পলিথিন এবং সিন্থেটিকের ব্যাগ তৈরি করেন তারা যুক্ত এর থেকে আরো একটা বড় চক্রান্ত হয়েছে, সেটা হচ্ছে, যে আইন তৈরি হয়েছিল ১৯৮৭ সালে, তাতে বলা আছে, এই বছরের জন্য অর্থাৎ জুটের একটা ইয়ার আছে জুন থেকে জুলাই। অর্থাৎ এই বছরের জুন থেকে সামনের বছর জুলাই পর্যন্ত জুটের একটা বর্ষ ধরা হয়। এই বর্ষের মধ্যে যদি কোনো সিন্থেটিক কেনা হয়, যদি কোনো জুট ব্যাগ কেনা হয়, সেটা যদি এক্সেস হয়ে যায় সেটা পরবর্তী বছরে ইউজ করা যাবে না।

[1.35–1.45 p.m.]

কিন্তু এই ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের থেকে অনুমোদন না নিয়েই, বিভিন্ন রাজ্যের ব্যবসায়ী, যারা প্যাকেজিং করেন, তারা গত বছরের যে সিন্থেটিক কেনা হয়েছিল, সেই সিন্থেটিকের যে অংশটা পড়ে আছে, সেই অংশটা পর্যন্ত এই বছরে ব্যবহার করছেন। 'জুট প্যাকেজিং অ্যাক্ট' যে GPM Act -1987, সেই আইনকে তারা ভাঙবার চেষ্টা করছেন এবং গত বছরের সিন্থেটিক তারা এই বছরে ইউজ করবার চেষ্টা করছেন। কেন্দ্রীয় সরকার কিন্তু এই বিষয়টা জানেন, এই আইনটি তারা জানেন। এই আইনটা কেন্দ্রীয় সরকারের হওয়া সত্ত্বেও, এই আইন তাদের হাতে থাকা সত্ত্বেও, কেন্দ্রীয় সরকার কিন্তু এই ব্যাপারে কোনো ব্যবস্থা নিতে পারেননি। স্যার, আমি আপনার মাধ্যমে যেটা পরিষ্কার করে জানাতে চাই, আমাদের রাজ্যে প্রায় ৫৯টি জুটমিল আছে, তার মধ্যে পাঁচটি জুটমিল বন্ধ হয়ে গেছে এবং অনেকগুলো জুটমিল শিফট কমিয়ে দিচ্ছে। আগে তিনটে শিফটে জুটমিলগুলোতে কাজ হত, তারা অর্ডার না পাওয়ার জন্য শিফট কমিয়ে দিচ্ছে। আমি নিজে এই ব্যাপারে জুট কমিশনারের সঙ্গে দু -একবার কথাও বলেছি। আবার অনেক জুটমিলে সপ্তাহে পাঁচদিন কাজের ব্যবস্থা করা হয়েছে। এর ফলে আমাদের রাজ্যে খুব শীঘ্রই প্রায় ত্রিরিশ হাজারের মত পাট

শ্রমিক কর্মচ্যুত হয়ে যাবে। স্যার, একদিকে এমপ্লয়মেন্ট পোটেনশিয়ালিটি জেনারেট করতে গেলে নতুন শিল্পের দরকার। যেখানে আমাদের রাজ্যে এগজিসটিং শিল্প রয়েছে, সেই শিল্পে যখন এত মানুষ চাকরী করেন, সেই শিল্পের সঙ্গে জড়িত যে সমস্ত মানুষরা আছেন, তাদের যদি আউট অফ এমপ্লয়মেন্ট করে দেওয়া হয়, শিফটের সংখ্যা কমিয়ে দেওয়া হয়, সপ্তাহে কাজের দিন কমিয়ে দেওয়া হয় তার ফলে আজকে পশ্চিমবাংলায় একটা অনিশ্চয়তার সৃষ্টি হবে। তাই আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করতে চাই, পার্থ চ্যাটার্জী যে প্রস্তাব এনেছেন, প্রথম যখন আইন তৈরী হয় তখন যেটা ছিল, অর্থাৎ একশো শতাংশ ফুডগ্রেইন ও একশো শতাংশ সুগারের ক্ষেত্রে জুট ব্যাগ ব্যবহার করা বাধ্যতামূলক করা হোক। ঐ আইনের পরিবর্তন কিন্তু এখনো হয়নি। কেবলমাত্র ক্যাবিনেট ডিসিশান করে এটা করা হয়েছে, এটা হতে পারেনা। যে আইন তৈরী হয়েছে সেই আইন পরিবর্তন করতে গেলে পার্লামেন্টে সেই আইন পাশ করে তবে তা বলবৎ করতে হবে। সেটা বলবৎ না করে কেন্দ্রীয় সরকার কেবলমাত্র এক শ্রেণীর পলিথিন ব্যবসায়ীকে স্যাপোর্ট করবার জন্য এবং পশ্চিমবাংলার অর্থনীতিকে ধ্বংস করবার জন্য যে সিদ্ধান্ত নিয়েছেন আমরা তার তীব্র বিরোধিতা করছি এবং উভয় ক্ষেত্রেই একশো ভাগ জুট ব্যাগ ব্যবহার করার অনুমতি দেওয়া হোক। এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যপ্রণালী এবং নিয়ম ১৬৯ অনুযায়ী মাননীয় পরিষদীয় মন্ত্রী শ্রী পার্থ চ্যাটার্জী যে প্রস্তাব এখানে নিয়ে এসেছেন, সেই প্রস্তাবের বিরোধিতা করার কিছু নেই, সেই প্রস্তাবকে আমরা সমর্থন করছি। আমরা বলেছিলাম এই প্রস্তাব আপনারা সরকার পক্ষ থেকে শুধু আনবেন কেন, এই ব্যাপারে সর্বদলীয় একটা প্রস্তাব আপনারা নিয়ে আসুন, আমরাও তাকে সমর্থন করব। এই সেশানের মধ্যেই আধার কার্ড সম্পর্কে ১৬৯ নিয়ম অনুযায়ী একটা প্রস্তাব নিয়ে এসেছিলেন, সেই সময়েও আমরা বলেছিলাম সর্বদলীয়ভাবে প্রস্তাব আনতে। কিন্তু আপনারা একতরফাভাবে সেই প্রস্তাব এনেছিলেন এবং আমরা তাকে সমর্থন করেছিলাম। আজকেও আমরা এটাকে সমর্থন করছি। এই সংক্রান্ত বিষয়ে কেন্দ্রীয় সরকার আগেও একবার জুটের ব্যাগের ব্যবহার কমাবার জন্য খাদ্যশস্য এবং চিনির ক্ষেত্রে চেষ্টা করেছিল।

এই সভাতেই আমরা বামফ্রন্টের জমানায় সর্বদলীয় ভাবে সিদ্ধান্ত গ্রহণ করে কেন্দ্রীয় সরকারের কাছে সেটা বাড়িয়েছিলাম। আবার নতুন করে পার্লামেন্টকে এড়িয়ে কেন্দ্রীয় মন্ত্রীসভা ২৮.১১.২০১৩ তে সিদ্ধান্ত করে জুটের ব্যবহার কমাবার জন্য। তারা যে সিদ্ধান্ত করেছেন সেই সিদ্ধান্তকে পরিবর্তন করার জন্য আমরা আজকে এই প্রস্তাবকে সমর্থন করে কেন্দ্রীয় সরকারকে বলবো, আপনারা কিন্তু কৃষক মারার প্রস্তাব আনছেন। আমাদের রাজ্যে প্রায় ৪০ থেকে ৪৫ লক্ষ মানুষ কৃষি বা চাষের সঙ্গে যুক্ত। অর্থকরী ফসল—ধানের পরেই এ রাজ্যে পাটের চাষ হয়। এ রাজ্যে প্রায় ৬০, ৬৫টা জুট মিল আছে। সেখানে প্রায় ৪ লক্ষের কাছাকাছি মানুষ কাজ করেন। এই জুটের ব্যবহার কমাবার ফলে কৃষক সমাজ মার খাবে। অর্থনৈতিক দিক থেকে পশ্চিমবাংলা পিছিয়ে যাবে। তেমনি আবার অন্য দিকে জুট শিল্পও মার খাবে। সেখানে যে কৃষক বা শ্রমিকরা কাজ করছেন তারা বেকার হয়ে যাবেন। আমাদের দেশে কখনো জুট এবং তার উৎপাদিত পণ্য সেটা কোনদিনই সেভাবে শিল্পের মর্যাদা পায়নি। শ্রম দফতরের অধীনে এই জুট শিল্পের মর্যাদা

দেওয়ার জন্য আমাদের চেষ্টা করতে হবে। কেন্দ্রের সরকারকে আইন করে আমাদের সেটাকে পাল্টাবার জন্য বলতে হবে। কেন্দ্রের সরকারের একটা আইন আছে। ১৯৮৭ সালের আইন। সেখানে বলা আছে যে জুটের ক্ষেত্রে—চিনি এবং খাদ্যশস্য ব্যবহার করার ক্ষেত্রে তাদের জে.পি.এম. বলছে যে উৎপাদিত ফসল হবে বা শস্য যেটা হবে সেটাকে জুটের বস্তায় ব্যবহার করতে হবে। আমরা আগেও দেখেছি যে চিনির ক্ষেত্রে আগে পাটের ব্যবহার হতো। সেখানে খাদ্য শস্যের ক্ষেত্রে পাটের বস্তা ব্যবহার হতো। আজকে সেই জায়গাতে কেন্দ্রীয় সরকারের এই দফতরে প্লাস্টিক এবং সিনথেটিক এসে গেছে। এদের মালিকদের কাছে কেন্দ্রীয় সরকার বিক্রি হয়ে যাচ্ছে। বিক্রি হয়ে যাওয়ার পর কৃষক সমাজকে মারা খাওয়ানোর যে ব্যবস্থা সেই ব্যবস্থা করা হচ্ছে। জুট কর্পোরেশান অফ্ ইন্ডিয়া তারা জুট কিনছে না। অথচ সেই সংস্থা আছে। তারা জুট না কেনার ফলে সমস্যা হচ্ছে। একটা চাষীর ১ কুইন্টাল পাট উৎপাদন করতে প্রায় তিন থেকে সাড়ে তিন হাজার টাকা খরচা হয়, অথচ তারা পাটের দাম পাচ্ছে না। এর ফলে কৃষক সমাজ পিছিয়ে যাচ্ছে, আমাদের দেশ পিছিয়ে যাচ্ছে। সেই পাটের দাম যাতে পাওয়া যায়, জে.সি.আই. যাতে ঠিক ঠিক ভাবে পাট কেনে, তাদের পাট কিনতে বাধ্যতামূলক ভাবে আমাদের চাপ সৃষ্টি করতে হবে। আজ মানবিকতা দিবস, এই দিবসে আমাদের রাজ্যে পাট সম্পর্কে কোন আলোচনা নেই। আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী তিনি দিল্লি গেছেন। কিন্তু এখানে যে বিষয়ের ওপরে আলোচনা হচ্ছে, জুটের ওপরে, কৃষির ওপরে। আমাদের রাজ্যের প্রাক্তন কৃষি মন্ত্রী ছিলেন মাননীয় নারেন দে। [***]

মি: স্পীকার : দিস পোর্সান উইল নট গো। আপনি জুট নিয়ে বলুন।

শ্রী ঈদ মহম্মদ : আমরা আজকেও আবার দাবী করছি, তিনি কৃষি মন্ত্রী ছিলেন, যেহেতু তিনি কৃষি মন্ত্রী ছিলেন, এই দফতরের মন্ত্রী ছিলেন, এখানে এই দফতরের মন্ত্রীর বিবৃতির দাবী করছি। এই জুট শিল্পের ক্ষেত্রে কেন্দ্রীয় যে আইন আছে সেই আইনটাকে কার্যকরী করা হোক। এক তরফা ভাবে লোকসভাকে এড়িয়ে মন্ত্রী সভায় সিদ্ধান্ত গ্রহণ করে জুটের ওপরে নিয়ন্ত্রণ আনার চেষ্টা করা হচ্ছে। চিনি এবং খাদ্যশস্যর ক্ষেত্রে যে ১০০ পার্সেন্ট জুট ব্যবহার, এই খাদ্যশস্য ও চিনির ক্ষেত্রে যে জুট ব্যবহার করার যে সিদ্ধান্ত সেই সিদ্ধান্তকে বহাল রাখার জন্য কেন্দ্রের সরকারের কাছে যাতে আমরা প্রস্তাব পাঠাতে পারি এবং আমরা আপনাদের কাছে আজকে প্রস্তাব রাখছি কেন্দ্রের সরকারের কাছে সর্বদলীয় টিম এই বিধানসভা থেকে গিয়ে যাতে আমরা আমাদের দাবী জানাতে পারি যে পাটের বস্তাতে চিনি এবং খাদ্যশস্যের ব্যবহার ১০০ ভাগ সুনিশ্চিত করতে হবে। কেন্দ্রের যে আইন আছে সেই আইন মোতাবেক করতে হবে। সেই আইনকে এড়িয়ে গিয়ে, সেই আইনকে বাতিল করে, সেই আইনকে উপেক্ষা করে তারা যে সিদ্ধান্ত গ্রহণ করতে যাচ্ছেন সেই সিদ্ধান্তের তীব্র বিরোধিতা করছি। এবং আজকে যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

*** অধ্যক্ষের আদেশক্রমে বাতিল করা হইল।

[1.45–1.55p.m.]

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আজকের আলোচ্য বিষয় সম্পর্কে মন্ত্রী শ্রী পার্থ চট্টোপাধ্যায় বিধানসভায় যথাযথ নিয়ম অনুযায়ী যে বিষয়টি উত্থাপন করেছেন, সেই বিষয়ে ইতিমধ্যে কয়েকজন মাননীয় সদস্য তাদের বক্তব্য রেখেছেন এবং সেই আলোচনা আমাদের সবাইকে এক মতে নিয়ে আসছে যে পশ্চিমবঙ্গের সমগ্র অর্থনীতির ক্ষেত্রে পাট এবং পাট ভিত্তিক শিল্প অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং দীর্ঘ কাল ধরে এক্ষেত্রে যে অমার্জনীয় অবহেলা লক্ষ্য করা গেছে প্রথমে সেই বিষয়টিকে আমরা নিন্দা করছি। পশ্চিমবঙ্গের এই রকম একটি শিল্প, যে শিল্প পশ্চিমবঙ্গের দুই আড়াই কোটি মানুষের আর্থিক সংস্থান করে, সেই শিল্প সম্পর্কে যথাযথ ভাবনা এই রাজ্যে হয়নি। এই প্রসঙ্গে আমি সদনের সমস্ত সদস্যকে আপনার মাধ্যমে জানাতে চাই যে, বর্তমান সরকার খুব সত্বর একটি Jute policy তৈরী করার দায়িত্ব গ্রহণ করেছে। আগামীদিনে এই Jute policy যাতে গৃহীত হয় তার জন্য যথাযথ ব্যবস্থা সরকারের পক্ষে গ্রহণ করা হবে। এখানে শুধু একটি বিষয় আলোচনার জায়গায় আছে। সেটা হচ্ছে Jute Packaging Materials compulsory using, Packaging Commodities Act, 1987-JMP Act সংক্ষেপে যাকে বলে। সেই আইন গ্রহণ করার পর থেকে প্রায় প্রতি বছরই লক্ষ্য করা গিয়েছে যে তার dilution হচ্ছে। এটা কোনো নতুন বিষয় নয়। এটা আমি এই সদনের সবাইকে বোঝার জন্য বলব যে, এই বছরই প্রথম এই dilution হয়নি। এর আগে বহুবার হয়েছে এবং বহুবার পশ্চিমবঙ্গ থেকে বা অন্যান্য রাজ্য থেকেও এই বিষয় কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করা হয়েছে যাতে এই dilution না হয়। জুটের compulsory Act মানে খাদ্যশস্য এবং চিনির ক্ষেত্রে চটের বস্তার ব্যবহার বাধ্যতামূলক। অথচ বারবার এই বাধ্যতামূলক জায়গা থেকে সরে যাওয়া হচ্ছে, ১০০ ভাগ বরাদ্দ থাকছে না। কেন বার বার বরাদ্দ কমানো হচ্ছে? আপনারা নিশ্চয়ই অবহিত আছেন যে উৎপাদিত খাদ্যশস্যের ৯০ ভাগ চটজাত বস্তায় রাখার কথা বলা হয়েছে। তাহলে প্রথমেই এটা বলে দেওয়া হল 10% খাদ্যশস্যের জন্য চটের বস্তা লাগবে না। চটের বস্তা যদি না লাগে তাহলে অন্য কোন বস্তা লাগবে। সেই অন্য বস্তা কি? সেটা আলোচনায় নিয়ে এসেছেন মাননীয় শোভনদেব চট্টোপাধ্যায় তিনি বলেছেন plastic lobby-র কথা বা polythene lobby-র কথা।

এই প্রসঙ্গে সব থেকে গুরুত্বপূর্ণ হচ্ছে, যা নিয়ে কম আলোচনা হয়, সেটা হচ্ছে চিনির বিষয়। চিনির বিষয়ে গত বছর ৬০ ভাগ বাদ দিয়ে দেওয়া হয়েছিল, ৪০ ভাগ সংরক্ষণে ছিল আইন অনুযায়ী। অর্থাৎ যত চিনি উৎপাদন হবে তার ৬০ ভাগ অন্য ব্যাগে ভরা হবে আর বাকি ৪০ ভাগ কমপালসারী জুট প্যাকেজিং-এ হবে। এবারে সেটা আরো কমিয়ে ২০% করে দেওয়া হয়েছে। অর্থাৎ যত চিনি উৎপাদিত হবে তার শতকরা ২০ ভাগ, চটের বস্তায় রাখার অর্ডার পাওয়া যাবে। এই সমস্যা শুধু জুটের সমস্যা নয়, এটা আমাদের এই রাজ্যের অত্যন্ত গুরুত্বপূর্ণ অর্থনৈতিক সমস্যা। সবাই বলেছেন যে বহু মানুষের রুটি রুজির ব্যবস্থা করে এই রকম একটা শিল্প। যে শিল্প হচ্ছে কৃষি ভিত্তিক শিল্প, যে শিল্পের কাঁচা মাল সহজলভ্য, যে শিল্পের কাঁচা মাল কিছুই প্রায় মজুত থাকে না, তৈরী হওয়ার সাথে সাথে বাজারজাত হয়। আন্তর্জাতিক এবং জাতীয় স্তরে তার চাহিদা

আছে। পরিবেশ এবং বিজ্ঞানের দিক থেকে এই প্রাকৃতিক তন্তু, এই রকম সুলভ প্রাকৃতিক তন্তু পৃথিবীতে আর কিছু নেই। পৃথিবীর কোন প্রাকৃতিক তন্তু জুটের সাথে পরিমাণে এবং গুণে কমপিট করতে পারবে না। এই রকম একটা জায়গার অধিকারী পশ্চিমবঙ্গ রাজ্য। বহু পরিবর্তনের মধ্যে দিয়ে যখন দুই বাংলা এক ছিল তখন তার এক অবস্থা, তার পরের অবস্থা আপনারা সকলে জানেন, আপনারা বিচক্ষণ মানুষ। আমি শুধু এটা বলতে চাই যে, পশ্চিমবঙ্গে কেন প্রত্যেক বছর ১০ থেকে ১২ টা জুটমিল বন্ধ থাকতো? এর প্রধান কারণ হল কেন্দ্রীয় সরকারের বরাত কমিয়ে দেওয়া। মালিকপক্ষ এটাকে নিজেদের স্বার্থে ব্যবহার করে। আবার আর একটা বিষয় হচ্ছে, সব সময় জুট কমিশনারের অফিসে থেকে বা দিল্লী থেকে এই কথা শোনা যায় যে, যা অর্ডার আছে মালিকরা তা পুরোপুরি সাপ্লাই দেয় না। এই বিষয়ে আমি আজকের এই সদনে মালিক পক্ষের কাছে এই আবেদন জানাতে চাই যে, কেন্দ্রীয় সরকারের বা জুট কমিশনার অফিসের আপনাদের সম্পর্কে যে সমালোচনা সেই সমালোচনার যথাযথ উত্তর আপনারা দিন। তারা বলছেন তারা যা ডিমান্ড দেন আপনারা সেই অনুযায়ী সাপ্লাই করাতে পারেন না। বহু ক্ষেত্রে গুণের জায়গায় অর্থাৎ কোয়ালিটি নিয়ে বহু প্রশ্ন আছে। অর্থাৎ এই ক্ষেত্রে এই রেজলিউশান আজকে অত্যন্ত গুরুত্বপূর্ণ, এটা যেমন আজকে আমাদের গ্রহণ করাতে হবে, সাথে সাথে আমি বলবো যে এটাতে অনেক স্টক হোলডার আছে। এটা শুধু ক্যাবিনেট কমিটি অন ইকনমিক্স। এর ঠিক করে দিতে পারে না। এর স্টক হোলডার্স কৃষকরা, এর স্টক হোলডার্স শ্রমিকরা, এর স্টক হোলডার্স মালিক পক্ষ যাঁরা কারখানা করেন, এর স্টক হোলডার্স সরকারের বিভিন্ন ডিপার্টমেন্ট, শ্রম দপ্তর, শিল্প দপ্তর এবং সুতিবস্ত্র দপ্তর। এদের সবাইকে নিয়ে এই বিষয়ে আমাদের আলোচনায় যাওয়া উচিত। আমাদের আলোচনা করা উচিত ন্যূনতম যে পাটের দাম ঠিক হয় সেই দাম কেন চাষীরা পায় না? কি ব্যবস্থা আছে আমাদের রাজ্যে? ৩৫ বছর ধরে কি ব্যবস্থা ছিল? কেন সেখানে ফোড়ে ব্যবস্থা, এতো শক্তিশালী জায়গায় চলে এলো? মাননীয় বিধায়ক বলছিলেন যে তাঁরা জুট নিয়ে অনেক আন্দোলন করেছেন। আমার বক্তব্য হচ্ছে জুট নিয়ে আন্দোলন, এতো পশ্চিমবাংলায় অনেক হয়েছে। কারখানায় আন্দোলন হয়েছে, শ্রমিকরা আন্দোলন করেছেন, কৃষকরা আন্দোলন করেছেন। কিন্তু ৩৫ বছর একটা সরকারে থেকে আপনারা কি করেছেন? জুট সম্পর্কে একটা কিছু উদাহরণ দিতে পারবেন? দিন। অবহেলা করা হয়েছে, অবজ্ঞা করা হয়েছে। বর্তমান সরকার সেই অবহেলা এবং অবজ্ঞার জায়গা থেকে সরে এসে বিষয়টিকে যথাযথ গুরুত্ব দিতে চায়। পাশাপাশি আমি এই কথা বলতে চাই, এটা আজকে এই বিধানসভার মহতী সভা থেকে একেবারে নির্দিষ্ট ভাবে যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাব সবাই মিলে আমরা গ্রহণ করি। এবং সেটা আমরা গোটা দেশের কাছে এটা জানাতে চাই যে আজকে পশ্চিমবঙ্গের উপরে কেন্দ্রীয় সরকারের নানা রকম যে আক্রমণ তার মধ্যে এই আক্রমণ গুরুত্বপূর্ণ। পশ্চিমবাংলার অর্থনৈতিক ক্ষেত্রে, পশ্চিমবঙ্গের মানুষের ক্ষেত্রে এই আক্রমণ রোধে আসুন, আমরা সবাই মিলে এক জায়গায় দাঁড়িয়ে আগামী দিনের জুট অর্থনীতিকে অনেক সামনে নিয়ে আসি।

[1.55–2.05 p.m.]

আসুন আমরা আরও এগিয়ে যাই, যাতে আমরা বলতে পারি যে, না, আমরা এই রাজ্যের জুট চাষিদের জন্য, কারখানা শ্রমিকদের জন্য প্রকৃত অর্থেই কিছু করতে পেরেছি। এই ক্ষেত্রে ট্রেড

ইউনিয়নগুলোরও দায়িত্ব আছে। আমি সবাইকে বলবো আসুন সমবেতভাবে, এ ওকে দোষ না দিয়ে আমরা এক সাথে সমগ্র সমস্যা নিয়ে আলোচনায় বসি, তাহলে আমরা একটা সমাধানের রাস্তা পাবো। ধন্যবাদ।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পাটের আর একটা নাম আছে— গোল্ডেন ফাইবার/সোনালী তন্তু। শুধু সোনালী তন্তু নয়, পাট হচ্ছে এমন একটা ফসল, যাতে সব থেকে বেশী লোককে কর্মে বিনিয়োগ করা যায়। পাট এমন একটা ফসল, যা থেকে চাষীরা অর্থ পেতে পারে, এটা একটা অর্থকরী ফসল। পাট এমন একটা ফসল, যা থেকে আমার দেশ বাইরের থেকে ডলার পেতে পারে। এই রকম একটা গুরুত্বপূর্ণ বিষয় যে প্রস্তাবটা এখানে আনা হয়েছে, এটাকে নিশ্চয়ই সমর্থন করব, কিন্তু আমার দু-একটা প্রশ্ন আছে। প্রথম হচ্ছে যে, সরকারী এই রকম প্রস্তাব আনার ব্যাপারে আপনি টাইম নিন, খুব ভাল, আমাদের বাধা নেই। ওটাই এই সবুজ বইয়ে লেখা আছে। কিন্তু এই সবুজ বইয়ে আরও লেখা আছে, বেসরকারী প্রস্তাব আনতে পারে। কিন্তু আমাদের কোন টাইম দেওয়া হয় নি। আজকে এই বেসরকারী প্রস্তাব আনার ব্যাপারে কোন টাইম দেওয়া হয় না। এটা আমি শুধু বলে রাখলাম। দ্বিতীয় হচ্ছে যে, আমি যে সংশোধনী এনেছিলাম, আমি দেখলাম যেটা, আপনি কেন যে বাদ দিলেন আমি বুঝতে পারলাম না। সবাই তো বক্তৃতায় করলেন। পূর্ণেন্দুবাবু এক্ষুণই বললেন যে, দামটা দেওয়া উচিত। এক্ষুণই বললেন যে, গ্যাসের ব্যবস্থা করা উচিত। আমি তো এই কথাই বলেছিলাম। এখানে লেখা আছে, ১৬৯-এ বলা আছে — " Subject to the provision of these rules, a member or a Minister may move a resolution relating to a matter of general public interest." তারপর কন্ডিশান দেওয়া আছে—" In order that a resolution may be admissible, it shall satisfy the following conditions, namely:

(i) it shall be clearly and precisely expressed ;

(ii) it shall raise substantially one definite issue." .... এই রকম দেওয়া আছে। আপনি যেটা বললেন, আমার তো একটা ইস্যুই বলার আছে। যে জন্য করা হল যে এই যে, যেটা exemption দেওয়া হয়েছে, এতে মার্কেটের সমস্যা হবে। আর আমাদের বলা আছে যে, এই মার্কেট সুনিশ্চিত করতে হবে। এই যে আমাদের দুটো দু'ধরনের কথা বলা আছে, যেটা পার্থবাবু বলেছেন—

মিঃ স্পীকার : এটার উপর আমি অলরেডি রুলিং দিয়েছি। আমি একটা রুলিং দিয়ে দিয়েছি এর উপরে। আপনি অন্য বিষয়ে বলুন।

শ্রী আনিসুর রহমান : না, না, স্যার ঠিক হয় নি। এতে বলা আছে—" যেহেতু পাট অর্থকরী বিদেশী মুদ্রা উপার্জনকারী শ্রমনির্ভর ফসল হওয়া সত্ত্বেও পাট চাষীরা পাটের সঠিক বিক্রয় মূল্য পায় না ও বিক্রয়ের নিশ্চয়তা নাই।" আমি বললাম যে এইজন্যই — "পাটের সহায়ক মূল্য লাভজনক করার জন্য এবং জে.সি.আই-এর মাধ্যমে পাট চাষীদের নিশ্চয়তা দেওয়ার জন্য দাবী জানাচ্ছি।" একটাই এর ইস্যু, পাট মার্কেট যদি নষ্ট না হয়, তা এতে বলা আছে। এটা কেন বাতিল

করা হল, তার কারণ খুঁজে পাচ্ছি না। আমার অনুরোধ থাকছে যে, এটা যুক্ত করে নিতে পারেন, কোন অসুবিধার ব্যাপার নেই। দ্বিতীয় আমার যেটা বলার আছে, সেটা হচ্ছে যে, যেটা পার্থবাবু রেজিলিউসান করেছেন, একেবারে দায়সারা। ভাল করে দেখেন নি, বোধ হয় পড়েন নি। এটা দায়সারা করে করা হয়েছে। আমি বলছি এই কারণে যে, সর্বশেষ যে ঘটনা ঘটেছে, যেটা পূর্ণেন্দু বাবু বললেন, সেটা হচ্ছে ২০১২ সালের অক্টোবর মাসে। আমরা সেই সময় মন্ত্রীর কাছে গিয়েছিলাম। আমার মনে আছে যে, পুরনো মন্ত্রী যখন চলে গেলেন, নতুন একজন মন্ত্রী হলেন, ঠিক সেই সময় আমরা আগের মন্ত্রীকে বলে আসলাম, উনি আমাকে বললেন যে আপনি একটা অর্ডারের কপি জোগাড় করে দিন, আমরা দিল্লীতে যোগাযোগ করব। যেটা করেছে। তারপর যখন আমরা জমা দিতে গেলাম, তখন মন্ত্রী পরিবর্তন হয়ে গেছে। যাই হোক, সেই অর্ডারের কপি আমরা জোগাড় করে দিয়ে এসেছিলাম। আমরা বলেছিলাম দিল্লীতে, এই অবস্থা হবে। আজকের ব্যাপার নয়। বেশ কিছুদিন আগের ব্যাপার। সেই ব্যবস্থা কিন্তু সেই সময় নেওয়া হয় নি। ১৯৮৭ সালে যে আইনটা করা হয়, যাতে এই ফসলের দাম নির্ধারণ করা হয়, প্যাকেজিংয়ের ব্যাপারে, রিজার্ভেশনের জন্য ব্যবস্থা করা, সেটার ব্যাপারে যে আইনটা করা হয়েছিল, তারপর বেশ কয়েকটা বছর গিয়েছে। আমরা দেখলাম তারপর পরপর কয়েকটা বছর গিয়েছে, যেখানে একই অর্ডার করা হয়েছে এবং একশো ভাগ এই যে Ministry of textile যে জিনিসটা করেছে, সেটা হয়েছে ৩১.১০.২০১২। তাতে বলেছে যে—, 90% production of food grains that will be reserved for food grains. আর, 40% for sugar. তারপর যতগুলো বছর গিয়েছে, আগের যে'কটা বছর আছে দেখবেন যে, ২০০৬-০৭ সুগার হচ্ছে হানড্রেড পার্সেন্ট, ফুডগ্রেনস হানড্রেড পার্সেন্ট। ২০০৭-০৮, ২০০৮-০৯, ২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২ প্রত্যেক বছরে হানড্রেড পার্সেন্ট সুগার আর আমাদের এই ফুডগ্রেনস হানড্রেড পার্সেন্ট রিজার্ভ হয়ে আছে। সেটা আমাদের সবারই জানা। কিন্তু ওরা একটা কারণ দেখিয়েছিল যখন এটা করে, ওরা কারণ দেখিয়েছিল যে, আমরা পশ্চিমবাংলা থেকে সেই পরিমাণ চট ব্যাগ পাচ্ছি না, চটের ব্যাগ পাচ্ছি না। আমরা বলব যে, আমাদের সরকারের পক্ষ থেকে দেখা উচিত যে, এটা কেন দিতে পারছি না? কি সমস্যা হচ্ছে দেখা উচিত। কিন্তু, এইটা যেটা করেছে তাতে শুধু এইটার সমাধান করলে কিন্তু সমাধান হবে না, আসল লক্ষ্যটা দাঁড়িয়েছে যে, আমাদের চাষিরা যে দামটা ঘোষণা করে যেটাকে MSP বলে—minimum support price, তা নিয়ে আমরা বহুবার দাবি করেছি। আমরা যখন সরকারে ছিলাম তখন সর্বদলীয় টিম নিয়ে দিল্লিতে বহুবার আলোচনা হয়েছে। আমরা বলেছিলাম, চাষির পাটের যেমন অন্য দিকটা ভালো, কিন্তু খরচটাও অনেক বেশী। যে কোন ফসলের তুলনায় পাটে অনেক বেশী খরচ হয়। কিন্তু তবুও চাষিরা করে এই কারণে যে, পাট থেকে কিছু বাই-প্রোডাক্ট পায়, পাটকাঠি পায়-জুট স্টিক্, সেটা পায়। এই জন্য তারা করে। কিন্তু তারা যদি ঠিক মত দাম না পায় তাহলে অসুবিধায় পড়বে। আমরা হিসাব করে দেখলাম যে, এক কুইন্টাল পাটে সর্বনিম্ন খরচ পায় প্রায় ৩ হাজার টাকা, কিন্তু দাম ঘোষণা করেছে ২৩০০ টাকা। আজকাল পাটের যে খরচ তাতে এই ২৩০০ টাকা দিয়ে পাট করা যায় না। এই জন্য আমরা দাবি করেছিলাম যে, এটা বলা উচিত কেন্দ্রীয় সরকারের কাছে। কেন্দ্রীয় সরকারকে বলা উচিত, তাদের যে প্রাইস কমিশন আছে তারা যেন ঠিক মত দামটা দিতে পারে। আমাদের চাষির অন্ততঃ লোকসান হবে না। তার যা খরচ

সেটা যাতে উঠতে পারে তার ব্যবস্থাটা করে দেওয়া দরকার। দ্বিতীয়টা আমরা বলেছিলাম যে, জে.সি.আই রিপোর্টে আমরা দেখলাম, যখন নামার কথা তখন তা নামে না। সেই সময় মানুষ যারা গরিব চাষি আছে তারা পাট তৈরি করে বিক্রি করতে চান, সেই সময় জে.সি.আই থাকে না। আর, বেশির ভাগ সময় দেখা যায় যখন পাট ওঠে, সামনে পুজো আছে কিংবা ঈদ্ কিংবা এই সমস্ত আছে তারা খুব কম দামে বিক্রি করে দেয়। তারপর যখন সময়ের পরিবর্তন হয় তখন জে.সি.আই নামে। আমি বলেছিলাম যে, একশো ভাগ জে.সি.আই-কে কিনতে হবে। আমাদের সময় আমাদের সরকার থেকে দাবি করা হয়েছিল যে, স্টেট গভর্নমেন্টকে এই অধিকার দেওয়া হোক যে, জে.সি.আই এর মত একটা সংস্থা স্টেট গভর্নমেন্ট তৈরি করবে এবং তা দিয়ে চাষিদের চাষের পাট কেনার নিশ্চয়তা দিতে হবে। সেটা তারা পার্মিশন দেয়নি। আজকে আমরা যে দেখলাম ক'দিন আগে আমি ওয়েবসাইটে মুখ্যমন্ত্রীর স্টেটমেন্টে দেখলাম তাতে উনি বলেছেন, 'আমরা এই দাবিগুলি করছি জুট নিয়ে। যদি আমাদের কেন্দ্রীয় সরকার না মানে তা আমরা আমাদের সরকার করব। সব দাবি পূরণ করব', বলেছেন।

আমি দেখলাম, স্টেটমেন্টে লেখা আছে। নিশ্চয় এটা করতে পারলে ভালো। কিন্তু, যদি আমরা এই দাবিকে যুক্ত করতে না পারি তাহলে একটা চালাকি করা হবে। চাষির মূল সমস্যা যেটা যদি সেই দাম ঘোষণা না হয় তাহলে কি হবে? বাইরে যারা ফোড়ে, দালাল আছে তারা খুব কম দামে চাষিদের কাছ থেকে পাট কিনে নেবে। এই জন্য আমরা বলেছিলাম যে. সমস্ত পাট যেহেতু যতগুলো কারখানা আমাদের এখানে আছে সেই কারখানায় পাট আমরা জে.সি.আই -এর মাধ্যমে দিতে পারি এবং তারা টাকা ঋণ নিতে পারে, তার জন্য গভর্নমেন্ট টাকা দেয় তাহলে কোন অসুবিধা হয় না। এই জন্য একশো ভাগ পাট যদি আমরা কিনতে পারি তাহলে চাষিরা deprive হবে না। কেউ বিক্রি করল চার হাজার টাকায়, কেউ বিক্রি করল তিন হাজার টাকায়, কেউ বিক্রি করল দু'হাজার টাকায়, গরিব মানুষ পেল দু'হাজার টাকা, যার ক্ষমতা আছে stock করার সে পেয়ে গেলে বেশি টাকা। এই ক্ষতিটা হয়ে যায়। এই জন্য আমরা এই দাবিটা করেছিলাম। সেটা আমি আবারও বলছি যে, এই কথাটা যুক্ত করা উচিৎ যে, পাটের যে মিনিমাম সাপোর্ট প্রাইস সেটা অন্ততঃ কস্ট friendly হতে হবে। যা খরচ হবে তা যদি না হয়, খরচের সঙ্গে সঙ্গতি না থাকে তাহলে একটা স্থায়ী লোকসানের উপর চলবে। বারে বারে লোকসান হবে, বারে বারে লোকসান হবে। আর চাষিরা তাদের উপায় থাকে না, তারা চাষ করে যাবে। আমাদের মনে আছে যখন দেশ ভাগ হয় স্বাধীনতার সময় যখন আমাদের বাংলার ওপারে যেটা পূর্ব পাকিস্তান হয়েছিল, সে এলাকায় পাটের ভালো চাষ হ'ত। আর আমাদের এখানে কলকাতায় সমস্ত মিলগুলি ছিল। আমরা শুনেছিলাম তখন আমাদের জন্ম হয়নি। তখন আমরা শুনেছিলাম যে, জহরলাল নেহরু সেই সময় প্রধানমন্ত্রী ছিলেন, বলেছিলেন যে, তোমরা এখানে পাট তৈরী কর। তোমরা এক কেজি পাট তৈরী করলে তিন কেজি তোমাদের চালের ব্যবস্থা করে দেব। কিন্তু সেই চাষীরা আজকে এমন দুরাবস্থার মধ্যে আছে যে, তারা দাম পায় না। বিক্রির কোন নিশ্চয়তা নেই। পড়ে থাকে। এই জন্য আমি বলেছিলাম যে, যে দাবি আপনারা করছেন সেই দাবির সঙ্গে একশো ভাগ এক মত। আমরা চাই, একশো ভাগ এই পাটের বস্তা, একশো ভাগ এর জন্য রিজার্ভ থাকুক। শুধু তাই না, এর আরও একটা দিক

আছে। আরও জানেন যে, পাট হচ্ছে পলিউশন ফ্রি, পাট হচ্ছে আমাদের eco-friendly, যার ফলে এর সমস্যাগুলো কম থাকে। কিন্তু অন্যান্য যে প্লাস্টিক বা পলিথিন যেগুলো ব্যবহার করে তার অনেক খারাপ দিক আছে। এই জন্য এই পাটের এক দিকে বাজার, একদিকে আমাদের পলিউশন কন্ট্রোল। এই ব্যাপারে পাটের একশো ভাগই ফুডগ্রেনে এবং সুগারে একশো ভাগ সিদ্ধান্ত ছিল সেটা অবিলম্বে কার্যকরী করতে হবে। এই দাবি আমি রাখছি।

[2·05–2·15p.m.]

সঙ্গে সঙ্গে আমার যে দাবি-টা আমি বলেছিলাম, চাষীর পাটের দাম এবং তার বিক্রির নিশ্চয়তা JCI-র মাধ্যমে করতে হবে। এটা গুরুত্বপূর্ণ।

আমি আবার পার্থবাবুর কাছে আবেদন জানাব, যদি সত্যিই আন্তরিকতা থাকে, নিছক একটা চালাকি করে বলে দিলাম, তাহলে হবেনা, যদি আন্তরিকতা থাকে তাহলে আমার যে বক্তব্য আছে, তাতে অপরাধ কোথায়? আপনারাই তো বললেন। পূর্ণেন্দুবাবু ক্যাটাগরীক্যালি বললেন। সেই কথাটা বলা আছে। অথচ সেই কথাটা গ্রহণ করবেন না আবার বলবেন 'সবাই মিলে একসঙ্গে চল' তা তো হয়না। যদি যুক্তি না থাকে বাদ দিয়ে দেবেন কোন আপত্তি নেই। কিন্তু যুক্তি থাকলে কেন মানবেন না আমার আবেদন? যদি সত্যিই আন্তরিকতা নিয়ে এটা করতে চান, পশ্চিমবাংলার চাষীদের দিকে তাকিয়ে তাহলে এটা করা উচিৎ।

আর একটা কথা পূর্ণেন্দুবাবু বলছিলেন যে, "৩৪ বছরে কী করলেন আপনারা?" আমরা ৩৪ বছরে, প্রত্যেক বছর পাটের জন্য দিল্লীর সরকারের সঙ্গে যতবার আলোচনা করা দরকার সমস্ত আলোচনা আমরা করেছি। বরং আপনাদের আমরা বলতে পারি প্রথম বছরে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বললেন এক টাকা করে বেশী দাম দিয়ে দেব। তার ব্যবস্থা করে দিচ্ছি বলেছিলেন। কিন্তু তার পর কোনদিন দেখলাম না যে সরকারের পক্ষ থেকে কোন একটা উদ্যোগ নেওয়া হয়েছে, দিল্লীর সঙ্গে আলোচনা হয়েছে, দিল্লীর সঙ্গে কথা হয়েছে। কোনদিন আমরা দেখিনি। সেদিন আমরা তার জন্য ঐ মন্ত্রীর কাছে আবেদন করেছিলাম যে, প্রয়োজন হলে একটা টিম নিয়ে আপনারা যান, তাতে আমাদের আপত্তি নেই, আমরা চাই পশ্চিমবাংলার চাষীরা, যারা পাট তৈরী করে, golden fiber তৈরী করে তারা যাতে দাম পায়, বিক্রির নিশ্চয়তা পায় তা দেখা দরকার। কিন্তু যদি এটা না গ্রহণ করেন তাহলে জানব যে আন্তরিকতা নেই, একটা দায়সারা দায়িত্ব পালন করার জন্য এই প্রস্তাব-টা আনা হয়েছে।

(এই সময় বক্তার মাইকের বিদ্যুৎ সংযোগ ছিন্ন হয়ে যায়।)

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে আমি দু'একটা কথা বলতে চাইছি। এটা নিশ্চয় যে পাট bio-degradable এবং eco-friendly material. এর বিপরীতে যে polypropylene বা plastic ব্যবহার করা হচ্ছে সেটা পরিবেশ দূষিত করে। চটের ব্যাগ থেকে শুরু করে একেবারে অত্যন্ত উন্নত মানের পোশাক পর্যন্ত পাট দিয়ে তৈরী হয় এটা আমরা জানি। এবং এটাও জানি ভারতবর্ষ সবথেকে বড়

পাট উৎপাদক দেশ। ফলে এই অবস্থায় এত পোটেনশিয়ালিটির একটা কাঁচা মালকে নিয়ে আমাদের দেশ রপ্তানি বাণিজ্যের ক্ষেত্রে গোটা বিশ্বের কাছে একটা উল্লেখযোগ্য ভূমিকা সে পালন করতে পারত। কিন্তু আমরা দেখেছি সেই leading role-টা play না করে সরকার ঠিক উল্টো কাজটাই করছে। রপ্তানি বাণিজ্য বাড়ানোর ক্ষেত্রে বাধা হচ্ছে export duty. একটা huge export duty কিন্তু তার ওপর চাপিয়ে দেওয়া হচ্ছে। ফলে দেখা যাচ্ছে বিভিন্ন দেশ পাটের থেকে switch over করে নানা রকম synthetic fiber use করছে।

আরেকটা বিষয় হচ্ছে, আপনারা জানেন JCI -Jute Corporation of India 1971-এ তৈরী হয়েছিল। Minimum support price -র ভিত্তিতে পাট কেনা, চাষীদের কাছে গিয়ে সরাসরি পাট কেনার ব্যবস্থা করা তাদের দায়িত্ব ছিল। কিন্তু আমরা দেখেছি যে, গত ৪১ বছর ধরে এই JCI যেখানে গিয়ে দাঁড়িয়েছে এবং তারা এখনও পর্যন্ত মাত্র ১৭১-টা পাট কেনার জায়গা করতে পেরেছে। চাষীদের কাছ থেকে, একেবারে প্রত্যন্ত গ্রামে গিয়ে পাট কেনার যে ব্যবস্থা সেটা কিন্তু তারা করতে পারেনি। এবং যে middleman -দের হাত থেকে চাষীদের বাঁচানোর জন্য JCI তৈরী করা হয়েছিল দেখা যাচ্ছে তারা চাষীদের থেকে পাট কিনতে তো পারছেই না আবার সেই middleman-দের কাছে গিয়ে JCI পাট কিনছে। ফলে চাষীদের middleman-দের খপ্পর থেকে বাঁচানোর জন্য যে JCI তৈরী করা হয়েছিল দেখা গেল সেই JCI কেন্দ্রীয় সরকারের বদান্যতায় শেষ পর্যন্ত ঐ middleman -দের খপ্পরেই গিয়ে পড়ল। সরকারী একটা ব্যবস্থা কী করে এমন একটা জায়গায় যেতে পারে সেটা কিন্তু আমার কাছে একেবারেই বোধগম্য নয়।

আপনারা এখানে উল্লেখ করেছেন 'Jute Packaging Material Act, 1987' তৈরী হয়েছিল যাতে সেন্ট পারসেন্ট food grain এবং sugar-র ক্ষেত্রে এবং আরো নানা packaging, bulk material -র ক্ষেত্রে ব্যবহার করা হয়। কিন্তু যত দিন যাচ্ছে দেখা যাচ্ছে সেই আইন-টা যাতে শিথিল হয় তার ব্যবস্থা করা হচ্ছে। ২০১১ সালে আমরা দেখেছি সরকার নিজেই পিছিয়ে এসেছে। একটা পাট নীতি ঘোষণা করেছে। প্যাকেজিঙের ক্ষেত্রে এই যে পাট-জাত দ্রব্য ব্যবহার করতেই হবে সেই নীতি থেকে সরে এসে চতুর্দশ পঞ্চবার্ষিক পরিকল্পনা। সেখানে এটা থেকে সম্পূর্ণ ভাবে মুক্ত হয়ে ধাপে ধাপে তুলে দিয়ে সম্পূর্ণ ভাবে মুক্ত হতে হবে—এই রকম একটা অদ্ভুত ঘোষণা তারা করেছে। ফলে সরকার নিজেই কিন্তু তাদের যে ঘোষিত আইন সেই আইন থেকে আস্তে আস্তে সরে যাচ্ছে।

দেখা যাচ্ছে FCI -ফুড কর্পোরেশন অব ইন্ডিয়া তারা যে অর্ডার দিত, সেই অর্ডার দিনের পর দিন কমিয়ে দিচ্ছে। আমাদের রাজ্যে ৭৫ পারসেন্ট পাটকল আছে গোটা ভারতবর্ষের মধ্যে। এখানে যদি এই অর্ডার দিনের পর দিন কমে যায় এবং আমরা দেখেছি -উল্লেখ হয়েছে পূর্ণেন্দুবাবু বলেছেন—গত বছর চিনির জন্য ১০ পারসেন্ট এবং খাদ্যশস্যের জন্য ১০ পারসেন্ট এবং ফুড গ্রেইনের জন্য তারা ৬০ পারসেন্ট অর্ডার কমিয়ে দিয়েছিল। এবছরও তারা ১০ পারসেন্ট এবং ৮০ পারসেন্ট অর্ডার কমিয়ে দিচ্ছে। ফলে ব্যাপারটা কোথায় গিয়ে দাঁড়াচ্ছে? খবরের কাগজে যেটা

বেরিয়েছে দেখেছি এই সিজনে জুট ইন্ডাস্ট্রি প্রায় এক হাজার কোটি টাকা লোকসানের সামনে দাঁড়িয়ে আছে। ফলে এ একটা অদ্ভুত অবস্থার মধ্য দিয়ে আমরা কিন্তু চলছি। ফলে আর একটি জিনিস এখানে উল্লেখ করার যোগ্য। কেন্দ্রীয় সরকারই কিন্তু এই প্যাকেজিং material কেনে। ফলে দাম যাতে ঠিক ঠাক পায় তার দায়িত্ব যেমন কেন্দ্রীয় সরকারের, অর্থাৎ কেন্দ্রীয় সরকারের যে এজেন্সিগুলো তেমনি লেবাররা যাতে ঠিকঠাক মজুরী পায় সেটাও কিন্তু দেখার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের এজেন্সিগুলোর। অর্থাৎ সরকারী এজেন্সিগুলোর এই দুটোরই কিন্তু দায়িত্ব আছে। ফলে এই দায়িত্ব সরকারের তরফ থেকে কোনভাবেই অস্বীকার করতে পারে না। কিন্তু আমি যে জিনিসটা মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি আমাদের রাজ্যে পাটশিল্পের সম্ভাবনা এত বেশি থাকা সত্ত্বেও, যেখানে প্রায় ৪ লক্ষ শ্রমিক কাজ করে এবং যেখানে এটা অত্যন্ত লেবার ইনটেনসিভ এবং crop ইনটেনসিভ ইন্ডাস্ট্রি দুটোই—ফলে এখানে এত সম্ভাবনা থাকা সত্ত্বেও আমি জানি না, এতদিন ধরে এতগুলো সরকার আমাদের রাজ্যে কাজ করেছে তারা কেন এখনও পর্যন্ত এই জুট প্যাকেজিং material প্রোকিওরমেন্টের একটা পলিসি কেন এই রাজ্য থেকে তৈরি হতে পারল না সেটা কিন্তু আমি বুঝতে পারছি না। মাননীয় মন্ত্রী বলেছেন এই সরকার করবেন। এই সরকার যদি করে সেটা নিশ্চয়ই ধন্যবাদ যোগ্য। কিন্তু একটা জিনিস এখানে খেয়াল রাখা দরকার যে অর্ডার কমিয়ে দিচ্ছে কেবলমাত্র এফ.সি.আই.নয়। মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, স্টেট এজেন্সি যেগুলো আছে তারাও কিন্তু অর্ডার কমিয়ে দিচ্ছে। ফলে এবিষয়টা কিন্তু আপনাদের ভাবার জন্য আমি বলছি। ফলে আজকে যে নীতি কেন্দ্রীয় সরকার নিয়েছে, কেন্দ্রীয় সরকারের এই নীতির জন্য পাট শিল্প ক্রমাগত ক্ষতিগ্রস্ত হবে। এত লক্ষ লক্ষ শ্রমিক তারা কাজ হারাবে। পাটশিল্প আরো আরো বেশি লোকসানের সামনে গিয়ে দাঁড়াবে। ফলে এর থেকে বেরনো দরকার। রাজ্য সরকারেরও একটা প্রোকিওরমেন্ট পলিসি ঘোষণা করা দরকার, অতি দ্রুত সেটা ঘোষণা করা দরকার। শ্রমিকদের এবং গোটা শিল্পকে বাঁচানোর জন্য আজকে যে প্রস্তাব নেওয়া হয়েছে সেই প্রস্তাবকে আবার আমি সমর্থন করে এবং মাননীয় মন্ত্রীমশাইকে ওই বিষয়গুলোকে দেখার জন্য অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় স্পীকার স্যার, এই রাজ্যের শিল্প তথা পরিষদীয় মন্ত্রী যে প্রস্তাব ১৬৯ ধারা অনুযায়ী এনেছেন এটা আমি সমর্থন তো করিই এবং যারা আমার আগে বলেছেন তারা সবাই একে সমর্থন করেছেন। আমি শুধু মন্ত্রীকে ধন্যবাদ দেব, যখন প্রয়োজন ২০১৩ সালের এই নভেম্বর মাস কেন্দ্রীয় সরকার একটা ক্যাবিনেট মিটিংয়ে একটি জাতীয় কনসেনসাস যে সম্পর্ক হয়ে আছে, যে জুট ব্যাগস এটা ফ্রেন্ডলি, ইকো ফ্রেন্ডলি, হিউম্যান ফ্রেন্ডলি : অতএব একে খাদ্য এবং খাদ্যদ্রব্য জাতীয় যা কিছু উৎপাদিত দ্রব্য এতে প্যাকেজিং হবে। আমরা আশ্চর্যের সংগে লক্ষ্য করলাম যে কেন্দ্রীয় সরকার বিধিটাকে লঙ্ঘন করলেন, নিলেন একটা ক্যাবিনেট ডিসিশানের মাধ্যমে। এই সিদ্ধান্তের বিরুদ্ধে আজকে মাননীয় মন্ত্রী যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে আমাদের রাজ্যে -আনিসুরবাবুরা বলছিলেন মূল্য সম্বন্ধে যদি সম্পদই না থাকে, উৎপাদনই বন্ধ হয়ে যায়, কৃষিজীবী শ্রমিকরাই মরে যায় তাহলে কাকে আপনি দ্রব্য দেবেন, মূল্য দেবেন? কারণ এখানে প্রায় কম বেশি

৪০ লক্ষ কৃষক যারা সরাসরি পাট উৎপাদন করেন তারা যুক্ত। এখানে প্রায় ৪ লক্ষ পাটের শ্রমিক যুক্ত।

আমাদের মন্ত্রী মহাশয় এবং এই সরকার যেটা উদ্যোগ নিয়েছেন সরকারী প্রস্তাবনায় যে আগে আমার শিল্প এবং চাষীকে আমি বাঁচিয়ে নিই। নিশ্চয় জে.সি.আই. সৃষ্টি হয়েছে এবং জে.সি.আই. তার কর্তৃব্য পালন করছে কিনা এই ব্যাপারে এই পবিত্র বিধানসভায় নিশ্চয় দেখবেন এবং মাননীয়া মুখ্যমন্ত্রী এই ব্যাপারে কনসার্নড। তিনি এই ব্যাপারগুলোতে, যারা তার নেট বা তার বক্তব্য দেখেন বা শোনেন, দেখবেন তিনি যে কনসার্নড এবং এই ব্যাপারটা তিনি তুলে ধরার চেষ্টা করছেন এবং করবেনও বটে। কিন্তু মাননীয়া মন্ত্রী যেটা এনেছেন এই দুটোকে এক জায়গায় করলে আমার মনে হয় আনিসুরবাবুরা বার বার এটা বলছিলেন সেই জন্যই বললাম দুটোকে এক করার ক্ষেত্রে -এখন তো বাঁচি আমরা। কারণ আঘাত যেভাবে এসেছে দেখুন, ১৯৮৭ সালে যে আইন তৈরি হয়েছে— আইনটি নিয়ে যদি আবার পার্লামেন্টে আলোচনা হত সবাই সুযোগ পেত, আমাদের দল, সব রাজনৈতিক দল সুযোগ পেতেন সেখানে কোন অপরচুনেটি দেওয়া হল না গণতান্ত্রিক দেশে এবং তার পরিণাম আপনারা সকলেই দেখেছেন। এই রিসেন্ট যে নির্বাচন দেখেছি তাতে তারা ভুগছেন তবু তারা এই আঘাত এনেছেন। এই আঘাতে ভারতবর্ষে জুটের উৎপাদন ক্ষেত্রে আমরা প্রথম স্থানে রয়েছি এবং জুট মিলেও আমরা প্রায় প্রায় ৭৫% — কানপুর বা উত্তরপ্রদেশ, বিহার এবং দক্ষিণের দু-একটি রাজ্য ছাড়া সব জুট মিলগুলো আমাদের। অতএব এই জুটমিলগুলোর শ্রমিকরা যেটা আমাদের চিফ হুইপ শোভনদেব চট্টোপাধ্যায় বলেছেন, মাননীয় মন্ত্রীও বলেছেন, আপনারাও শঙ্কা প্রকাশ করেছেন যে কি হবে জুট মিলগুলোতে? প্রোডাকশান শিফট ওয়াইজ বন্ধ করা শুরু করে দিয়েছেন মালিকরা। মালিকদের স্টেক আছে কিন্তু তাদের স্টেক হচ্ছে তাদের ক্যাপিটালকে রক্ষা করা। আর আমার -আপনাদের স্টেক হচ্ছে মানুষকে রক্ষা করা। শ্রমজীবী মানুষকে আর কৃষককে-দুটোকেই আমাদের রক্ষা করা। তাই আমি মনে করি এই যে সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকার নিয়েছেন একটা ক্যাবিনেট ডিশিসানের মাধ্যমে ২৮শে নভেম্বর, ২০১৩ এই সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করছে আজকের এই সভা। মাননীয় মন্ত্রীকে সম্পূর্ণরূপে সমর্থন দিই এবং আমরা দিচ্ছি যে আপনি এই বিষয়ে আপনার প্রয়োজনীয় পদক্ষেপ নিশ্চয় গ্রহণ করবেন এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর উপরে রাজ্যবাসীর একটা আস্থা এবং বিশ্বাস, ভরসা আছে তিনিও তা করবেন। আমি স্যার, দু-তিনটি পয়েন্ট বলব। স্যার, সুগারের লবি অত্যন্ত শক্তিশালী লবি। অনেকেই বলেছেন মহারাষ্ট্র তার মধ্যে প্রথম স্থান দখল করে। এরা চায় জুট ব্যাগকে তুলে দিয়ে গানি অর্থাৎ পলি ব্যাগ অথবা সিন্থেটিক ব্যাগ আনতে চায়। এটা তারা চায়, বরাবর এই লবির সঙ্গে আমাদের পূর্ব ভারতের লড়াই হয়েছে এবং আমি আশা করি, এবারও এই লড়াই অনেক দুর পর্যন্ত আমাদের করতে হবে আমাদের শিল্প এবং কৃষকদের রক্ষা করার জন্য। দেখুন, চাল,গম এবং সুগার এই তিনটি মেজর। দেখুন, আমি আলুর ক্ষেত্রে একটুখানি বলে রাখি মাননীয় মন্ত্রীকে স্যার আপনার মাধ্যমে।

আলুতে দেখবেন স্যার, ধীরে ধীরে একটু সিন্থেটিক ফাইবারের ব্যবহার শুরু করে দিয়েছে। কিন্তু আলুটা আমাদের রাজ্যের— আমরা ভারতবর্ষে প্রায় প্রথম হতে যাচ্ছি। সেখানে আলুতে এই যে প্যাকেজিংয়ে জুটের উপর ধীরে ধীরে একটা আক্রমণ আসছে। সেখানেও যাতে জুট সম্পূর্ণরূপে

ব্যবহার হয় তারজন্য আমি একটু স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে এবং কনসার্নড ডিপার্টমেন্টকে বলতে চাই, যেন তারা এই ব্যাপারে নজর দেন। আমি এই কটি কথা বলতে চাই যে আমাদের রাজ্যে প্রোডাকশান যেটা ১২ লক্ষ মেট্রিক টন সেটা আমরা ১৭ লক্ষে নিয়ে যাবার চেষ্টা চলছে । কিন্তু যেতে গেলে তো কারখানাগুলোকে খোলা রাখতে হবে এবং চাষীদের আরো ইনসেনটিভ দিতে হবে যাতে চাষীরা আরো বেশি জুট উৎপাদন করে। আমি আশা করি আমাদের পরিষদীয় মন্ত্রী এবং শিল্প মন্ত্রী তিনি জে.সি.আই.- এর প্রতি আমাদের যে বক্তব্য দীর্ঘ বছর জে.সি.আই-এর তার উপর যে কর্ম ন্যস্ত হয়েছে, তার উপর যে দায়িত্ব-জে.সি.আই. কখনও তা পালন করে না। তার মানে এই নয় জে. সি. আই.-এর দায়িত্ব তারা সবই পালন করে না। তার জন্য জে.সি.আই. - কে আরো শক্তিশালী করা এবং পাট চাষীদের আরো বেশি সাপোর্ট দেওয়া দরকার। এখানে আমাদের প্রোডাকশানটা যাতে আমরা ১৭ লক্ষ মেট্রিক টনে নিয়ে যেতে পারি। যাতে ভারত সরকারের এই যে ক্যাবিনেট কমিটি অন ইকোনমিক এ্যাফেয়ার্স যেটা আজকে সিন্থেটিক ব্যবহারে বাধ্য করেছে তার বিরুদ্ধে যাতে আমরা একটা জবাব দিতে পারি যে না আমাদের রাজ্যে রিকোয়ার্ড প্রোডাকশান সেই প্রোডাকশান আমরা করতে পারি।

আমরা নিয়ার অ্যাবাউট ১২ তে আছি। এটাকে আমরা ১৪ ছাড়িয়ে ১৭ লক্ষ মেট্রিক টন বস্তা মানে জুট ব্যাগ আমরা তৈরি করলে ভারতবর্ষের যা প্রয়োজন, ৯০% এর বেশি প্রয়োজন আমরা ফুলফিল করতে পারি। আজকে এই যে পাট থেকে হিউম্যান ফ্রেন্ডলি আজকে পাট থেকে পোশাক, নানা ধরনের কসমেটিক আইটেম, নানা ধরনের সুন্দর আইটেম তৈরি হচ্ছে যা মানুষ তাকে ব্যবহার করে এবং এই ব্যাপারে সমর্থন করতে গিয়ে আমার শেষ বক্তব্য যে অবিলম্বে এই বিষয়টি নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যেমন তিনি তুলে ধরবেন তেমনি এর যে প্রয়োজন, এর যে বেসিক প্রয়োজন যে আমার দেশের কৃষক, সারা ভারতবর্ষে কৃষকদের নিয়ে যে আলোচনা চলছে, সেই কৃষকদের একটি বড় অংশ, যারা কন্টিনিউয়াসলি জুট উৎপাদন করে থাকে, তাদের উপর একটা বিরাট আঘাত আসবে। প্রায় চার লক্ষ শ্রমিক তারা তাদের রুটি, রুজি হারাবে। আর একটি ডাইরেক্ট অর ইন ডাইরেক্টে আমাদের যে অর্থ ব্যবস্থা, এই অর্থ ব্যবস্থার সঙ্গে জুটটা যুক্ত আছে। এই অর্থ ব্যবস্থা শুধু নয়, জাতীয় অর্থ ব্যবস্থার থেকেও আমরা ফরেন - ফোরেক্স আমরা এর থেকে ইনকাম করি। যেমন আমাদের কার্পেট সহ বিভিন্ন জিনিসগুলো বাইরে যায়। আমি তাই বলব যে একদম যথাসময়ে মাননীয় মন্ত্রী এই প্রস্তাব এনেছেন। এই প্রস্তাবকে সম্পূর্ণরূপে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী আনন্দময় মন্ডল : মাননীয় স্পীকার স্যার, সরকারী কার্যক্রমের নিয়ম ১৬৯ ধারা অনুযায়ী মাননীয় পরিষদীয় মন্ত্রী শ্রী পার্থ চ্যাটার্জী মহাশয় যে প্রস্তাব এনেছেন, আমি তাকে সমর্থন করছি। কটি কথা, সেটা হচ্ছে এই যে কেন্দ্রের সরকার এই চট ব্যাগ, তার ব্যবহার হ্রাস করার মধ্য দিয়ে একদিকে চটকল শ্রমিক, আর অপরদিকে ৪০ লক্ষাধিক পাট চাষী-তাদের স্বার্থের বিরোধিতা করেছেন। এই যে সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকার চাপাতে চাইছেন সেটা পার্লামেন্টের কোন আইন নয়, ক্যাবিনেট কমিটির সিদ্ধান্ত। এটা মানা যায় না। সুতরাং ৪০ লক্ষ পাট চাষীর স্বার্থ রক্ষা এবং কয়েক লক্ষ চটকল শ্রমিকের স্বার্থ রক্ষার প্রশ্নে হান্ড্রেড পারসেন্ট চট ব্যাগের ব্যবহার করা উচিত বলে

আমি মনে করি । সেই সাথে আমি মনে করি, কথা উঠেছে এখানে যে জুট মালিকরা- তারা চটের ব্যাগ সাপ্লাই দিতে পারছে না। কিন্তু মালিকদের মত ভিন্ন। তারা বলেছেন যে অর্ডার অনুসারে আমরা সাপ্লাই দিচ্ছি। অর্থাৎ সরকার যদি অর্ডার বাড়ায় নিশ্চয় তারা সাপ্লাই বাড়াবে। কিন্তু সরকার অর্ডার বাড়াচ্ছেন না। তারা সিন্থেটিক লবির কাছে মাথা নিচু করে কাজ করে চলেছেন। আর সব থেকে বড় ব্যাপার সেটা হল এই যে সিন্থেটিক ভীষণভাবে পরিবেশ দূষণ করে। ইউরোপের দেশগুলো এই সিন্থেটিকের ব্যবহার বর্জন করেছে। আর আমাদের দেশ, আমাদের দেশের শ্রমিক, আমাদের দেশের কৃষক—তাদের স্বার্থ বিঘ্নিত করে এই সিন্থেটিক এখনও চালিয়ে যাচ্ছে। সুতরাং এটা কখনই মেনে নেওয়া যায় না। আর একটি বিষয় এখানে উঠেছে। সেটা হচ্ছে চটের ব্যাগ যদি বৃদ্ধি করা যায়, হান্ড্রেড পারসেন্ট ব্যবহার করা যায়, পাট চাষীরা এবং চটকল শ্রমিকরা-তাদের স্বার্থ যেমন রক্ষা হবে, সেই সাথে গুরুত্বপূর্ণ আর একটা বিষয় যা আজকে সারা দেশব্যাপী কৃষকদের ভাবিয়ে তুলেছে। সেটা হচ্ছে ফসলের দাম অর্থাৎ এক্ষেত্রে পাটের লাভজনক দাম এবং সেই পাট কেনার ব্যাপারে জে.সি.আইয়ের যে ভূমিকা, কার্যকরী ভূমিকা গ্রহণ, তা যদি না হয় তাহলে কিন্তু পাটের উৎপাদন কমবে। এটা ঠিক যে এই দুটো লড়াই একসঙ্গে এই দুটো দাবির ভিত্তিতে একদিকে চটব্যাগের ব্যবহার হান্ড্রেড পারসেন্ট করতে হবে সর্বক্ষেত্রে। অপরদিকে পাটের লাভজনক দাম এবং জে.সি.আই যাতে পাট কেনে সরাসরি কৃষকদের কাছ থেকে—এই দুটো প্রস্তাব যুক্ত করে একসঙ্গে শুরু করতে হবে লড়াই আন্দোলন।

[2.25–2.35 p.m.]

আমি আশা করব সরকার যখন এই প্রস্তাব গ্রহণ করেছেন সেটাকে যেমন সমর্থন করছি সেই সাথে কেন্দ্রীয় সরকারের যেসব দপ্তর এটার সঙ্গে যুক্ত, তাদের সঙ্গে কথা বলে ব্যবস্থা গ্রহণের চেষ্টা করবেন। এই কথা বলে আমি প্রস্তাবটাকে আবার সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকের এই গুরুত্বপূর্ণ প্রস্তাবে আমার আগে পরেশ অধিকারী, শোভনদেব চট্টোপাধ্যায়, ঈদ মহম্মদ, পূর্ণেন্দু বসু, আনিসুর রহমান সাহেব, ডঃ তরুণকান্তি নস্কর , নির্মল ঘোষ ও আনন্দময় মন্ডল—তারা তাদের বক্তব্য রেখেছেন। এটা নিঃসন্দেহে বলা যায় যে, এই রাজ্যের পাট চাষীদেরই স্বার্থে এই রাজ্যের শ্রমজীবী মানুষের স্বার্থে এবং তাদের পরিবারের স্বার্থে এই রাজ্যের আর্থিক ভিত গড়ার ক্ষেত্রে পাট একটি অন্যতম বিষয়। আনিসুর রহমান সাহেব একটা অ্যামেন্ডমেন্ট দিয়েছিলেন। যদিও রুল অনুযায়ী অধ্যক্ষ মহোদয় এটা নেননি। কিন্তু বিষয়টা যদি গভীরে গিয়ে দেখা যায় তাহলে এটা ঠিকই যে আমরা তো বহু বিষয় নিয়ে একটা প্রস্তাবে আসতে পারি না। কিন্তু বহু বিষয় চর্চিত করা যায়। আপনারা যারা বক্তব্য রেখেছেন এখানে মূলতঃ একই প্রতিধ্বনি হয়েছে, একই বিষয় নিয়ে একই রেফারেন্সগুলো মূলতঃ সকলেরই প্রায় একই জায়গায়। উৎকণ্ঠা সরকারের ছিল বলেই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রায় নির্দেশেই আমরা এই সভায় সরকারের উৎকণ্ঠা-তারা যে উদ্বিগ্ন এবং সঙ্গে সঙ্গে এই রাজ্যের পাট চাষীদের স্বার্থ রক্ষার জন্য শ্রমজীবী মানুষের কারখানাগুলো - ৫৪ টি চটকল আমাদের এই রাজ্যে আছে, যার দু-একটি ছাড়া প্রতিটিই আজকে চলমান। এটা একটা অত্যন্ত ভাল খবর কারণ

চটকলের অর্ধেকটাই বন্ধ থাকত আমরা নিজেরাই যখন আনিসুর বাবুর ঐ জায়গায় বসেছিলাম, তখন দেখতাম যে চটকলগুলি সব বন্ধ ছিল। এখন সেগুলি খোলার ব্যবস্থা হয়েছে এবং এই বিষয়ে আমার খুব ভাল মনে আছে যে, কেন্দ্রীয় সরকারের প্রাক্তন অর্থমন্ত্রী আমাকে ফোন করে বলেছিলেন যে 'তোমাদের ওখানে প্রোডাকশান হচ্ছে না, এটা কি সত্যি? তাই আমরা চটের বস্তার অর্ডার দিতে পারছি না।' আমি তাকে অত্যন্ত বিনয়ের সঙ্গে বলেছিলাম এটা একেবারেই অসত্য। আমাদের সব দিন, আমরা আমাদের রাজ্যের পাটকলগুলির মধ্য দিয়ে আমরা সেই উৎপাদন করব এবং সময়মতন তা আপনাদের দেব।

সুতরাং এই যে কমিয়ে দেওয়ার যে উদ্বেগের কথা ডঃ তরুণকান্তি নস্কর এখানে প্রকাশ করলেন, সেই উদ্বেগটা আমাদেরও আছে এবং এটা ছিল বলেই সেদিনকে আমরা বলেছি শুধু প্রকাশ ঘটেনি। যেমন সেই উদ্বেগ মমতা বন্দ্যোপাধ্যায়ের মধ্যে ছিল বলেই কেন্দ্রীয় মন্ত্রী হিসাবে তিনি বলেছিলেন -৮৭ সালে যখন ঠিক হয়েছিল যে, আমরা সমস্ত খাদ্যশস্য এবং চিনি চটের বস্তার ব্যবহার করব। প্রয়াত রাজীব গান্ধী ১৯৮৭-তে তখন ছিলেন। তারপরে এটা কমতে আরম্ভ করল। তারপর কমতে-কমতে এমন একটা জায়গায় সংকট দেখা দিল এই রাজ্যে। মমতা বন্দ্যোপাধ্যায় তখন তিনি নিজে চিঠি লিখলেন, নিজে গিয়ে বললেন এবং এটা ঠিকই যে এই সভাতেই আলোচনা হয়েছিল যে, আমরা ১০০ শতাংশ পাটের বস্তার- চটের বস্তার ব্যবহার চাই।

সে খাদ্যশস্য এবং চিনিতে। চলছিলও তাই। তারপর আঘাত পড়তে আরম্ভ করল, বোধহয় আনিসুরবাবু বললেন যে ২০১১ সাল থেকে, ২০১২ সাল থেকে। না, তারপর থেকে কমতে আরম্ভ করল। গতবারে কমেছে, এবারেও কমেছে। ২০১৩ ক্যাবিনেট ডিসিসান নিয়ে এখানে অনেকে বললেন যে এই সিদ্ধান্ত গ্রহণ করেছেন, কিন্তু এটা ক্যাবিনেট কমিটি অফ ইকোনমিক অ্যাফেয়ার্সের খুব সম্ভবত। তাদের এই সিদ্ধান্ত। কপিটাও আমার সঙ্গে আছে। তারা এই মিটিংটায় ঠিক করে দিলেন যে যেটা ব্যবহার ছিল ১০০ শতাংশ, তাকে ৯০, আর যা প্রথমে ছিল ৪০ শতাংশ, প্রথমে ১০০ ছিল, তার থেকে কমিয়ে ৪০ শতাংশ চিনিতে ব্যবহার হল, সেটাকে কমিয়ে দিয়ে করা হল ২০ শতাংশ। অর্থাৎ ৮০ এক দিকে ছেঁটে দেওয়া হল, আর অন্য দিকে ১০ ছেঁটে দেওয়া হল। এইরকম অবস্থায় দাঁড়িয়ে, আমাদের ১৫ টি জেলায় পাট চাষ হয় এবং ৫ টি জেলায় পাট কল আছে। ৫৪ টি পাট কলে প্রায় আড়াই লক্ষ শ্রমিক এবং তাদের পরিবারকে ধরলে তিন কোটি মানুষ আজকে বিপন্ন। আমরা চুপ করে বসে থাকতে পারিনা সরকারে। বাংলার মানুষ হিসেবে আমরা চুপ করে বসে থাকতে পারি না। তাই বাংলার বিধানসভা যখন চলছে তখন কেন্দ্রীয় সরকারের এই একতরফা নীতি, বিভিন্ন ক্ষেত্রে সাধারণ মানুষের স্বার্থ না দেখে জনস্বার্থ বিরোধী বেশ কিছু নীতি প্রণয়নের একটা নমুনা হচ্ছে এই পাট। তাই স্বাভাবিক কারণেই আমি নিজে একটা চিঠি লিখেছি। মমতা বন্দ্যোপাধ্যায়ও গেছেন, এখন দিল্লিতে আছেন, তাঁকেও আমরা জানিয়েছি। আমরা একটা ৫ তারিখে চিঠি আনন্দ শর্মাকে লিখে পাঠিয়েছি। কতবার এইরকম হবে? যখনই বাংলা ঘুরে দাঁড়াতে চাইছে, বাংলা যখন এগিয়ে যেতে চাইছে, বাংলার এত দেনার বোঝা মাথায় নিয়ে বাংলা যখন নিজের পায়ে দাঁড়াতে চাইছে, বাংলার চাষিরা যখন এত দুর্দশার মধ্যে দিন কাটিয়ে যখন সুদিনের দিকে হেঁটে চলেছে, তখন এই ধরনের আঘাত, এই ধরনের সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকার

প্রত্যাহার করে নিক। আমরা শুধুমাত্র চিঠির মধ্যে থাকিনি। আমরা বিধানসভার সকলে, মহতী সভার মহতী সদস্যদের সকলের কাছে, কংগ্রেস বন্ধুরা থাকলে ভালো হত। অবশ্য বলব আর কি ৭৫ বছরেই যারা থাকে না, ৭৫-এর মধ্যে আনিসুরবাবুরা থাকলে, আমার না মাঝে মধ্যে হাসিও লাগে। ৭৫ বছরের মধ্যে সাড়ে ৬২ বছর থাকলেন ওনারা, এইরকম একটা গুরুত্বপূর্ণ অনুষ্ঠানে আপনারা থাকলেন না। কিরকম অবস্থা ৭৫ বছর অনুষ্ঠান চালু কিন্তু ৬২, সাড়ে ৬২ বছর যারা কাটালেন বিধানসভায়, তাঁরা সেই অনুষ্ঠানে থাকলেন না। যাইহোক তবুও আমি বলব যে আপনাদের জাগ্রত হৃদয়ে বাংলার পাট চাষিদের পাশে দাঁড়িয়েছেন, দাঁড়ান। আমরা সকলে মিলে এই প্রস্তাবকে সমর্থন করি এবং কেন্দ্রীয় সরকার অবিলম্বে এই সর্বসম্মত প্রস্তাব পাঠের পর তারা পুনর্বিবেচনা করুন এবং সিদ্ধান্ত প্রত্যাহার করুন এই দাবি আবার সকলের হয়ে জানাচ্ছি ও সমস্ত বিধায়কদের তা গ্রহণ করবার জন্যে আমি অনুরোধ করছি।

Mr. Speaker : Now, I put the resolution moved by Shri Partha Chatterjee to vote. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

The resolution is adopted.

Adjournment

The House was then adjourned at 2.32 p.m. today till 11 a.m. on Wednesday, the 11th December, 2013 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 11th December, 2013 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 27 Ministers, 04 Ministers of State, 9 Parliamentary Secretary and 168 Members.

[11.00–11.10 a.m.]

Starred Questions
(To Which oral answers were given)

মালদা জেলায় "রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ প্রকল্প

*১৬১। (অনুমোদিত প্রশ্ন নং *৪০) **শ্রী তজমুল হোসেন :** বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১৩-২০১৪ আর্থিক বছরের ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে মালদা জেলায় 'রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুতায়ন প্রকল্পে" মোট কতগুলি বি পি এল তালিকাভুক্ত পরিবারকে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে (ব্লক ভিত্তিক হিসেব সহ)?

শ্রী মণীশ গুপ্ত : ১.০৪.১৩ তারিখ থেকে ৩০.০৯.২০১৩ সময়কালে মালদা জেলায় রাজীব গান্ধী গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্পে ৯৬৩৮টি বি. পি. এল. পরিবারকে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে। ব্লক ভিত্তিক প্রতিবেদন নীচে দেওয়া হল :

ব্লকের নাম	উক্ত সময়ে বি. পি. এল. পরিবারে বিদ্যুৎ সংযোগের সংখ্যা
রতুয়া-১	১১৫
হরিশ্চন্দ্রপুর-১	১২০
হরিশ্চন্দ্রপুর-২	৪০৫
চাঁচল-১	৬০৯
চাঁচল-২	১০৪৫
গাজোল	১৩০৫

ব্লকের নাম	উক্ত সময়ে বি. পি. এল. পরিবারে বিদ্যুৎ সংযোগের সংখ্যা
বামনগোলা	৭৪
হবিবপুর	৭২৫
পুরাতন মালদা	৯৬২
ইংলিশবাজার	৮২৬
মানিকচক	৮২৫
কালিয়াচক-১	৬৩২
কালিয়াচক-২	৭৫৫
কালিয়াচক-৩	৮০৫
মোট	৯৬৩৮

উল্লেখযোগ্য যে, মালদা জেলায় রাজীব গান্ধী গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্পে অদ্যবধি মোট ১,৩৯, ০৫৩টি বি.পি.এল. পরিবারে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে।

(এই সময় বামফ্রন্টের কয়েকজন বিধায়ক কিছু প্ল্যাকার্ড উঁচু করে ধরে মাননীয় স্পীকারের দৃষ্টি আকর্ষণের চেষ্টা করেন)।

মিঃ স্পীকার : এক মিনিট। Please don't dispaly those placards। আমি অনুরোধ করছি এইগুলো এখানে ডিসপ্লে করবেন না। আপনারা জানেন আমাদের পরিষদীয় রীতি অনুযায়ী এইগুলো আপনারা ডিসপ্লে করতে পারেন না, দয়া করে এইগুলো সরিয়ে নিন। আমি বলছি এইগুলো সরিয়ে ফেলুন ফর দা টাইম বিয়িং। এইগুলো সরিয়ে নিতে বলুন। It does not look good. আপনারা আলোচনার মাধ্যমে যা বলার বলুন, এইগুলো করবেন না।

(বামফ্রন্টের বিধায়করা প্ল্যাকার্ড নামিয়ে নেন)।

শ্রী তজমুল হোসেন : স্যার, মাননীয় মন্ত্রী প্রশ্নের উত্তরে বলেছেন এই ৬ মাসের মধ্যে মালদা জেলায় কত বি.পি.এল. পরিবারে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে। মাননীয় মন্ত্রীকে আমি অনেকবার বলেছি, উনি বিশেষ তদারকির সাথে অনেকগুলো কাজই করেছেন। অনুরোধ করছি হরিশ্চন্দ্রপুর- ১ ও হরিশ্চন্দ্রপুর- ২ ব্লকের বিষয়টি একটু দেখবেন। মালদা জেলায় বিভিন্ন গ্রামে বিদ্যুৎ সংযোগের কাজ এখনও অর্ধসমাপ্ত অবস্থায় রয়েছে। এই কাজগুলো কবে নাগাদ সমাপ্ত করা হবে জানাবেন। আর এই কাজগুলো আগে যারা করছিল তারা বলছে এখন আর তারা করতে পারবে না, এখন এল. অ্যান্ড টি. দেখছে। আমার কথা, যেই দেখুক, বি.পি.এল. পরিবারের বিদ্যুৎ সংযোগের কাজ যেন দ্রুত সমাপ্ত হয়।

আর একটা কথা বলি এই যে বিদ্যুৎ সংযোগ দেওয়া হচ্ছে সেখানে দেখা যাচ্ছে বি পি এল পরিবারদের জন্য একটা ট্রান্সফরমার লাগানো হচ্ছে। এর ফলে লো ভোল্টেজ হচ্ছে, আর

ট্রান্সফরমারগুলি পুড়ে যাচ্ছে। এই ব্যাপারে আপনি কি ধরনের ব্যবস্থা করেছেন আমাকে অবগত করবেন কি?

শ্রী মণীশ গুপ্ত : আপনি অনেকগুলি প্রশ্ন একসঙ্গে করেছেন। যাইহোক মালদা জেলায় গৃহস্থলী আছে সাত লক্ষ ত্রিশ হাজারের মত। তারমধ্যে বি পি এল পরিবার চার লক্ষ চৌষট্টি হাজার। এ পি এল দু লক্ষ চৌষট্টি হাজার। এখনও পর্যন্ত আমরা ইলেকট্রিফিকেশন করেছি চার লক্ষ পঁয়ত্রিশ হাজারের মত। বাকী থাকছে প্রায় এক লক্ষ বাহাত্তর হাজার। এটার ব্যাপারে আমাদের পরিকল্পনা আছে, আর জি জি বি ওয়াই ইলেভেনথ প্ল্যানের কাজ প্রায় শেষ হয়ে গেছে। এখানে এক লক্ষ চল্লিশ হাজার বি পি এল কভারেজ হচ্ছে। ডবলু বি আর ই পি এর যেগুলি সাপ্লিমেন্টারী স্কিম তাতে প্রায় তিন হাজারের মত কভারেজ হচ্ছে। স্পেশাল বি আর জি এফে আসল কাজ। এই স্পেশাল বি আর জি এফের মাধ্যমে আমরা পুরো জেলায় সব গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেবার আমরা পরিকল্পনা নিয়েছি। কাজটা হাতে নিয়েছি। হরিশ্চন্দ্রপুরে আপনি পোলের কথা বলেছেন। হরিশ্চন্দ্রপুর ওয়ানে বি আর জি এফে প্রায় দশ হাজার আটশো নব্বই পোল পড়ে গেছে এবং হরিশ্চন্দ্রপুর টুতে প্রায় পঞ্চাশ শতাংশ পোল পড়েছে। পুরো লাগবে আমাদের আট হাজার পাঁচশো সাত। এটা ঠিক যে গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজটা দ্রুত যেভাবে এগোচ্ছে এতে কিছু কিছু জায়গায় আমাদের সাবস্টেশন তৈরী করতে হবে এবং মালদা জেলায় আমরা ইতিমধ্যেই চোদ্দটি স্টেশন করেছি, আরও তিনটি করব। কিন্তু দু একটি জায়গাতেজমির সমস্যা আছে। সেই ব্যাপারে আমরা ইতিমধ্যেই কথা বলেছি। ল্যান্ড ওনারদের সঙ্গে আমরা ইতিমধ্যেই কথা বলেছি। কাজটাও শুরু হবে শীঘ্র। আমরা আশা করছি যে, জানুয়ারী মাসের মধ্যে পুরো মালদা জেলায় সব পোল পড়ে যাবে। তারপরে মার্চ মাসের মধ্যে অন্তত সত্তর শতাংশ কাজ শেষ হবে এবং ডিসেম্বর দু হাজার চোদ্দ সালের মধ্যে আমরা পুরোপুরি মালদা জেলাতে বৈদ্যুতিকরণের কাজটা সমাপ্ত করতে পারব।

শ্রী তজমুল হোসেন : স্যার, বি পি এল তালিকাভুক্ত লাইনের জন্য একটা নির্ধারিত পরিমাণে বিল দেওয়ার কথা ছিল। কিন্তু দেখা যাচ্ছে অনেক পরিবারকে মিটার সরবরাহ করা হচ্ছে না। কিংবা মিটার যাচ্ছে না। অথবা মিটার থাকলেও অত্যাধিক বিল আসছে। যারা এখনও পর্যন্ত বি পি এল লাইন পেয়েছেন, অথচ মিটার পাচ্ছেন না, তাদের ব্যাপারে আপনি কি ধরনের ব্যবস্থা গ্রহণ করেছেন একটু অবগত করুন।

শ্রী মণীশ গুপ্ত : দু-একটা জেলায় এটা দেখা গেছে এবং মালদাতেও তাই। সবসময় যেভাবে লাইন চলে সেইভাবে হয়ত আমাদের মিটার সরবরাহের কাজ কিছুটা পিছিয়ে থাকে। সবসময় কাজ তো একসঙ্গে হয় না। একবার পোল লাগানো হয়, তারপরে তার টাঙানো হয়, তারপরে আলাদা একটা গ্রুপ থাকে, তারা গিয়ে মিটারগুলি লাগায়। সুতরাং এই ব্যাপারে একটা অসামঞ্জস্য থেকে যায়। আমরা চেষ্টা করছি যে আস্তে আস্তে এই সবগুলি যে সমস্যা আছে, সেগুলি মেটাতে। মিটারের ব্যাপারে আপনি যেটা বলছেন, সেই ব্যাপারে বলি আমরা মিটারটা পরে দিই। ধরুন আমরা লাইন নিয়ে গেলাম, এবারে যদি আমরা মিটারটা না দিই, এক্ষেত্রে আপনারা সবাই জানেন যে লোকের হুকিং করার একটা প্রবণতা থাকে। সেইজন্য সবসময় আমরা চেষ্টা করি লাইন দেওয়ার সাথে সাথে

মিটারটা দেওয়ার। আপনি যদি কোন সঠিক বা নির্দিষ্ট কোন জায়গার কথা বলতে পারেন যে কোন গ্রামে এই ধরনের সমস্যা আছে, তাহলে সেই ব্যাপারে আমরা তদন্ত করতে পারি।

শ্রী শাহাজাহান চৌধুরী : স্যার,আমার অতিরিক্ত প্রশ্ন-সংসহত গ্রামীণ বিদ্যুতায়ন প্রকল্পে সবার ঘরে আলো রাজ্যে এগারোটি অনগ্রসর জেলায় বি আর জি এফের আওতায় কতগুলি পরিবার এসেছে, অর্থাৎ এই পরিবারের সংখ্যা কত?

শ্রী মণীশ গুপ্ত : আমি আপনাকে পুরো পশ্চিমবঙ্গের হিসাবটা দিতে পারব। পশ্চিমবঙ্গে এখন উপস্থিত গ্রামীণ গৃহস্থলী আছে এক কোটি সাঁইত্রিশ হাজারের মত। এবং তারমধ্যে এ পি এল, বি পি এলের আমরা প্রায় সত্তর শতাংশ কাজ করে ফেলেছি এবং বাকী যেটা আছে, সেটা আর জি জি ভি ওয়াই টুয়েলভথ প্ল্যানে হবে।

[11.10 –11.20 a.m.]

তাতে আমাদের হয়তো ২৩ লক্ষের মত বি. পি. এল. কভারেজ্ হবে। তার পরে যেটা ব্যালেন্স থাকবে, সেটা আমরা বি.আর.জি এফ.-এ কভারেজ্ করবো। এই যে ১১টি জেলার কথা বলছি, বি.আর.জি.এফ.-এ এই ১১টি জেলাই হবে এবং আর.জি.জি.ওয়াই. এবং বি.আর.জি.এফ. এই দুটো মিলিয়ে যদি আমরা দেখি, তাহলে পুরোপুরি এই ১১টি জেলাই কভারেজ্ হয়ে যাবে।

শ্রী পার্থসারথি চ্যাটার্জী : স্যার আপনার মাধ্যমে মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, ৩৪ বছর ধরে আমরা তো অন্ধকারেই ছিলাম। বর্তমানে আড়াই বছরে সার্বিকভাবে আমাদের এই রাজ্যে বিদ্যুতের অবস্থানটা ঠিক কোন জায়গায় আছে, জানাবেন কি?

শ্রী মণীশ গুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য যেটা বলেছেন যে, আমরা যখন ক্ষমতায় এলাম, তখন দেখলাম যে, গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজটা শুরু হয়েছিল ৮৫ সালে। আমরা এসে দেখলাম যে মাত্র ৩০ শতাংশ গ্রামে বিদ্যুৎ পৌঁছেছে। তখন আমাদের যে কর্মসূচী আমরা গ্রহণ করলাম-এই গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজটা যেটা খুবই গুরুত্বপূর্ণ-এটাকে আরো ত্বরান্বিত করা দরকার, আরো অর্থ ব্যয় করা দরকার। সেইভাবেই আমরা এটাকে এগিয়ে নিয়ে গেছি। আজকে আমাদের ৭০ শতাংশের ওপর গ্রামে বিদ্যুৎ পৌঁছে গেছে এবং প্রতিশ্রুতি আমরা দিয়েছি যে, ডিসেম্বর ২০১৪ -র মধ্যে এটাকে আমরা সমাপ্ত করবো।

শ্রী গোকুল রায় : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, ঠিক কবে নাগাদ গ্রামের প্রতিটি বাড়িতে বিদ্যুৎ সংযোগের কাজ সম্পন্ন হবে?

শ্রী মণীশ গুপ্ত : উনি এই প্রশ্নটা ভালো প্রশ্নই করেছেন। আপনার যদি নির্দিষ্ট কোনো জায়গা থাকে, নির্দিষ্ট কোনো গ্রাম থাকে, নির্দিষ্ট কোনো মহকুমা থাকে—সেই ব্যাপারে যদি আপনি আমার কাছে জানতে চান, আমি সঠিকভাবে আপনাকে লিখিত জানিয়ে দেবো। আর আমি তো বলেইছি যে ২০১৪-র ডিসেম্বর মাসের মধ্যে শেষ করবো।

শ্রী কালীপদ মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের

কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আমরা জানতে পেরেছিলাম যে, হাওড়া জেলাকে ডিসেম্বরের মধ্যে ১০০% ইলেকট্রিফিকেশনের লক্ষে সরকার একটা সিদ্ধান্ত গ্রহণ করেছে। এটা সত্য হ'লে বাস্তবে কাজের অগ্রগতি কত দূর এগিয়েছে যদি অনুগ্রহ করে বলেন।

শ্রী মণীশ গুপ্ত : আমাদের যে কটি জেলা আছে, বৈদ্যুতিকীকরণের দিক দিয়ে তার মধ্যে হাওড়া অন্যতম। আমরা এই কাজটা — হাওড়ায় বোধ হয় আর ২-১টি গ্রাম বাকি আছে। এটা আমরা জানুয়ারী মাসের মধ্যে শেষ করবো।

শ্রী সুনীল কুমার মণ্ডল : মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন,স্টার্লিং কোম্পানি বর্ধমান জেলায় কাজ করছে। এই স্টার্লিন কোম্পানিটা এমন কাজ করছে—কিছু কিছু জায়গায় কাজ বন্ধ করেছে। আর ওরা এমন প্ল্যান এস্টিমেট দিয়েছে, যেখানে ২০ খানা পোল লাগবে সেখানে ১০ খানা, যেখানে ৫০ খানা লাগবে, সেখানে ৩০ খানা। ফলে গ্রামে যখন ওরা কাজ করতে যাচ্ছে, সেই গ্রামের বি.পি.এল. তালিকার লোকরা বাধা সৃষ্টি করছে যে, এই ৫টা পোলে আমাদের হবে না, ১০টা পোলে হবে না। এক্ষেত্রে আপনার কি রকম চিন্তা-ভাবনা আছে যে, এই কাজগুলোকে যদি কমপ্লিট্ করতে হয়, স্টার্লিং কোম্পানি যদি করে — পরের ফেজে টাকা অনুমোদন করে ঐদিকে কাজ করাবার কোনো পরিকল্পনা আপনার আছে কিনা।

শ্রী মণীশ গুপ্ত : মিঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যের প্রশ্নের উত্তর দিচ্ছি। মূল ব্যাপারটা হচ্ছে যে, গ্রামের বৈদ্যুতিকরণের কাজে দু-একটি সমস্যা সব সময়ই দেখা দেয়। একটা তো যেটা গ্রামের লোকেরা অনেক সময়ই বলে এইদিকে — বি. পি.এল.-এ যাবে কেন? আমাদের দিকে আগে টানা হোক। এখানে পোল ফেলা হচ্ছে কেন? ওদিকে পোল ফেলা হোক। নির্দিষ্টভাবে এইসব তথ্য যখন আমরা পাই, অনেক সময় আপনাদের মাধ্যমেই এটা আমরা পাই। সেটা পেলে আমরা তখন সরাসরি আমাদের অফিসারদের পাঠিয়ে এই সমস্যার সমাধানগুলো করার চেষ্টা করার চেষ্টা করি। এইভাবে অনেক জায়গায় সমস্যার সমাধান হয়েছে। অতএব আমি যখন জেলায় যাই — জেলায় এম.এল.এ.দের সঙ্গে এবার আমি বর্ধমানে যাবো, হয়তো জানুয়ারী মাসে-তখন আপনাদের সঙ্গে বৈঠক করে কোথায় কোথায় এই ধরনের সমস্যা দেখা দিয়েছে বললে আমরা তার সমাধানের ব্যবস্থা করবো।

শ্রী দীপক কুমার হালদার : মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে আমার অতিরিক্ত প্রশ্ন, একটা সরকার ৩৪ বছর ক্ষমতায় থেকে মাত্র ৩০% গ্রামে বিদ্যুৎ দিতে পারলেন। অথচ আড়াই বছরের একটা সরকার আসার পরে মমতা বন্দ্যোপাধ্যায় এবং আপনার ঐকান্তিক প্রচেষ্টায় আগামী এক বছরের মধ্যে ৭০% গ্রামে বিদ্যুৎ দেবার পরিকল্পনা গ্রহণ করেছেন। এটা কি করে বাস্তব, বা কি করে সম্ভব, যদি একটু জানান খুশী হবো।

মিঃ স্পীকার : এটা হাইপোথিটিক্যাল প্রশ্ন, It is hypothetical question. This question will not go. It is disallowed.

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর

কাছে প্রশ্ন করছি, তার আগে একটা কথা বলা দরকার যে, এই বিধানসভায় প্রাক্তন বিদ্যুৎমন্ত্রী মৃণাল বন্দ্যোপাধ্যায় মারা গেছেন এই হাউসকে বারবার বলেছেন যে 99% মৌজায় বিদ্যুৎ পৌঁছে গেছে। মানে একটা পোল পৌঁছে একটি মৌজাকে ভার্জিন মৌজা থেকে বিদ্যুতায়ন হয়ে গেছে বলে ছিলেন। স্যার, আমার প্রশ্ন একটাই, প্রশ্নটা হচ্ছে, ২০১০-১১ আর্থিক বছর পর্যন্ত অর্থাৎ মার্চ ২০১১ পর্যন্ত কত বি.পি.এল. তালিকাভুক্ত মানুষকে রাজীব গান্ধী গ্রামীন বিদ্যুতায়ন প্রকল্পের বিদ্যুৎ দেওয়া হয়েছিল, আর আমাদের গত আর্থিক বছর পর্যন্ত কতজন বি.পি.এল. তালিকাভুক্ত মানুষকে এই বিদ্যুৎ দেওয়া সম্ভব হয়েছে? আপনার কাছে যদি কোন comparative study থাকে, তাহলে দেবেন। ২০১০-১১ থেকে ২০১৩-১৪ পর্যন্ত।

শ্রী মণীশ গুপ্ত : এটা আমি বললাম আগে যে ২০১১ সালে ৩০% গ্রামে বিদ্যুতায়ন হয়েছিল, এখন আমরা ৭০% পেরিয়ে গেছি। এবং মার্চ মাসের মধ্যে ৮০%, পেরিয়ে যাবো। তার পরে এই ডিসেম্বরে আমরা পুরো গ্রামীণ বৈদ্যুকিরণের কাজটা সমাপ্তি করবো।

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Speaker, Sir, through you, I want to know the status of Rajib Gandhi Gramin Vidyut Yojna project that has been taken for Darjeeling hills. Last time when we came to know all the villages were surveyed and around Rs. 101 crore was earmarked for electrification. We went to the Union Government and it was agreed by the Union Power Minister, Mr. Jyotirmoy Sindhia, to sanction Rs. 201 core. Rs. 100 crore was added to the initial Rs. 101 crore. But no work has as so far been started. So I want to know the status where the whole thing stands right now so far as the Darjeeling district rural electrification is concerned.

Shri Manish Gupta : Mr. Speaker, Sir, we all know that Darjeeling district there is 80% satisfaction of power. Now there are certain far flung areas in Darjeeling district where there are remote villages. And power has three sides – one is the generation, one is the transmisson and one is the distribution. So in the remote areas, transmission is the problem and is difficult to arrange. So the World Bank at one time had proposed that the special scheme should be taken up for Darjeeling and it has been the concern of the Government under the Leadership of our Chief Minister, Smt. Mamata Banerjee. She had insisted that this particular programme should be taken up with all alacrity and as a result the tender was floated and as you are aware that the tender/bids replenished were 100% above, the estimated amount is 103 crore. Now the implemen-

tation of this particular scheme has been entrusted to the local body and I think that they now undertake the work and they are also now floating instrumentation document which will enable them to start the work under ground. That is not directly under the power Department. It has been entrusted to your body in Darjeeling.

শ্রীমতী মমতা রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বিদ্যুৎ মন্ত্রীকে বলতে চাই যে, আমাদের ধূপগুড়ি ব্লকে LLT Line এবং A to Z এই দুটি কোম্পানি কাজ করছে। এদের দীর্ঘ ২০০৯-১০-এর মধ্যে যে কাজ কমপ্লিট করার কথা ছিল আজ পর্যন্ত সেই কাজ এখনও কমপ্লিট করা হয়নি। এরা যে খুঁটিগুলো দিচ্ছে সেই খুঁটিগুলো দেওয়ার ক্ষেত্রে ওনারা এখনও এলাকায় সঠিক জায়গায় খুঁটিগুলো পৌঁছাতে পারছে না। অবিলম্বে আপনি যদি সেই খুঁটিগুলো পড়ার ক্ষেত্রে সেই কাজগুলো যাতে দ্রুততার গতিতে শেষ করা হয় সেজন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী মণীশ গুপ্ত : হ্যাঁ, আপনি ঠিকই বলেছেন। A to Z- এর কাজ সম্বন্ধে আমরাও খুব সন্তুষ্ট নই এবং আমরা শীঘ্রই এ বিষয় সিদ্ধান্ত নিতে যাচ্ছি যে, A to Z কে পাল্টে আমরা অন্য agency-কে দিয়ে কাজটা করাব।

[11.20–11.30 a.m]

প্রতিটি মহকুমার সংশোধনাগার নির্মাণ

*১৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭০) শ্রী শীলভদ্র দত্ত : সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যের কোন্ কোন্ মহকুমায় সংশোধনাগার ও উপ-সংশোধনাগার আছে;

(খ) রাজ্যের যে সমস্ত মহকুমার সংশোধনাগার/উপ-সংশোধনাগার নেই সেখানে সংশোধনাগার/ উপ-সংশোধনাগার নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(গ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

শ্রী হায়দার আজিজ সফি : অনারেবল স্পীকার সাহেব, আপনার মাধ্যমে আমি রিপ্লাই দিচ্ছি। প্রশ্ন (ক)-এর উত্তর হচ্ছে, বর্তমান রাজ্যে ৬৬টি মহকুমার মধ্যে নিম্নে উল্লিখিত ৫৭টি মহকুমাতে সংশোধনাগার বা উপ-সংশোধনাগার আছে।

মিঃ স্পীকার : অনারেবল মিনিস্টার, It's very lengthy reply that you have given. It's a very lengthy reply.

শ্রী হায়দার আজিজ সফি : Sir, I shall make it short. যে সব মহকুমায় সাব-ডিভিশান, ডিভিশান অফিস আছে সেখানে আমরা প্রোপোজাল দিয়েছি, একটা গঙ্গারামপুর

মহকুমার বুনিয়াদপুরে এবং মহকুমা উপ-সংশোধনাগার নির্মাণ করার জন্যে নতুন ২টি প্রোপোজাল দেওয়া আছে, যেখানে যেখানে SDGM অফিস আছে। থার্ড হচ্ছে, এখনও কাজ আরম্ভ হয়নি because গভর্নমেন্ট অফ ইন্ডিয়া থেকে একটা স্যাংশন চেয়েছি মর্ডানাইজেশানের জন্যে কিন্তু এখনও টাকা স্যাংশন আসেনি। (লিখিত উত্তর সংযোজিত)

বর্তমানে রাজ্যে ৬৬টি মহকুমার মধ্যে নিম্নে উল্লিখিত ৫৭টি মহকুমাতে সংশোধনাগার বা উপ-সংশোধনাগার আছে।

জেলা	মহকুমা	সংশোধনাগার					
		কেন্দ্রীয়	জেলা	বিশেষ	মুক্ত	মহিলা	উপ
কোচবিহার	কোচবিহার		জেলা				
	দিনহাটা						উপ
	মাথাভাঙা						উপ
	মেখলিগঞ্জ						উপ
	তুফানগঞ্জ						উপ
জলপাইগুড়ি	জলপাইগুড়ি	কেন্দ্রীয়					
	আলিপুরদুয়ার			বিশেষ			
দার্জিলিং	দার্জিলিং		জেলা				
	কালিম্পং						উপ
	কার্শিয়াং						উপ
	শিলিগুড়ি			বিশেষ			
উ: দিনাজপুর	রায়গঞ্জ		জেলা				
	ইসলামপুর						উপ
দ: দিনাজপুর	বালুরঘাট		জেলা				
মালদা	মালদা		জেলা				
মুর্শিদাবাদ	বহরমপুর	কেন্দ্রীয়					
	লালবাগ						উপ
	কান্দি						উপ
	জঙ্গীপুর						উপ
	লালগোলা				মুক্ত		

জেলা	মহকুমা	সংশোধনাগার					
		কেন্দ্রীয়	জেলা	বিশেষ	মুক্ত	মহিলা	উপ
নদীয়া	কৃষ্ণনগব		জেলা				
	কল্যাণী						উপ
	রানাঘাট						উপ
	তেহট্ট						উপ
বীরভূম	সিউড়ি		জেলা				
	বোলপুর						উপ
	রামপুরহাট						উপ
বাঁকুড়া	বাঁকুড়া		জেলা				
	বিষ্ণুপুর						উপ
পুরুলিয়া	পুরুলিয়া		জেলা				
	পুরুলিয়া					মহিলা	
	রঘুনাথপুর						উপ
বর্ধমান	আসানসোল				বিশেষ		
	দুর্গাপুর						উপ
	কালনা						উপ
	কাটোয়া						উপ
	বর্ধমান		জেলা				
পূর্ব মেদিনীপুর	তমলুক						উপ
	হলদিয়া						উপ
	কন্টাই						উপ
পশ্চিম মেদিনীপুব	মেদিনীন্দ্রপুর	কেন্দ্রীয়					
	ঘাটাল						উপ
	ঝাড়গ্রাম						উপ
হুগলী	হুগলী			জেল			উপ
	চন্দননগর						উপ
	শ্রীরামপুর						উপ
	আরামবাগ						উপ

জেলা	মহকুমা	সংশোধনাগার					
		কেন্দ্রীয়	জেলা	বিশেষ	মুক্ত	মহিলা	উপ
হাওড়া	হাওড়			জেলা			
	উলুবেড়িয়া						উপ
উ: ২৪ প:	দমদম	কেন্দ্রীয়					
	ব্যারাকপুব						উপ
	বনগাঁও						উপ
	বসিরহাট						উপ
দ: ২৪ প:	ডায়মন্ড হারবাব						উপ
	আলিপুর	কেন্দ্রীয়					
	আলিপুর					মহিলা	
কলকাতা	প্রেসিডেন্সি	কেন্দ্রীয়					

কেন্দ্রীয় ৬, জেলা ১২, বিশেষ ৩, মুক্ত ১, মহিলা ২, উপ ৩৩ = মোট ৫৭টি

(খ) যেসব মহকুমাতে নতুন বিচারালয় তৈরী হয়েছে সেখানে অগ্রাধিকার ভিত্তিতে সংশোধনাগার নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে গঙ্গারামপুর মহকুমার বুনিয়াদপুরে এবং খাতরা মহকুমায় উপ-সংশোধনাগার নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে মর্ডানাইজেশন অফ প্রিজন অ্যাডমিনিস্ট্রেশন স্কীম (ভাগ-২) প্রকল্প বাবদ অর্থ দাবী করা হয়েছে।

(গ) কেন্দ্রীয় সরকারের কাছ থেকে মর্ডানাইজেশন অফ প্রিজন অ্যাডমিনিস্ট্রেশন স্কীম (ভাগ-২) প্রকল্প বাবদ অর্থ প্রাপ্তি হলেই নির্মাণকাজ বাস্তবায়িত হবে।

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে সাপ্লিমেন্টারি প্রশ্ন করতে চাইছি। রঘুনাথপুর, তেহট্ট, কল্যাণী, হলদিয়া — এই সংশোধনাগারগুলির কাজ কবে শুরু হয়েছে এবং কবে শেষ হবে যদি মন্ত্রী মহাশয় আমাদের একটু জানান।

শ্রী হায়দার আজিজ সফি : আপনার রঘুনাথপুর ২০১২ তে স্টার্ট হয়ে গেছে, তেহট্ট ২০১৩- র জানুয়ারীতে স্টার্ট হয়েছে, কল্যাণী ২০০৮ এবং হলদিয়া জানুয়ারী, ২০১১ তে স্টার্ট হয়ে গেছে অলরেডি।

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন, মহকুমা সংশোধনাগারের ক্ষেত্রে কত জমি লাগে এবং খরচ কত হয় যদি মন্ত্রী মহাশয় আমাদের একটু জানান।

শ্রী হায়দার আজিজ সফি : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে রিপ্লাই দিচ্ছি, sub divisional correctional home-এ minimum requirement 6 acres। ৬ একর হলে শুধু correctional home করা যায়, residential quarter বা barrack হয় না।

সব থেকে ভালো হয় 8 acre মত হলে। আর আমাদের যে ২টি প্রোপোজাল দেওয়া আছে each is for Rs. 15 corers. 15 কোটি টাকা।

শ্রী চৌধুরী মহঃ হিদায়েতউল্লাহ : অনারেবল স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। ২০১১-র মে থেকে আজ অবধি জেলে কতজন আত্মহত্যা করেছেন এবং মারা গেছেন? এই সময়ে জেলের ছাদ ভেঙে কতজনের মৃত্যু হয়েছে? দয়া করে যদি প্রশ্নের উত্তর দেন খুশি হব।

শ্রী হায়দার আজিজ সফি : এটা স্যার, It is not a part of this question, কিন্তু আপনি লিখে দেবেন আমি বিবৃতি দেব।

....(গোলমাল)....

মিঃ স্পীকার : উনি বলেছেন, আপনি নোটিশ দেবেন উনি জবাব দেবেন।

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে আমার অতিরিক্ত প্রশ্ন। আমি প্রথমেই বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের মা-মাটি-মানুষের সরকার তাকে ধন্যবাদ জানাই। আমার জেলায় হুগলী সংশোধনাগারে মা-মাটি-মানুষের সরকার একটি স্বাস্থ্য কেন্দ্র গড়ছেন। আমি মন্ত্রী মহাশয়কে প্রশ্ন করতে চাই যে, হুগলী জেলে যে স্বাস্থ্য কেন্দ্র গড়া হচ্ছে তা এখন কি অবস্থায় আছে এবং সরকারের তার জন্য কত টাকা খরচ হচ্ছে?

শ্রী হায়দার আজিজ সফি : Estimate figure - টা নেই। প্রত্যেক সংশোধনাগারে আমাদের health centre আছে। আলিপুরে correctional home -এ আছে referral যাকে বলা হয়। সব জায়গায়ই আছে। আমরা এখন চেষ্টা করছি alternative machine introduce করার জন্যে। ওটা proposal আছে discussion হচ্ছে। তারপর আপনার যেখানে যেখানে full hospital-এর মতো নেই সেখানে আমরা government hospital-এ refer করে দিচ্ছি।

শ্রী আব্দুর রহিম বক্সি : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে অতিরিক প্রশ্ন যে, চাঁচল মহকুমার সদর সংশোধনাগার থেকে প্রায় ৮০ কিলোমিটার দূরে প্রতিদিন সেখান থেকে আসামীদের নিয়ে যেতে আসতে খুবই কষ্ট হচ্ছে, আসামীদেরও এবং গাড়ি ঘোড়ারও। সেই চাঁচল মহকুমায় নতুনভাবে সংশোধনাগার তৈরি করার কোনো পরিকল্পনা আছে কি না। যদি থাকে তাহলে কবে নাগাদ সেটা করা হবে?

শ্রী হায়দার আজিজ সফি : স্যার, আপনার মাধ্যমে reply দিচ্ছি, এখন অবধি চাঁচলে আমাদের কোনো proposal নেই। আমাদের যে দু'টো বললাম, এখানে আছে। আমাদের আরো একটা problem আছে, দুটো যে নতুন জেলা হয়েছে, একটা হচ্ছে East Medinipur সেখানে কোনো district correctional home নেই। There is no district correctional home. Only তমলুক Sub-Divisional correctional home কাজ করছে। তারপর আমরা বারুইপুর, South 24 Pargana, বারুইপুরে district correctional home নেই।

সেটা আমরা করছি এবং বারাসাতে আমরা লিখেছি, বারাসাতে ; এই তিনটে জায়গায় district correctional home করা যেতে পারে। আর Sub-Divisional-এ দুটো আমি আপনাকে বললাম, তারমধ্যে একটা হল, বুনিয়াদপুর এবং আর একটি অন্যত্র করছি। চাঁচলে কোনো proposal নেই।

শ্রী শঙ্কর দোলই : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, ৩৪ বছর ধরে সংশোধনাগারে যে অব্যবস্থা ছিল, সেই অব্যবস্থাকে কাটিয়ে এই আড়াই বৎসরে মা-মাটি-মানুষের সরকারের দৃষ্টিভঙ্গী অনুযায়ী বাড়তি কি কি সুযোগ সুবিধা দেওয়া হয়েছে যদি জানান তাহলে উপকৃত হব।

শ্রী হায়দার আজিজ সফি : বাড়তি হচ্ছে, আপনি দেখছেন, প্রায় রোজই দেখবেন আমরা cultural therapy-তে আমরা অনেক encourage করছি। Because এটা হচ্ছে সংশোধনাগারে ওদের recovery করার জন্যে এবং Art disc-এ ওদের encourage দেওয়া হচ্ছে। Recently একটা troop আমরা পাঠিয়েছিলাম আমাদের inmate-দের North Bengal-এ যারা গিয়ে different জায়গায় coaching বা training class নিয়েছে। Sports organise করছি, মহিলাদের জন্যে আমরা beauticians course introduce করার চেষ্টা করছি এবং আপনার Yoga classes সব জায়গায় আমরা করছি। এখন recently আমি যোগাযোগ করেছি কিছু Psychiatrist -দের যদি ওদের because Psychiarist খুব প্রয়োজন হয় সংশোধনাগারে। Because most of the life convicts, যখন একবার জেলে যায় they suffer from depression বেশিরভাগই। সেইজন্য ওদের mind divert করার জন্যে আমরা করছি। আমি recently, আপনারা জানবেন যে, আমাদের একটা Dance troop গিয়েছিল বোম্বেতে perform করার জন্যে, তারপর last month-এ একটা দিল্লিতে perform করে এসেছে। এরা হচ্ছে আমাদের সব inmates, এদেরকে আমরা পাঠাচ্ছি just to five them enocouragement. এছাড়াও নানারকম scheme আছে, as and how they come. Because অনেক সময় fund-এর shortage হয় তারজন্য as and when required আমরা করি। তারপর এই যে আমাদের performance গুলো হচ্ছে সেখান থেকে এদের কিছু টাকা দেয়, সেটা আমরা prisoners' Welfare Fund-এ দিয়ে দিই। ওখান থেকে অনেক সময় আমরা কাজে লাগাই।

শ্রীমতী বনশ্রী মাইতি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি আমাদের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের কাছে আমার একটা কথা জিজ্ঞাসা, যারা সংশোধনাগারে বা উপ-সংশোধনাগারে থাকেন সেই সব বন্দীদেরকে মূল স্রোতে ফিরিয়ে আনার জন্য আমাদের কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়ে থাকে সেটা যদি জানান তাহলে খুবই উপকৃত হব। নমস্কার।

শ্রী হায়দার আজিজ সফি : মাননীয় স্পীকার স্যার, আমি আগে যে reply দিলাম এটার main উদ্দেশ্য ওটাই, just to recover them মানে কিভাবে ওদের mental condition-টা ঠিক করা হয়। cultural therapy দিচ্ছি, Sports দিচ্ছি, painting, Yoga তারপর

একটা হচ্ছে কালকে আপনারা নিশ্চয়ই দেখেছেন, গতকাল একটা art exhibition আমরা open করেছি ভিক্টোরিয়া মেমোরিয়ালে, সেখানে art বা artist-দের painting ছিল ; যারা already release হয়ে গেছে। কালকে আমার ওদের সঙ্গে কথা হচ্ছিল, ওরা সবাই art scholl-এ join করেছে recover করার জন্য। তারপর handicrafts রয়েছে, মহিলাদের যে woman correctional home আছে, সেখানে handicrafts শেখানো হয়। নানারকম কাজ চেষ্টা করা হয়—আমরা চাই যখন এরা release হয়, they can earn their livelihood. Thank you.

[11.30–11.40 a.m.]

শ্রী আনিসুর রহমান : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, যে মুর্শিদাবাদ জেলায় ডোমকলে একটা সাব-ডিভিশান হয়েছে ১৫ বছর আগে, সেখানে কোন সংশোধনাগার হয়নি। এখানে সংশোধনাগার তৈরী করার কোন পরিকল্পনা আছে কিনা জানাবেন।

শ্রী হায়দার আজিজ সফি : আমাদের স্টেটে স্যার, থার্টি টু সাব-ডিভিশানাল কারেকশানাল হোম রয়েছে। আমাদের প্রয়োজন আছে অনেক জায়গায়, ডোমকলে এখন কোন প্রপোজাল নেই, আপাতত। বিকজ আমরা main priority দিচ্ছি where there is a court of SDJM. যেখানে — অনেক জায়গায় এস ডি জে এম কোর্ট হয়নি, সেখানে লো প্রায়রিটি আছে। This is our strategy.

শ্রী শেখ শাহনাওয়াজ : মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে আমার প্রশ্ন মাননীয় মন্ত্রীর কাছে যে প্রতিটি বন্দীদের ক্ষেত্রে অ্যালটমেন্ট কত আছে? এবং আমি দেখেছিলাম বিগত বামফ্রন্ট সরকারের আমলে যে অ্যালটমেন্ট থাকত, সেই অ্যালটমেন্টগুলি জেলের বন্দীরা ঠিকমত পেত না, এগুলিকে লুটপাট করে খেয়ে নেওয়া হোত। এখন কি সেই অবস্থা চলছে, নাকি ঠিক মতন ভাবে বন্দীদের যে অ্যালমেন্ট, সেই অ্যালটমেন্টটা বন্দীদের ঠিক মতন দেওয়া হচ্ছে। মাননীয় মন্ত্রীর কাছে আমি এই প্রশ্ন রাখছি।

শ্রী হায়দার আজিজ সফি : স্যার, আপনার মাধ্যমে রিপ্লাই দিচ্ছি, আমাদের টোটাল বাজেট হচ্ছে টু হানড্রেট অ্যাণ্ড থার্টি পয়েন্ট টু থ্রী ক্রোরস। এটা সবের জন্যই আছে। আর আপনার ফ্রম টাইম টু টাইম আমরা স্কিল চেঞ্জ করি। যে রকম রিসেন্টলি চার মাস আগে, অনেকেই ছিল যারা দুইবেলা রুটি খেতে পারে না, আমরা ইন্ট্রোডিউস করে দিয়েছি, যারা চাইছে, দুইবেলা ভাত দিচ্ছি। ওর জন্য দুই কোটি একটা এক্সপেণ্ডিচার এর মতন আসছে। সেটা আমরা যতটা চেষ্টা করে ইমপ্রুভ করার চেষ্টা করছি।

শ্রী ইনসার আলি বিশ্বাস : (Not responded)

শ্রী রামেশ্বর দোলই : স্যার, ধন্যবাদ আপনাকে। অনেকক্ষণ ধরেই চেষ্টা করছিলাম। স্যার, মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিবিক্ত প্রশ্ন। স্যার, ৩৪ বছরে বিরোধী দলের রাজনৈতিক কারণে আমরা কাউকে জেলের মধ্যে রাখিনি, আর সংশোধনাগার বামফ্রন্টের আমলেই হয়েছে -

সংশোধনাগার। আমি মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন করতে চাইছি যে মহকুমা জেল এবং সেন্ট্রাল জেল, আমার সুযোগ হয়েছে কতকগুলো জায়গায় যাওয়ার। সেন্ট্রাল জেল মানে পরিদর্শন বা দেখতে যাওয়া ইত্যাদি, ওখানে যারা থাকেন, সাক্ষাৎ করতে যাওয়া— আলিপুর, প্রেসিডেন্সি, মেদিনীপুর জেল — আমি দেখেছি যে পরিবারের লোকজন যারা জেলের মধ্যে আছেন ; মহিলা, শিশু, বৃদ্ধ-বৃদ্ধারা আসেন, দেখা করার জন্য, কিন্তু পরিকাঠামো বাইরের যেটা সেটা হচ্ছে যে, বাথরুম, টয়লেট, চান করা বা একটু বসার জায়গা নেই। মেদিনীপুর সেন্ট্রাল জেল। আমি আপনার কাছে জানতে চাইছি যে সরকারের বা আপনার দপ্তরের কি এই রকম কোন ভাবনা আছে মহকুমা থেকে শুরু করে সেন্ট্রাল জেল অবধি, বাইরে একটু বসার বিশেষ করে মেদিনীপুর সেন্ট্রাল জেলের সামনে বসার জায়গা নেই। একটু বিশ্রাম করবার জায়গা নেই। এগুলো নিয়ে যদি আপনি একটু বলেন তাহলে ভাল হয়, ধন্যবাদ স্যার।

শ্রী হায়দার আজিজ সফি : স্যার আপনার মাধ্যমে বলছি, যখন আপনি মেদিনীপুরটা স্পেশিফিকালি বলেছেন, সেখানে দুইটা ভিজিটার রুম ছিল। যেখানে দুইটি সমিতি আছে বামফ্রন্টের, তারা জোর করে দখল করে রেখেছে। This is a fact. It is on record. আপনি যখন গিয়েছেন, আপনি খোঁজ নিয়ে আসুন। আমরা ওদের নোটিশ সার্ভ করেছি, খালি করার জন্য। এখনও খালি করেনি। আমি আজকে বলে দিচ্ছি হয়ত ফোর্সিবলি থ্রোআউট করে দেব ওদের। Because, এরা দুইটি visitor's room অকুপাই করে বসে আছে মেদিনীপুরে। হয়ত আমরা ওদের শীঘ্রই —আজকে আপনি যখন কোয়েশ্চেন রেইজ করেছেন, তাহলে আমি প্রসেসটা এক্সপিডাইট করে দিচ্ছি।

শ্রী পরশ দত্ত : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে, কয়েদীদের নিয়ে, আপনি একটু আগে বললেন, ডান্সট্রুপ করেছেন, আমার বছর দেড়েক আগে সৌভাগ্য হয়েছিল, কয়েদীদের নৃত্যনাট্য দেখার , শ্রীমতী অলকানন্দা রায়ের পরিচালনায়। আমার মনে হয়েছে যে, এদের কোয়ালিটি যে কোনো প্রফেশানাল গ্রুপের সঙ্গে অ্যাট পার। আপনি কি এদের এই গ্রুপটাকে দিয়ে প্রফেশানালি পশ্চিমবাংলায় কাজ করাবার চেষ্টা করবেন ? তাহলে কিন্তু আপনি যে সাইক্রিয়াটিস্ট রেখে বহু কয়েদীর মানসিক অবস্থার উন্নতি করবার চেষ্টা করছেন সেটা অনেক কার্য্যকরী হবে, যদি এদের এই কাজে প্রফেশানালি ইনভলভ করানো যায়। আপনি সেই কিছু প্ল্যান করেছেন ?

শ্রী হায়দার আজিজ সফি : স্যার আপনার মাধ্যমে আমি রিপ্লাই দিচ্ছি যে আমাদের প্ল্যান আছে। কিন্তু আমরা প্রোফেশনালি করাতে চাই না। আমরা এতে যে এক্সপেনসেস আছে, যারা অর্গানাইজ করেছে, তারা এক্সপেনসেস বেয়ার করছে এবং ওরা একটা সার্টেন অ্যামাউন্ট দিয়ে দিচ্ছে প্রিজনার ওয়েলফেয়ার ফান্ডের জন্য। তারপর আমরা এদের বেলায় একটু লিবারেল থাকি, এদের বেশি প্যারোল দিই আমরা। পাঁচ দিন, সাত দিন, ছোটো ছোটো ব্যাপারে প্যারোল দিচ্ছি, এনকারেজ করছি। এটাই আমরা চেষ্টা করছি। বিকজ এটা আমরা প্রফেশনালি ইউজ — মানে We do not want to earn any money through them. আমরা চাইছি এরা যখন পরে ছাড়া পাবে

They can go and earn any money through them. আমরা চাইছি এরা যখন পরে ছাড়া পাবে They can go and earn the money। থ্যাংক ইউ, স্যার।

রাজবন্দীর সংখ্যা

*১৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *১২২) ডঃ তরুণকান্তি নস্কর : সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার বিচারাধীন বা সাজাপ্রাপ্ত কোন বন্দীকে রাজবন্ধী হিসাবে বিবেচনা করে ; এবং

(খ) সত্যি হলে, ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্যের সংশোধনাগারগুলিতে রাজবন্দীর সংখ্যা কত?

শ্রী হায়দার আজিজ সফি : স্যার, আমাদের কাছে রাজবন্দী বলে কোনো সিস্টেম নেই। আমাদের এখানে একটাও রাজবন্দী নেই নট নাউ।

ডঃ তরুণকান্তি নস্কর : স্যার আপনার মধ্য দিয়ে মাননীয় মন্ত্রীকে আমার প্রশ্ন, দ্য ওয়েস্ট বেঙ্গল কারেকশনাল সার্ভিসেস অ্যাক্ট ১৯৯২-তে ২৪ (১) জি-তে আছে পলিটিক্যাল প্রিজনার। ২৬ (১)- এ তার ডেফিনেশান আছে যে পলিটিক্যাল প্রিজনার কাকে বলে। আমি জানি না, মাননীয় মন্ত্রী পলিটিক্যাল প্রিজনার এবং রাজবন্দীর মধ্যে পার্থক্য করছেন কিনা। যাইহোক, আমার প্রথম অতিরিক্ত প্রশ্ন, জেলের মধ্যে যারা থাকেন সেই প্রিজনার, যাকে সংশোধনাগার বলা হচ্ছে, তাদের নানা রাইটসের ব্যবস্থা ওই আইনে আছে। কিন্তু দেখা যাচ্ছে যে নানারকম সুযোগ-সুবিধা যেগুলো তারা পান না, মন্ত্রী মহাশয় আপনাকে বলছি বিশেষ করে আন্ডার ট্রায়াল যারা, তারা যে ধরনের তোলাবাজির শিকার হোন ঢোকার পর থেকে, যত ধরনের দুর্নীতি, অত্যাচারের শিকার হয়ে যান, তাদের চিকিৎসার সুযোগ থেকে শুরু করে সবারই, এই নানা অভিযোগ তাদের থাকে। এই অভিযোগ জানানোর জন্য একটা বক্স রাখা আছে, সেই বক্সে অভিযোগ ফেলার ব্যবস্থা থাকে। কিন্তু কেউ সাহস করেন না সেখানে গিয়ে ফেলার। কারণ যারা ফেলবেন তারা টার্গেট হয়ে যান। তাদের নানা রকম শাস্তির সম্মুখীন হতে হয়। তাদেরকে ট্রান্সফার করতে হয়। ট্রান্সফার করে দেন ওরা। আপনার কাছে আমার পরিষ্কার প্রশ্ন, এই অভিযোগ রাখার জন্য আলাদা কি কোনো ব্যবস্থা করতে পারেন যাতে যারা অভিযোগ করবেন তারা অন্য ব্যক্তির কাছে, যারা জেলের এই টোটাল অ্যাডমিনিস্ট্রেশানের সঙ্গে যুক্ত নন, ভিজিটার যারা এদের কাছে পরিষ্কার করে তাদের অভিযোগটা রাখুন, নতুবা তারা অভিযোগ করতে পারবেন না হাজার অত্যাচারের শিকার হওয়া সত্ত্বেও। এটাই আমার প্রশ্ন।

শ্রী হায়দার আজিজ সফি : স্যার আপনার মাধ্যমে আমি অনারেবল মেম্বারকে রিপ্লাই দিচ্ছি। আপনি একটা জেনারেল কথা বললেন। এখনো পর্যন্ত এতদিনে আমার কাছে কোনো স্পেসিফিক্যালি অ্যালিগেশান আসেনি। এখানে কমপ্লেন্ট বক্স আছে, আমরা ভিজিটারস অ্যাপয়েন্ট করছি, আমি অনেক জায়গায় নতুন ভিজিটার অ্যাপয়েন্ট করে দিয়েছে। এখানে সেন্ট্রাল কারেকশনাল হোমে

ভিজিটাররা রয়েছে। তাঁরা যেতে পারে। তারপর আর কেউ যদি ভিজিটাররা যায় তাদের কমপ্লেন্ট আমার কাছে আসছে না। আপনি যেটা বলছেন, জেনারেলি আমাকে বলছেন। আপনি যদি বলেন আমি আপনাকে বলি, Please collect this information, pass it to me ; I will certainly take action.

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ যে তিনি বলেছেন, এইরকম অভিযোগ যদি তার কাছে পাঠিয়ে দিই। আসলে অভিযোগটা আপনার কাছে আসবে না। যে চ্যানেলে অভিযোগ আসার কথা, সেই চ্যানেলে অভিযোগ জানাতে তারা সাহস পাবে না। এটা হচ্ছে এই বিষয়ে আমার কথা। আমার দ্বিতীয় প্রশ্ন হল, যারা সংশোধানাগারে যান, তাদের যে লেবার, পরিশ্রম দিতে হয় এবং সেই লেবারের জন্য তারা একটা ওয়েজ পান। আমি যতদূর জানি, ভুল হলে বলে দেবেন, স্কিলড লেবারের ক্ষেত্রে ৩৫ টাকা পার ডে, সেমি স্কিলডের ৩০ টাকা, যারা আনস্কিলড তাদের ২৫ টাকা করে দেওয়া হয়। এখন এই টাকাটা কিন্তু আজকে যারা একশো দিনের কাজ করেন, তাদের থেকেও অনেক কম। ওয়ান থার্ড , ওয়ান ফোর্থ, ওয়ান ফিফথও এই টাকার পরিমাণ। এই টাকাটা জমে এবং এদের ওপরে অনেক ফ্যামিলি ডিপেন্ডেন্ট।

[11-40–11.50 a.m.]

যখন তারা জেল থেকে ছাড়া পাবেন তখন সেই টাকাটা নিয়ে যান বা মাঝে মাঝে ফ্যামিলিকে তারা টাকা পাঠান। এই টাকার পরিমাণটা কি আপনি বাড়াতে পারেন না। এর সঙ্গে সঙ্গে একটা জিনিস আপনাকে জানাচ্ছি, দমদম, আলিপুর, এবং প্রেসিডেন্সি সেন্ট্রাল জেলে কতগুলো নাম্বারে তাদের ফোন করার সুযোগ দেওয়া হয়। এটা একটা প্রাইভেট কোম্পানিকে দিয়ে ব্যবস্থা করা হয়েছে এবং এই ফোনের চার্জ নেওয়া হয় ১.২৫ পয়সা। এদিকে বাইরে, ফোনের চার্জ কিন্তু অনেক কম। যেখানে কয়েদীদের জন্য কম পয়সা নেওয়ার কথা, সেখানে বাইরের থেকে অনেক বেশী চার্জ নেওয়া হচ্ছে। এই ফোনের চার্জ কমালে বে-আইনি প্রচুর মোবাইল যেটা ব্যবহার হয়, সেই মোবাইলের ব্যবহার কিন্তু কমতে পারত। এই ওয়েজ বাড়ানো এবং মোবাইলের বিষয় যেটা বললাম সেই ব্যাপারে আপনি ভাববেন কি?

শ্রী হায়দার আজিজ সফি : Hon'ble Member, প্রথম প্রশ্নের সময় আপনি রাজবন্দী সম্বন্ধে বলেছিলেন, I am replying ওটা মিস হয়ে গিয়েছিল আপনার সেকেন্ড কোশ্চেনের অ্যানসার করতে গিয়ে। এখানে আমরা পলিটিকাল প্রিজনার বলি, রাজবন্দী নয়। আমি রিপ্লাই দেওয়ার সময় বলেছি রাজবন্দী নেই। আমাদের রাজনৈতিক বন্দি আছে। আপাততঃ আমাদের এখানে ৬৫ জন পলিটিকাল প্রিজনার আছে, দুজন convicted আছে, তাই ৬৩ জন পলিটিকাল প্রিজনার আছে। I am not going into that, আপনি জানেন, আমরা পলিটিকাল প্রিজনারের ডেফিনেশানটা অ্যামেন্ড করেছি। আর আপনি যেটা বলেছেন সেটা ঠিকই, ওখানে একটা প্রাইভেট কোম্পানি আছে, ওরা চার্জ ফিকসড্ করে ঐ রেটেই পেমেন্ট হয়, government does not get anything, department does not get anything, I can take it up. I think it is Vodaphone. I will request them to decrease the rate. আর

মোবাইল ফোনের ব্যাপার আপনি যেটা বলছেন, যারা মোবাইলের ফোন ইউজ করে তারা এই ফোনটা ইউজ করবে না কোন সময়। একটা লাইন লাগানো থাকে কে কথা বলছে, কি বলছে লোক লাগানো থাকে। From time to time এই জন্য আমরা ড্রাইভ দিই, ফোন সিজার হয়। আমাদের একটা প্রোপোজাল আছে জ্যামার লাগাবার জন্য। আমরা চেষ্টা করছি যতটা সম্ভব সেলফোন ব্যবহার কমাবার জন্য just to prevent moble phone। Regarding daily wage there is no proposal as yet. আর আপনি একশো দিনের কাজের সঙ্গে বন্দীদের ওয়েজের ব্যাপার যে তুলনা করলেন এটা ঠিক নয়, You cannot compare these hundred day' workers with these people. On prissoners' food and lodging government is spending. They do not spend anything on them. If they undergo a heart surgery or they have to undergo a Surgery for the Cancer government pays for that. Everything is paid for. Now there is no proposal to increase thier wages for the time being এখানে আমরা খাবার দাবার দিচ্ছি, যারা hundred days কাজ করছে Half of the amonut they can spend. We are trying to give them the rest amount when they are released. এরা ওয়েজ একটা পেয়ে থাকে।

শ্রীমতী মাহমুদা বেগম : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই, ২০০৩ সালে আমি দক্ষিণ দিনাজপুর জেলার জেলা পরিষদের বিরোধী দল নেত্রী ছিলাম। তখন কোন আইন অমান্য করলে বা ছোটখাট কোন ব্যাপার হলে আমাদের নামে কেস দিয়ে আমাদের জেল ঢুকিয়ে দেওয়া হত। থানাগুলো তাদের আন্ডারে চলত। সেই সময়ে আমরা জেলে গিয়েছিলাম এবং দেখেছি জেলের কয়েদীদের খাবার-দাবার ঠিকমত দেওয়া হত না এবং তাদের উপর অত্যাচার হত। এই ব্যাপারে যারা প্রতিবাদ করত তাদের উপরে অত্যাচার হত। কিন্তু ২০১১ সালের পরে এখন আমরা দেখতে পাচ্ছি এইসব ব্যাপার আর নেই। আমাদের ওখানে দু-তিনজন কয়েদী আছেন, আমাদের রমজান আলি সাহেব যিনি মারা গিয়েছিলেন।

তার জন্য দীর্ঘদিনের সাজাপ্রাপ্ত যারা, যাদের সাজা শেষ হয়েছে তারা আমার কাছে অনুরোধ করেছেন, তাদের ছাড়ার জন্য কোন ব্যবস্থা আছে কিনা, যদি মন্ত্রী মহাশয় সেই সম্বন্ধে কিছু বলেন।

শ্রী হায়দার আজিজ সফি : স্যার, আপনার মাধ্যমে আমি উনাকে জিজ্ঞেস করছি, আপনার কোয়েশ্চেনটা কি? আপনি কি রিলিজ অফ্ প্রিজনার এটা জানতে চাইছেন? আমি ঠিক বুঝতে পারছি না।

Mr. Speaker : That is the question she has put. He has served the sentence. In spite of that he has not been released, that is the question she has put.

শ্রী হায়দার আজিজ সফি : ফর ইয়োর ইনফরমেশান বলি, এক্ষেত্রে একটা prisoner release committee আছে, headed by the Home Secretary, এর মধ্যে IG Correctional service আছেন, D. G আছেন, C. P আছেন। অনেকেই ওর মেম্বার আছে।

এরা ফ্রম টাইম টু এটা কনসিডার করে। আমরা লিস্ট পাঠাই পুলিশের ওপেনিয়ান নেওয়া হয়, লোকাল ওপিনিয়ান নেওয়া হয়, তারপর হয়। ফ্রম টাইম টু টাইম হয়। এই রিসেন্টলি একটা মিটিং হয়ে গেছে। কিন্তু রেকমেন্ডেশান আছে। কিন্তু জেনারেলি আমি আপনাকে বলে দিই ১৫-২০ বছরের কম যাদের হয়েছে তাদের জেনারেলি কনসিডার কনসিডার করা হচ্ছে না। কিন্তু কোন স্পেশিফিক কিছু যদি থাকে বা এমন কিছু, কারো ক্যান্সার হয়ে গেছে বা এরকম কিছু আছে ১৪ বছর হয়ে গেছে সেক্ষেত্রে ছেড়ে দিয়েছি। এখন আপনি জানেন, আমরা আইন অ্যামেন্ড করেছি। Life imprisonment মানে Life imprisonment. It is the order of the Supreme Court এটা আমাদের নয়, not our Government's decision এটা হচ্ছে সুপ্রিম কোর্টের অর্ডার। সেই বেসিসে আমরা অ্যামেন্ড করেছি। Life means life আগে ছিল life মানে ১৪ বছর। আপনার কাছে স্পেশিফিক যদি কোন কেস থাকে বা সাফার করছে বা কিছু হচ্ছে তাহলে I can send it to the committee. It is a big committee. কোন ইনডিভিজুয়াল ডিসিশানে কিছু হয় না।

শ্রী বাসুদেব খাঁ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে একটা অতিরিক্ত প্রশ্ন। সংশোধনাগারগুলোতে রাজবন্দী নয়, রাজনৈতিক বন্দী কতজন আছে? এবং তারা কোন কোন দলের বলবেন কি?

শ্রী হায়দার আজিজ সফি : স্যার, আমি আগে বললাম 65 আছে, 2 are convict 63 are on the under trial এরা হচ্ছে সব মাওইস্ট। কিন্তু এখন আমাদের পলিটিকাল প্রিজনারের ডেফিনেশান চেঞ্জ হয়েছে। নোটিফিকেশান হয়েছে এবং আমরা কোর্টে মুভ করবো, ঐ বেসিসে তারপর যা হবার হবে। as par today 65 আছে।

শ্রীমতী জাহানারা খান : স্যার, আপনার মাধ্যমে মন্ত্রী মহোদয়ের কাছে আমার একটা অতিরিক্ত প্রশ্ন সংশোধনাগারে যারা থাকেন, ২০১১ সাল পর্যন্ত তাদের মাথা পিছু বরাদ্দ কত ছিল এবং বর্তমানে কত আছে যদি জানান উপকৃত হবো।

মিঃ স্পীকার : বরাদ্দ বলতে আপনি কি বুঝছেন একটু পরিষ্কার করে বলে দিন।

শ্রীমতী জাহানারা খান : স্যার, পার হেড তাদের খাওয়া দাওয়া এবং মেডিক্যাল খরচ বাবদ ২০১১ সাল পর্যন্ত সরকারী অ্যালমেন্ট কত ছিল এবং বর্তমানে কত আছে?

শ্রী হায়দার আজিজ সফি : আমি আপনাকে বললাম, টোটাল আমাদের বাজেটটা আমি আপনাকে বলে দিয়েছি। কিন্তু আপনি স্পেশিফিক যদি জানতে চান, আমি আপনাকে রিপ্লাই পাঠিয়ে দেবো। পার হেডে কত খরচ হচ্ছে আমি আপনাকে জানিয়ে দেবো। আপনি কোয়েশ্চেন পাঠিয়ে দেবেন, আপনাকে রিপ্লাই দিয়ে দেবো।

শ্রীমতী নীলিমা নাগ : স্যার, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, যারা দাগী আসামী, দীর্ঘ দিন জেলে রয়েছেন। এরা বাইরেও মস্তানী করতো, ভেতরেও মস্তানী করে। দেখা যায়, মস্তান যারা, যারা যারা আমাদের তৃণমূল কংগ্রেসকে খুন করে ভেতরে ঢুকেছে। এখানেও

মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, ভেতরে যারা কায়েম করছে, ভেতরে যারা মস্তানী করছে, ভেতরে সাধারণ যারা আসামী আছে, যারা হয়তো বেশী দোষ করেনি কিন্তু বিনা অপরাধে জেলে গেছে তাদেরও জেলের ভেতরে মারধোর করা হচ্ছে। এই রকম ক্ষেত্রে সেগুলো বন্ধ করার কোন পরিকল্পনা আছে কি?

Mr. Speaker : You have already replied this question.

শ্রী হায়দার আজিজ সফি : আই অ্যান্সারড দিস কোয়েশ্চেন। তবুও আমি দু তিনটে কথা এখানে অ্যাড করছি। আপনি দেখুন যেসব এরকম বন্দীরা আছে তাদের আমরা differentiate করি না। কোন পার্টির কি আছে আমরা জিজ্ঞাসাও করি না। কি দলের আছে। একবার তুমি convict হয়ে গেছো, তুমি যেকোন পার্টিরই হও you are a convict, নাম্বার ওয়ান। আমরা মাঝে সাজে কমপ্লেন পাই। কোন মস্তান ঢুকে হয়রান করেছে। IG has the power ঐ জায়গা থেকে তাকে সরিয়ে দেন। যে রকম, আমি ব্যারাকপুরে এ রকম ঘটনা বলছি, আমরা কমপ্লেন পেয়েছিলাম যে একজন ক্রিমিনাল এসেছে, যে হয়রান করছে। আমরা ওকে সরিয়ে দিয়েছি। চন্দননগরে কমপ্লেন পেয়েছিলাম আমরা সরিয়ে দিয়েছি। IG has the power, আমরা ওদের সংশোধনাগার থেকে চেঞ্জ করে দিচ্ছি। এইভাবে আমরা প্রিভেনশান করি। যদি আর কোন কমপ্লেন থাকে, আমরা পুলিশ কমপ্লেন করে দিই।

[11.50–12.00 noon]

কুলতলা শ্মশানঘাটে বৈদ্যুতিক চুল্লী

*১৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৭) **শ্রী অসিত মজুমদার :** নগর উন্নয়ন বিভাগের বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলী জেলার চুঁচুড়া পৌরসভার অন্তর্গত কুলতলা শ্মশানঘাটে বৈদ্যুতিক চুল্লী সংযোজন করার কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে আশা করা যায়?

শ্রী ফিরহাদ হাকিম (লিখিত প্রশ্নের উত্তর) :

(ক) হ্যাঁ

(খ) সুনির্দিষ্ট সময় বলা যাচ্ছে না। প্রস্তাবটি ভারত সরকারের পরিবেশ ও বনমন্ত্রকের অন্তর্গত ন্যাশনাল মিশন ফর ক্লীন গঙ্গা (এন.এম.সি.জি)-র অনুমোদনসাপেক্ষ।

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার অতিরিক্ত প্রশ্ন আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে প্রথমেই ধন্যবাদ জানাই যে, উনি গত কয়েক দিন আগে শ্যাওড়াফুলিতে একটা অত্যাধুনিক ইলেকট্রিক চুল্লি ওপেন করে এসেছেন। আমি প্রশ্ন করতে চাই যে, পশ্চিমবঙ্গে মা-মাটি-মানুষের সরকার মমতা বন্দ্যোপাধ্যায় নেতৃত্ব হওয়ার পর কতগুলো এই অত্যাধুনিক ইলেকট্রিক চুল্লি উনি স্যাংশান করলেন এবং এর আর্থিক বরাদ্দ কত?

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, আমাদের কে.এম.ডি. এর তরফ থেকে গ্যাপ সেক্টর আমরা ২৫টা করেছি। আমরা এম.এ.ডি.র তরফ থেকে চাকদা, ডায়মন্ডহারবার, কাকদ্বীপ-এ করছি। এছাড়া আমাদের এন.জি.আর.বি. তে ন্যাশানাল গঙ্গা বিভিন্ন প্রজেক্ট আছে নর্থ ব্যারাকপুর, ব্যারাকপুর, উত্তরপাড়া এই গুলোর কাজ চলছে। এছাড়াও আমাদের কাজ চলছে মাহেশতলা, হাওড়া, হালিশহর এই অঞ্চলগুলোতে আমাদের ইলেকট্রিক চুল্লির কাজগুলো চলছে। প্রায় ৩০টা ইলেকট্রিক চুল্লির কাজ চলছে, আর কয়েকটা শেষ হয়ে গেছে।

শ্রী অসিত মজুমদার : আমার অতিরিক্ত প্রশ্ন মন্ত্রী মহোদয়কে ধন্যবাদ তিনি এতগুলো স্যাংশান করাচ্ছেন এবং কাজ চলছে, আমি বলেছি, এর আর্থিক পরিমাণ কত? এই যে কাজগুলো চলছে এর জন্য আমাদের সরকারের কত টাকা ব্যয় করতে হচ্ছে?

শ্রী ফিরহাদ হাকিম : আমাদের অ্যাভারেজ একটা ইলেকট্রিক চুল্লি করতে প্রায় দেড় কোটি টাকা খরচ হয়। এখন ৩০টার মত আমাদের। সেদিনও একটা উদ্বোধন করলাম। এই ৩০টার মধ্যে কয়েকটার কাজ শেষ হয়ে গেছে, কয়েকটার কাজ এখনও চলছে।

শ্রী আমজাদ হোসেন : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন যে, উত্তরবঙ্গে শিলিগুড়ি-জলপাইগুড়ি উন্নয়ন পর্ষদের যে বৈদ্যুতিক চুল্লি নির্মাণ, সেই চুল্লি নির্মাণে প্রথম দফায় কত করে খরচ হয়েছিল এবং পরবর্তীকালে সেই উন্নয়ন পর্ষদ থেকেই যে ঠিক করা হয় চুল্লি নির্মাণের তার রেট কত ছিল। দুটি রেট স্পেসিফিক্যালি যদি বলেন।

শ্রী ফিরহাদ হাকিম : Because this matter is sub judise. আমি এটা মনে করি না যে কথা বলার। কারণ এটা সবাই জানে যে under investigation ....(নয়েজ) ....এবং বামফ্রন্ট আমলে যে সব কনট্রাক্টার তারাই এই কাজটা নিয়েছিল, তাদের মাধ্যমেই এই ঘটনাটা হয়েছে।

মিঃ স্পীকার : Sub judice matter আপনাকে রিপ্লাই দিতে হবে না।

শ্রী সুনীল কুমার মণ্ডল : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, বর্ধমান জেলায় একমাত্র আমাদের দুর্গাপুরে ইলেকট্রিক চুল্লি আছে। বর্ধমান ও অন্যান্য যে শিল্পাঞ্চলগুলো আছে সেখানে কিন্তু নেই। এখানে কোন ইলেকট্রিক চুল্লি গড়ে তোলার পরিকল্পনা আপনার আছে কিনা?

শ্রী ফিরহাদ হাকিম : আমাদের বর্ধমান ছাড়াও আসানসোল ইলেকট্রিক চুল্লির কাজ চলছে অলরেডি। আমাদের একটা কথা মেম্বারদের মনে রাখতে হবে, সব এম.এল.এ.রাই চান যে তার এলাকায় যে পৌরসভা রয়েছে সেখানে ইলেকট্রিক চুল্লি থাকুক, যেখানে শ্মশান থাকে। কিন্তু এখন দেখা গেছে একটা ইলেকট্রিক চুল্লি চালাতে গেলে পৌরসভার ইলেকট্রিক বিলটা অনেক বেশি আসছে। যদি রেগুলার বেসিসে বডি না আসে তাহলে কিন্তু একটা ইলেকট্রিক চুল্লি কখনও পৌরসভার পক্ষে ভায়েবেল নয়। এটা করলে আর্থিক ভাবে পৌরসভার আস্তে আস্তে উইক হয়ে যাচ্ছে।

সুতরাং এটা দূরে হলে যদি গাড়ি থাকে, পৌরসভার গাড়ি- সব পৌরসভার গাড়ি

থাকে—তাহলে ট্রান্সপোর্টেশান করে যদি ইলেকট্রিক চুল্লি চার-পাঁচটা পৌরসভা মিলে একটা জায়গায় করে তাহলে সেটা কিন্তু অনেক বেশী ভায়েবেল হবে, কনটিনিউয়াসলি চলবে। একটা ইলেকট্রিক চুল্লি হিট দিয়ে চালাতে ৪৮ ঘন্টা লাগে। সেটাকে বন্ধ করে রাখলে ৪৮ ঘন্টা আবার ইলেকট্রিসিটি লাগবে, তারপরে সেটা চলবে। সুতরাং এটাও আমার কাছে অনেক এম.এল.এ. এর প্রোপোজাল আছে যে অমুক জায়গায় করুন, কিন্তু আমি বলছি যে এগুলি আপনারা একটু বিবেচনা করুন। এখন আমরা NGBR এর থেকে ইলেকট্রিক চুল্লি করছি, KMDA করছে। সুতরাং ইলেকট্রিক চুল্লি করাটা কোন সমস্যা নয়, কিন্তু সেটা চলবে কিনা কনটিনিউয়াস, এটা দেখে যদি বলেন তাহলে নিশ্চিতভাবে করতে পারি। যেমন—বর্ধমানেরটা খুব ভাল চলছে, কনটিনিউয়াস চলছে, বন্ধ করা হয় না এবং আমরা আসানসোলেও খুব শীঘ্রই চালু করছি।

শ্রী দীপক হালদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়কে আমার একটা অতিরিক্ত প্রশ্ন। বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং আপনার ঐকান্তিক প্রচেষ্টায় ডায়মন্ডহারবারে দীর্ঘদিনের দাবী মোতাবেক ইলেকট্রিক চুল্লি তৈরি হয়েছে যা ৩৪ বছরের সরকার কোন কিছু করতে পারেনি বা করার চেষ্টা করেনি। আপনার কাছে বিনয়ের সঙ্গে একটা কথা জিজ্ঞাসা করতে চাই, এখানে কাজ প্রায় সমাপ্ত, শুধুমাত্র বোধ হয় বিদ্যুৎ সংযোগ হলেই কাজটা হতে পারে। এটা কবে নাগাদ শেষ হতে পারে বা চালু করা যাবে যদি বলেন খুশি হব।

শ্রী ফিরহাদ হাকিম : জেনারেলি একটা ইলেকট্রিক চুল্লি করতে দেড় বছর লাগে, ১৮ মাসের কনট্রাক্টে দেওয়া আছে। কিন্তু ডায়মন্ডহারবারের ক্ষেত্রে আর মাস ছয়েক লাগবে তার মধ্যে আমরা চালু করে দিতে পারবো।

শ্রী সমরেন্দ্রনাথ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, আমার বিধানসভা থেকে ১০০ কিলোমিটার দূরে বহরমপুর এবং কৃষ্ণনগরে সায়েন্টিফিক পদ্ধতিতে শবদাহ করা হয়। হিন্দু সম্প্রদায়ের মানুষের দাহ করার জন্য কতগুলো ছোট ছোট জায়গায় শ্মশান ঘাট আছে যেখানে অবৈজ্ঞানিক পদ্ধতিতে শবদাহ করা হয়। বিশেষ করে আমার করিমপুর বিধানসভা এলাকায় একটাও বৈদ্যুতিক চুল্লি সম্পন্ন কোন শ্মশানঘাট নেই। এই রকমের বিধানসভাগুলিতে বৈদ্যুতিক চুল্লি নির্মাণ করবার পরিকল্পনা এই বর্তমান সরকারের আছে কিনা বলবেন।

শ্রী ফিরহাদ হাকিম : একটু আগেই আমি বললাম যে, সব জায়গায় বৈদ্যুতিক চুল্লি করলে সেটা ভায়াবেল হচ্ছে না। কারণ কনটিনিউয়াস ইলেকট্রিসিটি দিয়ে সেটাকে চালানো সম্ভব হচ্ছে না। যেহেতু পৌর এবং নগরোন্নয়ন দপ্তর আমার, আমি এই এরিয়ার বাইরে গিয়ে কোন কমিটমেন্ট করতে পারি না। যে প্রোপোজালগুলো পৌরসভাগুলো থেকে আসে সেইগুলো আমরা বিবেচনা করি। এখনও পর্যন্ত শুধু স্যাংশান ৩০টা তারমধ্যে অন গোয়িং চলছে। আমি বলতে চাই যেটা, যদি এম.এল.এ-রা দেন নিশ্চিতভাবে আমরা সেটা সিরিয়াসলি নিয়ে সার্ভে করে সেই পৌরসভাগুলোতে করবো পৌরসভার চেয়ারম্যানরা যদি প্রপোজাল দেন। কিন্তু একটু নিজেরা ভেবে

নেবেন যে কনটিনিউয়াস এটা চালানো যায় কি না, কারণ অনেক জায়গায় আমি দেখেছি এই রকম ইলেকট্রিক চুল্লি তৈরি হওয়ার পরেও পড়ে রয়েছে। সেগুলো পৌরসভা ভ্যায়াবেল করাতে পারছে না, ইলেকট্রিক চার্জ দিতে পারছে না বলে পড়ে আছে এটাও আমি দেখছি।

শ্রীমতী মঞ্জু বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মহাশয়ের কাছে একটা অতিরিক্ত প্রশ্ন করছি। তার আগে যেটা নিয়ে বলতে চাই, নর্থ ব্যারাকপুরে একটা বৈদ্যুতিক চুল্লি মানুষের দীর্ঘদিনের চাহিদা ছিল। দশ বছর ধরে আগের টার্ম থেকে চেষ্টা করে এখনও পর্যন্ত হয় নি। কিন্তু একটু আগে মাননীয় মন্ত্রী ওটা গ্রান্ট করেছেন শুনে আমি অত্যন্ত খুশী হলাম এবং তাকে আমি অজস্র ধন্যবাদ জানাচ্ছি। তার সঙ্গে একটা জানার বিষয় হচ্ছে, আমাদের ব্যারাকপুর সাব-ডিভিশানে বোধহয় প্রথম ইলেকট্রিক চুল্লি হয়, গাড়ুলিয়া পৌরসভার আন্ডারে রত্নেশ্বরঘাটে, সেই বৈদ্যুতিক চুল্লি দীর্ঘদিন ধরে অকেজো হয়ে গেছে। এখানে এত পলিউশান ছড়াচ্ছে যে সেখানে সাড়ে ৩-৪ হাজার লোক এফেকটেড্ হচ্ছে। সেই পলিউশানটা দূর করে সেই চুল্লিটাকে কি করে সংস্কার করা যায় সেই প্রস্তাব আমি রাখছি এবং মাননীয় মন্ত্রীর কাছে এই আবেদনও জানাচ্ছি যে, এই বিষয়ে আপনি একটু নজর দিলে উপকৃত হবে এই এলাকার মানুষ এবং আশা করি তা সফল হবে—এই বলে ধন্যবাদ জানিয়ে শেষ করছি।

শ্রী ফিরহাদ হাকিম : লাস্ট কয়েকদিন আগে আমি ওনার এলাকায় গিয়েছিলাম। রিভিউ মিটিংয়ে উনি বলেছিলেন, আমি অলরেডি কে.এম.ডি.এ-কে ইনস্ট্রাকশান দিয়েছি যে কোথায় কি ডিফেক্ট আছে, সেগুলো ফুললি রিপেয়ার করা এবং ওনারাই কনস্টিটিউয়েন্সী ব্যারাকপুরে আরেকটা চুল্লীর প্রোপোজাল রেডি হয়ে গেছে, আমাদের কাজ শুরু হবে।

Mr. Speaker : Question Hour is Over.

Starred Questions
(to which answers were laid on the table)

বন্ধ কারখানার সংখ্যা

*১৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৬) **শ্রী অসিত মিত্র :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

২০১১ সালের ১ লা এপ্রিল থেকে ২০১৩ সালের ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত রাজ্যে মোট কতগুলি কারখানা বন্ধ হয়েছে?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

২০১১ সালের ১লা এপ্রিল থেকে ২০১৩ সালের ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত রাজ্যে মোট ৮৭টি কারখানা বন্ধ হয়েছে।

এই সময়ের মধ্যে ৭৮টি কারখানা পুনরায় চালু হয়ে গেছে।

দক্ষিণ চব্বিশ পরগণা জেলায় শিল্প স্থাপন

*১৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫১১) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ২০১২-১৩ অর্থবর্ষে দক্ষিণ চব্বিশ পরগনা জেলায় কী কী ধরনের শিল্প স্থাপিত হয়েছে (জায়গার নামোল্লেখসহ) ; এবং

(খ) উক্ত শিল্পগুলিতে মোট অর্থলগ্নির পরিমাণ কত?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১২-২০১৩ অর্থবর্ষে দক্ষিণ ২৪ পরগনা জেলায় মোট ৬টি শিল্প স্থাপিত হয়। শিল্পগুলি নিম্নরূপ :

১। বস্ত্রশিল্প — সোনারপুর

২। ত্রিপল ও সারের ব্যাগ — বজবজ

৩। লৌহ ও ইস্পাত — বারুইপুর

৪। এঞ্জিনিয়ারিং — ফলতা সেক্টর - IV (ফেজ-১)

৫। পেট্রোকেমিক্যালস্ — ফলতা সেক্টর - III (ফেজ-১)

৬। এঞ্জিনিয়ারিং — ফলতা সেক্টর - IV (ফেজ-১)

(খ) মোট অর্থ লগ্নির পরিমাণ ৪৬.৬৮ কোটি টাকা।

পানাগড় শিল্পতালুকে অধিগৃহীত জমি

*১৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *২১৫) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে বর্ধমান জেলার পানাগড় শিল্পতালুকে সরকার অধিগৃহীত জমির পরিমাণ কত ; এবং

(খ) উক্ত জমির মধ্যে কত পরিমাণ জমি শিল্প নিগম বা শিল্পপতিদের দেওয়া হয়েছে?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১৪৫৮ একর (প্রায়)।

(খ) পানাগড় ইণ্ডাস্ট্রিয়াল পার্কের পুরো জমিটাই শিল্প নিগমের তত্ত্বাবধানের আছে।

উক্ত জমির মধ্যে সর্বমোট ৫৬৭.৩৪৪ এক শিল্পপতিদের শিল্প স্থাপনের জন্য দেওয়া হয়েছে।

কাটোয়া তাপবিদ্যুৎ কেন্দ্র

*১৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৯) শ্রী শাহাজাহান চৌধুরী : বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কাটোয়া তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে : এবং

(খ) কবে নাগাদ উক্ত বিদ্যুৎকেন্দ্রে উৎপাদনের কাজ শুরু হবে বলে আশা করা যায়?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এই তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য রাজ্য সরকার ৫৫৫.৮৯৫ একর জমি অধিগ্রহণ করেছে। পরবর্তীকালে প্রকল্পটি ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশন লিমিটেড (NTPC Limited)-কে হস্তান্তর করা হয়েছে। NTPC Limited কাজ শুরু করার প্রস্তুতি নিচ্ছে।

(খ) ২০১৯-২০২০ আর্থিক বছরে উৎপাদন শুরু হবে বলে আশা করা যায়।

লেবার ট্রাইবুনালগুলিতে বকেয়া মামলা

*১৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৬) শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে, রাজ্যের বিভিন্ন লেবার ট্রাইবুনালগুলিতে বকেয়া মামলার পরিমাণ কত ; এবং

(খ) ২০১১-১২ ও ২০১২-১৩ অর্থবর্ষে উক্ত ট্রাইবুনালগুলিতে কতগুলি মামলার মীমাংসা হয়েছে?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩০শে সেপ্টেম্বর ২০১৩ সাপেক্ষে, রাজ্যের বিভিন্ন লেবার ট্রাইবুনালগুলিতে বকেয়া মামলার পরিমাণ ১৬০৪ টি।

(খ) ২০১১ - ২০১২ অর্থবর্ষে ২১৭টি ও ২০১২-১৩ অর্থবর্ষে ২৯৪টি মামলার মীমাংসা হয়েছে।

দামোদর ও অজয় নদী থেকে বালি তোলা

*১৭০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৩) শ্রী আনিসুর রহমান : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

দুর্গাপুর মহকুমা এলাকায় দামোদর এবং অজয় নদী থেকে বালি তোলার ক্ষেত্রে সরকার কি নীতি গ্রহণ করেছে?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

অজয় ও দামোদর নদ থেকে বালি তোলার জন্য ১/১০/২০১৩ থেকে ৩১/০৩/২০১৪ তারিখের জন্য ইস্টার্ন কোলফিল্ড লিমিটেডকে একটি অস্থায়ী ওয়ার্ক পারমিট প্রদান করা হয়েছে।

এই ব্যবস্থা দীর্ঘকালীন লীজ প্রদান অবধি চালু রাখতে হয়েছে কারণ এই বালি ই.সি.এল কর্তৃপক্ষ পরিত্যক্ত খনিমুখ/গহ্বর বন্ধ/ভরাট করার কাজে ব্যবহার করেন।

এছাড়া সংশ্লিষ্ট জেলা কর্তৃপক্ষ ৫/১২/২০১১ তারিখের পূর্বে, অর্থাৎ ডব্লু.বি.এম.এম.রুলস্, ২০০২ সংশোধনের পূর্বে, যোগ্য আবেদনকারীগণকে স্বল্প সময়ের জন্য বালি তোলার অনুমোদন দিয়ে থাকতে পারেন (শর্ট টার্ম কোয়ারি পারমিট)। ২৯.১২.২০০৬ তারিখে ৪৪৪ এবং ৪৪৫ নং আদেশবলে জেলা কর্তৃপক্ষকে উক্ত ক্ষমতা প্রদান করা হয়েছে।

"গীতাঞ্জলী" প্রকল্প

*১৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৮২৪) **শ্রী নগেন্দ্র নাথ রায় :** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১২-২০১৩ আর্থিক বছরে গীতাঞ্জলী প্রকল্পে রাজ্যে কতসংখ্যক গৃহ নির্মাণ করা হয়েছে (জেলাওয়াড়ী তথ্য সহ) ; এবং

(খ) চলতি আর্থিক বছরে ঐ প্রকল্পে কতসংখ্যক গৃহ নির্মাণ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১২-২০১৩ আর্থিক বছরে গীতাঞ্জলী প্রকল্পে রাজ্যে ৩৬,৯৯৪টি গৃহ নির্মাণ করার জন্য ৬টি রূপায়ণকারী দপ্তরকে অনুমোদন দেওয়া হয়েছে।

প্রকল্পটির অর্থ দুটি পর্যায়ে ছাড়া হয়। প্রকল্পটি অনুমোদনের সঙ্গে সঙ্গে বরাদ্দ অর্থের অর্ধেক অর্থ ছেড়ে দেওয়া হয়। ঐ অর্থ সদ্ব্যবহারের শংসাপত্র পাওয়ার পর বরাদ্দকৃত অর্থের বাকী অংশ ছাড়া হয়।

জেলাভিত্তিক তথ্য সংযোজন করা হল :

-ডব্লু-এস গৃহ নির্মাণ প্রকল্পে 'গীতাঞ্জলী' তে ০১-০৪-২০১২ হইতে ৩১-০৩-২০১৩ পর্যন্ত জেলাভিত্তিক অনুমোদনপ্রাপ্ত উপসত্ত্বভোগীর তালিকা

জেলা	সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা	অনগ্রসর শ্রেণী কল্যান	মৎস	পশ্চিমাঞ্চল উন্নয় বিষয়ক	বন	সুন্দরবন বিষয়ক	মোট
বাঁকুড়া	৭০৭	০	২৭৪	২০০৪	০	০	২৯৮৫
বীরভূম	৯১২	২৯	২৩২৬	৫১৮	০	০	৩৭৮৫
বর্ধমান	০	৩৬৫	১০০	৫২১	০	০	৯৮৬
কুচবিহার	৫৬৪	০	৪৭৩	০	০	০	১০৩৭
দক্ষিন							
দিনাজপুর	১৩৬৮	১০০	১৭৭	০	০	০	১৬৪৫
দার্জিলিং	০	০	০	০	১৬২	০	১৬২

জেলা	সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা	অনগ্রসর শ্রেণী কল্যান	মৎস	পশ্চিমাঞ্চল উন্নয় বিষয়ক	বন	সুন্দরবন বিষয়ক	মোট
হাওড়া	১০৪০	৮	০	০	০	০	১০৪৮
হুগলি	৯৩৯	০	০	০	০	০	৯৩৯
জলপাই							
গুড়ি	২১৪	১০০	০	০	২৫৬	০	৫৭০
মালদা	২০৯৪	১২৭	৮৫	০	০	০	২৩০৬
মুর্শিদাবাদ	৩০৬৩	০	৬৫২	০	০	০	৩৭১৫
নদীয়া	১২৩৯	০	০	০	০	০	১২৩৯
উত্তর ২৪ পরগনা	১০০৯	০	২২৫	০	০	৬৭৮	১৯১২
পশ্চিম মেদিনীপুর	৫৩১	০	০	২৬৭১	০	০	৩২০২
পূর্ব মেদিনী-পুর	৫৪৫	০	১৮১	০	০	০	৭২৬
পুরুলিয়া	২৬৬	০	১১৯	১৮৪৭	৫৪	০	২২৮৬
দক্ষিণ ২৪ পরগনা	৩৯৭৮	০	১১১০	০	০	২১৬৫	৭৪০১
					১৪৮ (D.M.)		
উত্তর দিনাজপুর	১০০০	৫০	০	০	০	০	১০৫০
মোট	১৯৪৬৯	৭৭৯	৫৭২২	৭৫৬১	৪৭২	২২৯১	৩৬৯৯৪

(খ) চলতি আর্থিক বছরে গীতাঞ্জলী প্রকল্পে ৪৮,০০০ গৃহ নির্মাণ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। আবাসন দপ্তরের তত্ত্বাবধানে ৬টি রূপায়ণকারী দপ্তরের লক্ষ্যমাত্রা নিম্নরূপ :

ক্রমিক নং	দপ্তর	লক্ষমাত্রা
১	মাইনরিটি অ্যাফেয়ার্স অ্যান্ড মাদ্রাসা এডুকেশন	২২,০০০
২	মৎস দপ্তর	১১,০০০
৩	পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক	৬,০০০
৪	সুন্দরবন বিষয়ক	৪, ০০০
৫	বন দপ্তর	৩,০০০
৬	অনগ্রসরশ্রেণী উন্নয়ন	২,০০০
	মোট	৪৮,০০০

এই দপ্তরগুলি জেলাওয়াড়ী লক্ষ্যমাত্রা ধার্য্য করে।

[12.00 noon–12.10 p.m.]

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received four notices of Calling Attention on the following subjects, namely :

Subject		Name
(i) Alleged attack on Ex-Minister, Ex. M.L.A. and others at Dhaniakhali in Hooghly District –Shri Nirapada Sarkar	–	Shri Tajmul Hossain
(ii) Alleged irregularities in TET Examination for recruitment of primary Teachers in the State	–	Jointly by : Shri Sahajahan Choudhury Shri Basudeb Khan, Shri Choudhury Md. Hedayatullah Shri Gouranga Chatterjee Shri Basudev Mete Shri Ranjit Kumar Mondal, ShriSamarendranath Ghosh, Shri Susanta Besra & Shri Abdur Razzak
(iii) Urge for setting up a Higher Secondary Girls' School at Ghatal in Paschim Medinipur	:	Shri Shankar Dolai
(iv) Steps taken by the State Government to increase the production of potato seeds.	:	Shri Kallol Khan

I have selected the notice of Shri Kallol Khan on the subject of Steps taken by the State Government to increase the production of potato seeds.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Moloy Ghatak : Sir, the statement will be made tomorrow.

Mr. Speaker : Now I call upon the Minister-in-charge of the Fire and Emergency Services Department to make a Statement on the subject of providing two Fire Brigade vehicles for Tulsihata Sub-market Fire Brigade Station in Harishchandrapur Assembly Constituency area. (Attention called by Shri Tajmul Hossain on the 27th November, 2013.)

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক শ্রী তজমুল হোসেনের কলিং অ্যাটেনশনের উত্তর দিচ্ছি। হরিশ্চন্দ্রপুর বিধানসভার অন্তর্ভুক্ত তুলসীহাটা উপবাজার চত্বরে দমকল কেন্দ্রটি নির্মাণ এখানো সম্পূর্ণ হয়নি। দমকল কেন্দ্রটি নির্মাণ সম্পূর্ণ হলে কর্মী হলে কর্মী নিয়োগ, গাড়ীর ব্যবস্থা এবং অন্যান্য কাজ করা হবে।

শ্রী তজমুল হোসেন : স্যার, উনি উত্তর দিয়েছেন যে দমকল কেন্দ্র সম্পূর্ণ হলে কর্মী বিনিয়োগ, গাড়ীর ব্যবস্থা ইত্যাদি করা হবে। এই বিধানসভার আগেও আপনি জানেন স্যার, ওনাকে আমি অনেকবার বলেছি যে আমার জেলা হরিশ্চন্দ্রপুর বিধানসভায় কোন রকমভাবে দমকল কেন্দ্রটি করতে পেরেছি। আমাদের বামফ্রন্ট সরকার থাকার সময় এই দমকল কেন্দ্রটি স্থাপতি হয়েছে। কিন্তু দুঃখের বিষয়, এখনও সেই আগের অবস্থায় আছে। এর আগেও বলেছেন যে, গাড়ী কিনব তারপর হবে। কত দিনে গাড়ী কিনবেন, কত দিন মানুষের ঘর পুড়বে, একটু দয়া করে জানান। একটু তাড়াতাড়ি করুন। আপনি পরিবর্তন সরকার এনেছেন, আমরা এর আগে করেছি। কিন্তু আপনি কবে থেকে বলেছেন যে গাড়ী কিনব, কিন্তু এখনও পর্যন্ত সেই গাড়ী কেনা হয়নি। আপনি কত মানুষকে পুড়াবেন। কত বার আমি আপনাকে বলেছি স্যার, আমার বিধানসভা সব চাইতে পুরনো এলাকা, কত মানুষের ঘর পুড়ে যাচ্ছে। আমি কোন রকম কিছু করতে পারছি না। দুঃখের বিষয়, আপনি একটা গাড়ী দিতে পারছেন না। স্যার, আপনি অনুগ্রহপূর্বক দয়া করে তাড়াতাড়ি বিষয়টা দেখুন।

MENTION CASES

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মিঃ স্পীকার স্যার, আমি গতকাল আমাদের প্রাক্তন মন্ত্রী বর্ষীয়ান অল ইন্ডিয়া ফরোয়ার্ড ব্লকের নেতা নরেন্দ্রনাথ দে-কে হাসপাতালে দেখতে গিয়েছিলাম। আমি খুবই উদ্বিগ্ন, এই জন্যই আমরা আমাদের সেই উদ্বেগ আপনার কাছে জানাতে চাই। উনি ভর্তি হয়েছিলেন চুঁচুড়ার ইমামবারা হাসপাতালে ৮ তারিখ রাতে স্যার, আপনি অনুগ্রহ করে শুনবেন। ৯ তারিখে ওঁকে কার্যত জোর করে ডিসচার্জ করে দেওয়া হয় সাড়ে দশটার মধ্যে। তার মানে ওনাকে ২৪ ঘন্টাও রাখা হয়নি। এখানে এক্স-রে হয়েছে, আলট্রা সোনোগ্রাম হয়েছে, ব্রেনের সি. টি স্ক্যান হয়েছে।

আমার কাছে ডিসচার্জ সার্টিফিকেট আছে স্যার, আমি আপনার এখানে টেবল করব। আপনার কাছে দিয়ে যাব। এখানে লেখা হয়েছে এক্সরেতে-no bone injuries. আর কালকে যখন তাকে ডিসচার্জ করা হয়, রাখলো না হাসপাতালে সরকারী হাসপাতালে, বাধ্য হয়ে ওনাকে বেসরকারি হাসপাতালে ভর্তি করা হ'ল। আর মাননীয় মন্ত্রী স্টেটমেন্ট দেননি এখানে, বাইরে

বলেছেন- আপনি স্যার, হাউসের ব্যাপার নয়, কিন্তু কাগজে বেরিয়েছে আপনি হয়তো দেখে থাকবেন, এটা রাজনীতি করার জন্য ওখান থেকে নিয়ে আসা হয়েছে। যাই হোক,কিন্তু এখানে লেখা হয়েছে- no bone injures. আমি কালকে দেখলাম যে, ওনার প্লাস্টার হয়েছে — clear fracture of ulnar bone, left ulnar bone -এ clear fracture. স্যার, আপনি যদি X-ray plate দেখেন, আপনিও বুঝতে পারবেন clear fracture হয়েছে। একটা সরকারি হাসপাতালে যারা এই কাজ করেছেন ..... (গোলমাল)..... বিভ্রান্ত করেছেন, যাদের জল্পনায় করেছেন, যাদের জন্য করেছেন...

.....(এই সময় মাইক অফ্ হয়ে যায়).....

...(এই সময় মাননীয় বিরোধী দলনেতা মাননীয় অধ্যক্ষ মহোদয়ের আসনের কাছে গিয়ে কিছু বলতে যান এবং বিরোধী দলের মাননীয় সদস্যগণ প্লাকার্ড তুলে কিছু বলতে থাকেন)...

....(তুমুল গোলমাল)....

Mr. Speaker : এখন শ্রী তজমুল হোসেন। .....(তুমুল গোলমাল)... সুর্য্যবাবু একটা কলিং এ্যাটেনশান দিয়েছেন, দেখব আমি ব্যাপারটা। এখন শ্রী তজমুল হোসেন।

Shri Tajmul Hossain : (Not responded)

...(গোলমাল)...

Shri Nagendra Nath Roy : (Not responded)

...(গোলমাল)...

Shri Sahajahan Chowdhury : (Not responded)

...(গোলমাল)...

Shri Basudeb Khan : (Not responded)

...(গোলমাল)...

Shri Gouranga Chatterjee : (Not responded)

...(গোলমাল)...

Shri Anisur Rahaman : (Not responded)

...(গোলমাল)...

Shri Chowdhury Md. Hedaytullah : (Not responded)

...(গোলমাল)...

Shri Bassudeb Mete : (Not responded)

...(গোলমাল)...

Shri Sk. Amjad Hossain : (Not responded)

...(গোলমাল)...

Shri Rameswar Doloi : (Not responded)

...(গোলমাল)...

Shri Nirapada Sardar : (Not responded)

...(গোলমাল)...

Smt. Aparna Saha : (Not responded)

...(গোলমাল)...

Smt. Mamata Roy : (Not responded)

...(গোলমাল)...

Smt. Jahanara Khan : (Not responded)

...(গোলমাল)...

Shri Biswanath Karak : (Not responded)

...(গোলমাল)...

Shri Dhiren Bagdi : (Not responded)

...(গোলমাল)...

শ্রী শেখ শাহনাওয়াজ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে জানাচ্ছি যে, আমাদের খাণ্ডুয়া ব্লক থেকে যে রাস্তাটা পাণ্ডুগ্রাম হয়ে কুমোরপুর পর্যন্ত গিয়েছে সেই রাস্তাটা দীর্ঘদিন, দীর্ঘ ত্রিশ-বত্রিশ বছর যাবৎ রাস্তাটা একদম খাল হয়ে আছে। বিগত পঁয়ত্রিশ বছর—এই বামফ্রন্ট সরকারের সদস্যরা যারা চিৎকার করছে এরা মাটি দিয়ে রাস্তা করে তার উপর দিয়ে বাস চালাত। রাস্তাটা চওড়া করার ব্যবস্থা হয়নি এবং সেখানে বাসও যায় না। সেই রাস্তাটাকে মেরামত করার জন্য এবং যাতে বাস চলাচলের উপযোগী হয়, সাধারণ মানুষ যাতে যাতায়াত করতে পারে, যাতে কোন সময় দুর্ঘটনা না হয় তার জন্য আমরা দৃষ্টি আকর্ষণ করছি। খাণ্ডুয়া থেকে পাণ্ডুগ্রাম হয়ে কুমোরপুর পর্যন্ত দীর্ঘ রাস্তাটা দীর্ঘদিন ধরে অচল হয়ে আছে। তাই মাননীয় স্পীকারের মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12.10–12.21 p.m.]

(এই সময় মাননীয় বিরোধী সদস্যদের মাননীয় স্পীকারের চেয়ারের কাছে গিয়ে প্ল্যাকার্ড নিয়ে খিছু বলতে দেখা যায়।)

শ্রী দীপক কুমার হালদার : মাননীয় স্পীকার মহোদয়, দীর্ঘ ৩৪ বছর ধরে পশ্চিমবঙ্গে

ক্ষমতায় ছিলেন তাঁরাই আজকে বিধানসভার ভেতর চেঁচামেচি করছেন। তাঁরা কোন উন্নয়নমূলক কর্মসূচী গ্রহণ করেননি। ৩৪ বছর পর বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে মালদার মানুষের আশীর্বাদকে পাথেয় করে যখন নতুন সরকার প্রতিষ্ঠিত হল তখন মাথায় ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার দেনা। এই দেনা মাথায় নিয়ে ২১ হাজার কোটি টাকা সুদ দিতে হয় প্রথম বছর, দ্বিতীয় বছর ২৫ হাজার কোটি এবং পরবর্তী সময় ২৮ হাজার কোটি। আরো হয়তো দেখা যাবে বছরের পর বছর সুদের পরিমাণ বেড়ে যাবে। তাসত্ত্বেও কিন্তু বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বাংলার জন্য উন্নয়নমূলক কর্মসূচী নিয়ে চলেছেন। কন্যাশ্রীর মত প্রকল্পের মত প্রকল্প গ্রহণ করে সমাজে পিছিয়ে পড়া মহিলাদের পড়াশোনার ক্ষেত্রে প্রতি বছর ৫০০ করে টাকা বৃত্তি এবং ২৫ হাজার টাকা করে এককালীন সাহায্য দিয়ে সহযোগিতা করছেন। যুবশ্রী প্রকল্পে বেকার যুবকরা যাতে চাকরী-বাকরী পাওয়ার ক্ষেত্রে সুযোগ করতে পারে তার জন্য উৎসাহ-ভাতা দিয়ে সহায়তা করছেন। এইসব উন্নয়নমূলক কাজের জন্য বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে জানাই আন্তরিক অভিনন্দন, কৃতজ্ঞতা এবং নমস্কার।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, তিনি নিশ্চিত ভাবেই আজকে প্রশ্নের উত্তরে বাংলার বিদ্যুৎ পরিস্থিতি, পিছিয়ে পড়া মানুষদের বিদ্যুৎ সংযোগের ব্যাপারে বলেছেন। আমরা আমাদের হাউজের তরফ থেকে মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় এবং মাননীয় বিদ্যুমন্ত্রীকে ধন্যবাদ জানাই। আমার জেলার কালীগঞ্জ ব্লকের অধীন দেবগ্রামে দেবগ্রাম-নাকাশিপাড়া-ধুবুলিয়া ব্লকে তেহট্টে WBSEDCL-র District divisional engineer-র office আছে। আমি তাদের চিঠি দিয়ে জানিয়েছিলাম যে, দেবগ্রাম পাওয়ার হাউসের ভেতরে অনেক জায়গা আছে সেখানে যদি ডিভিশনাল ইঞ্জিনিয়ার, WBSEDCL-র একটি অফিস করা হয় তাহলে ৩/৪ লক্ষ মানুষ ভীষণ ভাবে উপকৃত হবে। এই অঞ্চলের মানুষদের অনেক অসুবিধার মধ্যে দিয়ে যাতায়াত করতে হয়, জলঙ্গী নদী পার হতে হয়। ৩/৪ লক্ষ মানুষ এই তিনটি ব্লকে বসবাস করে। মাননীয় বিদ্যুৎমন্ত্রী জরুরী ভিত্তিতে যদি তাঁর দপ্তরের মাধ্যমে দেবগ্রাম পাওয়ার হাউজের ভেতরে একটি ডিভিশনাল ইঞ্জিনিয়ার অফিস তৈরী করার ব্যবস্থা করেন তাহলে এলাকাবাসীর তরফ থেকে কৃতজ্ঞ থাকব। ধন্যবাদ। নমস্কার।

শ্রীমতী বীণা মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে আমি মাননীয়া স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, আমার বিধানসভা কেন্দ্র উত্তর ২৪ পরগনার স্বরূপনগরে একটা গ্রামীণ হাসপাতাল ছিল। আজ থেকে ২০ বছর আগে সেই হাসপাতালে ২০টির মত বেড ছিল এবং সাধারণ মানুষ সুচিকিৎসা পেতেন। O.T. ঘর ছিল, গর্ভবতী মা-য়েদের প্রসবের বব্যাস্থা ছিল। সাধারণ মানুষ কম-বেশী সুযোগ-সুবিধা পেতেন। কিন্তু ৩৫ বছর CPM ক্ষমতায় থাকা সত্ত্বেও সেই গ্রামীণ হাসপাতালের দিকে তারা কখনও নজর দেয়নি। তিন একর জমির ওপর নির্মিত সেই গ্রামীণ হাসপাতালটি এখন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে পরিণত হয়েছে। হাসপাতালটি জ্বরাজীর্ণ অবস্থায় পড়ে আছে। একজন মাত্র ডাক্তার আছেন কিন্তু তিনি ঠিক মত আসেন না। ঐ হাসাপাতালটিকে পুনরায় গ্রামীণ হাসপাতালে পরিণত করা জন্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রীশঙ্কর দোলই : মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

তার আগে, বলব, ৩৪ বছরে যাঁরা বাংলার মানুষের শুধু অভিশাপ কুড়িয়েছেন তাঁরাই আবার আজকে দেখছি ঐ ডানদিকে চিৎকার করছেন এবং এই মহতী সদনকে কলুষিত করছেন। আমরা মনে করি তাঁরা আজকে মিডিয়ার মধ্যে দিয়ে, প্রচারের মধ্যে দিয়ে বাংলায় একটা জায়গায় যাওয়ার চেষ্টা করছেন।

আজকে মানুষ তাদের গ্রহণ করছে না, মানুষ তাদের ছুঁড়ে ফেলে দিয়েছে। কারণ ৩৪ বছরে আমরা যদি দেখি, তাহলে দেখব বাংলাকে তারা কেবলমাত্র কঙ্কালসার করেছিল। বাংলার কৃষি , বাংলার শিক্ষা, বাংলার শিল্প ওরা সমস্ত দিক থেকে বাংলাকে পিছিয়ে দিয়েছিল। আমি একটা উদাহরণ বলি—আমার ঘাটাল বিধানসভা ৫ মাস জলের তলায় ডুবে থাকে। সেই ঘাটালে ১৯৮২ সালে তৎকালীন সেচমন্ত্রী মাননীয় প্রভাত রায় ঘটা করে ঘাটাল মাস্টার প্ল্যানের শিলান্যাস করেছিলেন। কিন্তু ৩৪ বছর ওরা সরকারে ছিল। সেই ঘাটালের মাস্টার প্ল্যানকে ওরা কার্যকরী করেনি। তারফলে আপনারা জানেন ঘাটাল প্রায় ৫ মাস জলের তলায় ডুবে থাকে। ঘাটাল পৌরসভা জনসংখ্যা প্রায় ৬০ হাজার, সেই ৬০ হাজার জনসংখ্যার মধ্যে আমাদের ৮ নং ওয়ার্ডে সিংহপুর এবং চাউলি বলে দুটি গ্রাম আছে। যে দুটি গ্রামের প্রায় ১০০টি পরিবারকে অন্যত্র সরিয়ে দিতে হয়েছে। সেই নদীর দক্ষিণ পাড় সম্পূর্ণ বিনষ্ট হয়ে গেছে। আজকে যদি ওরা মাস্টার প্ল্যানটাকে কার্যকরী করত তাহলে আজকে ঘাটালের এই দুরবস্থা হত না। তাই আমি বলবো এই মহতী সদনে যারা আজকে এই মহতী সদনকে কুলষিত করার চেষ্টা করছে বাংলার মানুষ তাদের বিদায় ঘন্টা বাজিয়ে দিয়েছে। তাই তারা মিডিয়ার মধ্য দিয়ে ঘুরে দাঁড়াবার কৌশল বা চক্রান্ত করছে। এই মহতী বিধানসভায় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে আগামী দিনে ঘাটালের যে সিংহপুর গ্রাম, সেই যে ঝুমি নদী, তার একটি পাড় ক্ষয়তে ক্ষয়তে আজকে একটা জায়গায় পৌঁছে গেছে এবং মানুষ নিরাশ্রয় হয়েছে, ৩৪ বছর ধরে ওরা সেটা কার্যকরী করেনি। আজকে আড়াই বছরের সরকার .... (এই সময় মাইক অফ হয়ে যায়)

ZERO HOUR

শ্রী শাহাজাহান চৌধুরী : Not Responded

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : Not Responded

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : Not Responded

শ্রী নিরাপদ সর্দার : Not Responded

শ্রী রামেশ্বর দোলই : স্যার, আপনাকে ধন্যবাদ। স্যার গোটা পশ্চিমবাংলায় গুণ্ডারাজ, জঙ্গলরাজ চলছে। বিরোধীদের কণ্ঠ রোধ করে দেওয়া হচ্ছে, বিরোধীদের অধিকার কেড়ে নেওয়া হচ্ছে। প্রাক্তন মন্ত্রী, এম. এল. এ. তাদের উপর আক্রমণ করা হচ্ছে। টেট পরীক্ষার সি. বি. আই.

তদন্ত দাবি করছি। মাননীয় সৌমেন মিত্র দাঁড়িয়ে বলেছেন টেট পরীক্ষায় ব্যাপক দুর্নীতি হয়েছে।...
(এই সময় মাইক অফ হয়ে যায়)

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সকলেই জানি নরেন দে আহত হওয়ার পর গতকাল আমাদের পরিষদীয় মন্ত্রী জানিয়েছেন, নরেনবাবু আহত হওয়ার জন্য যা যা প্রশাসনিক ব্যবস্থা তা নিশ্চয়ই নেওয়া হবে এবং যারা তাকে আঘাত করেছে শাস্তি পাবে। কিন্তু স্যার, আমি আপনাকে জানাতে চাই এই পশ্চিমবাংলার বুকে আজকে যিনি মুখ্যমন্ত্রী — আপনি জানেন, আপনি নিজে তার সাক্ষী ছিলেন, গার্ডেনরীচে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির গুণ্ডারা তাকে আঘাত করেছিল। সে সময় আপনি নিজে উপস্থিত ছিলেন। আপনার সামনে সেই ঘটনা ঘটে। যে কারণে তার চোখের মধ্যে কাচ ভেঙে ঢুকে যায় এবং তার একটি চোখের অনেকটাই খারাপ হয়ে গেছে।

আমরা সেদিন এই বিধানসভার মধ্যে দাঁড়িয়ে অনেক প্রতিবাদ করেছিলাম কিন্তু সেদিনও আমাদের কথা শোনা হয়নি। স্যার, ১৯৯০ সালে আগস্ট মাসে মমতা বন্দ্যোপাধ্যায়ের উপরে যে হাজরা মোড়েতে আঘাত করা হয়েছিল, সেদিন আমরা প্রতিবাদ করেছিলাম।

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

(গোলমাল)

মিঃ স্পীকার : I have received one notice from Shri Biswanath Karak, Shri Subhas Naskar and Shri Anisur Rahaman —যাতে ওরা আমাকে বলেছেন একজন মন্ত্রীকে বিবৃতি দেওয়ার নির্দেশ দেওয়ার জন্য, কিন্তু আমি কোন মন্ত্রীকে বিবৃতি দেওয়ার নির্দেশ দিতে পারি না। সুতরাং যে নোটিশটা দিয়েছেন That notice is out of order and I reject it.

(At this stage the House was adjourned till 1.30 p.m.)

After Recess

[1.30–1.40 p.m.]

STATEMENT UNDER RULE 346

মি ঃ স্পীকার : মাননীয় পরিষদীয় মন্ত্রী আজকে এখানে এসেছেন। নরেন দে একটা ঘটনায় আহত হয়েছিলেন। আজকে বিধানসভায় সেই প্রসঙ্গটার অবতারণা হয়েছে। আমি মাননীয় মন্ত্রীকে বলব, অনুরোধ করব এই ব্যাপারে আপনি যদি কিছু বলেন।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের রাজ্যের প্রাক্তন বর্ষীয়ান মন্ত্রী শ্রী নরেন দে, তাঁকে কেন্দ্র করে বিধানসভার ভেতরে বিধানসভার কার্যে যেভাবে তারা সংসদীয় রীতিনীতিকে না মেনেই বারবার এই ইস্যুটিকে আনছেন, তার পূর্ণাঙ্গ তদন্তের কথা আমি বহুবার বলেছি। আমার সঙ্গে যখন বিরোধী দলনেতা ফোনে কথা বলেন, তখনও বলেছিলাম যে আমরা

পূর্ণাঙ্গ তদন্ত চাই। আজকে আমি শুনলাম, যখন আমি সকালে ছিলাম না তখন তিনি বলেছেন যে বাইরে বলছি এখানে কেন বলছি না। আমি তো স্যার আপনার কাছে — বাইরে কি কথা বলেছি সে যদি আমার সামনে না বলে যদি আপনাকে বলে, সেই অবাঞ্ছিত কথাগুলো আমি আপনাকে বাদ দিতেই বলব। আমি আবার বলছি সরকারের তরফ থেকে, সরকার ইতিমধ্যেই — এটা গতকালও আমি বলেছি, তার আগের দিনও আমাদের বিধায়করা বলেছেন। আমরা বলেছি যে প্রশাসন সমস্ত ঘটনাটাকেই তদন্ত করে দেখবে এবং সেদিনকে — প্রথম দিন অর্থাৎ ৮ তারিখে আমি আবার বলছি যে এই বিধানসভার রীতি মেনে যদি বিবৃতির কথা বলা হত, সে বিবৃতির কথা তো বলা হয়নি, আলোচনার কথা বলা হয়েছিল। ফলত সেদিন বিবৃতি দেওয়ার প্রশ্নই আসে না এবং সবচেয়ে বড় কথা হচ্ছে আমি এখানে বসে শুনলাম আপনাদেরকে অধ্যক্ষ মহোদয় সম্পূর্ণটা পড়তেও দিয়েছিলেন। তা সত্ত্বেও আপনারা আপনাদের সিদ্ধান্ত অনুযায়ী বিধানসভা বয়কট করে চলে যান। চলে যাওয়ার পর আপনারা স্বতঃপ্রণোদিতভাবে বিধানসভার বাইরে যে প্রেস ঘরটি আছে, তাকে বব্যাহার করে আপনারা আপনাদের মতামত জানিয়ে দেন। অর্থাৎ তদন্তের আগেই আপনারা সব জেনে গেছেন বলে আপনারা এটা করেছেন। তার ফলে ....

...(গোলমাল)...

তাহলে আর বিবৃতির দরকার নেই।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী বলতে চাইলেও আপনারা যদি আপত্তি করেন তাহলে তো মুশকিল।

...(গোলমাল)...

শ্রী পার্থ চ্যাটার্জী : যদি এটা এখানেও ঐরকম করেন তাহলে করুন আপনারা, আমি বসে যাই। দরকার কি বিবৃতি শোনার ?

...(গোলমাল)...

মিঃ স্পীকার : প্লিজ, আপনারা শুনুন উনি কি বলছেন। আপনারা বসুন। আপনারা চাইছেন বলে উনি বিবৃতি দিতে এসেছেন। উনি কি বলতে চাইছেন প্লিজ সেটা আপনারা একটু শুনুন।

(ভয়েস : কিন্তু কপিটা তো দিতে হবে।)

শ্রী পার্থ চ্যাটার্জী : না না, কপিটা কি দেব?

...(গোলমাল)...

মিঃ স্পীকার : এটা রেকর্ডে যাচ্ছে তো, রেকর্ডে যাচ্ছে তো। It is going on record.

...(গোলমাল)...

শ্রী পার্থ চ্যাটার্জী : তাহেল আপনি রেকর্ডটা তুলে নিন। আমি যা বলছি সেটার রের্কডটা তুলে নিন।

...(গোলমাল)...

মি: স্পীকার : আপনারা তো আনরিভাইজড কপি চাইলেই পান, এটা তো রেকর্ডে যাচ্ছে, রেকর্ডে যখন যাচ্ছে আপনারা এমনিতে পাবেনই। প্লিজ বসুন। বলতে দিন না ওনাকে আর যদি বলেন যে উনি বলবেন না, তাহলে আমি আমার নেক্সট বিজনেসে চলে যাব। I will go on to the next business.

শ্রী পার্থ চ্যাটার্জী : আমি এই ঘটনা যেদিন রাতে শুনলাম, যেটা আমি বাইরে বলেছি, সেটা আমি ভিতরেও বলেছি। এই ঘটনার শোনার পর — যখন খবর পাই তখন আমি প্রশাসনকে বলি, আপনারা দেখুন ঘটনাটা কি হয়েছে তদন্ত করে দেখুন এবং আমাদেরকে জানান। ৮ তারিখে — ৩.২০ মিনিট নাগাদ ঘটনার পর এই ঘটনটাও.৪৫-এ । তারপর নরেনবাবু — পুলিশের বক্তব্য অনুযায়ী আমরা লিখিতভাবে — আপনি যে চাচ্ছেন না — আমরা প্রশাসনের কাছে বলেছি যে, ওটা আমাদেরকে লিখিতভাবে জানালে আমরা সেটা নিয়ে দেখব। আমরা তদন্তটা চাই। এই কারণে চাই একজন বর্ষীয়ান নেতা তিনি আহত হয়েছেন, কিভাবে আহত হলেন, কারা তাকে মারল, কি ঘটনায় তিনি মার খেলেন, প্রেক্ষাপট কি — সবটাই আমাদেরকে জানাতে বলেছি থানাকে এবং জেলার এস. পি.- কে, যেখানে আপনাদের কেউ - কেউ গিয়েছিলেন এর বিচারের কথা শুনতে বা বলতে। আমি আপনাদের প্রত্যেককেই — এই হাউসকেই আশ্বস্ত করে বলতে চাই যে, দোষীরা সে যেই হোক ছাড় পাবে না।

এক, দুই ওনাকে যখন চিকিৎসা জন্য—ওনাকে রেসকিউও করেছিলেন পুলিশ এবং পুলিশের পক্ষ থেকে থানায় তাকে বলা হয়েছিল যে, স্থানীয়ভাবে হাসপাতালে দেখান। উনি বলেছেন যে না, আমি চুঁচুড়ায় যাব এবং সেই হাসপাতালে তিনি ভর্তি হন। তার পরের দিন সাড়ে দশটা নাগাদ তাকে ডিসচার্জ করা হয়। সেই সময় পর্যন্ত পুলিশের কাছে লিখিতভাবে কোন অভিযোগ দায়ের করা হয়নি। উল্টে শ্রীমতী পূর্ণমা দাস, ধনেখালির তৃণমূল মহিলাদের সভাপতি — তিনি যখন অফিসের সামনে দিয়ে — যে অফিসে নরেন বাবু — যাচ্ছিলেন, পূর্ণিমা দাস — তাকে মেয়েদের নিয়ে তিনি ঐ অফিসের সামনে দিয়ে যাচ্ছিলেন তখন ঐ অফিস থেকে.....

...(গোলমাল)...

আমি বলে নিই তারপরে আপনি বলবেন। আপনারা বলছেন যে রিপোর্টটা চাই। আমি তো রিপোর্টটা দেব। সাজানো - আরে সাজানো যদি হয়, আপনাদের কাছে সাজানোটা কোনটা আবার বলতে হবে। মমতা বন্দ্যোপাধ্যায়কে চুলের মুঠি ধরে তুলে নিয়ে গেলেন সেটাকেও বলবেন সাজানো।

...(গোলমাল)...

যদি ধরে রাখেন যে, আমরা যাই বলব সাজানো তাহলে বিবৃতির দাবি করবেন না। বিবৃতিও দাবি করবেন, সাজানোও বলেবেন, আর কত কি বলবেন ঠিক করে নিন। এখনও তো আলুতে ঢুকিনি। আমি শুধু আহতকে নিয়ে বলেছি — আলু নিয়ে তো কিছু বলছি না।

...(গোলমাল)...

মি: স্পীকার : এটা নিয়ে অনেক বলেছেন বিধানসভায়। মাননীয় মন্ত্রী আশ্বস্ত করেছেন এই সভাকে যে, এই ঘটনায় যারা দোষী কেউ ছাড় পাবে না।

...(গোলমাল)...

[1.40–1.50 p.m.]

...(গোলমাল)...

শ্রী পার্থ চ্যাটার্জী : এই রকম ভাবে তো এই চেয়ারে দাঁড়িয়ে আপনাদের সরকারের কেউ আশ্বস্ত করেনি যখন আমাদের গাড়ি ভাঙা হত, যখন নন্দীগ্রাম হয়েছিল, নেতাই হয়েছিল, সিঙ্গুর হয়েছিল, কেউ আশ্বস্ত করেনি। (গণ্ডগোল)...(এই সময় বিরোধী দলের সদস্য শ্রী সুভাষ নস্কর কিছু বলার চেষ্টা করেন)..... আপনি আগে আপনার ভাইঝিকে বাঁচান, তারপর আপনি আমার চেয়ার বাঁচাবেন।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী, আপনি আপনার বক্তব্য শেষ করুন, আমাদের বিল আছে।

শ্রী পার্থ চ্যাটার্জী : ডাইরি হয়, পূর্ণিমা দাস, ধনেখালী পি. এস-এ। কেস নাম্বার হয় ১৫২/১১৩. ৮.১২.২০১৩ তে। আন্ডার সেকসান ৩৪১, ৩২৩, ৩৫৪ (বি), ৫০৪ আই পি সি। এবং তাতে বেশ কিছু লোকের নাম থাকে। অন্যদিকে ৯ তারিখে নরেনবাবুর প্রতি অ্যালেজড অ্যাসলটের বিরুদ্ধে একটি ডাইরি হয়। যাতে কেস হিসেবে নেয় সেটা ৯ তারিখে। সেখানে আন্ডার সেকশান ১৪৩, ৪৪৭, ৩২৫, ৫০৬ আই পি সি। দুটো কেসেরই তদন্ত করতে গিয়ে এখন ধন্ধে পড়েছে পুলিশ। ধন্ধে পড়েছে যে যিনি ডাইরি করেছেন তিনি বলেছেন, যাদের নামে ডাইরি করেছি তাদের আমি জানি না, চিনি না, টিপ সই দিয়েছে। এখন এই ধন্ধটা কি মেটানো যায় সেটা নিয়েও পুলিশ দেখছে। তাই আমি আপনাদের বলছি পূর্ণাঙ্গ তদন্ত হচ্ছে। প্রশাসন মোটেই এই ব্যাপারে ঢিলেমি দেখাবে না। আমি সকলের তরফ থেকে বলি বর্ষীয়ান নেতা নরেন দে-এর দ্রুত আরোগ্য কামনা করি।

...(গোলমাল)...

মিঃ স্পীকার : প্লিজ, উনি একটা বিবৃতি দিয়েছেন। না, আর না। প্লিজ আপনারা বসুন। আমি এই চেয়ার থেকে বলছি এই হাউসকে উনি আশ্বস্ত করেছেন, এর পর আর কোনো বক্তব্য থাকতে পারে না।

LEGISLATION

The West Bengal State Council of Technical and Vocational Education and Skill Development Bill, 2013

Shri Ujjal Biswas : Sir, I beg to introduce the West Bengal State

Council of Technical and Vocational Education and Skill Development Bill, 2013.

(Secretary then read the Title of the Bill)

Shri Ujjal Biswas : Sir, I beg to move that the West Bengal State Council of TechnicaL and Vocational Education and Skill Development Bill, 2013 be taken into consideration.

Mr. Speaker : There is an amendment that the Bill be referred to the Select Committee by Shri Prabodh Chandra Sinha and Shri Anisur Rahaman. I now call upon Shri Prabodh Chandra Sinha to move his amendment.

শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, The West Bengal State Council of Technical and Vocational Education and Skill Development Bill, 2013 যেটা আনা হয়েছে, এই বিলটার গুরুত্ব যথেষ্ট রয়েছে। দুটো একজিস্টিং কাউন্সিলকে একত্রিত করে এবং নতুন একটা বিষয়কে সংযুক্ত করে একটা Intrigated Conucil গঠনের প্রস্তাব এই বিলের মধ্যে রয়েছে। যেহেতু বিভিন্ন আইন নিয়ে আমরা এই বিধানসভায় যে পাশ করছি, মাঝে মাঝে তাই আইনের জটিলতা দেখা যাচ্ছে দ্রুততার সঙ্গে কাজ করার জন্য। এই অল্প সময়ের মধ্যে, বিশেষ করে বিলটা মাত্র তিন চার দিন আগে সার্কুলেটও হয়েছে, সুতরাং আমি প্রস্তাব করছি,তাড়াহুড়ো না করে বিলটা সিলেক্ট কমিটিতে পাঠিয়ে পর্যালোচনার মাধ্যমে বিলটা আগামী ৩১শে মার্চের মধ্যে রিপোর্ট সিলেক্ট কমিটিতে আসুক এবং বাজেট সেসনে বিলটা পাশ করার ব্যবস্থা করুন। এই কটা কথা বলে আমি বলছি। Sir, I beg to move that the West Bengal State Council of Technical and Vocational Education and Skill Development Bill, 2013 be refferred to a Select Committee of the Huse consisting of the following Members :

1. Shri Ujjal Biswas, Minister-in-Charge, Department of Technical Education and Training :
2. Dr. Abul Haseœ Mondal ;
3. Dr. Ramendra Nath Biswas ;
4. Dr. Tarun Kanti Naskar ;
5. Shri Prabodh Chandra Sinha ;
6. Shri Id Mohammad ;
7. Shri Nagendra Nath Roy ;
8. Shri Brajamohan Majumder ;
9. Shri Pramatha Nath Ray ;
10. Shri Arun Mahapatra ;

11. Shri Michael Shane Calvert ;
12. Shri Jiban Mukhopadhyay ;
13. Smt. Firoza Begam ;
14. Dr. Asish Banerjee, Parliamentary Secretary ; And
15. Shri Asit Mitra.

With the instruction to submit its Report by the 31st March, 2014; and that the quorum of the Select Committee be fixed at 6.

শ্রী অনন্তদেব অধিকারী : অনারেবল স্পীকার স্যার, The West Bengal State Concil of Technical And Vocational Education and Skill Development Bill, 2013, এর গুরুত্ব বা প্রয়োজনীয়তা অনস্বীকার্য। কারণ আজকে বেকারত্বের যুগে নর্মাল যে শিক্ষা ব্যবস্থা তাতে করে কর্মসংস্থানের জায়গা নেই। সুতরাং সেদিক থেকে এর গুরুত্ব অপরিসীম। যদিও ভোকেশনাল এডুকেশন স্কুল স্তরে, সেকেন্ডারি লেভেলে আছে, কিন্তু সেটা যথোপযুক্ত নয়। কেন না সেখানে কম্পিউটার বা টেকনিক্যাল কিছু জিনিস, মেয়েদের সেলাই ইত্যাদি শেখানো হয়, সেখানে স্কিল গড়ে ওঠা খুব কঠিন। এখানে যেটা বলা হয়েছে, technical and Vocational education and Skill development means a systematic course of instruction and skill training in the field of engineering, technology, agriculture, dairy and poultry, paramedical, social science, applied arts and crafts or vocational trades in service sector or such othe subject as the State Government, in consultation with the Council, may by notification, declare এই যে বিষয়গুলো উল্লেখ করা হয়েছে এই বিষয়গুলোর উপর টেকনিক্যাল ট্রেনিং বা প্রশিক্ষণ ব্যবস্থা অত্যন্ত জরুরী। আজকে কর্মসংস্থানের যে সমস্যা, তাতে করে এই ট্রেনিংগুলো যদি যথোপযুক্ত হয় তাহলে একজন স্কিল্ড শিক্ষিত যুবক যুবতী হিসাবে গড়ে উঠবে এই বিষয়ে সন্দেহ নেই। কিন্তু স্কুল স্তরে যে ভোকেশনাল ট্রেনিং আগে থেকে চালু ছিল সেটার গুরুত্বের কথা এখানে উল্লেখ করা নেই। এখানে ১০ প্লাস ২, অর্থাৎ ১২ ক্লাস পাশ করার পর যারা Engineering বা Polytechnic বা এগ্রিকালচার স্কুল বা কলেজে পড়বে তাদের কথাই বলা আছে। তাদের কি ভাবে সেখানে অ্যাডমিশনের সুযোগ করে দেওয়া হবে, এখানে Board of Council গঠন করার কথা বলা হয়েছে। সেখানে একটুখানি দ্বিধাগ্রস্ত। সেই কারণে এই বিলের যে গুরুত্ব সেটাকে আমরা অস্বীকার করছি না, অনস্বীকার্য এর গুরুত্ব, সুতরাং এটা পুনর্বিবেচনার জন্য সিলেক্ট কমিটিতে পাঠানো হোক, এই আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[1.50–2.00 p.m.]

ডঃ আশীষ ব্যানার্জী : মাননীয় স্পীকার স্যার, সর্বপ্রথমেই আমি The West Bengal State Council of Technical and Vocational Education and Skill

Development Bill, 2013 সর্বান্তকরণে সমর্থন জানাচ্ছি। এই বিলের একটা বড় প্রয়োজনীয়তা হল সিঙ্গল স্টেট কাউন্সিল গড়ে তোলা। দীর্ঘকাল ধরে স্টেট কাউন্সিল টেকনিক্যাল এডুকেশন ছিল। ভোকেশনাল এডুকেশন এবং স্কিল ডেভলেপমেন্ট কাউন্সিল ভিন্নভাবে ছিল। এরফলে টেকনিক্যাল এডুকেশনের সঙ্গে ভোকেশনাল এডুকেশন এবং বা স্কিল ডেভলপমেন্টের মধ্যে কোন কো-অর্ডিনেশন ছিল না। এই যে সমন্বয়ের অভাব এটা মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অনুধাবন করেছিলেন। দীর্ঘ ৩৫ বছর ধরে যে ভাবনাচিন্তার পরিচয় টেকনিক্যাল এডুকেশনকে উন্নত করারই উপায় বামফ্রন্ট সরকার ভাবতে পারেন নি, আড়াই বছরের মধ্যে এই মা মাটি মানুষের সরকার ভাবলেন এবং তারই রূপায়ণের জন্য এই বিল মাননীয় মন্ত্রী উজ্জ্বল বিশ্বাস পেশ করলেন। আমরা মনে করি না যে এই বিলকে সিলেক্ট কমিটিতে পাঠানোর কোন যৌক্তিকতা রয়েছে। এই বিলের আরও একটা মহৎ উদ্দেশ্য হল শুধু এক ছাতার তলায় এই শিক্ষা ও প্রশিক্ষণকে নিয়ে আসা নয়। এই একত্রীকরণের মধ্যে স্কিলিং অফ ম্যান পাওয়ারকে কাজে লাগানো। এই স্টেট কাউন্সিল গঠন করলে স্কিল ডেভলপমেন্টের ক্ষেত্রে গ্যাপ হয়, তা পূরণ করা সম্ভব হবে। বিভিন্ন সেক্টরের মধ্যে যে গ্যাপ রয়েছে, তাকে যদি পূরণ করা যায় এবং এক একটি সেক্টরের উন্নয়নের জন্য যদি টাইম টু টাইম সেক্টর স্কিলস কাউন্সিল গঠন করা যায়, স্কিল ডেভলপমেন্টের ক্ষেত্রে তা সহায়ক হয়ে উঠবে। স্যার শুধু তাই নয়, চাকরীর ক্ষেত্রে এই বিল যে আছে, সেই ব্যাপারে বামফ্রন্টের মাননীয় অনন্তবাবু উল্লেখ করেছেন যে চাকরীর ক্ষেত্রে এই বিল একটা সহায়ক ভূমিকা পালন করছে। Sector skilles council, Chamber of commerce, industries-associations এদের চাহিদামত একটা ছাত্রকে যোগ্য করে তোলার ভূমিকা এই কাউন্সিল গ্রহণ করবে। স্যার, এরা চিৎকার করছেন, দারুণভাবে লড়াই করছেন এবং বলছেন। কিন্তু বেকারত্বের যে পাহাড় এরা জমিয়ে দিয়ে গেছেন বিগত সরকার, সেই ভারকে লাঘব করার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রীর এই উদ্যোগ। সুযোগ বৃদ্ধি এবং স্বনির্ভরতা অর্থাৎ সেল্ফ এমপ্লয়মেন্ট সৃষ্টি করার লক্ষ্যে এই বিল বঞ্চিত যুবক-যুবতীদের মনে আশার সঞ্চার করবে এবং এই যুগান্তকারী পদক্ষেপের মধ্য দিয়ে আগে যে যুবককে হতাশার কারাগারে বন্দী করে রেখেছিল বামফ্রন্ট সেই যুবককে এই বিলের মাধ্যমে মুক্তির আলো দেখাবে। যে যুবক একটা চাকরীর জন্য হন্যে হয়ে ঘুরে বেড়িয়েছে, যে যুবকের মনে শান্তি নেই, সান্ত্বনা নেই, সারা দেহে ক্লান্তি, উদরে ক্ষুধা, কণ্ঠে তৃষ্ণা, জীবনে বিচিত্র অস্বস্তি যেন জ্বালা, যে জ্বালা নিয়ে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের দরজায় দরজায় ঘুরে বেড়িয়ে জুতোর সোল খুলে ফেলেছেন, সেই যুবক- যুবতীদের কাছে এই বিল মুক্তির দিশারী হয়ে দেখা দেবে বলে আমরা মনে করি। মাননীয় স্পীকার স্যার, এই বিলের আরও একটা মহৎ উদ্দেশ্য আছে: Development of uniform course curricula or syllabi and duration, একটা ইউনিফর্ম সিলেবি যদি থাকে, তাহলে কাজের ক্ষেত্রে চয়েসের ক্ষেত্রে সমান সুযোগ থাকবে। একটা টেকনিক্যাল এডুকেশানের ছেলে এবং ভোকেশনাল ট্রেন্ড ছেলের কাছে সুযোগটা প্রসারিত হবে। স্যার, আমাদের মা মাটি মানুষের সরকারের সময়ে এক লক্ষ যুবক-যুবতীকে ট্রেন্ড করা হচ্ছিল। সেটা এক বছর পরে দু লক্ষ ছেলেমেয়েকে ট্রেনিং দেওয়া হচ্ছে। মাননীয়া মুখ্যমন্ত্রী চাইছেন এখানে অর্থাৎ এই সংখ্যার মধ্যেই যেন সীমাবদ্ধ না থেকে তিনি চাইছেন এই স্কিল ডেভলপমেন্টের মধ্য দিয়ে কমপক্ষে প্রতিবছর লক্ষ ট্রেন্ড যুবক- যুবতী নিজেদের স্বনির্ভর করে তুলুন।

[2.00–2.10 p.m.]

স্যার, এই টেকনিক্যাল এডুকেশনের ক্ষেত্রটা মাননীয়া মুখ্যমন্ত্রী কতটা প্রসারিত করছেন দেখুন। স্যার, ২০১১-১২ সালে, ২০১০-১১ তে বামফ্রন্ট সরকার যখন ছিল, ৩৪ বছরে হিসেবটা দেখবেন স্যার — ৩৪ বছরে পলিটেকনিক কলেজের সংখ্যা ছিল ৬৫। ২০১২-১৩-তে সংখ্যাটা হচ্ছে ৮০ এবং জেনে রাখুন ৪৩টা নতুন পলিটেকনিক কলেজ হচ্ছে, অনেকগুলি শুরু হয়ে গেছে। স্যার, আই. টি. আই. ছিল ৮৩টি। ১২-১৩-তে সেটা দাঁড়িয়েছে ১১২। এই দপ্তরের উল্লেখযোগ্য কাজ হ'ল স্যার, রাজ্য কারিগরি প্রশাসন ভবন, নিউটাউন, রাজারহাটে তৈরি হয়ে গেছে। স্যার, সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে, প্রাইভেট সিকিউরিটি সার্ভিস-পুরুলিয়ার ঝালদাতে ট্রেনিং দেওয়া হয়েছে। ১৩৩৮ জন এই ট্রেনিং নিয়েছেন। স্যার, এই ট্রেনিং-এর একটা লক্ষ্য ১০০% গ্যারেন্টেড্ এমপ্লয়মেন্ট। অর্থাৎ ট্রেনিং নেওয়ার পরেই যারা—হাত নাড়লে হবে না, পারেননি তো কিছুই। হাতটা নামিয়ে রাখুন — আমরা জানি স্যার, ওদের গা জ্বলবে। কারণ যত চাকরির ক্ষেত্র প্রসারিত হবে, যত এমপ্লয়মেন্ট বাড়বে, তত ওদের গা-বুক-মুখ সব জ্বলে যাবে। সুতরাং স্যার, আমি বলছি ওরা ধীর হয়ে, শান্ত হয়ে শুনুন। যা পারেননি, তা এই সরকার করে দেখাচ্ছে। যা ৩৪ বছরে পারেননি, দু'বছরের মধ্যে করে দেখিয়েছে — তা অনুভব করুন এবং অনুধাবন করুন। মাননীয়া মুখ্যমন্ত্রী মন্ত্রী মমতা ব্যানার্জী ঘোষণা করেছেন — এই সরকার প্রতিটি মহকুমায় একটি করে পলিটেকনিক কলেজ করবে। আই. টি. আই. হবে প্রতিটি ব্লকে। এই দূরদর্শীতা কোথায় ছিল বামফ্রন্টের? সমগ্র জেলাতে স্বাধীনতার পর থেকে একটা-আধটা ছিল। শিক্ষা এবং প্রশিক্ষণের ক্ষেত্রে তাই অগ্রগতি অভূতপূর্ব। ১৫টি স্কিল ডেভেলপমেন্ট সেন্টার ইতিমধ্যেই গড়ে উঠেছে। আর কমিউনিটি কলেজ ১৩টি গড়ে উঠেছে। স্যার, মাননীয়া মুখ্যমন্ত্রী ছাত্র-ছাত্রীদের সুযোগ বৃদ্ধি করেছেন। বামফ্রন্টের শেষ বছরে ২০১০-১১-তে টোটাল ইনটেক্ ক্যাপাসিটি ছিল পলিটেকনিকে ১৬৬৫৫। ২০১২-তে সেই সংখ্যা বেড়ে দাঁড়াল ২০৮১৫-তে। দু'বছরের মাথায় বাড়ল ৪১৬০টা আসন। আই. টি. আইতে টোটাল ইনটেক ক্যাপাসিটি ছিল ২০১০- ১১-তে ১৬৬২০। ২০১২-১৩-তে সেই সংখ্যা দাঁড়াল ২০৭৩৬, বাড়ল ৪১১৬। তাই স্যার বলব যে, এই বিল একটা বৈপ্লবিক পরিবর্তন আনছে এবং এই বিলকে পরিপূর্ণ সমর্থন জানাচ্ছি। ধন্যবাদ স্যার।

শ্রী সমরেন্দ্রনাথ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর আনিত বিলের ওপরে আলোচনা করছি। আলোচনা করতে গিয়ে প্রথমে আলোচক হিসেবে আজকের এই বিলটিকে সিলেক্ট কমিটিতে পাঠিয়ে ঠান্ডা মাথায় এর যদি কোনো ত্রুটি-বিচ্যুতি থাকে, আইনি জটিলতা থাকে, সেগুলোকে কাটিয়ে উঠে এই বিলটি পাশ করানোর জন্য আবেদন জানাচ্ছি। দ্বিতীয় আলোচনায় আসার সময় বিলটি থেকে আমরা যেটা জানতে পেরেছি বা জানতে পারছি, ইতিপূর্বেই দুটো কাউন্সিল ছিল। সেই দুটো কাউন্সিলকে একত্রিত করে একটা নতুন কাউন্সিল গঠনের মাধ্যমে ভোকেশনাল এবং টেকনিক্যাল এই দুই এডুকেশনের ব্রাঞ্চকে এক জায়গায় আনার জন্য একটা পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। আমি মনে করি, টেকনিক্যাল এডুকেশন এবং ভোকেশনাল এডুকেশন আজকের সমাজে দুটোই প্রয়োজনীয় ব্রাঞ্চ। টেকনিক্যাল এডুকেশনের উন্নয়নের প্রয়োজন আছে। ভোকেশনালেরও উন্নয়নের প্রয়োজন আছে। কিন্তু আমার যেটা মনে হয়েছে, দুটো কাউন্সিল

ছিল। সেটাকে একটি করার পরিকল্পনার মাধ্যমে ভোকেশনালের যে উন্নয়ন এবং টেকনিক্যাল এডুকেশনের যে উন্নয়ন, সেটা যেভাবে দুটো কাউন্সিলের মাধ্যমে হ'ত, সেটা একটি কাউন্সিলের মাধ্যমে হওয়ার ফলে আমার মনে হয়েছে ডিসেন্ট্রালাইজেশন অফ পাওয়ারটাকে সেন্ট্রালাইজড করার চেষ্টা এর মধ্যে লুকিয়ে আছে।

....আমি মনে করি ভোকেশনাল এডুকেশন একটা বৃহত্তর শাখা, যে শাখার মাধ্যমে স্বনিযুক্তি প্রকল্পে অনেককে গ্রহণ করা যায়। এবং কর্মসংস্থানের প্রশ্নে তাঁদেরকে যুক্ত করা যায়। মাননীয় পূর্ববর্তী বক্তা বলছিলেন বহু নিয়োগ, বহু উন্নয়ন এই দুই শাখায় হয়েছে। প্রথমে আলোচনার মাধ্যমে তাঁর কথার পরিপ্রেক্ষিতে আমি বলতে চাই, আমরা এই কথাটা প্রায় বিগত ২৭ মাস ধরে শুনে আসছি যে, এই সরকার আসার পর ভোকেশনালের এবং টেকনিক্যালের যুগান্তকারী ঘটনা ঘটিয়েছেন। ইতিমধ্যেই সারা পশ্চিমবঙ্গের মানুষের কানে কানে পৌঁছে গেছে যে প্রতিটি ব্লকে একটা করে টেকনিক্যাল এডুকেশন সেন্ট্রার, পলিটেক্নিক বা আই আই টি ইত্যাদি করবার পরিকল্পনা হয়েছে। আমি নদীয়া জেলার সাবডিভিশনে বসবাস করি অদ্যাবধি আড়াই বছরের মধ্যে একটাও পলিটেক্নিক বা আই আই টি তৈরী হয়নি। যেমনটি হওয়ার কথা সে রকমটি হয়নি, অর্থাৎ আমরা যেটা শুনতে পাচ্ছি সর্বত্র সেটা হয়েছে। স্বনিযুক্তি প্রকল্পে বা কর্ম সংস্থানের প্রশ্নের কথা এই মাধ্যমে আপনারা সমাধান করতে চাইছেন। আমরা দেখেছি আপনারা এ কথা বলে থাকেন কখনও বলেন ৫ লক্ষ বেকারের চাকরী হয়েছে, আগামী দিনে টেকনিক্যাল এবং ভোকেশনালের মাধ্যমে ৫ লক্ষ ছাত্রছাত্রীকে প্রশিক্ষিত করে তাদেরকে চাকরীর আঙিনায় নিয়ে আসার চেষ্টা করবেন। কিন্তু ইতিমধ্যেই আমরা দেখেছি চাকরী বলতে হয়েছিল civic police। হ্যাঁ, চাকরী বলতে হয়েছিল civic police, আপনারা বলেছিলেন দশ লক্ষ, বিশ লক্ষ তরুণ যুবককে civic police হিসাবে নিয়োগ করবো। সেটা হয়নি, সেটা চলে গেছে। Village police হিসাবে কাউকে কাউকে নিয়োগ করেছিলেন। সেটাও নাকি আইনের বেড়াজালের মধ্যে আটকে পড়েছে, সেটা থাকবে না। আমরা চাই বেকার যুবক-যুবতীদের চাকরী হোক, আমরা চাই শিক্ষার মানে উন্নয়ন ঘটুক। বৃত্তিমূলক শিক্ষা এবং প্রযুক্তিগত যে শিক্ষা, সেই শিক্ষার জন্য ৩৪ বছর ধরে বামফ্রন্ট সরকার চেষ্টা করেছিল। কৃষি এবং শিল্পের উন্নতির সাথে সাথে আমরা দেখেছিলাম বৃত্তিমূলক শিক্ষার জন্য প্রতিটি বিদ্যালয়ে বিশেষ করে উচ্চমাধ্যমিক বিদ্যালয়গুলিতে ভোকেশনাল ট্রেনিং-এর ব্যবস্থা ছিল এবং সেটা আছে। আর আমরা এই সরকারের ২৭ মাসের জমানায় যেটা দেখেছি, আপনারা একটু লক্ষ করলে দেখতে পাবেন আজ থেকে ২৭ মাস আগে vocational trainer-রা যাদের বলা হতো instructor বা কোন কোন জায়গায় part time, তাদের যে অনারেরিয়াম দেওয়া হতো তার পরিমাণ ছিল ৬৬৫০ টাকা, আপনারা এসে করেছেন সেটা ৪৮০০ টাকা। বর্তমানে যারা ভোকেশনালের সঙ্গে যুক্ত আছেন তারা ৪৮০০ টাকা per month বেতন পাচ্ছেন। তার সঙ্গে যুক্ত যেমন নৈশ প্রহরী, তার সঙ্গে যুক্ত বিভিন্ন অফিশিয়াল কাজ করবার জন্য যে অনুদানগুলো দেওয়া হতো সেগুলো প্রায় বন্ধ হতে চলেছে।

আপনারা সিসটেমের পরিবর্তন ঘটাচ্ছেন, কিন্তু পক্ষান্তরে আমরা দেখতে পাচ্ছি সেগুলো আস্তে আস্তে পিছনের দিকে হাঁটছে। আমরা চাই ভোকেশনালের সঙ্গে যুক্ত যারা রয়েছেন তাদের

৬০ বছরের চাকরীর স্থায়িত্ব হোক, আমরা চাই ভোকেশনালের মাধ্যমে যে সব ছাত্রছাত্রীরা প্রশিক্ষিত হচ্ছেন তাদের চাকরীর মাধ্যমে বা কর্মসংস্থানের প্রশ্নে সরকার তদারকি করুন এবং চাকরীর দরজা তাদের খুলুক এটা আমরা চাই। আমরা কখনও চাই না শিক্ষার দরজায় পৌঁছে তার আরও বেশী শিক্ষিত হয়ে বেকারত্ব তাদের আঘাত হানুক। তবে statement of objects and reasons-এ আমরা দেখছিলাম, সেটা হচ্ছে দুটো কাউন্সিল ছিল সেই কাউন্সিলটাকে একটা কাউন্সিলে পরিণত করা। আমি প্রথমেই বলেছি যেটা Centralization of power অর্থাৎ ক্ষমতার কেন্দ্রীকরণের যে ব্যবস্থা আপনারা গ্রহণ করতে চাইছেন এবং তার মাধ্যমে দুটো কাউন্সিলকে এক করে দিয়ে একটি কাউন্সিলে আনতে চাইছেন, তার মাধ্যমে আমার মনে হয় কোন অশনিসংকেত থাকলেও থাকতে পারে। আপনারা সর্বক্ষেত্রে যেটা করতে চাইছেন অর্থাৎ যে সমস্ত কাউন্সিলগুলো তৈরী করবেন সেগুলি যাতে আপনাদের কুক্ষিগত থাকে তার ব্যবস্থা চাইছেন। এই সমস্তগুলো আলাপ-আলোচনা হওয়া উচিত। তাই আমার আবেদন এই বিলটিকে সিলেক্ট কমিটিতে পাঠানো হোক। সেখানে পুংখানুপুঙ্খভাবে আলোচনার মাধ্যমে বেকার যুবকদের দিকে তাকিয়ে এই বিলের যে সারবত্তা আছে সেটাকে মানুষের কল্যাণে, শিক্ষার প্রয়োজনে কাজে লাগানো হোক। আগে এটা সিলেক্ট কমিটিতে পাঠানোর ব্যবস্থা গ্রহণ করা হোক। এই কথা বলে সকলকে অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় কারিগরি শিক্ষা দপ্তরের মন্ত্রী শ্রী উজ্জ্বল বিশ্বাস যে ৩১ নম্বর The West Bengal State Council of Technical and Vocational Education and Skill Development Bill, 2013, যে বিল এনেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। আমি বিগত দিনে ১০ বছর এই বিধানসভায় বিরোধী দলের সদস্য ছিলাম।

১৯৯৫ সালে প্রতিষ্ঠিত পশ্চিমবঙ্গ রাজ্য কারিগরি শিক্ষা সংসদ এবং ২০০৫ সালে প্রতিষ্ঠিত পশ্চিমবঙ্গ বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ সংসদ আইন দুটিতে অনেক অসম্পূর্ণতা, সীমাবদ্ধতা ছিল এবং অনেক ত্রুটি ছিল। সেই ত্রুটিকে সংশোধন করবার জন্য আজকে আমাদের মাননীয় মন্ত্রী যে বিল এই পবিত্র সদনে এনেছেন তা অত্যন্ত যুগোপযোগী। যেখানে বিগত দিনে ৩৪ বছরের শাসন ব্যবস্থায় বেকারত্বে এক কোটিরও বেশি সেখানে ভাই-বোনেরা চাকরীর খোঁজে দ্বারে দ্বারে ঘুরেও চাকরী পায়নি। এই ৩৪ বছরের শসান ব্যবস্থায় তারা সেই দিকে দৃষ্টি দেয়নি। তারা শুধু আইন করে এই দুটি স্ট্রাকচারাল সংস্থা তৈরী করে গিয়েছেন। কিন্তু বর্তমান পরিবর্তনের ডাকে মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে মন্ত্রিসভা এবং মাননীয় মন্ত্রী শ্রী উজ্জ্বল বিশ্বাস বাস্তব দৃষ্টিভঙ্গিতে বৈজ্ঞানিক পন্থায় তথ্য প্রযুক্তিকে সঙ্গে নিয়ে তিনি একই ছাতার তলায় আজকে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও তথ্য, মানব সম্পদ বৃদ্ধির লক্ষ্যে এই সংসদকে নিয়ে আসতে চেয়েছেন। আমরা মনে করি এই আইন তৈরী হলে একই ছাতার তলায় আগামী দিনে গ্রাম বাংলায় বেকারত্বের জ্বালা মিটবে। আমরা মনে করি নতুন প্রযুক্তির ভিতর দিয়ে যে ট্রেনিং ব্যবস্থা তিনি করেছেন তার মাধ্যমে তারা সুষ্ঠু প্রশিক্ষণ পাবে এবং বৃত্তিমূলক শিক্ষা পাবে। আমাদের মাননীয় দপ্তরের পরিষদীয় সচিবের দায়িত্বে আছেন অধ্যাপক আশিস বন্দ্যোপাধ্যায়।

পশ্চিমবঙ্গের মা-মাটি-মানুষের সরকার এবং বর্তমানে মাননীয় মন্ত্রী বিস্তৃত ভাবে উদ্যোগ নিয়েছেন। ক্রুটিবিচ্যুতি বিগত দিনে এই আইনের ভিতরে ছিল। আমরা মনে করি যে, সিলেক্ট কমিটির প্রস্তাব করে তারা আগামী দিনের উন্নয়নের যজ্ঞ এবং প্রকৃত শিক্ষা ব্যবস্থাকে পিছিয়ে দেওয়ার একটা ষড়যন্ত্র করছেন। তাই আমরা মনে করি আজকের এই হাউসের সমস্ত সম্মানীয় সদস্য-সদস্যাবৃন্দ এই বিলকে সমর্থন করে অনুমোদন করবেন। আমরা মনে করি আজকে পশ্চিম বাংলায় মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে আমাদের মাননীয় মন্ত্রী উজ্জ্বল বিশ্বাস, আশিস দা বিস্তৃতভাবে বলেছেন, এই দুই বছরের ভিতরে অত্যন্ত উল্লেখযোগ্য যেটা অক্ষম ব্যক্তিদের জন্যে হ্যান্ডিক্যাপ্টড পলিটেকনিক কলেজ আজকে ছিল না। ৩৪ বছর শাসন ব্যবস্থাতেও বামফ্রন্ট সরকার ভাবেনি। কিন্তু পশ্চিম বাংলার মা-মাটি-মানুষের সরকার, যারা অক্ষম ছাত্রছাত্রী তারা যাতে পলিটেকনিক কলেজে শিক্ষিত হয়ে সমাজ জীবনের ধারায় তারা চলতে পারে সেই দৃষ্টিভঙ্গিকেও বাস্তবে সল্টলেকে রূপ দিয়েছেন। নদীয়া জেলার ফুলিয়াতে হ্যান্ডলুম টেক্সটাইল যে পলিটেকনিক কলেজ সেটাও মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশক্রমে, উদ্যোগে মাননীয় মন্ত্রী উজ্জ্বল বিশ্বাস সেই কাজও শুরু করেছেন। এটা কি পরিবর্তনের ধারাবাহিকতা বোঝায় না? আমরা মনে করি এই প্রস্তাব সর্বভারতীয় ক্ষেত্রে ডিপ্লোমা, বৃত্তিমূলক শিক্ষা প্রশিক্ষণের পাঠ্যক্রম জাতীয়-আন্তর্জাতিক মানের হয়। সেই ব্যাপারে এই বিলের ভিতরে দৃষ্টিভঙ্গি আছে। আমরা মনে করি এই বিল অত্যন্ত বাস্তব দৃষ্টিভঙ্গিতে তৈরী করা হয়েছে। আমরা আগামী দিনে এই বিলের ভিতরে দেখতে পাচ্ছি যে, প্রশিক্ষণ প্রাপ্ত যেসব শিক্ষিত ভাই-বোনেরা শিক্ষিত হবে, বিভিন্ন কমর্শিয়াল ট্রেডে তারা সংযুক্তি হতে পারবে, এটা নিশ্চয়ই একটা কৃতিত্বের ধারা রাখে বহন করে। সেই কারণে আমরা বলব যে, এই বিল সিলেক্ট কমিটিতে না গিয়ে অত্যন্ত দক্ষতার সঙ্গে সূক্ষ্মভাবে বাংলার বেকারত্বের জ্বালাকে মেটাবার জন্যে এই বাস্তবমুখী বৃত্তিমূলক শিক্ষা এবং টেকনিক্যাল কোর্সকে একটা ছাতার তলায় এনে সার্বিক দৃষ্টিভঙ্গীতে যাতে সেই শিক্ষাব্যবস্থা বাস্তবে আমরা রূপ দিতে পারি সেই প্রয়াস পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের সরকার নিয়েছে। তাই পূর্ণভাবে এই বিলকে সমর্থন জানিয়ে আগামীদিনের সার্বিকভাবে, বামফ্রন্ট সরকারের — যে বেকারত্বের জ্বালাকে মেটাবার জন্য বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গীতে আজকের এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার, ধন্যবাদ।

[2.10–2.20 p.m.]

শ্রী শুভাশিস বটব্যাল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে এই পবিত্র কক্ষে মাননীয় কারিগরি শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় উজ্জ্বল বিশ্বাস মহাশয়, the West Bengal State Council of Technical and Vocational Education and Skill Development Bill, 2013 উত্থাপন করেছেন আমি তা পূর্ণভাবে সমর্থন জানিয়ে আমার প্রতিবেদন পেশ করছি। স্যার, এই বিলের প্রধান উদ্দেশ্যই হচ্ছে কারিগরি দপ্তরের অধীন the West Bengal State Council of Technical এবং Vocational Education and Training এই দুটি council-কে সংযুক্ত করে একটি সুসংবদ্ধ উপযুক্ত কাউন্সিল গঠন করা। এই council-এর উদ্দেশ্যই একটি অবিচ্ছিন্ন সুদৃঢ় সংস্থা হিসাবে এমন একটা frame work তৈরি করা যাবে যাতে করে রাজ্যের মানবশক্তির Skill বাড়িয়ে বিভিন্ন বিভাগে কর্মে উপযুক্ততা

তৈরি করা। স্যার, এটা হচ্ছে globalization-এর যুগ। সুতরাং আমাদের ভারতবর্ষ — আমরা পশ্চিমবাংলো তার একটা অঙ্গরাজ্য, জনসংখ্যা বাড়ছে, বেকারের সংখ্যা বাড়ছে। সুতরাং আমাদের এ'কথা চিন্তা করতে হবে যে technical education যে department ...... (গোলমাল)... It is a theoretical matter. এই globalization-এর যুগে যদি আমরা বেশি করে Skill, দক্ষ সম্পন্ন যদি আমরা মানবশক্তি তৈরি করতে পারি, এই মানবশক্তি চলমান। এটা কোনো একটা জায়গাতে সীমাবদ্ধ থাকে না। তার জ্ঞান এবং দক্ষতা সারা বিশ্ব ব্যাপি ছড়িয়ে পড়তে পারে। সুতরাং শুধুমাত্র এটা পশ্চিমবাংলায় নয়, সারা ভারতবর্ষের কথা চিন্তা করে সারা পৃথিবীর কথা চিন্তা করে আজকে যদি skill-টা বাড়ানো হয়, tecnical education-এর standardটা বাড়ানো হয় এবং তাতে যদি আম্যাদের ছেলেদেরকে উপযুক্ত তৈরি করে সমাজের চাহিদা অনুযায়ী, শিল্পের চাহিদা অনুযায়ী বিজনেসের চাহিদা অনুযায়ী আমরা সেই skill-কে যদি সেই মানে তৈরি করতে পারি তাহলে আমাদের ছেলেরা সেই জায়াগতে কর্মসংস্থানের যে প্রতিযোগিতা সেই প্রতিযোগিতায় টিকতে পারবে। আপনারা নিশ্চয়ই জানেন, যিনি চিৎকার করে বলছেন শুনে রাখুন, perfect competition, perfect competition-এ Quality, এই quality-টা আসল জিনিস। যদি quality না তৈরি করতে পারেন তাহলে পূর্ণ প্রতিযোগিতার বাজারে আপনারা টিকতে পারবেন না। standard এবং তার quality এই দুটোই main ব্যাপার। এখানে আমাদের মন্ত্রী মহোদয় এই দুটো জিনিসের উপরে জোর দিচ্ছেন। একটা quality এবং Standard এই দুটোকে যদি আমরা তৈরি করতে পারি এবং যুগোপযোগী। যেখানে যে যে বিষয়ের উপরে চাহিদা আছে আপনারা নিশ্চয়ই জানেন reveal preference theory, economics-এ আছে যে, বিভিন্ন সময়ে মানুষের সমাজ পরিবর্তনের সঙ্গে সঙ্গে মানুষের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন হয়। মানুষের চাহিদার পরিবর্তন ঘটে, মানুষের এক একটা জিনিসের প্রতি আকর্ষণ বাড়ে। বলুনতো কুড়ি বছর ত্রিশ বছর আগে মোবাইল ছিল? মোবাইলের যুগ ছিল? মোবাইলের সারানোর কোনো ব্যাপার ছিল? ছিল না। সুতরাং সময়ের পরিবর্তনের সঙ্গে সঙ্গে বিজ্ঞানের উন্নয়নের সঙ্গে সঙ্গে কারিগরি ব্যবস্থার উন্নয়নের সঙ্গে সঙ্গে মানুষের জীবনের সেইভাবে চাহিদা বৃদ্ধি পাচ্ছে। সুতরাং আমাদেরকেও সেই competition-এর ক্ষেত্রে perfect competition-এর ক্ষেত্রে throughout the world পৃথিবীব্যাপি যে competition চলছে সেখানে যদি আমাদের ছেলেদের সেই যুগোপযোগী তৈরি করতে পারি তাহলে আমরা টিকতে পারি, otherwise আমরা competition-এ টিকতো পারবো না।

সেই কথা মাথায় রেখে, সেই কথা চিন্তা করে, আমাদের সহনশক্তিকে একটা সুসংহতভাবে এবং একটা মার্জিতভাবে এবং প্রশিক্ষিতভাবে তৈরী করে আমরা যুগপোযোগী তৈরী করতে চাই এবং সারা পৃথিবীব্যাপী ছড়িয়ে দিতে চাই, যেখানে তারা কর্মসংস্থান পেতে পারে, এইটাই হচ্ছে প্রধান উদ্দেশ্য, তার জন্য আমি আমার মাননীয় মন্ত্রী উজ্জ্বল বিশ্বাসকে ধন্যবাদ জানাচ্ছি। এই সংস্থাগুলোকে আবার ডিসেন্ট্রালাইজ করে দিলাম, কাজের কাজ কিছুই হল না, ঢালাও শাখা-প্রশাখা হয়ে গেলে, বিভিন্ন রকমের বিশৃঙ্খলতা তৈরী হল, এগুলোর কোন দরকার নেই। একটা জায়গায় কেনসেনট্রেশান তৈরী করে বিভিন্ন ডিপার্টমেন্টের সঙ্গে একটা কো-রিলেশান তৈরী করে, আসল

আমাদের যে উদ্দেশ্য স্ট্যান্ডার্ড অফ এডুকেশান, স্ট্যান্ডার্ড অপ টেকনিক্যাল এডুকেশান এবং সেটাকে আমরা যুগপযোগী করে সারা পৃথিবীর ক্ষেত্রে যাতে এগিয়ে যেতে পারি এবং মানব শক্তির আমরা সাপ্লাই, যোগানদার — সাপ্লায়ার হিসাবে তৈরী করতে পারি এবং তাতে আমাদের বেকার সমস্যার সমাধানের একটা বড় কাজ হতে পারে। আমাদের মুখ্যমন্ত্রী তিনি চিন্তা করেছেন, তাই তিনি টেকনিক্যাল এডুকেশানে জোর দিবার জন্য বলেছেন যে প্রত্যেকটা সাব-ডিভিশানে একটা করে পলিটেকনিক হবে। প্রত্যেকটা ব্লকে একটা করে আইটি আই হবে। তার মানে কি। তার অর্থ হচ্ছে, আপনারা যদি বলেন যে দুই বছরের মধ্যে সব জায়গায় কমপ্লিট হয়ে যাবে, এটা হতে পারে না। একটা জায়গায় যখন ইনভেস্টমেন্ট হয়, তার কন্সট্রাকশান করতে গেলে একটা সময় লাগে ; এবং সেখানে আর্থিক একটা ব্যাপার জড়িত থাকে, জমি জায়গার ব্যাপার এবং সেই জায়গাগুলোকে ঠিক করতে হয় ; সুতরাং ইট উইল টেক টাইম। সেই টাইমটা নেওয়ার পর একে একে গড়ে উঠতে পারে। আমি বাঁকুড়া জেলার কথা বলছি, দুটো পলিটেকনিক, এবং পাঁচখানা আই টি আই হচ্ছে, জমি নির্ধারণ হয়ে গেছে, টেন্ডার ডাকা হয়ে গেছে, কাজ শুরু হবে। সুতরাং কাজ করতে গেলে কিছু প্রসিডিওর আছে, সেই প্রসিডিওরগুলো মেনটেন করে করতে হয়, তাতে একটু টাইম লাগে। সেই টাইমটা হয়ে যাওয়ার পর পরবর্তীকালে ছেলেপুলেরা যাতে সুযোগ সুবিধাগুলো পায় সেই সমস্ত জায়গাতে এবং আসন সংখ্যা বাড়ে এবং আরো বেশী মাত্রায় ছেলে-মেয়েরা পড়াশুনো করতে পারে সেই সমস্ত জিনিসগুলোর যদি ইনফ্রাস্ট্রাকচার আপনি তৈরী করে না দেন তাহলে এই যে আশা আকাঙ্ক্ষাগুলো সেগুলো পরিপূর্ণ হবে না। সুতরাং আমাদের মুখ্যমন্ত্রী উনি চিন্তা করেছেন, গ্লোবালাইজেশানের যুগে, আমাদের মানবশক্তিকে সেইভাবে তৈরী করে যাতে যুগপযোগী হয়ে সারা পৃথিবীতে আমরা ছড়িয়ে দিতে পারি। সারা পৃথিবীর বিভিন্ন জায়গায় যাতে চাকরী-বাকরী পেতে পারে। কেউ কি ভেবেছিলেন, আজকে চিন্তা করুন, বিভিন্ন রকমের প্রাইভেট সংস্থা আছে, যেখান থেকে সিকিওরিটি গার্ডস সাপ্লাই হয়, কিন্তু আমাদের মন্ত্রী মহোদয়, তিনি চিন্তা করলেন যে না, আমরা যদি তাদেরকে প্রপারলি; ডিফেন্স ডিপার্টমেন্টের সঙ্গে, একটা পি পি পি মডেল তৈরী করে, আমরা যদি একটা ট্রেনিং-এর ব্যবস্থা করতে পারি, ডিফেন্স তারা ট্রেনিংটা দিয়ে দেবে, ১ মাস ট্রেনিং এর পর, তাদেরকে বিভিন্ন কোম্পানী থেকে এসে সঙ্গে সঙ্গে হাতে যদি নিয়োগপত্র দিয়ে দেওয়া হয়, তাহলে আজকে বলুন, যে ছেলেটা গ্রামগঞ্জে গিয়ে অন্যদিকে চলে যাচ্ছিল. বিপথগামী হচ্ছিল, তারা সুসংহতভাবে চাকরী-বাকরী পাবে এবং গ্রাম গঞ্জের সার্বিক উন্নয়নে তারা প্রচেষ্টা করবে। সুতরাং আজকে যে বিলটা আনা হয়েছে, এই বিলকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করি। বিলের ব্যাপারে. তার গঠনতন্ত্রের ব্যাপারে যে সমস্ত ব্যবস্থাগুলো নেওয়া হয়েছে, চেয়ারপার্সান থেকে আরম্ভ করে, ডেপুটি চেয়ারপার্সান, এই সমস্ত ব্যাপার এবং কে কে মেম্বার হবেন তারও সমস্ত কিছু পরিপূর্ণ ও পুঙ্খানুপঙ্খভাবে বলে দেওয়া হয়েছে। সুতরাং এই বিলটাকে সিলেক্ট কমিটিতে পাঠিয়ে অযথা টাইম নষ্ট করার দরকার নেই। এটা আজকে পাস হওয়া দরকার। আমি সবার কাছে আবেদন করছি, আপনারা সবাই এই বিলটাকে পাস করে দিন এবং আমাদের বেকার ছেলেদের সার্বিক উন্নয়নে এবং তাড়াতাড়ি করে যাতে কাজ পেতে পারে তার জন্য তৈরী হবার একটা সুযোগ করে দেন, ধন্যবাদ।

শ্রী বিশ্বনাথ কারক : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে যে ভোকেশানাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভলপমেন্ট বিল ২০১৩ ; এই ২০১৩-র বিল সম্পর্কে আমি গুরুত্বপূর্ণ কয়েকটি আলোচনা করছি। আপনার কাছে প্রথমেই আবেদন করি, যদি একটু সময়-এক মিনিট- লাগে, আপনি আমাকে দয়া করে সময়টা দেবেন। আমি আশা করেছিলাম যে, শুভাশিসবাবু যে বক্তব্যটা রাখলেন , উনি একজন শিক্ষাবিদ, কিন্তু বিলের যে গুরুত্ব সেই বিলের গুরুত্ব আরোপ উনি করলেন না। বর্তমানে করছি বলে, উনি অন্যদিকে এড়িয়ে গেলেন। আমি আশা করেছিলাম যে শুভাশিসবাবুর কাছে জিনিসটা ভালভাবে শুনব। আমি সংক্ষেপে বলছি যে বিল আজকে আমাদের উত্থাপন করা হয়েছে, আমাদের জানা দরকার ১৯৭৬ সাল থেকে আমাদের এই ভোকেশানাল ট্রেনিং প্রোগ্রাম এটা আমাদের ছিল ; মুছে গিয়েছিল, একবোরে মুখ থুবড়ে পড়েছিল।

[2.20–2.30 p.m.]

২০০৫-এ বামফ্রন্ট সরকার যখন ছিলেন তখন এই ভোকেশনাল শিক্ষা ব্যবস্থার ওপর গুরুত্ব আরোপ করে পশ্চিমবাংলাকে একটা জায়গায় নিয়ে গিয়েছিল। ২০০০ সালে পরিকাঠামোর অভাবে এটা অনেকটা পিছিয়ে পড়েছিল। পরে আস্তে আস্তে এই ভোকেশানাল ট্রেনিং প্রোগ্রামটাকে সমস্ত শিক্ষা ব্যবস্থার একটা জায়গায় নিয়ে গিয়েছিল। কারণ এই শিক্ষা ব্যবস্থা যদি থাকে, আজকে আমাদের বেকারের যে সংস্থান, সেই সংস্থান আমরা অনেকটা লাঘব করতে পারব। আজকে এই বিলের মধ্যে বিষয়টা আছে, সেটা সিলেক্ট কমিটিতে যাক আর ডাইরেক্ট ব্যবস্থা নেওয়া হোক, সত্যিকার যে গুরুত্ব দেওয়াটা সেটা হয়নি। আমি বলবো, এই শিক্ষা ব্যবস্থার সঙ্গে সতেরো হাজার শিক্ষক জড়িয়ে আছেন। সেই সতেরো হাজার শিক্ষকদের সম্পর্কে বিলে কিছু বলা নেই। এই সরকার কিছু করবে বলেও কোনো প্রতিশ্রুতি দেননি। যখন রবিরঞ্জনবাবু এই বিভাগের দায়িত্বে ছিলেন, তখন উনি হাউসে একবার বলেছিলেন এদেরকে পার্মানেন্ট করার জন্য। এরা যে বেতনটা পায় — সেটা হচ্ছে প্রায় ৭৮০০, আর ৭৮৫০ টাকা- সেটা খুবই কম। এরসঙ্গে চার রকমের শিক্ষক জড়িয়ে রয়েছেন। এরা সবাই কিন্তু কন্ট্রাকচুয়াল। এখানে পার্ট টাইম হিসাবে টিচার, ইনস্ট্রাকটার, কন্ট্রাকচুয়াল টিচার কন্ট্রাকচুয়াল ইনস্ট্রাকটার এরা জড়িয়ে রয়েছেন এবং প্রতি ক্লাসের জন্য ১৫০ টাকা, ১০০ টাকা করে পান। যারা কন্ট্রাকচুয়াল টিচার তারা পান ৭৮০০ টাকা, আর যারা কন্ট্রাকচুয়াল ইনস্ট্রাকটার তারা পান ৫৮৫০ টাকা। সব থেকে বড় কথা হল, এই সরকার এই বিল আনলেও যে কিছু করতে পারবে না তার পরীক্ষা আগেই হয়ে গেছে। আমাদের যে ভোকেশনাল অফিস আছে, যে ডাইরেক্টরেট অফিস আছে, কিছুদিন আগে অর্থাৎ ১২ই মার্চ ২০১৩-তে—শিক্ষক-শিক্ষিকারা তারা আট মাসের বেতন পাননি — আট মাসের বেতনের জন্য তারা অফিস গিয়েছিলেন। অফিস তাদের সঙ্গে দুর্ব্যবহার করেছে এবং থানায় নন বেলোবেল কেস দিয়ে চারজন মহিলা সহ তাদেরকে অ্যারেস্ট করে জেলখানায় পাঠিয়েছে। সেখানে তাদের কোনো কথা বলতে দেওয়া হয়নি। এই সরকার তারা আজকে বিল এনে বলছেন যে আমরা করবো। কিন্তু বিলের মধ্যে আছে কিছু যে আমরা করবো! এই হচ্ছে বিষয়। এছাড়া আরো আছে। সেটা হল, শিক্ষকদের যে কাজ, বাংলায় ১০০ নম্বর আছে, ইংরেজিতে ১০০ নম্বর, কম্পিটারের ১০০ নম্বর রয়েছে, ওয়ার্কশপ, ওয়েলিং, ফিটিংসে ১০০ নম্বর রয়েছে। বাকি যে বেসিক সাইন্স আছে কেমিস্ট্রিতে ৫০ নম্বর, অংকে ৫০ নম্বর রয়েছে। প্রতিদিন

গড়ে তাদের চারটে করে ক্লাস নিতে হয়। চারটে করে ক্লাস নেওয়ার পর তাদের যে পরিশ্রম হয় এবং তাদের যে খাটুনি হয় তার পয়সা তারা পায় না। সেইজন্য যে সতেরো হাজার শিক্ষক যুক্ত রয়েছেন, যারা বর্তমানে শিক্ষা দান করছেন তাদের সম্পর্কে সরকার কোনো কথাবার্তা বলেননি। তাদের সম্পর্কে বিলে কোনো আলোকপাত করেননি। সেইজন্য বলবো, এটা সিলেক্ট কমিটিতে যাক. আর ডাইরেক্ট তারা যাই আলোচনা করুক, বাস্তবে মনে হচ্ছে তারা কিছু করবেন না। তারা যদি মনে করেন এই বিলটা তারা এখনই পাশ করবেন, পাশ করে যদি অনুমোদন যায় অনুমোদনে যাবে। তার একটা সময় আছে। যদি সিলেক্ট কমিটিতে যায় সেখানেও একটা সময় আছে। অ্যাপয়েন্টমেনন্ট যে করবে সেটা আলোচনা করতে হবে। কিন্তু আমার বক্তব্য হচ্ছে, আগামী ভবিষ্যৎ তো আছেই, এখন সতেরো হাজার শিক্ষক যারা যুক্ত আছেন এবং যারা কন্ট্রাকচুয়াল হিসাবে আছেন তাদের সম্পর্কে সরকার কি ভেবেছে। সেটা ভেবে আগে দেখাক। তারপরে বিলের আলোচনা করবেন। কিন্তু সে সম্পর্কে কোনো আলোচনা করেননি। সেইজন্য আমি বলবো এটা দ্রুত সিলেক্ট কমিটিতে যাক, আলোচনার মধ্য দিয়ে, আর ডাইরেক্ট পাশের মধ্যে দিয়ে হয়।

সরকার এই পবিত্র সদনে বলুন যে বিল আনা হয়েছে এবং বর্তমানে যে বিল চলছে — শিল্পতো তারা আমাদের পশ্চিমবাংলায় আনতে পারল না — যদি এই ভোকেশানাল ট্রেনিংয়ের মধ্যে দিয়ে কিছু ক্ষুদ্র ও কুটির শিল্প এখানে গড়ে তোলা যায়, এখানকার ছাত্রদের যদি প্রশিক্ষণ দেওয়া যায়, তাহলে তাদের মানের উন্নয়ন হবে। হাতের কাজের মধ্যে দিয়ে তারা নিজের পায়ে দাঁড়াবে, উন্নয়নের দিকে এগিয়ে যাবে। এই কয়েকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

LAYING OF ORDER

Shri Manish Gupta : Sir, with your permission I beg to lay the Order No. 6058/PN/O/1/1/A-8/2013/(Pt,-1), dated the 10th December, 2013 issued by the Department of Panchayats and Rural Development, Government of West Bengal regarding lien/leave of absence of full-time office bearers in 3- tier Panchayat bodies.

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনার অনুমতিক্রমে কারিগরি শিক্ষা এবং বৃত্তিমূলক শিক্ষা এই দুটি সংযুক্তিকরণের জন্য এই সদনে যে বিল আনা হয়েছে সেই ব্যাপারে আমি আমার বক্তব্য রাখব। বিরোধী পক্ষের যারা এই বিলটিকে সিলেক্ট কমিটিতে পাঠানোর কথা বলে আরও কিছু ঢিলে করে, আরও কিছু সময় ব্যয় করিয়ে এই অগ্রগতির রথ, অগ্রগতির চাকাকে রুদ্ধ করার চেষ্টা করছেন, তাদের মনে করিয়ে দিতে চাই পশ্চিমবাংলায় এইভাবে সেই অগ্রগতিকে রোধ করা যাবে না। বিরোধী পক্ষের যারা বক্তব্য রাখলেন তাদের বক্তব্য থেকে বেসিক কনসেপ্টটাই আমি বুঝতে পারলাম না। মূলত ডঃ আশীষ ব্যানার্জী মহাশয় কিছুটা বোঝাতে পেরেছেন এবং পরে মাননীয় বিধায়ক কল্লোল খাঁ এবং শুভাশীষ বটব্যাল মহাশয় বাস্তব উপলব্ধিটা তাদের বক্তব্যের মধ্যে দিয়ে কিছুটা বোঝাতে পেরেছেন। কিন্তু আমি আপনাদের বক্তব্যের মধ্যে দিয়ে বুঝতে পারলাম না, ভোকেশানাল বিষয়টা নিয়ে আপনারা সবথেকে বেশী উদ্বিগ্ন কেন। ভোকেশানাল

এডুকেশানটা আপনারা কি করে গিয়েছিলেন সে ব্যাপারে আপনারা কোন কথাই বললেন না। আমার আগের বক্তা বিশ্বনাথ কারক মহাশয় বললেন তারা নাকি ছয় ম্যাস, আট মাস বেতন পাননি। তারজন্য তারা নাকি অবরোধ করেছিলেন ইত্যাদি ইত্যাদি। আপনি তো জানেন, আপনাদের সরকার এই ভোকেশানাল কাউন্সিল ২০০৫ সালে এই সদনে পাশ করিয়েছিলেন। আপনারা এতক্ষণ ৪,৮০০ ইত্যাদি ইত্যাদি বেতনের কথা বলছিলেন, কিন্তু যে অ্যাক্ট তারা করেছিলেন, যে অর্ডার তারা বার করেছিলেন সেই হিসাবেই তারা এটা পেতেন। শিক্ষক হিসাবে যাদের আপনারা নিয়োগ করেছিলেন, সেই শিক্ষকরা ঐ স্কুলের হেড মাস্টারের ক্রীতদাস হয়েছিল সেই ব্যাপারে আপনারা কিন্তু বিন্দুমাত্র চিন্তা করেননি। যে অর্ডার আপনারা পাশ করিয়েছিলেন অর্থাৎ ছয় মাস ধরে একটা কোর্স চলবে, ছয় মাস ধরে শিক্ষকরা ছাত্রদের শেখাবে তারপরে যে টাকাটা পাবে সেটা বেতন হিসাবে নয়, কতদিন তারা কাজ করেছে সেই হিসাবে তারা টাকাটা পাবে এবং হেডমাস্টার কাউন্সিল থেকে টাকা নিয়ে তাদের বেতন দেবেন।

[2.30–2.44 p.m.]

আজব বিষয় ৬ মাস আপনারাই ঠিক করলেন যে আপনাদের যারা আজকে এই ট্রেনিংগুলো দিচ্ছে বিদ্যালয়ে তাদের বেতন হবে ৬ মাস পরে। আজব শিক্ষা। এটাই কি কারিগরি ভোকেশনাল বৃত্তিমূলক শিক্ষার উপায় আপনারা বের করেছিলেন? তখন কি চিন্তা করতে পারেন নি ৬ মাস ধরে ঐ ছেলেটি, যে ছেলেটি , সে যে কাজই করুক না কেন, ৬ মাস পরে তাকে যদি বেতন দেওয়া হয় তাহলে সে খাবে কি? কিভাবে তার চলবে? এই বিষয়টা কিন্তু বিন্দু মাত্র আপনারা চিন্তা করেননি। আমি এ প্রশ্নে যাচ্ছি না। আমার প্রশ্ন হচ্ছে এই বিষয় নিয়ে কিছুক্ষণ আগেই আপনাদের মাননীয় বিধায়ক বললেন ১৭ হাজার শিক্ষক। আপনি জানেন, এই ভোকেশানাল যে এডুকেশান সিস্টেমটা, বিভিন্ন জায়গায় বিভিন্ন স্কুলে আপনারা তৈরী করেছিলেন, আদৌ শিক্ষক নয়, একজন শিক্ষক পাঁচটি জায়গা থেকে বেতন তুলতেন। সেটা কিন্তু পরোক্ষে আপনাদের ঐ সরকার মদত দিয়েছিলেন। কোথায় গিয়েছিল সেই টাকা? সেই টাকার হিসাব কোথায়? সে কথা কিন্তু একবারও আপনারা চিন্তা করেননি। আমি যে কথা বলতে চাইছি, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী, আমাদের পশ্চিমবাংলায় সর্ব স্তরের দক্ষতা ও প্রশিক্ষণ বৃদ্ধি করার সঙ্গে সঙ্গে নতুন করে আমাদের যুবকদের আজকে আধুনিক শিক্ষায় শিক্ষিত করতে চান। তার জন্যেই পশ্চিমবাংলার দক্ষতা উন্নয়ন মিশন প্রতিষ্ঠা করেছেন। মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর চেয়ার পার্সন। আমরা মনে করি, মুখ্যমন্ত্রীর নেতৃত্বে পশ্চিমবাংলার যুবকদের কাছে আগামী দিনে নতুন দিশা তৈরী হবে। তার জন্যে সর্ব প্রথম দরকার টেকনিক্যাল কাউন্সিল, ভোকেশানাল কাউন্সিল। আজকে ভোকেশানালে গ্রাম বাংলার ছাত্ররা তারা যদি ভাবে আমি একটা পলিটেকনিকের সাথে যুক্ত, আমি জিজ্ঞাসা করি, আজকে যারা বিভিন্ন গ্রাম অঞ্চলের যে সমস্ত বিধায়াকরা নির্বাচিত হয়ে এখানে এসেছেন সেখানকার গর্বে ঐ গ্রামের যুবকদের বুক ফুলে উঠবে কিনা আমি জিজ্ঞাসা করছি আপনাদের কাছে। আজকে সেই ছেলেটা যদি ভাবে আমি কোন কাউন্সিলের আন্ডারে, পলিটেকনিক কলেজ, যেখানে তাদের কাছে বিশ্ববিদ্যালয় হিসেবে চিহ্নিত। নিশ্চিতভাবে সেখানে নতুন করে কেটা মাত্রা যোগ হবে। সুতরাং এই জায়গায় দাঁড়িয়ে আমি আপনাদের কাছে সেই চিন্তা ধারার কথাটা বলছি। আপনারা ভাবলেন, পশ্চিমবাংলায় আপনারা

যে ব্যর্থতা রেখে গেছেন, যে হতাশা রেখে গেছেন — একটু সময় দিন, এই হাতশাটাকে দূর করার মতো একটু সুযোগ মাননীয়া মুখ্যমন্ত্রীকে দিন। এটাই আপনাদের কাছে আবেদন করছি। আর সময় নষ্ট করার সময় নেই। আর এক মুহূর্ত দেরী করার সময় নেই। কারণ এদের এগিয়ে যেতে হবে। এদের এগিয়ে চলতে হবে। আপনাদের বলি, আজকে প্রথম দরকার সমস্ত কোর্স, সিলেবাস নতুন করে তৈরী করা। ভোকেশানালের কোর্স কি ছিল? ভোকেশানাল যে সমস্ত বিদ্যালয়গুলো ভোকেশানালের টিচার নিয়েছেন, আর্ধেক নিয়েছেন পার্টির কমরেড করে। তাদেরকে পার্টির মিছিল করিয়েছিল। কিন্তু আমরা তাদের পার্টির মিছিলে আজকে যোগ করিনি। তাদেরকে আমরা বলেছি ৬ মাসের বেতন নয়, প্রতি মাসে মাসে তাদের বেতন দিতে হবে। আমরা প্রতি মাসে তাদের ব্যাঙ্কের অ্যাকাউন্টে বেতন পৌঁছে দিতে চেয়েছি। এটাই হচ্ছে আমাদের পরিবর্তনের সরকার। এই জায়গায় দাঁড়িয়ে নতুন পোস্ট তৈরী করতে হবে। ভাবতে পারেন,আমাদের এই রাজ্যে, আপনাদের দীর্ঘ সাড়ে ৩৪ বছরের অপদার্থতার হাজার হাজার ছেলে আজকে রাজস্থানে, কোথায় মধ্যপ্রদেশে তারা কাজ করতে যায়। আমাদের স্বর্ণ শিল্পীদের প্রচণ্ড দক্ষতা। আমাদের এখানকার দক্ষতাসম্পন্ন সেই সমস্ত যুবক, তারা কাজ করতে চলে যায় দিল্লিতে। আমরা কেন পারবো না? আমরা জেমস অ্যাণ্ড জুয়েলারীর তরফ থেকে ঠিক একই ভাবে আমরা চাই আমাদের এলাকায় এলাকায় তাদেরকে নতুন করে দক্ষতাসম্পন্ন যুবক তৈরী করতে। আমাদের এই রাজ্যেই সে শিল্প প্রতিষ্ঠিত হোক। এটাই হচ্ছে নতুন করে আমাদের এই সমস্ত কোর্সের লক্ষ্য। আমাদের লক্ষ্য কি? আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যেটা বারবার বলেন, ক্ষুদ্র ও বস্ত্র শিল্পের উন্নয়ন।

তার জন্য আমরা সেটাই চাই, আমাদের এই নতুন course-এর মধ্যে vocational এবং তার সঙ্গে পলিটেকনিক যৌথভাবে যে প্রয়াসের মধ্যে দিয়ে — আমরা চাই সেই জায়গায় নিচের তলায় আমাদের নতুন করে আমাদের সেই সমস্ত বস্ত্রশিল্প যারা তৈরি করে আমাদের যে সমস্ত তন্তুবায়, তাঁতি যারা আছে তাদেরকে নতুন করে আজকে ট্রেনিং করে উৎজ্জীবিত করা। তার জন্য আমরা ইতিমধ্যেই Reymonds কে নিয়ে এসেছি। আমরা চাই embroidery সেই সমস্ত আধুনিক প্রযুক্তি। যেটা আমাদের গ্রামে গ্রামে বিভিন্ন জায়গায় ইতিমধ্যে বেশ কিছু আমরা গ্রামে সেই সমস্ত স্কুলে পাঠিয়েছি। আপনারা খোঁজ করেননি তাই, জানতে পারেননি, Vocational আজকে এই ভাবে আধুনিক Vocational তৈরি হচ্ছে। Embroidery-তে আমাদের সিম্পিল সাধারণ একটা শাড়ি মেশিন -এর ব্যবহারের ফলে তার দশগুণ দামে বৃদ্ধি আজকে আমাদের এই জায়গায়। যারা এই সমস্ত শিল্পের সঙ্গে যুক্ত তারা পেতে পারত। আমাদের মুখ্যমন্ত্রী কিছুদিন আগে আপনারা দেখেছেন, যেটা সব চেয়ে বেশি Emphasis দিয়েছেন, অর্থাৎ আধুনিক ভাবে আমাদের readymade garments, জামা-কাপড় তৈরি করা যেটা আমাদের দুঃখ হয় বাংলাদেশ, খুব অল্প সময়ে তারা এ ব্যাপারে এগিয়ে গিয়েছে। সুতরাং , আমাদের দরকার এই course-টা সেই জায়গায় নামিয়ে যাওয়া। যেখানে আমাদের ছেলেরা আগামীদিনে শিখবে কি ভাবে আধুনিক প্রযুক্তিতে আমরা যে কোনো বিষয়ে আমরা অন্য জায়গা থেকে এগিয়ে এটাই হচ্ছে আমাদের লক্ষ্য। দুর্ভাগ্যের কথা, সাড়ে ৩৪ বছরে পশ্চিম বাংলায় সব মিলিয়ে আমাদের যে সমস্ত যুবকরা অর্থাৎ drop out students তারা এইট পাশের পর পয়সার অভাবে কোন জায়গা ভর্তি হতে পারেনি,

আজকে বিদ্যালয়ে ভর্তি হতে পারেনি। টেন প্লাসের পর তারা এগিয়ে যেতে পারেনি। টুয়েলভ পাশ কারার পর College পড়তে পারেনি। আজকে লক্ষ লক্ষ যুবক পশ্চিমবঙ্গে হতাশায় কেঁদেছে এবং এই যুবককে আগামীদিনে আমাদের প্রয়োজন। এই খানে দাঁড়িয়ে মাত্র সাড়ে ৩৪ বছরে এক লাখের বেশি তাদের ভবিষ্যতের দিশা দেখাতে পারেননি। আপনারা নাকি শিল্পের ব্যাপারে বিরাট সচেতন ছিলেন, যদি দক্ষতাই না তৈরি করতে পারেন এর মাধ্যমে, শিল্পপতিরা তখন আসবে কি ভাবে। আজকে আসবে আসবেও শিল্প মন্ত্রীর কথায় খালি নয়, কাজে প্রমাণ এটাই যে পশ্চিমবাংলায় শিল্প আসছে, আর আজকের দিনে দক্ষতার প্রয়োজন হয়েছে বলেই আজকে নতুন করে এই ভাবে আমাদের এগিয়ে যাওয়ার চিন্তা আছে। তাই স্যার, আপনাদের কাছে অনুরোধ করি এবং সমস্ত হাউস সদনের কাছে অনুরোধ করি বাংলার এই যুবকদের ভবিষ্যতের জন্য এই council অত্যন্ত -এর মধ্যে অন্য কিছু নতুন নেই, কোন অন্যায়ের বিরুদ্ধে যে সমস্ত ফাঁক, যে সমস্ত ত্রুটি এমনকি আপনাদের আমলে যে সমস্ত Private Polytechnic কলেজে হয়েছে সেই Private Polytechnic College যারা ইচ্ছামত ছাত্রদের কাছ থেকে পয়সা নিয়েছে। যা খুশি না পড়িয়ে তারা ছাত্রদের কাছ থেকে — আজকে অন্যায় করেছে, সেই সমস্ত ব্যাপারেও তাদের বিরুদ্ধেও আমরা যাতে প্রতিরোধের ব্যবস্থা করতে পারি। আজকে তার মধ্যে এই কাউন্সিলের মধ্যে নতুন করে যুক্ত করেছি। আমাদের মনে আছে বর্ধমানে একটা বিরাট লোকের নামে Sylvan Polytechnic College। আপনাদের খুব কাছের লোক, আমরা জানি আপনারা তাকে polytechnic college করার সুযোগ করে দিয়েছিলেন। প্রায় আড়াই হাজার ছাত্র। আড়াই হাজার ছাত্র তারা পরীক্ষা কি দেবে? পরীক্ষা দেওয়ার দরকার নেই। প্রতি পরীক্ষার আগেই তাদের বিশেষ করে পয়সাটা দিলেই তাদের পরীক্ষায় বসতে দেওয়া হবে না। এই ভাবে বিশাল আকারে যে আজকে Agitation, সেই Agitation-গুলো আমাদের করার কিছু ছিল না। এখন আমাদের হাতে আসল এই অন্যায়গুলো আমরা করতে দেব না, দেব না। এটা হচ্ছে মুখ্যমন্ত্রীর একমাত্র চেষ্টা। তাই আসুন নতুন করে এই বাংলার যুবকদের এগিয়ে নিয়ে যাওয়ার জন্য, এই সদনে সমর্থন করবেন এই বলে শেষ করছি, ধন্যবাদ।

Mr. Speaker : The Question before the House is that the Bill be referred to the Select Committee.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say No.

NOES have it, NOES have it.

The Question before the House is that The West Bengal State Council of Technical and Vocational Education and Skill Development Bill. 2013 be taken into consideration.

As many as are of that opinion will please say AYE.
As many as are of the contrary opinion will please say No.
AYES have it, AYES have it.

Mr. Speaker : There is no amendment to clauses 2 to 41`. So, I put to vote Clauses 2 to 41 do stand part of the Bill. As many as are of that opinion will please say, Aye, As many as are of the contrary opinion will please say, No. Ayes have it. Ayes have it.

There is no amendment to Clause 1, the enacting formula, the Preamble and the title of the Bill. So, I put to vote Clause 1, the enacting formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill. As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say, No. Ayes have it. Ayes have it.

Shri Ujjal Biswas : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal State Council of Technical and Vocational Education and Skill Development Bill, 2013 as settled in the Assembly, be passed.

শ্রী আনিসুর রহমান : স্যার, এই বিলটা খারাপ না ভাল তা নিয়ে আমাদের বিতর্ক নয়, ভাল বিল এনেছেন ভাল কাজ হোক আমরা চাই কোন বিরোধ নেই। প্লিজ, শুনুন। সবাইকে তো তাড়িয়েছেন।

...(গোলমাল)...

মিঃ স্পীকার : প্লিজ, প্লিজ, ওনাকে বলতে দিন না, এ কি কথা । উনি বলতে চাইছেন Under the rule, he has entitled to speak — বলতে দিন ওনাকে।

শ্রী আনিসুর রহমান : আপনার হয়ে তো বলছি আমরা। আমরা এই বিলের বিরুদ্ধে নয়। কিন্তু একটা নীতিগত প্রশ্ন আছে। পার্লামেন্টারী ডেমোক্রাসিতে ঝগড়া হয়, বিতর্ক হয়, তর্ক হয় সেই হতেই পারে । কিন্তু সেটা চিরকাল মনে রাখে না মানুষ। আর সব থেকে বড় কথা এর বাইরে কতগুলো জায়গা আছে, বিশ্বাসের জায়গা আছে। আমি অধ্যক্ষের ঘরে একটা মিটিং করবো সেই মিটিংয়ে যে আলোচনা হবে সেই আলোচনার কোন মূল্য থাকবে না।

মিঃ স্পীকার : আপনি বিলের উপর বলুন। আপনি এই সাবজেক্টের উপর বলুন।

শ্রী আনিসুর রহমান : আমাকে বলতে দিতে হবে স্যার।

মিঃ স্পীকার : না, আমি জানি আপনি কি বলবেন। সাবজেক্টের উপর বলুন। রুল অনুযায়ী বলবেন আপনি। রুল অনুযায়ী বলবেন আপনি।

শ্রী আনিসুর রহমান : এখানে কথা হচ্ছে যে, পার্থবাবু নিজে বললেন যে নতুন বিল এটা সিলেক্ট কমিটিতে পাঠাতে হবে। উনি আমাদের অ্যামেন্ডমেন্ট আনতে বললেন। সেইজন্য টাইম কমিয়ে এক ঘন্টা করা হল। সবাই সেখানে ছিলেন। এত বড় সুচাতুরী যদি করেন এই জিনিস হতে পারে না। যদি করেন গায়ের জোরে করুন। তাহলে আমরা প্রতিবাদ জানিয়ে চলে যাচ্ছি।

...(গোলমাল)...

মিঃ স্পীকার : মন্ত্রীর বিল মন্ত্রী বলতে পারেন। অনারেবেল মিনিস্টার আপনি কি বলবেন, Hon'ble Minister what you have got to say , you say

...(গোলমাল)...

শ্রী উজ্জ্বল বিশ্বাস : আমি বিরোধী নেতা আনিসুর রহমান সাহেবের উদ্দেশ্যে বলছি, কারণ এই বিল নতুন কোন কিছুই নয় সবই পুরাতন। ২০০৫ এবং ১৯৯৫ সালের বিল খালি একসঙ্গে আমাদের গ্রামের সেই সমস্ত যুবকদের উৎসাহিত করবার জন্য বিল সুতরাং এই বিলকে আপনাদের সমর্থন করবার জন্য অনুরোধ করছি।

Mr. Speaker : The question before the House is that the West Bengal State Council of Technical and Vocational Education and Skil Development Bill, 2013 as settled in the Assembly, be passed. As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will plase say, No. Ayes have it.

The Bill is passed. The Bill is passed.

Announcement from the Chair

Hon'ble Members, I am to inform you that today I have received an application from Shri Ajoy Dey, MLA elected from 86, Santipur Assembly Constituency tendering his resignation from the membership of the West Bengal Legislative Assembly under Article 190 (3)(b) of the Constitution of India and I have accepted the same with effect from the afternoon of 11th December, 2013.

Adjournment

The House was then adjourned at 2.44 p.m. till 12 noon on Thursday, the 12th December, 2013 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 12th December, 2013 at 12.00 noon

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 30 Ministers, 05 Ministers of State, 10 Parliamentary Secretary and 178 Members.

[11.00–11.10 a.m.]

Unstarred Questions
(to which written replies were laid on the Table)

মহকুমায় স্পোর্টস কমপ্লেক্স / স্টেডিয়াম

৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ৯) শ্রী তজমুল হোসেন : ক্রীড়া বিভাগেরভার প্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যের কয়টি মহকুমায় স্পোর্টস কমপ্লেক্স / স্টেডিয়াম আছে?

(খ) সেগুলি কোন কোন মহকুমায় অবস্থিত?

(গ) এছাড়া বাকী মহকুমায় ঐ ধরনের পরিকাঠামো গঠনের কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(ঘ) থাকলে, তার রূপরেখা কিরূপ?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্যের ৩৫টি মহকুমায় মোট ৪৭টি স্পোর্টস কমপ্লেক্স / স্টেডিয়াম আছে।

(খ) স্টেডিয়াম / স্পোর্টস কমপ্লেক্সগুলি নিম্নলিখিত মহকুমায় অবস্থিত :

দার্জিলিং সদর, শিলিগুড়ি, জলপাইগুড়ি সদর, আলিপুরদুয়ার, কোচবিহার সদর, বালুরঘাট, মালদহ সদর, চাঁচল, জঙ্গিপুর, বহরমপুর, কল্যাণী, কৃষ্ণনগর সদর, কালনা, বর্ধমান সদর উত্তর, বর্ধমান সদর দক্ষিণ, কাটোয়া, দুর্গাপুর, সিউড়ি সদর, বোলপুর, চন্দননগর, চুঁচুড়া, শ্রীরামপুর, হাওড়া সদর, উলুবেড়িয়া, কাঁথি, মেদিনীপুর সদর, ঘাটাল, ঝাড়গ্রাম, বিষ্ণুপুর, পুরুলিয়া সদর পুর্ব, ব্যারাকপুর, বারাসাত সদর, বিধাননগর, ডায়মন্ডহারবার, ক্যানিং।

(গ) হ্যাঁ, বাকী মহকুমায় ঐ ধরনের পরিকাঠামো গঠনের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে।

(ঘ) ঐ ধরনের পরিকাঠামো গঠনের জন্য উপযুক্ত জমি পেলে প্রকল্প চালু করা হবে।

স্টেডিয়াম নির্মাণ ও আধুনিকিকরণ

৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ১১) শ্রী তজমুল হোসেন : ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যে সরকারি ও বেসরকারি স্টেডিয়ামের সংখ্যা কত (পৃথক ভাবে) :

(খ) উক্ত স্টেডিয়ামগুলির আধুনিকীকরণের জন্য কি কি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(গ) নতুন কোনো স্টেডিয়াম গড়ার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্যে রাজ্য সরকারের অধীন এবং আর্থিক সাহায্যপ্রাপ্ত স্টেডিয়াম সংখ্যা ৫৫টি। এছাড়া, কিছু বেসরকারি বিদ্যালয়, মহাবিদ্যালয় এবং বেসরকারি সংস্থার নিজস্ব স্টেডিয়াম আছে।

(খ) উক্ত স্টেডিয়ামগুলিকে সকল প্রকার সুবিধা যুক্ত আধুনিক মানের স্পোর্টস কমপ্লেক্সে উন্নীত করার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলাসমাহর্তা ও কারিগরি বিভাগকে প্রকল্প পাঠানোর নির্দেশ দেওয়া হয়। প্রাপ্ত প্রকল্প অনুযায়ী ওই সকল স্টেডিয়ামগুলির আধুনিকীকরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

(গ) হ্যাঁ, আছে।

আলু, পাট ও ধান চাষীদের স্বার্থ রক্ষার্থে উন্নয়ন

৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩০) শ্রী তজমুল হোসেন : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

আলু চাষী, পাট চাষী ও ধান চাষীদের স্বার্থ রক্ষার্থে কি কি উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে / হচ্ছে?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (১) আলু চাষীদের স্বার্থ রক্ষার্থে এ বছর সরকারি নির্ধারিত মূল্যে শংসিত আলু বীজ রাজ্য বীজ নিগমের মাধ্যমে বিক্রয় করা হচ্ছে। এছাড়া আগামী মরশুমে সঠিক সময়ে ন্যায্য মূল্যে শংসিত বীজ আলু সরবরাহের লক্ষ্যে সরকারি বীজখামার / গবেষণা কেন্দ্র / কৃষি বিশ্ববিদ্যালয়ে খামারে মোট ২৭৫ একর জমিতে বীজ আলু উৎপাদনের পরিকল্পনা নেওয়া হয়েছে।

(২) পাট চাষীদের স্বার্থ রক্ষার্থে 'মিনি মিশন-২' প্রকল্পের মাধ্যমে ভরতুকি মূল্যে সংসিত পাট বীজ বণ্টন, বীজ কীট বিতরণ, উন্নত প্রযুক্তিতে পাটের প্রদর্শন ক্ষেত্র, ভরতুকি মূল্যে বীজ বপন যন্ত্র, নিড়ানী যন্ত্র, স্প্রে মেশিন ও নেল উইডির বিতরণ, প্রশিক্ষণ, পাট পচানোর গর্ত খনন, পচন পদ্ধতির প্রদর্শনী ও আগাছা নাশক বিতরণ করা হচ্ছে।

(৩) ধান চাষীদের সহায়তায় 'পূর্ব ভারতে দ্বিতীয় সবুজ বিপ্লব আনয়ন' ও 'জাতীয় খাদ্য

সুরক্ষা মিশন' প্রকল্পের মাধ্যমে উচ্চফলনশীল ও সংকর জাতের ধানের প্রদর্শন ক্ষেত্র খরিপ ও বোরো মরশুমে রূপায়িত হচ্ছে। এই প্রকল্পের মাধ্যমে চাষীদের মধ্যে শংসিত ধানের বীজ, বীজ শোধন ঔষধ, আগাছা নাশক, অনুখাদ্য, রোগ ও কীটনাশক বিনামূল্যে সরবরাহ করা হচ্ছে। এছাড়া পাম্পসেট সরবরাহ এবং তার বৈদ্যুতিকরণের সুবিধা এই প্রকল্পের মাধ্যমে ভরতুকিতে প্রদান করা হচ্ছে।

প্লাস্টিক মুক্ত শহর

৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭) **শ্রী তজমুল হোসেন :** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

বর্তমান আর্থিক বছরে এই রাজ্যে নিষিদ্ধ প্লাস্টিক মুক্ত শহরের সংখ্যা কত?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : পশ্চিমবঙ্গ সরকার গত ২৩.০৫.২০০৭ তারিখে ৪০ মাইক্রনের কম পুরু এবং ১৬ ইঞ্চি × ১২ ইঞ্চি-এর কম মাপের প্লাস্টিক ক্যারি ব্যাগ তৈরি, ব্যবহার এবং মজুতের ওপর নিষেধাজ্ঞা জারি করেছে (সংযোজনী ১)।

এছাড়াও পশ্চিমবঙ্গ সরকার প্লাস্টিক ক্যারি ব্যাগ প্রবেশ, ব্যবহার, বিক্রি, প্রক্রিয়াকরণ ইত্যাদির ব্যাপারে রাজ্যের নির্দিষ্ট কিছু জায়গা যেমন উপকূলবর্তী অঞ্চল, পাহাড়ি অঞ্চল, বনাঞ্চল এবং অন্যান্য স্পর্শকাতর বাস্তুসংস্থান সংক্রান্ত অঞ্চল ৩৯টি ঐতিহ্যবাহী জায়গা, দর্শনীয় স্থান, সরকারি ভবন এবং দপ্তর ও অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানে নিষিদ্ধ ঘোষণা করে বিজ্ঞপ্তি জারি করেছে (সংযোজনী ২ থেকে ৮)।

পর্ষদ বিভিন্ন সময় পৌরসভা / কর্পোরেশনগুলির সঙ্গে আলোচনায় জেনেছে যে তাদের মধ্যে অনেকে যেমন — দক্ষিণ দমদম, বারাসাত, ভাটপাড়া, রায়গঞ্জ, উত্তর ব্যারাকপুর ইত্যাদি পৌরসভা নিষিদ্ধ প্লাস্টিক ক্যারি ব্যাগ ব্যবহার বন্ধের ব্যাপারে ভালো উদ্যোগ গ্রহণ করেছে। পৌরসভাগুলি নিষিদ্ধ প্লাস্টিক ক্যারি ব্যাগ ব্যবহার বন্ধের ব্যাপারে নিয়মিতভাবে সচেতনতামূলক প্রচার, নজরদারি, জরিমানা আরোপ ইত্যাদি পদক্ষেপ গ্রহণ করেছে।

তাছাড়া উল্লেখ করা যেতে পারে যে প্লাস্টিক ওয়েস্ট (ম্যানেজমেন্ট ও হ্যান্ডলিং) আইন, ২০১১ অনুযায়ী প্রত্যেক পৌরসভা / কর্পোরেশন নিষিদ্ধ প্লাস্টিক ক্যারি ব্যাগ ব্যবহারে বিধিবদ্ধতা আরোপে দায়বদ্ধ।

(সংযোজনী ১-৮, লাইব্রেরির টেবিলে রাখা হল)

মহিলা কলেজের সংখ্যা

৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭৯) **শ্রী তজমুল হোসেন :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

রাজ্যে বর্তমানে কতগুলি মহিলা কলেজ আছে (জেলার নাম-সহ)

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : রাজ্যে বর্তমানে মোট ৪৬টি মহিলা কলেজ আছে।

রাজ্যের মহিলা কলেজ/মহাবিদ্যালয়গুলির জেলাভিত্তিক বিবরণ

ক্রমিক সংখ্যা	কলেজের নাম	জেলার নাম	বিশ্ববিদ্যালয়ের নাম
১।	দেশবন্ধু কলেজ ফর গার্লস, (১৯৫৫) (ডব্লিউ)	কলকাতা	কলকাতা বিশ্ববিদ্যালয়
২।	ইস্ট ক্যালকাটা গার্লস কলেজ, (১৯৯২) (ডব্লিউ)	কলকাতা	কলকাতা বিশ্ববিদ্যালয়
৩।	বাসন্তী দেবী কলেজ, (১৯৫৯) (ডব্লিউ)	কলকাতা	কলকাতা বিশ্ববিদ্যালয়
৪।	বেথুন কলেজ	কলকাতা	কলকাতা বিশ্ববিদ্যালয়
৫।	ক্যালকাটা গার্লস বি.টি.কলেজ (১৯৯৫) (ডব্লিউ)	কলকাতা	কলকাতা বিশ্ববিদ্যালয়
৬।	যোগমায়া দেবী কলেজ, (১৯৫৮) (দিবা) (ডব্লিউ)	কলকাতা	কলকাতা বিশ্ববিদ্যালয়
৭।	কিশোর ভারতী ভগিনী নিবেদিতা কলেজ	কলকাতা	কলকাতা বিশ্ববিদ্যালয়
৮।	লেডি ব্রাবোর্ন কলেজ	কলকাতা	কলকাতা বিশ্ববিদ্যালয়
৯।	মহারানী কাশীশ্বরী কলেজ, (১৯৬৪) (ডব্লিউ)	কলকাতা	কলকাতা বিশ্ববিদ্যালয়
১০।	মিলি আমিন কলেজ ফর উইমেন	কলকাতা	কলকাতা বিশ্ববিদ্যালয়
১১।	মুরলীধর গার্লস কলেজ (১৯৪০)	কলকাতা	কলকাতা বিশ্ববিদ্যালয়
১২।	রানী বিড়লা গার্লস কলেজ, (১৯৬১) (ডব্লিউ)	কলকাতা	কলকাতা বিশ্ববিদ্যালয়
১৩।	সাবিত্রী গার্লস কলেজ	কলকাতা	কলকাতা বিশ্ববিদ্যালয়
১৪।	সাউথ ক্যালকাটা গার্লস কলেজ, (১৯৩২) (ডব্লিউ)	কলকাতা	কলকাতা বিশ্ববিদ্যালয়

ক্রমিক সংখ্যা	কলেজের নাম	জেলার নাম	বিশ্ববিদ্যালয়ের নাম
১৫।	শেঠ সুরজমল জালান গার্লস কলেজ	কলকাতা	কলকাতা বিশ্ববিদ্যালয়
১৬।	দেশবন্ধু গার্লস কলেজ	কলকাতা	কলকাতা বিশ্ববিদ্যালয়
১৭।	সুরেন্দ্রনাথ কলেজ ফর উইমেন, (১৯৪৭) (ডব্লিউ)	কলকাতা	কলকাতা বিশ্ববিদ্যালয়
১৮।	ভিক্টোরিয়া ইনস্টিটিউশন, (১৯৩৩) (ডব্লিউ)	কলকাতা	কলকাতা বিশ্ববিদ্যালয়
১৯।	বিদ্যাসাগর কলেজ ফর উইমেন, (১৯৬০) (ডব্লিউ)	কলকাতা	কলকাতা বিশ্ববিদ্যালয়
২০।	বিবেকানন্দ কলেজ ফর উইমেন, (১৯৬১) (ডব্লিউ)	কলকাতা	কলকাতা বিশ্ববিদ্যালয়
২১।	উইমেন্‌স খ্রিস্টান কলেজ	কলকাতা	কলকাতা বিশ্ববিদ্যালয়
২২।	উইমেনস্‌ কলেজ, (১৯৩৭) (ডব্লিউ)	কলকাতা	কলকাতা বিশ্ববিদ্যালয়
২৩।	গোখেল মেমোরিয়াল কলেজ	কলকাতা	কলকাতা বিশ্ববিদ্যালয়
২৪।	বিজয়কৃষ্ণ গার্লস কলেজ	হাওড়া	কলকাতা বিশ্ববিদ্যালয়
২৫।	শ্রীরামপুর গার্লস কলেজ	হুগলি	কলকাতা বিশ্ববিদ্যালয়
২৬।	হুগলি উইমেন্‌স কলেজ, (১৯১৯) (ডব্লিউ)	হুগলি	কলকাতা বিশ্ববিদ্যালয়
২৭।	দুর্গাপুর উইমেন্‌স কলেজ, (১৯৭০) (ডব্লিউ)	বর্ধমান	বর্ধমান বিশ্ববিদ্যালয়
২৮।	রানীগঞ্জ গার্লস কলেজ (১৯৮০) (ডব্লিউ)	বর্ধমান	বর্ধমান বিশ্ববিদ্যালয়
২৯।	নিস্তারিণী কলেজ	পুরুলিয়া	বর্ধমান বিশ্ববিদ্যালয়
৩০।	রাজা এন. এল. কাহান কলেজ	পশ্চিম মেদিনীপুর	বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়
৩১।	বিবেকানন্দ শতবার্ষিকী মহাবিদ্যালয়, (১৯৬৪)	পশ্চিম মেদিনীপুর	বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়

ক্রমিক সংখ্যা	কলেজের নাম	জেলার নাম	বিশ্ববিদ্যালয়ের নাম
৩২।	প্রীতিলতা মহিলা মহাবিদ্যালয়	নদীয়াকল্যাণী	বিশ্ববিদ্যালয়
৩৩।	কৃষ্ণনগর উইমেন্‌স কলেজ, (১৯৫৮) (ডব্লিউ)	নদীয়াকল্যাণী	বিশ্ববিদ্যালয়
৩৪।	বহরমপুর গার্লস কলেজ	মুর্শিদাবাদ	কল্যাণী বিশ্ববিদ্যালয়
৩৫।	বাণীপুর মহিলা মহাবিদ্যালয়	উত্তর ২৪-পরগনা	ডব্লিউ.বি.এস.ইউ.
৩৬।	ভৈরব গাঙ্গুলি কলেজ ১৯৬৮ (দিবা + সান্ধ্য)	উত্তর ২৪-পরগনা	ডব্লিউ.বি.এস.ইউ.
৩৭।	মা সারদা মহাবিদ্যাপীঠ	উত্তর ২৪-পরগনা	ডব্লিউ.বি.এস.ইউ.
৩৮।	ঋষি বঙ্কিমচন্দ্র কলেজ ফর উওমেন, (১৯৮৪)	উত্তর ২৪-পরগনা	ডব্লিউ.বি.এস.ইউ.
৩৯।	সরোজিনী নাইডু কলেজ ফর উওমেন	উত্তর ২৪-পরগনা	ডব্লিউ.বি.এস.ইউ.
৪০।	মালদা উওমেন্‌স কলেজ, (১৯৭০)	মালদা	গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়
৪১।	বালুরঘাট মহিলা মহাবিদ্যালয়	দক্ষিণ দিনাজপুর	গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়
৪২।	ডঃ মেঘনাদ সাহা কলেজ	দক্ষিণ দিনাজপুর	গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়
৪৩।	শিলিগুড়ি গার্লস কলেজ	দার্জিলিং	উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়
৪৪।	সাউথফিল্ড কলেজ	দার্জিলিং	উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়
৪৫।	পি.ডি. উইমেন্‌স কলেজ	জলপাইগুড়ি	উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়
৪৬।	ঠাকুর পঞ্চানন মহিলা মহাবিদ্যালয়	কোচবিহার	উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়

সরকারি ও বেসরকারি বাসের সংখ্যা

৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৭) ডঃ তরুণকান্তি নস্কর : পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে মোট সরকারি বাসের সংখ্যা কত;

(খ) তন্মধ্যে দৈনিক গড়ে কত সংখ্যক বাস রাস্তায় নামে; এবং

(গ) রাজ্যে পারমিট প্রাপ্ত বেসরকারি বাসের সংখ্যা কত?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ৩১১০টি

(খ) ১,৭৮৯টি

(গ) ২২,৩১৯টি

কলকাতা শহরে বায়ু ও শব্দ দূষণ

৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬) **ডঃ তরুণকান্তি নস্কর :** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) কলকাতা শহরের বায়ু ও শব্দ দূষণের মাত্রা কত ও তা সহন ক্ষমতার কত উপরে, এবং

(খ) দূষণ প্রতিরোধে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে / হচ্ছে?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ কলকাতায় ৮টি আধা স্বয়ংক্রিয় (semi-automated) এবং ২টি স্বয়ংক্রিয় নিরীক্ষা কেন্দ্রের মাধ্যমে নিয়মিতভাবে আবহমাগুলিক বায়ুমান নিরীক্ষণ করে থাকে। এই নিরীক্ষা 'জাতীয় বায়ুমান নিরীক্ষণ কর্মসূচি' এবং 'রাজ্য বায়ুমান নিরীক্ষণ কর্মসূচি'র অন্তর্গত করা হয়। কেন্দ্রভিত্তিক বায়ুর গুণমানের বার্ষিক গড় এবং সহনক্ষমতা 'অতিরিক্ত বিষয় ক' হিসেবে সংযোজিত করা হল।

২০০৯ সালে জাতীয় আবহমাগুলিক বায়ুমানের পরিমাপ প্রকাশিত হয়, যাহাতে ১২ প্রকারের গুণমান দেখতে বলা হয়। এই ১২ প্রকারের গুণমান রাজ্যের কেবলমাত্র কিছু কিছু নিরীক্ষাকেন্দ্রতে মাপা হয়। 'অতিরিক্ত বিষয় ক' হিসেবে সংযোজিত তালিকাতে দেখা যায় যে, SO_2 ও NO_2 মাত্রা নির্ধারিত সীমার মধ্যে। বছরের কিছু সময়ে কিছু কিছু নিরীক্ষাকেন্দ্রে PM_{10}-এর পরিমাপ নির্ধারিত সীমার বেশি পাওয়া গেছে। এই সমস্ত তথ্যাদি নিয়মিত পর্ষদের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। সারা বছরের গড় PM_{10}-এর পরিমাপ সকল নিরীক্ষাকেন্দ্রের জন্য 'অতিরিক্ত বিষয় ক' হিসেবে দেওয়া তালিকা থেকে নির্ধারিত করা যায় এবং তার মান হল 105 ug/m^3। অর্থাৎ, গড় ও গুণমান নির্ধারিত সীমার প্রায় মধ্যেই থাকে, যদিও কোনো কোনো সময়ে পরিমাপ সীমার বেশি পাওয়া যায় বিশেষত শীতকালে।

কলকাতায় শব্দ দূষণ মাপার জন্য মোট ৫টি স্বয়ংচালিত যন্ত্র আছে। তার মধ্যে ৪টি বর্তমানে কার্যকরী আছে। ২৬.১১.২০১৩ তারিখে এই ৪টি যন্ত্রে তথ্য এবং শব্দের সহনক্ষমতা 'অতিরিক্ত বিষয় খ' হিসেবে সংযোজিত করা হল।

(খ) পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ কলকাতা শহরের বায়ু দূষণ প্রতিরোধে নানাবিধ পদক্ষেপ গ্রহণ করেছে এবং ভবিষ্যতে আরো বিভিন্ন ধরনের পদক্ষেপ নেওয়ার পরিকল্পনা আছে। কারখানা

ও যানবাহন থেকে নির্গত বায়ু দূষণ নিয়ন্ত্রণ করার জন্য শুধুমাত্র কলকাতাতে রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ কিছু নির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ করেছে যা বিস্তারিতভাবে নিম্নে বর্ণনা করা হল :

- কলকাতা মেট্রোপলিটান এলাকাতে দূষিত কারখানা স্থাপন করার স্থানবিশেষ সীমাবদ্ধ (Siting restriction)।
- কলকাতা মেট্রোপলিটান এলাকাতে বয়লার ও সেরামিক কিলনগুলির জন্য কঠোর বায়ুদূষণ নির্গমন পরিমাপ ধার্য করা হয়েছে। এছাড়াও, কলকাতা মেট্রোপলিটান এলাকাতে ছোট বয়লার, সেরামিক কিল্‌ন ও রোলিং মিলগুলিতে পরিবেশ-বান্ধব জ্বালানি (যেমন — তেল বা গ্যাস) ব্যবহার করা বাধ্যতামূলক করা হয়েছে।
- মহামান্য কলকাতা হাইকোর্টের নির্দেশানুযায়ী ১৫ বছরের পুরনো গাড়ি বাতিল করা হয়েছে।
- পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের কর্মীদের সক্রিয় সহযোগিতায় এপ্রিল ২০১২ — মার্চ ২০১৩ পর্যন্ত কলকাতা পুলিশের Anti-Pollution Cell-রে কর্মীরা রাত্রে যানবাহনের দূষণ পর্যবেক্ষণের সময় মোট ১১৮৬ সংখ্যক গাড়িকে জরিমানা করেছে। এর মধ্যে, ২২৯ সংখ্যক গাড়ি বায়ুদূষণজনিত অপরাধে এবং ৯৫৭ সংখ্যক গাড়ি বায়ুচালিত হর্ন ব্যবহারের জন্য অপরাধী। এই সংক্রান্ত তথ্য 'অতিরিক্ত বিষয় গ' হিসেবে সংযোজিত করা হল।
- মহামান্য কলকাতা হাইকোর্টের নির্দেশানুযায়ী পেট্রোলচালিত অটোরিক্সাগুলিতে জ্বালানি হিসেবে এল.পি.জি-র ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে।
- সীসাবিহীন পেট্রোল জ্বালানি হিসেবে কলকাতাতে ব্যবহার করা হচ্ছে।
- কম মাত্রাযুক্ত সালফার পেট্রোল ও ডিজেল কলকাতাতে ব্যবহার করা হচ্ছে।
- কলকাতাতে Auto Emission Testing Centre-গুলিকে উন্নততর করা হচ্ছে।
- বহু সংখ্যক উড়ালপুলের নির্মাণ করা হচ্ছে।

(গ) পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ কলকাতা শহরের শব্দ দূষণ প্রতিরোধে নানাবিধ পদক্ষেপ গ্রহণ করেছে এবং ভবিষ্যতে আরো বিভিন্ন ধরনের পদক্ষেপ নেওয়ার পরিকল্পনা আছে যা বিস্তারিতভাবে নিম্নে বর্ণনা করা হল :

- কিছু কিছু গুরুত্বপূর্ণ এলাকা যেমন — হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান ও বিচারালয়ের পার্শ্ববর্তী ১০০ মিটার এলাকাকে "শব্দহীন এলাকা" বা Silence Zone হিসেবে চিহ্নিত করা হয়েছে। এই সংক্রান্ত সরকারি নির্দেশগুলি "অতিরিক্ত বিষয় ঘ", "অতিরিক্ত বিষয় ঙ(১), ঙ(২), ঙ(৩)" হিসেবে সংযোজিত করা হল।
- পশ্চিমবঙ্গে বায়ুচালিত হর্ন-এর ব্যবহার, বিক্রি ও তৈরি বেআইনি করা হয়েছে, যা "অতিরিক্ত বিষয় চ" হিসেবে সংযোজিত করা হল।

- লাউডস্পিকার কেবলমাত্র সকাল ৬টা—রাত ১০টা পর্যন্ত মুক্ত এলাকায় উপযুক্ত অনুমতি নিয়ে ব্যবহার করা যাবে। মাইক্রোফোন ব্যবহারের সময় "Sound Limiter" ব্যবহার করা বাধ্যতামূলক। এই সংক্রান্ত সরকারী নির্দেশ "অতিরিক্ত বিষয় চ" হিসেবে সংযোজিত করা হল।

- শব্দ বাজি রুখতে রাজ্য সরকার পশ্চিমবঙ্গ সরকার পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের মাধ্যমে নানান ব্যবস্থা গ্রহণ করেছে যেমন — ০৯.১০.২০১৩ তারিখে ৯০ ডেসিবেল ইমপাল্স ৫ মিটার দূরত্বের বেশি শব্দ উৎপন্নকারী বাজি নিষিদ্ধ করার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশিকা জারি করা হয়। এই সংক্রান্ত সরকারী নির্দেশ "অতিরিক্ত বিষয় চ" হিসেবে সংযোজিত করা হল।

- পরিবেশ দপ্তর, পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ ও কলকাতা পুলিশের যৌথ উদ্যোগে শব্দ বাজির বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কলকাতার দেশপ্রিয় পার্ক থেকে হাজরা মোড় পর্যন্ত এক মিছিলের আয়োজন করা হয়। প্রায় সাত হাজার সাধারণ মানুষ, স্কুল-কলেজের ছাত্রবন্ধুদের উপস্থিতিতে এই মিছিল মহামিছিলের রূপ নেয়। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে মাননীয় মন্ত্রী, পরিবেশ দপ্তর, মাননীয় অ্যাডিশনাল চিফ সেক্রেটারি, পরিবেশ দপ্তর, মাননীয় সভাপতি, পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ এবং কলকাতা পুলিশের উচ্চপদস্থ আধিকারিকেরা এই মিছিলে অংশ নেন। এই সংক্রান্ত তথ্য "অতিরিক্ত বিষয় ছ" হিসেবে সংযোজিত করা হল।

- এছাড়াও, পর্ষদ নানাবিধ পরিবেশ সংক্রান্ত বিষয়ে বিশেষত শব্দ দূষণ সংক্রান্ত সচেতনতা বৃদ্ধির জন্য সময় সময় ছাত্রছাত্রী, সমাজের বিশিষ্ট ব্যক্তি, স্বেচ্ছাসেবী সংস্থা ও বিভিন্ন সরকারি দপ্তরের আধিকারিকদের সঙ্গে নিয়ে পদযাত্রা, আলোচনা সভা ইত্যাদির আয়োজন করে থাকে। এই সংক্রান্ত তথ্য "অতিরিক্ত বিষয় ছ" হিসেবে সংযোজিত করা হল।

- পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের সদর দপ্তরে কলকাতা ও তার পার্শ্ববর্তী অঞ্চলের বহুতল আবাসনের প্রতিনিধিদের সঙ্গে নিষিদ্ধ বাজির বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এক সাধারণ সভার আয়োজন করা হয়। প্রায় ১৭০০ বহুতল আবাসনের প্রতিনিধিদের এই সভাতে আমন্ত্রণ করা হয় ও তাঁদের নিষিদ্ধ শব্দবাজির ব্যবহার থেকে বিরত থাকতে অনুরোধ করা হয়। এই সংক্রান্ত তথ্য "অতিরিক্ত বিষয় ছ" হিসেবে সংযোজিত করা হল।

- কলকাতা পুলিশ ও পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ যৌথভাবে বাজি পরীক্ষা করে এবং তার ভিত্তিতে নগরপাল, কলকাতা পুলিশ নিষিদ্ধ বাজির তালিকা প্রকাশ করেন।

- বিভিন্ন উৎসবের সময় যেমন — দুর্গাপূজা, কালীপূজা ইত্যাদিতে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের সদর দপ্তরে বিশেষ কন্ট্রোল রুম খোলা হয়। উপরন্তু পর্ষদের প্রায় ২৬টি পর্যবেক্ষণ দল কলকাতা ও তার পার্শ্ববর্তী অঞ্চলে প্রায় সারা রাত্রিব্যাপী পর্যবেক্ষণ করে। পর্ষদের অন্যান্য আঞ্চলিক কার্যালয়গুলিতেও সারা রাত্রিব্যাপী পর্যবেক্ষণ করা হয়। এই সংক্রান্ত তথ্য "অতিরিক্ত বিষয় ছ" হিসেবে সংযোজিত করা হল।

- যানবাহনজনিত শব্দ দূষণ প্রতিরোধের জন্য কেন্দ্রীয় পরিবেশ মন্ত্রক যে নিয়মাবলী ধার্য করেছে তা "অতিরিক্ত বিষয় জ" হিসেবে সংযোজিত করা হল।
(সংযোজনী 'ক' — 'জ' লাইব্রেরির টেবিলে রাখা হল)

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের প্রসার

৪০। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭) ডঃ তরুণকান্তি নস্কর : খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

মে, ২০১১ থেকে ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ পর্যন্ত সময়কালে রাজ্যে কি কি খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প গড়ে উঠেছে (জেলাওয়ারি তথ্যসহ) ?

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

জেলার নাম	শিল্পসংস্থার নাম	উৎপাদিত পণ্য	আর্থিক বর্ষ
মুর্শিদাবাদ	শিব ইন্ডাস্ট্রিজ ফুড প্রাঃ লিঃ	রাইস মিল	২০১৩-১৪
হাওড়া	শ্রী কৃষান কোম্পানী ম্যানুফ্যাকচারার্স প্রাঃ লিঃ	আলু চিপ্‌স	২০১২-১৩
দঃ দিনাজপুর	কল্যাণী সলভেক্স প্রাঃ লিঃ	রাইস ব্রান অয়েল	২০১২-১৩
উঃ ২৪-পরগনা	এস.এ. এক্সপোর্টস	চিংড়ি প্রক্রিয়াকরণ	২০১২-১৩
বর্ধমান	তারা অয়েল ইন্ডাস্ট্রিজ	রাইস ব্রান অয়েল	২০১২-১৩
দঃ ২৪-পরগনা	আরিম আইসক্রিম ইন্ডাস্ট্রিজ প্রাঃ লিঃ	আইসক্রিম	২০১২-১৩
জলপাইগুড়ি	তেরাই ফুডস প্রাঃ লিঃ	বেকারি অ্যান্ড কন্‌ফেকশনারী	২০১২-১৩
হাওড়া	শ্রীধারা ফুডস প্রাইভেট লিমিটেড প্রক্রিয়াকরণ	কাজুবাদাম প্রক্রিয়াকরণ	২০১৩-১৪
মুর্শিদাবাদ	ফুডিস অ্যাগ্রো সস্ ইত্যাদি	জ্যাম, জেলি,	২০১২-১৩
মুর্শিদাবাদ	রামকৃষ্ণ ঘিঘি, মাখন	২০১২-১৩	
হাওড়া	সূর্যোদয় এডিবল্‌স ইন্ডিয়া প্রাঃ লিঃ	ডাল মিল	২০১৩-১৪
দঃ ২৪-পরগনা	হেরাল্ড ফুড অ্যান্ড কমোডিটিস প্রাইভেট লিমিটেড	জ্যাম, জেলি, সস্ ইত্যাদি	২০১৩-১৪
বর্ধমান	মজুমদার অ্যাগ্রো ইন্ডাস্ট্রিজ প্রাঃ লিঃ	রাইস মিল	২০১৩-১৪

জেলার নাম	শিল্পসংস্থার নাম	উৎপাদিত পণ্য	আর্থিক বর্ষ
দঃ দিনাজপুর	প্রণবানন্দ রাইস মিল	রাইস মিল	২০১৩-১৪
জলপাইগুড়ি	গীতা দেবী ফ্লাওয়ার মিল	আটা, ময়দা মিল	২০১৩-১৪
হুগলি	আনমোল বিস্কুট লিমিটেড	বিস্কুট	২০১৩-১৪
মুর্শিদাবাদ	শিব ফ্লাওয়ার মিল	আটা, ময়দা মিল	২০১৩-১৪
হাওড়া	গণেশ গ্রেনস্ লিমিটেড	ছাতু	২০১২-১৩
জলপাইগুড়ি	এন. আর. এস. অ্যাগ্রো	ডেয়ারি প্ল্যান্ট	২০১৩-১৪
উঃ ২৪-পরগনা	শিব অ্যাগ্রো প্রাইভেট লিমিটেড	আটা, ময়দা মিল	২০১২-১৩

বন্ধ কারখানার শ্রমিকদের সরকারি অনুদান

৪১। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৯) শ্রী অসিত মিত্র : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এপ্রিল ২০১৩ থেকে ৩০শে সেপ্টেম্বর ২০১৩ পর্যন্ত রাজ্যে মোট কতজন বন্ধ কারখানার শ্রমিককে সরকারি অনুদান দেওয়া হয়েছে; এবং

(খ) উক্ত ক্ষেত্রে ব্যয়িত অর্থের পরিমাণ কত?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) এপ্রিল ২০১৩ থেকে ৩০শে সেপ্টেম্বর ২০১৩ পর্যন্ত রাজ্যে মোট ১১,৮৪৮ জন বন্ধ কারখানার শ্রমিককে সরকারি অনুদান দেওয়া হয়েছে।

(খ) উক্ত ক্ষেত্রে ব্যয়িত অর্থের পরিমাণ ১০.৮৫ কোটি।

রাজ্যে সি.বি.আই. আদালত

৪২। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৩) শ্রী অসিত মিত্র : বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি —

৩০শে সেপ্টেম্বর ২০১৩, সাপেক্ষে রাজ্যে মোট সি.বি.আই. আদালতের সংখ্যা কত?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া : বর্তমানে মোট ৭টি বিশেষ সি.বি.আই. আদালত রাজ্যে রয়েছে নিম্নলিখিত আদালতগুলি হল :

(১) বিশেষ সি.বি.আই. আদালত — ১, বিচার ভবন, কলকাতা।

(২) বিশেষ সি.বি.আই. আদালত — ২, বিচার ভবন, কলকাতা।

(৩) বিশেষ সি.বি.আই. আদালত — ৩, বিচার ভবন, কলকাতা।

(৪) বিশেষ সি.বি.আই. আদালত — ৪, বিচার ভবন, কলকাতা।

(৫) বিশেষ সি.বি.আই. আদালত — আসানসোল, বর্ধমান।

(৬) বিশেষ সি.বি.আই. আদালত — আলিপুর, দক্ষিণ ২৪-পরগনা।

(৭) বিশেষ সি.বি.আই. আদালত — শিলিগুড়ি, দার্জিলিং।

এছাড়াও আরও তিনটি বিশেষ সি.বি.আই. আদালত যার দুইটি আলিপুরে এবং একটি আসানসোলে শীঘ্রই মন্ত্রিসভার অনুমোদন সাপেক্ষে স্থাপন করা হবে।

পশ্চিমাঞ্চল উন্নয়নে ব্যয়িত অর্থ

৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৬০) **শ্রী অসিত মিত্র :** পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

২০১১ সালের ১লা এপ্রিল থেকে ২০১২ সালের ৩১শে অক্টোবর পর্যন্ত পশ্চিমাঞ্চল উন্নয়নের কাজে ব্যয়িত অর্থের পরিমাণ কত?

পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ২০১১ সালের ১লা এপ্রিল থেকে ২০১২ সালের ৩১শে অক্টোবর পর্যন্ত পশ্চিমাঞ্চল উন্নয়নের কাজে ব্যয়িত অর্থের পরিমাণ ১৩৫,০১,৩৯,০২৩ (এক শত পঁয়ত্রিশ কোটি এক লক্ষ উনচল্লিশ হাজার তেইশ টাকা)।

রেশন ব্যবস্থা ঢেলে সাজাবার পরিকল্পনা

৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৪) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্তমানে রেশন ব্যবস্থা ঢেলে সাজাবার কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকলে, তার রূপরেখা কি?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রেশন ব্যবস্থা ঢেলে সাজাবার জন্য সরকার ইতিমধ্যে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে।

(খ) রেশন ব্যবস্থা ঢেলে সাজানোর জন্য গৃহীত ব্যবস্থাদির রূপরেখাগুলি নিম্নে বর্ণিত হল—

(১) রেশন কার্ডের ডিজিটালাইজেশন,

(২) রেশন সামগ্রী পৌঁছানো নিশ্চিত করতে এস.এম.এস. অ্যালার্ট চালু করা,

(৩) রেশন সামগ্রী বহনকারী ট্রাকগুলি নির্দিষ্ট রঙে রঞ্জিতকরণের ব্যবস্থা গ্রহণ করা,

(৪) ভিজিলেন্স কমিটি গঠন করে জোরদার নজরদারির ব্যবস্থা করা,

(৫) এম. আর. ডিস্ট্রিবিউটারের মাধ্যমে সরাসরি এম. আর. ডিলারদের রেশন সামগ্রী

পৌঁছানের ব্যবস্থা করা (কেবলমাত্র দুই ২৪ পরগনার নদী এলাকার কয়েকটি রেশন দোকান বাদে),

(৬) জনগণকে সচেতন করার জন্য সংবাদপত্রে ও লিফলেট-এর মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা করা,

(৭) জনগণের সুবিধার্থে অভিযোগ জানানোর জন্য দপ্তরে টোল-ফ্রি টেলিফোনের ব্যবস্থা গ্রহণ করা।

দুর্গাপুর বাস ডিপোর উন্নয়নে পরিকল্পনা

৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৫) **শ্রী সুনীল কুমার মণ্ডল : পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি** —

(ক) দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার অধীনে দুর্গাপুর বাস ডিপোটির উন্নয়নে কোনো পরিকল্পনা সরকার গ্রহণ করেছে কিনা?

(খ) করে থাকলে তার রূপরেখা কি?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) দুর্গাপুর বাস ডিপোর উন্নয়নের জন্য সরকার অর্থ মঞ্জুর করেছেন, যার প্রথম কিস্তিতে ডিপোর বাউন্ডারি ওয়াল তৈরি করা হয়েছে এবং দ্বিতীয় কিস্তিতে হার্ড স্ট্যান্ড তৈরির জন্য / মেরামতির জন্য বরাত দেওয়া হয়েছে। অতি শীঘ্র কাজ শুরু হবে।

বর্ধমান জেলায় প্রাকৃতিক দুর্যোগে ক্ষয়ক্ষতি

৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ২০৭) **শ্রী সুনীল কুমার মণ্ডল : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি** —

(ক) এটা কি সত্যি যে, বর্ধমান জেলার বিস্তীর্ণ অঞ্চলে সাম্প্রতিক ঘূর্ণিঝড়ে গরীব মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে;

(খ) সত্যি হলে, উক্ত মানুষের সাহায্যার্থে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে?

(এলাকা ভিত্তিক বিবরণ-সহ)

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, বর্ধমান জেলার আউশ গ্রাম-১, আউশ গ্রাম-২, কাঁকসা ও কেতুগ্রাম ব্লকের খুবই সামান্য এলাকায় ঘূর্ণিঝড়ের প্রকোপে ধানের ক্ষতি হয়েছে (১০০ শতাংশের নিরিখে বর্ধমান জেলায় ক্ষতির পরিমাণ প্রায় ২১০ হেক্টর)।

(খ) ক্ষতির পরিমাণ সামান্য হওয়ায় জাতীয় বিপর্যয় দপ্তরের প্রকল্পের অধীনে ক্ষতিগ্রস্ত কৃষকদের সাহায্য দেওয়া সম্ভব হয়নি।

তবে রাজ্য কৃষি বিভাগের 'বিকল্প ফসলের চাষ' প্রকল্পের মাধ্যমে বর্ধমান জেলায় রবিখন্দে বিভিন্ন ফসলের বীজ মিনিকিট বিতরণ করা হয়েছে এবং হচ্ছে। বীজ মিনিকিটের সংখ্যা নিম্নরূপ:

১। সরিষা বীজ মিনিকিট (১ কেজি প্রতি প্যাকেট) — ৫০০৯ টি
২। কলাই বীজ মিনিকিট (৪ কেজি প্রতি প্যাকেট) — ৩০০ টি
৩। খেসারি বীজ মিনিকিট (৮ কেজি প্রতি প্যাকেট) — ১০০ টি
৪। মুগ বীজ মিনিকিট (৪ কেজি প্রতি প্যাকেট) — ৭০০ টি
৫। হাইব্রিড ভুট্টা বীজ মিনিকিট (৩ কেজি প্রতি প্যাকেট)— ৫০০ টি

ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত কৃষকদের সাহায্য দান

৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ২০৮) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, বন্যা ও ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত কৃষকদের সাহায্যার্থে একটি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

(খ) সত্যি হলে, তার রূপরেখা কিরূপ (জেলাওয়ারি তথ্য সহ)?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ। প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত কৃষকদের সাহায্যার্থে একটি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

(খ) ২০১৩ সালে বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের সাহায্যার্থে ফসলের বীজ মিনিকিট ও সার-মিনিকিট বিতরণ করা হয়েছে এবং হচ্ছে। বন্যায় ক্ষতিগ্রস্ত পাঁচটি জেলা হল — পশ্চিম মেদিনীপুর, পূর্ব মেদিনীপুর, বাঁকুড়া, হাওড়া এবং হুগলি। ওই সব জেলাগুলিতে যে-সব বীজ ও সার মিনিকিট বিতরণ করার পরিকল্পনা নেওয়া হয়েছে তা নিম্নরূপ —

মিনিকিটের সংখ্যা

জেলার নাম	ধান বীজ মিনিকিট (৬ কেজি প্রতি প্যাকেট)	সরিষা বীজ মিনিকিট (১ কেজি প্রতি প্যাকেট)	মুসুর বীজ মিনিকিট (৪ কেজি প্রতি প্যাকেট)	মুগ বীজ মিনিকিট (৪ কেজি প্রতি প্যাকেট)	চীনা বাদাম বীজ মিনিকিট (১৫ কেজি প্রতি প্যাকেট)	তিল বীজ মিনিইম্পক্ট (১ কেজি প্রতি প্যাকেট	হাইব্রীড ভুট্টা বীজ মিনিকিট (৩ কেজি)	সার এন.পি.কে- ১০:২৬:২৬ (১০ কেজি প্রতি প্যাকেট)
পূর্ব মেদিনীপুর	১,৮৫,০০০	০	০	০	০	০	০	১,৮৫,০০০
পশ্চিম-মেদিনীপুর	৪৬,৮৪৭	৬৯,৮৭৫	৫,০০০	৮০০০	১১,০০০	২১,৪৫৪	১৪,০০০	১,৭৬,১৭৬
হাওড়া	০	২০,০০০	০	৪,০০০	৩,০০০	২৬,৮০০	৩,২৮৪	৫৭.০৮৪
হুগলী	৬,০০০	২৮,৫২০	০	২,৫০০	২,৫০০	১৬,০৩২	১,৭১৬	৫৬,২৬৮
বাঁকুড়া	০	১৪,০০০				২০,০০০	৩,০০০	৩৭,০০০
মোট মিনিকিটের সংখ্যা	২,৩৭,৮৪৭	১,৩২,৩৯৫	৫,০০০	১৪,৫০০	১৬,৫০০	৮৪,২৮৬	২২,০০০	৫,১১,৫২৮

শিক্ষকদের 'সাধারণ বদলি' সম্পর্কে গৃহীত সরকারি পদক্ষেপ

৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ২১১) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

সরকারি অনুমোদনপ্রাপ্ত বিদ্যালয়ের শিক্ষকদের 'সাধারণ বদলি' বিষয়ে সরকার কি কি পদক্ষেপ বা পরিকল্পনা গ্রহণ করেছে?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) সরকারি অনুমোদনপ্রাপ্ত বিদ্যালয়ের শিক্ষকদের 'সাধারণ বদলি' বিষয়ে সরকার বিদ্যালয় কৃত্যক আয়োগ আইন — ১৯৯৭ মোতাবেক পশ্চিমবঙ্গ বিদ্যালয় কৃত্যক আয়োগ (সাধারণ বদলি) নিয়মাবলী — ২০১৩ বিগত ০৮.১০.২০১৩ তারিখে সরকারি গেজেটে প্রকাশ করেছে।

(সংশ্লিষ্ট গেজেটটি সংযোজিত হল)

Registered No. WB / SC-320 No. WB/CPS/Raj-36(Part-1)/2013

The Kolkata Gazette

Extraordinary
Published aby Authority

ASVINA 16] TUESDAY, OCTOBER 8, 2013 [SAKA 1935

PART-I — Orders and Notifications by the Governor of West Bengal, the High Court, Government Treasury etc.

Government of West Bengal
School Education Department

NOTIFICATION

No. 1325-SE/S/1S-4/95 dt. 03.10.2013 — In exercise of the power conferred by section 17, read with subsection (1) and sub-section (2) of section 10B, of the West Bengal Central School Service Commission Act. 1997 (West Bengal, Act IV of 1997), as subsequently amended the Governor is hereby pleased to make the following rules, namely :-

Rules

1. **Short title and commencement :**
    (1) These rules may be called the West Bengal School Service Commission (General Transfer) Rules, 2013.
    (2) They shall come into force on the date of publication in the *(Offi cial) Gazette.*
2. **Definitions :**
    (1) In these rules, unless the context otherwise requires.
        (a) "Act" means the West Bengal School Service Commis -sion Act, 1997 (West Bengal Act IV of 1997).

(b) "Central Commission" means the West Bengal Central School Service Commission constituted under clause (a) of sub-section (1) of section 3 of the Act.

(c) "Confirmed" means confirmation in service by the School Managing Committee or the Administrator of a School of an employee who has rendered satisfactory service after being appointed in a normal vacancy and in the case of an additional post, if the Managing Committee of the school or the Administrator confirms the service of the employee after receipt of retention order of the post from the district inspector of school (SE) or the Director of School Education, West Bengal;

(d) "Form" means a Form appended to these rules ;

(e) "General Transfer" means transfer of an employee of a school from his present place of posting in a school to another place in same category of vacancy, subject and post in another school ;

(f) "incumbent" means a teacher or a non-teaching staff of a school of any category including librarian of a school ;

(g) "non-teaching staff" means, an employee who is not directly involved in teaching but, acts as a part of supporting system to the teaching and includes librarian ;

হাতির খাদ্যের জন্য বৃক্ষরোপণের উদ্যোগ

৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ২২৩) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যের বনাঞ্চলগুলিতে হাতিদের পর্যাপ্ত খাদ্যের জন্য গাছ লাগাবার বিষয়ে সরকারের কোনো উদ্যোগ আছে কি; এবং

(খ) থাকলে, তার রূপরেখা কিরূপ

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, রাজ্যের বনাঞ্চলগুলিতে হাতিদের পর্যাপ্ত খাদ্যের জন্য বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে।

(খ) দক্ষিণবঙ্গ ও উত্তরবঙ্গ দু-জায়গাতেই মাটির চরিত্রানুসারে ও অরণ্যের বিন্যাস অনুযায়ী হস্তীকুলের বাসস্থানের উন্নয়নকল্পে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে যেমন — কেন্দ্রীয় ও রাজ্য সরকারের প্রকল্প, CSS—Elephant Project, CSS—National Park / Sanctuary, State Plan মাধ্যমে বিভিন্ন রকমের গাছ লাগাবার প্রকল্প নেওয়া হয় বিশেষ রকমের tree fodder যেমন — কাঁঠাল, বেল, চালতা, চাকোলতা, লাটোর ইত্যাদি লাগানো হয় যাতে হাতি পাতা, ফল, ছাল ইত্যাদি খাবার হিসাবে পায় যা বিশেষ ভাবে পছন্দ করে।

এছাড়াও বিভিন্ন ঘাস ও বাঁশের প্ল্যান্টেশন করা হয় হাতিদের বিচরণভূমির অরণ্যভূমিতে এবং ঘাসের পুরানো প্ল্যান্টেশনে কন্ট্রোল বার্নিং-এর মাধ্যমে পুনর্জীবিত করা হয়। এছাড়াও বনভূমির মধ্যে পুকুর খনন করে জলের ব্যবস্থাও করা হয়েছে যাতে তৃষ্ণা-নিবৃত্ত ছাড়াও অবগাহন স্নান করেও সুষ্ঠুভাবে বনাঞ্চলে বিচরণ করতে পারে।

হাতি চলাচলের পথ দীর্ঘ হওয়ার জন্য দীর্ঘমেয়াদী ও তাৎক্ষণিক পরিকল্পনা নেওয়ার প্রয়োজন। এই কারণে দক্ষিণবঙ্গে ময়ূরঝর্না হস্তী সংরক্ষণ এলাকা (Mayurjharna Elephant Reserve) ও উত্তরবঙ্গে ইস্টার্ন ডুয়ার্স হস্তী সংরক্ষণ এলাকা (Eastern Dooars Elephant Reserve) গড়ে তোলা হয়েছে। উক্ত এলাকা হাতির বাসস্থানের উপযুক্ত আবাস গঠন করার পরিকল্পনা নেওয়া হয়েছে।

ক্রীড়াক্ষেত্রে উন্নয়নকল্পে ক্লাবকে অনুদান

৫০। (অনুমোদিত প্রশ্ন নং ২৩১) **শ্রী নির্মল ঘোষ :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

০১.০৪.২০১২ থেকে ৩০.০৯.২০১৩ পর্যন্ত রাজ্যের ক্রীড়াক্ষেত্রে উন্নয়নকল্পে খেলার মাঠ ও ক্লাবগুলিকে সরকারি অনুদানের মধ্যে কতগুলি ক্লাব ও মাঠের উন্নয়নে অর্থ প্রদান করা হয়েছে?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ২০১২-১৩ আর্থিক বর্ষে রাজ্যে ক্রীড়াক্ষেত্রে উন্নয়নকল্পে ৪২৬৫টি ক্লাবকে সরকারি অনুদান দেওয়া হয়েছে।

১৬১৪টি ক্লাবকে ২,০০,০০০/- টাকা করে।

৭৮১টি ক্লাবকে (বিগত আর্থিক বর্ষে ২ লক্ষ টাকা অনুদান প্রাপ্ত) ১,০০,০০০/- টাকা করে।

১৮৭০টি ক্লাবকে ২৫,০০০/- টাকা করে অনুদান দেওয়া হয়েছে।

২০১৩-১৪ আর্থিক বর্ষে রাজ্যে ক্রীড়াক্ষেত্রে উন্নয়নকল্পে ৩০.০৯.২০১৩ পর্যন্ত ৪৩৯৫টি ক্লাবকে সরকারি অনুদান দেওয়া হয়েছে—২০০০টি ক্লাবকে ২,০০,০০০/- টাকা, ২৩৯৫টি ক্লাবকে (বিগত আর্থিক বর্ষগুলিতে ২ লক্ষ টাকা অনুদান প্রাপ্ত) ১,০০,০০০/- টাকা করে;

উপরোক্ত সমস্ত ক্লাবগুলিকে ক্রীড়ার উন্নয়ন, ক্রীড়া মাঠের উন্নয়ন, ক্রীড়া পরিকাঠামো উন্নয়ন, ক্রীড়াসামগ্রী ক্রয় প্রভৃতি উন্নয়নমূলক কাজের জন্য অর্থ প্রদান করা হয়েছে।

যুব সমাজের শারীরিক ও মানসিক বিকাশ

৫১। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৬) **শ্রী নির্মল ঘোষ :** বিগত ২০শে মার্চ, ২০১৩ তারিখে মৌখিক উত্তরের জন্য প্রশ্নাবলীর সপ্তম তালিকায় উত্থাপিত *৮৭ নং (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৯) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) যুব সমাজের শারীরিক ও মানসিক বিকাশে গৃহীত পরিকল্পনাগুলির মধ্যে কতগুলি বাস্তবায়িত হয়েছে; এবং

(খ) এক্ষেত্রে ব্যয়িত অর্থের পরিমাণ কত?

যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) যুবকল্যাণ বিভাগের গৃহীত পরিকল্পনাগুলির মধ্যে বাংলা সংগীত মেলা বাদে বাকি সবগুলিই বাস্তবায়িত হয়েছে। পঞ্চায়েত নির্বাচন ও অন্যান্য কিছু আনুষাঙ্গিক অসুবিধার জন্য বাংলা সংগীত মেলা আয়োজন করা সম্ভব হয়নি।

(খ) (১) ছাত্র যুব উৎসবের অঙ্গ হিসাবে রাখী বন্ধন উৎসব, বিবেক ছাত্র যুব উৎসব ও বিশ্ব যুব উৎসব উদ্‌যাপন করা হয়েছে। এক্ষেত্রে মোট ১৩,৯৯,৭৩,০৩৬ টাকা খরচ হয়েছে।

(২) স্বল্প ব্যয়ে ছাত্র-যুবদের কমপিউটার প্রশিক্ষিত করার জন্য ৯০০-র বেশি যুব কমপিউটার প্রশিক্ষণ কেন্দ্রের অনুমোদন দেওয়া হয়েছে। এক্ষেত্রে বিভাগীয় কোনো অর্থ খরচ হয় না।

(৩) যুবক-যুবতীদের কর্মসংস্থানের লক্ষ্যে ২০টি বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র চালু আছে এছাড়া জঙ্গলমহল ও বিভিন্ন জেলায় মোটর ড্রাইভিং ও অন্যান্য বৃত্তিমূলক প্রশিক্ষণের জন্য মোট ৫৭,৩৯,৭৮১ টাকা খরচ করা হয়েছে।

(৪) রাজ্যের যুব-আবাসগুলির রক্ষণাবেক্ষণ ও নতুন যুব আবাস নির্মাণের জন্য মোট ২৯,৮৬,৮৮,২৯৮ টাকা খরচ করা হয়েছে।

(৫) পর্বতারোহণ ও রোমাঞ্চক ক্রীড়ার জন্য ব্যয়িত অর্থের পরিমাণ ৯৩,৯৪,০৮০ টাকা।

(৬) কবাডি ও তীরন্দাজির জন্য মোট ১,১৪,৬৪,০০০ টাকা খরচ করা হয়েছে।

(৭) রাজ্যের স্কুল, কলেজ, ক্লাব ও সংগঠনগুলির অধীনে থাকা খেলার মাঠের উন্নয়নের জন্য মোট ২,৯৪,০০,০০০ (১৪৭ টি ক্লাব / সংগঠন) টাকা দেওয়া হয়েছে।

(৮) যুবকদের শরীরচর্চার জন্য বিভিন্ন স্কুল / ক্লাবকে মাল্টিজিম নির্মাণ করার জন্য মোট ৯,৯৯,৫০,০০০ (৪৮৬ টি স্কুল / ক্লাব) টাকা আর্থিক সহায়তা করা হয়েছে।

(৯) বিভিন্ন খেলাধুলা আয়োজনের সুবিধার্থে বিভিন্ন স্কুল / ক্লাবকে মিনি-ইন্ডোর কমপ্লেক্স নির্মাণের জন্য মোট ৭,৬৩,৭২,০০৪ টাকা খরচ করা হয়েছে।

(১০) ক্রীড়া সরঞ্জাম ক্রয় করে বিভিন্ন স্কুল/ক্লাবকে সরবরাহ করার জন্য বিভিন্ন জেলাশাসক, জি.টি.এ. এবং ৬টি মিউনিসিপ্যাল কর্পোরেশনকে মোট ৯,৬৬,০০,০০০ টাকা দেওয়া হয়েছে।

(১১) যুব সমাজের বিজ্ঞানচেতনার প্রসার ঘটানোর জন্য বিজ্ঞানমেলা, বিজ্ঞান বিষয়ক আলোচনা ও বিভিন্ন ক্লাব/সংগঠনগুলিকে আর্থিক সহায়তা বাবদ ১,২৯,৭৬,৭৭০ টাকা ব্যয়িত হয়েছে।

সংগৃহীত ধান/চাল-এর পরিমাণ

৫২। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৭) **শ্রী নির্মল ঘোষ :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

২০১২ সালের ১লা এপ্রিল থেকে ২০১৩ সালের ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত মোট সংগৃহীত ধান/চাল-এর পরিমাণ (পৃথক ভাবে) কত?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ঐ সময়কালে মোট সংগৃহীত ধান ও চালের পরিমাণ হল — যথাক্রমে ৪১.১০ লক্ষ মেট্রিক টন ও ২৭.৯১ লক্ষ মেট্রিক টন।

ফুলচাষে উৎসাহদান

৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৬) **শ্রী তপন চ্যাটার্জী :** খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

পূর্বস্থলী এলাকায় প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত ফুলচাষীদের নতুন করে ফুলচাষে উৎসাহ প্রদানের জন্য সরকারের কোনো চিন্তা-ভাবনা আছে কি?

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ফুলচাষের এলাকা সম্প্রসারণের জন্য বর্ধমান জেলায় রাজ্য খাতে ৯৫,০০০/- টাকা বরাদ্দ করা হয়েছে।

এছাড়াও প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত ফুলচাষীদের আর্থিক সাহায্যের জন্য বিপর্যয় মোকাবিলা দপ্তরের নিকট প্রস্তাব পাঠানোর কাজ চলছে।

আয়লা বিধ্বস্ত অঞ্চলে নদী বাঁধ নির্মাণ

৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৪) **শ্রী সমীর কুমার জানা** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

৩১ শে অক্টোবর, ২০১৩ তারিখ সাপেক্ষে আয়লা বিধ্বস্ত দক্ষিণ ২৪-পরগনা জেলায় কত কিলোমিটার নদীবাঁধ নির্মাণ করা সম্ভব হয়েছে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : আয়লা বিধ্বস্ত দক্ষিণ ২৪-পরগনা জেলার অন্তর্গত পাথরপ্রতিমা, নামখানা, সাগর, কাকদ্বীপ, বাসন্তী, গোসাবা ব্লকে ১৬ কিমি মাটির বাঁধ প্রায় পূর্ণাঙ্গ চেহারায় মাথা তুলে দাঁড়িয়েছে।

পি.এম.জি.এস.ওয়াই.-এ নির্মিত রাস্তার দৈর্ঘ্য

৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৮) **শ্রী সমীর কুমার জানা** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে, রাজ্যে প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় কত কিলোমিটার রাস্তা তৈরি করা হয়েছে; এবং

(খ) কেন্দ্রীয় সরকারের অনুমোদনের জন্য রাজ্যে কত কিলোমিটার নতুন রাস্তা নির্মাণের প্রস্তাব প্রেরণ করা হয়েছে?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে, রাজ্যে PMGSY-এর ১৩৩৭৩.৪৫ কি.মি. রাস্তা তৈরি করা হয়েছে; এবং

(খ) কেন্দ্রীয় সরকারের অনুমোদনের জন্য রাজ্যে ৩৫০০.৯৬২ কি.মি. আপগ্রেডেশন/নতুন রাস্তা নির্মাণের প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

সরকারি আবাসনের সংখ্যা

৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩০০) **শ্রী শাহাজাহান চৌধুরী** : আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে মোট সরকারি আবাসনের সংখ্যা কত;

(খ) উক্ত সময়কালে সরকারি আবাসনগুলিতে

(১) মোট ফ্ল্যাটের সংখ্যা কত, ও

(২) মোট খালি ফ্ল্যাটের সংখ্যা কত; এবং

(গ) নতুন সরকারি আবাসন গড়ার বিষয়ে সরকারের কোনো পরিকল্পনা আছে কি?

আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : আবাসন দপ্তরের অধীনে দু-প্রকারের আবাসন আছে।

(ক) সারা রাজ্যে মোট সরকারি আবাসনের সংখ্যা — ১৯২ তন্মধ্যে,

আর.এইচ.ই.-র সংখ্যা (সরকারি কর্মচারীর জন্যে) — ১০৩

তন্মধ্যে, ৩৭টি আর.এইচ.ই. কলকাতা এবং পার্শ্ববর্তী অঞ্চলে অবস্থিত এবং বণ্টন ব্যবস্থা আবাসন দপ্তর কর্তৃক নিয়ন্ত্রিত। বাকী আর. এইচ. ই. গুলি জেলায় অবস্থিত এবং বণ্টন ব্যবস্থা জেলা প্রশাসন কর্তৃক নিয়ন্ত্রিত।

পি.আর.এইচ.ই.-এর সংখ্যা (সর্বসাধারণের জন্যে) - ৮৯

উপরোক্ত পি. আর. এইচ. ই. গুলির বণ্টন ব্যবস্থা আবাসন দপ্তরের অধীন এস্টেট ম্যানেজারের দপ্তর কর্তৃক নিয়ন্ত্রিত।

(খ) (১) মোট ফ্ল্যাটের সংখ্যা : ৩২,৭৫৫

মোট আর. এইচ. ই. ফ্ল্যাটের সংখ্যা : ১২,৪৭১

তন্মধ্যে,

মোট আর. এইচ. ই. খালি ফ্ল্যাটের সংখ্যা : ১,৪০৭

মোট পি. আর. এইচ. ই. ফ্ল্যাটের সংখ্যা : ২০,২৮৪

তন্মধ্যে,

মোট পি. আর. এইচ. ই. খালি ফ্ল্যাটের সংখ্যা : ১৬০

(গ) হ্যাঁ।

এই সময়ে পশ্চিমবঙ্গ সরকার বিভিন্ন জেলায় সরকারি কর্মচারীদের জন্য সরকারি আবাসন তৈরির প্রস্তাব বাস্তবায়িত করছে।

যে সমস্ত প্রকল্পগুলির কাজ চলছে :

(১) খাতরা, বাঁকুড়া

(২) বিষ্ণুপুর, বাঁকুড়া

(৩) সিটি সেন্টার, দুর্গাপুর, বর্ধমান

(৪) বাছুরডোবা, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর

(৫) মাধবপুর, ডায়মন্ডহারবার, দক্ষিণ ২৪-পরগনা, এছাড়াও, যে সমস্ত প্রকল্প বাস্তবায়নের পথে সেগুলি হল :

(১) কোচবিহার,

(২) কাঁথি, পূর্ব-মেদিনীপুর

(৩) বুনিয়াদপুর, দক্ষিণ দিনাজপুর

(৪) ঘাটাল, পশ্চিম-মেদিনীপুর

(৫) রঘুনাথপুর, পুরুলিয়া

(৬) সল্টলেক

রাজ্যের গ্রন্থাগারিকের শূন্যপদ

৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৩) শ্রী শাহাজাহান চৌধুরী : জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে, রাজ্যের গ্রন্থাগারগুলিতে গ্রন্থাগারিকের শূন্যপদের সংখ্যা কত; এবং

(খ) উক্ত শূন্যপদ পূরণে সরকারের কোনো পরিকল্পনা আছে কিনা?

জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :(ক) সরকারি গ্রন্থাগারে গ্রন্থাগারিকের শূন্যপদ ৪টি। সরকার-পোষিত গ্রন্থাগারে গ্রন্থাগারিকের শূন্যপদ — ৮৪৪টি। সরকারি গ্রন্থাগারে সাহায্যপ্রাপ্ত গ্রন্থাগারিকের শূন্যপদ — ৩টে। মোট শূন্যপদ — ৮৫১টি

(খ) হ্যাঁ, এ বিষয়ে সুনির্দিষ্ট প্রস্তাব অর্থ দপ্তরের বিবেচনাধীন।

মাধ্যমিক স্তরে আংশিক শিক্ষকদের বেতন

৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩১৩) শ্রী শাহাজাহান চৌধুরী : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে মাধ্যমিক স্তরে আংশিক শিক্ষকদের বেতন বৃদ্ধির একটি পরিকল্পনা নেওয়া হয়েছে; এবং

(খ) সত্যি হলে, কবে থেকে তা কার্যকরী হবে বলে আশা করা যায়?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বেতন বৃদ্ধির পরিকল্পনা এখনও অবধি নেই।

(খ) পূর্বোক্ত উত্তর দ্রষ্টব্য।

রাজস্ব আদায় বৃদ্ধি

৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩২৮) শ্রী সুনীল কুমার মণ্ডল : অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

রাজস্ব আদায় বৃদ্ধির ব্যাপারে সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করেছে কি?

অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

রাজ্যে নতুন গ্রন্থাগার স্থাপন

৬০। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪৪) শ্রী অশোক রায় : জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

৩০শে সেপ্টেম্বর, ২০১৩ তারিখ সাপেক্ষে বর্তমান রাজ্য সরকার কতগুলি নতুন গ্রন্থাগার করেছে/করছে?

জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ তারিখ সাপেক্ষে বর্তমান রাজ্য সরকার দ্বারা কোনো নতুন গ্রন্থাগার স্থাপন করা হয়নি। তবে কিছু নতুন গ্রন্থাগার স্থাপনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

আর্সেনিক দূষণমুক্ত পানীয় জল সরবরাহ প্রকল্প

৬১। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫২) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা :** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

২০১৩-১৪ অর্থবর্ষে দক্ষিণ ২৪-পরগনা জেলায় মোট কত সংখ্যক আর্সেনিক দূষণমুক্ত পানীয় জল সরবরাহ প্রকল্পের কাজ শুরু হয়েছে?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : দক্ষিণ ২৪-পরগনা জেলায় আর্সেনিক প্রভাবিত ব্লকের গ্রামগুলিকে 'দক্ষিণ ২৪-পরগনা জেলা আর্সেনিক প্রভাবিত এলাকায় ভূপৃষ্ঠ জলভিত্তিক জল সরবরাহ প্রকল্প' নামক প্রকল্প দ্বারা ইতিমধ্যেই আওতাভুক্ত করা হয়েছিল। এই প্রকল্পটি ৩৭৭.২৫ কোটি (তিনশত সাতাত্তর কোটি পঁচিশ লক্ষ) টাকা ব্যয়ে ৩০.৩০ লক্ষ (ত্রিশ লক্ষ ত্রিশ হাজার) প্রকল্পিত জনসংখ্যা আওতাভুক্ত করার লক্ষ্যে ২০০৩ সালের মার্চ মাসে চালু করা হয়েছিল। আর্সেনিক প্রভাবিত ১০টি ব্লক, যথা — বজবজ-২, বিষ্ণুপুর-১, বিষ্ণুপুর-২, মগরাহাট-২, জয়নগর-১, ভাঙর-১, সোনারপুর, বারুইপুর, বজবজ-১ এবং ঠাকুরপুকুর-মহেশতলা এবং রাজপুর-সোনারপুর ও বারুইপুর এই দুটি পৌরসভা এই প্রকল্পের অন্তর্ভুক্ত। আজ পর্যন্ত এই জেলায় সম্পূর্ণ অথবা আংশিক আর্সেনিক প্রভাবিত গ্রাম নেই যেখানে আর্সেনিকমুক্ত নিরাপদ নলবাহিত পানীয় জলের সুবিধা দেওয়া হয়নি।

যাই হোক, 'দক্ষিণ ২৪-পরগনা জেলায় কুলপি এবং সংলগ্ন ব্লকে ভূপৃষ্ঠ জলভিত্তিক জল সরবরাহ প্রকল্প' ১৩৩২.৪১ কোটি (এক হাজার তিনশত বত্রিশ কোটি একচল্লিশ লক্ষ) টাকা অনুমোদিত ব্যয়ে ৩২.৮৯ লক্ষ (বত্রিশ লক্ষ উনননব্বই হাজার) প্রকল্পিত জনসংখ্যা আওতাভুক্ত করার লক্ষ্যে ২০১২-১৩ অর্থবর্ষে অনুমোদিত হয়েছে। কুলপি, ডায়মন্ডহারবার-১ ও ২, ফলতা, জয়নগর-২, কুলতলি, মগরাহাট-১, মন্দির বাজার এবং মথুরাপুর-১ ও ২ এই ১০টি ব্লক এই প্রকল্পের অন্তর্গত যেগুলি এই জেলায় আর্সেনিক প্রভাবিত ব্লকগুলির সংলগ্ন। এই প্রকল্পের কাজ ২০১৩-১৪ অর্থবর্ষে ২০১৩ সালের এপ্রিল মাসে শুরু হয়েছে এবং ২০১৫ সালের ৩১শে মার্চ নাগাদ শেষ হবে।

ময়নাগুড়িতে বাস টারমিনাস স্থাপন

৬২। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬২) **শ্রী অনন্তদেব অধিকারী :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ময়নাগুড়িতে দূরপাল্লার বাস টারমিনাস তৈরির পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত প্রকল্পের কাজ শুরু হবে বলে আশা করা যায়?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ময়নাগুড়িতে দূরপাল্লার বাস টারমিনাস তৈরির পরিকল্পনা সরকারের তথা উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার বিবেচনাধীন আছে।

(খ) খুব দ্রুত হবে।

চুঁচুড়া বিধানসভা কেন্দ্রে পর্যটন কেন্দ্র

৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮১) **শ্রী অসিত মজুমদার :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

হুগলি জেলার চুঁচুড়া বিধানসভায় 'শরৎচন্দ্র চট্টোপাধ্যায়'-এর জন্মভিটা দেবানন্দপুরে পর্যটন কেন্দ্র গড়ে তোলার কোনো পরিকল্পনা সরকারের আছে কি?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : এখনও পর্যন্ত কোনো প্রস্তাব নেই।

পুরুলিয়া জেলায় কায়রু ড্যাম প্রকল্প

৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯৭) **শ্রী নেপাল মাহাত :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

৩০শে সেপ্টেম্বর, ২০১৩ তারিখ সাপেক্ষে পুরুলিয়া জেলার কায়রু ড্যাম প্রকল্পের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : বর্তমানে সেচ দপ্তরে উক্ত সেন্ট্রাল ডিজাইন অফিসে উক্ত প্রকল্পের পূর্বপ্রস্তুত নক্সাটির পুনর্বিবেচনা করে যতদূর সম্ভব কম খরচে যাতে ড্যাম তৈরি করা যায় সেই প্রক্রিয়া চলছে।

পঞ্চায়েত অফিসে নিম্নবর্গীয় সহায়ক পদ শূন্য

৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪০০) **শ্রী নেপাল মাহাত :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের গ্রাম পঞ্চায়েত অফিসগুলিতে অধিকাংশ নিম্নবর্গীয় সহায়ক পদ শূন্য রয়েছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত পদ পূরণে কী কী ব্যবস্থা নেওয়া হয়েছে?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) এই প্রশ্নের উত্তরে জানানো যায় যে বর্তমানে রাজ্যের গ্রাম পঞ্চায়েতগুলিতে 'নিম্নবর্গীয় সহায়ক' নামে কোনো পদ নেই।

(খ) অষ্টম পঞ্চায়েত সাধারণ নির্বাচনের পর অধিকাংশ জেলাগুলিতে গ্রাম পঞ্চায়েত অফিসের শূন্য পদগুলি পূরণের জন্য উদ্যোগ নেওয়া হয়েছে।

এম.জি.এন.আর.ই.জি.এ. প্রকল্পে ব্যয়িত অর্থ

৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪০১) **শ্রী নেপাল মাহাত :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ২০১১-২০১২ ও ২০১২-২০১৩ অর্থবর্ষে রাজ্যে এম.জি.এন.আর.ই.জি.এ. প্রকল্পে ব্যয়িত অর্থের পরিমাণ কত (জেলাওয়ারি আলাদা আলাদাভাবে তথ্য); এবং

(খ) তন্মধ্যে, পুরুলিয়া জেলাতে কত?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ২০১১-২০১২ ও ২০১২-২০১৩ অর্থবর্ষে এম.জি.এন.আর.ই.জি.এ. প্রকল্পে ব্যয়িত অর্থের জেলাওয়ারি বিবরণ নীচে দেওয়া হল —

(খ) উক্ত দুই অর্থবর্ষে পুরুলিয়া জেলার মোট অর্থের হিসাবে ব্যয়িত অর্থের বিবরণ নীচে দেওয়া হল—

	মোট অর্থ	ব্যয়িত অর্থ
২০১১-২০১২	১৩৭ কোটি ৪৫ লক্ষ টাকা	১২৭ কোটি ৯৭ লক্ষ টাকা
২০১২-২০১৩	১৭৭ কোটি ৬৯ লক্ষ টাকা	১৬৯ কোটি ৪৫ লক্ষ টাকা

২০১১-২০১২ ও ২০১২-২০১৩ অর্থবর্ষে এম. জি. এন. আর. ই. জি. প্রকল্পে

জেলাওয়ারি ব্যয়িত অর্থের পরিমাণ

জেলার নাম	২০১১-২০১২		২০১২-২০১৩	
জলপাইগুড়ি	২০৭৮৭.১৩	১৯৪৩১.২১	২২২২৩.৬৪	২০৭৯৫.৮৭
উত্তর দিনাজপুর	৫২১৩.২৩	৪৩৬৯.৯১	৪৬৫০.৫৫	৩৭০২.৯৫
দক্ষিণ দিনাজপুর	৩৩৮১.৫৫	২৯৯৪.৮৬	৭৩৬৮.৮৫	৬৯২৩.০৩
মালদা	১১৩৯৪.৯৪	১১১৯১.৮৬	১৪৪৯৩.০৮	১৩৭৮৩.৪২

জেলার নাম	২০১১-২০১২		২০১২-২০১৩	
মুর্শিদাবাদ	১৭৩১৪.৩৩	১৬৩৮২.৯৬	২৫২৬২.১৩	২৩৭০৭.৫৯
দক্ষিণ ২৪-পরগনা	১৪৭৭৪.৪১	১২৯২২.২৭	২৪৮৬৮.৯৬	২২২৬৭.২৮
পশ্চিম মেদিনীপুর	২৫২৩৪.১৯	২২৬৬৪.১৩	৩২৬১৫.৫২	২৯৫১৬.৭১
বাঁকুড়া	২২৩৮৩.৮৪	২১৪৩৫.৯৭	২৩৯৪১.৮০	২৩২৭৫.৭১
পুরুলিয়া	১৩৭৪৫.৩৫	১২৭৯৭.০৩	১৭৭৬৯.২৪	১৬৯৪৫.৬৫
বীরভূম	৩০৬৭৪.৬৩	২৯৯৮৫.১৮	৩৪২৪২.৩৪	৩৩০৪০.৯৮
কোচবিহার	১০২০৮.৮৫	৮৭৬৮.০৭	৯৮২৭.৫০	৮৮৯৪.৪৩
দার্জিলিং (পার্বত্য এলাকা)	১১৭৯৫.৭৪	১১২৬৪.৭৩	১৬৯৮৩.০০	১৬৯২৩.৪৪
শিলিগুড়ি মহকুমা পরিষদ	১৪৯৬.১৮	১৪২৭.৪৩	২০৮৫.৫৬	১৮৪৬.৮৭
নদীয়া	১০৪৮২.৫৯	১০০২২.২১	১৬৫৯০.৩১	১৫৬৮৭.৫৩
উত্তর ২৪-পরগনা	২৭৫৩১.৪৬	২৭১৩৯.৫৮	৩১৬৭৭.১৮	৩১৪০৪.৮৮
হুগলি	২৪০৩১.০৪	২৩০৮৭.২৬	৩৩০২৯.৪৫	৩২১৯৮.০৯
পূর্ব মেদিনীপুর	১৮০৯৬.২৯	১৭৫০৯.২৮	৩৪১০২.২০	৩৩৭৩৯.৯৫
বর্ধমান	৩৭৬০৩.২০	৩৫৯০৬.৬৫	৫০১৪৬.২২	৪৬২৬০.৮৮
হাওড়া	৪১৯৮.২৪	৩৩৬৯.৭২	৭৭৯১.৩৬	৭৪৫৫.২৭
মোট	৩১০৩৪৭.১৮	২৯২৬৭০.৩১	৪০৯৬৬৮.৮৯	৩৮৯৩৭০.৫৩

দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী পরিবারের সংখ্যা

৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪১৮) **শ্রী বাসুদেব খাঁ : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** অনুগ্রহপূর্বক জানাবেন কি —

৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী পরিবারের সংখ্যা কত ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী গ্রামীণ পরিবারের সংখ্যা ৬৮,০০,৮৭৪ (আটষট্টি লক্ষ আটশত চুয়াত্তর)।

পরিবহন সংস্থার কর্মীদের অবসরকালীন সুযোগ-সুবিধা

৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ৪২৭) শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

রাজ্য পরিবহন সংস্থার কর্মীদের কী ধরনের অবসরকালীন সুযোগ-সুবিধা দেওয়া হয়ে থাকে?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : পরিবহন বিভাগের অধীন রাজ্য পরিবহন সংস্থার কর্মীদের অবসরকালীন গ্র্যাচুইটি, লিভ এনক্যাশমেন্ট, পেনশন এবং প্রভিডেন্ট ফান্ড প্রদান করা হয়ে থাকে। সংস্থাভিত্তিক বিস্তৃত বিবরণ সংযোজিত করা হল :

(১) কলকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থা :

এই সংস্থায় নিম্নলিখিত অবসরকালীন সুযোগ-সুবিধা প্রদান করা হয়ে থাকে।

(ক) *অবসরকালীন সুবিধা (সি. পি. ফান্ড সিস্টেমের অধীন)*

(১) কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড, কর্মচারীদের নিজের শেয়ারের অংশ ও সমপরিমাণ এমপ্লয়ারের অংশ প্রদান করা হয় ;

(২) গ্র্যাচুইটি প্রদান করা হয় গ্র্যাচুইটি অ্যাক্ট, ১৯৭২ এবং তৎসংক্রান্ত সংশোধন অনুযায়ী ;

(৩) লিভ স্যালারি (জমানো অর্জিত ছুটি) টাকা প্রদান করা হয় (সর্বোচ্চ ১৮০ দিন) ;

(৪) পেনশন প্রদান করা হয় ই.পি.এস. ১৯৯৫-এর নিয়মের অধীনে (০১.০৪.১৯৭২ তারিখ বা তার পরবর্তী সময়ে যোগদানকারীদের) ;

(খ) *অবসরকালীন সুযোগ-সুবিধা (জি.পি. ফান্ড সিস্টেমের অধীনে)*

(১) জেনারেল প্রভিডেন্ট ফান্ড (জি.পি. ফান্ড) কর্মচারীদের নিজের শেয়ারের অংশ শুধু প্রদান করা হয় যারা ডি.সি.আর.বি রেগুলেশন, ১৯৯০ অনুযায়ী পেনশনের জন্য অপশন ফর্ম জমা দিয়েছেন।

(২) গ্র্যাচুইটি (ডি.সি.আর.বি. রেগুলেশন, ১৯৯০ অফ সি.এস.টি.সি. রুল অনুযায়ী) ও পরবর্তী সংশোধন অনুসরণ করে।

(৩) লিভ স্যালারি (সর্বোচ্চ ১৮০ দিন)

(৪) পেনশন (ডি.সি.আর.বি. রেগুলেশন, ১৯৯০ অনুযায়ী অপশন জমাকারীদের)

(২) পশ্চিমবঙ্গ ভূতল পরিবহন নিগম লিঃ

পশ্চিমবঙ্গ ভূতল পরিবহন নিগম লিঃ কর্মীদের অবসরকালীন প্রাপ্য হিসাবে গ্র্যাচুইটি, জমানো অর্জিত ছুটি টাকা (সর্বোচ্চ ৩০০ দিন) এবং নয়া পেনশন প্রকল্প, ১৯৯৫ (ই.পি.এফ. পেনশন) অনুযায়ী পেনশন-এর সুযোগ দেওয়া হয়ে থাকে।

(৩) দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা :

দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার কর্মচারীদের অবসরকালীন সুযোগ-সুবিধাগুলি হল :

(১) গ্র্যাচুইটি (সর্বোচ্চ ৩.৫০ লক্ষ টাকা)

(২) লিভ এনক্যাশমেন্ট (সর্বোচ্চ ২৪০ দিন হিসাবে)

(৩) ই.পি.এফ. স্কিম অনুযায়ী কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড

(৪) এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড অর্গানাইজেশনের ই.পি.এস., ৯৫ অনুযায়ী পেনশন

(৪) উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা :

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার কর্মচারীদের অবসরকালীন সুযোগ-সুবিধা নিম্নরূপ :

(১) গ্র্যাচুইটি ;

(২) জমানো অর্জিত ছুটির টাকা (সর্বোচ্চ ৩০০ দিন পর্যন্ত) ;

(৩) কম্যুটেশন-সহ পেনশন ;

(৪) জি.এস.এল.আই. ;

(৫) প্রভিডেন্ট ফান্ড ;

(৬) শ্রমিক-কর্মচারী কল্যাণ তহবিল ;

(৭) ফ্রি ট্রাভেলিং পাস

(৫) কলকাতা ট্রামওয়েজ কোম্পানি, ১৯৭৮ লিঃ

কলকাতা ট্রামওয়েজ কোম্পানি, ১৯৭৮ লিঃ-এর কর্মচারীরা নিম্নলিখিত অবসরকালীন সুযোগ-সুবিধা পেয়ে থাকেন :

(১) প্রভিডেন্ট ফান্ড

(২) গ্র্যাচুইটি

(৩) জমানো ছুটির অর্থ (সর্বোচ্চ ৩০০ দিন)

(৪) পেনশন ; যারা ২৪.১২.২০০১ থেকে সংস্থায় যোগদান করেছেন এবং পূর্বের কর্মচারীদের মধ্যে যারা পেনশন প্রকল্পে অন্তর্ভুক্তির জন্য নাম নথিভুক্ত করেছেন, তাঁরা পেনশন পেয়ে থাকেন। যাঁরা পেনশন প্রকল্পের অন্তর্ভুক্ত নন, তারা কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড পেয়ে থাকেন এবং পেমেন্ট অফ গ্র্যাচুইটি অ্যাক্ট, ১৯৭২ অনুযায়ী গ্র্যাচুইটি পেয়ে থাকেন।

এন.বি.এস.টি.সি. ও এস.বি.এস.টি.সি.-তে বাস ক্রয়

৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪২৮) শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ২০১১-১২ও ২০১২-১৩ অর্থবার্ষে এন.বি.এস.টি.সি. ও এস.বি.এস.টি.সি.-তে মোট ক্রয় করা বাসের সংখ্যা কত : এবং

(খ) উক্ত বাসগুলি ক্রয় করতে ব্যয়িত অর্থের পরিমাণ কত?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ২০১১-১২ অর্থবর্ষে এন.বি.এস.টি.সি. চারটি (৪) এবং এস.বি.এস.টি.সি. ছয়টি (৬) বাস ক্রয় করেছে।

২০১২-১৩ অর্থবর্ষে এন.বি.এস.টি.সি. পঁয়ত্রিশটি (৩৫) এবং এস.বি.এস.টি.সি. চারটি (৪) বাস ক্রয় করেছে।

(খ) ২০১১-১২ অর্থবর্ষে এন.বি.এস.টি.সি. চারটি (৪) বাস ক্রয় করতে ৪২,০০,০০০/- টাকা এবং এস.বি.এস.টি.সি. ছয়টি (৬) বাস ক্রয় করতে ১.০৬,৩২.২৪২/- টাকা ব্যয় করেছে।

২০১২-১৩ অর্থবর্ষে এন.বি.এস.টি.সি. পঁয়ত্রিশটি (৩৫) বাস ক্রয় করতে ৫,৯৩,৮৯, ১৮৯/- টাকা এবং এস.বি.এস.টি.সি. চারটি (৪) বাস ক্রয় করতে ১,০০,৪২,৩৮০/- টাকা ব্যয় করেছে।

নদীতে মাছের মড়ক

৭০। (অনুমোদিত প্রশ্ন নং ৪৩২) শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, ২০১১-১২ ও ২০১২-১৩ অর্থবর্ষে রাজ্যে কোনো কোনো নদীতে অস্বাভাবিকভাবে মাছের মড়ক লাগার ঘটনা লক্ষ করা গেছে ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে তার কারণ কি?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) না, নদীতে মাছের মড়ক লাগার ঘটনা সত্যি নয়। তবে নদীতে অস্বাভাবিকভাবে মাছের মৃত্যুর কিছু ঘটনা ঘটেছে।

(খ) তবে জানা গেছে যে নদীর নিকটবর্তী জায়গার পেস্টিসাইড / পিসিসাইড ব্যবহারের ফলে নদীর জল বিষাক্ত হয়ে কিছু মাছের মৃত্যু হয়েছে। জলপাইগুড়ি জেলার করলা, তিস্তা নদী ও বীরভূমের সাঁইথিয়ার ময়ূরাক্ষী নদীতে এ ঘটনা ঘটেছে।

রানীগঞ্জে খোলামুখ খনিতে মৎস্য চাষ

৭১। (অনুমোদিত প্রশ্ন নং ৪৩৩) শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) মৎস্য চাষের পরিকল্পনা অনুযায়ী রানীগঞ্জ শিল্পাঞ্চলে খোলামুখ খনিগুলিতে উৎপাদিত মৎস্যের পরিমাণ কত ; এবং

(খ) খোলামুখ খনিতে মৎস্য চাষকে আরও জনপ্রিয় করার জন্য রাজ্য সরকার কী কী ব্যবস্থা নিয়েছে?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) কিছু খোলামুখ খনিতে ব্যক্তিগত ও স্বনির্ভর গোষ্ঠীর উদ্যোগে মৎস্য উৎপাদন চলছে। তবে বর্তমান বৎসরে অত্যধিক বৃষ্টির জন্য জল বেড়ে যাওয়ার কারণে এক্ষেত্রে মাছ এখনও ছাড়া হয়নি। বর্তমানে আঁতুড় পুকুরে মাছ বড়ো করা হচ্ছে। শীতকাল অতিক্রান্ত হলে মাছ ছাড়া হবে। এখনও উৎপাদন সম্পর্কে কোনো তথ্য তৈরি হয়নি।

(খ) খোলামুখ খনিতে সুপরিকল্পিতভাবে মৎস্য চাষ রাজ্য সরকারের বিবেচনাধীন আছে। এছাড়া ন্যাশনাল ফিশারিস ডেভেলপমেন্ট বোর্ডকে এ ব্যাপারে অনুরোধ করা হয়েছে অর্থ সাহায্যের জন্য।

বিশ্ববিদ্যালয়ে সার্চ কমিটি গঠন

৭২। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৪) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলিতে সার্চ কমিটি গঠনের কাজ এখনও সম্পূর্ণ হয়নি ; এবং

(খ) সত্যি হলে, তার কারণ কি?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) (১) যে সকল বিশ্ববিদ্যালয়ে প্রথম উপাচার্য আছেন সেই সকল বিশ্ববিদ্যালয়ে সংবিধি এখনো তৈরি করা হয়নি। সেই সকল বিশ্ববিদ্যালয়ের সংবিধি তৈরি করার পর সার্চ কমিটি গঠন করা হবে।

এই রকম বিশ্ববিদ্যালয়গুলি হল —

পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়, বারাসাত গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়, মালদা সিধু-কানো-বিরসা বিশ্ববিদ্যালয়, প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়, কাজী নজরুল বিশ্ববিদ্যালয়, আসানসোল: কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়।

(২) এছাড়া বাকী বিশ্ববিদ্যালয়গুলির প্রত্যেকটিতে সার্চ কমিটি গঠন করা হয়েছে। একমাত্র উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় ছাড়া সার্চ কমিটির সুপারিশ অনুযায়ী উপাচার্য নিয়োগ করাও হয়েছে।

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের সার্চ কমিটির রিপোর্ট এখনও পাওয়া যায়নি।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অনুসন্ধান কমিটির সুপারিশ অনুযায়ী প্রফেসর শৌভিক ভট্টাচার্যকে নিয়োগ করা হয়েছিল। তিনি পদত্যাগ করার পরে নতুন অনুসন্ধান কমিটি এখনও গঠন করা হয়নি।

দামোদর নদের দূষণ প্রতিরোধ

৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৬) শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) দামোদর নদের দূষণ প্রতিরোধে কি কোনো পরিকল্পনা নেওয়া হয়েছে ; এবং

(খ) যদি নেওয়া হয়ে থাকে তা হলে পরিকল্পনাগুলি কি কি ?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) দামোদর নদের দূষণ প্রতিরোধে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ বিভিন্ন পদক্ষেপ নিয়েছে, যা নিম্নলিখিত প্রশ্ন নং 'খ'-এর উত্তরে দেওয়া হল।

(খ) দামোদর নদের দূষণের মাত্রা নিয়ন্ত্রণের জন্য পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ নিয়মিতভাবে National Water Monitoring Programme (NWMP)-র অন্তর্গত দামোদর নদের ধারে ৫টি স্থানে জলের গুণমান পরীক্ষা করে থাকে। এই ৫ টি স্থান হল — (ক) দিসেরগড়, (খ) বার্ণপুরের নিকটে ধেনাগ্রাম, (গ) রানিগঞ্জের নিকটে নারায়ণপুর, (ঘ) মাঝেরমানা (তামলা নালা সংযোগস্থলের পরে) এবং (ঙ) সদরঘাট ব্রীজ, বর্ধমান।

- নদীর জলের Physico-chemical and bacteriological parameters— pH, Total Suspended Solids (TSS), Biochemical Oxygen Demand (BOD), Chemical Oxygen Demand (COD), ammonia, nitrate, nitrite, total Kjeldahi Nitrogen (TKN), Total Coliform (TC) bacteria, Fecal Coliform (FC) bacteria ইত্যাদি মাপা হয়। এছাড়াও, Toxic heavy metal con- centrations যেমন — copper, arsenic, zinc, lead, cadmium, mercury ইত্যাদি এবং বিভিন্ন Micro pollutants যেমন — pesticides-ও বিভিন্ন সময়ে মাপা হয়। এ সকল তথ্য নিয়মিতভাবে পর্ষদের ওয়েবসাইটে দেওয়া হয়। জুলাই-সেপ্টেম্বর, ২০১৩ পর্যন্ত জলের গুণমানের প্রতিবেদন 'অতিরিক্ত বিষয় ক' হিসেবে দেওয়া হল। পরীক্ষালব্ধ মাত্রা থেকে দেখা যাচ্ছে যে, ৪টি গুণমান সূচকের মধ্যে ৩টি নির্ধারিত মাত্রার মধ্যেই রয়েছে, কেবলমাত্র Biochemical Oxygen Demand (BOD)-র মাত্রা ২টি স্থানে সামান্য উপরে রয়েছে।

- পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ National River Conservation Plan-এর অন্তর্গত ৩১টি কারখানাকে চিহ্নিত করেছে যার মধ্যে ৪টি কারখানার পরিশোধিত জল দামোদর নদেতে নির্গত হয়। এইগুলি হল :

√ Durgapur Projects Ltd.; P.O. Durgapur, Burdwan - 713 201

√ Durgapur Steel Plant, Durgapur-3, Burdwan

√ East India Pharmaceutical Works Ltd.; Raturia Waria Road, P.S. Coke Oven, L.B.D.M.C., Durgapur-15

√ Indian Iron & Steel Co. (IISCO), [Burnpur Works], P.O. Burnpur, P.S. Hirapur, Burdwan

এই সকল কারখানা থেকে নির্গত দূষিত জলের পরিশোধনের জন্য কারখানাগুলিকে Effluent Treatment Plant (ETP) বসাতে বাধ্য করা হয়েছে। এই সকল কারখানাগুলিকে নিয়মিতভাবে নিরীক্ষণ করে রিপোর্ট কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ (CPCB)-এর কাছে পাঠানো হয়। এছাড়াও, এই অঞ্চলে অবস্থিত M/s. Durgapur Chemicals Ltd.-এ দূষণ নিয়ন্ত্রণের ক্ষেত্রে পারদভিত্তিক পদ্ধতির পরিবর্তে Membrane ভিত্তিক প্রযুক্তি চালু হয়েছে। আসানসোল অঞ্চলে M/s. IISCO Burnpur-এ আধুনিকীকরণের কাজ চলছে, যাতে ভবিষ্যতে ওই অঞ্চলের জল ও বায়ু দূষণ নিয়ন্ত্রণ হবে।

যে সকল কারখানায় দূষিত জল 'তামলা নালা'র মাধ্যমে দামোদর নদেতে নির্গত হয়, তাদের দূষিত জল নির্গমনদ্বারে পর্ষদের তরফ থেকে নিয়মিতভাবে নিরীক্ষণ করা হয়। এপ্রিল, ২০১২—মার্চ ২০১৩ পর্যন্ত 'তামলা নালা'র জলের গুণমানের প্রতিবেদন 'অতিরিক্ত বিষয় খ' হিসেবে দেওয়া হল।

এই কারখানাগুলি থেকে নির্গত দূষিত জলের গুণমান যদি মাত্রাতিরিক্ত হয়, অথবা কারখানাটি যদি দূষণ নিয়ন্ত্রণ করতে অপারগ হয়, সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থাকে পর্ষদ প্রযুক্তিগত শুনানীর মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশাদি প্রেরণ করে থাকে, যাতে শিল্পসংস্থাগুলি দূষণ নিয়ন্ত্রণে আনতে পারে। কোনো কোনো ক্ষেত্রে অবশ্য আইনী ব্যবস্থা, যথা — শিল্পসংস্থা বন্ধের নির্দেশ, ব্যাঙ্ক গ্যারান্টি, জরিমানা (pollution cost) গ্রহণ করতে হয়। এপ্রিল ২০১২—মার্চ ২০১৩ পর্যন্ত Durgapur Projects Ltd. থেকে ৫ লাখ টাকা জরিমানা ও IISCO Burnpur থেকে ৫ লাখ ব্যাঙ্ক গ্যারান্টি হিসেবে আদায় করা হয়েছে।

- শারদোৎসবের সময় মূর্তি বিসর্জনের জন্যে দামোদর নদেতে যে দূষণ হয় তা রোধ করার জন্যে Hon'ble High Court -এর নির্দেশ অনুযায়ী স্থানীয় পুলিশ ও মিউনিসিপ্যালিটির তরফ থেকে পরিষ্কারের কাজ হয়ে থাকে এবং পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ-এর তরফ থেকে নিয়মিতভাবে নিরীক্ষণ করা হয়। (অতিরিক্ত বিষয় 'ক' ও 'খ' লাইব্রেরির টেবিলে রাখা হল।)

কর্পোরেশন ও মিউনিসিপ্যালিটি এলাকায় সর্পোদ্যান নির্মাণ

৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৯) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী** : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, বন দপ্তর বিভিন্ন কর্পোরেশন ও মিউনিসিপ্যালিটি এলাকায় সর্পোদ্যান নির্মাণ করছে ; এবং

(খ) সত্যি হলে, (১) তা কোথায় ; ও (২) উক্ত সর্পোদ্যানগুলির সংখ্যা কত?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বন দপ্তর, কর্পোরেশন ও মিউনিসিপ্যালিটি এলাকার কোথাও সর্পোদ্যান নির্মাণ করেনি এবং আগামীতে সর্পোদ্যান নির্মাণ করার কোনো পরিকল্পনাও নেই।

(খ) (১) প্রযোজ্য নহে। (২) প্রযোজ্য নহে।

দার্জিলিং-এ আনারস উন্নয়ন কেন্দ্র

৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯৮) **শ্রী আনিসুর রহমান :** খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

এটা কি সত্যি যে দার্জিলিং-এ আনারস উন্নয়ন কেন্দ্র উদ্বোধনের ফলে উক্ত এলাকায় আনারস চাষীরা খুবই উপকৃত হচ্ছেন?

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : শিলিগুড়িতে আনারস উন্নয়ন কেন্দ্র নামে একটি বহুমুখী প্রকল্প রূপায়ণের জন্য এস.জে.ডি.এ. ১৭ একর জমিতে কাজ শুরু করেছে। এই প্রকল্পে ২০০০ মেট্রিক টন-এর বহুমুখী হিমঘর তৈরির কাজ চলছে। একটি প্যাক হাউস তৈরির পরিকল্পনা নেওয়া আছে। আনারস গবেষণা কেন্দ্র স্থাপনের পরিকল্পনা আছে। আনারস চাষীদের উৎপাদিত ফল বিক্রির সুযোগ করে দেওয়ার জন্য এখন পর্যন্ত ৯৬টি দোকানঘর তৈরি হয়েছে। ওই ঘরগুলি চাষীদের মধ্যে বন্টনের প্রক্রিয়া চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

সীমানা পাঁচিল, অভ্যন্তরীণ রাস্তা এবং কিছু দোকানঘর তৈরির কাজ সম্পূর্ণ করে ওই প্রকল্পের একটি অংশের উদ্বোধন করা হয় যার মাধ্যমে চাষীরা ইতিমধ্যেই নানারকম সুযোগ-সুবিধা পেতে শুরু করেছেন এবং এর ফলে আনারস চাষে চাষীদের মধ্যেও উৎসাহ অনেক পরিমাণে বেড়েছে।

দক্ষিণ চব্বিশ পরগনা জেলার পর্যটন কেন্দ্র গঠন

৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫১০) **শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

দক্ষিণ চব্বিশ পরগনা জেলার বকখালি, সাগরদ্বীপ, সজনেখালি এবং ঝড়খালিকে পর্যটন কেন্দ্র হিসাবে গড়ে তোলার ক্ষেত্রে বরাদ্দ অর্থের পরিমাণ কত?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ২০১০-১১ অর্থবর্ষ থেকে ২০১৩-১৪ অর্থবর্ষ পর্যন্ত প্রশ্নে উল্লেখিত ৪ (চার)টি স্থানকে পর্যটন কেন্দ্র হিসাবে গড়ে তুলতে বরাদ্দ অর্থের পরিমাণ নিচে দেওয়া হল —

বকখালি — ৪,৭০,৫৯,০০০.০০ টাকা (চার কোটি সত্তর লক্ষ উনষাট হাজার টাকা)

সজনেখালি — ৫,৩৪,৬০,০০০.০০ টাকা (পাঁচ কোটি চৌত্রিশ লক্ষ ষাট হাজার টাকা)

সাগরদ্বীপ — ১৮,৯৬,৭৫,৬৩৮.০০ টাকা (আঠারো কোটি ছিয়ানব্বই লক্ষ পঁচাত্তর হাজার ছয় শত আটত্রিশ টাকা)

ঝড়খালি — ১৭,৬১,৭৯৬.০০ টাকা (সতেরো লক্ষ একষট্টি হাজার সাত শত ছিয়ানব্বই টাকা)

রাজ্যে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপন

৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫১২) **শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা :** খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ২০১১-১২ এবং ২০১২-১৩ আর্থিক বছরে রাজ্যে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনের জন্য মোট কটি আবেদনপত্র জমা পড়েছে ;

(খ) তন্মধ্যে কতগুলি অনুমতিপ্রাপ্ত শিল্প সংস্থা শিল্প স্থাপন করেছে : এবং

(গ) তন্মধ্যে কটিতে উৎপাদন শুরু হয়েছে?

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ২০১১-১২ এবং ২০১২-১৩ আর্থিক বছরে জাতীয় খাদ্য প্রক্রিয়াকরণ মিশনের আওতায় রাজ্যে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনের জন্য যথাক্রমে ০ (শূন্য) এবং ১০৬টি আবেদনপত্র জমা পড়েছে।

এই রাজ্যে জাতীয় খাদ্য প্রক্রিয়াকরণ মিশন ০১/০৪/২০১২ থেকে শুরু হয়েছে সুতরাং ২০১১-১২ আর্থিক বছরে কোনো আবেদনপত্র জমা পড়ার প্রশ্ন নেই।

(খ) তন্মধ্যে ২০১২-১৩ আর্থিক বছরে ১১টি আবেদেনপত্র এবং ২০১৩-১৪ আর্থিক বছরে ৫টি আবেদনপত্র অনুমোদিত হয়েছিল। এই মুহূর্তে কোনো দরখাস্ত বাকী পড়ে নেই।

(গ) মোট ১৪টি অনুমতিপ্রাপ্ত শিল্প সংস্থা ইতিমধ্যে উৎপাদন শুরু করেছে (তালিকা সংযোজিত)।

ক্রমিক সংখ্যা	জেলার নাম	শিল্প সংস্থার নাম	উৎপাদিত পণ্য
১।	হাওড়া	শ্রী কৃসান কোম্পানী ম্যানুফ্যাকচারার্স প্রা. লি.	আলু চিপস্
২।	দঃ দিনাজপুর	কল্যাণী সলভেক্স প্রা. লি.	রাইস ব্রান অয়েল
৩।	উঃ ২৪-পরগনা	এস. এ. এক্সপোর্টস	চিংড়ি প্রক্রিয়াকরণ
৪।	বর্ধমান	তারা অয়েল ইন্ডাস্ট্রিজ	রাইস ব্রান অয়েল
৫।	দঃ ২৪-পরগনা	আরিম আইসক্রীম ইন্ডাস্ট্রিজ প্রা. লি.	আইসক্রীম
৬।	জলপাইগুড়ি	তেরাই ফুডস প্রা. লি.	বেকারী অ্যান্ড কনফেকশনারী

ক্রমিক সংখ্যা	জেলার নাম	শিল্প সংস্থার নাম	উৎপাদিত পণ্য
৭।	মুর্শিদাবাদ	ফুডিস অ্যাগ্রো	জ্যাম, জেলী সস্ ইত্যাদি
৮।	মুর্শিদাবাদ	রামকৃষ্ণ ঘি	ঘি, মাখন
৯।	হাওড়া	গণেশ গ্রেন্স লি.	ছাতু
১০।	উঃ ২৪-পরগনা	শিব অ্যাগ্রো প্রা. লি.	আটা ময়দা মিল
১১।	হাওড়া	শ্রীধারা ফুডস প্রা. লি.	কাজুবাদাম প্রক্রিয়াকরণ
১২।	দঃ ২৪-পরগনা	হেরান্ড ফুড অ্যান্ড কমোডিটিস প্রা. লি.	জ্যাম, জেলী সস্ ইত্যাদি
১৩।	বর্ধমান	মজুমদার অ্যাগ্রো ইন্ডাস্ট্রিজ প্রা. লি.	রাইস মিল
১৪।	জলপাইগুড়ি	গীতা দেবী ফ্লাওয়ার মিল	আটা ময়দা মিল

পি.এম.জি.এস.ওয়াই.-এ যোজনার অধীনে নির্মিত রাস্তা

৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫১৩) শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১লা জানুয়ারী ২০১২ থেকে ৩১শে মার্চ, ২০১৩ পর্যন্ত প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় কত কিমি সড়ক নির্মাণ করা সম্ভব হয়েছে (জেলাওয়ারি হিসাবসহ) ; এবং

(খ) উক্ত সড়ক নির্মাণ সম্পূর্ণ করতে মোট কত অর্থ ব্যয়িত হয়েছে?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ১লা জানুয়ারী ২০১২ থেকে ৩১শে মার্চ ২০১৩ পর্যন্ত প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় মোট সতেরোশো সাত কিমি ছয়শত কুড়ি মিটার রাস্তা এই রাজ্যে নির্মাণ করা সম্ভব হয়েছে।

জেলাওয়ারি হিসাব আলাদা নথিতে পেশ করা হল।

(খ) উপরিউক্ত সতেরোশো সাত কিমি ছয়শত কুড়ি মিটার রাস্তা নির্মাণ করতে আনুমানিক ছয়শত তেইশ কোটি চৌষট্টি লক্ষ টাকা ব্যয় হয়েছে।

টাকার সদ্ব্যবহারের জেলাওয়ারি হিসাব আলাদা নথিতে পেশ করা হল।

NO. OF ROADS COMPLETED FROM JAN., 2012 TO MARCH, 2013

Sl. No.	District Completed	No. of Roads (in km.)	Length (in lakhs)	Expenditure
1	North 24-Parganas	20	109.52	3964.97
2	South 24-Parganas	26	110.73	4711.33
3	Bankura	16	68.94	1981.19
4	Birbhum	19	121.48	3900.78
5	Burdwan	9	41.25	2672.29
6	Cooch Behar	25	91.18	3417.58
7	Darjeeling	20	126.98	4164.28
8	Hooghly	22	114.82	4189.71
9	Howrah	7	26.49	901.98
10	Jalpaiguri	10	42.31	1818.79
11	Malda	24	79.72	3240.39
12	Murshidabad	38	199.59	6331.47
13	Nadia	15	62.74	3461.51
14	Uttarj Dinajpur	55	184.27	5836.42
15	Purulia	15	84.23	1975.05
16	Siliguri MP	1	5.09	270.2
17	Dakshin Dinajpur	9	29.9	1456.53
18	Purba Medinipur	17	112.33	4131.54
19	Paschim Medinipur	13	96.05	3938.1
	Total	361	1707.62	62364.11

হাতি ও মানুষ সংঘর্ষ রোধে গৃহীত ব্যবস্থা

৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩২) শ্রী আনিসুর রহমান : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

রাজ্যে হাতি ও মানুষ সংঘর্ষ রোধে রাজ্য সরকার গৃহীত পদক্ষেপগুলি কী কী ?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : হাতি ও মানুষ সংঘর্ষ রোধে রাজ্য সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন পদক্ষেপগুলি হল —

১। রাজ্যে দুটি হস্তি সংরক্ষণ প্রকল্প গঠিত হয়েছে, যার একটি হল দক্ষিণবঙ্গে ময়ূরঝরনা হস্তি সংরক্ষণ প্রকল্প (Mayurjharna Elephant Reserve) এবং অপরটি উত্তরবঙ্গে ইস্টার্ন ডুয়ার্স হস্তি সংরক্ষণ প্রকল্প (Eastern Dooars Elephant Reserve)।

২। এই হাতি অধ্যুষিত জঙ্গলে বাঁশ ও তাদের খাদ্যোপযোগী গাছের চারা লাগানো হয়েছে।

৩। উত্তরবঙ্গে হাতির যাতায়াতের পথ পুনঃস্থাপন করা হচ্ছে।

৪। যেখানে যেমন প্রয়োজন সেখানে হাতির প্রাকৃতিক আবাসের সংরক্ষণের জন্য গাছপালা, জলসম্পদ, মৃত্তিকা সুরক্ষার ব্যবস্থা করা হয়েছে।

৫। হাতির আক্রমণ থেকে গ্রামবাসীদের রক্ষা করতে বিদ্যুৎবাহী বেড়া তৈরি করা হয়েছে।

৬। উত্তরবঙ্গে ৯টি এবং দক্ষিণবঙ্গে ৩টি এলিফ্যান্ট স্কোয়াড তৈরি হয়েছে।

৭। আগাম সতর্কবার্তার মাধ্যমে মানুষকে সজাগ করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

৮। একটি নির্দিষ্ট অঞ্চল থেকে হাতি তাড়ানোর জন্য স্থানীয় মানুষদের নিয়ে গঠিত হুল্লা পার্টির সাহায্যে অনুপ্রবেশিত হাতিদের তাড়ানোর নিয়মিত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

৯। ভয় দেখিয়ে হাতি তাড়ানোর উদ্দেশ্যে গ্রামবাসীদের মধ্যে নিয়মিতভাবে পটকা, মশাল জ্বালানোর উদ্দেশ্যে পোড়া মবিল বিতরণ করা হয়।

১০। প্রয়োজনে সমস্যা সৃষ্টিকারী হাতিকে ধরে অন্যত্র সরিয়ে দেওয়া হয়।

১১। পথনাটিকা, পুস্তিকা, প্রচারপত্র বিতরণ এবং সেমিনার, ওয়ার্কশপ, আলোচনাসভা ইত্যাদি আয়োজনের মাধ্যমে হাতি সম্পর্কে জনসাধারণের কি করণীয় এবং কি করণীয় নয় তথা জনসচেতনতা বৃদ্ধির ব্যবস্থা করা হচ্ছে।

বর্ধমান জেলায় ধান ক্রয় কেন্দ্রের সংখ্যা

৮০। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩৯) **শ্রী আনিসুর রহমান :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

২০১২-১৩ অর্থবর্ষের ৩০শে জুন, ২০১৩ সাপেক্ষে বর্ধমান জেলায় কতগুলি ধান্য ক্রয় কেন্দ্র হতে চাষীদের কাছে ধান ক্রয় করা হয়েছে?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : উক্ত সময়ে ৩৭১টি ক্যাম্পের মাধ্যমে চাষীদের কাছ থেকে সরকার নির্ধারিত মূল্যে ধান ক্রয় করা হয়েছিল।

উন্নয়ন খাতে বরাদ্দ এবং খরচ

৮১। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৯) **শ্রী খগেন মুর্মু :** উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ২০১২-১৩ আর্থিক বর্ষে জেলাভিত্তিক উন্নয়ন খাতে সংশ্লিষ্ট বিভাগের বরাদ্দ কত ; এবং

(খ) উক্ত অর্থের জেলাভিত্তিক খরচের পরিমাণ কত?

উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় (ক) ওই আর্থিকবর্ষে জেলাভিত্তিক বরাদ্দকৃত অর্থ নিম্নরূপ :

	(লক্ষ টাকায়)
কোচবিহার	৩৫৫৯.০৯
জলপাইগুড়ি	৪৭২২.৩৩
দার্জিলিং	১৮২০.০৭
উত্তর দিনাজপুর	১৪১৪.৪৩
দক্ষিণ দিনাজপুর	২৮৫৬.৬৪
মালদা **সমগ্র উত্তরবঙ্গ	২২৩০.৭০
(পৃথক যোগ্য নয় এমন)	৭৩৫.০০
মোট	১৭৩৩৮.২৭

(খ) ওই আর্থিকবর্ষে জেলাভিত্তিক খরচের পরিমাণ নিম্নরূপ :

কোচবিহার	৩৫০৬.৭২
জলপাইগুড়ি	৪২৪৯.৪৪
দার্জিলিং	১৮১৪.০১
উত্তর দিনাজপুর	৮৬৬.১৬
দক্ষিণ দিনাজপুর	১৭০৬.২৯
মালদা **সমগ্র উত্তরবঙ্গ	১১৮৪.৭০
(পৃথক যোগ্য নয় এমন)	৭৩৫.০০
মোট	১৪০৬২.৩২.

প্রবেশ কর

৮২। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮৫) শ্রী আনিসুর রহমান : অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

রাজ্যে প্রবেশ কর বাবদ বর্তমান আর্থিক বছরের অক্টোবর মাসে সংগৃহীত অর্থের পরিমাণ কত?

অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : রাজ্যে প্রবেশ কর বাবদ বর্তমান আর্থিক বছরের অক্টোবর মাসে সংগৃহীত অর্থের পরিমাণ ৮২.৪১ কোটি টাকা।

গৃহহীন মৎস্যজীবীদের জন্য গৃহ নির্মাণ

৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬১৫) **শ্রী নিরাপদ সরদার :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

গৃহহীন মৎস্যজীবীদের জন্য গৃহীত গৃহ নির্মাণ প্রকল্পের দ্বারা উপকৃতের সংখ্যা কত?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ১৯৮৪-৮৫ সাল থেকে এ যাবৎ অর্থাৎ ২০১২-১৩ সাল পর্যন্ত গৃহহীন মৎস্যজীবীদের জন্য মৎস্য বিভাগ কর্তৃক গৃহীত যাবতীয় গৃহ নির্মাণ প্রকল্পের দ্বারা উপকৃত মৎস্যজীবীর সর্বমোট সংখ্যা ২৬,২৭০ জন।

পি.এম.জি.এস.ওয়াই.-এ নির্মিত রাস্তার রক্ষণাবেক্ষণ

৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬২০) **শ্রী ঈদ মহম্মদ :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় নির্মিত রাস্তা রক্ষণাবেক্ষণের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে / হচ্ছে?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা প্রকল্পে প্রথম পর্যায়ের রাস্তা নির্মাণের সময় নির্মাণকারী সংস্থার সাথে একই সঙ্গে পাঁচ বছরের রক্ষণাবেক্ষণের চুক্তি করা হয়। প্রকল্প সম্পূর্ণ হওয়ার পরবর্তী পাঁচ বছর নির্মাণকারী সংস্থা রাস্তা রক্ষণাবেক্ষণ করে থাকেন এবং রাজ্য তহবিল থেকে প্রতি বছর প্রাপ্ত অর্থ দুটি পর্যায়ে দেওয়ার বিধান আছে। এই অর্থ জোগানের ব্যবস্থা বর্তমানে মসৃণভাবেই চলছে।

এছাড়া যে রাস্তাগুলির রক্ষণাবেক্ষণের প্রথম পাঁচ বছরের মেয়াদ পূর্ণ হয়েছে, সেগুলি রক্ষণাবেক্ষণের দায়িত্ব রাজ্য সরকারের এবং বর্তমানে এই খাতে অর্থ বরাদ্দের ব্যবস্থা করা হয়েছে। একটি পর্যায়ের টাকা ইতিমধ্যে সকল নির্বাহী বাস্তুকারদের দেওয়া হয়েছে। কেন্দ্রীয় সরকারের নিয়মানুযায়ী আবারও একটি নির্দিষ্ট সংস্থা বাছাই করে সেগুলির সাথে পাঁচ বছরের চুক্তি সম্পাদন করে রাস্তাগুলির রক্ষণাবেক্ষণের দায়িত্ব দেওয়ার প্রক্রিয়াটি বর্তমানে পর্যালোচনায় আছে। এই প্রক্রিয়া সম্পন্ন হলেই প্রয়োজনীয় টেন্ডার ও পরবর্তী অর্থ প্রদানের ব্যবস্থা করা হবে।

নতুন পর্যটন কেন্দ্র

৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩৩) **শ্রী শাহাজাহান চৌধুরী :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩০ সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে পর্যটন কেন্দ্রের মোট সংখ্যা কত ; এবং

(খ) মঙ্গলকোট ব্লকে নতুন পর্যটন কেন্দ্র গড়ে তোলার কোনো পরিকল্পনা আছে কি?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ৩০ সেপ্টেম্বর, ২০১৩ সাপেক্ষে রাজ্যে মোট তালিকাভুক্ত পর্যটন কেন্দ্রের সংখ্যা ৭৩ (তিয়াত্তর)টি।

(খ) এখনও পর্যন্ত কোনো প্রস্তাব নেই।

আর.আই.ডি.এফ. প্রকল্পের অর্থ ব্যয়

৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭০) **শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ্ :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্যি যে, ২০১২-২০১৩ আর্থিকবর্ষ ও ৩১শে অক্টোবর, ২০১৩ পর্যন্ত আর.আই.ডি.এফ. প্রকল্পের টাকা সম্পূর্ণভাবে ব্যয় করা সম্ভবপর হয়নি ;

(খ) সত্যি হলে, ২০১৩-২০১৪ আর্থিকবর্ষে রাজ্যের জন্য বরাদ্দকৃত টাকার পরিমাণ কত ছিল ; এবং

(গ) তন্মধ্যে কত পরিমাণ অর্থ ব্যয় করা সম্ভব হয়েছে?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) সত্যি নয়।

(খ) ২০১৩-২০১৪ আর্থিকবর্ষে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৭৭ কোটি টাকা।

(গ) এই বরাদ্দকৃত অর্থের সম্পুর্ণটাই ইতিমধ্যে ব্যয়িত হয়েছে।

বর্ধমান জেলায় প্রাকৃতিক দুর্যোগ

৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬৯১) **শ্রীমতী অপর্ণা সাহা :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্ধমান জেলায় প্রাকৃতিক দুর্যোগে ২০১৩ সালে কত একর জমিতে ধানের ক্ষতি হয়েছে?

(খ) এক্ষেত্রে বৃহৎ কৃষক, মধ্যবিত্ত কৃষক ও ক্ষুদ্র কৃষকের সংখ্যা কত?

(গ) এই ব্যাপারে কোনো ক্ষতিপূরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি?

(ঘ) গ্রহণ করা হয়ে থাকলে, তা কিরূপ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ২০১৩ সালে প্রাকৃতিক দুর্যোগে ৭২,৫৫৫ একর জমিতে ধানের ক্ষতি হয়েছে।

(খ)	এক্ষেত্রে বৃহৎ কৃষকের সংখ্যা	—	৪০০ জন
	মধ্যবিত্ত কৃষকের সংখ্যা	—	১৯,৬০০ জন
এবং	ক্ষুদ্র কৃষকের সংখ্যা	—	৬০,০০০ জন
	মোট কৃষকের সংখ্যা	—	৮০,০০০ জন

(গ) ক্ষতিপূরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

(ঘ) ২০১৩ সালে খরিফ মরসুমে প্রতিটি ক্ষতিগ্রস্ত কৃষককে ৬ কেজি বীজ ধানের মিনিকিট এবং ১৮ কেজি এন.পি.কে-১০:২৬:২৬ সারের মিনিকিট বিতরণ করা হয়েছে। (অর্থাৎ ৮০,০০০ সংখ্যক ৬ কেজি ধান বীজ মিনিকিট ও ১৮ কেজি এন.পি.কে- ১০:২৬:২৬ সারের মিনিকিট বিতরণ করা হয়েছে)

কিষাণ ক্রেডিট কার্ড

৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭০৬) **শ্রী কল্লোল খাঁ :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

২০১০-১১ অর্থবর্ষে মোট কতজন কৃষককে কিষাণ ক্রেডিট কার্ড ইস্যু করা হয়েছিল?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ২০১০-১১ অর্থবর্ষে মোট ৫.৪৯,১১৮ জন কৃষককে কিষাণ ক্রেডিট কার্ড ইস্যু করা হয়েছিল।

সিভিল ডিফেন্স রিসোর্স সেন্টার

৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ৭০৮) **শ্রী কল্লোল খাঁ :** অসামরিক প্রতিরক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যে মোট কতগুলি দুর্ঘটনা প্রবণ ব্লকে সিভিল ডিফেন্স রিসোর্স সেন্টার আছে?

(খ) ওই সেন্টারগুলিতে কি ধরনের কাজ হয়ে থাকে?

অসামরিক প্রতিরক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) তিনটি।

(খ) ওই সেন্টারগুলিতে নিযুক্ত অসামরিক প্রতিরক্ষা দপ্তরের স্বেচ্ছাসেবীগণ বন্যা. খরা ইত্যাদি বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের মোকাবিলা করেন।

ত্রিস্তর পঞ্চায়েতে কাজের মূল্যায়ন

৯০। (অনুমোদিত প্রশ্ন নং ৭১৪) **শ্রী রামেশ্বর দোলই :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, ত্রিস্তর পঞ্চায়েতের কাজের মূল্যায়নে সরকারী আধিকারিকদের উপর দায়িত্ব ন্যস্ত হবে ; এবং

(খ) সত্যি হলে, এর কারণ কি?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ২০০৬-০৭ থেকে রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েতের জন্য যে স্বমূল্যায়ন পদ্ধতি চালু ছিল তাতে পঞ্চায়েতগুলি নিজেরাই নিজেদের মূল্যায়ন করত এবং সেই মূল্যায়নের ভিত্তিতে নম্বর দিত।

বর্তমান বছরে ২০১২-১৩-র কাজের নিরিখে পঞ্চায়েতগুলির যে মূল্যায়ন হবে, তাতে পঞ্চায়েতগুলি একইভাবে নিজেদের অবস্থান নির্ণয় করবে, কিন্তু সেই অবস্থা যাচাইয়ের পর প্রাপ্তব্য নম্বর দেওয়ার দায়িত্ব সরকারী আধিকারিকদের উপর ন্যস্ত করা হয়েছে।

(খ) দেখা গেছে যে, পঞ্চায়েতের স্বমূল্যায়নের ক্ষেত্রে কখনো কখনো যথার্থতা ও নিরপেক্ষতার ঘাটতি লক্ষ করা গেছে। এর ফলে কখনো কখনো যোগ্যতর পঞ্চায়েত প্রতিষ্ঠানগুলি রাজ্য ও কেন্দ্র সরকারের প্রদত্ত উৎসাহবর্ধক তহবিল থেকে বঞ্চিত হয়েছে। মূল্যায়ন পদ্ধতিতে নিরপেক্ষতা ও জেলান্তরে একটি সমতা আনার জন্য এই পদক্ষেপ নেওয়া হয়েছে।

সরকারী ও বেসরকারী বাস সংখ্যা

৯১। (অনুমোদিত প্রশ্ন নং ৭২৪) **শ্রী দিবাকর হাঁসদা :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে (১) সরকারী ও (২) বেসরকারী বাসের সংখ্যা ক্রমশ হ্রাস পাচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, এর কারণ কি?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ইহা সত্য নহে।

(খ) প্রযোজ্য নহে।

মালদা জেলায় কৃষক মাণ্ডি

৯২। (অনুমোদিত প্রশ্ন নং ৭৩৭) **শ্রী আবদুর রহিম বক্সী :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

৩১শে অক্টোবর, ২০১৩ সাপেক্ষে মালদা জেলায় কতগুলি কৃষি মাণ্ডি তৈরি করা হচ্ছে / হয়েছে (ব্লকওয়ারি তথ্যসহ)?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ২০১২-১৩ আর্থিক বছরে পশ্চিমবঙ্গে যে ৯৫টি কৃষক বাজার নির্মাণের কর্মসূচী নেওয়া হয়েছিল তার অঙ্গ হিসাবে মালদা জেলার চাঁচল-১ নং ব্লকের মহকুমা কৃষি খামারে ১টি কৃষক বাজার নির্মীয়মাণ, যার প্রায় ৮০% নির্মাণ কাজ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে।

তিস্তা ব্যারেজ প্রকল্প

৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬০) ডাঃ **মানস রঞ্জন ভূঞ্যা** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

১লা এপ্রিল থেকে ৩১শে অক্টোবর ২০১৩ তারিখ সাপেক্ষে তিস্তা ব্যারেজ প্রকল্পে বরাদ্দকৃত (রাজ্য ও কেন্দ্র সরকারের) এবং ব্যয়িত অর্থের পরিমাণ কত?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ১লা এপ্রিল থেকে ৩১শে অক্টোবর ২০১৩ তারিখ সাপেক্ষে এবং বিগত পঞ্চায়েত নির্বাচন তথা বর্ষা মরসুমের পরিপ্রেক্ষিতে তিস্তা ব্যারেজ প্রকল্পে বরাদ্দকৃত ও ব্যয়িত অর্থের পরিমান নিম্নরূপ :

	বরাদ্দকৃত (কোটি টা:)	ব্যয়িত (কোটি টা:)
কেন্দ্রীয় অনুদান	৩১.৭১২৯৪	১৮.০০
রাজ্যের আনুপাতিক অংশ	৩.৫২৩৬৬	২.০০
মোট	৩৫.২৩৬৬	২০.০০

কিষাণ ক্রেডিট কার্ড বিলি

৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬১) ডাঃ **মানস রঞ্জন ভূঞ্যা** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বিভিন্ন রাষ্ট্রীয় ব্যাঙ্ক এবং কো-অপারেটিভ ব্যাঙ্ক ২০১৩ সালে ৩১শে অক্টোবর পর্যন্ত কৃষকদের কিষাণ ক্রেডিট কার্ড বিতরণ করেছে ; এবং

(খ) সত্যি হলে (১) উক্ত সময়সাপেক্ষে বিতরিত ওইরূপ কার্ডের সংখ্যা কত (জেলাওয়ারি তথ্য সহ) ও (২) কোন সাল থেকে উক্ত কার্ড বিতরণ প্রথা শুরু হয়েছে?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্যের বিভিন্ন রাষ্ট্রীয় ব্যাঙ্ক এবং কো-অপারেটিভ ব্যাঙ্ক ২০১৩ সালের ৩১শে অক্টোবর অবধি ২,৪২,৪৬২ কিষাণ ক্রেডিট কার্ড বিতরণ করেছে। রাজ্যে ২০১৩-১৪ সালে কিষাণ ক্রেডিট কার্ড বিতরণের সংখ্যা ১২.০০ লাখ লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। কিষাণ ক্রেডিট কার্ড বিতরণের কাজ ২০১৪ সালের ৩১শে মার্চ অবধি রাজ্যে চালু আছে।

(খ) ২০১৩ সালের ৩১শে অক্টোবর অবধি জেলাওয়ারি কত কিষাণ ক্রেডিট কার্ড বিতরণ করা হয়েছে তার তথ্য এস.এল.বি.সি.-র কাছ থেকে পাওয়া যায়নি। ১২১নং এস.এল.বি.সি.-র রিপোর্ট অনুযায়ী এই রাজ্যে ২০১২ সালের ডিসেম্বর অবধি মোট ৫৯,০০,০৭৭ কিষাণ ক্রেডিট কার্ড বিতরণ করা হয়েছে রাষ্ট্রীয় ব্যাঙ্ক এবং কো-অপারেটিভ ব্যাঙ্কের মাধ্যমে।

'জাতীয় স্বাস্থ্য সুরক্ষা অর্ডিন্যান্স' কার্যকর

৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬৯) ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

'জাতীয় খাদ্য সুরক্ষা অর্ডিন্যান্স' রাজ্যের ক্ষেত্রে কার্যকর করার বিষয়টি বর্তমানে কোন পর্যায়ে আছে?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : বর্তমানে এই অর্ডিন্যান্স আইনে পরিণত হয়েছে। জাতীয় খাদ্য সুরক্ষা আইন - ২০১৩, ৫ই জুলাই ২০১৩ থেকে কার্যকরী হয়েছে। উক্ত আইন অনুযায়ী এই আইন কার্যকরী হওয়ার ৩৬৫ দিনের মধ্যে অগ্রাধিকার তালিকা (Priority household) চিহ্নিতকরণের কাজ শেষ করতে হবে। এখন এই কাজ চলছে।

পরিবারভিত্তিক নলবাহিত জল সরবরাহ

৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮২২) **শ্রী ধীরেন বাগদী :** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বীরভূম জেলার মহম্মদবাজার ও হাটগাছাস্থিত জনবহুল এলাকায় জল সরবরাহে পরিবারভিত্তিক সংযোগ দেওয়ার কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) মহম্মদবাজার ও সংলগ্ন মৌজায় এবং হাটগাছা ও সংলগ্ন মৌজায় নলবাহিত জলসরবরাহ প্রকল্প ২০০০-২০০১ সালে এবং ২০০২-২০০৩ সালে যথাক্রমে ১৫৮.২৩ লক্ষ (এক কোটি আটান্ন লক্ষ তেইশ হাজার) টাকা ও ২৭৮.২৬ লক্ষ (দুই কোটি আটাত্তর লক্ষ ছাব্বিশ হাজার) টাকা অনুমিত মূল্যে অনুমোদিত হয়েছিল। প্রকল্পগুলি যথাক্রমে ২০০২-২০০৩ সালে এবং ২০০৬-২০০৭ সালে প্রকল্পিত জনসংখ্যা ১৬,০০০ (ষোলো হাজার) এবং ২০,০৮০ (কুড়ি হাজার আশি) আওতাভুক্ত করে মাথাপিছু ৪০ (চল্লিশ) এল.পি.সি.ডি. জলসরবরাহের মাধ্যমে পথ-পার্শ্ব জলকলের (street stand post) দ্বারা চালু করা হয়েছিল। যাহা হউক, জাতীয় গ্রামীণ পানীয় জলসরবরাহ প্রকল্প (NRDWP)-এর বর্তমান নীতি ও নির্দেশিকা অনুযায়ী মহম্মদবাজার পঞ্চায়েত সমিতি ওই প্রকল্পগুলির বিতরণ পদ্ধতির প্রত্যহ কার্য ও রক্ষণাবেক্ষণ (operation & maintenance) নিজের হাতে নিতে পারে (take over) এবং বাড়ি বাড়ি জলসংযোগ দেওয়ার ব্যাপারে অতিরিক্ত পদক্ষেপ নিতে পারে।

(খ) উক্ত পঞ্চায়েত সমিতি এই প্রকল্পটির ভার নেওয়ার পরই উপরিউক্ত নলবাহিত জলসরবরাহ প্রকল্পের মাধ্যমে বাড়ি বাড়ি জলসংযোগ সম্পন্ন হবে।

জলাধার নির্মাণে অর্থবরাদ্দ

৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮২৯) **শ্রী অসিত কুমার মাল :** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বীরভূম জেলার অন্তর্গত নলহাটি ২নং ব্লকে লোহাপুর জলাধার নির্মাণের জন্য মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ কত; এবং

(খ) কবে নাগাদ উক্ত কাজ শেষ হবে বলে আশা করা যায়?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বীরভূম জেলার অন্তর্গত নলহাটি ২নং ব্লকে লোহাপুর ও সংলগ্ন মৌজা নলবাহিত জলসরবরাহ প্রকল্পের উচ্চ জলাধার নির্মাণের জন্য ৭৪.৮৬ লক্ষ (চুয়াত্তর লক্ষ ছিয়াশি হাজার) টাকা অনুমিত ব্যয় মঞ্জুর করা হয়েছিল।

(খ) উক্ত কাজটি ৩১/০৮/২০১৪-এর মধ্যে সম্পূর্ণ হবে বলে আশা করা যায়।

পাওয়ার সাব-স্টেশন নির্মাণ

৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩৩) **শ্রী অসিত কুমার মাল :** বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বীরভূম জেলার রামপুরহাট দুই নম্বর ব্লকে সাব-পাওয়ার স্টেশন স্থাপন করার কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি ; এবং

(খ) থাকলে, উক্ত কাজ কবে নাগাদ সম্পন্ন হবে বলে আশা করা যায়?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ। বীরভূম জেলায় রামপুরহাট দুই নম্বর ব্লকে একটি ৩৩/১১ কেভি সাব-স্টেশন নির্মাণের পরিকল্পনা আছে।

(খ) উক্ত সাব-স্টেশন নির্মাণের জন্য বাসোয়া মৌজায় একটি জমি চিহ্নিত করা হয়েছে এবং জমিটি সংগ্রহ করার প্রক্রিয়া শুরু হয়েছে। জমিটি পাওয়া গেলে সাব-স্টেশন নির্মাণের কাজ অবিলম্বে শুরু হবে।

[12.00 noon–12.10 p.m.]

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received four (4) notices of Calling Attention on the following subjects, namely :-

	Subject		Name
i)	Alleged attack on vegetable hawkers in Howrah	:	Shri Basudeb Khan
ii)	Urge for payment of compensation to the Depositors of Chit Fund Institutions	:	Shri Sahajahan Choudhury
iii)	Urge for speedy construction of ITI Building in Joynagar Block-II	:	Dr. Tarun Kanti Naskar
iv)	Alleged deplorable condition of Primary Health Centres in the area under Harischandrapur Police Station	:	Shri Tajmul Hossain

I have selected the notice of Dr. Tarun Kanti Naskar on the subject of urge for speedy construction of ITI Building in Joynagar Block-II.

The Minister-in-Charge may please make a statement today, if possible or send the reply direct to the Member concerned.

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্য শ্রী তরুণ কান্তি নস্কর মহাশয়ের কলিং অ্যাটেনশনের যে প্রশ্ন ছিল, তার উত্তর জানাচ্ছি। জয়নগরের আই.টি.আই.-এর টেন্ডার প্রসেস করে কাজ শুরু হবার মুখে। আমরা অবিলম্বে এক বছরের মধ্যে যাতে কাজটা কমপ্লিট করা যায়, তার জন্য সেই সমস্ত এজেন্সির উপর দায়িত্ব দেওয়া হয়েছে।

Mr. Speaker : Now, I call upon the Minister-in-Charge of the Agriculture Department to make a statement on the subject of steps taken by the State Government to increase the production of potato seeds.

(Attention called by Shri Kallol Khan on the 11th December, 2013)

শ্রী মলয় ঘটক : স্যার, আমি আপনার মাধ্যমে জনস্বার্থে গুরুত্বপূর্ণ জরুরী বিষয়ের প্রতি মাননীয় সদস্য শ্রী কল্লোল খাঁ গতকাল দৃষ্টি আকর্ষণ করেছিলেন। তার উত্তর দিচ্ছি। আলু উৎপাদনে আমাদের রাজ্য দ্বিতীয় স্থান অধিকার করেছে। ২০১১-১২ সালে মোট আলুর উৎপাদন ৯৭,২৩,০৩৬ মেট্রিক টন থেকে বেড়ে ২০১২-১৩ তে ১১৫,৯১,৩০০ মেট্রিক টন উৎপাদিত হয়েছিল। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় হচ্ছে আলু উৎপাদনের সঙ্গে কয়েক লক্ষ চাষী যুক্ত থাকলেও বিগত

সরকার এ ব্যাপারে চরম উদাসীন ছিলেন। আলুর গুণমান উন্নয়ন বা কৃষকের সার্বিক উন্নয়নের কোনো কাজ তারা করেননি।

২০১১ সালে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বে মা, মাটি ও মানুষের সরকার গঠিত হওয়ার পর বেশ কিছু পদক্ষেপ তিনি গ্রহণ করেন ; তার মধ্যে অন্যতম হচ্ছে সরকার কর্তৃক সার্টিফায়েড আলু বীজ তৈরী এবং সরকারী দামে তা চাষীভাইদের কাছে বিতরণ।

১৯৭৭ থেকে ২০১১ পর্যন্ত রাজ্যে কোন আলু বীজ তৈরী করা হয়নি এবং এই সময় চাষী ভাইদের মধ্যস্বত্বভোগী কিছু দালাল চাষীদের চড়া দামে নিকৃষ্ট মানের ভিন রাজ্যের বীজ সরবরাহের বহু অভিযোগ পাওয়া যায়।

২০১২-১৩ সাল থেকে রাজ্য বীজ নিগম আলুবীজ তৈরীর কাজ শুরু করে এবং প্রথম বছর ২৫০০ মেট্রিক টন সার্টিফায়েড আলুবীজ তৈরী করে।

২০১৩-১৪ সালে মাননীয়া মুখ্যমন্ত্রীর ঘোষণা অনুযায়ী রাজ্যের ৩০,০০০ কৃষকভাইকে ১০০ কেজি হিসাবে উন্নতমানের সার্টিফায়েড আলুবীজ সরকারী দামে ১৮ টাকা কেজি দরে চারটি জেলায় আলু চাষীদের মধ্যে বিতরণের ব্যবস্থা করা হয়।

আগামী বছর সরকারী ন্যায্য দামে আরো ব্যাপক ভাবে চাষীদের যাতে সার্টিফায়েড বীজ বিলি করা যায় তার জন্য রাজ্য বীজ নিগমের মাধ্যমে আগামী বছর মোট ১০,০০০ মেট্রিক টন সার্টিফায়েড আলু বীজ উৎপন্ন করার জন্য প্রস্তুতি নেওয়া হয়েছে এবং এ ছাড়াও কৃষি দফতরের অধীনস্থ বিধান চন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়, উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়সহ কিছু কৃষি খামারে আরো ২, ০০০ মেট্রিক টন আলু বীজ তৈরী করার প্রক্রিয়া শুরু হয়েছে অর্থাৎ ফাউন্ডেশন বীজ বপন করা হচ্ছে। রাজ্য বীজ নিগম নিজস্ব উৎপাদন ছাড়াও সরকারী তত্ত্বাবধানে বীজ উৎপন্নকারী অন্যান্য সংস্থার কাছ থেকেও আরও সার্টিফায়েড আলু বীজ সংগ্রহ করে বিতরণের ব্যবস্থা করা হচ্ছে।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীকে প্রথমেই ধন্যবাদ জানাই। বিগত দশ বছর আমি এই বিধানসভার বিরোধী দলের সদস্য ছিলাম। অনেক কলিং অ্যাটেনশানই নিয়ে এসেছিলাম, কিন্তু এ রকম — কালকে আমরা এই কলিং অ্যাটেনশান-টা আমি তুলেছিলাম, আজকেই তিনি তার উত্তর দিয়েছেন, এর জন্য আমি ব্যক্তিগত ভাবে ওনাকে অভিনন্দন জানাই। অভিনন্দন জানাই, মা-মাটি-মানুষের সরকারের মাননীয় মন্ত্রীদের যাঁরা উদ্যোগ নিয়েছেন। আর, আমার অতিরিক্ত প্রশ্ন হ'ল, বিগত পঁয়ত্রিশ বছরে এই বীজ তৈরির বাৎসরিক উৎপাদন কত করে হ'ত, এটা জানাবেন কি?

শ্রী মলয় ঘটক : আমি ইতিমধ্যেই আমার জবাবে জানিয়েছি যে, ১৯৭৭ থেকে ২০১১ অর্থাৎ, বামফ্রন্ট সরকারের সময়ে আমাদের রাজ্যে এক কিলোও আলুর বীজ তৈরি হ'ত না।

LAYING OF NOTIFICATIONS

Notification No.507/MA/O/C-4/1A-14/2013 dated the 1st November, 2013 and No. 508/MA/O/C-4/1A-14/2013 dated the 1st November, 2013 issued by the Department of Municipal Affairs, Government of West Bengal Under the West Bengal Right to Publices Service Act, 2013.

Shri Firhad Hakim : Sir, I beg to lay —

(i) the Notification NO. 507/MA/O/C-4/1A-14/2013 issued by the Department of Municipal Affairs, Government of West Bengal and published in the Kolkata Gazette Extraordinary dated the 1st November, 2013 regarding appointment of functionaries as the Designated Officers, Appellate Officers and Reviewing Officers for the Urban Local Bodies; and

(ii) the Notification No. 508/MA/O/C-4/1A-14/2013 issued by the Department of Municipal Affairs, Government of West Bengal and published in the Kolkata Gazette Extraordinary dated the 1st November, 2013 regarding specifications of the services provided by the Public authorities, time limit to provide such services and stipulated time limits for the functionaries in the Designated Officers and Appellate Officers relating to the Urban Local Bodies.

I would like to mention that this is a revolutionary list of the Government, because the right to public service is a demand of the people of the State and we are happy to lay this, Sir and to act accordingly.

LAYING OF REPORT

The Annual Report of the Damodar Valley Corporation for the year 2011-2012

Shri Rajib Banerjee : Hon'ble Speaker Sir, I beg to lay the Annual Report of the Damodar Valley Corporation for the year 2011-2012.

NOTICE OF MOTION UNDER RULE 319

Mr. Speaker : Hon'ble Members, on 19.11.2013 Opposition Parties drew the attention of the Government by tabling two notices

of Adjournment Motion on the same subject of price hike of essential commodities. On the very next day, Hon'ble Chief Minister made statement in the House on the subject. During the speech of the Hon'ble Chief Minister, Leader of the Opposition intervened and he was allowed by me to make his speech on the issue. After hearing the speech of Leader of the Opposition, Hon'ble Chief Minister further supplemented on the matter.

In view of this, I find that no further discussion on the subject is necessary. Accordingly, I have not allowed the motion for discussion in the House under rule 319 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly given by Dr. Manas Ranjan Bhunia.

[12.10–12.20 p.m.]

LEGISLATION

Resolution for withdrawal of the West Bengal Protection of Interest of Depositors in Financial Establishments Bill, 2013 passed by the West Bengal Legislative Assembly on the 30th April, 2013.

Dr. Amit Mitra : Sir, I beg to move that

This House resolves that the West Bengal Protection of interest of Depositors in Financial Establishments Bill, 2013 passed by the West Bengal Legislative Assembly on the 30th April, 2013 be withdrawn.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : Withdrawal-র support-এ পেপার নেই।

শ্রী প্রবোধচন্দ্র সিনহা : মাননীয় অধ্যক্ষ মহোদয় "West Bengal Protection of Interest of Depositor in Financial Establishment Bill, 2013", যেটা 30th April এই বিধানসভা পাশ করেছিল সেটা withdraw করার জন্য মাননীয় অর্থমন্ত্রী যে প্রস্তাব এনেছেন আমি সেই প্রস্তাবের বিরোধিতা করছি এই কারণে যে, এই প্রস্তাবটা আইনসঙ্গতভাবে আসেনি। আপনি যদি দয়া করে বলেন যে সংবিধানের কত নম্বর ধারায় কিম্বা বিধানসভার "Rules of Procedure and Conduct of Bussiness"-র কত নম্বর ধারায় আপনি এই withdrawal motion-টা এনেছেন সেটা যদি দয়া করে বলেন ভালো হয়। আমি তন্ন তন্ন করে বিষয়গুলোকে বোঝাবার চেষ্টা করেছি। বিলের দুটো ব্যাপার আছে। Bill in consideration of House. যখন বিধানসভায় বিলটা চর্চা হয়, আলোচনা হয় সেই ক্ষেত্রে

বিলটা withdraw করার একটা provision আছে। কিন্তু bill passed by the Assembly and presented before the Governor for his ascent — সেখানে কিন্তু withdrawal-র কোনো বিষয় নেই। সংবিধানের ২০১ ধারায় দেখবেন স্পষ্ট করে বলা আছে যে, গভর্নর যদি কোনো বিল রাষ্ট্রপতির কনসিডারেশনের জন্য preserve করেন, মাননীয় রাষ্ট্রপতি যদি consent দেন ভালো, আর রাষ্ট্রপতি যদি consent না দিয়ে, কোনো কারণ উল্লেখ করে বিল ফেরৎ পাঠান তাহলে Governor সেই message-টা স্পীকারের কাছে communicate করবেন এবং স্পীকার সেই message-টা House-এ পড়ে দেবেন যে, এই কারণে বিলটা ফেরৎ এসেছে। সেইটা পড়ে দেওয়ার পরে বিলটা নিয়ে, যে বিলটা গিয়েছিল সেই বিলটা নিয়ে আলোচনা হবে। সেক্ষেত্রেও আজকে আরেকটা ভুল হয়েছে, এটা অনুসরণ করা হয়নি।

দ্বিতীয় জিনিস হচ্ছে, এইটা ঠিক অনুধাবন করা হয়নি বলে further একটা নতুন বিল এনেছেন। সংবিধানে তো এই provision নেই। Provision-টা আছে, রাষ্ট্রপতি যে যে ধারায় সংশোধনের কথা বলবেন ঐ বিলটার ওপরে সেই সেই ধারায় অ্যামেন্ডমেন্ট আনতে হবে। Total bill-টাকে replace করার এখানে কোনো প্রয়োজন নেই, ৪-৫ টা ধারায় এখানে সংশোধন আনা হয়েছে। অতএব, total bill-টা না এনে এই ৪-৫টা ধারায় সংশোধন আনলে চলত। সুতরাং, যে ভাবে বিলটা withdraw করা হচ্ছে, আমি স্যার আপনাকে এই হাউজের পুরনো proceedings দেব, আপনার টেবিলে লে করব এবং তাতে আপনি দেখতে পাবেন যে এই ধরনের একটা বিল Governor রাষ্ট্রপতির জন্য preserve করেছিলেন, গভর্নরের কাছে রাষ্ট্রপতির ডিসিশন এসেছিল, গভর্নর তখন ছিলেন মাননীয় গোপালকৃষ্ণ গান্ধী, তাঁর নিজস্ব স্বাক্ষরে সেই বিল হাউজে এসেছিল।

মিঃ স্পীকার : প্রবোধবাবু, আপনি brief explanatory note দিতে পারেন বলে যেটা রয়েছে, not very elaborate.

সুতরাং এই বিলটা যেভাবে উইথড্র করা হচ্ছে, এটা সম্পূর্ণ সংবিধান এবং আইনবিরুদ্ধ। মেম্বারদের কিছু দেওয়া হয়নি। সুতরাং এটার আমি অপোজ করছি। এই বিলটা উইথড্র করার ক্ষেত্রে এটা সঠিক পদ্ধতি গ্রহণ হয়নি।

Mr. Speaker : Now, Hon'ble Minister, please.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমাদের তো টাইম অ্যালট করা আছে।

মিঃ স্পীকার : একজন বলতে পারবেন। .... (গোলমাল) .... আপনি 112 পড়ে দেখুন। এটা তো বিলের মধ্যে হচ্ছে না, withdrawal হচ্ছে। এটা তো মূল বিলের আলোচনায় যাইনি আমরা। 'Let me read rule 112, If a motion for leave to withdraw a Bill is opposed, the Speaker may, if he thinks fit, permit the member who moves and the member who opposes the motion to make brief explanatory statements and may thereafter, without further debate,

put the question.' উনি বলেছেন এবার উনি বলবেন। সূর্যবাবু, প্লিজ ওনাকে বলতে দিন। অ্যালটেড টাইম তো এটা নয়। This is not that. Please .... (noise) .... বলুন, আপনি বলুন।

Dr. Amit Mitra : Hon'ble Speaker, Sir, I would like to place আমি একটা স্পেসিফিক জিনিস quote করতে চাই। 'Advice of Ministry of Law, Justice & Company Affairs .... (noise) ....

Mr. Speaker : .... (গোলমাল) .... মূল বিলের আলোচনার টাইম আমি দিয়েছি। ওনাকে বলতে দিন। 'Please let him explain the situation.' এটা প্রবোধবাবু বলেছেন, যে মেম্বার অপোজ করবেন তাকে একটা brief explanatory note দিতে হবে। .... (noise) ...... I have allowed him. He has given a very brief explanatory note opposing the withdrawal of the Bill. ....(noise) .... প্রবোধবাবু বসে রয়েছেন সামনে। আপনি মূল বিলে বলবেন। প্লিজ বসুন। মূল বিলে পুরো দু-ঘন্টা সময় দেব।

ডঃ অমিত মিত্র : Sir, now I will give my reply. আপনি আমার রিপ্লাইটা শুনুন। Advice of Ministry of Law, Justice & Company Affairs (Department of Legal Affairs) regarding withdrawal of a Bill reserved by the Governor of a State for the consideration of the President. ....(noise) .... In November, 1983, the learned Attorney General gave an opinion that the Houses of the State Legislature have the power to consider a Bill, which is pending before the President as a result of the Governor having reserved the same for his consideration, for its withdrawal. They should validly pass a Resolution for withdrawal of the Bill on intimation of which there will be no occasion for the President to at all consider the Bill for according or withholding his assent. Similar will be the case where after the Bills are reserved by the Governor for the consideration of the President, the two Houses of the State Legislature effect amendments thereto. In such a situation the said amendments should also be reserved by the Governor for the President. আমি পড়ে দিয়েছি। What is the legal position I have read it for you .... (noise) .... আমি এটাও cite করতে চাই। Hon'ble Speaker, I have already read the exact explanation 1983 আপনি যদি শুনতে না চান আলাদা কথা। আপনি আমার explanation শুনুন। তারপরে আপনারা বক্তব্য রাখবেন।

[12.20-12.30 p.m.]

So now in 2013 Government of India has given the details saying that you may like to withdraw the present Bill and send a fresh

Bill incorporating the changes accepted by the State Government and send it to the Government of India for Presidential assent. আমি তার সঙ্গে একটা কথা বলতে চাই যে চিঠি repeatedly we have got letters. যে চিঠি থেকে it is clear.

.... (Noise) ....

মিঃ স্পীকার : He has given an explanatory note based on the communications made by the president through the Governor. That is what he is doing.

.... (Noise) ....

ডঃ অমিত মিত্র : আমি অলরেডি পড়ে দিয়েছি exact provision.

.... (Noise) ....

মিঃ স্পীকার : আপনি পেজ - ১৫-এ যান, ক্লজ - ৬ দেখুন। Go to page 15, Clause 6,

.... (Noise) ....

ডঃ অমিত মিত্র : স্যার, আপনাকে আমি আর একটা কথা বলতে চাই আপনার মাধ্যমে। The West Bengal Protection of Interest of Depositors in Financial Establishment Bill 1 চিঠি to the Secretary to the West Bengal Legislative Assembly by the Secretary of Governor of West Bengal. গভর্নর অফ ওয়েস্ট বেঙ্গলের তরফ থেকেও বলা হচ্ছে Secretary to the Governor of West Bengal. Ministry of Home Affairs, Government of India, এটা কাকে অ্যাড্রেস স্যার? It is addressed to the Secretary of the Legislative Assembly. Ministry of Home Affairs, Government of India has returned the aforesaid Bill considering it to be withdrawn by the Government of West Bengal in view of the acceptance of some of the comments of the Department, through Ministry of Finance, Government of India এই চিঠিটা লেখা হচ্ছে, কে লিখছে? Secretary to the Govemmor to the Secretary to the West Bengal Legislative Assembly. This is documented proof, Sir. এর থেকে ডকুমেন্ট কি চান?

মিঃ স্পীকার : এবার সূর্য্যবাবু আপনি বলুন precisely. Absolutely precisely আপনি বলেছেন আমি সুযোগ দিয়েছি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : Precisely মানে কি স্যার? আপনি আমার টাইম কেটে নেবেন।

.... (Noise) ....

মিঃ স্পীকার : মূল বিলের আলোচনার সময় আপনাকে পুরোটাই দেব।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, এই কন্সটিটিউশান আপনার কাছেও আছে। কন্সটিটিউশানে আর্টিকেল ২০০ এবং ২০১ — এ কি বলা আছে আপনি দেখে নিন এবং তার বাইরে আপনারও ক্ষমতা নেই — আর্টিকেল ২০০, ২০১ — এর বাইরে আপনার ক্ষমতা নেই, হাউসের ক্ষমতা নেই, কারোরই ক্ষমতা নেই এই বিল হাত দেওয়ার, উইথড্র করবার। তা যদি করতে হয় ২০০, ২০১ — মেনে তাহলে হাউসে লে করতে হয়। হাউসে লে করতে হয় ২০০, ২০১ অনুযায়ী। এখানে আমাদের হাউসে এখানেই আছে, আমরা কাগজ দিয়েছি আপনাকে। Message under Article 200, 201।

মিঃ স্পীকার : আই নো দ্যাট। আপনাকে আর পড়তে হবে না, আমি পেয়েছি। আই গট ইট। আমাকে দিয়েছেন প্রবোধবাবু।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আপনি পেয়েছেন তো? আপনি বুঝলেন তো তার বাইরে আপনি — তার বাইরে রুলসে, কন্সটিটিউশানে কিছু নেই। উনি যেটা বলছেন সেটাও হাউসে লে হওয়া দরকার। ওখানে লেখা আছে যে কয়েকটা department কিছু অবজেকশান দিয়েছে। যেটা গ্রহণ করতে পারে, ওরা কনসিডার করতে পারে। কি লিখেছেন, কি কনসিডার করবো? কি করে ডিবেট করবো? কি ওরা দিয়েছেন, সেই কাগজ Paper has to be circulated. We cannot discuss without the paper. Make it available.

মিঃ স্পীকার : বসুন ডাঃ মিশ্র বসুন।

শ্রী পার্থ চ্যাটার্জী : স্যার আমি মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করব, যেটা তিনি এখানে পড়ছেন সেটা আপনার কাছে দিয়ে দিতে।

Mr. Speaker : I have heard both the sides.

Ministry of Home Affairs, Government of India sought for advice from the Ld. Attorney General as to whether Houses of State Legislature has the power to consider a bill which is reserved by the Governor of a State for the consideration of the President.

In November, 1983, the Learned Attorney General gave an opinion that the Houses of the State Legislature have the power to consider a Bill, which is pending before the President as a result of the Governor having reserved the same for his consideration, for its withdrawal. They could validly pass a resolution for withdrawal of the Bill on intimation of which there will be no occasion for the President to at all consider the Bill for according or withholding his assent. Similar will be the case where after the Bills are reserved by

the Governor for the consideration of the President, the two Houses of the State Legislature effect amendment thereto. In such a situation the said amendments should also be reserved by the Governor for the President.

Following the above advice of Learned Attorney General of India, the West Bengal Municipal Corporation (Amendment) Bill, 2007 amending the West Bengal Municipal Corporation Bill, 2006 which has been reserved by the Governor for consideration of President of India, was passed by this Legislature. Again the West Bengal Protection of Interest of Depositors in Financial Establishments Bill, 2009 was withdrawn by this Legislature on 30-04-2013 and a fresh Bill viz. the West Bengal Protection of Interest of Depositors in Financial Establishments Bill, 2013 was passed by this Legislature on the same day.

Therefore, the Resolution for withdrawal of the West Bengal Protection of Interest of Depositors in Financial Establishments Bill, 2013 passed by the Assembly on 30-04-2013 and reserved for consideration of the President of India for Assent, is in order. Therefore, I put the Resolution moved by the Minister-in-charge of Finance and Excise Department to vote.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say No.

.... (At this stage division bell rang) ....

[12.30–12.40 p.m.]

(At this stage voting slips were distributed.)

মিঃ স্পীকার : দেরি করে সবাই ঢুকছেন। দরজা বন্ধ করুন। এরপরে আর কাউকে অ্যালাউ করবেন না আপনারা। Why do you allow the Member to enter into? আইনকানুন নেই না কি? দরজা খুলে যে কেউ ঢুকে যাবে। কোনো স্লিপ তাদের দেবেন না। Don't issue any slip of them. যারা দেরিতে এসেছেন তারা স্লিপ পাবেন না। Please you take your slip. আর স্লিপ দেওয়া যাবে না। আপনি আপনার জায়গায় বসুন। আমাদের একটা নিয়ম রয়েছে। যে যখন খুশি দরজা খুলবে ঢুকবে, তাকে স্লিপ দিতে হবে, আমরা পারব না দিতে।

Hon'ble Members, now result of the Division. 'Ayes' being 124

and 'Noes' being 41, the Motion for withdrawal of the Bill is accordingly passed.

The West Bengal Protection of Interest of Depositors in Financial Establishments Bill, 2013

Mr. Speaker : There will be two hours discussion on it. আগের যে সময়টা গেছে, that will not be included. There will be two hours discussion that will start right from now.

Now, Hon'ble Minister-in-Charge for Finance and Excise Department many please introduce the Bill.

Dr. Amit Mitra : I beg to introduce the West Bengal Protection of Interest of Depositors in Financial Establishment Bill, 2013.

(Secretary, then read the title of the Bill)

Dr. Amit Mitra : Sir, I beg to move that the West Bengal Protection of Interest of Depositors in Financial Establishments Bill, 2013 be taken into consideration.

শ্রী প্রবোধ চন্দ্র সিনহা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী The West Bengal protection of Interest of Depositors in Financial Establishments Bill 2013, Bill No 27 of 2013 যেটা এই সভায় উত্থাপন করেছেন, আমি বিলের উদ্দেশ্যের কোনো বিরোধিতা করছি না। যারা চিটফান্ড তৈরী করে সাধারণ মানুষের, জনগণের অর্থকে আত্মসাৎ করে, তাদের সম্পর্কে কঠিন এবং কঠোর ব্যবস্থা নেওয়া প্রয়োজন। কিন্তু এই বিলের মধ্যে যে কতগুলি অসঙ্গতি আছে, সেই অসঙ্গতিগুলো যদি দূর করা না হয়, তাহলে এমন একটা সম্ভাবনা রয়েছে যে এই বিলটাকে কার্যকরী করার ক্ষেত্রে অসুবিধে দেখা দেবে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন যে বর্তমান সরকার ২০১৩ তে যেটা ১৫ নং বিল এপ্রিলের ৩০ তারিখে এখানে পাশ হয়েছে, সেই বিলটি যখন আনা হয়েছিল আমরা দাবি করেছিলাম যে, বিলটা সিলেক্ট কমিটিতে যাক। নতুন বিল, এটাকে নিয়ে আলোচনা করে দেখতে হবে। সরকার পক্ষ থেকে বলা হয়েছিল যে না, এটাকে খুব দ্রুততার সাথে আমরা পাশ করিয়ে কার্যকরী করতে চাই। কিন্তু দুর্ভাগ্যের বিষয় এপ্রিল মাসে বিলটা পাশ হল, কার্যকরী করা সম্ভব হল না। আবার নভেম্বর মাসে নতুন করে বিল আনতে হল।

[12.40–12.50 p.m.]

ইতিমধ্যে ৫/৬ মাস সময় অতিবাহিত হয়ে গেল। তাড়াহুড়ো করে এসব বিল আনলে, এই বিলগুলোর ভেতর থেকে যে সুফল পাওয়া যায়, সেই সুফলগুলো পাওয়া সম্ভব হচ্ছে না। দ্বিতীয় কথা যেটা বলছি — আমি কাউকে কটাক্ষ করছি না বা হেয় করছি না — কিন্তু পূর্ণাঙ্গ বিলটা উত্থাপন করে সরকার একটা unnecessary exercise এর মধ্যে বিধানসভাকে ফেলে

দিয়েছেন। এখন পূর্ণাঙ্গ বিলের আলোচনা হবে। এই যে ১৫ নং বিল, এর সব কিছু বিষয় আলোচনা হয়ে গেছে। আজকে Governor-এর উপর ভিত্তি করে বা যে message এর উপর ভিত্তি করে যে amendment গুলো তিনি suggestions করেছেন, এক্ষেত্রে শুধু সেই amendment গুলোর উপর ভিত্তি করে আলোচনা করতে হবে, not the totality of the Bill। সুতরাং আপনারা অনুধাবন না করে একটা টোটাল বিল এনে হাজির করছেন, যেটার প্রয়োজন ছিল না। এবং, আমি মনে করি — গোলমালের মধ্যে সবটা শুনতেও পেলাম না — মাননীয় অর্থমন্ত্রী এখানে যে চিঠিগুলো পড়ে দিলেন, সেই চিঠিগুলি যদি সঠিক হয় তাহলে Governor's office was kept in the dark. মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে, এই বিধানসভায় বিল পাশ হয়ে গেলে আপনার signature-এর উপর ভিত্তি করে authentication এ বিলটা যাবে Governor এর কাছে। Governor ধরুন রাষ্ট্রপতির কাছে পাঠালেন, message এল, আগে আপনাকে পাঠাবে, not to Writers' Building। অ্যাসেম্বলিতে আসবে। বিধানসভার অধিবেশন চললে আপনি message টা পড়ে দেবেন, আর যদি বিধানসভা না চলে তখনও কিন্তু বিধানসভার bulletin এর মাধ্যমে বিধানসভা সদস্যদের অবগতির জন্য জানাতে হবে। তারপর যথাসময়ে বিলটা বিধানসভায় আলোচনা হবে। এবং আলোচনা হবে কোনটা? পূর্ণাঙ্গ বিলের উপর আলোচনা হবে না। যেহেতু already members have expressed their opinion. কেবলমাত্র যে amendment গুলো suggestions দেওয়া হয়েছে কেবলমাত্র সেই কয়েকটা amendment এ আলোচনা হবে। যেমন ধরুন এখানে ৫/৬ টা আছে, ওই ৫/৬ টা ধারা নিয়েই আলোচনা হবে। amendment টা সঙ্গত কি সঙ্গত নয়, গ্রহণ হবে কি বর্জন হবে। কিন্তু সেটা না করে আজকে একটা পূর্ণাঙ্গ বিল এনে হাজির করেছেন, এটা কোনো বিবেচনার মধ্যে বা কোনো পরামর্শের উপর ভিত্তি করে সরকার এটা করেছে আমি বুঝতে পারছি না। তৃতীয় বিষয় যেটা বলছি, এই বিল সম্পর্কে যেটা আছে। এই বিল নিয়ে আমার যা চিন্তাধারা, সংবিধানের 7th Schedule এ কোন কোন বিল কে আনতে পারবে তিনটে ভাগে ভাগ করা আছে। একটা List-I, সেখানে যে বিষয়গুলো আছে সেইগুলো কেন্দ্রীয় সরকার আইন প্রণয়ন করবে। দ্বিতীয় List-II, সেখানে যে বিষয়গুলো আছে সেখানে রাজ্য সরকারগুলো আইন প্রণয়ন করবে। আর একটা হচ্ছে List-III, যেটাকে বলা হয় যুগ্ম তালিকা, সেখানে রাজ্য এবং কেন্দ্র উভয়ে মিলে আইন পাশ করতে পারে, কিন্তু সেখানে কিছু লিমিটেশনস আছে। এখানে আপনি দেখবেন স্যার, 7th Schedule, সপ্তম তপশীলের, List-I এ, Item No 43, সেখানে বলা আছে এটা কেন্দ্রীয় সরকার আইন পাশ করবে। incorporation regulation and winding up of a trading corporation including banking, insurance and financial corporation but not including Cooperative Societies. এক্ষেত্রে কেন্দ্রীয় সরকার আইন পাশ করবে। রাজ্য সরকারকে কি ক্ষমতা দেওয়া হয়েছে? List-II, Item No 32, তাতে বলা হচ্ছে incorporation, regulation and winding up of corporations other than those specified in List-I. অর্থাৎ List-I এ যেসব বিষয়গুলোকে specify করা হয়েছে, সেই specific বিষয়ে রাজ্য সরকার কোনো আইন করবে না। তাহলে এখন Sarada Chit Fund বা অন্যান্য Chit Fund বা অন্যান্য financial institutions এইগুলো সম্পর্কে

রেগুলেট এবং নিষিদ্ধ করার জন্য কেন্দ্রীয় সরকারের হাতে নিজস্ব আইন রয়েছে। এই বিলগুলো নিয়ে বারে বারে যাচ্ছে এবং সেই কারণের জন্য কেন্দ্রীয় সরকার ১৯৮২ সালে একটা Chit Fund Act পাশ করেছিল। কিন্তু তা সত্ত্বেও দেখা যাচ্ছে এই জিনিসগুলো আমরা overlook করে চলে যাচ্ছি। আমরা overlook করে চলে যেতে পারি বিধানসভা, সংখ্যাগরিষ্ঠতার জোরে আমরা পাশও করা দিতে পারি, কিন্তু এই constitutional point এ High Court বা Supreme Court এ যদি challanged হয় বিলটা, তাহলে বিলটার আল্টিমেট ফেটটা কি হবে সেটা বলা যাচ্ছে না। এবং তার ফলটা কি হবে ? এই ভাবে বিলটা যদি আইনের বিতর্কের মধ্যে জড়িয়ে পড়ে এবং বিলটা প্রয়োগ করার, কার্যকরী করার ক্ষেত্রে যদি দেরী হয়, তাহলে যে উদ্দেশ্যে বিলটা আনা হচ্ছে গরীব মানুষের স্বার্থ রক্ষা করা, Chit Fund গুলোকে শায়েস্তা করা, তা কিন্তু কার্যকরী করা সম্ভব হবে না। সুতরাং এই জিনিসগুলো ভালো করে দেখা দরকার। আমি বললাম যে সেভেন্থ সিডিউলে ৪৩, লিস্ট ওয়ানে ৪৩, আর লিস্ট টু-এর আইটেম নাম্বার ৩২ এই দুটোকে যদি পর্যালোচনা করে দেখেন, তাহলে আমার নিজের ব্যক্তিগত যে ধ্যান-ধারণা তাতে এই বিল repugnant to the Constitution কনস্টিটিউশন্যালি এই বিলের ভ্যালিডিটি নিয়ে প্রশ্ন এসে যাবে। তারপরে যে কথাগুলি এই বিলের মধ্যে আছে, যে কথা অ্যামেন্ডমেন্ট এখানে দেওয়া আছে, সাজেশানস কেন্দ্রীয় সরকারের সেখানে দেখা যাবে যে বহু কথা দেখা দিচ্ছে সারদা কেলেংকারীকে কেন্দ্র করে। ইতিমধ্যে হাইকোর্টে মামলাও হয়েছে এবং কমিশন টমিশনের অধিকারগুলিকে চ্যালেঞ্জ করেও মামলা হয়েছে। সুতরাং সেই সব দিকে লক্ষ্য রেখে যদি প্রকৃতপক্ষে এই চিটফান্ডের কর্মপদ্ধতিকে নিয়ন্ত্রণ করতে হয়, মানুষের টাকা যে তারা নষ্ট করেছে সেগুলিকে যদি উদ্ধার করতে হয়, তাহলে তার সম্পত্তি বাজেয়াপ্ত এবং অন্যান্য কাজ যেগুলি করতে হবে সেই কাজগুলি করার ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ করার দরকার আছে। দুর্ভাগ্যের বিষয় যে পদ্ধতিতে এই বিলটা চলছে, এটাকে বিলম্বিত করার প্রক্রিয়া বলে আমার মনে হয়েছে। সুতরাং আমার মনে হচ্ছে আজকে এখানে যে বিলটা ইনট্রোডিউস করা হয়েছে in its totality, it is a futile exercise. (এইসময় মাইক অফ হয়ে যায়।)

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি এই সদনে যে বিলটা উত্থাপিত হয়েছে বিল নাম্বার ২৭,২০১৩, এটিকে সম্পূর্ণ সমর্থ করছি এবং এই সদনে বিবেচনার জন্য এবং গ্রহণের জন্য কিছু বক্তব্য, এই বিলের সমর্থনে রাখছি। প্রথমেই আমি আমার আগের বক্তা দীর্ঘদিনের বিধায়ক শুধু নন, পরিষদীয় মন্ত্রী এখানে ছিলেন, তিনি বললেন যে বিলে কিছু অসঙ্গতি আছে। এবং সেই অসঙ্গতি ধরানোর জন্য তিনি কনকারেন্ট লিস্ট এবং স্টেট লিস্টের ব্যাখ্যা করলেন। আমি তাঁর অবগতির জন্য এই কথা পরিষ্কার করে বলতে চাইব আজকের যে বিলটা উত্থাপিত হয়েছে সেই বিলটি স্টেট লিস্টের এন্ট্রি ৩২ এবং কনকারেন্ট লিস্টের এন্ট্রি ওয়ান অ্যান্ড টোয়েনটি থ্রি নিয়ে এখানে উত্থাপিত হয়েছে। এবং এটা আমরা আগে এই বিলটি যখন বিল নাম্বার পনেরো দু হাজার তেরো এসেছিল, তখনও কিন্তু এই কথাটি আমরা বলেছিলাম। আজকে আপনি বললেন ফর্টি থ্রি অ্যাকট দেখালে হবে না, ওয়ান অ্যান্ড টোয়েনটি থ্রি দেখুন তার সঙ্গে থার্টি টু মেলালে দেখতে পাবেন এই বিলটি আনা যায় কিনা। আর আরও পরে আমার বক্তব্যে আপনি

বুঝবেন যে এর যে সাংবিধানিক বৈধতা আছে, এটা কেন্দ্রীয় সরকারও স্বীকার করে নিয়েছেন, আমি আসব এর পরে। এই পুরো বিল উত্থাপিত করার প্রয়োজন কিনা, whether it is a futile exercise এই প্রশ্নটি আপনি তুলেছেন. আমি পরিষ্কার করে বলতে চাই যে এই পুরো বিলটিকে আনবার জন্যই কেন্দ্রীয় সরকারের কাছ থেকে নির্দেশ এসেছে মাননীয় রাজ্যপালের মাধ্যমে এবং সেই নির্দেশ মোতাবেকই আজকে পুরানো বিল নাম্বার দু হাজার তেরোটি উইদড্র করা হয়েছে এবং নতুন বিলটি পেশ করেছেন মাননীয় অর্থমন্ত্রী। আমরা কোন সময়ই রাজ্যপালকে অন্ধকারে রাখিনি। আপনি বলছেন রাজ্যপালকে অন্ধকারে রাখা হয়েছে। যে কটি নির্দেশ চিঠি কেন্দ্রীয় সরকার থেকে এসেছে তার সব কটি মাননীয় রাজ্যপালের মাধ্যমে সরকারের কাছে পৌছেছে। ফলে আপনার এই বক্তব্যের কোন প্রাসঙ্গিকতা আছে বলে আমি মনে করি না।

[12.50–1.00 p.m.]

আজকে যদি ১৯৮০ সাল থেকে সঞ্চয়িতা, আর তার সাথে সাথে অনেক চিট্ ফান্ড্ — সেই কথাগুলো আপনারা ভাবতেন, তাহলে আজকে এই বিল্ আনবার প্রয়োজন হ'ত না। আপনাদের হাতে ক্ষমতা থাকা সত্ত্বেও আপনারা সেই ক্ষমতার সাংবিধানিক ব্যবহার না করে পশ্চিমবাংলার মানুষকে দিনের পর দিন ঠকিয়েছেন। আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বে অতি সত্বরভাবে এই বিল নিয়ে এসে স্পেশাল সেশন বসিয়ে ২৯ এবং ৩০শে এপ্রিল ২০১৩, ২৯শে পেশ হয়েছিল ১৫ নম্বর বিলটি এবং ৩০ এপ্রিল সেটি পাশ হয়েছিল এবং আপনারা জানেন যে, সেদিন এই বিলটিকে সত্বরভাবে এফেক্ট্ দেওয়ার জন্য আমাদের মাননীয় অর্থমন্ত্রী গভর্নরের কাছে নিয়ে গিয়েছিলেন এয়ারপোর্টে এবং তারপর নিজেই তিনি গিয়েছিলেন কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রী- সহ অন্যান্য দপ্তরে। এ ব্যাপারে সবাই অবগত আছেন। ফলে আজকে আপনারা যে প্রশ্ন তুলেছেন, সেটা যদি আগে মনে রাখতেন, আপনাদের ইতিহাসটা যদি একটু বলতেন প্রবোধবাবু, তাহলে আমরা বুঝতাম যে, অন্তত আপনারা আপনাদের সময়ে তৈরি ইতিহাসের জন্য এখন অন্তত লজ্জাবোধ করেন। কেন? কারণ, ২০০৩ সালে প্রথম বিল এনেছেন। ১৯৮০ সাল থেকে ঘটনা ঘটেছে একটার পর একটা। ২০০৩ সালে প্রথম বিলটি এনেছেন। ২০০৫-এ যখন কেন্দ্রীয় সরকার কতগুলো প্রশ্ন তুলে চিঠি পাঠাল আপনাদের তৎকালীন সরকারের কাছে, তখন ২০০৫ থেকে সেই বিলটি নিয়ে বসে রইলেন এবং প্রতিশ্রুতির জবাব দিলেন না। ২০০৬ এ আবার চিঠি পাঠাল কেন্দ্রীয় সরকার যে, তোমরা আবার বিলটি উইথড্র করো এবং নতুন করে বিল পাশ করো। আপনারা সেই বিলটি — ২০০৩ এর বিলটি উইথড্র করলেন না। উইথড্র না করে ২০০৮ এ বিল আনলেন এই সদনে এবং ২০০৯ এ সেটা পাশ করলেন। তারমধ্যে সেই ২০০৯ তে গভর্নর্স মেসেজ্ হয়ে প্রেসিডেন্টের কাছ থেকে আন্ডার আর্টিক্যাল ২০১, গভর্নর্স মেসেজ এল ২০০৩ এর বিলটি উইথড্র করবার জন্য। এত অসঙ্গতি যারা তৈরি করেছে, এত অসঙ্গতি তৈরির মধ্যে দিয়ে যারা পশ্চিমবাংলার মানুষকে দিনের পর দিন ঠকিয়েছে, তাদের মুখে এই ধরণের কথা মানায় না। আমরা যে কাজটি করেছি, সেটি অত্যন্ত দ্রুততার সঙ্গেই করেছি এবং প্রত্যেকটি চিঠি, যে চিঠি আপনারা পাবেন এরপরে, যেগুলি লে হয়েছে। তাতে দেখবেন যে, কেন্দ্রিয় সরকার কি করেছে? ডটিং দ্যা আইজ্ অ্যান্ড কাটিং দ্যা টিজ্ — এছাড়া আর কিছু নয়। আমরা তাই মেনে নিয়েছি। মেনে নিয়ে মানুষের স্বার্থে, পশ্চিমবঙ্গের মানুষের স্বার্থে সেকশন-৪ এবং সেকশন-৫-এর মধ্যে একটা

ইনক্লুশন্ আমরা এনেছি। কিন্তু আমরা যখন বললাম, আমরা তোমাদের এগুলো মানছি, আমাদের এই এফেক্টটা — এই প্রেসিডেন্স্ অ্যাসেন্ট তোমরা করিয়ে পাঠিয়ে দাও বিলটি, আমরা মেনে নিচ্ছি এগুলি, তখন ওরা চিঠি দিয়ে বলল, আগে বিল উইথড্র করো, তারপর নতুন বিল আনো, সেই বিল আমরা পাঠাবো প্রেসিডেন্স্ অ্যাসেন্টের জন্য, যে চিঠি ৪র্থ সেপ্টেম্বর ২০১৩-র চিঠি, সেটা মাননীয় অর্থমন্ত্রী আপনাদের পড়ে শুনিয়ে দিয়েছেন এবং লে-ও করেছেন। আপনি কনস্টিটিউশনের ভ্যালিডিটির কথা বলেছেন। আপনি শুনলে খুশি হবেন কারণ আমরা এই সদন থেকে যে বিল পাশ করি, সেটা কনস্টিটিউশনালি ভ্যালিড্ তো বটেই এবং সেদিকে লক্ষ রেখেই আমরা সেই বিল পাশ করি। এই চিঠি ৪র্থ জুন ২০১৩ মিনিস্ট্রি অফ্ ফিন্যান্স, ডিপার্টমেন্ট অফ্ ইকনমিক অ্যাফেয়ার্স, অ্যাডমিনিস্ট্রেটিভ ডিভিশনে। এখানে কতগুলো প্রশ্ন উঠেছে এবং তার উত্তর তারাই দিয়েছেন। Whether the proposed legislation is constitutionally valid? তারা বলেছেন, 'Constitutinal validity of Tamil Nadu Protection of Interests of Depositors (in Financial Establishment) Act, 1997 was upheld by Hon'ble Supreme Court of India, in the case of K K Baskaran vs. State rep. by its Secretary, Tamil Nadu and Ors. (AIR 2011 SAC 1485) since the Proposed Bill is in line with the said Tamil Nadu legislation, this may also be constitutionally valid.' সুতরাং এই বিলটি সংবিধান সম্মত বিল, ফলে আপনি যে প্রশ্ন তুলেছেন ইনভ্যালিডিটি নিয়ে, এর কোন যুক্তিযুক্ত কারণ থাকতে পারে না। নেক্সট কমেন্ট : The proposed Bill may not be in conflict with SEBI Act, 1992. Suitable legal provision to addess aspects as mentioned in Para (IV) may be considered. অর্থাৎ আপনি যে বলেছেন কেন্দ্রীয় আইন আছে — chit fund অ্যাক্ট থেকে শুরু করে, সেবি থেকে শুরু করে এবং অন্যান্য আইন, সেই আইনের আওতায় কেন্দ্রীয় সরকার সারদা অথবা অন্য কোনো chit fund, যারা এই money laundering করতো তাদের আওতায় নিয়ে আসার প্রয়োজন বোধ করেনি। কিন্তু মাননীয়া মুখ্যমন্ত্রী এই বিল পেশের মাধ্যমে অত্যন্ত তাড়াতাড়ি, সত্বর এবং দ্রুত গতিতে এই কাজটি তিনি করেছেন, তাঁকে আপনাদের সমর্থন করা উচিত ছিল। এই বিলটি নিয়ে কোনো রকমের প্রশ্ন তোলার যুক্তিযুক্ত কারণ আছে বলে আমার মনে হয় না। স্যার, আজকে যে দ্রুততার সাথে এই বিলের উপরে উনি আমাদের হাইকোর্টের সম্বন্ধে বললেন, হাইকোর্টের কেস স্যার, — মনিটরিং কমিটি, হাইকোর্ট নিজেই মনিটর করছেন এই কেস এবং Division Bench presided over by Justice Asit Kumar Banerjee — সেই বেঞ্চ নিজেই আজকে মনিটর করছে। সেখানে রিপোর্ট দিতে হয় সীটকে। সীট প্রত্যেক মাসের শেষে রিপোর্ট দেয়। আজ অবধি ৬টি রিপোর্ট সীটের কাছে পৌঁছে গেছে হাইকোর্টের কাছে। হাইকোর্ট নিজে এটা মনিটর করছে। স্যার, কমপ্লেন্ট রিসিভ করেছিল রাজ্য সরকার ১৬.৪.২০১৩-তে এবং দ্রুততার সাথে যারা সারদা গোষ্ঠীর সঙ্গে যুক্ত সেই লোকগুলিকে ২৩.০৪.২০১৪ -এর মধ্যে ধরা হয়েছিল। স্যার, এই হাউজের অবগতির জন্য জানাই ৩০শে নভেম্বর ২০১৩ অবধি ৩১৮টি কেস রেজিস্টার্ড হয়েছে, তার মধ্যে চার্জশীট হয়ে গেছে ২৪৬টি। দক্ষিণ দিনাজপুরের ২২০টির মধ্যে ২১১টি কেসের চার্জশীট হয়ে গেছে। বিধান নগরের ৩টি কেস চার্জ ফ্রেমড হয়ে গেছে। ৩টি কেসের চার্জ ফ্রেমের পরে ট্রায়াল চলছে স্যার, সুতরাং আজকে যে বিলটি এনেছেন, এই বিলটি অত্যন্ত সঠিক। (এই সময় মাইক অফ্ হয়ে যায়।)

শ্রী সুভাষ নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের আইনমন্ত্রী বক্তব্য রাখলেন, তাঁর উপরে তো বেশী কথা বলার নেই। এই জন্য কতগুলো প্রচলিত প্রবাদে আমার বক্তব্য শেষ করবো। প্রথম প্রবাদ হলো "নাচতে না জানলে উঠোন বাঁকা"। "নাচতে না জানলে উঠোন বাঁকা", ২০০৩-তে বিল পাশ, ২০০৯-তে পাশ অ্যান্ড উইথড্রন। ২০১৩-তে পাশ অ্যান্ড উইথড্রন। আবার এগেন ২০১৩-তে পাশ। আমরা আশা করছি নেক্সট উইল বী উইথড্রন। এটা কেন বারে বারে হচ্ছে? পাশ হচ্ছে উইথড্রন, পাশ হচ্ছে উইথড্রন। আর ম্যাডাম, আমরা তো মূল বিলের উদ্দেশ্য নিয়ে আগের বারের এপ্রিলে বিরোধিতা করিনি, এখনও বিরোধিতা করছি না। নিয়ম মেনে চলবেন না? অর্থমন্ত্রী মহাশয় ওই কতগুলো অ্যাডমিনিস্ট্রেটিভ চিঠির কথা বললেন, মাননীয় রাজ্যপালকে সম্পূর্ণ অন্ধকারে রাখলেন। তাঁর কাছে আমরা গিয়েছি, তিনি জানালেন না। তাঁর প্রেরিত চিঠিতে কি কি অবজেক্শান, কি কি রিকয়্যারমেন্ট, কি কি রিজার্ভেশান — এই যে রাষ্ট্রপতি পাঠিয়েছেন থ্রু রাজ্যপাল - রাজ্যপাল বিধানসভায় লে করলে আজকে আমাদের কোন বক্তব্য থাকতো না। আমরা এই কারণে আবার রিপিট করে "নাচতে না জানলে উঠোন বাঁকা।" দ্বিতীয়ত কি? আরও একটা প্রবাদ আপনাদের সম্পর্কে বলা যেতে পারে।

[1.00–1.10 p.m.]

বজ্র আঁটুনি ফস্কা গেরো। বজ্র আঁটুনি। ৩৮ হাজার কোটি টাকা, ৩৮ হাজার কোটি টাকার কেলেঙ্কারি। কি বললেন? যে ৫০০ কোটি টাকা আবার সিগারেটের উপরে গিয়ে ট্যাক্স। ট্যাক্স বাড়িয়ে ১৫০ কোটি, আপনার ৫০০ কোটি, আর ৩৮ হাজার কোটি টাকার কেলেঙ্কারি। ল্যাবেনচুষ চোষাচ্ছেন না? কাকে দেবেন ক্ষতিপূরণ? কেন দেবেন রাজ্য সরকারের টাকা? আর সিগারেটের উপরে ট্যাক্স। কারা পায়? কেন্দ্রীয় সরকার পায়, এতো এক্সসাইজ ডিউটি। আপনারা বললেন এই কথাটা। আসলে ঘটনা কি? ঘটনা হল, সোর্ষের মধ্যে ভূত। সোর্ষের মধ্যে ভূত। সোরষের মধ্যে ভূত। তাই নিজেরাই নিজেদের ঢাক পেটাচ্ছেন, ঢাক পেটাচ্ছেন। কি বলে ঢাক পেটাচ্ছেন? কখনও বলছেন আমি চোর, কখনও বলছেন [***] চোর, কখনও বলছেন [***] চোর .....

.... (Noise) ....

ম্যাডাম ডেপুটি স্পীকার : [***] নামটা বাদ যাবে। [***] নামটা বাদ যাবে। যারা এই হাউসের মেম্বার নয় তাদের নাম বাদ যাবে। আপনারা বসুন, আপনারা বসুন।

.... (Noise) ....

যারা এই হাউসের মেম্বার নন তাদের প্রত্যেকের নাম বাদ যাবে।

শ্রী সুভাষ নস্কর : বলতে দিন, বলতে দিন। গায়ে লেগেছে না? জ্বালা লেগেছে।

.... (Noise) ....

ম্যাডাম ডেপুটি স্পীকার : এবং উনি বলেছেন [***] সম্বন্ধে। সেটাও প্রসিডিংসে যাবে না। আপনারা প্লিজ চুপ করুন। প্লিজ। উনি [***] সম্বন্ধে যে কথাটা বলেছেন সেই কথাটাও বাদ যাবে। এবং যারা এই হাউসের মেম্বার নন তাদের সবার নাম প্রসিডিংস থেকে বাদ যাবে।

***উপাধ্যক্ষার আদেশক্রমে বাতিল করা হল।

শ্রী সুভাষ নস্কর : ম্যাডাম, আপনার কথা আমি মানছি কিন্তু শুনে দেখবেন, কথাটা শুনুন .... (গোলমাল) .... আমি যা বলছি, আমি কারোও নাম বলিনি। আমি, আপনাদের বক্তব্য বলেছি। আর একটা কথা, আর একটা কথা শুনুন, শুনুন, কি বলা যায় জানেন। আর একটা প্রবাদ নাম্বার ৪ — ঠাকুর ঘরে কে আমি কলা খাইনি। আমি কলা খাইনি। আপনাদের বলা হচ্ছে, সি.আই.ডি. তদন্ত করবেন ? না করব না। সি.বি.আই. তদন্ত করবেন ? না করব না। কেন্দ্রীয় সরকারের তদন্ত কমিটি তারা গিয়ে তদন্তের সময় সেই সেই বাড়িতে যায়, যা আপনারা কিছু পাননি, ওরা কি মালপত্র বের করল ? কোথায় ছিল আপনাদের তদন্তকারী অফিসারদের দৃষ্টিভঙ্গি ! আপনাদের আর কি বলা যায় জানেন। আসলে ঝোলা থেকে বেড়াল বেরিয়ে যাবে। সি.বি.আই. তদন্ত করলে ঝোলা থেকে বেড়াল বেরিয়ে যাবে। তাই আপনারা ভয় পাচ্ছেন। আপনারা একের পর এক টাইম কিল করছেন। আর কি করলেন, ম্যাডাম ? চমক, চমক, চমক। কতগুলো চমক দিচ্ছেন ? চমক নাম্বার ১ -- বললেন, এই বিল সাত দিনের মধ্যে পাশ করাব। সাত দিনের কত মাস চলে গেল। এই বিল সাত দিনে পাশ করিয়ে আপনারা চমক দিতে চেয়েছিলেন। চমক নাম্বার ২ — বললেন, রাজ্যপাল বিদেশ থেকে ফিরছেন, রাজ্যে ফেরার আগে বিমানবন্দরে গিয়ে সই করিয়ে নিয়ে এলেন। কেন ? চমক নাম্বার ৩ — আপনারা বললেন, ৫০০ কোটি টাকা ভর্তুকি দিয়ে দিলাম রাজ্যের ভান্ডার থেকে। তোমরা ল্যাবেনচুষের মত চুবে চুবে খাও। চমক নাম্বার ৪ — শাক দিয়ে কি মাছ ঢাকা যায় ? বেরিয়ে পড়েছে। গুণীজনেরা প্রতিবাদ করছেন। পুলিশ দিয়ে পেটাচ্ছেন। তাদের অসম্মান করছেন। লক্ষ্য লক্ষ্য লোকের রুটি রোজগার জড়িত আর আপনারা এখানে প্রহসন করছেন। আপনারা ধোয়া তুলসি পাতা ? ধোয়া তুলসি পাতা ? শুধু বলেন ৩৪ বছর, ৩৪ বছর। আপনাদের বলা যেতে পারে, আগে আপনাদের কোমরে দড়ি বেঁধে তদন্ত হোক। ...... (গোলমাল) .... কেন আপনাদের তদন্ত হবে না ? কেন ? আপনারা, একজন গোপন জবানবন্দী দেবেন। গোপন জবানবন্দী।

হাইকোর্টে গিয়ে, সুপ্রীম কোর্টে গিয়ে মামলা করছেন। গোপন জবানবন্দী দেওয়া যাবে না।

সরকারের কোথায় আগ্রহ দেখানো উচিত যে, এই গোপন জবানবন্দীতে কি বেরিয়ে আসে। না, যদি কেঁচো খুঁড়তে সাপ বেরোয়। তাই আপনারা — গোপন জবানবন্দী দেওয়া যাবে না, দেওয়া যাবে না। কেন ? আপনারা বলছেন যে, এই যে আটত্রিশ হাজার কোটি টাকা ; কোথায় গেল রাতারাতি, কোথায় গেল ? কয়েকজনকে arrest করেছেন। আর তার পরিবারের লোকজন তাদেরকে আপনারা রক্ষা করে যাচ্ছেন। কেন ? ওই যাদেরকে arrest করেছেন তার পরিবারের লোকজনদের কাছে ওই অর্থ গচ্ছিত আছে, গচ্ছিত আছে। আপনারা একদিনের জন্যে সেখানে দেখছেন না। এই কারণে আমি বলছি, উদ্দেশ্যটা মহৎ হলে আমরা সমর্থন করি। কিন্তু আপনাদের উদ্দেশ্য একদম অসত্য এবং বদের। এইজন্য বলা যায় শেষ কথা, ...(এই সময় মাইক অফ হয়ে যায়।).....

ম্যাডাম ডেপুটি স্পীকার : Please , আপনারা একটু চুপ করুন। Debate is going on Please. আমি অনারেবল মেম্বার সবাইকে অনুরোধ করছি, যারা এই হাউসের মেম্বার নন

এবং হাউসেরও কোনো মন্ত্রী বা মাননীয় সদস্য সম্বন্ধে কটূক্তি করতে হলে those will not go to the proceedings. Please Shilbhadra Dutta.

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় উপাধ্যক্ষা ম্যাডাম, আমি মাননীয় অর্থ মন্ত্রী ডঃ অমিত মিত্রের আনা The West Bengal Protection of Interest of Depositors in Financial Establishments Bills, 2013 একে সম্পূর্ণভাবে সমর্থন করে দু'চারটে কথা বলতে চাইছি। মাননীয়া আইন মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য প্রবোধবাবুর কথার উত্তর দিয়ে আইনের মাধ্যমে বুঝিয়ে দিয়েছেন যে, আইনটা আনা যায়। কারণ, প্রবোধবাবু বলতে চেয়েছিলেন সংবিধান থেকে কেড়ে নিয়ে যে আইন আনা যায় না। এটা কেন্দ্রীয় সরকারের আইন। কেন্দ্র-রাজ্য এটাই বিল, কেন্দ্র-রাজ্যর ব্যাপার অনেক কিছু বলেছিলেন। আমি মাননীয়া আইন মন্ত্রী যে কথা বলেছিলেন তার মধ্যে না ঢুকে আমি শুধু একটা information এই হাউসকে দিতে চাইছি যে, already আসাম গভর্নমেন্ট, এই আসাম Legislative Assembly, 4th Aprill, 2013 unanimously পাস করেছেন তাদের হাউসে। ওখানকার বিল Protection of Interest of Depositors in Financial Establishments এই Bill আসামে পাস হয়েছে ২০১৩ সালের ৪ঠা এপ্রিল। সুতরাং অন্য রাজ্য এই বিল করার জন্য এগিয়ে এসেছে, অন্য রাজ্যও এই বিল করছেন - এটা শুধু কেন্দ্রের হাতে নয়। আর একটা জিনিস আমি মাননীয় প্রবোধ সিনহা মহাশয়কে শুধুমাত্র Indian Express-এ ৫ ই মে, ২০১৩ Indian Express-এ একটা খবর বেরিয়েছিল। এইসব ঘটনা ঘটার পরে Standing Committee, Central-এর Standing Committee 1982 সালের আইন নিয়ে আলোচনা করার সময় Standing Committee-র চেয়ারম্যান আমি জানি না এখানে নামটা বলা ঠিক হবে কি না, বি জে পি-এর লিডার যশোবন্ত সিনহা suggest করেন, that the 1982 Act regulating the chit fund business in the country be repealed through an ordinance, sources said বলে Indian Express বলেন, এবং চেয়ারম্যানের এই কথাটা প্রায় সমস্ত যারা মেম্বার তারা সমর্থন করেন যে, ৮২ সালের বিলকে পাল্টে নতুন করে আনা দরকার। কারণ, সেই বিল যে ঠিক মতো কাজের নয় এটা কেন্দ্রের মানুষজনও বুঝতে পেরেছেন। মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি জানি না, অপদার্থ কথাটা বিধানসভায় ব্যবহার কর যায় কি না। কিন্তু আমি যে উদাহরণটা দেব, তাতে এই শব্দটা ছাড়া অন্য কোনো শব্দ ব্যবহার করার মতো ক্ষমতা আমার নেই। আমি শুধুমাত্র একটা Small Savings-এর growth rate কয়েকটা সালের এখানে দিচ্ছি। ২০০৫-০৬-এ ১৬% Small Saving-এর growth rate ছিল। Small Savings -এর Deposit -এর। ২০০৬-০৭ -এ নেমে এলো ৯.৩, ২০০৭ - ০৮ কমে এলো মাইনাস 0.2। ২০০৮-০৯-এ মাইনাস 1.4, small savings কমছে। কেন কমছে? ঘুম ভাঙেনি প্রবোধবাবুদের, ঘুম ভাঙেনি সুভাষবাবুদের, ঘুম ভাঙেনি কেন্দ্রীয় সরকারের। অপদার্থ যখন তার কেন্দ্রীয় সরকার এবং অপদার্থ এখানকার সরকাররা — বাড়তে দিয়েছে এই সমস্ত সংস্থাকে।

[1.10–1.20 p.m.]

স্মল সেভিংস-এর টাকা যদি কম আসে এতে যে রাজ্যেরও ক্ষতি হয়, সেটা ওরা বোঝেনি।

কারণ, ডাল মে কুছ কালা হ্যায় কিনা সেই কথাই আমি এখন বলাতে চাইছি, কারণ সুভাষবাবু পালিয়ে গেছেন, সুভাষবাবু নেই, কারণ শোনার মতন সাহস ওনার নেই। '৮০র দশকে, মাননীয় অর্থমন্ত্রী ছিলেন, নাম বলা যাবে না, নাম বলছি না, তখনকার অর্থমন্ত্রী হঠাৎ অতিরিক্ত সাহস দেখিয়ে দলের কথা না শুনেই বোধহয় বিভিন্ন চিটকাণ্ড ; সঞ্চয়িতা, সঞ্চিতা, স্টার ইনভেস্টমেন্ট ফাণ্ড, এই রকম সমস্ত কাণ্ড তখন তৈরী হয়েছিল, তিনি বোধহয় পিয়ারলেসে রেড করতে পাঠিয়েছিলেন, কিন্তু পাঠাননি স্টার ইনভেস্টমেন্ট কোম্পানিতে। রেড করা হয়নি। কারণ, প্রাক্তন মুখ্যমন্ত্রীর সুভাষিত সন্তান- নামসাম-কোন গাছের নামে নাম, তিনি, লোকে বলে জড়িত ছিলেন এর সাথে। আমি জানিনা। অশোকবাবু -মাননীয় অর্থমন্ত্রীর সময়ে, কেন স্টার ইনভেস্টমেন্ট কাণ্ডে রেড হল না? বাকি সবগুলো জায়গায় রেড হল। এই প্রশ্নটা আমার মনের মধ্যে জাগছে। এর পরবর্তীকালে সি পি এম পার্টি, ওনাদের দল - ওনাদের দল, ওনাদের অনেক মন্ত্রী, এক সাথে জুটছিলেন, ওনাদের একজন নেতা ছিলেন, বোধহয় আপনার নিকেই বাড়ী, মুখার্জী সাহেব,কোলকাতার আর একজন নেতা ছিলেন সেন সাহেব, তাদের সব ছেলেদের নিয়ে টানাটানি করেছিলেন। কিন্তু অনেক কথা কাগজে তখন বেরুলেও, একজন রায় সাহেব ছিলেন, তিনি বোধহয় এক বড় মানুষের শ্যালিকার স্বামী ছিলেন, তাকে নিয়ে কোন টানাটানি হল না। কেন হল না, সেটাও বলতে পারব না। এই রকম একটার পর একটা। আনন্দবাজার পত্রিকায় ১৮ই সেপ্টেম্বর, ১৯৮৮ ; সেই পত্রিকাতে সরকারের টাকা নিয়ে বিভিন্ন রকম কথাবার্তা নিয়ে অনেক কথা বেরুলো। কেন তদন্ত হল না? আজকে যারা তদন্তের কথা বলছেন, সেই সময়ে কেন তদন্ত করা হল না? সেই প্রশ্নটা, আমি আনিসুর সাহেবকে বলছি, সেগুলো কেন চাপা পড়ে গিয়েছিল, একটু বলুন। আজকে একটার পর একটা জায়গায় আপনারা দেখতে পাবেন, কেন্দ্রীয় সরকারেরও অপদার্থতা এদের সঙ্গে একসাথে ; তাদেরও ছাড়া যাবে না। ২০০৯ সালে উড়িষ্যা গভর্নমেন্ট থেকে উড়িষ্যার আই বি ডিপার্টমেন্ট কেন্দ্রীয় সরকারকে বলেছিল যে, এই সমস্ত চিটফাণ্ডগুলো এগিয়ে আসছে এদের বিরুদ্ধে ব্যবস্থা নিন। ২০০৯ সালে যে সরকার এখানে ছিল, তারা ব্যবস্থা নিতে বলেননি। কিন্তু কেন্দ্রীয় সরকার কোন ব্যবস্থাই নেননি। রিজার্ভ ব্যাঙ্ক শুধু একটা চিঠি পাঠিয়েই ছেড়ে দিয়েছিলেন, অন্যান্য ব্যাঙ্কগুলোকে যে তোমরা দেখ। কোনো অ্যাকশান নেওয়া হয়নি। তার জন্যই তৈরী হল, এতগুলো চিট কাণ্ড বা এতগুলো সংস্থা। সেই সংস্থাগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেবার জন্য কোন রকম কাজ করা হল না। আজকে নাটক হচ্ছে। ভেতরে নাটক হচ্ছে, বাইরে নাটক হচ্ছে। আমি জানি না, যখন তদন্ত শেষ হতে চলেছে, সিট তৈরী হয়েছে, মাননীয়া আইনমন্ত্রী বলেছেন, যে চার্জশিটগুলো কি করেছে। হঠাৎ করে আমরা দেখলাম, পাশাপাশি দুই টেবিলের লোক এক সাথে হাত ধরাধরি করে চলতে শুরু করেছেন রাস্তায়। লাল মাফলার জড়িয়ে একজন নেতা তার নামেও বোধহয় কিছু কথা কাগজে বেরিয়েছিল, তিনি যখন রাস্তায় নামলেন, তার সঙ্গে হাত মিলিয়ে আমরা দেখলাম, এই হাউসেরই দুইজন প্রাক্তন সদস্য পাশের টেবিলের মানুষ তারাও বেরিয়ে পড়লেন। কারণ সংবাদপত্রে যে নামগুলো বেরুচ্ছে, তার মধ্যে অনেকে জড়িয়ে পড়তে পারেন। তাই থামিয়ে দিতে হবে। মাননীয়া মুখ্যমন্ত্রীর প্রসঙ্গ টেনে উনি বললেন - "সিগারেটের উপর ট্যাক্স চাপিয়ে দিয়ে ৫০০ কোটি টাকা এনে --- ৫০০ কোটি টাকা মানুষের মাথা ভাগ করে ল্যাবেনচুস চোয়াচ্ছেন।" আপনারা

তো সেইটুকুও চোষাতে পারেননি। আপনি জানেন. আপনাদের অ্যাডভোকেট জেনারেল ছিলেন. তিনি আর একটি চিট ফাণ্ডের হয়ে মামলা লড়তে গিয়েছিলেন - সঞ্চয়িনী. সেই মামলা লড়তে গিয়ে জজ সাহেবের সামনে বলেছিলেন যে সঞ্চয়িতার এক কোটি টাকা ডিস্ট্রিবিউট করতে সরকারের. আট কোটি টাকা খরচা হয়েছে।

এই তো সরকার ! এই তো কাজ করেছেন ! ওদের ভালো কাজ ভালো লাগবে না : দ্রুততার সঙ্গে এই বিল এনে দোষী ব্যক্তিদের ধরলে. যে সংস্থাটার ২০০৬ সালে জন্ম হয়েছিল সেই সংস্থাটা ২০১৩ -এ ধরা পড়ছে. বাকি সময়গুলো. তার বিরুদ্ধে কেন কোনো ব্যবস্থা নেওয়া হল না আনিসুর রহমানরা বলবেন না। কারণ ওই টাকাতেই রাজপ্রাসাদ তৈরি হয়েছে বাংলার জেলায় জেলায়। তাই আনিসুরবাবুরা চুপ করে থাকবেন। আমি আপনার কাছে আর সময় নিচ্ছি না। আমি আবার এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী আনন্দময় মণ্ডল : মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়া. দ্য ওয়েস্ট বেঙ্গল প্রোটেকশান অফ ইন্টারেস্ট অফ ডিপোজিটারস ইন ফিনান্সিয়াল এস্টাবলিশমেন্টস বিল, ২০১৩, বিল নং ২৭, ২০১৩ মাননীয় অর্থমন্ত্রী মহোদয় এই সভায় পেশ করেছেন। এই কথা ঠিক, বর্তমানে রাজ্যের হাতে চিট ফাণ্ডের সম্পত্তি ক্রোক করার মত কোনো আইন নেই। আইন দরকার। কিন্তু যেভাবে সরকার পদক্ষেপ নিচ্ছেন তাতে এটা আটকে যাবে। কারণ এই যে সারদা কেলেঙ্কারিটা হল, তার কয়েক বছর আগে ২০০৯ সালে বামফ্রন্টের যে বিলটা, তার সংশোধনী করে পাঠানো যেতে পারতো। তাহলে সেই বিলের আওতায় সারদা কাণ্ড পড়তো। কিন্তু বর্তমান সরকার সংখ্যাগরিষ্ঠের জোরে বিলটা প্রত্যাহার করলেন। আবার একটা বজ্র কঠিন বিল আনলেন। বলা হল. বজ্র কঠিন বিল। সেই বিলটাও তারা আবার প্রত্যাহার করলেন। সংখ্যাগরিষ্ঠের জোরে, ডিভিশান করে. আবার নতুন একটা বিল আনলেন। এটা একটা অদ্ভুত ব্যাপার। এইভাবে যে সময়টা চলে যাচ্ছে সেই সময়ের ফাঁক দিয়ে সারদার সম্পত্তি পাচার হয়ে যাবে এবং এই ঘটনাটা সম্পূর্ণ আড়াল হয়ে যাবে। সরকার বলেছিলেন যে রেট্রোস্পেকটিভ এফেক্ট করা যাবে। অর্থাৎ বর্তমান যে আইন হবে সেই আইনে অতীতের ঘটনা, বিশেষ করে ফৌজদারি ঘটনার বিচার হবে, এই ধরনের অপরাধমূলক ঘটনার বিচার হবে। কিন্তু এই ব্যাপারে আমার কয়েকটি জিজ্ঞাসা আছে। এক হচ্ছে, নতুন কোনো আইনে পুরোনো ফৌজদারি অপরাধের বিচার করা যাবে কিনা। দুই হচ্ছে. সেটা সংবিধানসম্মত কিনা। তিন হচ্ছে, ফৌজদারি দণ্ডবিধিসম্মত কিনা। এখানে কিন্তু আপনারা আটকাবেন। একটা বেসরকারী সংস্থা, তার যে আর্থিক কেলেঙ্কারি সেই কেলেঙ্কারির দায়ভার সরকার নিচ্ছেন কেন? সিগারেটের ওপরে ট্যাক্স চাপিয়ে, অন্যান্য জিনিসপত্রের ওপর ট্যাক্স চাপিয়ে সেই টাকা তার যে আর্থিক কেলেঙ্কারির দায় সেটা আমানতকারীদের দেওয়ার চেষ্টা করছেন সরকার এবং দিয়েছেনও। এটা কতদূর আইনসম্মত? আর একটা বিষয় হল, বার্ধক্য ভাতা পাচ্ছে না, সরকারী কর্মচারীরা ৩৮% ডি এ পাচ্ছে না। বার্ধক্য ভাতা না পেয়ে অনেকে আত্মহত্যা করছে সেদিকে সরকারের নজর নেই। অথচ বেসরকারী সংস্থার এই আর্থিক কেলেঙ্কারি ধামাচাপা দেওয়ার জন্য সরকার এটা করছেন।

প্রশ্ন উঠেছে, একজন এম পি জেলে, তিনি কয়েকজনের নাম করেছেন। নাম করতেই

পারেন। কিন্তু রাজ্যবাসী এইসব নাম প্রকাশ হওয়ার কথা জানতে চায়। তাদের কাছে সত্যতা প্রকাশ হওয়া উচিত। বর্তমান সরকারে যারা এসেছেন, আগে কথায় কথায় বলতেন সি বি আই তদন্ত চাই। সুতরাং সি বি আই তদন্তের কথা যখন উঠেছে আমি মনে করি রাজ্য সরকারের উচিত সেই ঘটনার সি বি আই তদন্ত করে সত্যাসত্য রাজ্যবাসী এবং দেশবাসীর কাছে প্রকাশ করা উচিত। যাদের নাম উঠেছে তারা কতখানি যুক্ত আর যাদের নাম ওঠেনি, অনেকে বলছেন অনেক কথা। হোক না সি বি আই তদন্ত। কেন আপনারা এই ব্যাপারে ভয় পাচ্ছেন। সুতরাং আমি বলতে চাই, আগের আইনটা বামফ্রন্টের সময়কার পাশ হওয়া বিল সেটা যদি সংশোধনী এনে করতেন তাহলে সারদা কেলেঙ্কারীর বিষয়টা ধরতে পারতেন বা এই পালিয়ে যাওয়ার সুযোগটা পেত না। আমার মনে হয় সরকার এটা আড়াল করার জন্য এই কাণ্ডটা করেছেন, বিল আনছেন এবং তা পাশ হতে দেরি হচ্ছে। তবে আমি বলতে চাই, কয়েকটা.......

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

[1.20–1.30 p.m.]

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, বিল নম্বর ১৫, ২০১৩- কে তখন সাপোর্ট করেছিলাম, কারণ আমার দল চেয়েছিল ক্ষতিগ্রস্ত আমানতকারীরা যাতে ক্ষতি-পূরণ পান এবং ভবিষ্যতে যাতে এই রকম ঘটনা না ঘটে। বর্তমান বিলে property attachment অনেক strengthen করা হয়েছে ; business খোলার ক্ষেত্রে নিয়ম-কানুন না মানলে কঠোর শাস্তি বিধান আনা হয়েছে ; রি- পেমেন্টের ক্ষেত্রে যদি default হন কোম্পানির মালিক তাহলে তার প্রপার্টি অ্যাটাচ করা হবে। যারা এই কোম্পানি থেকে টাকা ধার করেছে এমন কি তাদের প্রপার্টিও অ্যাটাচ করা হবে। এইসব ধারা এনে এটা পরিষ্কার, একটা gesture দেখানো হয়েছে। গত এপ্রিল মাসে যখন সারদা কেলেঙ্কারির ব্যাপারটা লোকসমক্ষে আসে, তখন সরকার তড়িঘড়ি করে বিধানসভায় একটা বিল এবং তার মধ্যে দিয়েও তাঁরা একটা gesture দেখিয়েছিলেন। তারপরে একজন দলীয় এম. পি.-কে গ্রেপ্তার করা হয়েছে এবং আমরা জানি মাননীয়া মুখ্যমন্ত্রী বিভিন্ন মিটিঙে মিটিঙে গিয়ে বিগত সরকারের মুখ্যমন্ত্রী সহ বহু নেতার ছবি দেখিয়েছিলেন। ভায়াল বলে একটা পত্রিকায় কাদের অ্যাডভার্টাইজমেন্ট দেওয়া হয়েছে শাসকদলের মুখপত্রে কাদের অ্যাডভার্টাইজমেন্ট ছিল এই সমস্ত জিনিস তখন দেখানো হয়েছিল। এই দেখানোর মধ্যে দিয়ে একটা expectation কিন্তু develop করেছিল যে সমস্ত সত্যটা উদ্ঘাটন করা হবে। কিন্তু আমরা যেটা দেখছি, একজনকে কেবলমাত্র গ্রেপ্তার করা হয়েছে। একজন বড় মাপের নেতাকে গ্রেপ্তার করা হয়েছে, এর বাইরে এমন কিছু এখনও ঘটেনি। আমানতকারীদের সরকার দেখবেন তখন বলেছিলেন। গত ছয় মাসে একজন এম. পি.-র অ্যারেস্ট হওয়া ছাড়া, আর কোন ঘটনা কিন্তু ঘটেনি। মাননীয়া মুখ্যমন্ত্রী যে নেতাদের ছবি তখন দেখিয়েছিলেন, তারা কতটা involved এই কেসের সঙ্গে সেটাও কিন্তু আমরা এখনও জানতে পারিনি। বর্তমান শাসকদলের নেতা-নেত্রীদের সম্পর্কে যে সমস্ত অভিযোগ উঠছে সেটার সত্যতাও কিন্তু আমরা এখনও জানতে পারিনি। শ্যামল সেন কমিশন ক্ষতিগ্রস্ত

আমানতকারীদের যে চেক দিয়েছিলেন সেই চেক কেন বাউন্স হচ্ছে, সেটা কিন্তু আমরা বুঝতে পারছি না। আমরা বুঝতে পারছি না এটাও, যাকে arrest করা হয়েছে সেই এম. পি.-র জবানবন্দী দেওয়াতে নানা পদ্ধতিতে কেন বার বার বাধা দেওয়া হচ্ছে। তবে একটা জিনিস সত্য যিনি অভিযুক্ত. যিনি arrest হওয়ার পরে অনেক কথা বলেন, অনেক নাম করেন, intentionally তিনি কিছু কথা বলতে পারেন এবং পুলিশ যদি নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি নিয়ে কাজকর্ম করে, তাহলে তার মধ্যে intention থেকে কী কী কথা বলছেন বা অসৎ উদ্দেশ্য থেকে নিজেকে বাঁচানোর জন্য কি কি কথা বলছেন, কার কার নাম করছেন, সেটা পুলিশ ঠিক বুঝতে পারে যদি পুলিশ ঠিক কাজ করে। ফলে impartiality জবানবন্দী দেওয়া আটকানোটা সত্যিই কোনো কাজের কথা নয় বলেই আমার মনে হয়েছে এবং জবানবন্দী যাতে সে দিতে পারে তার ব্যবস্থা করা উচিত। আমরা এখনও পর্যন্ত দেখছি, সারদা কোম্পানির মালিককে arrest করা হয়েছে কিন্তু ঐ ধরনের বহু কোম্পানি এখনও কাজ করে যাচ্ছে। সরকার কি অপেক্ষা করবে তারা কবে সারদার মত টাকা লুঠ করে নেবে এবং তারপরে তাদের ব্যবসা বন্ধ করে দেবে। এটা কখনও হতে পারেনা। আপনারা জানেন, বেহালার একটা ঘুপচি ঘরে ১৯৯৫ সালে এই সারদা কোম্পানির ব্যবসা শুরু হয়েছিল। শুরু হওয়ার পরে বিগত সরকারের সময় কাদের কাদের বদান্যতায় এবং বর্তমান শাসকদলের যদি কোনো বদান্যতা থাকে তা জনসমক্ষে আসা দরকার - মানুষ এটা জানতে চাইছে। If I am clean, I should not dare any independent enquiry by CBI. সিঙ্গুর নন্দীগ্রামের সময় তো সি. বি. আই. এনকোয়ারির কথা বার বার এসেছিল, তখন যারা এর বিরোধিতা করেছিলেন, এখন তারাই সি. বি. আই. এনকোয়ারির কথা বলছেন। যখন বিরোধী দলে থাকব তখন সি. বি. আই.-এর কথা বলব, আর শাসকপক্ষে যখন আসব তখন নিজের পুলিশের কথা বলব, SIT-এর কথা বলব এটা কিন্তু কোনো গ্রহণযোগ্য বিষয় হতে পারে না। ফলে আমার মনে হয়েছে এই ব্যাপারে নিরপেক্ষ তদন্ত হওয়া উচিত। শেষে আমি বলতে চাই, এই বিলকে আমি নির্দ্বিধায় support করছি, কিন্তু যে উদ্দেশ্য নিয়ে বিলটা করা হয়েছে, সেই উদ্দেশ্য যাতে সফল হয় সেই বিষয়টা দেখা দরকার। আমরা জানতে চাই, এই SIT কত সম্পত্তি উদ্ধার করল, সেই সম্পত্তি কিভাবে ব্যবহার করা হবে, সেই সম্পত্তির মধ্যে দিয়ে আমানতকারীরা তাদের ক্ষতিপূরণের টাকা পাবে কিনা, এই সমস্ত বিষয় আমরা জানতে চাই। মাননীয়া উপাধ্যক্ষাকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া আজকে ২৭ নম্বরের যে বিলটি এসেছে West Bengal Protection of Interest of Depositors in Financial Establishments Bill, 2013 আমি এটাকে পূর্ণ সমর্থন করছি। সভার শুরুতেই প্রবোধ চন্দ্র সিনহা কতগুলো প্রশ্ন তুলেছিলেন যার উত্তর আমাদের মাননীয় মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য দিয়েছেন। আমি আর একটু পেছনের দিকে যেতে বলছি, এই চিট ফান্ড ভারতবর্ষে প্রাচীনকাল থেকে আছে। কিন্তু যখন দেখা গেল চিট ফান্ডগুলো মানুষকে সর্বস্বান্ত করছে, প্রকৃতপক্ষে চিট করছে এবং বহু মানুষ এর দ্বারা প্রতারিত হচ্ছে, তখন ১৯৭২ সালে ব্যাঙ্কিং কমিশন প্রথম বলে যে আমাদের দেশে একটা চিট ফান্ড আইন তৈরী করা দরকার। সেই মতো অল ইন্ডিয়া চিট ফান্ড অ্যাক্ট তৈরী হয়।

যেটা তৈরী হয় ১৯৮২ সালে। আর এই ক্ষেত্রে সেখানে বলা ছিল যে একটা মডেল ল তৈরী করতে হবে, ব্যাঙ্কিং কমিশন বলেছিল যে প্রতিটি রাজ্য তাদের মতো করে আইন করে নিতে পারবে। অতএব প্রবোধদা যে কথাটা বলেছিলেন সেটা আদৌ সঠিক নয়। তখনই বলা হয়েছিল প্রত্যেক রাজ্য তার নিজের মতো করে আইন তৈরী করে নিতে পারবে। আমার বক্তব্য ঠিক সেই জায়গায় নয়। আমার বক্তব্য হচ্ছে, যে এখানে অনেক ছড়া কাটা হল। অনেক রকম প্রবাদের কথা বলা হল এবং শেষমেশ গিয়ে একটা জায়গায় শেষ করা হচ্ছে। আমি বলতে চাইছি যে ১৯৮২ সালে যখন চিট ফান্ড আইন হল, পশ্চিমবাংলার শাসন ক্ষমতায় ছিল এই বামফ্রন্ট সরকার। তারা জানতে পারছেন এবং তার আগে থেকেই পশ্চিমবাংলায় সঞ্চয়িতার মালিক, যিনি লক্ষ লক্ষ টাকা কোটি কোটি টাকা নিয়ে মানুষকে সর্বস্বান্ত করেছেন। সেই চিট ফান্ডের মালিককে, চ্যাটার্জী ইন্টারন্যাশানালের ওপরে নিয়ে গেলো পুলিশ, তারপরে জানা গেলো না যে তাকে ফেলে দিয়ে হত্যা করা হল, না সে আত্মহত্যা করলো। আজও কিন্তু প্রকাশিত হয়নি পুলিশের কোনো রিপোর্ট। আজও পর্যন্ত আমরা পাই নি, কেন তাকে হত্যা করা হয়েছিল? কারণ সেদিন এই সঞ্চয়িতা - আরও কয়েকটার কথা বলা হয়েছে - সঞ্চিতা, স্টার , ফেভারিট, ভেরোনা এরকম বহু চিট ফাণ্ডের তখন রমরমা বাজার। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের শাসক দলের সাহায্যে, তখন পশ্চিমবাংলায় প্রচণ্ড ভাবে এগুলো বেড়ে উঠেছিল। যারদ্বারা উপকৃত হয়েছিল বিশেষ বিশেষ রাজনৈতিক দল। আমি জানতে চাইছি আজকে আবার, যে ঐ সবউয়িতার মালিককে খুন করা হয়েছিল? না তিনি আত্মহত্যা করেছিলেন? কিন্তু এখানে সব থেকে বড় কথা ১৯৮২ সাল থেকে আপনারা কত দিন সময় নিলেন? প্রথম বিল আনলেন ২০০৩ সালে। দীর্ঘ সময় পেরিয়ে গেল। এতদিন কেন লাগলো আপনাদের? আপনারা আন্তরিক ? আপনারা এখানে বক্তৃতা করে বলছেন আপনারা প্রচণ্ড আন্তরিক এই ব্যাপারটায়। এই এতদিন সময় লাগার কোন কারণ নেই। সেই বিল রাষ্ট্রপতি ফেরত দিলেন ২০০৪-এ। তারপর আবার নতুন বিল আনতে আপনারা সময় নিলেন ২০০৮ -এ বিল এলো এবং সেই বিল আমরা এখান থেকে পাস করে দিলাম। কিন্তু তার মধ্যে আপনারা জানতেন, যে অবজারভেশান রাষ্ট্রপতির অফিস থেকে দেওয়া হয়েছিল, আপনারা সেগুলো কারেকশান করলেন না। আমাদের এই এই বিলে পরিষ্কারভাবে লেখা আছে শেষ পাতাতে, যে অবজারভেশান, যেটা এসেছে, তার থেকেই Accordingly, it is considered necessary and expendient to withdraw the Bill No. 15, 2013 and introduce a new Bill with the following new provisions। এই নিউ প্রভিশান্‌সগুলোকে ইনকরপোরেট করে এখানে বিলটাকে নতুন করে আনা হল। আমি আর একটা কথা বিশেষ করে বলতে চাই, যে আপনারা আমাদের আন্তরিকতা নিয়ে প্রশ্ন তুলেছেন। সততা নিয়ে প্রশ্ন তুলছেন। ৫০০ কোটি টাকা দেওয়া নিয়ে প্রশ্ন তুলছেন। ৫০০ কোটি টাকা যাঁরা পেয়েছেন প্রায় দেড় লক্ষ মানুষ, তারা এই বাংলার দরিদ্র মানুষ যারা সর্বস্বান্ত হয়েছেন, সেই নিয়ে প্রশ্ন তুলছেন। কিন্তু মমতা বন্দ্যোপাধ্যায়, ২০১৩ তে যে বিল নিয়ে এলেন ২৯ শে এপ্রিল। বিলটি তিনি পাঠিয়ে দিলেন রাজ্যপালের কাছে, নিজে গিয়ে, হাতে সই করিয়ে, দিল্লি পাঠিয়ে দিলেন। আন্তরিকতার অভাব দেখলেন? সেই বিল - দিল্লিতে যখন নতুন অবজারভেশান দেওয়া হল, সেটাও তিনি যত তাড়াতাড়ি সম্ভব- মাত্র দু 'ছরের মধ্যে তিনি সরকারে এসে আগে জঞ্জাল অপসারণ করবেন, না এই পশ্চিমবাংলাকে আপনারা এতদিন

যে ঠকিয়ে গেছেন সেইটা অপসারণ করবেন? এই সময়ের মধ্যে, মাত্র দু'বছরের মধ্যে তিনি এই বিলটা আনলেন এবং আবার আজকে এই বিলটা নতুন করে এই বিধানসভায় তিনি এনেছেন।

[1.30–1.40 p.m]

তার কারণ, তার আন্তরিকতা আছে বলেই তিনি মাত্র নয় মাসের মধ্যে আবার এই বিধানসভায় তিনি বিলটি এনেছেন। আমি লক্ষ্য করছি এখানকার বিধানসভায় অনেক বলছেন যে, সি. বি. আই. তদন্ত চাই, সারদা কাণ্ডের ব্যাপারে। সেটা আপনারা দাবি করতেই পারেন। কিন্তু আমরা অনেক নাটক দেখেছি, অনেক নাটক দেখেছি আমরা শম্ভু মিত্রের নাটক দেখেছি,উৎপল দত্তের নাটক দেখেছি, বিভাস চক্রবর্তীর নাটক দেখেছি। কিন্তু এত ভাল নাটক আমরা এর আগে দেখেনি। আমি স্যার, আপনারা এই ওয়েস্ট বেঙ্গল অ্যাসেম্বলির যেটা আমাদের প্রসিডিংস সেই বই-এর একটি পাতা থেকে কয়েকটি কথা উল্লেখ করব, তার পরে আমার বক্তব্য শেষ করব, স্যার। সেটা হচ্ছে ১৯ শে মার্চ ২০০৯ কল্লোল খান একটি প্রশ্ন করেছিলেন বিধানসভায়, বুদ্ধদেববাবু তখন মুখ্যমন্ত্রী ছিলেন। অস্ত্র উদ্ধার হয়েছিল অনেক বেআইনি। তখন কল্লোল খান জিজ্ঞাসা করেছিলেন যে, বুদ্ধদেববাবু তাহলে কি আপনি অস্ত্র উদ্ধারের জন্য সি. বি. আই. তদন্ত করবেন? তার উত্তরে বুদ্ধদেব ভট্টাচার্য বলছেন, সি. বি. আই. কে দায়িত্ব দেওয়া আমার কোন ইচ্ছা নেই। সি. বি. আই. কে আপনারা মনে করতে পারেন, ভগবান, দেবদূত। আমি মনে করি না, যা করার রাজ্য পুলিশই করবে। তাহলে আমি বলি যে, আজকে যারা সি. বি. আই. চাইছেন ওই কতকগুলো প্রবাদ দিলেন - আমি একটাই কথা বলব, 'চোরকে মায় জোরসে বলে, চোরের মায়ের বড় গলা' সেই জন্য বোধহয় আজকে সি. বি. আই. তদন্তের দাবি করছেন। এই কথা বলে আমি বিলকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী উদয়ন গুহ : ডেপুটি স্পীকার ম্যাডাম . আজকে যে বিলটা হাউসে এসেছে ঠিক একই নামে ৩০ শে এপ্রিল একটা বিল এই হাউসে পেশ হয়েছিল। দুই দিনের স্পেশাল অধিবেশন করে সেই বিলটা পেশ করা হয়েছিল। আমি সেই বিলের সমর্থন করেছিলাম, সমর্থন করে এ কথাও বলেছিলাম যে, সমর্থন করছি এই কারণে যে, কারণ এই বিলটা আইনে পরিণত হবে না। আইনে পরিণত হবে না এই কারণে যে বিল দেশের সংবিধানকে চ্যালেঞ্জ করে সেটা কখনও আইনে পরিণত হতে পারে না। এখানে আপনারা কিছু চেঞ্জ এনেছেন। কিন্তু যে কথাটা সেদিন বলেছিলাম যে, কোনো ক্রিমিনাল কেস, retrospective effect আমাদের দেশের আইনে নেই, সেটা থাকতে পারে না। এবারেও কিন্তু সেই বিলে retrospective effect-এর কথা বলা আছে। কাজেই এই বিলটাকে সমর্থন করলে, এই বিলটা আইনে পরিণত হবে কিনা সেই ব্যাপারে আমার সন্দেহ আছে। এপ্রিল মাস থেকে ডিসেম্বর মাস, আট মাস সময় নষ্ট হল। তার পরেও সরকার পক্ষের মাননীয় সদস্যরা বলছেন, তাড়াতাড়ি করছেন। আমি উত্তরবঙ্গের মানুষ, আমি জানি যে, হাতির গর্ভাবস্থা চলে আড়াই বছর। তার মধ্যে মাত্র আট মাস গেল, শাবক প্রসব হবে এখনও অনেক সময় লাগবে। এখানে নতুন করে যেটা বলেছেন যে, attachment -এর কথা ছিল আগে, এখন

বলা হচ্ছে attachment শুধু চিট ফান্ডের মালিক তারা নয়। যারা চিট ফাণ্ডের কাছ থেকে লোন নিয়ে সম্পত্তি করেছেন তাদের কাছ থেকে তাদের সম্পত্তিও বাজেয়াপ্ত করতে পারবেন, এটা ভালো। তাদের সম্পত্তিও বাজেয়াপ্ত করা হোক। পাশাপাশি আমি মাননীয় অর্থমন্ত্রীকে একথা বলব, যে এখানে তো কারও নাম নেওয়া যাবে না, বাইরে কারও নাম নেওয়া যাবে না - এটা হল আমার কথা। আমি চিট ফান্ডের মালিক নই, চিট ফান্ডের কাছ থেকে লোন নেইনি, কিন্তু আমার রাজনৈতিক প্রভাব খাটিয়ে, সরকারী প্রভাব খাটিয়ে - আমি অসৎ উপায় চিট ফান্ডের কাছ থেকে টাকা নিয়ে সম্পদ তৈরি করেছি। সেই সম্পদ বাজেয়াপ্ত করবার ক্ষেত্রে কি ব্যবস্থা নেবেন? আপনার তার জন্য আইন করছেন, বলছেন একজন সরকারী অফিসারকে আপনি সেখানে designated একজন কোর্ট হবে, সেই কোর্টের একজন সরকারী অফিসার হবেন, তাকে আপনারা দায়িত্ব দিচ্ছেন। তিনি এগুলো বের করবেন।

আমি একটা উদাহরণ মাননীয় অর্থমন্ত্রীকে দেব। একেবারে রিসেন্ট ঘটনা। একটা দুর্নীতির ঘটনা, ১০০ কোটি টাকার দুর্নীতির ঘটনা। সেখানে একজন সিনিয়ার আই. পি. এস. অফিসার তদন্ত করতে গিয়ে একজন আই. এ. এস. অফিসারকে গ্রেপ্তার করলো। আমরা দেখলাম রাতারাতি সেই আই. পি. এস. অফিসারকে বসে যেতে হলো, তাকে কমপালসারী ওয়েটিং-এ পাঠিয়ে দেওয়া হলো। একজন আই. এস অফিসার, তার দুনীতির জন্য গ্রেপ্তার করলো আই. পি. এস অফিসার, তাকে কমপালসারী ওয়েটিং-এ যেতে হলো ! আর এখানে যে নামগুলো উঠে এসেছে সেই নামগুলো এতোটাই প্রভাবশালী এবং তাদেরকে একজন সরকারী অফিসার জেরা করবেন, তাদেরকে ধরবেন, এটা হতে পারে না। কাজেই এই গুলো নিয়ে ভাবতে হবে। আপনি আন্তরিকতার কথা বলছেন, আপনি ধরতে চাইছেন।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আপনি বিলের উপর বলুন।

শ্রী উদয়ন গুহ : আমি তো বিলের কথাই তো বলছি। এই বিলেই তো আছে অ্যাটাচ্‌ডমেন্টের কথা। সেইগুলো যদি ধরতে হয় তাহলে আপনাকে আটঘাট বেঁধে ধরতে হবে। কি করে এদেরকে ধরে সম্পত্তিগুলো বাজেয়াপ্ত করে, সেই গুলো থেকে, আর্থিক যারা ক্ষতিগ্রস্ত হয়েছে, তাদের সেই টাকা ফেরত দেওয়ার ব্যবস্থা করা যায়, সেটা সরকারকে চিন্তা করতে হবে। বিচারপতি শ্যামল সেন কমিশন হয়েছে, এখন পর্যন্ত যে খবর , সাড়ে সতের লক্ষ দরখাস্ত পড়েছে। এই ৮ মাসে, আমরা সংবাদ মাধ্যমে দেখেছি যে, ১০০০ টাকা থেকে ১০,০০০ হাজার টাকা যারা জমা রেখেছেন তাদেরকে কিছু কিছু করে টাকা ফেরত দেবার বন্দোবস্ত করা হয়েছে। বাকি যারা রয়েছেন তাদের কি ভাবে টাকা ফেরত দেওয়া হবে? এখানে আপনি সরকারী অফিসারকে দিয়ে তদন্ত করাবেন। আমরা দু-একটা ক্ষেত্রে দেখেছি এনফোর্সমেন্ট ডিপার্টমেন্ট, তারা তদন্ত করছেন। তাদের তদন্ত করবার ক্ষেত্রে নানা ভাবে সরকারী বাধার সৃষ্টি করা হচ্ছে। এনফোর্স ডিপার্টমেন্ট তারা তদন্ত করে কি পাচ্ছেন, সেটা যাতে শ্যামল সেন কমিশনকে তারা জানাতে বাধ্য হন তার জন্য চাপ সৃষ্টি করা হচ্ছে। সেটা কোর্টে হলফনামা দিয়ে এনফোর্সমেন্ট ডিপার্টমেন্ট জানিয়ে দিয়েছেন যে এটা অন্যায় ভাবে কমিশন চাপ সৃষ্টি করছে। এতে তদন্ত বিঘ্নিত হবে। আমি আপনার কাছে এই কথাই মাননীয় অর্থমন্ত্রীকে

বলবো যে, আগে বক্তব্য রাখতে গিয়ে মাননীয় চিফ হুইপ বললেন যে সি. বি. আই. তদন্তের কথা উঠছে। আগে কে কি বলেছে জানি না, কিন্তু আপনারা তো বলছেন, আগে প্রাক্তন মুখমন্ত্রীর কথা বলেছেন, আমাদের আজকের মুখ্যমন্ত্রী তিনি বিভিন্ন সভায় দাঁড়িয়ে দেখিয়ে দিয়েছেন যে প্রাক্তন মুখ্যমন্ত্রী তিনি কতকগুলো চিট ফান্ডের সঙ্গে জড়িত ছিলেন। প্রাক্তন অর্থমন্ত্রী তিনি কত চিট ফান্ডের ফাংশানে উপস্থিত ছিলেন। আমি আপনাদের কাছে বলবো, হ্যাঁ ধরা উচিত সবাইকে। অনেক প্রাক্তন মন্ত্রী অনেক এম. এল. এ. তাদের বিরুদ্ধে খুনের মামলা হয়ে গেছে, তাদেরকে একটা শাস্তি দেবার ব্যবস্থা করা গেছে। হ্যাঁ আছে। কিন্তু মানুষের মধ্যে পাশাপাশি একটা সন্দেহ জাগছে যে সি. আই. ডি-কে দিয়ে এই গুলো করানো হচ্ছে এটা পলিটিক্যাল মোটিভেশান। আজকে প্রাক্তন মুখ্যমন্ত্রী যেমন বলেছিলেন যে সি. বি. আই. কে দিয়ে তদন্ত করানোর প্রয়োজন নেই, তেমনি আজকে যিনি মুখ্যমন্ত্রী, তিনি যখন মুখ্যমন্ত্রী ছিলেন না তিনি কিন্তু এই কথা বলেছিলেন যে সি. আই. ডি.-কে দিয়ে কিছু হবে না, কারণ সি. আই. ডি. সরকারের কথামতো চলে, যদি কিছু করতে হয়, যদি নিরপেক্ষ তদন্ত করতে হয় তাহলে সি. বি. আই.-কে দিয়ে করতে হবে। তাহলে তিনিও সেটা বলছিলেন। আমিও আপনাদের সাথে সুর মিলিয়ে এই কথা বলি, যে নাম গুলো উঠে এসেছে, একেবারে আগের মুখ্যমন্ত্রী, আগের অর্থমন্ত্রী, তাদেরকে যদি ধরতে চাই, সি. আই. ডি কে. দিয়ে যদি তদন্ত করেন, সি. আই. ডি.-র তদন্তে তারা যদি ধরা পড়ে তাহলে এই রাজ্যের মানুষের মনে প্রশ্ন জাগবে যে আপনারা রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত হয়ে করছেন। কিন্তু সি. বি. আই.-কে দিয়ে তদন্ত করে প্রাক্তন মুখ্যমন্ত্রীকে ধরতে পারেন, প্রাক্তন অর্থমন্ত্রীকে ধরতে পারেন তাহলে এই প্রশ্নটা জাগবে না। আপনারা ক্লীন চিট পাবেন। আর দেশের মানুষ রাজ্যের মানুষ একটা নিরপেক্ষ তদন্ত দেখতে পাবে। অনেকে অনেক কথা বলেছেন। আমি আর বাড়তি কথার মধ্যে যাচ্ছি না। কিন্তু যে কথাটা উঠেছে বা যে কথাটা উঠতে পারে।

[1.40–1.50 p.m.]

তার আগে মাননীয় বিধায়ক শ্রী শীলভদ্র দত্ত আমাদের কটাক্ষ করে বললেন। আমি শুধু বলতে চাই যে, অতীতের একটা হিন্দী সিনেমার গান খুব জনপ্রিয় হয়েছিল, কিন্তু ভাষাটা ভাল নয়। সেই কথাটা ছিল যে [***] আজকে বাংলার মানুষ -যদি সি. বি. আই. না করেন, তাহলে প্রশ্ন তুলবে যে [***] তাই জন্য সি.ব.আই. তদন্ত করে এটাকে দ্রুত ফয়সালা করার বন্দোবস্ত করুন। দোষীদের গ্রেপ্তার করুন। যাতে উপযুক্তভাবে ক্ষতিপূরণ দিয়ে মানুষের হাতে টাকা পৌঁছে দেওয়া যায়, তার বন্দোবস্ত করুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

ম্যাডাম ডেপুটি স্পীকার : [***]-এই দুটো কথা প্রসেডিংসে যাবে না।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, রাজ্যের অর্থমন্ত্রীর আনীত "The West Bengal Protection of interest of depositors in Financial Establishment Bill, 2013"-আজকের এই সভায় তিনি রেখেছেন এবং যথার্থভাবেই সময় নষ্ট না করে। আমি

*** উপধ্যক্ষার আদেশক্রমে বাতিল করা হল।

একটু আগেই দেখছিলাম বিরোধী বক্তারা বলছিলেন. অনেক প্রবীণ লোকও বললেন. যে, আমরা সময় নষ্ট করছি। আমি আজকে সকাল থেকেই সঙ্গে করে একটা দলিল হাতে ঘুরছিলাম। শুধু আপনাদের কি রকম সময় নষ্ট হয়, সেটা জানাবার জন্য। কারণ আপনারা তো খুব আবেগতাড়িত হয়ে অনেক কিছু মানুষের জন্য বলছেন। ১৯৮৭ সালে তৎকালীন প্রাক্তন অর্থমন্ত্রী. তিনি আজকে এই সভার সদস্য নন, ডাঃ অসীম দাশগুপ্ত. ১৯৮৭ - ২০১১ পর্যন্ত অর্থমন্ত্রী ছিলেন। ১৯৮৭ সালে এই চিট ফান্ড নিয়ে প্রথম ডঃ অশোক মিত্র সোচ্চার হন।

...(ভয়েস ফ্রম অপোজিশান বেঞ্চ : - এখানে নাম করে বলা যায় না।)....

শ্রী পার্থ চ্যাটার্জী : তিনি এই হাউসের মেম্বার ছিলেন। প্রাক্তন অর্থমন্ত্রী - অর্থমন্ত্রী তো প্রাক্তনই হয়। বলব না? সূর্যকান্ত মিশ্র-র নাম বলা যাবে না যে প্রাক্তন পঞ্চায়েত মন্ত্রী?

...(ভয়েস ফ্রম অপোজিশান বেঞ্চ : আমি তো এখনও আছি।

শ্রী পার্থ চ্যাটার্জী : ... (নয়েজ)..... আরে মন্ত্রী তো বলা যাবে না। .....(নয়েজ).... আর কি করা যাবে? ....(নায়েজ)..... প্রাক্তন কথাটা বলা যাবে না, কি বলছেন কি? ....(নয়েজ)... প্রাক্তন তো বলছি। এটা কি শেখাচ্ছেন. আমি বুঝতে পারছি না।

মি: স্পীকার : প্রাক্তনটাই যাবে।

শ্রী পার্থ চ্যাটার্জী : প্রাক্তন অর্থমন্ত্রী, তিনি ১৯৮৭ সালে এক প্রাক্তন অর্থমন্ত্রী বামফ্রন্টের। তিনি মনে করলেন এবং কিছু দূর এগোনোর পর আর এক প্রাক্তন অর্থমন্ত্রী যখন বামফ্রন্টের হলেন, তিনিও প্রাক্তন, প্রায় ১৯৮৭ - ২০১১ পর্যন্ত তিনি অর্থমন্ত্রী ছিলেন। তিনি প্রথম অনুভব করলেন আবার ১৯৯০ -এ। তিনি অনুভব করে বললেন, যে- ''আমি অনুভব করেছি যে এটা সাংঘাতিক ব্যাপার ঘটছে। কিন্তু কেন করতে পারেনি তার একটা বিশদ ব্যাখ্যা উনি এই হাউসে ২২.১২.২০০৯ -এ দিয়েছিলেন এবং সেখানে তিনি বলেছিলেন যে কথাটা হাউসকে. তিনি এক আগের অর্থমন্ত্রী, তার আগের অর্থমন্ত্রী 'গাঙ্গুলী কমিশন' স্থাপন করেছিলেন। কিন্তু সেটা খুব একটা কার্যকর হয়নি। তারপর আবার ৯০ দশকে হঠাৎ মনে হল যে এই রকম আর্থিক প্রতিষ্ঠান মাথায় গজিয়ে উঠেছে। অর্থাৎ আগের সরকার মানে আপনারা যারা সদস্য এখনও আছেন কেউ কেউ সেই আমলের থেকে, তারা জানতেন যে এই রাজ্যে ভুঁইফোঁড় বে-আইনী অর্থনৈতিক সংস্থাগুলি মানুষকে ঠকাচ্ছে। হাজার হাজার, লক্ষ লক্ষ মানুষ ক্ষতিগ্রস্ত হচ্ছে, এটা তাদের জানা ছিল। জেনেও 'করছি করব, করছি করব, করে তারা কিছু করেননি। তারপর তারা নামও করেছিলেন যে এতটি আছে. এতটি হবে। এরপর দ্বিতীয়টা বলছি।

এরপর দ্বিতীয়টা বলছি, তখনও সেই কেন্দ্রের কথা বলে চালাবার চেষ্টা করেছিলেন। আজকে যেটা প্রবীণ সদস্য, প্রবোধবাবু বললেন - ..... (গোলমাল)..... এটা ঠিকই তো কেন্দ্রীয় তালিকাভুক্ত বিষয়, ঠিকই তো, আর যিনি চিৎকার করে সেবি, সেবি বলছেন, সেবি ছাড়াও আরও কয়েকটি সংস্থা আছে, পড়ে নিতে হবে। তারা সর্বভারতীয় সংস্থা আছে- রিজার্ভ ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া আছে, কোথাও আবার ন্যাশনাল হাউজিং ব্যাঙ্ক আছে এবং কোথাও ডিপার্টমেন্ট অফ্ কোম্পানি

অ্যাফেয়ারস আছে, বলে তিনি বলে দিলেন আমরা কি করতে পারি। অর্থাৎ, তোমরা করে-কর্মে খাও। তোমরা করে-কর্মে খাও, আমরা চোখ বুজে আছি এবং চোখ বুজে থাকার পর ২০০৩ সালে তারা একটি বিল আনলেন। এই বিল আনার পর তখন দেখা গেল কি- যে তার মধ্যে কিছু ভুল আছে। সেটা সংশোধন করবার জন্য - কি রকম ভুল আছে? আপনারা আমাদের মাননীয় অর্থমন্ত্রী অমিত মিত্রকে কিছুক্ষণ আগে বিরোধী দলনেতা থেকে শুরু করে প্রবোধবাবুরাও অনেক বললেন। আমি আপনাদের দু'জনকে যেহেতু হাউজে আছেন তাদের জিজ্ঞাসা করি, এই যে তৎকালীন প্রাক্তন অর্থমন্ত্রী ২০০৩ -এ বিলটি পড়ার পর চিঠি দিয়ে পাঠিয়েছিলেন কেন্দ্রীয় সরকারকে। এটা হচ্ছে — আমি পড়ছি ২৩-০৪-২০০৪ প্রথমে। তারপর জবাব পাওয়ার পর আবার জবাব দিই ২০-০৯-২০০৪, ০১-০৩-২০০৫, ২৫-১০-২০০৫। ২৫-১০-এ আর একটি চিঠি দিই। এটা হওয়ার পর-তাহলে ভাবুন, ২৬-০১-২০০৫, ২৬-১০-২০০৫, ১২-০৪-২০০৭ চিঠি লিখে গেলেন। মানে, হোক. এটা চলুক। ফেভারিট চলুক, সঞ্চয়িতা কি করে মরল জানলাম না। কেউ কিছু জানতে পারলো না. এতগুলো প্রায় ১৫৫-টা গজিয়ে উঠল। কেউ কিছু জানতে পারলাম না। তারপর ২০০৮-এ আমরা যখন বুঝতে পারলাম। মানে, অর্থমন্ত্রী তিনি নিজে বুঝলেন- ১৯৯০ সাল থেকে হচ্ছে, আর ২০০৮-এ গিয়ে তখন বুঝতে পারলাম যে, কোথাও কিছু একটা বোধ হয় গন্ডগোল হচ্ছে। তখন আমরা শাস্তির বিধানটা কি ঠিক করতে চাইছিলাম। অর্থাৎ, এতদিন ধরে ৮০ সাল থেকে করে ৮৭-তে এক অর্থমন্ত্রী বুঝলেন, নাগরি কমিশন করে বেশি দূর এগোন যাবে না, বুঝলেন। তারপরে আর এক অর্থমন্ত্রী এসে বামফ্রন্টের তিনি আবার নব্বই সালে বুঝলেন। এই বুঝতে বুঝতে ২০০৩-এ একটা বিল আনলেন। তারপর চিঠি লিখতে লিখতে ২০০৮-এ গিয়ে বুঝলেন, এটা কিছু করা যাবে না। আমি শুধু জিজ্ঞাসা করি, এই চিঠিগুলি সেদিন কেন টেবিলড করা হয়নি? আজকে যা অর্থমন্ত্রী অমিত মিত্রকে জিজ্ঞাসা করছেন। কেন সেদিন সেটা টেবিলড হয়নি? কেন অন্ধকারে রাখা হয়েছিল এই বিধানসভাকে? কেন বলা হয়নি, এই যে কপি টেবিল করলাম ? শুধু একটা রাষ্ট্রপতির বয়ানটাকে আপনারা সার্কুলেট করেছিলেন। কিন্তু, চিঠির কোনও কপি এখানে সার্কুলেটেড হয়নি। এবং আবার বলছি যে, জামা খুললে বেরিয়ে যাবে অন্য কিছু। এত চিৎকার ভালো নয়। ..... (গোলমাল).... আজকে মাত্র ৫ মাস টাইমের মধ্য দিয়ে আমাদের আর্জেন্সি আছে বলেই ৪৮ ঘন্টার মধ্যে অভিযুক্তদের ধরা হয়েছে। ৭২ ঘন্টার মধ্যে কমিশন তৈরি হয়েছে। কমিশন কাজ করছে, অভিযোগকারীরা যারা ক্ষতিগ্রস্ত হয়েছেন তারা সেখানে যাচ্ছেন এবং অভিযোগ দায়ের করতে ক্ষতিগ্রস্তদের তালিকা তৈরি হয়েছে এবং মাননীয়া মুখ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ দিই যে, তারাও অত্যন্ত সতর্কভাবে এবং গরিব মানুষের পাশে দাঁড়াবার জন্য ইতিমধ্যেই ১৬৫ কোটি টাকা ট্রান্সফার করে দিয়েছেন। কমিশনে ট্রান্সফার হয়েছে।

[1.50–2.00p.m]

শুধু তাই নয় ১ লক্ষ ৩৩ হাজার লোককে চেক দেওয়া হয়েছে, তাদের অ্যাকাউন্ট খোলবার ব্যবস্থা করা হয়েছে। এই যে কার টাকা– আপনার আমার গরীব মানুষের পকেট মেরে কোটি কোটি টাকা যারা মেরে চলে গেল তাদেরকে বললেন "তোরা চলে যা, আমরা থাকি। আমরা ক্ষমতায় থাকব তোরা করে কম্মে খা!" কোন্ কোন্ পার্টি অফিস সেই টাকায় তৈরী হল, কোন কোন প্রাক্তন

মন্ত্রী চেকে পেমেন্ট গ্রহণ করলেন, তার নির্বাচনী খরচ বহন করল তা খুঁজে বার করবার জন্য আমি ড: অমিত মিত্রের কাছে অনুরোধ জানাচ্ছি। এর পূর্ণাঙ্গ তদন্ত হওয়া উচিৎ। যাঁরা চিৎকার করছেন তাঁরা কত পেল ? ....(গোলমাল)... যাঁরা ৩৫ বছর ধরে ক্ষমতায় থাকলেন অথচ সঞ্চিতার মালিক পড়ে গিয়ে মরে গেল না তাকে ঠেলে ফেলা হল তা আজ পর্যন্ত কেউ জানতে পারল না তাঁরা বলছেন 'কার টাকা'? তাঁদের আমলে দু'কোটি টাকার মত সাহায্য করা হয়েছিল। তার পর বন্ধ। বলে, "তার পর আর এগোতে পারলাম না।" তার পর এমন চাপ আসল যে, নির্বাচন চালাতে হবে, কী করতে হবে, তাই আর চাপ নয়। তাই কেউ কেউ যাঁরা এই ধরনের কাজে রয়েছে, শাস্তিযোগ্য অপরাধে আজও অপরাধী অথচ চিৎকার করে বলছে 'এ ঝুটা হায়, এ ঝুটা হায়।' ঝুটা নেহী এ সাচ হায়। আর, সাচ্ হায় বলেই তারা চুপ করে ছিল। সাচ হায় বলেই বছরের পর বছর চুপ করেছিল। আর, আমরা এর বিরুদ্ধে লড়তে চাই বলে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তৎক্ষণাৎ এই দায়িত্ব কাঁধে নিয়ে মানুষের পাশে দাঁড়িয়ে জেলায় জেলায় চেক দিয়েছেন। এবং আমি যতদূর খবর রাখি, কমিশনের কাছে ক্ষতিগ্রস্তরা সারিবদ্ধ ভাবে গিয়ে নাম লিখিয়েছে। কারণ তাদের আস্থা আছে, ভরসা আছে। আমি তো বার বার বলি 'শীত-গ্রীষ্ম-বর্ষা ঐ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি-ই ভরসা।' এছাড়া কেউ নেই। যারা টাকা পায়নি, ক্ষতিগ্রস্ত, তারা মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে গেছে। তাদের হয়ে আর কোনো লোক যায়নি। প্রাক্তন সাংসদ গেছেন নিজের পলিটিকস করবার জন্য। ক্ষতিগ্রস্তদের পাশে কেউ নেই। তারা বুঝেছে এরা লুটে-পুটে খাওয়ার দল। তাদের কাছে গেলে যেটুক পাওয়ার আশা আছে সেটুকুও কেড়ে নেবে। তাই তারা আর কারো কাছে যায়নি। আমি আপনাদের কাছে বলছি অত্যন্ত....(গোলমাল)... ঐ দু'কোটি টাকার মত ফেরৎ দিতে পারি। বুঝুন! দিয়েছিলেন ২ হাজার ৫০০ জনকে। দু'কোটি টাকার মত ফেরৎ দিতে পারি। আর দিয়েছিলেন ২ হাজার ৫০০ জনকে। দু'কোটি টাকার মত ফেরৎ দিতে পারি। আর দিয়েছিলেন হাজার ৫০০ জনকে। সেখানে আমরা কী করেছি? ইতিমধ্যেই ১ লক্ষ ৩৩ হাজার জনকে দেওয়া হচ্ছে এবং ১৬৫ কোটি টাকা ট্রান্সফার করা হয়ে গেছে কমিশনে। এই ভালো কাজে আপনাদের জ্বালা হয়েছে? আপনারা মুশকিলে পড়ে গেছেন যে কোনো ইস্যু তো পাচ্ছি না। রোজ কাগজ ছিঁড়ছি, রোজ টি. ভি.-র সামনে যাচ্ছি কিন্তু লোক তো আর জড়ো হচ্ছে না! তাই এখন আপনাদের মুশকিল হয়েছে। যেহেতু, আমরা কাজ করছি, যেহেতু আর্থিক দুর্নীতির সঙ্গে যুক্ত লোকেদের ধরছি, সে যেই হোক তাকে পাকড়াও করছি, আর তাতে আপনাদের কুম্ভীরাশ্রু ঝরছে। আসলে কাঁদছেন না, ভাবছেন চিমটি কেটে 'আমিও আছি কিনা'। তাই আমি আপনাদের কাছে সবিনয়ে বলব যে, Statement of object-এ পরিষ্কার ভাবে বলা আছে কেন্দ্রীয় সরকার বলার সঙ্গে সঙ্গেই কী কারণে রাজ্যের অর্থদপ্তর, রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী, মাননীয়া মুখ্যমন্ত্রী এবং মন্ত্রীসভা, তারা তাড়াতাড়ি এখানে এসে যে advise Governor দিয়েছেন তাকে সামনে রেখে, যাঁর চিঠির প্রতিলিপি ডঃ অমিত মিত্র মাননীয় অধ্যক্ষের কাছে জমাও দিয়েছেন, তার ভিত্তিতে, এখানে দেখুন মাত্র কয়েকটি ক্লজ লাগানোর দরকার ছিল। সেই ক্লজগুলো এর মধ্যে যুক্ত করা হয়েছে। এর ব্যাপ্তি আরো বড় হয়েছে, আরো বেশী পাকাপোক্ত হয়েছে বলে কেন্দ্রীয় সরকার মনে করে, আমরাও মনে করি এবং এই সদন যাতে সেটা মনে করে তার জন্য এই বিল আনা। এখানে ঝগড়া-ঝাঁটির কোনো ব্যাপার নেই।

আপনিও চান দোষীরা শাস্তি পাক এবং ক্ষতিগ্রস্তদের হাতে পয়সা যাক। সে ৮০ সাল থেকেই হোক বা ২০১১ থেকে হোক। মানুষ বিচার পাবেই। আমাদের সরকারের নাম মা-মাটি- মানুষের সরকার, মুখ্যমন্ত্রীর নাম মমতা বন্দ্যোপাধ্যায়। মানুষ বিচার পাবে, বিচার পাবে, বিচার পাবে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মিস্টার স্পিকার স্যার, আমি প্রথমে যখন বিলটা উইথড্র হয়, কিছু কথা বলেছিলাম। তারপরে আমাকে যে কাগজ এখানে দেওয়া হয়েছে, সেটা গভর্নরের সেক্রেটারি একটা চিঠি দিয়েছেন। তার মধ্যে কতগুলো চিঠির উল্লেখ আছে মেমো নাম্বার দিয়ে। সেই মেমো নাম্বারের কি বিষয় আমি জানি না। কতগুলো চিঠির মেমো নাম্বার দেখে বোঝা যায় না যে কি পরামর্শ দেওয়া হয়েছে। দুই, যেটা সেক্রেটারি অব Governor, অ্যাসেম্বলি সেক্রেটারিয়েটে যে চিঠিটা দিয়েছেন, সেই চিঠিটা ৩ রা মে ২০১৩ -এখান থেকে যে বিলটা পাঠানো হয়েছিল তার পরিপ্রেক্ষিতে। তাতে বলা হয়েছে মিনিস্ট্রি অব হোম অ্যাফেয়ার্স গর্ভমেণ্ট অব ইণ্ডিয়া Ministry of Home Affairs Government of India has now returned the aforesaid Bill considering it to be withdrawn by Government of West Bengal in view of acceptance of some of the kscCd'm of the Department, of the Ministry oif Finance, Government of India। এটা পরিষ্কার লেখা আছে। যা পড়লাম আমি, আপনি যেটা দিয়েছেন। এখানেও লেখা আছে। আমি আপনাকে গতবারেও বলেছি, আবারও বলছি- আমাদের অভিজ্ঞতা কাজে লাগলে আপনি গ্রহণ করবেন, না হলে ফেলে দেবেন কি আছে। আমাদের অভিজ্ঞতা মানেই তাকে বর্জন করতে হবে এরকম কিছু না। আশির দশকে শুনেছি যখন মাথা চাড়া দিয়েছে, ৯০-এর দশকে শুনেছি যখন মাথা চাড়া দিয়েছে, দু হাজারের সময় যখন আবার মাথা চাড়া দিয়েছে, প্রত্যেকবার আমরা হস্তক্ষেপ করেছি, গ্রেফতার করেছি। এই আইন-ফাইন কিছু ছিল না। কিন্তু আমরা গিয়ে আদালতের কাছে, হাইকোর্টের কাছে গভর্নমেন্ট হাইকোর্টের কাছে PIL করেছে। এবং তার ভিত্তিতে জাস্টিস সমরেশ ব্যানার্জীর জাজমেন্ট এখানে আমার কাছে আছে। ওদের প্রপার্টি সিজ করে, ওই প্রপার্টি বিক্রি করে, নিলামে দিয়ে আমানতকারীদের টাকা ফেরত দেওয়া হয়েছে। ওভারল্যাণ্ড, ভেরোনা, সঞ্চয়িতা এইসব করে লক্ষাধিক আমানতকারী টাকা ফেরত পেয়েছেন এবং সেটা হচ্ছে যারা টাকা নিয়েছিল তাদের সম্পত্তি বাজেয়াপ্ত করে। Papers are with me. কাজেই আমি বলছি যে, তার ফলে ২০০০ পর্যন্ত আমি বললাম, তিনটে দশকের কথা আমি বললাম। তার পরে ২০০৩ সালে এই হাউসে আইন এসেছিল। সেটা ২০০৩ থেকে ৪,৫,৬,৭,৮,৯ এই ৬ বছর কার্যত, যাই হোক, রাষ্ট্রপতির যে চিঠি আমরা পেলাম-স্যার আমি আবারও বলছি যে বিল এখন থেকে পাস হয়ে রাজ্যপালের কাছে যায়, সংবিধানের ধারায় স্পষ্ট উল্লেখিত তিনি তা যদি রাষ্ট্রপতির অনুমোদনের জন্য রিজার্ভ রাখেন তাহলে রাষ্ট্রপতির কাছে যাবে। তিনি যা বার্তা পাঠাবেন, তদনুযায়ী যদি সংশোধন করতে বলেন, আমাদের করতে হয়। এবং তদনুযায়ী সেই বার্তা, রাষ্ট্রপতির বার্তা রাজ্যপালের স্বাক্ষরে আপনার কাছে আসবে হাউসে। স্যার, আপনি House-এর custodian. বিল আপনি সই না করলে কোথাও যায় না। Final Bill টায় আপনি সই করেন। সেইটার ভিত্তিতে আপনি সেটা পড়তে পারেন বা লে করতে পারেন। চূড়ান্ত কথা হচ্ছে এটাই। মাঝখানের যে Correspondence, পার্থবাবু সুবিধা করে দিয়েছেন আমাকে। তরুণবাবুও বলছিলেন বোধহয় ২০০৪-এ কি লিখেছিলেন, ২০০৫-এ কি

লিখেছিলেন আগেকার মুখ্যমন্ত্রী এগুলো হচ্ছে Correspondence. একটা ডিপার্টমেন্টের সঙ্গে আরেকটা ডিপার্টমেন্টের Corespondence. They are not part of the constitutional provision made for passing a Bill, introducing a Bill, withdrawing a Bill etc. etc. এটা নয়।

[2.00–2.10 p.m]

এগুলো চলতে থাকবে, ঐ চিঠিপত্র দেওয়া-নেওয়ার চলতে থাকবে।....(এই সময় ট্রেজারি বেঞ্চ থেকে বলতে থাকেন।).... আপনি এখন প্রশ্ন করবেন না, এখন আমি বলছি। আপনি যখন বলছিলেন আমি প্রশ্ন করি নি। Stop interruptions, stop it. This is not debate.

মিঃ স্পীকার : আপনারা ইন্টারাপ্ট করবেন না, আপনি বলতে থাকুন, প্লিজ। প্লিজ গো অন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : এই যে আজকে যেটা আপনি করাচ্ছেন, যেটা এখানে পাস—আমরা বিরোধিতা করবো না পাস করলে। আগেও করিনি। আগের বারে এই সব বলেছি, আবারও বলবো। আমরা বিরোধিতা করবো না। অ্যামেন্ডমেন্ট দেবো, ২-১টা অ্যামেন্ডমেন্ট না মানলে আমরা তখন হয়তো আমাদের ডিভিশান চাইতে হবে সেটা আলাদা কথা। কিন্তু আমি বলছি যে এই সবের পরও যতক্ষণ না পর্যন্ত আপনি রাষ্ট্রপতির কাছ থেকে ঐ মেসেজ পাচ্ছেন, referring টু আর্টিকেল ২০০,২০১ ততক্ষণ আমরা ফাইনাল বিল এখানে পাস করতে পারবো না এটা সবাই জানে। এটা একটা অযথা কালক্ষেপণ, সময় নষ্ট. এটার কোনো অর্থ নেই। এটা হচ্ছে মূল কথা যেটা আমি আপনাদের বলতে চাইছি। যাই হোক, এখন ঐ করসপনডেন্সগুলো কি হয়েছে আমরা জানি না। সমস্যা হচ্ছে যখন উনি লিখছেন এখানে অবজেক্টস অ্যান্ড রিজনসে লিখছেন - the State Government might consider-might consider - to withdraw the said Bill and send a fresh Bill incorporating the suggestions accepted by the Government of West Bengal। তার মানে ওরা কিছু সাজেশান দিয়েছেন। কি সাজেশান দিয়েছেন আমরা জানি না, হাউস জানে না, নো বডি, আপনিও জানেন না, আমিও জানি না। আচ্ছা, সেই সাজেশানের মধ্যে কোনগুলো উনি অ্যাকসেপ্ট করলেন আমরা জানি না। কোনগুলো অ্যাকসেপ্ট করলেন না তাও জানি না। এই বিল আমরা পাস করছি। This is not the way ; see how the sovereign right of this legislature can be encroached। এটা কন্সটিটিউশানের কোথাও নেই, আমি এটাই বলছি। উনি যদি লে করে বলতেন আচ্ছা এই সব চিঠি। আমি আপনাকে বলছি, আপনার মাধ্যমে স্যার মাননীয় মন্ত্রীকে বলছি, মিনিস্টার-ইন-চার্জ অফ দি বিল, যে আপনাকে অনুরোধ করছি আপনাকে যে সব সময় দিল্লির দপ্তরের কথায়, আর এর তার কথায় চলবেন না।

আপনি বলবেন আমার কাগজ চাই। আমার অনুরোধ যে আমার কাগজ চাই যা আপনাদের দপ্তরের বলবার আছে বলে দিন। প্রেসিডেন্ট সেক্রেটেরিয়েটে পাঠান, আর প্রেসিডেন্টের ওখান থেকে মেসেজটা চাই আমার। আমি একটা বিল করেছি আমাদের রাজ্যপাল পাঠিয়েছেন, আর

রাষ্ট্রপতির একটা মেসেজ চাই। সেটা না হলে আমি আপনাদের সঙ্গে আর কোনো চিঠিপত্রে, আলোচনায় আমি সন্তুষ্ট নই! সেটাই হওয়া উচিত আপনার স্ট্যান্ড, দিস ইজ দি অনলি ওয়ে। এটাই একমাত্র আইন, তা যদি আপনি না করেন তাহলে বুঝতে হবে আপনি ওদের কথায়, ওদের ফাঁদে পা দিচ্ছেন এবং আপনার বিলের জন্য আপনি ঘুরতে থাকবেন, ঘুরতে থাকবেন। আমরা বার বার দিল্লিতে গিয়ে সন্দেহ হয়েছে আমাদের সময়ের অভিজ্ঞতা,এখনকার অভিজ্ঞতা যে এই সবের পিছনে কেউ না কেউ, খালি পশ্চিমবাংলায় নয়, পশ্চিমবাংলার বাইরে দিল্লিতে কোথাও পাকা মাথা আছে যারা এখানে একটা কার্যকর বিল পশ্চিমবাংলার যে অর্থনীতির যা উদ্বৃত্ত তাকে গ্রাস করবার জন্য যে সংস্থাগুলো গজিয়ে উঠছে তাকে দমন করার বিরুদ্ধে যারা এটাকে আটকাবার চেষ্টা করছেন। আপনি তার অংশীদার কি অংশীদার নয়? তা আপনাকে পরীক্ষা দিতে হবে, আমাদের সবাইকে পরীক্ষা দিতে হবে। সেইজন্য আমি বলছি, don't give importance to these correspondences. We want a message, a clear message under Art. 200, Art.201 to the Assembly on the basis of which আমি বলতে পারি this is constitutional thing যার উপরে তোমাদের কারোর কিছু বলবার অধিকার নেই। আমি এই বিলটা যা এখানে করা হয়েছে দেখুন আপনি, তাড়াতাড়ি করছেন খুবই ভাল উদ্দেশ্য। আমি কয়েকটি অ্যামেন্ডমেন্ট দিয়েছি আপনাকে একটা উদাহরণ দেওয়ার জন্য বলছি। ছোট কথা, কিছুই নয়। তবে ভাবুন একটা অ্যাডেমেন্ট-গতবারে যদি আপনি স্পীচ দেখেন দেখবেন ক্লজ - ৩ -তে D এর পরে F, ক্লজ-৩-তে। ৩ তে D তারপরে F। আমি গতবারে বলেছিলাম, D এর পরে F, এটা যাই হোক এটা আপনারা কারেক্ট করে নেবেন। এটা আপনার অ্যাসেম্বলী সেক্রেটেরিয়েটের কাজ। আপনি ভাবুন ৬ মাস ধরে বিল এনেছেন এত স্ক্রুটিনী আর এত চিঠি চালাচালির পর সেই D-এর পরে এফ আছে। D-এর পরে এফ-টা E করা গেল না। D-এর পরে যে ই হয় অ্যালফেবিটিক্যালি এটা ৬ মাসেও এত রকম স্ক্রুটিনীতে আপনি বুঝতে পারলেন না।

দেখুন আপনি প্রসিডিংসয়ে লেখা আছে and why the Assembly Secretariat fails to correct this thing. Because they are pressed Because somebody is pressing. যে গভর্নরের কাছ থেকে এখন চলে যাচ্ছেন, আমার সই করিয়ে আনতে হবে। সুতরাং 'ডি'র পরে 'এফ' থাকবে এবং মাঝখানে সেখানে 'ই' আসবে। এই হচ্ছে ব্যাপার! এটায় আবার অ্যামেন্ডমেন্ট দিতে হয়েছে। গতবারে আমি অ্যামেন্ডমেন্ট দিইনি কারণ আমি ভেবেছিলাম যে আপনা আপনি এই জিনিসটা কারেকশান হয়ে যাবে। স্যার, গতবারই আমি বলেছিলাম যে এখানে যতগুলি প্রভিশান আপনি ঢুকিয়েছেন, সবই তো প্রায় আমাদের যা দিয়েছিল, সেগুলো যা ছিল তাই টোকা হয়েছিল। সেগুলো এখনও আছে, আমাদের বিলটা, সেইটাই চলছে। সেটা নিয়েই চলছেন। তারপরে আপনি যেগুলো ঢুকিয়েছেন, আমার একটা আশংকা থেকে গেছে যে একটা বিপত্তি কোথাও না হয়। আমি ক্লাস ফাইভে, সেখানে আমি একটা দিয়েছি, দেখবেন আপনি। ক্লজ ফাইভে সাব ক্লজ থ্রিতে এই যে আপনি Civil Procedure Code এর কোন কোন রুলসের 43, 43A, 46, 47, 49 এগুলো আমায় বাদ দিতে বলেছেন। কেন এত সব দেওয়ার? Code of Civil Procedure stands। আপনি একবার সিভিল প্রসিডিওর লিখলেই যথেষ্ট। কারণ

কালকে যদি কেউ একটা ধারা এর মধ্যে অ্যামেন্ড করে দেয়, মুশকিলে পড়বেন আপনি। এইটা বুঝতে হবে। যেগুলো- যেগুলো আছে, স্যার, গতবারের বক্তৃতা দেখুন আপনি। আইনজ্ঞ আপনি, ভাল বুঝবেন। সি. আর. পি. সির যে সিভিল প্রসিডিওর কোড যা আছে সেগুলোর আছে আইন। সেগুলোর জন্য আলাদা করে কাউকে লিখতে হয় না। আর লিখে এই সব বিপত্তি - আমার ব্যাখার কোন দরকার নেই। আর যেটা আমরা গতবারে তীব্রভাবে আপত্তি করেছিলাম, সেটা হচ্ছে আমরা বলেছিলাম যে আরও অ্যামেন্ডমেন্ট দিয়েছি আমি। যেরকম আপনি একটা জায়গায় কেবল বলে দিয়েছেন যে কোর্টকে ডাইরেকশান দেওয়ার মত মনে হচ্ছে। যে কোন কোর্টই cognizance নিতে পারবে না except competent authority -র পারমিশান ছাড়া। আচ্ছা, কোন কোর্টই দিতে পারবে না, নো কোর্ট? এটা বলা কি ঠিক হচ্ছে? আপনি বুঝতে পারবেন তার মানে কি দাঁড়ায়? তাহলে সুপ্রিম কোর্ট, হাইকোর্ট তাদের কাছে কেউ যেতে পারবে না কমপ্লেন নিয়ে? এর মানে এই দাঁড়াচ্ছে। আমি অ্যামেন্ডমেন্টটা সেইজন্য দিয়েছি। যে অ্যামেন্ডমেন্টটা দিয়েছি সেটা আপনি দেখবেন যে এই অ্যামেন্ডমেন্টটা ক্লজ থ্রিতে সাব ক্লজ ফোরে সেটা আমরা দিয়েছি এইজন্যে। আর যেটা গতবারে বলেছিলাম, এত আলোচনা হয়েছে, এত আলোচনা, এই হাউসের মধ্যে, বাইরেও এক্সপার্টরা নানারকম অপিনিয়ন দিয়েছিলেন। আমরা দুটি অ্যামেন্ডমেন্ট দিয়েছিলাম। আমি আর শ্রী প্রবোধ সিন্‌হা মহাশয়, আমাদের বর্ষীয়ান, প্রবীণ সদস্য , তিনি দিয়েছিলেন। আমি বলেছিলাম দুটি যখন মুভ হল, আপনি জিজ্ঞাসা করেছিলেন কোনটা, আমি বলেছিলাম ওনারটা করুন। যাই হোক, কোনটাই সরকার গ্রহণ করেননি। আমি তারপরে বারবার মাথা ঘামিয়ে এবারে যখন দেখলাম—আমি খালি দুটো ওয়ার্ড বাদ দিতে বলেছি, দুটো না তিনটে ওয়ার্ড দিতে বলেছি। আমি বিশেষজ্ঞদের সঙ্গে পরামর্শ করে বুঝেছি যে বাইশের (২) তে আপনি যেটা লিখেছেন সেটা potently unconstitutional। যেটা Article 20(I), আর্টিকাল টোয়েন্টির এক নম্বরে যেটা আছে, মাননীয় স্পীকার স্যার, আপনি আইনজ্ঞ, আপনি ভাল করে জানবেন যে এই ক্রিমিনাল প্রসিডিওরে retrospective effect দেওয়া যায় না। এটা তখনও বলেছিলাম। এটা রেখে যাওয়া মানে হচ্ছে এই একটা খুঁত রেখে যাওয়া - এরকম খুঁতগুলো, মানে হচ্ছে এই যে আবার এটা যখন কেউ চ্যালেঞ্জ করবে, তার মানে সেটা আবার আটকাবে। প্রায় এইসব হয়ে থাকে। সেইজন্য আমরা খালি তিনটি ওয়ার্ড বাদ দিতে বলেছি। কিন্তু তাতে আপনি যেটা চাইছেন সেটা হবে। কিন্তু আমার ধারণা, আমি বিশেষজ্ঞদের সঙ্গে কথা বলেই, মোটামুটি পরামর্শ করেই মনে করেছি, যে, আমার ধারণা হচ্ছে যে এটা করলেই আপনার Article 20 (I) Constitution of India - এর সঙ্গে এটা clash করবে না। যাই হোক, আমি বাকি প্রত্যেকটা অ্যামেন্ডমেন্টগুলো নিয়ে বলতে যাচ্ছি না। কিন্তু খালি বলতে চাই যে ধরুন এটা পাস হতে আরও সময় লাগল, ধরে নিন। এতদিন তো আপনি দেখলেন, আপনি ভাবলেন যে এটা তাড়াতাড়ি করব, আপনি নিজে দৌড়লেন। গভর্নরের সই করালেন। আর দিল্লিতে আপনি ঘুরতে থাকলেন। আমি আপনাকে বলছি দিল্লিতে আপনি ঘুরতে থাকবেন, ঘুরতে থাকবেন, ঘুরতে থাকবেন। এই সরকার বদলাবে, তারপরেও ঘুরতে থাকবেন। আমাদের অভিজ্ঞতা থেকে বলছি। কতবার দৌড়েছি, কতবার।

[2.10–2.20 p.m]

ফল তো পাইনি। যাই হোক আমি আপনাকে বলছি এটা না থাকলেও আপনি ব্যবস্থা নিতে পারেন—এটা যেটা বললাম যে, আমরা যদি গিয়ে হাইকোর্ট থেকে পি. আই. এল. করে ওদের সম্পত্তি ধরে তা সিজ করে, নিলাম করে, বিক্রি করে হাইকোর্ট, লোক বসিয়ে দিয়েছিল - বসিয়ে দিয়েছিলেন এবং তা করে তাদের টাকা ফেরৎ দিতে পারে - আইন ছাড়াই সেটা করতে পারে, এখনও করতে পারে। তখনও হয়েছিল, এখনও করতে পারে - সময় লাগবে - ঠিক - ঠিক, একটু সময় লাগবে। কিন্তু এই সময় আপনার যা চলে গেল তার মধ্যে আপনি অনেকটাই করতে পারতেন। আপনি কেন করছেন না? যদি আপনি আমাদের এইসব কথাগুলো না শোনেন, তাহলে আমার কি সন্দেহ হবে, আমার কি আশংকা হবে? যে হয় আপনি আমার কথা বুঝতে চাচ্ছেন না, হয় আপনি বুঝতে পারছেন না, আর না হলে ইচ্ছাকৃতভাবে জিনিসটা বিলম্বিত করছেন- গতবারে বলছিলাম, আপনি বজ্র আঁটুনি আঁটতে চাচ্ছেন কিন্তু গেরোটা ফস্কে থেকে যাচ্ছে। এখানে গেরোটা ফস্কে হলে এই গোলমালগুলো হবে। সেইজন্য এই যে জিনিসটা আপনি যদি ইচ্ছাকৃতভাবে রেখে দেন বলে আমার সন্দেহ হয় বা আপনি হয়ত ঠিক ভাবছেন কিন্তু আমি বলছি দিল্লিতে যাদের কাছে - আমি জানি আজকেও কে ওখানে গিয়ে কোন কোন দপ্তরের মন্ত্রীর সঙ্গে কথা বলছেন- আমি জানি। হ্যাঁ, আমি জানতে পারব কি কথা হয়েছে, জানবার চেষ্টা করব। আপনিও নিশ্চয়ই জানতে পারবেন, আপনিও খবর পাবেন। কিন্তু আপনাকে আমি বলতে চাইছি এটাই যে, যদি আমার মনে হয় যে আপনি আর ঐ স্বার্থ সব মিলে এইটার একটা বব্যস্থা করতে চাচ্ছেন যেখানে পশ্চিমবাংলায় এই চিটফন্ডগুলো চিটফান্ড নয়, এগুলো নন ব্যাংকিং ফিনানসিয়াল ইনস্টিটিউশান হোক বা কালেকটিভ ইনভেস্টমেন্ট স্কিম হোক - এগুলো আমরা সবাই জানি, SEBI এই ব্যবস্থা নিতে পারে এখনই যা সংশোধিত হয়েছে আইন। কিন্তু এর মধ্যে এই একটা - আধটার ব্যাপার না- এতো বড় ব্যাপার, এতোগুলো কোম্পানী, বড় - বড় কোম্পানী, যাদের নাম তালিকাভুক্ত হয়েছে। ৫০ হাজার কোটি টাকা - এই যে কে বলছিলেন যে.আমাদের সময় স্মল সেভিংস, কম ছিল - কম ছিল-কম ছিল-কম ছিল। তবু আমরা সর্ব রাজ্যের মধ্যে এক ছিলাম - এক নম্বর ছিলাম, এইরকম দুরবস্থা হয়নি। যা দূরবস্থা হচ্ছে এখন। এই জিনিসটা হয়নি। সেইজন্য আমি আপনাকে বলছি যে, যদি আমাদের এইরকম একটা আশংকা হয় যে, আপনাদেরও কেউ কোন কারণে এর সঙ্গে জড়িত আছেন, তাহলে আমাদের এই কথা বলবার অধিকার থাকছে যে, তাদের আড়াল করবার জন্য, তাদের আড়াল করবার জন্য- যখন ট্রেজারী বেঞ্চের কোন মেম্বারের নাম নিয়ে বলা হয়-গ্রেফতার করা হয়েছে প্রাক্তন একজন সাংসদ। তিনি ট্রেজারী বেঞ্চের মেম্বারদের নাম করছেন। যখন শাসক দলের তিন-তিনজন এম. পি- তাদের নাম করছেন, এসব যখন হচ্ছে, তখন সরকার যদি তার ঠিক জবাব দিতে চায়, তাহলে তাকে সেই ব্যবস্থা নিতে হবে। তা না হলে পরে এই আশংকা থাকবে যে, নিজেদের আড়াল করার জন্য আর প্রকৃত অপরাধীদের আড়াল করার জন্য, আর যারা লুঠ করেছে তাদের কাছ থেকে টাকা উদ্ধার করে আমানতকারীদের ফেরৎ দেওয়ার পরিবর্তে জনগণের দেওয়া করের টাকায় তাদের কমপেনসেশন দেওয়ার এই যে লাইন -যেটা নিয়েছেন - আর আপনি বলছেন এতসব পাঠিয়েছেন আপনারা চেক, আপনি দেখছেন না যে কত চেক ফেরৎ আসছে,

ব্যউন্স হচ্ছে, লোককেই খুঁজে পাওয়া যাচ্ছে না। সে লোক কোথায়? তদন্ত হোক তার, সে লোককে কেন- কেন- কেন পাওয়া যাচ্ছে না? সেই জন্য আমি আপনাকে বলছি, যদি সদিচ্ছা থাকে, তাহলে আমাদের এই দাবি মেনে নিন। বামফ্রন্ট জমানায় হোক, আপনার জমানায় হোক যত বড় নেতা মন্ত্রী হোক, তারা যদি এর সঙ্গে যুক্ত থাকে, তাদের শাস্তি হোক। আর তার জন্য সুপ্রিম কোর্টের তত্ত্বাবধানে সি. বি. আই তদন্ত হোক, -সি. বি. আই তদন্ত হোক। যদি সৎসাহস থাকে এই দাবি মেনে নিন। আমাদের সৎসাহস আছে, তাই বলছি তদন্ত করুন। যে কেউ শাস্তির ফল পাবে আমরা তার জন্য চিন্তা করি না, ভয় পাই না। আর সি. বি. আই. যেহেতু রাজনীতি করে তারজন্য সুপ্রিম কোর্টের তত্ত্বাবধানে হোক -সর্বোচ্চ আদালতের তত্ত্বাবধানে হোক - আমাদের এই দাবি মেনে নিন যদি সততার প্রতীককে সারদার প্রতীক বা আর কোনো কোম্পানীর প্রতীক বলে আপনি প্রতিষ্ঠিত করতে না চান। ধন্যবাদ।

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আলোচনা হয়েছে। অনেক পয়েন্টস এসেছে। আমি আমার বক্তব্যকে তিনটি ভাগে ভাগ করে দিতে চাই আপনার অনুমতি নিয়ে। প্রথম প্রশ্ন হচ্ছে যে আমরা এই বিলটা যে উইথড্র করলাম, সে সম্পর্কে যে আলোচনা হয়েছিল, তখন অনেকে আমার বক্তব্য শুনতে পারেননি এবং কিছু জিনিস তখন দেওয়া সম্ভব ছিল না। প্রথমেই সেই সম্বন্ধে আমি কয়েকটা চিঠি এবং বক্তব্য এই অগাস্ট হাউসের সামনে রাখতে চাই। ২৬ জুলাই, ২০১৩ তে একটি চিঠি লেখে। কে লেখেন? Under Secretary, Judicial কাকে লেখেন? To Chandan Sinha, Secretary to the Governor of West Bengal. Raj Bhavan. সেই চিঠির শেষ লাইনটা, এখান থেকে বক্তব্যটা শুরু। এই ২৬ জুলাই-এর চিঠি। রেফারেন্স বিলে আছে right of the beginning. একদম শেষে যখন Aims and Objects দেখবেন, দেখবেন এই চিঠির রেফারেন্স আছে। কিন্তু চিঠিটার শেষে কি বলা হয়েছে সেটা আমি হাউসকে অবগত করতে চাই। "The State Government may consider" কে লিখছেন? সেন্ট্রাল গভর্নমেনন্ট থেকে লিখছেন Secretary to the Governor - " The State Government may consider to withdraw the present Bill and send a fresh Bill after getting passed by the State Legislature and reserved by Governor of West Bengal to this Office." একটা চিঠি লিখেছেন। ঠিক আছে। তারপরে আসছে দ্বিতীয় চিঠি। আমি একটা একটা করে এভিডেন্স আপনাদের সামনে রাখছি যাতে House is well informed। নাম্বার টু চিঠি আসছে। চিঠি লিখছেন কে? ৯.৯.২০১৩ চিঠি আসছে Secretary to the Governor of West Bengal. কাকে লিখছেন? Secretary to the West Bengal Legislative Assembly সেই চিঠিতে কি লিখছেন? "The Ministry of Home Affairs, Government of India has now returned the aforesaid Bill" আমি রিপিট করছি .... "has now returned the aforesaid Bill considering to be withdrawn by Government of West Bengal - considering to be withdrawn by Government of West Bengal - in view of the acceptance of some of the comments of the Department - some of the comments of the Department, Ministry

of Finance. Government of India." স্পষ্টভাবে গভর্নরের সেক্রেটারি লিখছেন To the Secretary of West Bengal Legislative Assembly "considering to be withdraw by the Government of West Bengal in View of acceptance with some of the comments and returned the aforesaid Bill". একেবারে স্পষ্ট। যেটা আমি টেবিল করেছি, যেটা লিডার অফ্ দি অপজিশানের কাছেও এসেছে। এরপরে আমি আসছি একটা খুব ইন্টারেস্টিং ডকুমেন্টে। এই ডকুমেন্টটা কে লিখছেন? Municipal Affairs Minister, Urban development Department, Government of West Bengal. কবে লিখছেন? ১৩.২.২০০৭। এই ডকুমেন্ট কিন্তু এই হাউসে আমি টেবিল করতে I am very happy to do. ২০০৭-এ লেখা ছিল। আমি নাম নিচ্ছি না কে লিখছেন। কাকে লিখছেন? মিনিস্টার ইনচার্জ পার্লামেন্টারি অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট অফ গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল। তার মানে লেফ্‌ফ্রন্টের সময় ২০০৭-এ এক মন্ত্রী অন্য মন্ত্রীকে চিঠি লিখছেন। সেই চিঠিতে কি লিখছেন ? "The Ministry of Home Affairs has informed that as per observation of Ld. Attorney General the State Legislature have the power to consider a Bill, which is pending before the President as a result of the Governor having reserved the same for his consideration to effect any amendment thereto, and in such a situation the said amendments should also be reserved by the Governor for the President. The Ministry of Home Affairs, has accordingly advised to make the amendments to the bill as per the said guidelines."

[2.20–2.30 p.m.]

এই ডকুমেন্টটা এই যে চিঠিটা লিখেছেন, কি বেসিসে লিখেছেন আমি সেটা পড়ে দিতে চাই যাতে এটা পরিষ্কার হয়ে যায় যে withdraw করা যায়, amendment করা যায়, it is upto the government. Advice of Ministry. of Law, Justice & Company Affairs (Department of Legal Affairs) লিখেছে. regarding withdrawal of a Bill reserved the Governor of a state for the consideration of the President. 'In November 1983 the Learned Attorney General gave an opinion that the Houses of the State Legislature have the power to consider a Bill. which is pending before the President as a result of the Governor having reserved the same for his consideration, for his withdrawal. They could validly pass resolution for a withdrawal of the Bill. I read. আমি আবার পড়ি, They could validly pass a resolution for withdrawal of the Bill on intimation of which there will be no occasion for the President to at all consider the Bill for according or withholding his assent. Similar will be the cases where after the Bills are reserved by the Governor for the consideration of the President, the two Houses of the State Legislature effect amendment thereto. In such a situation, the said amendments

should also be reserved by the Governor for the President. এই ডকুমেন্ট অনেক লম্বা, আমি relevant portion পড়ে আপনাকে বলছি যে এই চিঠির বক্তব্যের বেসিসে then Municipal Affairs Department, Urban Development Department এর মন্ত্রী বামফ্রন্টের সময় Parliamentary Affairs Department-এর মন্ত্রীকে লিখছেন, so when is the question? It is during the Left rulling 2007 dated 13.2.07. এই চিঠি স্যার আমি আপনাকে টেবিল করে দেব, দয়া করে যারা জানেন না তাদের কাছে লে করে দেবেন যারা এই চিঠির কথা জানতেন না। (নয়েজ...) You cannot intervene when I am speaking, you cannot intervene. Sir, I did not intervene when you were speaking. এবারে আমি next issue-তে আসছি। আমি বলেছি আমার বক্তব্য আমি বিভিন্ন বিভাগে ভেঙে দেব। দ্বিতীয় ইস্যুতে আসছি। ২০০৩-এর কথা ছেড়ে দিন। ২০০৩-এ বিল এসেছিল, সেই বিলে finally বলা হল inadequate , not appropriate, Whatever the language, , সেটা বাতিল হয়ে গেল। তারপরে ২০০৯ তে যে বিল এই হাউসে এসেছিল সেটা সম্বন্ধে কেন্দ্রীয় সরকার তিনটে প্রশ্ন করে, যে প্রশ্ন আবার রিপিট করেছে আমাদের এই বিলের ক্ষেত্রে। Whether the proposed legislation is constitutionally valid - সংবিধানের বৈধতা সম্বন্ধে স্পষ্ট করে জিজ্ঞেস করা হয়েছে। Is it valid ? (2) whether there is any conflict with an existing central law - কেন্দ্রীয় সরকারের কোনো আইনের সঙ্গে বিরোধ আছে? If so, whether the conflict may be consciousely permitted. 2009-এর বিল সম্বন্ধে প্রশ্ন ২। প্রশ্ন ৩- (3) Wheather the proposed state enactment involves any deviation, ফারাক, from existing national or central policy to its detriment or would be a hidrance to enact a uniform laws for the country. তিনটে প্রশ্ন। কি হল? তিনটে প্রশ্নের সঠিক জবাব পাওয়া গেল না। ২০০৯-এর বিলের rejection-এর পেছনে, incapacity-এর পেছনে answer to this three questions, এই তিনটে প্রশ্নের কিন্তু সঠিক জবাব পাওয়া গেল না। আমরা যখন বিলটা প্লেস করলাম আবার সেই তিনটে প্রশ্ন উঠেছে। ন্যাচারালি সেই প্রশ্নগুলোর জবাব কেন্দ্রীয় সরকার কি দিল? Question I, Whether the proposed legislation is constitutionally valid. কেন্দ্রীয় সরকার june 4, 2013 তে Ministry of Finance, Department of Economic Affairs, আমাদের বিলের উপর কি জবাব দিল?

কনস্টিটিউশনাল ভ্যালিডিটি যেটা অনারেবেল ল মিনিস্টার রেফার করেছেন। আমি সেটা এক্জ্যাক্ট বলে দিচ্ছি constitutional validity of Tamil Nadu Protection of Interest of Depositors in Financial Establishments Act, 1997 was upheld by the Hon'ble Supreme Court of India in the case of K. K. Bhaskaran' Vs- State represented by its Secretary, Tamil Nadu - AIR - details since the proposed Bill is in line পশ্চিমবঙ্গের বিল Since the proposcel bill is in line with the said Tamil Nadu legislation, this may

also be constitutionally valid. কে লিখছে? কেন্দ্রীয় সরকার এই প্রশ্নের উত্তর দিচ্ছে। However, legal opinion may be obtained in this regard কেন্দ্রীয় সরকার বলে দিচ্ছে that this Bill is constitutionally valid. তার মানে যে বড় ছবিটি আমরা দেখতে চাইছি, আমরা ইন্ডিভিজুয়াল প্রসিডিওরে যাচ্ছি না, তাতে ২০০৯-এ ক্লিয়ারলি বলছে Comments from the Central Government that this is valid. এই উত্তরটা কিন্তু ২০০৩-এর, ২০০৯-এর বিলে পাওয়া যায়নি। কেন না সেই উত্তর আসেনি। তার মানে ধরে নিতে হবে কোথাও কনস্টিটিউশানের প্রবলেম ছিল। প্রশ্ন (২) Whether there is any conflict with any existing Central law, if so, where the conflicts may be consciously permitted ? সেম প্রশ্ন যেটা ২০০৯-এর বিলে করা হয়েছিল। আবার কেন্দ্রীয় সরকার তার উত্তর দিচ্ছেন, কমেন্টস - The proposed Bill may not be in conflicts with the SEBI Act, 1992. অনারেবেল পার্থ চ্যাটার্জী সেই কথা রেফার করেছেন যে অনেক রকমের অ্যাক্ট আছে। সেবির ক্ষেত্রে It is not in conflict, Suitable legal provisions to address the aspects as mentioned in para 5 may be considered. আবার উত্তর, এটা কিন্তু ২০০৯-এর উত্তরে পাওয়া যায়নি। আমাদের বিলে পাওয়া গেল। ভেরি অ্যাফারমেটিভলি পাওয়া গেল। প্রশ্ন (৩) Whether the proposed State enactment involves any deviation. যেটা আমি পড়েছিলাম তার জবাব আসছে সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে। The proposed Bill appears to be in line with similar enactments existing in 15 States and two Union Territories ? এই জবাবও কিন্তু ২০০৯-এ পাওয়া যায়নি। প্রশ্ন এখন আসছে যে এই বক্তব্য রাখার পরে যে কনস্টিটিউশনাল ইস্যুস আমাদের লিডার অফ দ্য অপজিশান এবং বিভিন্ন রেসপেকটেড বিধায়করা তুলেছেন দ্যট। That automatically is answered that constitutionally there is no issue with this bill that I have read for you and answered. আপনি করসপনডেন্সের কথা বলছিলেন। আমি কোট করে আপনাকে শুনিয়ে দিয়েছি This is the case. এবারে আসছি একই ইস্যুর উপরে। ২০০৯-এর বিল passed by the earlier Government did not contain what ? Power to enter premises and inspect documents. ছিল না। আমাদের কিন্তু বিলে ছিল। Such seizure and confiscation of property and its management. ছিল না। আমাদের বিলে ছিল। In 2009 Bill, the designated Court was to pass orders within one year. এক বছরের মধ্যে from the date of receipt of application, আমাদের বিলের ২০১৩-এর যে বিল পাশ হয়েছিল time was reduced to 180 days. ছয় মাসের মধ্যে অ্যাকশন হতে পারে। Not late for one year. এরপরে আসছি মাননীয় লিডার অফ দ্য অপজিশান বলেছিলেন একদিকে করেসপনডেন্স চাইছেন, উনি চাইছেন যে করেসপনডেন্স দিই, যে করেসপনডেন্সের আমি একেবারে সমীক্ষা করে কোট করে বলে দিয়েছি। অন্য দিকে বলছেন করেসপনডেন্সকে গুরুত্ব দেবেন না। ওটা তো সেন্ট্রাল থেকে ছাড়া হয়েছে। সো আই অ্যাম নট ক্লিয়ার। উনি একইদিকে বলছেন করেসপনডেন্স দিন, অন্যদিকে বলছেন করেসপনডেন্সকে গুরুত্ব দেবেন না। দ্বিতীয় উনি যদি মনে করে থাকেন, যে

আমরা এত অজ্ঞ যে কনস্টিটিউশনাল স্যাংটিটি বুঝি না, সিভিল কোর্ট কি হয় তা বুঝি না, আমাকে বিনীতভাবে বলতে হবে যে হয়ত আমাদের সম্বন্ধে ওঁর ধারণাটা ভুল বলে আমি সফ্টলি বলছি। কিন্তু কি সেটা আপনি আরও কড়া ভাষায় বলতে পারেন। Of course we understanding the constitutional issues.

[2.30–2.40 p.m]

এবার আমি আসছি Direction of the High Court. আপনারা শুনে খুশি হবেন, মাননীয় অধ্যক্ষের মাধ্যমে বলতে চাই, Direction of the High Court to the State Government to close the commission i.e Justice Shyamal Sen Commission. Powers to attach, seize and sell। যখন এই বিলের অ্যাসেন্টের জন্য আমরা অপেক্ষা করছি, তার মধ্যে চলে এলো যে, To close the power to seize, attach and sell the properties of Sharda and to distribute it amongst affected persons. দুই, State Government on the basis of the High Court has vested a résolution with these powers এবং তারই বেসিসে commission is working as per this power। কে বলছে হাইকোর্টের জাজমেন্ট পাইনি? কোথা থেকে এই কমিশন এই পাওয়ার আজকে করে সমস্ত অকশনের ব্যবস্থা করছে? কোথা থেকে? It is the power given by the High Court to the commission, যার জন্য এই সরকার যেই সেই হাইকোর্টের জাজমেন্ট এসেছে, সঙ্গে সঙ্গে এই সরকার worked towards giving this powers to the commission. এক্ষেত্রে আমি বলি, মাননীয় পার্থ চ্যাটার্জী মহাশয় —very respected leader in the government, senior Minister, উনি আপনাদের বলেছেন ১ লক্ষ ৩৩ হাজার। উনি শুনে খুশি হবেন - যখন বলছেন, তার সঙ্গেই কিন্তু কাজ এগিয়ে যাচ্ছে। এখন এটা টোটালে গিয়ে পৌঁছাবে disburse and sanction ২ লক্ষ ৮৭ হাজার মানুষের জন্য এই disburse and sanction এসেছে। যারা ১০ হাজার টাকার কম রেখেছিল,সত্যি সত্যি দরিদ্র মানুষের জন্য। আমি শুনে অবাক হয়ে গেলাম, Hon'ble member of this house, Hon'ble Leader of the House উনি বলছিলেন এতজনকে টাকা দেওয়া হয়েছে। তার নম্বরটা কোথায় আছে? I will request the Hon'ble Speaker to kindly allow us to share this information. Hon'ble পার্থ চ্যাটার্জী বলেছেন ২ হাজার কয়েকজন, আপনি বলছেন লক্ষ লক্ষ। I am giving you the exact figure. ২ লক্ষ ৮৭ হাজার , তার মধ্যে ১ লক্ষ ৭ হাজার প্রথমে, ৩২ হাজার তারপরে, ৬ হাজার তারপরে, ১ লক্ষ ৩৩ হাজার তার পরে, under disbursement plus sanction ২ লক্ষ ৮৭ হাজার। আপনারা করেছিলেন? করেননি কিছুই। আজকে সঞ্চয়িতার মানুষ ঘুরে বেড়াচ্ছে রাস্তায়। আমার চেনা লোক আছে। সেহেতু এই সমস্ত কথা দয়া করে বলবেন না, সাবস্টেন্স নিয়ে, এভিডেন্স নিয়ে- যেভাবে আমি এভিডেন্সের মাধ্যমে যাচ্ছি - এভিডেন্স নিয়ে হাউসে রাখুন, আমরা নিশ্চয়ই বিশ্বাস করবো। সেহেতু Hon'ble Speaker, Sir, my submission is

ডিবেটটাকে উৎরে দেওয়া যায় with evidence আমি চিঠি পড়ে দিচ্ছি, আপনাদের সময়কার মন্ত্রীর চিঠি পড়ে দিচ্ছি। You please do the same.

এবার আমি থার্ড ইস্যুতে আসছি। আমি বলেছি ৩ ভাগে ভাগ করে দেবো, থার্ড ইস্যু- তৃতীয় ইস্যুটা কি? যে আমরা কি পরিবর্তন এনেছি আগের বিলে। যার জন্য আমরা উইথড্র করে নতুন বিল প্লেস করেছি। প্রথম, আপনারা যদি চার নম্বর পাতার বিলটা দেখেন, দেখবেন, নাম্বার সিক্সটা- একটা রেফারেন্স অফ সেকশন ৫ ইন সেকশন ৩। এই কথাটা কেন্দ্রীয় সরকারের থেকে সাজেশন এসেছিল। যে, এটাকে প্লিজ্ দয়াকরে রেফারেন্সটা রাখবেন ফর্ সেকশন ৩। আমরা একজ্যাক্টলি সেই রেফারেন্সের ৬টা অ্যাড্ করেছি। All the properties of the financial establishment committing a default in repayment of deposit fraudulently under the provisons of sub-section (1), and the properties of the persons mentioned in sub-section (2), shall be liable to be attached in accordance with the provission of section 5. তার মানে ৫ এবং ৩-এর মধ্যে সমন্বয় আনার জন্য এই সাজেশনটা করা হয়েছে, যেটা আমাদের কাছে ঠিকই মনে হয়েছে, আমরা সেটা বিলে অ্যাড্ করেছি। এবারে আসুন একই পাতায় ফোর্থ ইস্যুর ওপরে। আগের বিলটার ৫ পাতা দেখবেন, তাহলে বুঝতে পারবেন। আমরা বলেছিলাম Every financial establishment shall file all periodical statements to the Competent Authority. ফার্দার আমরা কিছু বলেছিলাম। তাতে কেন্দ্রীয় সরকার বলছে, " Our state's Competent Authority knows such information with SEBI or RBI," আর যেটা অনারেবল পার্থ চ্যাটার্জী বললেন - R.O.C. - আপনি মেনশন্ করেছেন। This section says that সমস্ত জিনিস আমাদের দিতে হবে।

It is our State স্টেটের ইজ্জত, It is for us to decide ; we may give these materials to SEBI, to RBI or ROC. এই সাজেশান সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে করে। আমরা মনে করি এটা ভালো, কেন না এতে আমাদের স্টেটের পায়োর আরও বাড়বে, আমাদের উপরেই সেই অপার্চুনিটিটা আসবে, সেই হেতু আমরা সেটাকে জুড়েছি to strengthen the power of the State and the choice of the State and the discretion of the State. তৃতীয়, ৫ নম্বর পাতায়, ক্লজ নম্বর 4। কেন্দ্রীয় সরকারের থেকে অনেক আলোচনা করে তাঁরা যে সাজেশানটা করেন, সেটা পড়ে দিচ্ছি—Whosoever contravenes the করে তাঁরা যে সাজেশানটা করেন, সেটা পড়ে দিচ্ছি—Whosoever contravenes the provision of this section shall be punished with imprisonment which. may extend to three months or with fine which may extend to one thousand rupees, এটা ছোট মানুষদের জন্য সমস্ত, স্পেসিফিক্যালী ওঁরা বলেন যে বড় বড় প্রতিশানতো আপনাদের আছে, এটাও আপনারা ঢোকান। We felt it is the logical process সেহেতু আমরা সেটা সেকশান 4 add করেছি, যেটা আগের বিলে 3 অবধি ছিল।

মিঃ স্পীকার : With the permission of the House, I extend the time by five minutes.

শ্রী অমিত মিত্র : স্যার, লাস্ট দুটো অ্যামেন্ডমেন্টে আসছি, আমরা একটা নতুন সেকশান এ্যড্ করেছি এই নতুন বিলে, procedural, not constitutional, the previous Bill was constitutionally valid মনে রাখতে হবে। where the State Government is satisfied, এটা ৫ পাতায় আছে ছোট ডি (d) বলে অ্যাড্ করেছি। c অবধি ছিল d অ্যাড্ করেছি that any financial establishment committing a default. আমার মনে হয় মাননীয় বিধায়ক এটা মেনশন করেছেন, আপনার বক্তব্যে, নস্কর সাহেব, প্রফেসার সাহেব। Where the State Government is satisfied that any financial establishment committing a default in repayment of deposit fraudulently, has transferred (whether after the commencement of the act or not) any of the property otherwise than in good faith and for consideration. আমাদের বিলে অনেক শক্ত ক্লজ্ আছে 1,2, a,b,c আছে, আমরা মনে করেছি যে এটা হয়তো অ্যাড্ করলে আরো একটু শক্তিটা বাড়বে। সেহেতু We have accepted that, this is logic, this is objectivity. এবারে লাস্ট পয়েন্টে আসছি স্যার, of change একই পাতার একেবারে নীচে দেখবেন আমরা একটা C সেকশান অ্যাড্ করেছি। এটা থার্ড, the personal property of a person, নিজের প্রপার্টি, who has borrowed money from such financial establishments to the extent of his default তার মানে বাকি A,B, -তে সবাই কভার্ড হচ্ছে, তবু একটুও যদি জায়গা ছেড়ে যায় তার জন্য We have added sec C। তার মানে কি, যে যেখানে মনে হয়েছে এই রাজ্যের শক্তি বাড়বে মানুষকে ধরার যারা অন্যায় করেছে, প্রতারিত করেছে, তাদেরকে ধরার সম্ভাবনা বাড়বে, আমরা সেই জিনিসগুলো এই বিলে নিয়ে এসেছি এবং সেই বিল আপনাদের সামনে রেখেছি। এখন স্যার, লাস্ট প্রশ্নতে আসছি, কত সময় লাগবে, এ সম্বন্ধে কি বক্তব্য রাখছি। আপনি শুনলে খুশী হবেন মাননীয়া মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলে আলোচনা করে, Law মন্ত্রীর সঙ্গে আলোচনা করে ৩০ শে নভেম্বর ২০১৩ আমি একটি চিঠি লিখেছি to the Hon'ble Home Minister of the country, Union Home Minister। তাঁকে চিঠিতে আমি লিখেছি that we must inform the Government of India will examine এটার শেষ প্যারাটা আমি পড়ে দিই, কারণ এটা অনেক লম্বা চিঠি, আর ডিটেল্সে যাবো না, শেষে আমরা লিখছি We can't keep going to the Legislature with newer and newer Bill, containing newer and newer suggestions। আপনারা বার বার নতুন নতুন সাজেশান দেবেন, আবার আমাদের বিল নিয়ে যেতে হবে - from the Government of India. এতোগুলো আপনাদের সাথে আলোচনা হয়েছে, এতগুলো জিনিস ইনক্লুডেড হয়েছে, কিছু কিছু জিনিসে আমাদের দ্বিমত হয়েছে।

[2.40–2.50 p.m.]

এটা আমরা স্টেটের ইন্টারেস্টে, সাধারণ মানুষের ইন্টারেস্টে মনে করিনি। এত আলোচনার পরে we do not want further suggestions. Therefore, we presume that the comment of the Government of India of the earlier Bill, আমাদের এই বিলে। Which has necessitated the passing of another new Bill. যেটা আজকে পেশ হল is comprehensive, কারণ অনেক আলোচনা হয়েছে। Full and final, কেননা আপনারা যে আবার কমেন্ট দেবেন। এই যে ঘোরার কথা মাননীয় লিডার অফ দ্যি অপোজিশানস্ বলছিলেন। স্পষ্ট ভাবে কাকে লিখছি আমি? Hon'ble Home Minister of the country. You would agree that much time has already been lost due to the repeated queries and suggestions being thrust upon us by the Central government. ছাড়ি না আমরা সেন্ট্রাল গভর্নমেন্টকে। Being thrust upon us by you. This inordinate delay on the part of the Centre. স্পষ্ট ভাবে আমরা বলছি, This is inordinate delay. It is affecting the credibility of our elected Government. More so, having to place the Bill repeatedly in the State Legislature because of you may I therefore reiterate that the placing of the new bill should constitute full and final outcome in order to protect the interest of the common people of the State, সাধারণ মানুষের স্বার্থে। Let this be full and final. অনারেবল স্পীকার স্যার, আমি আমার বক্তব্যকে তিন ভাগে ভাগ করেছি। প্রথমত, ওদের মন্ত্রী কি লিখেছিলেন সেটা হয়তো ওঁরা জানেন না। জানলেও হয়তো বলেন নি। সেটা আমি অন দ্যা হাউস ফর লারনেড মেম্বার্স, অনারেবল মেম্বারস অফ দ্যা হাউস আপনার থ্রু দিয়ে রেখেছি। নাম্বার ২, যে তিনটে প্রশ্ন করা হয়েছিল ২০০৯ -এ ওদের বিলে, তার জবাব পাওয়া যায়নি। তার exact জবাব আজকে আমি পড়ে দিয়েছি হাউসে। Affirmative জবাব। প্রত্যেকটি affirmative জবাব। Constitutional. এবং তৃতীয়ত, তাড়াতাড়ি করার জন্যে, full and final-র জন্যে to the Home Minister of the Country আমরা লিখেছি, with total clarity এবং Hon'ble Law Minister -ও বলেছেন, পার্থ দাও বলেছেন যে, I had gone to Delhi. হ্যাঁ, আমি এয়ারপোর্টে বসে গভর্নরের সই নিয়ে করেছিলাম। And I met the Hon'ble Prime Minister of the Country, met the Hon'ble Home Minister of the Country, met the Hon'ble Finance Minister of the Country. মমতা বন্দ্যোপাধ্যায়ের বক্তব্যে, মমতা বন্দ্যোপাধ্যায়ের সাজেশানে আমি তাদের সঙ্গে দেখা করেছি to put full pressure on the Government. তারপরে তারা চিঠি লিখছে, যখন কমেন্টস দিচ্ছে instantaneously, analytically, মানুষের স্বার্থে আমরা সেই চিঠির জবাব দিচ্ছি, তার

নতুন ডেভলপমেন্টস আনছি, তারপর এই নতুন বিল তৈরী হয়েছে। আমি মা-মাটি-মানুষের সরকারের তরফ থেকে বলতে চাই যে, লক্ষ লক্ষ মানুষকে আজকে আমরা হেল্প করতে পাচ্ছি। ১০ হাজার টাকার কমে মানুষ টাকা পাচ্ছে। এই নতুন বিল, আমি আপনার মাধ্যমে বলব, please accept for the people। এটা যদি oppose করেন, আপনারা সাধারণ মানুষের বিরুদ্ধে — সেটা প্রমাণিত হয়ে যাবে এই হাউসে।

Mr. Speaker : Now, the question before the House is that the West Bengal Protection of Interest of Depositors in Financial Establishments Bill, 2013 be taken into consideration.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

Ayes have it. Ayes have it.

CLAUSE 2

Mr. Speaker : There is no amendment to Clause 2.

So I put Clause 2 do stand part of the Bill to vote :

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

Ayes have it. Ayes have it.

CLAUSE 3

Mr. Speaker : There are three amendments Nos. 1, 2 & 3 to Clause 3 by Shri Ananta Deb Adhikari (No. 1) and (Nos. 2 & 3) by Dr. Surjya Kanta Mishra.

First I call upon Shri Ananta Deb Adhikari to move his amendment.

Shri Ananta Deb Adhikari : Sir, I beg to move that in Clause 3, in sub-clause (1) (a), in line 1, for the word "repayment", the word "payment" be substituted.

Mr. Speaker : Hon'ble Minister, will you accept the amendment.

Dr. Amit Mitra : I am unable to accept the amendment.

Mr. Speaker : Now I call upon Dr. Surjya Kanta Mishra to move his amendment.

Dr. Mishra, So far as amendment No.2 of Clause 3 concerned in respect of deletion of item (f) and converting it to item (e) what you have suggested, regarding that I would like to say that it is being a typographical mistake it will be rectified.

.... (Noise) ....

Mr. Speaker : Dr. Mishra-কে line-টা দিন। Dr. Mishra, I personally feel that this merely a typographical mistake. It will be rectified. It is purely a mistake.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : I am fully convinced that it is a typographical mistake. I said it last time. In six months time this typographical mistake could not be corrected.

Mr. Speaker : Please move the next amendment (amendment No.3).

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : I beg to move that in clause 3 sub-clause (4) be omitted.

.... (Voice - "শোনা যাচ্ছে না।") ....

মিঃ স্পীকার : ওনাকে মাইকটা দিন, মাইকটা দিন। মাইকটা দিচ্ছেন না কেন আপনারা।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাইকটা বন্ধ করতেই ওস্তাদ। মাইকটা বন্ধ করতে পারলেই স্যার; সব থেকে, ...

মিঃ স্পীকার : ওনার মাইকটা বন্ধ করছেন কেন, উনিতো ওনার amendment move করবেন। না না, ইচ্ছেকৃতভাবে কেউ করেনি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মিঃ স্পীকার স্যার, I beg to move that in clause 3 Sub-clause (4) be omitted. I have explained enough যে, কেন এটা ঠিক নয়। যে কোনো কোর্টের কাছে যেতে পারবে না কেউ, এটা বলা যায় না।

ডঃ অমিত মিত্র : অনারেবল স্পীকার স্যার, I am unable to accept this. Because right in the beginning of my statement, I showed the constitutionality of this Bill. সেহেতু Please, আমি most humbly বলছি, এই amendment-টা আমি accept করতে পারছি না।

Mr. Speaker : Now the question before the House is that amendment NO. 1 moved by Shri Ananta Deb Adhikari.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

NOES have it. NOES have it.

The question before the House is that amendment No.3 moved by Dr. Surya Kanta Mishra.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

NOES have it. NOES have it.

So I put to vote Clause 3 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

Ayes have it. Ayes have it.

CLAUSE 4

Mr. Speaker : There is no amendment to Clause 4. So I put to vote Clause 4 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

Ayes have it. Ayes have it.

CLAUSE 5

Mr. Speaker : There is one amendment to clause 5 (Amendment No.4) by Dr. Surya Kanta Mishra. Now I call upon Dr. Mishra to move his amendment.

Dr. Surya Kanta Mishra : Sir, I beg to move that in Clause 5, in sub-clause (3), in line 3, the words and figures "Order XXI, Rules 43, 43A, 46, 47, 49, 50, 51 and 54 of" be omitted.

ডঃ অমিত মিত্র : বিনীতভাবে আবার বলতে হচ্ছে, আমি এটা accept করতে পারলাম না অনারেবল স্পীকার স্যার।

Mr. Speaker : The question before the House is that the amendment (No.4) moved by Dr. Surya Kanta Mishra.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

NOES have it. NOES have it.

So I put to vote Clause 5 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

Ayes have it. Ayes have it.

CLAUSE 6 & 7

Mr. Speaker : There is not amendment to Clauses 6 & 7. So I put to vote Clause 6 & 7 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

Ayes have it. Ayes have it.

[2.50–3.00 p.m.]

Shri Prabodh Chandra Sinha : Mr. Speaker, Sir, I beg to move that in Clause 8, for sub-clause (1), the following sub-clause be substituted :

"(1) For carrying out the purposes of this Act, the following authority shall be the Competent Authority, namely :-

(a) the Commissioner of Police, Kolkata, in respect of any financial establishment situated in a place within the jurisdiction of the town of Calcutta as defined in Section 2 of the Calcutta Police Act, 1866 ;

(b) the Comissioner of Police for the Commissionerate areas of the State in respect of any financial establishment situated in a place within their jurisdiction as notified from time to time ;

(c) the Collector of a district excluding the Commissionerate areas already existing in respect of any financial establishment situated in any place in the concerned District."

Dr. Amit Mitra : I am unable to accept the amendment.

Mr. Speaker : Now I put the amendment no. 5 in Clause 8 moved by Shri Prabodh Chandra Sinha. As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say, No. Noes have it. Noes have it.

So, I put to vote Clause 8 do stand part of the Bill. As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say, No. Ayes have it. Ayes have it.

There is no amendment to Clauses 9 to 21. So I put to vote Clauses 9 to 21 do stand part of the Bill. As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say, No. Ayes have it, Ayes have it.

There is an amendment (amendment no. 6) to Clause 22 of Dr. Surjya Kanta Mishra. Now I call upon Dr. Mishra to move his amendment.

Dr. Surjya Kanta Mishra : Hon'ble Speaker, sir, I beg to move that in Clause 22, in sub-clause (2), in line 3 and 4, the words "under this Act" be omitted.

Dr. Amit Mitra : Hon'ble Speaker, Sir, I am unable to accept the amendment.

Now I put the amendment no. 6 of Clause 21 moved by Dr. Surjya Kanta Mishra to vote.

(At this stage division bell rang.)

[3.00–3.10 p.m.]

(At this stage the voting slips were distributed among the Hon'ble Members)

The Ayes being 34 and Noes 151.

The amendment is lost.

CLAUSE 23.

The question that Clause 23 do stand part of the Bill — As many as are of that opinion will please say "Aye" and as many as are of the contrary will please say "No". Ayes have it. Ayes have it.

CLAUSE 24

Mr. Speaker : There is an amendment to clause 24 (Amendment No. 7) of Dr. Surjya Kanta Mishra. Now, I call upon Dr. Surjya Kanta Mishra to move his amendment.

Dr. Surjya Kanta Mishra : Sir, I beg to move that in Clause 24, after sub-clause (2), the following new sub-clause be added :

" (3) Every rule made by the State Government under this Act shall be laid, as soon as many be after it is made, before the State Legislature, while it is in Session, for a total period of fifteen days which may be comprised in one Session or in two or more successive Sessions, and if, before the expiry of the Session immediately following the Session or the successive Sessions aforesaid, the State Legislature agrees in making any modification in the rule or the State Legislature agrees that the rule should not be made, the rule shall thereafter have effect only in such modified form or be of no effect, as the case may be, so, however that any such modification or amendment shall be without prejudice to the validity of anything previously done under that rule."

Dr. Amit Mitra : Amendment গ্রহণ করছি না।

Mr. Speaker : The question before the House is that the Amendment No. 7 moved by Dr. Surjya Kanta Mishra. As many as are of that opinion will please say "Aye" and as many as are of the contrary will please say "No". Noes have it.

Mr. Speaker : The question before the House is that the Clause 24 do stand part of the Bill. As many as are of that opinion will please say "Aye" and as many as are of the contrary will please say "No". Ayes have it. Ayes have it.

Clause 1, Enacting Formula, Preamble and Title

Mr. Speaker : The question that Clause 1, Enacting Formula, Preamble and Title of the Bill do stand part of the Bill. As many as are of that opinion will please say "Aye" and as many as are of the contrary will please say "No". Ayes have it. Ayes have it.

Dr. Amit Mitra : Sir, I beg to move that the West Bengal Protection of Interest of Depositors in Financial Establishments Bill, 2013, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question that the West Bengal Protection of Interest of Depositors in Financial Establishments Bill, 2013, as settled in the Assembly, be passed.

As many as are of that opinion will please say "Aye", as many as are of the contrary will please say "No". Ayes have it. Ayes have it.

The Bill is passed. The Bill is passed.

Hon'ble Members, those who have not yet received the Mementos of the Platinum Jubilee celebration of the West Bengal Legislative Assembly are requested to contact the Miscellaneous Technical Section where those Mementos would be available.

BUSINESS TRANSACTED DURING ELEVENTH SESSION

Mr. Speaker : Today the 12th December , 2013 is the last day of the Eleventh Session of the Fifteenth Assembly. Before I adjourn the House sine-die, I would like to narrate in brief the business transacted during this Session.

(Position as on the 12th December, 2013)

I. QUESTION :

(A) Total Number of Notices of Questions received	833
(B) Total Number of Questions allocated	631
(i) Starred	485
(ii) Unstarred	146
(C) Total Number of Questions admitted	450
(i) Starred	345
(ii) Unstarred	105

(D) Total Number of Questions disallowed	72
(E) Total Number of Questions replied	201
(i) Starred	169
(ii) Unstarred	32
(F)(i) Total Number of replies to Questions received from the Departments but not yet placed in the order paper (Starred and unstarred)	53
(ii) Total Number of Questions pending with the Departments	196
(iii) Total Number of Questions under Process	109

In addition, I would like to make an announcement that Starred Questions to which replies have been received in this Secretariat but not yet answered in the House would be treated as Unstarred ones and replies thereto would be circulated to the Members.

2.(A) PRIVILEGE ISSUE :

(i) Notices received	5
(ii) Notices under Examination	5

(B) PRIVILEGE CASE :

One Privilege Case raised in the 7th Session was withdrawn

3. LAYING OF ORDINANCE :

Notice received and laid	1

4. GOVERNMENT BILLS :

(A) Number of Bills introduced	10
(B) Number of Bills passed	10

5. ADJOURNMENT MOTION :

(A) Notices received	4
(B) Out of order	1
(C) Consent withheld	3

6. CALLING ATTENTION NOTICES :

(A) Notices received	51

(B) Notices admitted	11
(C) Statements made	8
(D) Statement to be sent direct to the Members concerned	3

7. **LAYING OF RULES :**

(A) Notices received	2
(B) Rules laid	2

8. **LAYING OF ORDER :**

(A) Notices received	1
(B) Order laid	1

9. **LAYING OF NOTIFICATIONS :**

(A) Notices received	2
(B) NOTIFICATIONS LAID	2

10. **STATEMENTS MADE BY THE MINISTER UNDER RULE 346 :**

Statements made	2

11. **NOTICE UNDER RULES 319 :**

(A) Notice received	1
(B) Notice rejected	1

12 **(A) GOVERNMENT RESOLUTION UNDER RULES 169 :**

(i) Notice received	2
(ii) Admitted discussed and passed	2

(B) RESOLUTION FOR WITHDRAWAL OF BILLS :

(i) Notices received	2
(ii) Resolutions for withdrawal of bills passed	2

(C) SPECIAL RESOLUTION :

One Special Resolution congratulating Cricket Maestro Shri Sachin Ramesh Tendulker was adopted by the House

13. **LAYING OF ANNUAL REPORTS AND ACCOUNTS ETC. OF GOVERNMENT COMPANIES AND UNDERTAKINGS ETC.**

	Reports And Accounts etc. laid	20
14.	MENTION CASES	94
15.	ZERO HOUR	22
16.	NUMBER OF SITTINGS	13
17.	TOTAL HOUR OF SITTINGS	33hours (upto 2.30 p. m. today)

CLOSING OF THE ELEVENTH SESSION

Mr. Speaker : Most of the Members are in a mood to go back home and therefore I think I have done a thankless job. So, I do not, know whether it will be at all of any importance to note that most of the Members are leaving. Now, Vote of Thanks by Hon'ble Minister Shri Partha Chatterjee.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের এই সেশান আজকে শেষ হচ্ছে। অনেক গুরুত্বপূর্ণ বিল এখানে আলোচনা হয়েছে। অনেক গুরুত্বপূর্ণ প্রশ্ন এখানে বিরোধী দল এবং সরকারী দলের বিধায়করা, তাঁরা তুলেছেন এবং তার থেকেও বড় কথা যে আজকে গুরুত্বপূর্ণ জনস্বার্থের এই বিলটি গৃহীত হয়েছে অত্যন্ত দ্রুততার সাথে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি যেভাবে সভার পরিচালনা করেছেন, যে ধৈর্যের মধ্যে দিয়ে আপনি এই আসনকে আরো গৌরবান্বিত করেছেন, আরো মর্যাদায় নিয়ে গেছেন তাতে আপনাকে আমরা সকলের তরফ থেকে ধন্যবাদ জানাচ্ছি। উপাধ্যক্ষা মহোদয়া তিনিও আপনার অনুপস্থিতিতে যখনই তাঁকে দায়িত্ব দেওয়া হয়েছে তিনি সে দায়িত্ব পালন করেছেন, অত্যন্ত সুচারুভাবে তিনি বিধানসভার কাজ পরিচালনা করেছেন। তাঁকেও আমরা ধন্যবাদ জানাই। বিরোধী দল, বিশেষ করে বামফ্রন্টের যাঁরা শেষ পর্যন্ত এই সভার কাজে যোগদান করেছেন, হয়তো অনেক বিষয়ে দ্বিমত থাকতে পারে কিন্তু তাঁরাও এখানে যোগদান করেছেন, তাঁদেরকেও আমি ধন্যবাদ জানাই। কংগ্রেস পরিষদীয় দল, যে কদিন তাঁরা এসেছিলেন- ভাল হতো তাঁরা যদি শেষ পর্যন্ত থাকতেন, তাঁদেরকেও আমি ধন্যবাদ জানাচ্ছি।

[3.10–3.20 p.m]

ডঃ তরুণ কান্তি নস্করকে ধন্যবাদ জানাচ্ছি যে, তিনি শেষ পর্যন্ত প্রতিদিনই উপস্থিতি থেকে এবং বিভিন্ন বিষয়ে অংশ নিয়েছেন। আমি ধন্যবাদ জানাচ্ছি, আমাদের পরিষদীয় দলের বিধায়কদের। আমাদের সমস্ত বিধায়ক যারা উপস্থিত হয়েছেন এবং বিভিন্ন বিষয়ে অংশ নিয়েছেন, বক্তব্য রেখেছেন আমি তাদেরকে ধন্যবাদ জানাচ্ছি। হরকাবাহাদুর ছেত্রীসহ তাদের দলের বিধায়করাও উপস্থিত ছিলেন, তারা এখানে সময় মত এসেছেন এবং তারাও বিধানসভায় এসে অংশ নিয়েছেন — আমি তাদেরকেও ধন্যবাদ জানাই। আমাদের মন্ত্রী মহোদয় যারা এখানে উপস্থিত রয়েছেন, বিভিন্ন প্রশ্নের উত্তর দিয়েছেন এবং আলোচনায় অংশ নিয়েছেন, তাদের সকলকেই আমি ধন্যবাদ জানাই। আমি গভর্নমেন্ট চিফ হুইপ, তাকে ধন্যবাদ জানাই যে তিনি সভা পরিচালনার ক্ষেত্রে সুচারুভাবে

আমাদেরকে সাহায্য করেছেন, তাকেও আমি ধন্যবাদ জানাই। আমি ধন্যবাদ জানাই, সচিবালয়ের সমস্ত সদস্যকে - বিশেষ ভাবে যারা এখানে ভিতরে বসে কাজ করছেন - সমস্ত আধিকারিকসহ সদস্যদের আমি ধন্যবাদ জানাই। ধন্যবাদ জানাই সচিব এবং তার দপ্তরের সমস্ত সহকর্মীদের। আমি ধন্যবাদ জানাই নিরাপত্তা কর্মীদের, যারা এখানে এই সভাকে নিরাপত্তা দেওয়ার জন্য সুদীর্ঘ সময় দাঁড়িয়ে থেকে কাজ করেছেন। আমি ধন্যবাদ জানাই, সাংবাদিকদের যারা ভেতরে বসে এ ক'দিনের রিপোর্ট সংগ্রহ করেছেন, লিখেছেন এবং দিয়েছেন। এবং বাইরেও যারা প্রেস বক্সে বসে যারা ইলেকট্রনিক মিডিয়ার যে সমস্ত সহকর্মীরা দিনের পর দিন তারা ওখানে বসে এই বিধানসভার কার্যপ্রণালী নেওয়ার জন্য অপেক্ষা করেছেন, দিয়েছেন - আমি তাদের সকলকে ধন্যবাদ জানাই। আবার যখন আমরা বসব তখন ২০১৪ হয়ে যাবে, তাই এ বছরের বোধ হয় এটাই শেষ দিন, আবার ২০১৪ আসবে বাংলার সার্বিক উন্নয়ন এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যতে। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তিনিও এখানে উপস্থিত হয়েছিলেন, বলেছিলেন - আমি মুখ্যমন্ত্রীকেও ধন্যবাদ জানাই। এবং ২০১৪ তে তার নেতৃত্বে বাংলা আমরা সকলে মিলে এই বাংলার আরও বেশি উন্নতির জায়গায় নিয়ে যাবে, বাংলা বিশ্বের মধ্যে শ্রেষ্ঠ স্থান পাবে এই আশা এবং এই প্রার্থনা নিয়ে ২০১৪-কে স্বাগত জানিয়ে, আপনাদের সকলকে আগাম অভিনন্দন এবং শুভেচ্ছা জানিয়ে আমি আমার ধন্যবাদ জ্ঞাপন করছি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মিঃ স্পীকার স্যার, আমি আপনাকে প্রথমেই ধন্যবাদ জানাচ্ছি যে, এই সেশন সাম্প্রতিককালে যেহেতু বেশি দিন ধরে চলেছে এই বছর এবং বিভিন্ন সময় উত্তেজনা ইত্যাদি পরিস্থিতি তৈরি হয়েছে। তার মধ্যে আপনি এই হাউস চালিয়েছেন। আমাদের হয়তো আপনার সঙ্গে কখনও কখনও মতপার্থক্য হয় কিন্তু আমরা জানি যে স্পীকার যেটা বলেন সেটাই শেষ পর্যন্ত মেনে নিতে হয় এবং তা আমরা মেনে চলি। আর আপনার কাছে আমি এর জন্য ধন্যবাদ জানাই যে আপনি আমাদের কিছু বিষয় আপনি সুবিবেচনা করেছেন এবং আপনি আপনার যা করণীয় তাই করবার চেষ্টা করেছেন। আমি সরকার পক্ষকেও ধন্যবাদ জানাতে বাধ্য স্যার, যদিও সরকারের আমরা বিরোধী দল। কিন্তু, আমরা বিশ্বাস করি যে বিরোধিতার জন্য বিরোধী দল নয়। আমরা যেখানে যেখানে সহমত হওয়ার সম্ভব সেখানে সেখানে সহমত হওয়ার চেষ্টা করি। দুটো গভর্নমেন্ট রেগুলেশান এখানে সহমতের ভিত্তিতে পাশ হয়েছে, কিছু বিল পাশ হয়েছে অ্যামেন্ডমেন্ট। বেশির ভাগ আমার যা হিসাব আছে মোটামুটি এই হাউসে গত আড়াই বছরে যত বিল পাশ হয়েছে তার বেশির ভাগই সহমতের ভিত্তিতে পাশ হয়েছে। ডিভিশান হয়নি কিছু বাদে। কাজেই আমাদের বিরোধিতা থাকবে। কিন্তু আমাদের এখানে একত্রিত ভাবে আমাদের দেখতে হবে যে হাউসের আলোচনার মান ইত্যাদি আমরা আরো কি করে উন্নত করতে পারি। সংসদীয় গণতন্ত্রের সামনে যে চ্যালেঞ্জ তা মোকাবিলা করে মানুষের কণ্ঠস্বর যাতে এখানে প্রতিফলিত হয় সেই দায় দায়িত্ব আমরা পালন করতে পারি। সরকারী দল ছাড়াও বিরোধী পক্ষে যাঁরা এখানে আছেন, যাঁরা নেই, আর যাঁদের আমি ঠিক জানি না সরকার পক্ষের কি বিরোধী পক্ষের, এই রকমও কিছু আছেন তাঁদের অবস্থান জানি না, মাননীয় সদস্য যাঁরা আছেন তাঁদেরকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আমাদের এই বিধানসভা সচিবালয়ের সমস্ত অফিসার, স্টাফ কর্মচারী ইত্যাদি যাঁরা রয়েছেন, পরিচালনার সংগে

যাঁরা যুক্ত আছেন তাঁরা, সংবাদমাধ্যম যারা এখানে আসেন. হাউস যতক্ষণ চলে তাঁরা এখানে থাকেন এবং এই সামগ্রিক কাজের সঙ্গে আমাদের সিকিউরিটি ইত্যাদি যারা থাকেন তাদের সবাইকে আমি ধন্যবাদ জানাচ্ছি। সব শেষে আপনাকে আর একবার এই হাউস পরিচালনার জন্য ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বিশ্বনাথ কারক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবং এখানে উপস্থিত অধ্যক্ষ মহাশয়া. এবং সংসদীয় রাজনীতিতে পরিষদীয় দলের নেতৃত্ববৃন্দ এবং উপস্থিত শ্রদ্ধেয় মন্ত্রী মহোদয়রা এবং সরকারী আধিকারিক এবং এখানে উপস্থিত সাংবাদিক বন্ধুগণ, আমার পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন জানাই, আমার বলার বিশেষ কিছুই নেই, আমাদের বিরোধী দলে নেতা বলেছেন। আমার একটা আবেদন অধ্যক্ষ মহোদয়ের কাছে থাকবে আগামী সেশন যখন চালু হবে. যখন কোনো বক্তব্য বা কোনো বিষয় আলোচনা হয়, তখন যে সমস্ত জ্ঞানী ব্যক্তিরা বক্তব্য রাখেন সেই বক্তব্যগুলো শুনতে খুব ভালো লাগে এবং শেখার কিছু থাকে। সেই জন্য যাতে সুষ্ঠুভাবে সুশৃঙ্খলভাবে এবং হলের নিস্তব্ধতার মধ্যে দিয়ে এই বক্তব্যগুলো হয় তার জন্য আগামী সেশনের জন্য এই আবেদন রাখলাম। এই কয়টি কথা বলে আর একবার প্রত্যেককে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

Dr. Harka Bahadur Chhetri : Thank you very much, Hon'ble Speaker, Sir Before putting my views across I, as a junior member in this House, as a first timer, found that lot of things are there to be learnt in this House. First thing that I have noticed which the House has provided me an opportunity is that one has to have thorough knowledge of his Constituency and its problems so that these can be highlighted. Of course, there can be dissenting voices. That is why this House is specifically meant for. Without dissenting voices the value of democracy, I feel, will not be there. We have lot of heated arguments put forwarded by both the Opposition and befitting answers that came from the Ruling side which is enlightening. So I must thank all these Hon'ble members who have contributed towards raising the glory of this House. When the Hon'ble Speaker being unanimously nominated in this House without any election I remember that moment. I have said, "Sir, you do not belong to any party, You might have belonged to some party before you become a Speaker. But now you are the guardian of the House and you will educate and give time as per the gravity of the issues which will be raised by the Hon'ble Members". And today I feel very happy to say that the Hon'ble Speaker has done enough justice that he has given enough time to all the members irrespective

of their political affiliation which is heartening. I hope since this year has come to end now next year when we meet we will meet in a much happier note.

[3.20–3.30 p.m.]

When we come, we come with brighter ideas, when we come, we come with more issues but let these issues be discussed neutrally and dispassionately, such that we can reach a certain kind of resolution from where action can be issued.

Thank you very much Sir, I convey best wishes for the New Year and also for the christmas to all the Members of this House and I thank your honour for giving me this opportunity. Thank you Sir,

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহোদয়,এই বিধানসভার এই আড়াই বছরের মধ্যে এবারে সব চেয়ে বেশী দিন চলেছে। এই বিধানসভার অনেক মূল্যবান বিল আলোচনা, তর্ক-বিতর্কের মধ্যে দিয়ে পাশ হয়েছে, ভোটাভুটি হয়েছে। এই সভা পরিচালনা করার ক্ষেত্রে আপনার যে ভূমিকা, সেই ভূমিকা প্রশংসার যোগ্য। অনেক ক্ষেত্রে আপনাদের সঙ্গে আমাদের মতপার্থক্য হয়েছে। সেটা আলোচনার মাধ্যমে মিটেও গেছে। আপনার নেতৃত্বে এই বিধানসভা চলল, আজকে তার শেষ দিন, তার জন্য আমি আপনাকে আরেকবার ধন্যবাদ জানাচ্ছি। আপনার অবর্তমানে আমাদের হাউসের ডেপুটি স্পিকার শ্রীমতী সোনালী গুহ, তিনি যোগ্যতার সহিত এই বিধানসভা পরিচালনা করেছেন, তার জন্য তাঁকেও ধন্যবাদ জানাই। মাননীয় পরিষদীয় মন্ত্রীকেও ধন্যবাদ জানাচ্ছি। আমরা বি. এ. কমিটিতে বিভিন্ন বিষয় নিয়ে সহমত হয়েছি বা হইনি, পরিপ্রেক্ষিতে বিধানসভা চলার ক্ষেত্রে তাঁর যে উল্লেখযোগ্য ভূমিকা, তাঁকেও আমরা সম্মান জানাই, তাঁকে ধন্যবাদ জানাই। শাসক দলের যিনি আমাদের ডেপুটি চিফ হুইপ, এই সভা পরিচালনা করার ক্ষেত্রে তাঁর একটা ভূমিকা থাকে, সেই ভূমিকা তিনি পালন করেছেন। সরকারের যে মন্ত্রীসভার সদস্যবৃন্দ, তাঁরা আমাদের সদস্যদের বিভিন্ন প্রশ্নের উত্তরও দিয়েছেন এবং ভালভাবেই দিয়েছেন। আমরা তার উত্তর পেয়েছি। তার জন্য মন্ত্রীসভার সকল সদস্যকে আমরা ধন্যবাদ জানাই। এবারে আমরা একটা বিষয় লক্ষ্য করলাম যে শাসকদলের বন্ধু সদস্য যারা আছেন এবং বিরোধী দলের বন্ধুরা আমরা যারা আছি, তাদের মধ্যে একটা পারস্পরিক বোঝাপড়ার মধ্য দিয়ে- বাইরে আমাদের নিশ্চয়ই একটা রাজনৈতিক মতপার্থক্য আছে, থাকবে, আমরা আমাদের রাজনীতির কথা বলব, আপনারাও আপনাদের রাজনীতির কথা বলবেন- কিন্তু হাউসের মধ্যে একটা পারস্পরিক বোঝাপড়ার মধ্য দিয়ে এই সভা চলেছে। তার জন্য সমস্ত সরকার পক্ষের বন্ধুদের এবং বিরোধী পক্ষের বন্ধুদের ধন্যবাদ জানাই। ধন্যবাদ জানাচ্ছি সচিবালয়ের সমস্ত কর্মীদের, যারা সুষ্ঠুভাবে আমাদের সমস্ত পেপার, সমস্ত রকম সহযোগিতা করেছেন এবং তাদের সহযোগী যেসব বন্ধুরা আমাদের বিধানসভায় আছেন, তাদেরও ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাই সিকিউরিটি পার্টিদের, তারা এই সভাকে ঠিক ঠিক ভাবে নিরাপত্তা দিতে পেরেছেন এবং দিয়েছেন। তার জন্য তাদের ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাই আমাদের সাংবাদিক

বন্ধুদের, যারা আমাদের বিধানসভার সমস্ত সংবাদ পরিবেশন করেছেন, তার জন্য তাকে ধন্যবাদ জানাই। ধন্যবাদ জানাচ্ছি ইলেকট্রনিক্স মিডিয়াকে, তারা ইলেকট্রনিক্স মিডিয়ার মাধ্যমে এই বিধানসভার সমস্ত জিনিস প্রচার করেছেন। সরকার পক্ষের এবং বিরোধী পক্ষের ভূমিকা বিধানসভায় যথেষ্ট। সরকারের ভুল-ভ্রান্তি বিরোধী পক্ষের সমালোচনায় অনেক শুধরে নেওয়ার ব্যাপার থাকে। সেই জন্য আমরা মাথায় রাখব আমাদের এই বিধানসভার যে উজ্জ্বলময়, গৌরবময় দিক আছে, আগামী দিনে আমাদের দেশের কাছে আরও সেটা যাতে তুলে ধরতে পারি, সেটা সকল সদস্যের কাছে, সকলের কাছে আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি। সবশেষে একটা বক্তব্য রাখছি। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বিধানসভায় যাতে আসেন, তার জন্য আপনি একটু দেখবেন। এই কথা বলে আপনাকে শেষে আরেকবার ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আনন্দময় মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১৮ই নভেম্বর থেকে শুরু বিধানসভা, আজ শেষ। আপনি ধৈর্যের সাথে এ ক'দিন বিধানসভা পরিচালনা করেছেন তার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আপনার অবর্তমানে মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া তিনি সভা পরিচালনা করেছেন। সেই জন্য তাকে ধন্যবাদ। এখানে যে সব আধিকারিক রয়েছেন, নানা সরকারি কর্মচারি রয়েছেন, যারা সহযোগিতা করেছেন তাদের ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাচ্ছি সমস্ত বিধায়কদের এবং সাংবাদিক বন্ধুদের যারা সংবাদ সংগ্রহ করেছেন এবং পরিবেশন করেছেন মানুষের কাছে, তাদের। আপনারা সকলে ভালো থাকুন। আগামী সেশনে আবার দেখা হবে।

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয়া মহাশয়, ফরমাল ধন্যবাদ দেওয়ার আগে দু' একটা কথা একটু বলে নিই। আমার অভিজ্ঞতার। এবারে খুব উত্তপ্ত বিধানসভা ছিল। অনেক উত্তাপ তৈরি হয়েছে। কিন্তু যেটা সব থেকে ভালো লেগেছে যে, রাজনৈতিক মতপার্থক্য তার ভিত্তিতে উত্তাপ যাই থাকুক না কেন, একটা restrainment সবার মধ্যে কাজ করেছে সব পক্ষের মধ্যে। এটাই আমার সব থেকে এবারে ইমপ্রেস করেছে। আমার যে দ্বিতীয় পয়েন্ট মনে হয়েছে যে, আলোচনায় অংশ নেওয়া এখানে আলোচনায় যদি আমরা সবাই সব পক্ষ এখানে আলোচনায় অংশ নিতে পারতাম। বিশেষ করে কোনো কোনো পক্ষের তাদের বিভিন্ন বিষয়ে আলোচনা করতে দেওয়া হয়নি, সেই পয়েন্ট তারা বার বার তুলেছেন। কিন্তু এবারে সেমিনারে যে বিষয়বস্তু ছিল, স্পেশাল সেশনে যে, challengcs before parliamentary democracy, আমার মনে হয় অনেক বিষয়েই সেখানে তারা তুললে আমরা সবাই তাদের বক্তব্য জানতে পারতাম। আমার একটা বিষয় খুব উল্লেখ করার ইচ্ছা হচ্ছে, গতকালের একটা বিষয় সেটা হইল, গতকাল এই সুন্দরবন ডেভলপমেন্ট বোর্ডের মেম্বার হিসাবে একটা জায়গায় ইনভাইটেড ছিলাম। ফলে কোশ্চেন আওয়ারের পরেই আমাকে চলে যেতে হয়েছিল এবং একটা ইমপ্রেসন ছিল বি. এ. কমিটি থেকে যে, গতকাল যে বিলটি হয়েছে সেটা সিলেক্ট কমিটিতে যাবে। কিন্তু, আমি তো একটা অন্য খবর পেলাম এবং জানলাম। সেটাতে একটু বিস্মৃতই হয়েছি। আমি নিজে থেকে যেতে পারতাম। অন্তত এই বিলে আমার আলোচনা করার খুব ইচ্ছা ছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার কাছে আমার একটা পরামর্শ, সাজেশান একটা দিয়ে আমি ধন্যবাদের মধ্যে যাব। সেটা হল যে, কোশ্চেন আওয়ার নিয়ে কোশ্চেন আওয়ারের যে বিষয়টা হচ্ছে যে, এই রকম হতেই পারে কোনো মাননীয় মন্ত্রী তিনি কোনো কাজে ব্যস্ত থাকতে

পারেন, আসতে পারবেন না অথবা সময় লাগবে, এরকম ঘটনা ঘটতেই পারে। কিন্তু সে ক্ষেত্রে সেই পার্টিকুলার সদস্য যার কোশ্চেনটা সেদিনের আলোচনা হচ্ছে না, তার পরিবর্তে অন্য কোনো প্রশ্ন যদি সেখানে আনা যায় এই বিষয়টা যদি দেখতে পারেন এবং যখন সময় চাইছেন কোনো মাননীয় মন্ত্রী তখন সময়টা এমন ভাবেই যদি চান যে, কোর উইক্স সময় নিলেন হাউসটা পেরিয়ে চলে গেল। সেই প্রশ্নটার হাউসে আলোচনা কোনো ভাবেই এলো না। এই বিষয়টা যদি মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি দেখতে পারেন যখন প্রশ্নগুলো যে ভাবে এনলিস্টেড হয় সেখানে। আর সব শেষে আমি আপনাকেই প্রথমে ধন্যবাদ জানাচ্ছি যে, এই রকম একটা উত্তাপ যখন তৈরি হচ্ছে বার বার সেটা আপনি যে ভাবে সেটাকে পরিচালনা করেছেন সেই বিষয়টা আমার খুবই ভালো লেগেছে। আমি সরকার পক্ষকে, বিরোধী পক্ষের আমাদের সবাইকে এবং এখানে যারা আছেন অ্যাসেমব্লি পরিচালনা করার জন্য সমস্তস্টাফ্ এবং সংবাদ মাধ্যমের প্রতিনিধি সবাইকেই আমার তরফ থেকে ধন্যবাদ জানিয়ে, সব শেষে একটা কথাই আপনাকে বলব যদি এই প্রচেষ্টা হয় যে, আরও বেশি দিন অধিবেশন হচ্ছে যেটা রাষ্ট্রপতিজি বলে গেছেন সেই দিকটা আপনি যদি একটু লক্ষ্য রাখতে পারেন। এই কথা বলে, আবারও সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রবোধ চন্দ্র সিনহা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, চলতি বিধানসভার আজ সমাপ্তি দিবস। এই বিধানসভার অধিবেশন পরিচালনা করার ক্ষেত্রে আপনি যে ভূমিকা পালন করেছেন এবং ধৈর্যের পরিচয় দিয়েছেন তার জন্য আমি প্রথমেই আপনাকে আমার আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। পশ্চিমবঙ্গ বিধানসভা একটি ঐতিহ্যমণ্ডিত বিধানসভা। এই বিধানসভার অধ্যক্ষ পদে আসীন হওয়া এটা একটা বিরাট ব্যাপার এবং গৌরবের বিষয়।

[3.30–3.40 p.m.]

মূল বিষয় হচ্ছে, গণতান্ত্রিক চিন্তা-চেতনা, প্রতিষ্ঠান, রীতি-নীতি আরো কতখানি সবল এবং শক্ত করা যায় সেই বিষয়ে বিধানসভাকে অগ্রণী পথে নিয়ে যাওয়া। এই ভূমিকাটা পালন করা একান্ত আবশ্যিক। আমরা জানি নানা অসুবিধার মধ্যেও, সংসদীয় গণতন্ত্রে যিনি অধ্যক্ষপদে আসীন থাকেন তাঁকে নানা ধরণের পরিস্থিতির সম্মুখীন হতে হয়। কিন্তু সেই পরিস্থিতির মধ্যে থেকেও আপনি আপনার নিজ কর্তব্যকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করেছেন, বিধানসভার অধ্যক্ষের গৌরব বৃদ্ধি করার চেষ্টা করেছেন। তার জন্য আমি আপনাকে আমার আন্তরিক ধন্যবাদ পুনরায় জ্ঞাপন করছি।

আমি ধন্যবাদ জানাচ্ছি বিধানসভার নেতা মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়, পরিষদীয় মন্ত্রী মাননীয় শ্রীপার্থ চট্টোপাধ্যায়, মন্ত্রীসভার মাননীয় সদস্যবৃন্দ যাঁরা তাঁদের সহযোগিতা এবং কাজ-কর্মের মধ্যে দিয়ে এই বিধাসভার যে নির্দিষ্ট কর্মসূচী তাকে সম্পাদিত হতে সাহায্য করেছেন এবং সহযোগিতা করেছেন।

ধন্যবাদ জানাচ্ছি সরকার পক্ষের চিফ হুইপ মাননীয় শোভনদেব চট্টোপাধ্যায় মহোদয়কে। আমরা সকলেই জানি চিফ হুইপের ভয়ঙ্কর গুরুদায়িত্ব বিধানসভা পরিচালনার ক্ষেত্রে। সেই দায়িত্ব তিনি নিষ্ঠা এবং দক্ষতার সঙ্গে পরিচালনা করেছেন। আমি দীর্ঘদিন দেখেছি, যখন বিরোধীপক্ষে

ছিলেন, তিনি তখন বিরোধীদলের চিফ হুইপ ছিলেন। তখনও তিনি সেই দায়িত্ব নিষ্ঠা এবং গুরুত্বের সঙ্গে পালন করেছেন। তাঁকে আমি ধন্যবাদ জানাচ্ছি।

ধন্যবাদ জানাচ্ছি বিধানসভার ডেপুটি স্পীকার মাননীয়া সোনালী গুহ মহোদয়াকে। আপনার অবর্তমানে তিনিও দক্ষতার সঙ্গে বিধানসভা পরিচালনা করেছেন। তার জন্য তাঁকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। সোনালী গুহ মহোদয়ার খুব কষ্ট হচ্ছে কারণ আগের হাউসে তিনি হল্লা ব্রিগেডে'র সদস্য ছিলেন আর এখন তাঁকে মুখ বন্ধ করে অধ্যক্ষের আসনে বসে বিধানসভা পরিচালনা করতে হচ্ছে। তাঁর ভয়ঙ্কর কষ্ট হচ্ছে এটা আমি মর্মে মর্মে উপলব্ধি করতে পারি। তিনি আয়ত্ব করে নিয়েছেন, নিজেকে অভ্যস্থ করে নিয়েছেন। এটা অত্যন্ত দক্ষতা এবং গুণের পরিচয়।

ধন্যবাদ জানাচ্ছি সরকার পক্ষের সমস্থ মাননীয় সদস্যবৃন্দকে। কংগ্রেস পক্ষের সদস্যবৃন্দকে। তাঁরা এখানে নেই। SUCI-র মাননীয় সদস্য ডঃ তরুণকান্তি নস্কর, মাননীয় হরকা বাহাদুর ছেত্রী এবং আমাদের বিরোধী দলের যে সমস্ত সদস্যবৃন্দ আছেন সকলকে ধন্যবাদ জানাচ্ছি। বিধানসভাতে কখনও শ্মশানের নিস্তব্ধতা বিরাজ করবে না। আমাদের মধ্যে বিধানসভায় উত্তেজনা হবে, যুক্তি, কাউন্টার-যুক্তি এগুলো আসবে এবং এর ভেতর থেকে আমরা নতুন নতুন অনেক জিনিস শিক্ষালাভ করতে পারব। এই যুক্তি এবং কাউন্টার-যুক্তির ব্যাপারটা হাউসের মধ্যেই শেষ হয়ে যাবে, হাউসের বাইরে we are all friends এবং আমাদের মধ্যে একটা ভয়ঙ্কর সৌহার্দ্যের পরিবেশ থাকবে। আমরা তো সকলে একই লক্ষ্য নিয়ে এসেছি। লক্ষ্যটা কি? না, এই বিধানসভার মাধ্যমে যে কর্মসূচী বা যে সমস্ত কর্মসূচী সম্পাদিত হবে তারা দ্বারা রাজ্যের সাধারণ মানুষের আর্থ-সামাজিক পরিবেশ আমরা কতটা এগিয়ে নিয়ে যেতে পারলাম। এর দুটো হাতিয়ার। একটা হচ্ছে বাজেট। আরেকটা হচ্ছে, বিল। বাজেটের মাধ্যমে আমরা বুঝতে পারি সরকারের দিশা কোনদিকে, কোনদিকে অর্থনীতি এবং সামাজিক নীতিকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছে এবং বাজেটে যেসব জিনিসগুলোকে ভাবা হচ্ছে তাকে পূর্ণতা দেওয়ার জন্য বিলের মাধ্যমে আমরা কতখানি এগিয়ে নিয়ে যেতে পারছি। সুতরাং, সেই লক্ষে তাদের এগোতে হবে। আমরা যেন কথাটা মনে রেখে পরস্পরের মধ্যে যে সম্পর্ক, সেই সম্পর্ক সুস্থ এবং স্বাভাবিক রাখতে পারি। সেই চেষ্টা আমাদের সকলকে করতে হবে।

আমি ধন্যবাদ জানাচ্ছি বিধানসভার সচিব এবং সচিবালয়ের সদস্যবৃন্দ-সহ বিধানসভার সমস্ত আধিকারিক এবং কর্মচারীবৃন্দকে। তাঁরা খুবই দক্ষতার সঙ্গে, সব সেশনেই দেখা গেছে, অত্যন্ত দক্ষতার সঙ্গে তাঁরা বিধানসভাকে সুশৃঙ্খলভাবে পরিচালনা করতে সাহায্য করেন। তাঁদের সেই কর্তব্যনিষ্ঠা এবং কর্মনিষ্ঠার জন্য আমি সত্যিই তাঁদের কাছে কৃতজ্ঞ।

তাদেরকে আমি আমার আন্তরিক ধন্যবাদ জাপন করছি। ধন্যবাদ জানাচ্ছি মিডিয়া, অর্থাৎ খবরের কাগজ এবং ইলেকট্রনিক মিডিয়ার সদস্য বন্ধুদের তারা শুধু আমাদের খবর প্রচার করছে তা নয়, তাদের মাধ্যমে আমরা জনগণের সমস্যা জানতে পারছি এবং সেটা কতখানি এখানে আলোচিত হচ্ছে, সমাধানের দিকে যাচ্ছে সেটা আবার তারা জনগণের কাছে পৌছে দিচ্ছেন। একটা ভয়ঙ্কর গুরুত্বপূর্ণ ভূমিকা সংসদীয় গণতন্ত্রের ইতিহাসে প্রেসকে করতে হয়। দে আর দি ফোর্থ স্টেট

অফ দি কন্সটিটিউশন, যদিও কন্সটিটিউশনে সংবাদ মাধ্যমের - এই প্রতিষ্ঠানের কোনো গুরুত্ব উল্লেখ করা হয়নি। কিন্তু বাস্তব ক্ষেত্রে কার্যকারিতার ক্ষেত্রে এক্সিকিউটিভ লেজিসলেচার এবং জুডিসিয়ারির পরে সংবাদ মাধ্যমই হচ্ছে গণতন্ত্রের একটা মস্তবড় স্তম্ভ। সুতরাং সেই দায়িত্ব তারা পালন করেছেন, তার জন্য তাদের আমি আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। সব শেষে আমি এখানে সবাইকে ধন্যবাদ জানিয়ে আগামী দিনে নববর্ষের শুভেচ্ছা জানিয়ে, ক্রিসমাসের শুভেচ্ছা জানিয়ে, সকলের সুস্বাস্থ্য কামনা করে, সুস্থ শরীর কামনা করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, এই অধিবেশনের আজকে শেষ দিন। আমরা সামনে আবার বাজেট অধিবেশনে মিলিত হব। তার আগে এই সভা এবারের অধিবেশন নানা কারণে অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ এই অধিবেশনের মধ্যেই আমরা এবার প্ল্যাটিনাম জুবিলি এই বিধানসভায় আমরা পালন করেছি। তিন দিনের বিশেষ অধিবেশন এই অধিবেশন চলাকালীন হয়েছে। আমরা সকলেই তাতে অংশগ্রহণ করেছি এবং একথা আগেও বলেছি, গৌরব অনুভব করেছি যে ৭৫ বছর পূর্তিতে আমরা এই বিধানসভার সদস্য আছি বলে। এই বিধানসভা বিভিন্ন সময় উত্তপ্ত হয়েছে। নানা কারণে তর্ক হয়েছে, বিতর্ক হয়েছে। এটাই স্বাভাবিক। বিধানসভার প্রচলিত নিয়ম অনুযায়ী সেগুলো হয়েছে। কিন্তু অত্যন্ত দক্ষতার সঙ্গে, ঠাণ্ডা মাথায় সমস্ত পরিস্থিতিগুলোকে আপনি মোকাবিলা করেছেন। সমস্ত পরিস্থিতিতে আইন, সংবিধান, রুল্‌স অ্যান্ড প্রোসিডিওর মেনে আপনি আপনার দায়িত্ব পালন করেছেন এবং এই সভাকে সুন্দরভাবে পরিচালনা করেছেন। আমি তার জন্য আপনাকে ধন্যবাদ জানাই এবং আপনার সুস্থ শরীর কামনা করি। আমি ধন্যবাদ জানাই আমাদের ডেপুটি স্পিকার সোনালী গুহকে। তিনিও অত্যন্ত দক্ষতার সাথে, তিনি শিখছেন আস্তে আস্তে এবং অনেকটাই শিখে গেছেন, কিভাবে হাউস পরিচালনা করতে হয়। কারণ তিনি অনেকদিন বিধানসভায় আছেন। তিনিও দক্ষতার সাথে এই বিধানসভা পরিচালনা করেছেন। আমি তাকেও ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাচ্ছি আমি সরকারের পরিষদীয় মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়কে কারণ এই সভা চলার ক্ষেত্রে তার একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। সরকারের যা কিছু কাজ সেটা তার মাধ্যমেই বিধানসভায় আসে। তিনি অনেক পরিশ্রম করেছেন। অত্যন্ত দক্ষতার সাথে তিনি তার গুরু দায়িত্ব পালন করেছেন। তাকে ধন্যবাদ জানাচ্ছি। আমি ধন্যবাদ জানাচ্ছি আমাদের সকল মন্ত্রীসভার সদস্যদের। কারণ প্রতিদিন এসে প্রশ্ন-উত্তর পর্বে তারা উপস্থিত থেকেছেন, এবং দায়িত্ব নিয়ে তারা সেই প্রশ্নের উত্তর দিয়েছেন, সাপ্লিমেন্টারি প্রশ্নের উত্তর দিয়েছেন। এই সভাকে আরো গৌরবান্বিত করার জন্য তারা চেষ্টা চালিয়েছেন। তাদের প্রত্যেককে আমি ধন্যবাদ জানাচ্ছি। আমাদের পরিষদীয় দলের যারা সদস্য তাদের সকলকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আমি ধন্যবাদ জানাচ্ছি অপোজিশন লিডার ডাঃ সূর্যকান্ত মিশ্র সহ বামফ্রন্টের সকল দলের যারা নেতা এখানে উপস্থিত থেকেছেন বিভিন্ন সময়ে, তারাও বিতর্কে অংশগ্রহণ করেছেন এবং অনেকের বক্তব্যই খুবই যুক্তিপূর্ণ হয়েছে বিভিন্ন সময়ে। সব যুক্তি সরকারের কাছে গ্রাহ্য নাও হতে পারে কিন্তু তারা তাদের মত করে যুক্তিগ্রাহ্য বক্তব্য রাখার চেষ্টা করেছেন। তাই ডাঃ মিশ্রর মাধ্যমে আমি তাদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি। আমাদের ডঃ তরুণকান্তি নস্কর এস. ইউ. সি. আই.-এর নেতা তিনিও এখানে তার দায়িত্ব পালন করেছেন এবং একা সদস্য হয়েও তার অবস্থান তার উপস্থিতি বারবার এই মহতী হাউসকে তিনি বোঝাতে পেরেছেন।

[3.40–3.51 p.m.]

দায়িত্ব পালন করেছেন। আমাদের সহযোগিতা করেছেন,তারজন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাচ্ছি, আমাদের সচিব এবং সচিবালয়ের সমস্ত সদস্য যারা এই হাউসকে পরিচালনার ক্ষেত্রে পরিশ্রম করেছেন এবং যথাসময়ে যে কাগজ দরকার সেগুলি দিয়ে এই হাউসকে সঠিক পথে পরিচালিত করতে সাহায্য করেছেন তাদেরকে ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাই আমাদের বন্ধুরা হরকা বাহাদুর ছেত্রী এবং তার মাধ্যমে তার সদস্যেদের প্রত্যেককে ধন্যবাদ জানাই। অত্যন্ত পজেটিভ ভূমিকা নিয়ে তিনি এই বিধানসভায় এসেছেন এবং আলোচনায় অংশগ্রহণ করেছেন। আমি ধন্যবাদ জানাতে চাই আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীকে। তিনি শত ব্যস্ততার মধ্যেও এখানে এসেছেন এবং এক একদিন এসে দীর্ঘ সময় উপস্থিত থেকে বক্তব্য রেখেছেন এবং বিরোধীদের অনেক বক্তব্য হয়তো ছিল যে সব বক্তব্যের তিনি যথাযথ উত্তর দিয়ে এই সভাকে জানিয়েছেন, তাদেরকে জানিয়েছেন। আমি, যারা ইলেকট্রনিক মিডিয়া আছেন, প্রিন্ট মিডিয়া আছেন তাদের সদস্যরা অত্যন্ত ধৈর্য সহকারে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত যতক্ষণ বিধানসভা হয়েছে এখানে থেকে তারা দায়িত্ব পালন করেছেন এবং এই সভার বক্তব্য — চার দিক দিয়ে ঘেরা একটা সভা কিন্তু এই সভার বক্তব্যকে ওরা দেশের মানুষের কাছে জানাবার জন্য তার দায়িত্ব পালন করেছেন বলে আমি সকলকে ধন্যবাদ জানাচ্ছি। প্রবোধদার কথা একটু বিশেষ করে বলতে চাই। প্রবোধদাকে আমরা এই বিধানসভায় এখানে পার্থবাবু আছেন, মিনিস্টাররা আছেন এবং আমাদের স্পিকার সাহেব আছেন। বহু সময় স্পিকারের ঘরে আলোচনায় আমরা তার কাছ থেকে সাজেশান চেয়েছি যে এখানে কি হওয়া দরকার। তিনি অত্যন্ত সিনিয়ার মেম্বার, পরিষদীয় মন্ত্রী ছিলেন। ঠিকই তাই আমরা যখন এই হাউসের বাইরে চলে যাই তখন আমরা বাট ফ্রেন্ডলি। বিভিন্ন সময় বিভিন্ন রকমের প্রস্তাব নিয়ে আলোচনা করি এবং সেখানে সাজেশান নিই। তিনি সব সময় যখন প্রয়োজন পড়েছে তার সদর্থক ভূমিকা নিয়ে তিনি তাঁর সাজেশান দিয়েছেন। আমি আবার সকলকে ধন্যবাদ জানাচ্ছি এবং সামনে ক্রিসমাস ও বড়দিন —এই বড়দিন ক্রিসমাস সকলের ভাল কাটুক। সকলেই সুস্বাস্থ্য নিয়ে থাকুন এই কামনা করে শেষ করছি, নমস্কার।

শ্রীমতী সোনালী গুহ : অনারেবেল স্পিকার স্যার, আজকে এই শীতকালীন অধিবেশনের শেষ দিন। এর মধ্যে ৩ দিন আমাদের স্পেশাল হয়েছে ৭৫ বছর পূর্তি উপলক্ষে। আপনি ভারতবর্ষের মানীয় রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখোপাধ্যায়কে এনে আমাদের গৌরাবাম্বিত করেছেন। আপনি লোকসভার মাননীয়া স্পিকার শ্রীমতি মীরা কুমারজীকে এনে আমাদের গৌরাবান্বিত করেছেন। আপনি তা ছাড়াও অত্যন্ত শান্তভাবে ধৈর্যের সঙ্গে এই বিধানসভা চালিয়েছেন এবং বিরোধীরা বিরোধিতা করবেন, তারা যখন বিরোধিতা করেছেন আপনি কিন্তু কখনই আপনার টেম্পার লুজ করেননি। আপনি আপনার টেবিলে থেকে অত্যন্ত ধৈর্য সহকারে বিধানসভা পরিচালনা করেছেন এবং সম্পূর্ণ কোয়েশ্চেন আওয়ার থেকে শুরু করে অ্যাডজর্নমেন্ট মোশান, কলিং অ্যাটেনশান,মেনশন কেসেস, জিরো আওয়ার সবই করে তারপরে আপনি হাউস অ্যাডজর্ন করেছেন। সেই জন্য স্যার, আপনাকে অনেক অনেক ধন্যবাদ জানাচ্ছি। বিরোধী দলের বিরোধী দলনেতা সহ যারা আছেন তাদের সবাইকে এই হাউসে অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু কোথাও একটা দুঃখ রয়ে যাচ্ছে যে

আপনারা বিধানসভার অনেক দিনের সদস্য আবার কেউ কেউ নতুন সদস্যও আছেন যারা এই স্পেশাল সেশানে না থেকে আমাদের সঙ্গে ভাগীদার হতে পারলেন না - আমাদের মধ্যে মতানৈক্য থাকতে পারে কিন্তু কোন রাষ্ট্রপতি আসলে যদি আপনারা থাকতেন, মীরা কুমারজী আসলে যদি আপনারা বা কংগ্রেস পরিষদীয় দল থাকতো তাহলে আমাদের হয়তো আরো ভাল লাগতো। প্রবোধবাবুর একটু কষ্ট হচ্ছে আমি চিৎকার,চেঁচামেচি করতে পারছি না। আমি প্রবোধবাবুর কাছে ক্ষমা চেয়ে বলছি, উনি অনেক সিনিয়ার মেম্বার অফ দি হাউস এবং প্রাক্তন মন্ত্রীরও বটে- শোভনদা যে কথা বললেন আমাদের ওনার কাছ থেকে অনেক কিছু শেখার আছে, নিশ্চয় আমাদের প্রত্যেকের ওনার কাছ থেকে অনেক কিছু শেখার আছে কিন্তু আমি অত্যন্ত গর্বিত যে আমার দল আমাকে এই জায়গায় বসিয়েছে এবং আপনারা শুধু সর্বসম্মতভাবে আমাকে অ্যাকসেপ্ট করেছিলেন তার জন্য আপনাদেরকে আবার ধন্যবাদ জানাচ্ছি।

আমি ধন্যবাদক জানাচ্ছি মাননীয় পরিষদীয় মন্ত্রী শ্রী পার্থ চ্যাটার্জী মহাশয়কে। আপনারা অনেকেই জানেন না, ওনার বাড়িতে ওনার মা ভয়ংকর অসুস্থ, প্রচন্ড অসুস্থতা সত্ত্বেও তিনি প্রতিদিন এই হাউসে এসে সকালবেলা থেকে লাস্ট পর্যন্ত হাউসটা পরিচালনা করার জন্য তিনি মাননীয় স্পীকারকে সাহায্য করেছেন এবং কখন কোন বিল আসবে, কখন কোন আলোচনা হবে, সেই ব্যাপরে আমরা যখন বসেছি উনি আমাদেরকে সাহায্য করেছেন। চিফ হুইপের ব্যস্ততা তো মারাত্মক। মাননীয় বিরোধী দলের চিফ হুইপের সঙ্গে কথা বলে কে কখন বক্তব্য রাখবেন, ক-মিনিট বক্তব্য রাখবেন, শোভনদেববাবু সেই ব্যাপারে বিশ্বনাথ কারক মহাশয়ের সঙ্গে আলোচনা করে সমানে আমাদেরকে সাহায্য করেছেন, তারজন্য তাঁকেও ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় তরুণ নসক্র, তিনি একা থাকলেও তার বক্তৃতার মাধ্যমে বিধানসভাকে সমৃদ্ধ করেছেন। তাকেও ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় হরকা বাহাদুর ছেত্রী, তিনি এসেছেন এবং মাঝে মাঝে এসেই তিনি তার বক্তব্য রাখার চেষ্টা করেছেন মেনশানের মাধ্যমে। তাকেও ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাচ্ছি সমস্ত মাননীয় বিধায়কদের, সরকার পক্ষেরই হোক, বিরোধী পক্ষেরই হোক। কারণ প্রথমে আমরা এম. এল. এ. তারপরে কেউ মন্ত্রী, কেউ বা বিরোধী দল। মাননীয়া মুখ্যমন্ত্রীও শত ব্যবস্থার মধ্যে মাঝে মাঝেই এসে বিধানসভায় তাঁর বক্তব্যকে উপস্থাপিত করে গেছেন। তাঁকেও এই বিধানসভার পক্ষ থেকে আমরা ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাচ্ছি বিধানসভা সচিবালয়ের সচিব-সহ সমস্ত সদস্যদের, যারা না থাকলে এই স্পেশাল সেশান থেকে শুরু করে এই বিধানসভার সমস্ত কার্যপ্রণালী সুষ্ঠুভাবে সম্পন্ন হতে পারত না। আর প্রেস মিডিয়ার সবাই, যারা আমাদের বক্তব্যকে মানে সরকার পক্ষের বক্তব্যকে এবং বিরোধী পক্ষের বক্তব্যকে সঠিকভাবে তুলে ধরে জনসাধারণের কাছে উপস্থাপিত করেছেন। যারা আমাদের এই সিকিউরিটি পারসোনাল, তারা আমাদের সমস্ত বিধায়কদের সঠিকভাবে সিকিউরিটি দিয়ে বিধানসভা পরিচালনা করতে সাহায্য করেছেন। স্যার, আবারও এই ৭৫ বছর পূর্তিতে আপনি যে শুষ্ঠুভাবে তিন দিন এই সভা পরিচালনা করেছেন এবং মাননীয় রাষ্ট্রপতি করে থেকে শুরু, মীরা কুমারজী থেকে শুরু করে, সিস্টার লেজিসলেটিভ অ্যাসেম্বলির সমস্ত স্পীকারদের এনে আপনি যে আমাদেরকে গৌরবান্বিত করেছেন, তার জন্য বিধানসভার পক্ষ থেকে এবং সমস্ত বিধায়কদের পক্ষ থেকে আপনাকে আর একবার ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম। নমস্কার, ধন্যবাদ।

মিঃ স্পীকার : সবাইকে ধন্যবাদ জানাই। মাননীয় সদস্য, যারা আমাদের পশ্চিমবঙ্গ বিধানসভায় রয়েছেন এবং আমাদের মন্ত্রিসভার সদস্যারা রয়েছেন, অনারেবেল মিনিস্টার পার্থ চ্যাটার্জী পি. এ. মিনিস্টার, লিডার অফ দি অপোজিশান ডাঃ সূর্য্যকান্ত মিশ্র এবং অন্যান্য পরিষদীয় দলের নেতৃত্বে যারা রয়েছেন, মাননীয়া ডেপুটি স্পীকার সোনালী গুহ রয়েছেন, আমাদের গভর্ণমেন্ট চিফ হুইপ, অপোজিশান চিফ হুইপ এবং আমাদের মন্ত্রিসভার সদস্য যারা রয়েছেন এবং আমাদের বিধানসভার সমস্ত সদস্যাদের ধন্যবাদ জানাই। আপনাদের সহযোগিতা ছাড়া অধিবেশন চালানো সম্ভব নয়। বিধানসভার নিজস্ব উত্তাপ থাকবেই, উত্তাপ ছিল, ভবিষ্যতে উত্তাপ থাকবে। এই উত্তাপের মধ্য দিয়েই আমাদের সবাইকে কাজকর্ম করে যেতে হবে। অনেক বিল নিয়ে আলোচনা হয়েছে। অনেক উন্নতমানের আলোচনা হয়েছে। প্রত্যেক সদস্যের বক্তব্য আমি মন দিয়ে শুনেছি। কিছু কিছু নতুন সদস্য, তারা খুব ভালভাবে তাদের নিজস্ব বক্তব্য এই বিধান সভায় পরিবেশন করেছেন। যারা আমরা রয়েছি, বিধানসভার যারা প্রাক্তন সদস্য, যারা অনেকদিন ধরে রয়েছেন এবং যারা নবীন সদস্য, এটা আমি ব্যক্তিগতভাবে মনে করি আমরা যদি নিজেরা আমাদের একটু রেসট্রেন্ড করতাম, আর একটু সুন্দরভাবে, সুষ্ঠুভাবে চালাতে পারি বিধানসভাকে। যে কথাটা মাননীয় রাষ্ট্রপতি বলে গেছেন, আমাদের এই স্পেশাল অধিবেশনে মাননীয় রাষ্ট্রপতি এসেছিলেন, রাজ্যপাল মহাশয় এসেছিলেন, মীরা কুমারজী এসেছিলেন। মীরা কুমারজী লোকসভা পরিচালনা করেন। সেখানেও আমরা দেখেছি অনেকসময় কাজ ব্যাহত হয়, ব্যাঘাত হচ্ছে, অনেক গুরুত্বপূর্ণ আলোচনা হতে পারে না। বিল আলোচনা হতে পারে না। সৌভাগ্যের বিষয় পশ্চিমবঙ্গ বিধানসভায় আমরা আমাদের বিল নিয়ে আলোচনা করি। আমাদের যে সমস্ত বিলগুলি আসে, মোটামুটি সেগুলি নিয়ে আলোচনা করে সেই বিলগুলি আমরা ডিসপোজ অফ করতে পারি পশ্চিমবঙ্গ বিধানসভায়। মাননীয় রাষ্ট্রপতিজি যে কথা বলেছেন বিধানসভায় আলোচনার আরও দিন বাড়ানো দরকার। আমাদের পরিষদীয় দলের মন্ত্রী রয়েছেন। তার সঙ্গে আমি নিশ্চয় এই ব্যাপারে খুব উৎসাহী। যেন পশ্চিমবঙ্গ বিধানসভা আরো বেশিদিন চলে, তিনি আমাদের এই বিধানসভায় এসছেন। এত ব্যস্ততার মধ্যেও এসে তিনি তার বক্তব্য রেখে গেছেন। কখনও কখনও আমাদের অনেক সদস্য হয়তো মেজাজ হারিয়েছেন। সেটা নিয়ম, বিধানসভার উত্তাপটা এমনই হয় যে অনেকে মেজাজ হারিয়ে ফেলেন। কিন্তু তার মধ্যেও যে পরিসীমাকে অতিক্রম করেননি, সেইজন্য আমি সবাইকে ধন্যবাদ জানাই। সোনালী গুহ-সহ আমাদের প্যানেলে যে সমস্ত চেয়ারম্যানরা রয়েছেন, তারাও অনেকে সহযোগিতা করেছেন।

এবং আমার অনুপস্থিতিতে তারা সুন্দরভাবে পরিচালনা করেছেন। আমাদের সেক্রেটারিয়েটের যারা স্টাফ রয়েছেন আমি বলব যে, আমি আগেও বলেছি সত্যি তাদের যে কর্মতরপরতা , তাদের যে দক্ষতার জন্য আমাদের বিধানসভাতে সুষ্ঠুভাবে চলতে পারছে এবং এখানে পুলিশ যারা ছিলেন, ফায়ার ব্রিগেড, পি. ডবলিউ. ডি, সি. এস. টি. সি. -এদের সমস্ত স্টাফ যারা রয়েছেন, আমাদের সদস্যদের যাতায়াতের জন্য এখানে বাস দিয়েছেন, তাদের সবাইকে ধন্যবাদ জানাই। আমাদের এখানে রাজ্যপাল দুবার এসেছেন, লোকসভার অধ্যক্ষা মীরা কুমারজি এসেছেন, রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায় এসেছেন, সেইসঙ্গে সোমনাথ চট্টোপাধ্যায় - লোকসভার প্রাক্তন স্পিকার এসেছেন—তাদের সবাইকে আমার আন্তরিকভাবে ধন্যবাদ জানাই যে, তারা এসে আমাদের এই

সভাকে—হাউসকে গৌরবান্বিত করেছেন। সামনে আমাদের নতুন বছর, নতুন বছরে সবাই ভাল থাকবেন, সুস্থ থাকবেন। আমরা সম্ভবত বাজেট অধিবেশনে আবার আমরা মিলিত হব। চেষ্টা করব আগামীদিন যেন আরো বেশি আলোচনা করতে পারি। এবার আলোচনা কম হওয়ার কারণ হচ্ছে আপনারা জানেন পঞ্চায়েত নির্বাচন মাঝখানে এসে গিয়েছে, সেইজন্য আমাদের আলোচনা বেশিদিন হতে পারেনি। তা সত্ত্বেও মাননীয় মুখ্যমন্ত্রীর প্রচেষ্টায়, পরিষদীয় দলের মন্ত্রী এবং আপনাদের সকলের প্রচেষ্টার যতদিন সম্ভব আমরা চেষ্টা করেছি এই আলোচনা চালিয়ে গিয়েছি। সবাই সুস্থ থাকবেন, ভাল থাকবেন, আগামীদিনে সবাইয়ের সুস্বাস্থ্য কামনা করে আজকের এই অধিবেশন— I declare that the House stands adjourned sine-die.

Adjournment

Accordingly, the House was adjourned sine-die at 3.51 p.m.

INDEX TO THE

West Bengal Legislative Assembly Procedings

Vol. : 142, No. : III

(November to December Session, 2013)

(The 18th, 19th, 20th, 25th, 26th, 27th, 28th, 29th November, 2nd, 9th, 10th, 11th and 12th December, 2013)

Date : 18th November, 2013

OBITUARY REFERENCES

by Mr. Speaker/PP-1-5

Date : 19th November, 2013

STARRED QUESTIONS

(To which oral answers were given)

*১ — শ্রী অসিত মিত্র

— শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী

— শ্রী রামেশ্বর দোলই

— ডঃ তরুণ কান্তি নস্কর/PP-7-12

*২ — শ্রী নির্মল ঘোষ

— শ্রী আনিসুর রহমান

— শ্রী তজমুল হোসেন

— শ্রী অসিত মাল

— শ্রী শুভাশীষ বটব্যাল

— শ্রী অনন্ত দেব অধিকারী

— শ্রী তমোনাশ ঘোষ

— শ্রী মহঃ সোহরাব/PP-12-17

*৩ — শ্রী শাহজাহান চৌধুরী
— শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী
— শ্রী পরশ দত্ত
— শ্রী আনিসুর রহমান/PP-17-19
*৪ — শ্রী তপন চ্যাটার্জী
— শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ
— শ্রী বিশ্বজিৎ কুন্ডু/PP-19-21
*৬ — শ্রী শীলভদ্র দত্ত
— শ্রী সুনীল কুমার মন্ডল
— শ্রী রণজিৎ কুমার মন্ডল
— শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা/PP-21-22

STARRED QUESTIONS

(To which answers were laid on the 'Table')

*৫ — শ্রী নেপাল মাহাত/PP-22-23
*৭ — শ্রী বাসুদেব খাঁ/P-23
*৮ — শ্রী রণজিৎ কুমার মন্ডল/P-23
*৯ — শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ/P-23
*১০ — শ্রী অসিত মজুমদার/P-24
*১১ — শ্রী রামেশ্বর দোলই/PP-24-25
*১২ — ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা/P-25

UNSTARRED QUESTIONS

(To which answers were laid on the 'Table')

— শ্রী সুনীল কুমার মন্ডল/PP-25-27
— শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা/P-27
— শ্রী শাহজাহান চৌধুরী/PP-28-29
— শ্রী অসিত মজুমদার/PP-29-31

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

by—Mr. Speaker/PP-31-34

ADJOURNMENT MOTION

by — শ্রী অসিত মিত্র/PP-34-35
— শ্রী সুভাষ নস্কর/P-35

CALLING ATTENTION (NOTICE)

by (i) Shri Sunil Kumar Mondal
(ii) Shri Sahajahan Choudhury
(iii) Shri Basudev Khan
(iv) Dr. Tarun Kanti Naskar
(v) Shri Tazmul Hossain (Selected)/PP-35-36

LAYING OF ORDINANCE

by — Shri Partha Chatterjee/P-36

LAYING OF RULES

by — Shri Sadhan Pande/P-36

LAYING OF REPORTS AND ACCOUNTS

by — Smt. Chandrima Bhattacharya/P-36
— Shri Partha Chatterjee/P-37

MENTION CASES

by — ডঃ তরুণ কান্তি নস্কর/PP-37-38
— শ্রী রণজিত কুমার মন্ডল/P-38
— শ্রী আনিসুর রহমান/PP-38-39
— শ্রী ইনসার আলি বিশ্বাস/P-39
— শ্রীমতী মমতা রায়/PP-39-40
— শ্রী শেখ শাহনাওয়াজ/P-40
— শ্রী ধীরেন্দ্র নাথ মাহাতো/P-40
— শ্রী শেখ আমজাদ হোসেন/PP-40-41
— শ্রী কে. পি. সিং দেও/P-41
— শ্রী রথীন ঘোষ/P-41

ZERO HOUR

by — শ্রী সুনীল কুমার মন্ডল/P-41
— শ্রী শাহজাহান চৌধুরী/PP-41-42
— শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ/P-42
— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়/P-42
— শ্রী ইনসার আলি বিশ্বাস/PP-42-43
— শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী/P-43
— শ্রী ঈদ মহম্মদ/P-43
— শ্রী আবু হেনা/P-43
— শ্রী দেবপ্রসাদ রায়/P-44
— শ্রী মহঃ সোহরাব/PP-44-45

RESOLUTION CONGRATULATING CRICKET MAESTRO SRI SACHIN RAMESH TENDULKAR/PP-45-48

moved by — শ্রী পার্থ চ্যাটার্জী/PP-45-46
discussed by — শ্রী অসিত মিত্র/PP-46-47
— শ্রী প্রবোধ চন্দ্র সিনহা/PP-47-48
— শ্রী আনিসুর রহমান/P-48

LEGISLATION

The West Bengal Correctional Services (Second Amendment) Bill, 2013/PP-49-68

discussed by— শ্রী প্রবোধ চন্দ্র সিনহা/PP-49-51
— শ্রী পরশ দত্ত/PP-51-53
— শ্রী অসিত কুমার মাল/PP-53-55
— শ্রী নরেশ চন্দ্র চাকী/PP-55-56
— শ্রী নর্মদা চন্দ্র রায়/PP-57-58
— ডঃ তরুণ কান্তি নস্কর/PP-58-59
— শ্রী শীলভদ্র দত্ত/PP-59-62
— শ্রী শাহজাহান চৌধুরী/PP-62-64
— শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য/P-64
replied by — শ্রী হায়দার আজিজ সফি/PP-64-67

Date : 20th November, 2013

STARRED QUESTIONS
(to which oral answers were given)

*১৪ — শ্রী নির্মল ঘোষ
— শ্রী বাসুদেব খাঁ
— শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ
— ডঃ তরুণ কান্তি নস্কর
— শ্রী তজমুল হোসেন/PP-69-74
*১৫ — শ্রী অসিত মিত্র
— শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী
— শ্রী অসিত মজুমদার
— শ্রী মহঃ সোহরাব
— শ্রী সুনীল কুমার মন্ডল/PP-74-79
*১৬ — শ্রী সমীর কুমার জানা
— শ্রী নেপাল মাহাত
— শ্রী সুভাষ নস্কর
— শ্রী আমজাদ হোসেন
— শ্রী শুভাশীষ বটব্যাল/PP-79-82
*১৭ — শ্রী সুনীল কুমার মন্ডল
— শ্রী পার্থসারথী চ্যাটার্জী
— শ্রী অসিত মজুমদার/PP-82-85

STARRED QUESTIONS
(To which answers were laid on the 'Table')

*১৮ — শ্রী শীলভদ্র দত্ত/PP-85-87
*১৯ — শাহাজাহান চৌধুরী/P-87
*২০ — শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা/P-87
*২১ — শ্রী রণজিৎ কুমার মন্ডল/P-88
*২২ — শ্রী অসিত মজুমদার/PP-88-89
*২৩ — শ্রী নেপাল মাহাত/P-89
*২৪ — শ্রী কল্লোল খাঁ/PP-89-90
*২৫ — শ্রী বাসুদেব খাঁ/P-90
*২৬ — শ্রী অর্ঘ্য রায় প্রধান/PP-90-94

*২৭ — শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী/P-94
*২৮ — শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা/PP-94-95
*২৯ — শ্রী আনিসুর রহমান/P-95
*৩১ — শ্রী খগেন্দ্রনাথ সিন্‌হা/PP-95-97
*৩২ — শ্রী ঈদ মহম্মদ/P-97
*৩৪ — শ্রী রামেশ্বর দোলই/P-97
*৩৫ — ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা/PP-97-100

STATEMENT UNDER RULE 346

by — শ্রীমতী মমতা ব্যানার্জী/PP-100-114

CALLING ATTENTION (NOTICE)

by (i) Dr. Tarun Kanti Naskar
(ii) Shri Sunil Kumar Mondal (Selected)
(iii) Shri Sahajahan Choudhury
(iv) Shri Basudev Mete/P-115

GOVERNMENT BUSINESS

LAYING OF RULES

by — Shri Manish Gupta/P-116

LAYING OF REPORTS & ACCOUNTS

by — Shri Subrata Mukherjee/P-116
— Shri Manish Gupta/P-116
— Shri Shantiram Mahato/P-117

MENTION CASES

raised by — ডাঃ সূর্য্যকান্ত মিশ্র/P-117
— ডঃ তরুণ কান্তি নস্কর/PP-117-118
— শ্রী সুনীল কুমার মন্ডল/P-118
— শ্রী বাসুদেব খাঁ/P-118
— শ্রী বিরাম মান্ডি/PP-118-119
— শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী /P-119
— শ্রী শাহজাহান চৌধুরী/PP-119-120

— শ্রী আনিসুর রহমান/P-120
— শ্রী বাসুদেব মেটে/P-120
— শ্রী শেখ শাহনাওয়াজ/P-120
— শ্রী বিশ্বজিৎ কুন্ডু/P-121
— শ্রী রামেশ্বর দোলই/P-121
— শ্রী তজমুল হোসেন/P-121
— শ্রী সমীর কুমার জানা/P-122
— শ্রী নগেন্দ্র নাথ রায়/P-122
— শ্রীমতী জাহানারা খান/P-122
— শ্রী কে. পি. সিং দেও/P-122-123
— শ্রী দিবাকর হাঁসদা/P-123
— শ্রীমতী অপর্ণা সাহা/P-123
— শ্রী কল্লোল খাঁ/PP-123-124
— শ্রীমতী ছায়া দোলই/P-124
— শ্রী নর্মদা চন্দ্র রায়/P-124
— শ্রী গোকুল রায়/P-124
— শ্রী আনন্দময় মন্ডল/PP-124-125
— শ্রী তোয়াব আলি/P-125

LEGISLATION

The West Bengal Yoga and Naturopathic System of Medicine (Amendment) Bill, 2013/PP-125-142

discussed by — শ্রী সুভাষ নস্কর/PP-126-127
— ডাঃ এম. নুরুজ্জামান/PP-128-129
— ডঃ অনুপ ঘোষাল/PP-129-131
— শ্রী সুজিত বসু/PP-131-133
— শ্রী সুনীল কুমার মন্ডল/PP-133-137
— শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী/PP-137-138
replied by — শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য/PP-138-141

Date : 25th November, 2013

STARRED QUESTIONS
(To which oral answers were given)

*৩৭ — ডাঃ সূর্য্যকান্ত মিশ্র
— ডঃ তরুণ কান্তি নস্কর

— শ্রী শাহাজাহান চৌধুরী
— শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী
— শ্রী আনিসুর রহমান/PP-143-149
*৩৮ — শ্রী নির্মল ঘোষ
— শ্রী প্রবোধ চন্দ্র সিনহা
— শ্রী রঞ্জিত মন্ডল
— শ্রী উদয়ন গুহ
— শ্রী সুনীল কুমার মন্ডল
— শ্রী শীলভদ্র দত্ত/PP-149-154
*৩৯ — শ্রী তজমুল হোসেন
— শ্রী কল্লোল খাঁ
— শ্রী চাঁদ মহম্মদ
— শ্রী বাসুদেব খাঁ/PP-154-157
*৪০ — শ্রী সমীর কুমার জানা
— শ্রী বিশ্বনাথ কারক
— শ্রী শেখ আমজাদ হোসেন/PP-157-162

STARRED QUESTIONS

(To which answers were laid on the 'Table')

*৪১ — শ্রী অসিত মিত্র/PP-162-166
*৪২ — শ্রী শীলভদ্র দত্ত/P-167
*৪৩ — শ্রী সুনীল কুমার মন্ডল/P-167
*৪৪ — শ্রী কল্লোল খাঁ/PP-167-168
*৪৫ — শ্রী শাহাজাহান চৌধুরী/P-168
*৪৬ — শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা/PP-168-169
*৪৭ — শ্রী রণজিৎ কুমার মন্ডল/PP-169-177
*৪৮ — শ্রী অসিত মজুমদার/P-178
*৪৯ — শ্রী নেপাল মাহাত/P-178
*৫০ — শ্রী আশীষ মার্জিত/PP-178-179
*৫১ — শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী/PP-179-180
*৫২ — শ্রী ঈদ মহম্মদ/P-180
*৫৩ — শ্রী প্রবোধ চন্দ্র সিনহা/P-180
*৫৪ — শ্রী আনিসুর রহমান/PP-181-182
*৫৫ — শ্রী মনোরঞ্জন পাত্র/PP-182-183
*৫৬ — শ্রী খগেন মুর্মু/P-184
*৫৭ — শ্রী ইনসার আলি বিশ্বাস/P-184

*৫৮ — শ্রী ধীরেন বাগদী/PP-184-185
*৫৯ — শ্রী আব্দুর রহিম বক্সী/P-185
*৬০ — ডাঃ মানস রঞ্জন ভূএ্যা/P-185

WITHDRAWL OF PRIVILEGE CASE

by Mr. Speaker — PP-185-186

RULING ON A QUESTION OF PRIVILEGE / P-186

CALLING ATTENTION (NOTICE)

given by (i) Dr. Tarun Kanti Naskar (Selected)
(ii) Shri Sahajahan Choudhury
(iii) Shri Tajmul Hossain
(iv) Shri Sunil Kumar Mondal/P-187

CALLING ATTENTION (STATEMENT)

by — শ্রী সুব্রত মুখার্জী/PP-187-188

LAYING OF REPORTS

by — Shri Nure Alam Chowdhury/P-189

MENTION CASES

raised by — ডঃ তরুণ কান্তি নস্কর/P-189
— শ্রী তজমূল হোসেন/P-189
— শ্রী দিবাকর হাঁসদা/P-190
— শ্রী আনিসুর রহমান/P-190
— শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ্/P-190
— শ্রী সুনীল কুমার মন্ডল/PP-190-191
— শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী/P-191
— শ্রী ইনসার আলি বিশ্বাস/P-191
— শ্রী অশোক রায়/P-192
— শ্রী শেখ আমজাদ হোসেন/P-192
— শ্রী সমীর কুমার জানা/PP-192-193
— শ্রী ধীরেন বাগ্দী/P-193
— শ্রী কে. পি. সিং দেও/P-193

ZERO HOUR

— শ্রী শাহজাহান চৌধুরী/PP-193-194

— শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ/P-194

— শ্রী রঞ্জিত কুমার মন্ডল/PP-194-195

LEGISLATION

The West Bengal University of Health Sciences (Amendment) Bill, 2013

Introduced, Considered and Passed/PP-195-218

discussed by— শ্রী মনোরঞ্জন পাত্র/PP-195-197

— ডাঃ সুদীপ্ত রায়/PP-197-200

— ডঃ তরুণ কান্তি নস্কর/PP-200-202

— শ্রী রফিকুর রহমান/PP-202-203

— শ্রী সুনীল কুমার মন্ডল/PP-203-205

— শ্রী শুভাশীষ বটব্যাল/PP-205-207

— ডাঃ আবুল কাশেম মোল্লা/PP-207-209

— শ্রী ঈদ মহম্মদ/PP-209-211

replied by — শ্রীমতি চন্দ্রিমা ভট্টাচার্য্য/PP-211-215

Date : 26th November, 2013

STARRED QUESTIONS

(To which oral answers were given)

*৬১ — ডাঃ সূর্য্যকান্ত মিশ্র

— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়

— শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী

— শ্রী আনিসুর রহমান/PP-219-228

*৬২ — শ্রী সমীর কুমার জানা

— শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ

— শ্রী সমরেন্দ্রনাথ ঘোষ

— শ্রী অসিত মজুমদার

— শ্রী রামেশ্বর দোলই

— শ্রী কল্লোল খাঁ/PP-228-231

*৬৩ — শ্রী তজমুল হোসেন
— শ্রী শেখ আমজাদ হোসেন
— শ্রী বিশ্বনাথ কারক
— শ্রী শাহ্‌জাহান চৌধুরী
— শ্রী ধীরেন বাগদী/PP-231-234
*৬৪ — শ্রী অসিত মজুমদার
— শ্রী রামেশ্বর দোলই
— শ্রী গোকুল রায়/PP-234-236

STARRED QUESTIONS

(To which answers were laid on the 'Table')

*৬৫ — ডঃ তরুণ কান্তি নস্কর/P-236
*৬৬ — শ্রী অর্ঘ্য রায় প্রধান/PP-236-237
*৬৭ — শ্রী অসিত মিত্র/P-238
*৬৮ — শ্রী নেপাল মাহাত/P-238
*৬৯ — শ্রী অজয় দে/PP-238-239
*৭০ — শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী/P-239
*৭১ — শ্রী আনিসুর রহমান/P-239
*৭২ — শ্রী মনোরঞ্জন পাত্র/P-240
*৭৩ — শ্রী এস. এম. সাদি/PP-240-241
*৭৪ — ডাঃ মানসরঞ্জন ভূঞ্যা/PP-241-242
*৭৫ — শ্রী নগেন্দ্রনাথ রায়/PP-242-243

ADJOURNMENT MOTION

PP-243-244

CALLING ATTENTION

by— (i) Dr. Tarun Kanti Naskar
(ii) Shri Tajmul Hossain

(iii) Shri Sunil Kumar Mondal

(iv) Shri Sahajahan Choudhury

(v) Shri Sk. Sahonawez (Selected)

/PP-244-245

PRESENTATION OF COMMITTEE REPORT

by — Shri Parash Datta/P-245

LAYING OF REPORTS AND ACCOUNTS

by — Shri Partha Chatterjee/P-246

— Shri Manish Gupta/P-246

— Shri Madan Mitra/P-246

MENTION CASES

by — ডঃ তরুণ কান্তি নস্কর/P-246

— শ্রী শেখ শাহ্‌নাওয়াজ/P-247

— শ্রী কে. পি. সিং দেও/PP-247-248

— শ্রী কল্লোল খাঁ/P-248

ZERO HOUR

by—শ্রী রামেশ্বর দোলই/P-248

— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়/P-249

LEGISLATION

Resolution for widrawal of the New Town, Kolkata Development Authority (Amendment) Bill, 2011 Passed by the West Bengal Legislative Assembly on 23rd March, 2011 /PP-249-253

Moved by — Shri Firhad Hakim/PP-249-250

Spoken by — ডাঃ সূর্য্যকান্ত মিশ্র/PP-250-251

replied by — শ্রী ফিরহাদ হাকিম/P-252

The New Town, Kolkata Development Authority (Amendment) Bill, 2013
PP-253-268

discussed by — শ্রী নির্মল ঘোষ/PP-253-256
— শ্রী সুজিত বোস/PP-256-259
— শ্রী সব্যসাচী দত্ত/PP-259-261
— শ্রী তমোনাশ ঘোষ/PP-261-264
— শ্রী পরশ দত্ত/PP-264-266
replied by — শ্রী ফিরহাদ হাকিম/PP-266-267

Date : 27th November, 2013

HELD OVER STARRED QUESTIONS
(To which oral answers were given)

*১৩ — ডাঃ সূর্য্যকান্ত মিশ্র/PP-269-273

STARRED QUESTIONS
(To which oral answers were given)

*৭৬ — ডঃ তরুণ কান্তি নস্কর
— শ্রী অসিত মজুমদার
— শ্রী অশোক কুমার সাউ
— শ্রীমতী বীণা মন্ডল
— শ্রী কালিপদ মন্ডল/PP-273-276
*৭৭ — শ্রী নির্মল ঘোষ
— শ্রী শ্রীকান্ত মাহাত
— শ্রী অনুপ ঘোষাল
— ডাঃ সুদীপ্ত রায়
— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়
— শ্রী শঙ্কর দোলই

— শ্রী কল্লোল খাঁ

— ডঃ তরুণ কান্তি নস্কর/PP-276-282

*৭৯ — শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা

— শ্রী তমোনাশ ঘোষ

— শ্রী দীপক হালদার

— শ্রী উজ্জ্বল প্রামাণিক/PP-282-285

*৮১ — শ্রী অসিত মজুমদার/PP-285-286

HELD OVER STARRED QUESTIONS

(To which answers were laid on the 'Table')

*৩০ — শ্রী খগেন মুর্মু/P-286

*৩৩ — শ্রী এস. এম. সাদি/P-287

HELD OVER STARRED QUESTIONS

(To which answers were laid on the 'Table')

*৭৮ — শ্রী অসিত মিত্র/PP-287-288

*৮০ — শ্রী সুনীল কুমার মন্ডল/P-288

*৮২ — শ্রী শাহাজাহান চৌধুরী/PP-288-289

*৮৩ — শ্রী রণজিৎ কুমার মন্ডল/P-289

*৮৪ — শ্রী আনিসুর রহমান/PP-289-290

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

—Mr. Speaker/P-290

CALLING ATTENTION (NOTICE)

given by — (i) Dr. Tarun Kanti Naskar

(ii) Shri Tajmul Hossain (Selected)

(iii) Shri Sunil Kumar Mondal

(iv) Shri Sahajahan Choudhury

(v) Shri Sk. Sahonawaz / PP-290-291.

az/PP-290-291

LAYING OF REPORTS

by— Shri Partha Chatterjee/PP-291-292

MENTION CASES

raised by — ডঃ তরুণ কান্তি নস্কর/P-292
— শ্রী শেখ শাহনাওয়াজ/P-292
— শ্রী কল্লোল খাঁ/P-293
— শ্রী কে. পি. সিং দেও/P-293

ZERO HOUR

raised by — শ্রী পরশ দত্ত/PP-293-294

MOTION /PP-294-301

Moved by — শ্রী পার্থ চ্যাটার্জী/PP-294-295
discussed by — শ্রী শোভনদেব চ্যাটার্জী/PP-295-296
— ডঃ তরুণ কান্তি নস্কর/PP-296-297
— শ্রী শীলভদ্র দত্ত/PP-297-298
— শ্রী পরশ দত্ত/PP-298-299
— শ্রী চিরঞ্জিত চক্রবর্তী/PP-299-300
replied by — শ্রী পার্থ চ্যাটার্জী/PP-300-301

RULLING FROM THE CHAIR

by—Mr. Speaker/P-301

LEGISLATION

The Bankura University Bill, 2013

Introduced, Considered and Passed / PP-301-330

discussed by — ডঃ আশীষ ব্যানার্জী/PP-302-305
— শ্রীমতি মিনতি মিশ্র/P-305

— শ্রী শুভাশীষ বটব্যাল/PP-306-308

— শ্রী পার্থ ভৌমিক/PP-308-310

— ডঃ তরুণ কান্তি নস্কর/PP-310-313

— শ্রী আশুতোষ মুখার্জী/PP-313-315

— শ্রী অরূপ কুমার খাঁ/PP-315-317

— শ্রী শ্যামাপ্রসাদ মুখার্জী/PP-317-318

replied by — শ্রী ব্রাত্য বসু/PP-318-323

Date : 28th November, 2013

STARRED QUESTIONS
(To which Oral answers were given)

*৮৫ — শ্রী তজমুল হোসেন

— শ্রী শঙ্কর দোলই

— শ্রী চাঁদ মহম্মদ

— শ্রী উজ্জ্বল প্রামাণিক

— শ্রীমতী অপর্ণা সাহা

— শ্রী আনিসুর রহমান/PP-331-338

*৮৬ — শ্রী নির্মল ঘোষ

— শ্রী বিশ্বনাথ কারক

— শ্রী যোগরঞ্জন হালদার

— শ্রী রামেশ্বর দোলই

— শ্রী পরেশ দত্ত/PP-338-344

*৮৭ — ডঃ তরুণ কান্তি নস্কর

— শ্রী শুভাশীষ বটব্যাল

— শ্রী নিরাপদ সর্দার

— শ্রী চাঁদ মহম্মদ/PP-344-348

*৮৮ — শ্রী সমীর কুমার জানা/PP-348-350

STARRED QUESTIONS

(To which answers were laid on the 'Table')

*৮৯ — শ্রী অসিত মিত্র/P-351
*৯০ — শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা/P-351
*৯১ — শ্রী সুনীল কুমার মন্ডল/PP-351-352
*৯২ — শ্রী অসিত মজুমদার/P-352
*৯৩ — শ্রী শাহাজাহান চৌধুরী / PP-352-354
*৯৪ — শ্রী অশোক রায়/P-354
*৯৫ — শ্রী নেপাল মাহাত/PP-354-355
*৯৬ — শ্রী বাসুদেব খাঁ/ PP-354-355
*৯৭ — শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী/P-355
*৯৮ — শ্রী আনিসুর রহমান/PP-355-356
*৯৯ — শ্রী ঈদ মহম্মদ/P-356
*১০০— শ্রী মনোরঞ্জন পাত্র/PP-356-357
*১০১— শ্রীমতী মমতা রায়/P-357
*১০২— শ্রী আব্দুর রহিম বক্সী/P-357
*১০৩— ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা/PP-357-358
*১০৪— শ্রী ধীরেন্দ্র নাথ মাহাতো/P-358

QUESTION OF BREACH OF PRIVILEGE

by Mr. Speaker/P-358

LEAVE OF ABSENCE UNDER RULE 242

— Shri Subrata Mukherjee / PP-358-359

CALLING ATTENTION (NOTICE)

given by — (i) Shri Tajmul Hossain
(ii) Shri Sk. Sahanawez
(iii) Dr. Tarun Kanti Naskar (Selected)
(iv) Shri Gouranga Chatterjee

(v) Shri Nirapada Sardar
Shri S. M. Sadi & Shri Rameswar Dolai

CALLING ATTENTION (STATEMENT)

made by—শ্রী রাজীব ব্যানার্জী/PP-360-361

MENTION CASES

raised by — ডঃ তরুণকান্তি নস্কর/P-361
— শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো/P-361
— শ্রী শাহাজাহান চৌধুরী/PP-361-362
— শ্রী শেখ শাহ্‌নাওয়াজ/P-362
— শ্রী বাসুদেব খাঁ/P-362
— শ্রী তজমুল হোসেন/PP-362-363
— শ্রী শীলভদ্র দত্ত/P-363
— শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ/P-363
— শ্রী বাসুদেব মেটে/PP-363-364
— শ্রী নিরাপদ সর্দার/P-364
— শ্রী কল্লোল খাঁ/P-364
— শ্রী কে. পি. সিং দেও/PP-364-365

ZERO HOUR

— শ্রী শাহাজাহান চৌধুরী/P-365
— শ্রী নিরাপদ সর্দার/P-365

LEGISLATION

The West Bengal Prohibition of Audio-Video Piracy Bill, 2013 Introduced, Considered and Passed / PP-365-393

discussed by — শ্রী শেখ আমজাদ হোসেন/PP-366-369
— ডাঃ শশী পাঁজা/PP-370-373
— শ্রী চিরঞ্জিত চক্রবর্তী/PP-373-375
— ডঃ তরুণ কান্তি নস্কর / PP-375-376

— শ্রী শুভাশীষ বটব্যাল/PP-376-377

— শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী/PP-377-381

— শ্রী কে. পি. সিং দেও/PP-381-382

— শ্রী পরশ দত্ত/PP-382-385

— শ্রী অনন্ত দেব অধিকারী/PP-385-387

replied by — শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য/PP-387-391

Date : 29th Novermber, 2013

STARRED QUESTIONS

(To which oral answers were given)

*১০৫ — শ্রী তজমুল হোসেন

— শ্রী অসিত মজুমদার

— শ্রী কল্লোল খাঁ

— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়

— শ্রী কে. পি. সিং দেও

— শ্রী অখিল গিরি/PP-395-401

*১০৬ — শ্রী নির্মল ঘোষ

— শ্রী বাঙ্কু হাঁসদা

— শ্রী শীলভদ্র দত্ত

— শ্রীমতী মঞ্জু বসু

— ডাঃ সূর্য্যকান্ত মিশ্র

— শ্রী উজ্জ্বল প্রামাণিক

— শ্রী অনুপ ঘোষাল

— অপূর্ব মুখার্জী

— শ্রীমতী মমতা ব্যানার্জী/PP-401-410

*১০৭ — ডাঃ তরুণ কান্তি নস্কর

— শ্রীমতী মমতা ব্যানার্জী/PP-410-413

STARRED QUESTIONS
(To which answers were laid on the 'Table')

*১০৮ — শ্রী সমীর কুমার জানা/P-413

*১০৯ — শ্রী সুনীল কুমার মন্ডল/PP-413-415

*১১০ — শ্রী শীলভদ্র দত্ত/PP-415-416

*১১১ — শ্রী শাহাজাহান চৌধুরী/P-416

*১১২ — শ্রী কল্লোল খাঁ/PP-416-417

*১১৩ — শ্রী অশোক রায়/PP-417-418

*১১৪ — শ্রী অমিত মজুমদার/P-418

*১১৫ — শ্রী নেপাল মাহাত/P-418

*১১৬ — শ্রী চিরঞ্জিত চক্রবর্তী/P-419

*১১৭ — শ্রী অজয় দে/PP-419-424

*১১৮ — শ্রী বাসুদেব খাঁ/P-424

*১১৯ — শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী/PP-424

*১২০ — শ্রী ঈদ মহম্মদ/PP-425-426

*১২১ — শ্রী আনিসুর রহমান/PP-426-427

*১২২ — শ্রী ইনসার আলি বিশ্বাস/PP-427-428

*১২৩ — শ্রী এস. এস. সাদি/P-428

*১২৪ — শ্রী অপূর্ব সরকার/PP-428-430

UNSTARRED QUESTIONS
(To which written answers were given)

— শ্রী তজমুল হোসেন/PP-430-440

— শ্রী সুনীল কুমার মন্ডল/PP-440-443

— শ্রী তপন চ্যাটার্জী/P-443

— শ্রী অনন্ত দেব অধিকারী/PP-443-444

— শ্রী আব্দুর রহিম বক্সী/P-444

— শ্রী সুখবিলাস বর্মা/PP-444-445

— শ্রী উমাপদ বাউড়ি/P-445

LAYING OF REPORTS AND ACCOUNTS

by – Shri Madan Mitra/P-446

MENTION CASES

raised by — শ্রী বাচ্চু হাঁসদা/P-446

— শ্রীমতী মমতাজ বেগম/P-446

LEGISLATION

The West Bengal Land Reforms (Amendment) Bill, 2013

–Introduced, Considered and Passed /PP-446-455

discussed by — শ্রী কল্লোল খাঁ/P-447

— শ্রী বনমালী হাজরা/PP-447-448

— শ্রী সমীর কুমার জানা/PP-448-449

— শ্রী শঙ্কর দোলই/PP-449-451

— ডঃ তরুণকান্তি নস্কর/PP-451-452

— ডঃ রমেন্দ্রনাথ বিশ্বাস/PP-452-453

replied by — শ্রী স্বপন দেবনাথ/PP-453-454

Date : 2nd December, 2013

OBITUARY REFERENCE

by – Mr. Spearker

/P-457

STARRED QUESTIONS
(To which oral answers were given)

*১২৫ — শ্রী তজমূল হোসেন
— শ্রী অসিত মজুমদার
— শ্রী এস. এম. সাদি
— শ্রী তোয়াব আলি
— শ্রী রামেশ্বর দোলই
— শ্রী সুভাষ নস্কর/PP-458-463
*১২৬ — শ্রী নির্মল ঘোষ
— ডঃ তরুণ কান্তি নস্কর
— শ্রী অশোক সাউ
— শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো
— শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ
— শ্রী তপন চ্যাটার্জী
— শ্রীমতী মমতা রায়/PP-463-468
*১২৭ — ডঃ তরুণকান্তি নস্কর
— শ্রী বাসুদেব খাঁ
— শ্রী নগেন্দ্রনাথ রায়
— শ্রী রঞ্জিত কুমার মন্ডল
— শ্রীমতী মঞ্জু বসু/PP-468-474

STARRED QUESTIONS
(To which answers were laid on the 'Table')

*১২৮ — শ্রী শীলভদ্র দত্ত/P-474
*১২৯ — শ্রী অসিত মিত্র/PP-474-475
*১৩০ — শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা/P-475
*১৩১ — শ্রী সুনীল কুমার মন্ডল/P-475
*১৩২ — শ্রী অসিত মজুমদার/P-476
*১৩৩ — শ্রী শাহাজাহান চৌধুরী/P-476
*১৩৪ — শ্রী কল্লোল খাঁ/PP-476-477
*১৩৫ — শ্রী রণজিৎ কুমার মন্ডল/P-477
*১৩৬ — শ্রী নেপাল মাহাত/P-478
*১৩৭ — শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী/P-478

*১৩৮ — শ্রী প্রবোধ চন্দ্র সিন্‌হা/PP-478-479
*১৩৯ — শ্রী এস. এম. সাদি/PP-480-481
*১৪০ — শ্রীমতী মমতা রায়/PP-481-482
*১৪১ — শ্রী রামেশ্বর দোলই/P-482
*১৪২ — শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো/P-482

CALLING ATTENTION (NOTICE)

given by (i) Shri Sahajahan Choudhury
(ii) Shri Tajmul Hossain
(iii) Shri Sunil Kumar Mondal (Selected)
(iv) Shri Gouranga Chatterjee/PP-482-483

Motion for Extension of time for presentation of report of the Select Committee on the Seacom Skills University Bill, 2013

by—Shri Bratya Basu/PP-483-484

CALLING ATTENTION (STATEMENT)

by—Shri Javed Ahmed Khan/P-484

MENTION CASES

raised by — শ্রী শাহাজাহান চৌধুরী/P-485
— শ্রী আনিসুর রহমান/P-485
— শ্রী নগেন্দ্রনাথ রায়/P-485
— শ্রী তজমুল হোসেন/PP-485-486
— শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ/P-486
— শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী/P-486
— শ্রী নিরাপদ সর্দার/PP-486-487
— ডঃ তরুণ কান্তি নস্কর/P-487
— শ্রীমতী মমতাজ বেগম/P-487

ZERO HOUR

— শ্রী শাহাজাহান চৌধুরী/P-487
— শ্রী নিরাপদ সর্দার/PP-487-488

GOVERNMENT BUSINESS

Resolution Under Rule 169 / PP-488-498

Introduced by — শ্রী পার্থ চ্যাটার্জী

discussed by — শ্রী আনন্দময় মন্ডল / P-489

— ডঃ তরুণ কান্তি নস্কর / PP-489-491

— শ্রী ঈদ মহম্মদ / PP-491-492

— শ্রী বিশ্বনাথ কারক / PP-492-493

— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-493-494

— ডাঃ সূর্য্যকান্ত মিশ্র / PP-494-496

replied by — শ্রী পার্থ চ্যাটার্জী / PP-496-497

Date : 10th December, 2013

STARRED QUESTIONS

(To which oral answers were given)

*১৫৪ — শ্রী তজমুল হোসেন

— শ্রী শুভাশীষ বটব্যাল

— ডঃ তরুণ কান্তি নস্কর

— শ্রী পার্থ সারথী চ্যাটার্জী

— শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ্

— শ্রীমতী বীণা মন্ডল

— শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী

— শ্রী পরশ দত্ত / PP-545-550

*১৫৮ — শ্রী বাসুদেব খাঁ

— শ্রী ঈদ মহম্মদ

— শ্রী অসিত মজুমদার

— শ্রী শীলভদ্র দত্ত

— শ্রী শাহাজাহান চৌধুরী

— শ্রী শঙ্কর দোলই

— শ্রী চিরঞ্জিত চক্রবর্তী
— শ্রী জটু লাহিড়ী
— শ্রী বিশ্বনাথ কারক
— শ্রী অনুপ ঘোষাল/PP-550-554
*১৬০ — শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ্
— শ্রী উদয়ন গুহ
— শ্রী বিশ্বজিৎ কুণ্ডু
— শ্রী রথীন ঘোষ
— শ্রী কল্লোল খাঁ
— শ্রী আনিসুর রহমান
— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়
— শ্রী রামেশ্বর দোলই
— শ্রী তপন চ্যাটার্জী
— শ্রী নির্মল ঘোষ/PP-555-560

STARRED QUESTIONS

(To which answers were laid on the 'Table')

*১৫৬ — শ্রী অসিত মিত্র/P-561
*১৫৯ — শ্রী এস. এম. সাদি/P-561

UNSTARRED QUESTIONS

(To which answers were laid on the 'Table')

— শ্রী তজমুল হোসেন/PP-561-563
— শ্রী সুনীল কুমার মণ্ডল/PP-563-571
— শ্রী অনন্ত দেব অধিকারী/P-572
— শ্রী আনিসুর রহমান/PP-573-574
— শ্রী সমরেন্দ্রনাথ ঘোষ/PP-574-575
— শ্রী নিরাপদ সরদার/P-575
— ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা/PP-575-576
— শ্রী উমাপদ বাউড়ি/P-577
— শ্রী দিবাকর হাঁসদা/PP-577-578
— শ্রী অসিত কুমার মাল/P-578

CALLING ATTENTION (NOTICE)

given by — (i) Shri Tajmul Hossain
(ii) Shri Sahajahan Choudhury
Shri Basudev Mete
Shri Chowdhury Md. Hedayatullah
Shri Basudev Khan
Shri Gouranga Chatterjee &
Shri Nabin Chandra Bag
(iii) Shri Sunil Kumar Mondal
(iv) Shri Sekh Sahonawez
(v) Shri Partha Sarathi Chatterjee
(vi) Shri Kallol Khan
(vii) Shri Samir Kumar Jana (Selected)

MENTION CASES

raised by — শ্রী তোয়াব আলি/PP-579-580
— শ্রী ইনসার আলি বিশ্বাস/P-580
— শ্রী তজমুল হোসেন/P-580
— শ্রী পরশ দত্ত/PP-584-585
— শ্রী আনিসুর রহমান/P-585
— শ্রী কে. পি. সিং দেও/P-586
— শ্রী কল্লোল খাঁ/P-587
— শ্রীমতী মমতাজ বেগম/P-587

ZERO HOUR

— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়/PP-587-588

RESOLUTION UNDER RULE 169
/ PP-588-607

Moved by — শ্রী পার্থ চ্যাটার্জী/P-588
discussed by — শ্রী পরেশ চন্দ্র অধিকারী/PP-589-590
— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়/PP-591-593
— শ্রী ঈদ মহম্মদ/PP-593-594

— শ্রী পূর্ণেন্দু বসু/PP-595-597
— শ্রী আনিসুর রহমান/PP-597-600
— ডঃ তরুণ কান্তি নস্কর/PP-600-602
— শ্রী নির্মল ঘোষ/PP-602-604
— শ্রী আনন্দময় মন্ডল/PP-604-605
replied by — শ্রী পার্থ চ্যাটার্জী/PP-605-607

Date : 11th December, 2013

STARRED QUESTIONS
(To which oral answers were given)

*১৬১ — শ্রী তজমুল হোসেন
— শ্রী শাহাজাহান চৌধুরী
— শ্রী পার্থসারথী চ্যাটার্জী
— শ্রী গোকুল রায়
— শ্রী কালিপদ মন্ডল
— শ্রী সুনীল কুমার মন্ডল
— শ্রী দীপক কুমার হালদার
— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়
— Dr. Harka Bahadur Chhetri
— শ্রীমতী মমতা রায় / PP-609-615
*১৬২ — শ্রী শীলভদ্র দত্ত
— শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ্
— শ্রী অসিত মজুমদার
— শ্রী আব্দুর রহিম বক্সী
— শ্রী শঙ্কর দোলই
— শ্রীমতী বনশ্রী মাইতি
— শ্রী আনিসুর রহমান
— শ্রী শেখ শাহনাওয়াজ
— শ্রী রামেশ্বর দোলই
— শ্রী পরশ দত্ত /PP-615-623
*১৬৩ — ডঃ তরুণ কান্তি নস্কর
— শ্রীমতী মাহমুদা বেগম

— শ্রী বাসুদেব খাঁ
— শ্রীমতী জাহানারা খান
— শ্রীমতী নীলিমা নাগ/PP-623-627
*১৬৪ — শ্রী অসিত মজুমদার
— শ্রী সুনীল কুমার মন্ডল
— শ্রী দীপক হালদার
— শ্রী সমরেন্দ্রনাথ ঘোষ
— শ্রীমতী মঞ্জু বসু/PP-627-630

STARRED QUESTIONS
(To which answers were laid on the 'Table')

*১৬৫ — শ্রী অসিত মিত্র/P-630
*১৬৬ — শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা/P-631
*১৬৭ — শ্রী সুনীল কুমার মন্ডল/P-632
*১৬৮ — শ্রী শাহজাহান চৌধুরী/P-632
*১৬৯ — শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী/P-632
*১৭০ — শ্রী আনিসুর রহমান/PP-632-633
*১৭১ — শ্রী নগেন্দ্রনাথ রায়/PP-633-635

CALLING ATTENTION (NOTICE)

given by -- (i) Shri Tajmul Hossain
(ii) Shri Sahajahan Choudhury
Shri Basudev Khan
Shri Chowdhury Md. Hedayatullah
Shri Gouranga Chatterjee
Shri Basudeb Mete
Shri Ranjit Kumar Mondal
Shri Samarendra Nath Ghosh
Shri Susanta Besra and
Shri Abdur Razzak
(iii) Shri Shankar Dolai
(iv) Shri Kallol Khan (Selected)

CALLING ATTENTION (STATEMENT)

given by — শ্রী জাভেদ আহমেদ খান/P-636

MENTION CASES

raised by— ডাঃ সূর্য্যকান্ত মিশ্র/PP-636-637
— শ্রী শেখ শাহনাওয়াজ/P-638
— শ্রী দীপক কুমার হালদার/PP-638-639
— শ্রী কল্লোল খাঁ/P-639
— শ্রীমতী বীণা মন্ডল/P-639
— শ্রী শঙ্কর দোলই/P-640

ZERO HOUR

— শ্রী রামেশ্বর দোলই/PP-640-641
— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়/P-641

STATEMENT UNDER RULE 346

by — শ্রী পার্থ চ্যাটার্জী/PP-641-644

LEGISLATION

The West Bengal State Council of Technical and Vocational Education and Skill Development Bill, 2013
Introduced, Considered and Passed

PP-644-660

Motion to refer the Bill in Select Committee by — শ্রী প্রবোধ চন্দ্র সিনহা
PP-645-646

discussed by — শ্রী অনন্তদেব অধিকারী/P-646
— ডঃ আশীষ ব্যানার্জী/PP-646-648
— শ্রী সমরেন্দ্রনাথ ঘোষ/PP-648-650
— শ্রী কল্লোল খাঁ/PP-650-651
— শ্রী শুভাশীষ বটব্যাল/PP-651-653

— শ্রী বিশ্বনাথ কারক/PP-654-655
replied by — শ্রী উজ্জ্বল বিশ্বাস/PP-655-658

LAYING OF ORDER

by—Shri Manish Gupta/P-655

ANNOUNCEMENT FROM THE CHAIR

by—Mr. Speaker/P-660

Date : 12th December, 2013

STARRED QUESTIONS
(To which written replies were laid on the 'Table')

— শ্রী তজমূল হোসেন/PP-661-666
— ডঃ তরুণকান্তি নস্কর/PP-666-671
— শ্রী অসিত মিত্র/PP-671-672
— শ্রী সুনীল কুমার মন্ডল/PP-672-678, PP-683-684
— শ্রী নির্মল ঘোষ/PP-678-680
— শ্রী তপন চ্যাটার্জী/P-680
— শ্রী সমীর কুমার জানা/P-681
— শ্রী শাহাজাহান চৌধুরী/PP-681-683, PP-700-701
— শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা/PP-684, PP-694-697
— শ্রী অনন্ত দেব অধিকারী/P-685
— শ্রী অসিত মজুমদার/P-685
— শ্রী নেপাল মাহাত/PP-685-687
— শ্রী বাসুদেব খাঁ/P-688
— শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী/PP-688-694
— শ্রী আনিসুর রহমান/PP-694, PP-697-698, PP-699-700
— শ্রী খগেন মুর্মু/PP-698-699
— শ্রী নিরাপদ সর্দার/P-700
— শ্রী ঈদ মহম্মদ/P-700
— শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ/P-701

— শ্রীমতী অপর্ণা সাহা/PP-701-702
— শ্রী কল্লোল খাঁ/P-702
— শ্রী রামেশ্বর দোলই/PP-702-703
— শ্রী দিবাকর হাঁসদা/P-703
— শ্রী আব্দুর রহিম বক্সী/P-703
— ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা/PP-704-705
— শ্রী ধীরেন বাগদী/PP-705-706
— শ্রী অসিত কুমার মাল/P-706

CALLING ATTENTION

Notices made by— (i) Shri Basudeb Khan
(ii) Shri Sahajahan Choudhury
(iii) Dr. Tarun Kanti Naskar (Selected)
(iv) Shri Tajmul Hossain/P-707

CALLING ATTENTION (STATEMENT)

made by — শ্রী উজ্জ্বল বিশ্বাস/P-707
— শ্রী মলয় ঘটক/PP-707-708

LAYING OF NOTIFICATIONS

by — Shri Firhad Hakim/P-709

LAYING OF REPORT

by — Shri Rajib Banerjee/P-709

NOTICE OF MOTION UNDER RULE 319

by — Mr. Speaker/PP-709-710

LEGISLATION

Resolution for withdrawal of the West Bengal Protection of Interest of Depositors in Financial Establishments Bill, 2013 Passed by the West Bengal Legislative Assembly on the 30th April, 2013 PP-710-716

W. B Legislature Library

The West Bengal Protection of Interest of Depositors in Financial Establishments Bill, 2013

Introduced, Considered and Passed / PP-716-754

discussed by — শ্রী প্রবোধচন্দ্র সিনহা /PP-716-718
— শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য/PP-718-721
— শ্রী সুভাষ নস্কর/PP-721-723
— শ্রী শীলভদ্র দত্ত/PP-723-725
— শ্রী আনন্দময় মন্ডল/PP-725-726
— ডঃ তরুণ কান্তি নস্কর/PP-726-727
— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়/PP-727-729
— শ্রী উদয়ন গুহ/PP-729-731
— শ্রী পার্থ চ্যাটার্জী/PP-731-735
— ডাঃ সূর্য্যকান্ত মিশ্র/PP-735-740

replied by — ডঃ অমিত মিত্র/PP-740-748

BUSINESS TRANSACTED DURING ELEVENTH SESSION

PP-754-757

CLOSING OF THE ELEVENTH SESSION

Valedictory Speech given by

— শ্রী পার্থ চ্যাটার্জী/PP-757-758
— ডাঃ সূর্য্যকান্ত মিশ্র/PP-758-759
— শ্রী বিশ্বনাথ কারক/P-759
— Dr. Harka Bahadur Chettri/PP-759-760
— শ্রী ঈদ মহম্মদ/PP-760-761
— শ্রী আনন্দময় মন্ডল/P-761
— ডঃ তরুণ কান্তি নস্কর/PP-761-762
— শ্রী প্রবোধচন্দ্র সিনহা/PP-762-764
— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়/PP-764-765
— শ্রীমতী সোনালী গুহ/PP-765-766
— মিঃ স্পীকার/PP-767-768